
## অলৌকিক রহস্য।

## তৃতীয় বর্ষ।

শ্রীক্ষীরোদপ্রসাদ বিস্তাবিনোদ সম্পাদিত।



হভানভাসেল লাহত্রেরা,

ভোঃ নং কলেজ খ্রীট, কলিকাতা।


भूगा २॥० (मफ़ होका।

# **সূচীপত্ৰ।** ভূতীয় বৰ্ষ।

বিষয়।	লেথক।	शृष्टी ।
<del>অ</del> ন্তর্ধান	শ্ৰীকাৰ্ত্তিকচক্ৰ বন্দ্যোপাধ্যায়	¢
অমৃত ভূতাবেশ	শ্রীচারুচন্দ্র মুখোপাধ্যার	>9>
অহুত জন্ম	टेमग्रम काभागमिन	69
অমূত দৈববল	শ্ৰীবিনোদবিহারী চট্টোপাধ্যায়	७५७
<b>অ</b> ঙুত ভৌতিক কাণ্ড	শ্রীতরণীমোহন রায়, বি-এশ্	889
অপূর্ণ বাসনা	শ্ৰীমাখনলাল রায় চৌধুরী	৮, ২১৫
অলোকিক বাৰ্ত্তা	* *	<b>२</b> १२
অশ্রুতপূর্ব প্রতিশোধ	শ্রীকার্ত্তিকচক্র বন্দ্যোপাধ্যায়	800
ৰ্জীকৰ্ষণ	শ্রীকার্ত্তিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়	૯૭૯
আত্মিক আনয়ন	শ্ৰীদারকানাপ বস্থ	৩১১
আদ্'নপ্ৰদান	শ্ৰীহ্ববীকেশ শান্ত্ৰী	৩১৮
একথানি পত্ৰ	শ্রীহিরণাম মুখোপাধ্যায়	8 4 8
একটি প্রত্যক্ষদৃষ্ট ঘটনা	শ্রীঅমৃশাচরণ দেন	822
ওঙ্গদের মুস্তান	🔊 কার্ত্তিকচক্র বন্দ্যোপাণ্যায়	€8
<b>ক</b> ৰ্ম	সম্পাদক	२85
গুলিখোর প্রেতাত্মার		
<b>সহিত কথোপকথন</b>	শ্রীচৌধুরী ত্রৈলোক্যনাথ মিত্র	<b>२</b> २२
গোধৃলি সঙ্গমে	শ্রীঅমূল্যচরণ দেন ৩৬,৮০,১৭৫,২৫৯,৩৩০,৩৬০	
গোপালদাদার কথা	निक्रकनाम हत्व	৫১৩, ৫৬৩
চক্রাবেশ	শ্রীমুরেশচন্দ্র গাঙ্গুলী	٤>>

वियम् ।	শেশক।	পৃষ্ঠা।		
ৰাপানে প্ৰেতাত্মা-বিশ্বাস	শ্ৰীমন্মথনাথ ঘোষ, এম-সি-ই	১৪৯, ২৭১		
দান-প্রতিদান	वीप्तरवन्त्रनाथ हरिंद्राभाषाय	১৯৩		
इहें छित्त्रभरयागा घटना	শ্ৰীকাৰ্ত্তিকচক্দ্ৰ বন্দ্যোপাধ্যায়	485		
निद्यमन	সম্পাদক			
পরলোকের পত্র	রায় সাহেব হুর্গাচরণ চক্রবর্ত্তী	•>>•		
পাঞ্জন্ত রহস্ত	শ্রীমতিলাল রায়	<b>&gt;</b> २>		
পুনরাগমন সম্পাদক ২৮,৭৩,১৩৩,১৮৬,২৩৩,২৮০,৩৩৭,৪৬১,৫৪৭				
পূৰ্বজন্ম বৃত্তান্ত	শ্রীহর্গাচরণ বিদ্যাভূষণ	<b>८</b> २৯		
প্রত্যক আত্মাদর্শন	শ্রীস্থরেশচক্র গাঙ্গুলী	8 ( %		
প্রত্যাবৃত্তের কণা	শ্রীকার্ত্তিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়	२७		
গ্রায়শ্চিত্ত	শ্রীদেবেন্দ্রনাপ চট্টোপাধ্যায়	>68		
প্ৰেততৰ	শ্রীস্থরেক্তচক্র গাঙ্গুলী	668		
প্রেভান্মা দর্শন	* *	720		
প্রেভের বাক্শক্তি	শ্রীকার্ত্তিকচক্র বন্দ্যোপাধ্যায়	, \$ 2 \$		
প্ৰেতের ক্ৰীড়া	শ্রীন্তমূল্যচরণ সেন	888		
<b>ফকি</b> র সাহেব	শ্রীদেবেক্রনাথ চট্টোপাধ্যায়	२४७		
বন্ধুভূতের ভীষণ উৎপাত	শ্রীগণপতি রায়	৩৭১, ৪০ৄ৩		
<b>বাহ্</b> বস্তুর প্রভাব	শ্রীমাথনশাল রায় চৌধুরী	<b>\$</b> \$2		
ুভূতের কথা	শ্রীসস্তোষকুমার মুথোপাধ্যায়	<b>e</b> 89		
<sup>্</sup> ভূতাবেশ	শ্রীস্থবেশচক্র গাঙ্গুলী	850		
ভূতের সামকাহিনী	শ্রীসন্তোষকুমার মুখোপাধ্যায়	<b>c</b> • 8		
<b>10</b> 34	শ্রীশরচন্দ্র সেন গুপ্ত	> € €		
ক্লোভিক কাহিনী	ञीनीनवस् मिळ	<i>ન</i> ુષ્ક ક		

বিষয়।	লেথক।	পৃষ্ঠা ৷		
ভৌতিক কাণ্ড	শ্ৰীবিধুভূষণ খোষ	867		
<b>ভৌতিককীৰ্দ্তি</b>	<b>a</b>	445		
মৃকং করোতি বাচালং	শ্ৰীকাৰ্ত্তিকচন্দ্ৰ ৰন্দ্যোপাধ্যায়	8>•		
মৃতের আগমন	শ্রীপতিতপাবন রায়	२ऽ७		
মৃতের পুনৰ্জীবন	ঞীবিধুভূষণ ঘোষ	६२७		
মৃতের পুনরাগমন	শ্রীদেবেজ্রনারায়ণ রায়	896		
মৃতের মায়া	শ্ৰীকৃষ্ণপ্ৰসাদ দৈত্ৰ	. (9.		
যক্ষের প্রতিহিংসা	শ্রীস্থব্দৃবিকাশ রায়	₩8		
শেষ পাহারা	শ্রীসন্তোষকুমার মুখোপাধ্যার	400		
<b>न</b> कौशनौ	সম্পাদক	۶۹		
<b>नः</b> चम	শ্রীষরপ চাঁদ	<b>ર</b> ્		
সম্পাদকের দপ্তর	সম্পাদক	628		
সাধু ঝুবা	बीमिटवस्त्रनाथ हट्डोभाधाम	<b>366</b> :		
স্কা শরীরের প্রমাণ	শ্ৰীহীরেন্দ্রনাথ দত্ত	د»		
স্ক্র শরীরের নতন প্রমা	ণ শ্রীহীরেন্দ্রনাথ দত্ত	>8€		
শুস্তুন	শ্রীকার্দ্ভিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়	<b>968</b>		
স্বচ্বুক্ষ প্রেতাত্মা-দর্শন	শ্রীগিরিজাপ্রসর সেন কবিরাজ	250		
স্বপ্নে অপদেবভার থেকা ও				
দেবতা-দর্শন	শ্রীচারুচক্ত মুখোপাধ্যায়	२६७		
শ্বপ্ৰত্ত্	শ্ৰীকিশোরীমোহন চট্টোপাধ্যায়	8७, ৯२,		
	३८७, <b>२৮৫, ७२८</b> , ७१৮,	8 <b>७०,</b> 8१२		
'স্বপ্রাদিষ্ট দেবতার স্মাগম	ন শ্ৰীৰ্জ্যোতিপ্ৰকাশ সেন	498		



#### নিবেদন।

নানা দৈবছর্ব্বিপাকে এবং কতকটা কর্মদোষেও বটে, সহৃদয়
পাঠকবর্গের নিকট আমি অপরাধী হইরাছি। তাঁহাদের ক্ষতিরও
কারণ হইরাছি। সম্পাদকত্বের অনুপ্যোগিতাহেতু প্রবন্ধের বিষরনির্বাচনে সকল সময়ে সম্যক সকলকাম হইরাছি বলিয়া আমার
মনে হয় না। উপযুক্ত লোকের হতে পরিচালনার ভার থাকিলেও
বথাসময়ে পত্রিকা পাঠকবর্গের সমাপে উপস্থিত হইতে পারে নাই।
ইহার ক্রন্ত অসমর্থের যা কার্যা,—আমি আন্তর্রিক হঃওজ্ঞাপন
করিতেছি। বিশেষতঃ যে পত্রিকা অতি অল্পসময়ের মধ্যে ক্ষনসাধারণের প্রিয় ও গ্রাহ্ম হইছে, তাহার পরিচালনায় ক্রটি বান্তবিকই
ক্ষোভের বিষয় এখন হইতে আমি পত্রিকা-পরিচালনার ভার
নিজহক্তে গ্রহণ করিতেছি। প্রতিশ্রুত হইতে সাহসী নই,—তবে
মধার্সময়ে পত্রিকা প্রকাশিত করিতে চেষ্টার কিছুমাত্র ক্রটি করিব না।
শুধু আমি পাঠকবর্গের নিকটে সহামুভ্তি ও ক্ষমা ভিন্ধা করিতেছি।

যে উদ্দেশ্যে এই পত্রিকার প্রচার, তাহা পূর্ব্বেই জ্ঞাপিত হইরাছে।
আনেকেই বলিতে পারেন, তাঁহাদের বলিবারও অধিকার আছে—
আর্যাধিষ্ঠিত বঙ্গদেশে এরপ পত্রিকা-প্রকাশে কাহার কি অভী । সিছ
ছইছব ? আনেক বিজ্ঞ সমালোচক একথা পূর্ব্বেই প্রকাশ করিয়াছেন।

শনেকে প্রকাশ না করিলেও এইরপ একটা প্রশ্ন সভঃই তাঁহাদের মনে উঠিবার সন্তাবনা। বাত্তবিক বে জাতি এক সময়ে জ্ঞান, ভূক্তি ও নিক্ষাম কর্ম্মের পরাকাষ্ঠা দেখাইয়া সমগ্র জগতের শিক্ষকের কার্য্য করিয়াছেন, ধর্মনিষ্ঠা বাঁহারা উত্তরাধিকারিছের ক্যায়ু সেই স্মৃত্ত শতীতকাল হইতে একায়ত্ত করিয়া আসিতেছেন, সেই আর্য্যজাতির বংশধরগণের সন্মুধে এরূপ কতকগুলা ভৌতিক গল্পপূর্ণ উপহার-পাত্র উপস্থিত করিবার প্রয়োজন কি ইহাতে কাহার কি অভীষ্ট সিদ্ধ হইবে ? ইহাতে ত পাঠকবর্মের আধ্যাত্মিক ক্ষুপ্রিবৃত্তি হইবার সম্ভাবনা নাই!

অনেকেই বলিতে পারেন, "বেদ-বেদাস্তাদি ধর্মণাস্ত্র অনাদিকাল হইতে যে দেশের সার সম্পতি, স্থৃতি যাঁহাদের কার্যকলাপের উপর আজিও পর্যান্ত অবাহতভাবে আধিপত্য করিতেছে, বড়দর্শনের বিষলজ্যাতি আজিও পর্যান্ত যাঁহাদিগের প্রজ্ঞাচক্ষু বিস্ফারিত রাধিয়াছে, তাঁহাদের চক্ষপলকের উপর কতকগুলা অশরীরীর করম্পর্শ করাইয়া নিজিতের প্রবোধনের একটা বিকট অভিনয় দেখাইবার আয়োজন কেন? যে দেশে তাহাদের শরীরী সঙ্গী আছে, ভূত-প্রেভগুলাকে সেই দেশে পাঠাইবার ব্যবস্থা হউক। আমরা আর্যান্সস্থান—সাম আমাদের গান, ব্রন্ধ আমাদের ধ্যান, প্রেম আমাদের প্রাণ, লৌকিক মহত্তে আমরা চিরমহান্—আমাদের কাছে আর শ্রেণাকিকের রহস্থোদ্ঘাটন রূপ বিড়ম্থনার কিছুমাত্র প্রয়োজন নাই।"

"যেধানে জাতির মন্তিফাশ্রী ভূতাপসারণ করিবার জন্ম মাঝে মাঝে ভগবানকে শরীর ধরিয়া অবতীর্ণ ইইতে হয়, বাস্তবিকই সেদেশে এরপ ধরণের পত্রিকা-প্রকাশের কিছুমাত্র প্রয়োজন থাকিতে পারে না। বলদেশে আজিকালি নানা ধর্মসম্বনীয় মাসিকপত্র বাহির ইইতেছে। সেগুলিই জাতিকে প্রবৃদ্ধ করিবার পক্ষে যথেষ্ট।" এরপ প্রশ্ন

আনেকেরই মনে উদিত হইবার সম্ভাবনা। কেহ এ প্রশ্ন করিলে, তাহারু যথায়থ উত্তর দেওয়াও হুরহ। পত্রিকা-প্রকাশের পূর্বে আমারও মনে ঐরপ প্রশ্নের উদর হইয়াছিল। আমার মনে হইয়াছিল, সাধারণকে ধর্মপথে চালিত করিবার জন্ত যে সকল পুস্তকাদি সাধারণ্যে প্রচারিত হইতেছে, কার্য্যসিদ্ধির পক্ষে সেই সকলই যথেষ্ট।

এ সমস্ত জানিয়াও আমি এই পজিকা সাধারণের সমুখে উপস্থিত করিয়াছি। পত্রিকা প্রকাশের স্বল্পনিন পরেই আমি বুনিয়াছিলাম যে, আমাদের দেশে এখন এরপ ধরণের পত্রিকারও প্রয়োজন আছে। ইংরাজী শিক্ষার ফলে জড়বাদ আমাদের উপরে যথেষ্ট আধিপত্য বিস্তার করিতেছে। প্রেতাদি জীবের অন্তিছে এখন অনেকেরই বিশ্বাস নাই। পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত ব্যক্তিদিগের ত কথাই নাই, এ অবিশ্বাস এখন অনেক শান্ত-ব্যবসায়ীকেও আশ্রম্ম করিয়াছে।

নিজের প্রয়োজনমত শাস্ত্রাংশ বাছিয়া লইয়া বিশ্বাস করিলে চলিবে না। সনাতনধর্মে আস্থা আনিতে হইলে শাস্ত্রের সকল অংশেই শ্রদ্ধাসম্পন্ন হইতে হইবে। শাস্ত্র যেমন আমাদিগকে ত্যাগ-শিক্ষা দিয়া আমাদিগকে মুক্তির অধিকারী হইবার প্রয়াসী করিয়াছে, সেইরপ কর্ম্বের ফলাফল আমাদের চক্ষুর সমূথে ধরিয়া আমাদিগকে সৎকর্মাম্কানে প্রহত্ত ও অসৎ কর্মাম্কান হইতে নির্ভ হইতে উপদেশ দিয়াছে। একটা ছাড়িয়া একটা ধরিলে কার্য্য বিজ্ঞানাম্বনোদিত হইবে না। ঋষিগণ শাস্ত্রে যে সমস্ত তত্ত্বকথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা লোক ভূলাইবার ছল নহে, বহুকালব্যাপী তত্ত্বাম্বনর ফল।

পাশ্চাত্য জড়বিজ্ঞান যে উপায়ে পূর্ণতা লাভ করিয়াছে,
চিল্লিফানে এখন আমাদিগকেও অনেকটা সেই উপায় অবলম্বন

করিতে হইবে। ঋষিবাক্যে অন্ধবিখাস করিতে বলা এখন সর্ব্বথা বুজিযুক্ত নহে। তবে সমীক্ষায় সেই সকল বাক্যের যাথার্য্য উপলব্ধি করিতে অসমর্থ হইয়া, তাহাতে অবিশাস করাও মনুয়াত্বের পরিচায়ক নহে।

গীতায় শ্রীভগবানু বলিয়াছেন— "কর্মেন্ডিয়ানি সংযম্য য আভেমনসালারণ।

ইব্রিয়ার্থান বিমূঢাত্মা মিথ্যাচার: স উচাতে ॥"

কর্মেন্দ্রিয়সকল সংযত রাখিয়া কেবল মনে ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ে লোভ রাধিয়া এতকাল শুধু আমরা আত্মপ্রতারণা করিয়া আসিতেছি। কোন কার্য্য করিতে পারিব না, অ্পচ কেহ কোন কার্য্য করিয়া তাহার ফল প্রত্যক্ষ করিলে, তাহাতে অবিশ্বাস করিয়া পরিশ্রমের দায় হইতে নিষ্কৃতি লইব, এরপভাবে আত্মপ্রতারণায় আমরা আমাদিগকে যথেষ্ট সম্ভূচিত করিয়াছি। আর করিলে চলিবে না।

স্নাতনধর্মী বলিয়া আমরা গর্ব করিয়া থাকি, কিন্তু কার্য্যতঃ অনেক জডবাদী মনীষী নিজেদের অজ্ঞাতসারে ঋবি-নির্দিষ্ট কার্য্য করিতেছেন। তাঁহাদের একদিন সত্যোপলবির আশা আছে. কিছ মিথ্যাচার-রত আমাদিগের কোনও কালে সে প্রত্যাশা নাই।

**সার অলিভার লজ, সার** উইলিয়ম ক্রুক প্রভৃতি পাশ্চাত্য শ্রেষ্ঠ বৈজ্ঞানিকগণ এখন জড়বিজ্ঞান-সীমান্তের এই সত্যের আভাষ উপলব্ধি করিতেছেন, আর আমরা বেদাস্ত-উপনিষ্দাদির উপদেশামৃত আকঠ পান করিয়াও সন্দেহ-দোলায় হলিতেছি, মৃত্যুভয়ে ভীত হইয়া রহিয়াছি: কিন্তু এরপ থাকিলে আর চলিবেনা। মুখে কতকগুলা শাস্ত্রকথা বলিয়া রুণা বাক্যাড়ম্বরের কাল গিয়াছে। সনাতনধর্মের সভ্যতা-সম্বন্ধে পাশ্চাত্য সাধুর সাক্ষ্যে আমরা আজ গৃহের দিকে মুখ

ক্ষিরাইতেছি, শাস্ত্রব্যবসায়ীর করুণ ক্রন্দন আমাদিগকে মৃত্যুর পথ হুইতে ফিরাইতে পারে নাই।

সমগ্র জগৎ শিক্ষার জস্তু আমাদের মুখপানে চাহিয়া আছে। আজিকার অবিখাসী হিন্দুসন্তানকে কাল সনাতনধর্মে সমগ্র জগদাসার বিশ্বাস আনিবার জন্ত চেষ্টা করিতে হইবে। স্মৃতরাং একার্য্যে আমাদিগের সাধ্যামুখায়ী সাহায্য কর্ত্তব্য। মহতী শক্তির অধিকারী আপনাদিগকে সত্যের প্রভাষ আলোকিত করিতে প্রভাকরের প্রভা উন্মৃক্ত করুন, ক্ষুদ্রশক্তিসম্পন্ন ক্ষুদ্র দীপালোকে সন্ধকারের ক্ষুদ্রাংশও দুরীভূত করিতে বতুবান্ হউন!

সন্ধানিক আমরা তাই এই ক্ষুদ্র কার্য্যে প্রবৃত্ত হইয়াছি। ইহার যতদিন অন্তিবের প্রয়োজন হইবে, ততদিন ইহা থাকিবে। প্রয়োজনা-ভাবে ইহা আপনিই অন্তর্হিত হইবে, কাহাকেও ইহার দ্রীকরণের প্রয়াস পাইতে হইবে না। অনাত্মবাদী সনাতনধর্মীর যজ্ঞ শিবহীন। শিবহীন যজ্ঞে ভৃতপ্রেতাদিরই উৎপাত হইয়া থাকে। অসমতি বিস্তরেশ।

### অন্তৰ্দ্ধান।

এই ঘটনা মিষ্টার এচ, জি, বেল্ তাঁহার "ওবিয়া" (Obeah) নামক পুস্তকে প্রকাশ করিয়াছেন, তথা হইতে ডাক্তার ক্যাসিকানারাই পুনরায় নিজ গ্রন্থে ইহার প্রচার করেন। একজন রোমান ক্যাথলিক ধর্ম্মাজক ইহার বক্তা। এইসকল কারণে এই ঘটনাটি অবিখাস করিবার বিশেষ কোন কারণ দেখা যায় নাই। মন্ত্রবিছা ও ওবা-ঘটিত ব্যাপারে অশ্রদ্ধা ও অবিখাস খৃষ্টিয় ধর্ম্মাজকদের মুখ্য লক্ষ্ণ,

এরণ শত্রুপক্ষের উক্তি সত্য ব্যতীত কখনও সম্ভবে না. একারণেও আমরা ঘটনাটিতে বিখাস না করিয়া থাকিতে পারিলাম না। "

"আমি একজন ধর্ম্মাঞ্ক, টিনিডাডে (Trinidad) পাকিতাম. তথাকার আর্কবিসপ আমাকে নগরের মধ্যস্থল হুইতে মফঃস্থলে কোন একটি পল্লীতে যাইতে আদেশ দেন। এই পল্লীতে কোন গির্জাধর নাই। যে পর্যান্ত না গির্জাঘর হয়, ততদিন আমাকে একটি কার্ছের খরে থাকিবার স্থান করিয়া লইতে হইল, এই কার্চের ঘরের ছইটি মাত্র কুঠারী। একটিতে একটি ব্লব্ধ স্ত্রীলোক নিজ ক্যাসহ বাস করেন, অপরটি আমার জন্ম দেওয়া হইল। এই রদ্ধা স্ত্রীলোকটিকে পল্লির লোকে অতিশয় ভন্ন করিত, ইহার অনেক প্রকার মন্দ করিবার শক্তি থাকা লোকে স্বীকার করিত লোকে মনে করিল যে ইহার বাঁটীর নিকটে গির্জাঘর হইলে র্দ্ধার অনেক ভাল হইবে, তাহার মন্দ স্বভাব পরিবর্ত্তিত হইতে পারে। আমি উক্ত ঘরে যাইলে রদ্ধা তাহার ঘর আমাকে দেখাইল, র্দ্ধার ঘরে আনেক আসবাব রহিয়াছে দেখিলাম। একটি প্রকাণ্ড খাট ও তাহার নিকটে একটি বৃহৎ আলমারি ও অক্তান্ত নানা একার দ্রব্যে র্দ্ধার ঘর পূর্ণ। বৃদ্ধার ঘরে इटें क्रिक कानाना बदः वाहित ट्रेवात घात व्याभात घरतत निरक, অর্থাৎ বাহিরে যাইতে হইলে আমার ঘরের মধ্য দিয়া না ষাইলে আর উপায় নাই।

রাত্তে শয়ন করিয়াছি, রুদ্ধার ঘরে এক প্রকার একঘেয়ে মন্ত্রপাঠ করার মত শব্দ পাইতে লাগিলাম, অনেকবার আমার ইচ্ছা হইল বৃদ্ধাকে থামিতে বলি, কিন্তু শেষে যেন ঘুম পাড়াইবার ছড়ার মত হওয়ায় ঐ শব্দ শুনিতে শুনিতে আমি ঘুমাইয়া পড়িলাম। প্রাতে উঠিয়া কাপড় পড়িয়া বসিয়া আছি. পার্ষের ঘরে 'কোন শব্দ পাই না, উঠিয়া বেশ করিয়া কান পাতিয়া বহিলাম, ভিতরে লোক থাকায়

কোন শব্দ পাওয়া গেল না, ভিতরে কোন হুর্ঘটনা হইয়াছে মনে হইতে লাগিল। রাত্রে ব্রন্ধার ঘরের বাহির হইবার কপাটের উপর একখানি চেয়ার ঠেলিয়া দিয়া রাখিয়াছিলাম, তাহা কেহ নাড়ে নাই, যেমন ভাবেছিল সেইরঞ্গই আছে দেখিতেছি, তখন ব্রন্ধার বাহিরে যাইবারও স্প্রাবনা নাই। তাহার কপাট হুই চারিবার ঠেলিয়াও কোন উত্তর পাইলাম না। পরে আমি আর থাকিতে না পারিয়া ঠেলিয়া কপাট খুলিয়া ফেলিলাম, যাহা দেখিলাম তাহাতে খোর বিস্মাভিভূত হইয়া পড়িলাম। বৃদ্ধার ঘর একেবারে খালি; খাট, আলমারি প্রভৃতি আসবাবপত্র কিছুই নাই, জনমানব নাই—ঘরটি যেন কেহ ঝাঁট দিয়া পরিস্কার করিয়া রাখিয়াছে বোধ হইল। ঘরের ভিতর বিশেষ করিয়া ঘুরিয়া ফিরিয়া দেখিলাম, ক্ষুদ্র হুইটি জানালা ও আমার ঘরের ভিতরের ঘর ব্যতীত অহ্ন কোন গ্রাহ্ম বা ঘ্রার নাই।

সেই অবধি আমি ঐ রদ্ধা বা তাহার কলাকে ঐ গ্রামে বা নিকট-বর্তী কোন গ্রামে বা পল্লীতে দেখি নাই, অন্ত লোকেও উহাদের সংবাদ পায় নাই। কিন্ধপে যে এই সকল খাট আলমারি অন্তর্জাম হইল ও তাহারা কোথায় গেল, আজ পর্যন্ত আমি কিছুই বুঝিতে পারি নাই। কোন লোক একা এই আলমারি কথনও নাড়িতে পারিবে না, এবং রদ্ধা জীলোক নিজে নাড়িতে পারে ধরিয়া লইলেও আমার ঘরের মধ্য দিয়া না হইলে তাহা বাহির করিবার উপায় ছিল না, আর উহা বাহির করিবার সময় নিশ্চয়ই আমায় নিজ্ঞাভদ হইত।"

ষ্ববিরোধে শৃষ্ণপথে ভ্রমণশক্তি তন্ত্রশাস্ত্রমতে জীব সাধন দারা লাভ করিতে পারে, না হয় ধরা গেল যে বৃদ্ধা স্ত্রীলোকটির মন্ত্রবলে এই কার্য্য করিবার শক্তি ছিল, কিন্তু কাঠের বৃহৎ দ্রব্যাদি কিরূপে 'ষদৃগ্রভাবে স্থানাস্তরিত হইল! নিশ্চয়ই বৃদ্ধার পিশাচ বা কোন এলিমেন্ট্যাল (Elemental) বনীভূত ছিল, তাহার সাহায্য ব্যতীত একা রন্ধার ঘারা এরূপ কার্য্য হওয়া অসাধ্য। একবার সালকিয়া অঞ্লে একটি হিন্দুস্থানী লোক আসিয়াছিল, সে ব্যক্তি ভৈরোঁ থামক পিশাচ-সিদ্ধ ছিল বলিয়া প্রকাশ করিত এবং ইহার সাহায্যে আমার পরিচিত অনেকের বাটাতে দূর হইতে ফল, পুষ্প ও মিষ্টান্ন আনিয়া সমাগত লোকদের আপ্যায়িত করিয়াছিল।

প্রীকার্ত্তিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

## অপূর্ণ বাসনা।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

#### বাল্য বন্ধ।

ব্রিষ্টল নগরের পাদরি রেভারেণ্ড আর্থার বেলামি ১৮৮৬ খুঃ অদের কেক্যারী মাসে লিখিয়াছেনঃ--

যখন আমার স্ত্রী স্থূনে পড়িতেন, তখন এক সমপাঠিনী বালিকার সহিত তিনি এই প্রতিজ্ঞাসূত্রে অবেদ্ধ হন যে, তাঁহাদের মধ্যে যাহার অগ্রে মৃত্যু হইবে, তিনি ( যদি সম্ভব হয় ) আসিয়া বন্ধুর সহিত, সাক্ষাৎ कतिया यहित्वन । এ कथा आभाव खीव मत्ने हिल ना अवः आत्नक কাল তিনি উক্ত বন্ধুর কোন সংবাদ রাথেন নাই। ১৮৭৪ খৃষ্টাব্দে একদিন তিনি সংবাদ পাইলেন তাঁহার বন্ধু মারা গিয়াছে। ইহাতে তিনি একটু চঞ্চল হইয়া ঐ অঙ্গীকার-বৃত্তান্ত আমাকে জ্ঞাপন করি-আমি অবশু ঐ স্ত্রীলোককে কথনও দেখি নাই একং তাঁহার কোন বর্ণনাও গুনি নাই।

এই ঘটনার ২৷১ দিন পরে ( অর্থাৎ জ্রীলোকটির মৃত্যুর প্রায় ১৫ দিন পরে) এক রাত্রিতে আমি নিদ্রা যাইতেছিলাম। স্ত্রীও ও ঘরে

নিদ্রিত ছিলেন। একটি উজ্জল বাতি অলিতেছিল। হঠাৎ আমার নিক্রাওক হইল। দেখি, স্ত্রীর শ্ব্যার পার্যে একটি স্ত্রীলোক বসিয়া আছেন। তাঁহার আপাদমস্তক তর তর করিয়া দেখিতে লাগিলাম। চেহারাটি এত স্পষ্টরূপে ও মনোযোগের সহিত দেখিয়াছিলাম যে, এখনও ভাহার প্রত্যেক অংশ আমার স্মরণ আছে। যদি তৎকালে আমার নিকট একখণ্ড কাগজ ও তুলি থাকিত, আমি তাঁহার ছবি তুলিয়া লইতে পারিতাম। তাঁহার স্থলর কেশবিভাসের প্রতিই আমার চিত্ত সর্বাপেকা অধিক আরুষ্ট হইয়াছিল ৷ এরপ স্থবিক্তস্ত কেশ আমি আর কোথায় দেখি নাই-প্রত্যেক চুলটি যথাস্থানে স্থাপিত হইয়াছিল, একটও এদিক-ওদিক হয় নাই। কতক্ষণ আমি এই মূর্বিটি দেখিতেছিলাম ঠিক বলিতে পারি না, কিন্তু ক্রমশঃ উহা আদশু হইল। তথন আমার মনে হইল হয়ত ইহা আমার চক্ষুর ভান্তি, হয়ত আমার স্ত্রীর বস্ত্রের উপর আলো পড়িয়া এইরূপ ঘটিয়াছে। ইহা ভাবিয়া উঠিলাম। নিক্রিভা স্ত্রীর শ্যাপার্শ্বে গিয়া সেই স্থান্টা পরীক্ষা করিলাম। দেখিলাম তথায় বস্তাদি কিছুই নাই। তখন বিশ্বাস হইল, প্রকৃতই আমি কোন প্রেতমূর্ত্তি দেখিয়াছি।

কয়ের ঘণ্টা পরে স্ত্রীর নিজাভঙ্গ হইলে, তাঁহাকে সমস্ত র্ভান্তটি বিলিলাম। চেহারার বর্ণনা শুনিবামাত্র তিনি বলিলেন, "ইহা নিশ্চরই আমার সহপাঠিনীর প্রেতমূর্ত্তি।" আমি বলিলাম, "আছে। তাঁহার চেহারাতে কোন বিশেষত ছিল কি ?" তিনি তৎক্ষণাৎ বলিলেন "হাঁ তাঁহার কেশের পরিপাট্য। তিনি সর্বদা কেশ লইয়া ব্যস্ত থাকিতেন, এইজন্ত আমরা তাঁহাকে বিজ্ঞাকরিতাম।"

#### উদ্দেশ্যহীন আবির্ভাব।

অনেক সময়ে দেখা যায় যে, প্রেতগণ কোন বিশেষ উদ্দেশ্ত-সাধনের জন্ত আবিভূতি হন না, অধবা তাঁহাদের কি উদ্দেশ্ত আছে, তাহা বুঝা যায় না। এরপ স্থলে প্রায়ই দেখা যায় যে, যে বাঁচী, যে গৃহ অথবা যে স্থানটি তাঁহাদের অতিশয় প্রিয় ছিল, পরজ্লাকে গিয়াও তাঁহারা সেগুলি ভূলিতে পারেন না, মধ্যে মধ্যে তথায় আসিয়া বাস করেন। এইরপ কয়েকটি ঘটনা আমর্ম এই অধ্যায়ে বিবৃত করিব।

#### প্রেতের ছায়া।

দৈক্সবিভাগের কর্মচারী চার্লস্ লেট্ সাহেব নব্য দক্ষিণ ওয়েল্সের ( New South Wales ) অধিবাসী। তিনি ১৮৮৫, ৩রা ডিসেম্বর তারিখে যে পত্র লিধিয়াছেন তাহার মর্ম এই :—

১৮৭৩ খৃঃ অব্দের ৫ই এপ্রিল আমার খণ্ডর কাপ্তেন টাউন্স এই স্থানেই মারা ধান। মৃত্যুর প্রায় দেড় মাস পরে একদিন রাত্রি নয়টার সময় কোন প্রয়োজনবশতঃ আমার স্ত্রী একটি শয়নাগারে প্রবেশ করেন। তাঁহার সহিত বার্থন নামে এক যুবতী ছিল। ঐ ঘরে গ্যাসের আলো জ্বলিতেছিল। তাঁহারা প্রবেশ করিয়াই দেখেন ধে, পালিস্করা আল্মারির উপর কাপ্তেনের প্রতিকলিত ছবি (reflected image) পতিত হইয়াছে। প্রথমে তাঁহাদের মনে হইল যে, হয়ত বিপরীত দেয়ালে তাঁহার কোন ফটো আছে এবং আলমারির উপর ঐ ফটোরই একটা ছায়া (reflection) পড়িয়াছে। কিছু অনুসন্ধান করিয়া ঘরে কোন ফটো কিংবা ছবি পাওয়া গেলুনা, তথাপি ঐ ছায়াটি স্পাই দেখিতে লাগিলেন। ছায়াটির বিশেষত্ব এই যে, উহা একট অর্ক ছায়া—মন্তক হইতে কটিদেশ পর্যান্ত ছিল, নিয়ার্ক্র আদে ছিল না। কাপ্তেনের মুখ মলিন ও রক্তশুক্ত এবং গাত্রে একটি ধুসর বর্ণের ফ্লানেল জামা।

তাঁহার। বিশ্বিত ও ভীত হইয়া ইহা দেখিতেছেন, এমন সময়ে ঐ ঘরে আমার স্ত্রীর ভগিনী প্রবেশ করিলেন। আলমারির দিকে

তাঁহার চকু যাইবামাত্র তিনি সভয়ে চাঁৎকার করিয়া বলিলেন, "ঐ বাবা দাঁড়াইয়া আছেন! তোমরা কি দেখিতে পাইয়াছ ?" এই সময়ে একজন দাসী নীচে যাইতেছিল। তাহার পদশব শুনিয়া ভাহাকে উচ্চস্বরে ডাকা হইল। ঘরে প্রবেশ করিলে, স্ত্রী বিজ্ঞাসা করিলেন, "হাঁ রে, তুই কিছু দেখিতেছিস্ কি ?" সে বলিল, "হাঁ মা! কর্তা।" গ্রাহাম নামে খণ্ডরের এক প্রাচীন ভূত্য ছিল। তাহাকে ডাকিয়া আনা হইল। তাহাকে কিছুই বলিতে হইল না । প্ৰবেশ করিয়াই সে চীৎকার করিয়া উঠিল, "ভগবান্ রক্ষা করুন! ঐ যে কাপ্তেন্!" অতঃপর বাটীর অক্সান্ত চাকর-চাকরাণী প্রভৃতিকে ডাকা হইল। সকলেই দেখিতে পাইল। পরিশেষে আমার শাশুড়ী আসিয়া হাত বাডাইয়া উহা ধরিতে গেলেন। তিনি যেমন আলুমারির উপর হাত বুলাইতে লাগিলেন, ধামনই ঐ ছায়াটি ক্রমশঃ অদুশু হইয়া গেল। ইহার পর অনেকক্ষণ পর্যান্ত সকলে ঐ ঘরে বসিয়া রহিলেন. কিন্তু উহা আর দৃষ্টিগোচর হইল না। আমি বটনা-সময়ে বাটীভেই ছিলামু এবং আমাকে ডাকাও হইয়াছিল। কিন্তু কার্য্যে নিযুক্ত থাকায় উহা আমি আদৌ শুনিতে পাই নাই।

( ক্রমশঃ )

শ্ৰীমাথনলাল রায় চৌধুরী।

#### সংযম।

#### ত্বইটা সত্য ঘটনার দংমিশ্রণে।

সন্ধ্যার ভামছায়া যথন ধীরে ধীরে ও নিঃশব্দে প্রাকৃতির উজ্জ্বলতাকে 
কান করিয়া আপন আধিপতা বিস্তার করিতেছিল, তথন আমাদের
নৌকা সোপালগঞ্জের মোড় ছাড়াইয়া অনুক্ল বায়্-ভরে তীর-বেগে
বক্ষণার দিকে অগ্রসর হইতেছিল।

কুললক্ষীগণ যথন শভাধ্বনির সহিত দিবসের মুখরিত কোলাহলকে বিদায় দিতেছিল ও নিমের গ্রাম-ভরা প্রদীপের সহিত উপরের আকাশ-ভরা তারার মালা ফুটিয়া উঠিতেছিল, সেই সঙ্গে ক্ষণেকের তরে আমাদের মনোরাজ্যেও একটা স্লিগ্ধ শান্তি আসিয়া চাঞ্চল্যের উপর **আপনার প্রভাব বিস্তার করিতেছিল; এই অবসরে আমরাও নদীবক্ষে** সায়ংকতা সমাপন করিয়া লইলাম । এই দিবাযামিনীর, জীবন-মরণের **শন্ধিক**ণে কিয়ৎকণের জন্ম সংসার ও জগৎ ভূলিয়া আপনাতে **আ**পনি আত্মহার৷ হইয়া বিশ্ব-পতির ক্রোড়ে আত্মসমর্পণ করিয়া **४७ ट्रे**नाम : तोका यथन वक्रनात वाकातचारि व्यामिया नातिन, তথন রাত্র প্রায় হুই দণ্ড অতীত হইয়াছে। স্লান চন্দ্রালাকে গ্রাম-থানিকে স্থুদুর অতীতের অপ্রষ্ট স্মৃতির তায় আমাদের চক্ষুর সমুখে প্রতিভাত করিতেছিল। গ্রামখানি এক সময়ে বেশ বর্দ্ধিফু ছিল, এখন ম্যালেরিয়া, দারিক্র ও জমিদারবাবুদের বর্ত্তমান ছরবস্থার জন্ম প্ৰীভ্ৰম্ভ হইয়া গিয়াছে। গঞ্জ ভাঙ্গিয়া পড়িতেছে ব্যবসা বন্ধ হইয়া ষাইতেছে, তবে অতীত এখর্য্যের চিহু এখনও কিছু কিছু বিষ্ণমান। पृत्त कमिनात्रानत क्यां प्या-शोज विमान পত्रानात्र्य चोुानिका राम् প্রেত্যোনির স্থায় বর্ত্তমান অবস্থাকে তাচ্ছল্য করিয়া উপহাসের হাসি ্বা:नিভেছিল। বাটে বিস্তর লোক আমাদের জক্ত অপেক্ষা করিতে-

ছিলেন। আমি ও গুরুজী নৌকা হইতে নামিবামাত্র, গুরুজীর অক্ততম শিক্ত রামকালীবাবু আসিয়া প্রণাম করিয়া পদধূলি গ্রহণ করিলেন।
দেখাদেখি কেহ বা ভক্তিভরে, কেহ বা লৌকিকতা হেতু পদধূলি
গ্রহণ করিল বা শুদ্ধ প্রণাম করিল।

পদ্ধীগ্রামে এখন একটা নৃতন ঘটনা ঘটিলে বা কোন নৃতন লোক আদিলে হলস্থল পড়িয়া যায় ও প্রায় গ্রামশুদ্ধ লোকে তাহার স্থাছঃখের অংশ গ্রহণ করে। স্থতরাং একজন সাধু আসিয়াছেন বলিয়া প্রায় সকলেই আমাদের আগমন-প্রতীক্ষায় দাঁড়াই রাছিলেন। যথাবিহিত কুশলাদি সন্তাযণের পর, তাঁহারা আমাদের লইয়া অগ্রসর হইতে লাগিলেন। পথে বালক-বালিকাদের ঔৎস্ক্রস্পূর্ণ সকৌত্ক চাহনি ও বাতায়নস্থিত গৃহলক্ষীগণের ভক্তিপূর্ণ সলজ্জ দৃষ্টির মধ্য দিয়া আমরা গস্তব্য স্থানে উপনীত হইলাম। রামকালীবাবুর গৃহ অতি সামান্ত ও ক্ষুদ্র বলিয়া ও বছলোক সনাগমের আশক্ষা করিয়া বাবুদের বিতলের বৈঠকখানায় আমাদের বিশ্রামন্থান নির্দিষ্ট হইয়াছিল।

যদিও বাটীটি ভালিয়া পড়িতেছে, উন্থান জন্মলে পরিণত হইয়াছে ও নানা 'সরিকে' বিভক্ত হওয়ায় তাহাদের অনস্থা হীনতম হইয়াছে, তথাপি ত্'এক জনের অবস্থা কিয়ৎপরিমাণে উন্নত থাকায় বহুকষ্টে বৈঠকধানাটিকে, প্রাচীন সাজসজ্জা ঘারা সজ্জিত রাধা হইয়াছে। মাসুষের অদৃষ্ট-চক্রের পরিবর্তুনের সময়ে য়ধন লক্ষীদেবী বিশেষ চঞ্চনা হইয়া উঠেন, তথন প্রায় খোলাখুলিভাবে বলিয়া ফেলেন যে, বাপুরে আমাকে ছাড়,—নয়, ভোমরা চালচলন ছাড়। অস্তঃসার-শৃত্ত মানব কিছে তথন ভিতর হারাইয়া বহু দিনের সলী বাহিরের মান সম্লম ও চটককে দৃঢ় আলিজনে ধরিয়া রাধিবার চেষ্টা করে; কাজেই শন্মী ঠাকুরুণকেও স্বস্থানে প্রস্থানের উল্লোগ করিতে হয়।

्यामता नमन्तर्य देवर्रकथानात्र छेन्छि दहेनाम ; व्योमात्र

ं কামিনীবাবু ভূমিষ্ঠ হইয়া প্রণাম পূর্বক করজোড়ে আবাহন করিলেন। वृक्ष চोर्ट्रेश यथात्र विलियन, "এ थात्रा चत्र अथात्न काम अमुविधा হবে না "

বস্থুজা মহাশয় "সে জার বল্তে একেবারে ইন্দ্রপুরী।

গাকুলী। "এ রকম আর এ তল্লাটে নাই। আমিই ত এই স্থানটা মনোনীত করিয়াছি।"

पख्डा। इति ना किन १

সকলে বলিলেন, "পুণ্যের সংসার বলে স্বর্গীয় কর্তারা প্রাতঃমরণীয় लाक हिल्लन, এथन ठाँशालत नाम कतिल पिन ऋथ काछि। শুকুজী কিন্তু সেই সুসজ্জিত কক্ষে প্রবেশ করিয়াই একটু থতমত খাইয়া গেলেন, তাঁহার সর্বশরীর ষেন এক বৈহ্যাভিক তরঙ্গে কাঁপিয়া উঠিল; কিন্তু যদিও মুহুর্ত্তমধ্যে সকলের অগোচরে সে ভাব সামলাইয়া লইলেন, তথাপি আমি উহা বেশ লক্ষ্য করিয়াছিলাম। তার পরই একটু পিছাইয়া আসিলে ঠিক যেন কোনও অদুশু হস্ত তাঁর মনোময় দেহকে ধাকা দিয়া সরাইয়া দিল। গৃহ হইতে ছবিতপদে নিজ্ঞান্ত হইয়া বলিলেন, "রামকালী চল তোমার গৃহে যাই, সেখানেই द्राजियां भन कतिव।" नकत्व এक টু উषिध हहेशा जिल्लामा कतित्वन, "কেন—কেন—এখানে কোন অসুবিধা হইবে না।" 🧓

কামিনীবাবু যেন একটু ভীত ও সম্ভস্ত হইয়া করজোড়ে বলিলেন,—"প্রভু কোন ত অপরাধ করি নাই, তবে কেন এ স্থান ত্যাগ করিতেছেন।" গুরুজী সহাস্যে কামিনীবাবুকে বলিলেন, "না না ওরপ কিছু মনে করিবেন না। লাল কাপড় পরিয়া অবধি বিলাস-বাদনা ত্যাগ করিয়াছি, আমাদের পক্ষে বৃক্ষতলই যথেষ্ট ; অন্তত:পক্ষে পর্বকৃটীরই উচিত; এ সজ্জিত গৃহে অবস্থান আমাদের শ্রেয়ঃ নহে। নতুবা আপনারা আমার স্থায় সামাত্ত লোকের জন্ত যে আদর-অভ্যর্থনা

করিতেছেন, তজ্জন্ত আমি কৃতজ্ঞ ও আপনাদের শত ধন্তবাদ; আপনাদের অন্বরোধ রক্ষা করিতে পারিলাম না, সেজন। করিবেন।

. সকলে। ু"সে কি কথা, সে কি কথা,—আপনার যেথানে অভিক্রচি, যেথানে স্বাচ্ছন্দ হইবে সেইখানেই অবস্থিতি করিবেন।"

অগত্যা রামকালীবাবুর বাড়িতেই যাওয়া স্থির হইল; পথে যাইতে যাইতে সকলে একটু অগ্রসর হইলে গুরুজী সম্লেহে আমার পিঠে হাত দিয়া মৃত্সবে বলিলেন, "বিজয় ! তুমি একটু বিশিত হয়েছ না ?—দেৰ ওটা মহাপাপের গৃহ, ওখানে যে কত হুদার্য্য হয়েছে তার আর ইয়ন্তা নাই। এখনও সকল পৈশাচিক কার্য্য ও আর্ত্তের কাতর-প্রার্থনাগুলি যেন চিত্রের ক্যায় মূর্তিমান হইয়া গৃহমধ্যে বিচরণ করিতেছে। একটী যুবতী যেন তার অমূল্য ধন সতীত্বকার্থ ছুটিয় আসিয়া ব্যাকুল চীৎকারে সাহাষ্য চাহিল। তারপর যেন বিফল আশায় ব্যথিত হইয়া, দিশাহারা হইয়া শূক্তদৃষ্টিতে চাহিয়া রহিল। পরে হঠাৎ রুদ্ধ আবেগে আর্জিম হইয়া আপন বক্ষে ছুরি বসাইয়া সকল জালার শেষ করিল "একটু চুপ করিয়া পুনরায় বলিলেন,—"এখনও যেন সত্য বলিশ্বা ভ্রম হচ্ছে, এখনও যেন সেই ব্যাকুল প্রার্থনা ও রক্তন্ত্রোত আমাকে উদ্বেলিত করিয়া তুলিতেছে— যদিও কল্লিত দৃশু কিন্তু সহু করিতে পারিলাম না, ছুটিয়া বাহির হইলাম। আবার একটু থাকিয়া থামিয়া পুরায় বলিলেন, "দে<del>খ</del> জ্রীলোকটী যেন বছ পরিচিত বলে বোধ হল;—হতে পারে; কিছা কোন সৌসাদৃত্য জ্বত হয় ত এ ভ্রমের উৎপত্তি—আচ্ছা তুমিও কি কিছুই বুঝিতে পায় নাই !" আমি কি বলতে যাইতেছিলাম, কিছ क्रिनि वांशा निशा वृत्रितन्त, "थाक् अनव मात्राविक चर्टना निष्त्र माथा ঘামাবার কিছু দরকার নেই।"

এধানেও অনেক লোক জমিল, তবে তাহাদের মধ্যে তত্ত্বিজ্ঞাসু বা ভজিপিপাসুর সংখ্যা অতি বিরল; সাধারণতঃ তারা একটা নুতন জিনিস দেখতে এসেছে। কেহ বা হাত দেখাইতে ও ভবিষ্যৎ জানিতে, কেহ বা কঠিন রোগারোগ্যের কামনায়, কেহ বা কিছু একটা অলোকিক দেখিয়া চক্ষু সার্থক করিবার আশায় আসিয়াছে। স্থুতরাং সংযতবাক গুরুজীর তুএকটা শুক্ষ কথা তাঁহাদের ভাল লাগিল না। প্রথমে মৃতুস্বরে কথা কহিতে কহিতে বেশ গল্প জমিয়া উঠিল। র্দ্ধ চাটুর্য্যে মশায়ই সভায় অধিনায়ক হইলেন, হুঁকা হাতে করিয়া কাসিতে কাসিতে বলিলেন, "আমরা গরীব লোক, আমাদের এ মেটে ঘরই ভাল।"

বস্থল। যা বলেছেন, এখানে আমরা হাত পা ছড়িয়ে, প্রাণ পুলে ছটো মনের কথা বলতে পার্ব।

গাঙ্গুলি। তা নিশ্চয়, বড়লোকের কাছে কেমন কিন্তু-কিন্তু হয়ে থাকতে হয়, আমি ঐ জ্ঞে ওথানটা আদপেই পছন্দ করি নাই।

চাটুযো। গুরুজীর যদিও অবশু একটু কট্ট হবে, তবু কি ওঁরা ওখানে থাকতে পারেন ?

বস্থজা। ও কি সাধুলোকের থাক্বার জায়গা, উনি দেখেই সরে এলেন।

গালুলি। আমি এখানে থাক্বার কথা ভনে গোড়া থেকেই বিরক্ত হয়েছিলাম।

দত্তল। পাপপুরী! পাপপুরী! আমাদেরই ষেতে ইচ্ছে করে না, তা সাধু সন্মাসীর !

চাটুর্য্যে। তানা হলে আর এদশা হবে কেন ? বস্থলা কি ছিল আর কি হল !

গা। যেন দেখুতে দেখুতে উপে গেল!

দ। এক স্মরে দরজার হাতী বাধা থাক্ত, আর এখন শেরাল কুকুর চুর্ছে।

চাটুর্য্যে মশায় তখন মুক্বির-আনা স্থারে বল্লেন, "কেন এমন হলো তা জান<sub>়"</sub>

व। जा जांत्र कानि ना, कठ लाक्त्र नर्सनाम करत्रह ।

গা। আমাদের তের বিঘা ত্রন্ধতরই কেড়ে নিলে, ছর্দিশা আর হবেনা।

দ। দরিদ্রের প্রাণে কন্ট, মানীর মান নষ্ট, এতে কি আর রক্ষা থাকে ?

টা। তবে তোমরা আসল ব্যাপার কিছুই জান না দেখ্ছি ?

ব। জানি না ? জাল করে জগবরু বোসের বিধবা স্ত্রীকে সর্বস্থান্ত কর্লে।

পা। গুপী খুড়োর স্ত্রীকে কুলের বাহির করে শেষে তাড়িয়ে দিলে। পরে গঞ্জে গিয়ে বেখার্ভি করে খেত। এসব পাপ যাবে কোথায় ?

ছ। ° কালী সরকারকে সেই যে গুম্ কর্লে, তার আমার কিনারা হ'ল না! লোকে বলে যে মেরে ফেলেছে। পয়সার জোরে সব চাপা পড়্ল।

চাটুর্য্যে মশায় একটু বিজ্ঞাপের তীত্র হাসি হেসে বল্লেন, "তবে তোমরা কিছুই জান না দেখছি, আমি বলি তবে শুন"। অল্লবয়স্কেরা বলিল, "হাঁ হাঁ চাটুর্য্যে মশায়ই বলুন।" ফলকথা চাটুয়েয় মশায় সর্কা-তত্ত্বিদ্ ও থুব মজলিসী লোক ছিলেন ও গল্প বলিবার অসাধারণ ক্ষমতা ছিল ও এক কথায় তিনি যেন গ্রামের Encylopadea Britapica ছিলেন।

চাটুব্যে মশায় তথন বেশ করিয়া হ'কাটী বাগাইয়া যথারীতি

ভূমিকার পর বলিতে লাগিলেন। "আমরা কর্তাদের মুখে ওনেছি বে, ঘনখামবারু পুণ্যাত্মা লোক ছিলেন, তিনিই এই অমিদারী ুস্থাপন করেন, কথন অতিথি বা প্রার্থী বিমুখ হইত না, যথার্থই প্রাতঃত্মরণীয় লোক ছিলেন। যেমন স্বামী, ভগবান তার উপযুক্ত ক্লীও মিলাইয়া দিয়াছিলেন, গৃহে যেন তিনি মূর্ত্তিমতী অন্নপূর্ণার মত বিরাজ করিতেন।

কিন্তু বিধাতার কি লীলা, অমন পিতামাতা হতে কিনা খ্রামটাদ বাবুর জন্ম! কর্ডা বর্ত্তমান থাক্তেই তাঁর কুকীর্ত্তির কথা লোকে জান্তে পেরেছিল, কিন্তু ততটা বাড়াবাড়ি হতে পারে নাই। কিন্তু কর্ত্তার ললাভের পর হতেই নিজমূর্ত্তি ধর্লেন; অত্যাচার, উৎপীড়ন, কুসলী ও বিলাসিতার দারা দিন কাটাতে লাগালেন; কিন্তু তবু এতটা বাড়াবাড়ি হয় নাই। আর স্বর্গীয় কর্ত্তা-গিল্লির পুণ্যেই হউক, আর যাতেই হউক—বিষয় কিন্তু নত্ত করেন নাই।

- व । नष्ठे ७ करत्रन नार्टे, वतः किছू वाजिरहिष्टिन ।
- গা। অমন লাট চাকদারা তালুকধানা কিনেছিলেন।
- দ। সেত এক রকম অমনই যোগাড় করেছিলেন।
- চা। কিন্তু তার পুত্র তারিণীবাবুর সময়ে এ সকল একেবারে চরমে উঠিল!
  - ব। চরম বলে চরম !
  - গা। লোকের ধন-প্রাণ, মান-সম্রম রাখা দায় হর্ণেছিল।
- দ। তার ফলও হ'ল তেমনই, ওগো চারপো হলেই আপনি ফলে।
  - চা। সেসকল এখনও মনে পডে।
  - ব। সেত সেদিনকার কথা। আমি তখন স্থূলে পড়ি।
  - গা। আমার তথন পৈতে হয়েছে আর কি।

দ। আমার ঠাকুরের কাল হবার কিছু পরেই এসব ঘটে আর কি?

চাটুষ্যে মশার একটু বিরক্ত হয়ে বলেন, "ওছে বাপু এ রকম রসভঙ্গ করলে গল্প হয় না, যদি অন্তে হয় ত গুন।" সকলে থামিলে চাটুষ্যে মশার বল্তে আরম্ভ কর্লেন "তারিণীবাবুর আমলেই এঁদের নাম নবাববাবু হয়, সে বড় মজার কথা, অসাবধানতায় চাকরে একটা ঝাড়ের কলম ভালিয়া ফেলে, বাবু নেশার ঝোঁকে বল্লেন, "কিরে কিসের শব্দ রে"। চাকরে সভয়ে বলে, "হজুর ঝাড়ের একটা কলম ভেঙ্গে গেছে"। বাবু শুনে বলেন, "বা বেশ ত শব্দ হ'ল, আছো ভালি সব ভাগ—থাসা শব্দ গুনা যাবে"। চাকরেরা কি করে লাঠি দিয়ে বহু সহস্র টাকার সমস্ত ঝাড় টঙ টাঙ টাঙ টাঙ শব্দে ভালতে গাগ্ল, বাবু শুনে মহা তারিপ করতে লাগিলেন! এই সব বাবুগিরি হতে এদের নাম নবাববাবু হয়।"

"কিন্ত 'অতি'র শেষ আছে, একদিন এক ঘটনাতে সর্বনাশের পথ উন্মৃক্ত করেন। মরিচ গাঁরে নিধিরাম ভট্টাচার্য্য নামে এক পরম পণ্ডিত ও নিষ্ঠাবান্ ব্রাহ্মণ ছিলেন, তাঁর একটী মাত্র কন্সা ছিল, নাম যোগমায়া। মেরেটী যেন ভারতচন্ত্রের বর্ণিত "রূপে লক্ষ্মী, গুণে সরস্বতী ছিল," আর মুখে একটী দেবভাব পরিক্ষ্ট ছিল, পথের পণ্ডিকেরা পর্যান্ত সে স্বর্গীয় মূর্ত্তি দেখিয়া চাহিয়া থাকিত।"

"এরপ সুঁলক্ষণা একটীমাত্র কলাকে স্থপাত্তে অর্পণ করিবার জন্ত বাহ্মণ অত্যন্ত ব্যস্ত হইয়াছিলেন ও দেজল মেয়েটির স্থশিক্ষার বন্দো-বন্তের ক্রটি করেন নাই, শেষে ভগবানের ক্লপায় তেমনই স্থপাত্তও জ্টিয়াছিল, কালীপুরের বিশ্বনাথ তর্কালক্ষারের একমাত্র পুত্র রাম-ভীবনের সহিত বিবাহ হইল। পাত্রটী রূপে, গুণে, কুলে, শীলে, মানে পুর্বই,উৎকৃষ্ট ছিল, ভট্টাচার্য্য মহাশয় এরপ পাত্তে কলা দিয়া শেষ

বয়সে নিশ্চিন্ত হইয়াছিলেন। একবৎসর বৈশাণী পূর্ণিমার সময় मतिक्राँ। इटेट खोलाकिया यथन चामालब अधान नहीं-चान আসিতেছিল, যোগমায়া ও অনেক কাকুতি-মিনতি করিয়া পিতা-মাতার মত লইয়া তাহাদের স্লিনী হইল। কিন্তু হতভাগিনীকে আর ফিরিতে হইল না, লোকের ভিড়ে ও গোলমালে একদল দস্ম আসিয়া ত্বিভবেগে তাহাকে উধাও কবিয়া এইয়া গেল। সঙ্গের স্ত্রীলোকেরা আর্তনাদ করিয়া উঠিল প্রতি বৎসরই প্রায় এইক্রপ খটনা ঘটে এবং যদিও গোলযোগে অনেকে ব্যাপার কি বুঝিতে পারিল না, তথাপি তু'চারিজনে অমুসরণ করিয়াছিল; কিন্তু দম্যুদের লাঠির চোটে তাহাদিগকে ফিরিতে হইল। অনেকে স্ত্রীলোকদিগকে সান্তনা করিয়া পুলিদে খবর দিল, পুলিস প্রথমে কিছুই গ্রাহ कतिन ना. পরে অনেক অমুরোধ, জেদাঞ্চি ও কিছু প্রণামী দিবার পর জমাদার সাহেব সদলবলে একটু ইতস্ততঃ করিয়া বলিল, "বাবে আর কোথার ? কেউ নিয়ে গেছে, ফের পাওয়া ষাবে।"

"চারিদিকে এ সংবাদে তুলস্থল পড়িয়া গেল, ব্যাপারটা সকলে বুঝিল, কিন্তু একে পুলিশ বশ ও তার উপর বড়লোক—ভয়ে কেহ কিছু করিতে পারিল না। আমাদের কাপুরুব জাতি কোনরপে নিজের প্রাণ বাঁচাইতে ব্যস্ত, অপরের ভাবনা লইয়া কেহ মাথা খামাইতে চায় না। স্থামি তখন গ্রামে ছিলাম না, তাইলে একবার সর্বান্ত দেখিয়া লইতাম।"

বসু। কি বলিব আমি তথন শ্যাগত, তা না হলে একবার এ অত্যার্চারের শোধ তুলিতাম।

গা। আমি তাল ঠকে এসেছিলাম, কিছু সকলেই পিছাইয়া পড়িল, একা কি করিব ?

প। বাবা তখন মৃত্যুশয্যায়, তাঁকে নিয়েই ব্যস্ত, নইলে কি সহজে ছাড় তাম !

্ চা। স্ত্রীলোকেরা ফিরিয়া গিয়া বলিল, যোগমায়াকে নদীতে ক্মীরে লইয়া গিয়াছে। একথা শুনিয়া ভটাচার্য্য মহাশয় বিছানা লইলেন; কোথায় নয়নের মণি রদ্ধ বয়সের একমাত্র কল্পা আনক্ষ করিয়া স্লানে গিয়াছে, আর কোথায় এই বিনামেষে বজাঘাত, প্রাণপ্রতিম-কল্পার অপঘাত-মৃত্যু।

কিন্তু স্ত্রীলোকের পেটে কথা কথন চাপা থাকে না, বরদা পিসি
যথন সালস্কারে ঘটনার বিবরণ দিতেছিলেন, শ্রোভাদিগের চক্ষু ও
মুখগহনর অধিকতর বিস্তৃত ও গোলাকার হইয়া উঠিতেছিল, তখন
ললিতা দিদি আন্তে আন্তে বলিলেন, "কাউকে বলিস নি ভাই, বড়
খারাপ কথা, বড় ভয়ানক ব্যাপার !"

সকলে কি কি করিয়া মহাব্যন্ত হইয়। উঠিলে নিন্তারিণী মাধার দিবা দিয়া বলিল, "ওলো যে সে কুমীর নয়, মামুষ কুমীর লো মামুষ কুমীর! নদীতে যাবে কেন, তারিণীবাবু ধরে নিয়ে গেছেন, দেখিল ভাই, যেন পেরকাশ না হয়, তোরা নেহাত আপনা আপনি তাই বল্লুম।" বামা ভনিয়া বলিল, "ধরে নিয়ে পেল, দেও কিছু বল্লে না, তোরাও কিছু বল্লি না।" বরদা পিসি গর্জন করিয়া বলিল, "একটু আগৈ জানুতে পারলে কি আর রক্ষে রাণতুম, পোড়ারমুখোদের বেটাপেটা করে ছাড়তুম।"

বামা। তা নয়লো তা নয়! বোধ হয় সড় ছিল।

নিস্তা। আমারও তাই বোধ হয় বাপু, ছুঁড়িটার রকম-সকম কিছ ভাল ছিল না। ক্লপে গুণে বাহারা যোগমায়ার চেয়ে হীন ছিল, আহারা সকলেই একবাক্যে নিস্তারিণীর কথার সমর্থন করিল।

किंह এই कथाश्विम जात निम्नी ও नमनत्रकारमत्र मञ्च दन ना,

তারা তার রূপে, গুণে ও দেবহুল ভ অমায়িকতার মুগ্ধ ছিল, কাজেই মহা কোলাহলসহকারে তীব্র প্রতিবাদ করিল ও এরপ যারা বলিতেছে छाम्बर मूथ नामक अवही रा नीर्त्रांश शांकिरत ना, ७ मंत्रीरत्रत স্থানে স্থানে খেত বর্ণোৎপত্তির সম্ভাবনা, তাহাও বুঝাইয়া দিল আর জননীদের সম্ভানেরাও যে চিরস্মৃত্ব থাকবে এমন কোন আশাই দিল ना। এই গোল্যোগ না হইলে সমালোচনা যে কভক্ষণ চলিত তা বলা যায় না। ক্রমে এইরূপে সঠিক খবর প্রকারান্তরে ভট্টাচার্য্য মহাশয়ের কর্ণগোচর হইলে, রদ্ধ ব্রাহ্মণ একবার উঠিয়া দাঁডাইলেন। সেই দেশপুজ্য দীপ্ত বৈশাখের তুল্য ব্রাহ্মণকে দেখিয়া দারোগা সাহেব একটু ইতন্ততঃ করিয়া অবশেষে সদলবলে তদন্তে চলিলেন। বছ সম্ভ্রাস্ত লোকও পশ্চাদকুগামী হইল। কিন্তু তাঁহারা যথন বরুণায় উপস্থিত হইলেন তথন বহু বিলম্ব হইয়া গিয়াছে, আর বিধাতা পুরুষের অদৃত্য অসুনিসংখতে এ অঙ্কের যবনিকা অন্য উপায়ে পতিত হইয়াছে।

ভারিণীবাবু বছ আশাম যোগমায়াকে বন্দিনী করিয়া দেখিলেন যে, বুঝি তার সকল আশাই বিফল হয়। কিন্তু পাপিষ্ঠ তথনও হাল' ছাডে **ৰাই. জানিত যে অনেক সতীই** অবশেষে কষ্টে, নিৰ্য্যাতনে বা প্ৰলো-ভনে তাঁহার কাছে সতীত্ব বিক্রয় করিয়াছে, এজন্য সে নির্য্যাতন বা প্রলোভনের কিছুমাত্র ক্রটি করিল না।

এক দিন স্নান করিয়া যোগমায়া মিষ্টমুখে বলিল যে, সে কিছু আহার করিবে, তবে ফলমূল আহার করিবে। তারিণীবার শুনিয়া মহা আহলাদিত, বুঝিল পেটের জালা বড় জালা, কত সহু করিবে ! সাগ্রহে সমস্ত বন্দোবন্ত করিয়াছিল, মনে মনে বলিল, অমন সতী ঢের ঢের দেখেছি, শেষে সকলেই এইরূপে নরম হয়েছে, যাবার সময়ে বোধ হয় সেই সম্মাত ফুল্ল পুষ্পের দিকে একবার অনিমেব নয়নে ছাহিয়াছিল।

কিছুতে নিষ্কৃতি বা মুক্তির আশা না দেখিয়া হতভাগিনী চরম উপার্মের কামনা করিল, বহু অশ্রুপাত ও প্রার্থনায় নারায়ণের দয়া না পাইয়া নিজেই প্রতীকারের সঙ্কল্ল করিল। ফলমূল দূরে কেলিয়া সে গুলি কুটিবার তীক্ষধার ছুরিকা লইয়া আপন বক্ষে আমূল বসাইয়া দিল। বন্দিনী-অবস্থায় ও মরণের কালে স্লেহময় পিতামাতা. মুখের সংসার, দেবতুল্য স্বামী, নবীন বয়স, নব অনুরাগ ও অত্ত পিপাসায় আকুল হইয়া মনে মনে কি ভাবিয়াছিল, কে বলিতে পারে ? পাপিষ্ঠ মহা উৎফুল হৃদয়ে আসিয়া দেখিল, তার স্থের বরে বজ্ঞ পড়িয়াছে, সতী প্রাণ দিয়াছে, মান দেয় নাই ! নরধামকে হয়ত স্বীকার করিতে হইল, প্রলোভনের সীমা আছে। সকলেরই মূল্য আছে, কিন্তু জগতে এমন তুল ভি জিনিষ আছে যা মূল্য দিয়া পাওয়া যায় না। ধূল্যবলুঞ্চিতা, রক্তাক্তকলেবরা দেবীমূর্ত্তিকে দেখিয়া, সে হতভাগ্যের মন নৈরাশ্যে ব্যথিত, কি যাতনায় আকুল হইয়াছিল, তাহা কে বলিতে পারে ? ভটাচার্য্য মহাশয় নিরাশ হইয়া ক্রোধে জ্মীদার-বংশের প্রতি ও গ্রামস্থ লোকের প্রতি দারুণ অভিশাপ দিয়া গেলেন। তিনি যে অভিসম্পাত দিয়াছিলেন, তাহার ফলে জমীদার-বংশের ও গ্রামের এই চুদিশা!

ইহার পরে তারিণীবাবু মকর্দমায় হারিলেন ও একরূপ সর্বস্বাস্ত হইলেন। একমাত্র উপযুক্ত পুত্রের অপঘাতে মৃত্যু হইল, স্ত্রী আত্মহত্যা করিলেন, শেষে ভয়েও যাতনায়, উৎকণ্ঠায় ও অনিদ্রায়, উন্মাদের ক্যায় হইয়া, বহু কণ্ঠভোগের পর ক্রমে তিন জনেই মৃত্যুর ক্রোড়ে স্থান পাইলেন। গুলুব যে সরিকেরা মারিয়া ফেলিয়াছিল— হবে ?

্ এখন তাঁহার আতৃপুত্র কামিনীবাবু, কোন উপায়ে জমীদারের নাম রক্ষা করিতেছেন। বছদিন পর্যন্ত লোকে বাবুদের বৈঠকখানায় পভীর রাত্তে, অনুশু মানবের ক্রত পদশব্দ ও কাতর অক্ষ্ট রোদনের ক্ষু প্রতিথ্যনি শুনিতে পাইত।

নানা আকারে পদ্লবিত হইয়া এ সংবাদ কাশীপুরে পৌছিবার পর তাহার স্বামী রামজীবন ত নিরুদেশ হইল, কেহু বলে বিবাগী হইরাছে. কেহ বলে যে নিষ্কটক হইবার আশায় তারিণীবাব লোক্ষারা চিরকালের জন্ম সরাইয়া দিয়াছেন, সত্য-মিধ্যা ভগবান क्रांतिन ।

শুনিয়া আমরা সকলেই বাথিত হইলাম: কাছারও কাছারও চোৰ দিয়া ছুই ফোঁটা জলও বাহির হইল। গুরুজীর পূর্বের কথা গুনিয়া আমি বিশেষভাবে শিহরিয়া উঠিলাম। পারুদেব শ্বান্তিভে বলিলেন যে. ভিনি প্রত্যুবেই চলিয়া যাইবেন। রামকালীর বিশাস ছিল অস্ততঃ ছ-এক দিনও থাকিবেন, গুরুজীও যে এরূপ এক টু-আগটু আশা না দিয়া ছিলেন, এমন নয়, কিন্তু এই কথা শুনিয়া রামকালীবাবু কাতর হইয়া **ज्यानक ज्यादा**ध कदिलान. किन्न श्वकृत्वार याश्वराहे विद कदिलान। অপত্যা আমরা প্রত্যুবেই যাত্রা করিলাম।

নৌকায় উঠিয়া গুরুদেব একবার স্থিরদৃষ্টিতে, বরুণার জ্মীদার-বাটীর দিকে চাহিয়া রহিলেন, তাঁহাকে যেন একটু কাভর ও তাঁহার চকু राम একটু সজল বোধ হইল; আমি বিশিত হইলাম, নিজেকে ও নিজের চক্ষুকে বিশ্বাস করিতে পারিলাম না। একি হ'তে পারে ? প্রশান্ত সাগর চঞ্চল ! এ মহাপুরুষেরও উদ্বেগ আছে, সংযমীও কাতর হয় ! যাঁহাকে বরাবর সহাস্ত, প্রফুল, প্রেমময় ও সন্তোবের মুর্ত্তিমান আদর্শ দেখে এসেছি, তাঁহার এই অবস্থা ! কিয়ৎক্ষণ পরে श्वकरानय मरामार विनातन, "विकास, वर् मूक्षितन भर्ष्क् ना १ रामधः, बाक्ष्यक कथन जानर्ग मत्न क'त ना, लाय मिथा प्रणा वा छन দেখিয়া অন্ধভাবে ভক্তি করিও না। মাতুৰ চিরকালই মাতুর, তার

ভিতরের প্রবৃত্তি বাবে কোথায় ? দেখ সংব্য বড় শক্ত জিনিস; বছ সাধনা, বছ পুণ্যের ফল। সেইজন্ম অর্জুন বলেছিলেনঃ—

চঞ্**লম্ হি মনঃ ক্লম্** প্রসাথি বল বদ্দুদ্ম্।
তন্তাহং নিগ্রহং মক্তে বায়োরিব ক্ষ্ত্ছরম্॥
— এর এক মাত্র উপায় "বৈরাপ্যেন চ গ্রহতে"।

কিছু তা, কয়জনের হয়, যার হয় সে ত দেবতা। কিছুক্ষণ চুপ করিয়া বলিলেন, "কাল ব্রাহ্মণ যা গল্প বলিয়াছিলেন তা এক বর্ণও মিথাা নম্ব—আমিই রামজীবন" বলিবার সময় যেন তাঁহার কঠ রোধ হইয়াছিল। "এত দিন এক রুদ্ধ যাতনা বুকে পুষিয়া ঘুরিতাম, শক্তিময়ের আশ্রয়ে আসিয়াও ঠিক শান্তি পাই নাই। আৰু হ'তে সে বোঝা নামিয়া গেল, প্রাণটা হালকা হইল, যেন পূর্ণ শাস্তি পাইলাম। যোগমায়ার স্বামী বলিয়া আজ গর্জ অনুভব করেছি, আমি ধন্ত, আমার জন্ম, জীবন ও সাধনা ধন্ত। বহু পুণাফলে অনুষ্টে সতী লাভ হয়। এখন হ'তে বৰুণা আমার তীর্থ।" এ সমস্ত শুনিয়া আমার অবস্থা যৈ কিরূপ হইয়াছিল, তাহা বলিতে পারি না। মূর্চ্ছিত হই নাই সভা, কিন্তু একেবারে আত্মহারা হইয়াছিলাম ৷ কভক্ষণ ঐ অবস্থায় ছিলাম তা' বলুডে পারি না। কিন্তু যথন চমক ভাঙ্গিল, তথন দেখি বেলা হইয়াছে, গুরুদেব নিবিপ্টচিত্তে শাস্ত্রপাঠ করিতেছেন, আর এক জৈলে তাহার ডিঙ্গীর উপর বসিয়া ত রঙ্গের তালে তলে তত্ময় হইয়া গাহিতেছে.

"আমায় পার করে দাও চিকণ কালা।"

ক্ৰম শঃ

শ্রীঅরপ চাঁদ।

#### প্রত্যারতের কথা।

আমি ষধন শিলচর হাইস্থলের শিক্ষক ছিলাম, তখন একদা বন্ধের সময় কোন এক জাহাজে আরোহণ পূর্বক ঢাকা যাত্রা করিয়াছিলাম। গমনকালে আমাদের জাহাজ কোন এক ষ্টেশনে উপনীত হইলে তথায় অনেক যাত্রী আমাদের জাহাজে আরোহণ করিয়াছিল। তন্মধ্যে তারকবাৰু নামক একটি ভদ্রলোক ছিলেন, ইনি আমার পূর্বপরিচিত জনৈক বন্ধ। বছকাল পরে পরস্পারের সাক্ষাৎ হওয়ায় আমরা উভয়ে জাহাজের এক পার্বে শ্যাায় উপবিষ্ট হইয়া তথাপকথন করিতে লাগিলাম। তখন কথা-প্রসঙ্গে তিনি আমায় একটি বিষয়াবহ গল্প বলিলেন এবং ইহার সত্যতা-সম্বন্ধে আমাকে সন্দেহবিহীন করিবার নিমিত্ত তিনি বলিলেন যে, এ ঘটনাটি আমি অচকে প্রত্যক করিয়াছি। তুমি যাহা স্বচক্ষে প্রত্যক্ষ কর, তাহাতে যেমন ভোমার দুঢ় বিশাস জন্মে, ইহাতেও তুমি তজ্ঞপ দুঢ়বিশাস স্থাপন করিবে ; বস্তুত: ইহাতে বিন্দুমাত্রও সন্দেহের কোন কারণ নাই। ঘটনাটি এই---আমি বহুকাল যাবৎ এখানে বীরতী গ্রামের মাইনর স্থূলের প্রধান শিক্ষকের কাজ করিয়া আসিতেছি কিছুকাল হইল, এই প্রামে ভয়ত্বর বসস্ত রোগের আবির্ভাব হইয়াছিল। গ্রামবাসীদের মধ্যে অনেকেই এই সন্ধটাপন্ন পীড়ায় আক্রান্ত হইয়াছিল ৷ আমি যে বাটীতে বাস করি. সেই বাটীর একটি ভদ্রলোকও তথন এই পীডায় আক্রান্ত হইলেন। তাঁহার পীড়া ক্রমে বিকটাকার ধারণ করিল এবং অবস্থা ক্রমশঃ শোচনীয় হইয়া উঠিল। তথন আমরা তাঁহার জীবনের আশো বিসৰ্জন দিয়া তাহাকে ঘরের বাহিরে আনয়ন করিলাম। হায়, তথন ' মৃতের আত্মীয় ও বন্ধবান্ধবগণের হাদয়-বিদারক বিলাপধ্বনিতে গগন

বিদীপু হইতে গাগিল। অনস্তর আমরা এই মৃতদেহ দগ্ধ করিবার উদ্দেশে শ্বশানে লইয়া চলিলাম। তথায় উপনীত হইলে পর যাহা কৃর্জব্য তৎসমস্তই সম্পন্ন হইতে লাগিল। ইত্যবসরে এমন একটি অত্তত ঘটনা ঘটিল যে, তদ্ধর্শনে আমরা সকলে ভরে ও বিশায়ে একবারে স্তম্ভিত হইয়া ব্ৰড়প্ৰায় উপবিষ্ট রহিলাম। ভূপতিত মৃতদেহ হঠাৎ কম্পিত হইল, ক্রমে উহা চক্ষু বিক্ষারিত করিল ও নাসিকায় অল্প অল্প শাস বহিতে লাগিল। তখন আমরা মৃতের মন্তকে জল দিয়া বাতাস দিতে লাগিলাম। অনস্তর ঐ মৃত ব্যক্তি কথঞিৎ সংজ্ঞালাভ করিয়া বলিয়া উঠিল, "কাগজ পেনসিল লইয়া কতকগুলি নাম লিখ; ঘটনাটি **অ্যোপান্ত পরে বলিব : "তখন আমরা কাগজ পেন্সিলু লইয়া নাম** লিখিতে লাগিলাম ও তিনি বলিতে লাগিলেন। বলা শেষ হইলে আমরা অতি সাবধানে তাহাকে পুনরায় গৃহে আনয়ন করিলাম। কিছুকাল পরে তিনি ক্ষীণস্বরে বলিতে লাগিলেন যে, তুইটা দিব্য পুরুষ আসিয়া আমাকে এক অত্যদ্ভুত অপরিচিত রাজ্যে সইয়া গেলে পর, তথায় এক মহাপুরুষ তাহাদিগকে বলিলেন, "ইহাকে আনিতে বলি নাই, তোমাদের বডই ভ্রম হইয়াছে। ইহাকে ফিরাইয়া লইয়া যাও এবং ঐ গ্রামের এই সকল লোক লইয়া এস"। এই বলিয়া তিনি ষে যে লোকের নাম বলিলেন, তাহাদিগের নামই আমি ভোমাদিগকে লিখিতৈ বলিয়াছি। কিন্তু অতি আশ্চর্য্যের বিষয় এই যে, ঐ গ্রামে অতঃপর উক্ত সংক্রোমক রোগে কেবল ঐ সকল লোকই প্রাণত্যাপ করিয়াছিল। এতন্তির অন্ত একটি লোকও উক্তরোগে প্রাণত্যাগ করে নাই।

ত্রীকান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।

## পুনরাগমন।

( ২য়ভাগ, ষষ্ঠ সংখ্যা, ২৭৬ পৃষ্ঠার পর )

(80)

পিতা আরোগ্যলাভ করিলেন। প্রভাতে ক্র্যোদয়ের সঙ্গে সঙ্গে এই আরোগ্য-কথা পদ্দীমধ্যে প্রচারিত হইয়া গেল। প্রতিবেশিগণ ভানিল, রাত্রিকালে কোণা হইতে এক সম্যাসিনী আমাদের গৃহে আসিয়া আমার মৃত পিতাকে যমালয় হইতে কিরাইয়া আনিয়াছে।

এক তুট করিয়া প্রতিবেশী-প্রতিবেশিনী এই কথার সভ্যতানির্দ্ধারণের জন্ত আমাদের গৃহে আসিতে লাগিল। আমরা সে পলীতে
নবাগত হইলেও পিতা সহরের মধ্যে লক্সপ্রতিষ্ঠ। তর্করত্ন মহাশয়কে
জানে না, এমন লোক সহরে বিরল। তাহারা সংবাদ লইতে আসিল।
কিন্তু কেমন করিয়া এত শীঘ্র একথার প্রচার হইল। অনিচ্ছা সত্ত্বে
এমন কি বিরক্তির সহিত আমাকে তাহাদের কৌত্হল চরিতার্থ
করিতে হইল। লোকে ব্রিল, আমার পিতা শুধু যশসী ও ভাগ্যবান্পণ্ডিত নহেন; তিনি একজন দেব-পরিচিত ব্যক্তি।

আমি কিন্তু অন্তরপ বুঝিলাম — বুঝিলাম ভাগ্যের শিধরে বসিয়াও পিতার মত ভাগ্যহীন কয়জন আছে! পূর্ব্ব রাত্তির হয় অন্তূত ঘটনা আমি প্রত্যক্ষ করিয়াছি, তাহা যদি আমার বিক্লত মন্তিক্ষের ক্রিয়া না হয়, পিতার ব্যাধি হইতে আরম্ভ করিয়া ঘটনা পরম্পরা যদি কোন শক্তিমান্ ঐক্রঞালিকের ক্রিয়ার ন্যায় আমার চক্তে প্রতিভাভ না হইয়া থাকে, তাহা লইলে পিতা আমার কি ভাগ্যহীন! অক্সের সমুখে নন্দন-শোভা, বধিরের কর্ণসমীপে গন্ধর্বগীতি যেমন কার্যেরই হয় না, পিতার পক্ষেও তাহাই হইয়াছে। আমার এমন মা, ধাঁহার পুণাহৃদয়ের আকর্ষণে মৃতের রাজ্য হইছে প্রাণ ক্ষিরিয়া আদিয়াছে, ধাঁহার গুণগীতিতে পূর্ণমহানবমীর নৈশবায়্ নবোয়াসে স্পন্দিত হইয়াছে, সেই মাকে আমার পণ্ডিত পিতা চিনিতে পারিলেন না।. এতকালের সাহচর্য্যে, এতকালের দর্শনে আলাপনেও পিতা জননীর স্বরূপ বুঝিতে সমর্থ হইলেন না! যা দেখিলাম, তাই যদি সত্য, তাহা হইলে পিতার পাঞ্ডিত্যের মূল্য কি! সত্য কথা বলিতে কি মৃহুর্ত্তের জন্ম অন্তর্দু ষ্টিশ্ন্ম তথাকথিত পাঞ্ডিত্যের উপর আমার ঘুণা উপস্থিত হইল। আর ঘুণা উপস্থিত হইল, আমার নিজের উপর। পূর্বাকথা সমস্ত স্বরণ আনিয়া আমি বুঝিলাম, আমি পিতা হইতেও ভাগাহীন। অথবা আমা হইতে ভাগাহীন জগতে আর নাই। যাহারা রত্ম পায় নাই, রত্মদেখে নাই, রত্ম কি তাহা গুনে নাই, তাহারাও ভাগাহীন বটে, কিন্তু যে রত্ম হাতে পাইয়া দুরে নিক্ষেপ করিয়াছে, তাহার তুলা হতভাগ্য আর কে আছে! দেবতার অঞ্জলে যুগাস্ত কাল নিষ্তিক হইলেও তাহার গৃহের উভাপ দুরীভূত হইবার নহে।

ব্যাপার কি বুঝিতে পারি আর না পারি, পূর্বরাত্রের সমস্ত ঘটনা আরন করিয়া আমি অঞ্জল ত্যাগ করিলাম। অথবা ত্যাগ করিলামই বিল কেন, ঘটনা অরণমাত্রেই আমার অঞাতসারে চক্ষু হইতে অঞ্বারা প্রবাহিত হইল। কেন না আমার তদানীস্তন অবস্থা আমার সম্পূর্ণরূপ অজ্ঞাতই ছিল। ডাজনেরবাবুর সাস্ত্রনা-বাক্যে প্রবৃদ্ধ হইয়া বুঝিলাম আমি কাঁদিতেছি। এত চিস্তা লুকাইয়া লুকাইয়া আমার মানস-পথ দিয়া চলিয়া গিয়াছে!

চিস্তা—এত চিস্তা—অন্থমানে ধরিতে গেলাম, ধরিতে পারিলাম না বাল্যকাল হইতে যে মলিন চিন্তের পোষণ করিয়া আসিয়াছি, তাঁহা এখন প্রবল শক্তিধারণ করিয়া বিভিন্নমূখী গতির প্রহারে আমাকৈ, বিকারগ্রন্ত করিয়াছে।

বাল্যকাল হইতে এক মাত্রীন শিশুর উপর ঈর্বা করিয়া আসি-রাছি। **আমা**র করুণাময়ী মা গর্ভধারিণীর আদরে তাহাকে। ককে স্থান দিয়াছিলেন বলিয়া তাঁহাকে ঘুণা করিয়াছি। শেষে পিতাপুত্তে একরপ সন্মিলিত হইয়াই কৌশলে তাহাকে গৃহ হইতে বিতাড়িত করিয়াছি। শাস্ত্র-ব্যবসায়ী পিতাকে পণ্ডিতবোধে তাঁহার পক্ষ অব-লম্বন করিয়া নিরক্ষরা অথচ জ্ঞানময়ী জননীকে চির্দিনই অশ্রেদার চকুতে দেখিয়াছি। সময় অসময়ে মাকে তাহার পণ্ডিতাভিমানী মোহগ্রস্ত স্বামী ও এই রুণা জ্ঞানগর্বিত পুত্রের কাছে কতই না লাঞ্না সহিতে হইয়াছে।

চিস্তার ভারে মথিত মর্ম অঞ্জলরপে প্রবাহিত হইতেছিল। এমন সময়ে ডাক্তারবার পশ্চাৎ হইতে অতি ধীরে আমার মন্তক স্পর্শ করিয়া বলিলেন-"গোপীনাথ! কাঁদিবার সময় উত্তীর্ণ হইয়া গিয়াছে। এখন আবার প্রকৃতিস্থ হইবার সময়। যে কয়দিন অথবা যে কয়দণ্ড মা বাঁচিয়া থাকেন, সে ক'টা দিন অথবা দণ্ড মায়ের সেবা করিয়া পূর্ব অকার্য্যের প্রায়শ্চিত করিয়া লও। আমি কিছুক্ষণের জন্ম বাটা চলিলাম। হতভাগ্য সংসারী, গৃহকর্ম ত আছে। আমি আমার স্ত্রীকে বাটীতে রাধিয়া যত সত্তর পারি ফিরিতেছি।"

ভাজারবার সমস্ত রাত্রি আমারই মতন জাগিয়াছেন। আমি विनाम-"এবেলা चात्र याहेर्यन क्ला किश्रक्तरात क्ला विश्रम লইয়া আহারাস্তে গেলেই ভাল হয়।"

"বিশ্রাম আমি লইয়াছি এবং যেটুকু লইয়াছি, তাহাতেই আমার ষণেষ্ট তৃপ্তি হইয়াছে। মায়ের আদেশ আমাকে এইখানেই আৰু মধ্যাহে প্ৰসাদ পাইতে হইবে। সে আদেশ অমাক্ত করিতে পারিব না। বিশেষতঃ ষধন বুঝিতেছি এগৃহের অন্ন আর আমীর ভাগো ঘটিবে না "

3

"আপনি কি স্থির বুঝিয়াছেন মা আর থাকিবেন না।"

"দেকি তুমিও বুঝিতে পার নাই গোপীনাথ!"

"বিষয় সম্যক হৃদয়ক্ষম করিতে পারি নাই।"

"না পার তাহাতেই বা তোমার ক্ষতি কি । তবে একান্তে বসিরা কাঁদিতেছ কেন ? ব্ঝিতেছি তুমি সারারাত্তির মধ্যে ক্ষণকালের জন্তও চক্ষ্র পলক মুদ্রিত করিতে অবসর পাও নাই । ক্ষণেকের জন্ত বিশ্রাম লও—নিজা যাও ।"

"আপনি আখাস না দিলে কি আর নিদ্রা আসিরে !"

"আর আখাস দিবারই বা প্রয়োজন কি ! তোমার পিতা আরোগ্য লাভ করিয়াছেন। তবে সম্পূর্ণ স্থন্থ হইতে আরও দিন হুই লাগিবে।" "আর মা ?"

"মা ত কাল রাত্রিতেই নিঙ্গের আয়ু-দানে সমস্তই নিঃশেষ করিয়াছেন। গোপীনাথ! কাল রাত্রিতেই ত আমরা মাকে হারাইয়াছি।"

কথা শুনিবামাত্রই আমার মাথা ঘুরিয়া গেল। "মাকে হারাইয়াছি!"
—উন্নত্তের মত উঠিতে ঘাইতেছি, ডাক্তারনার আমার ক্ষমে হস্ত ক্রমা আমাকে বসাইলেন—উঠিতে দিলেন না। বলিলেন—ব্যস্ত হইও না। কি দেখিতে ছুটিতেছিলে? মায়ের প্রাণহীনু দেহ?
ব্যাকুল হইও না। মা আয়ৢংশেষ করিয়াছেন, তবে এখনও দেহত্যাগ করেন নাই; কেন করেন নাই, তা মাই বলিতে পারেন।"

এই কথা গুনিয়া পুনঃ প্রকৃতিস্থ হইলাম। বুঝিলাম, ডাজ্ঞারবাবু মায়ের আসন্ত্র-সম্বন্ধে স্থির বিখাস করিয়াছেন। তাঁহাকে আর কোনও প্রশ্ন করিলাম না। তিনিও মায়ের সম্বন্ধে আর কোনও কথা দা বলিয়া আমাকে বিশ্রাম লইতে অমুরোধ করিয়া বাড়ী চলিয়া কেলেন।

আমি মাতার মৃত্যুর আশহা করিয়াছি বটে, কিন্তু তাঁহার মৃত্যু-সম্বন্ধে স্থিরনিশ্চয় নহি। কথার আধ্যাত্মিক অর্থ গ্রহণ করিয়া বুরিলাম, মা আজি হইতে আমাদের সংসারে জীবন্ত হইয়া থাকিবেন। প্রক্রন্ত মৃত্যু হইলে পূর্ব রাত্রিভেই হইত—পিতার জীবন পুন:প্রাপ্তির সঙ্গে সঙ্গে মাতার দেহ প্রাণশুক্ত হই ত।

মনকে এক প্রকারে বুঝাইলাম বটে, কিন্তু বুঝাইতে গিয়া বুঝিলাম, মাতার প্রতি আমার অনমুভূত পূর্ব্বমমতা জাগিয়াছে।

মমতা জাগিয়াছে। প্রতি মুহুর্তে বোধ হইতেছে, মা বুঝি এ পাপ সংসারে আর ধাকিবেন না। যদি না থাকিতে চান, তাহাতে তাঁহার কিছুমাত্র অপরাধ নাই। তৎসম্বন্ধে পিতার যদি এইরূপই মনোভাব. তথন এ গৃহে তাঁহার না থাকাই বরং কর্তব্য।

किन्त मा यमि ना थारकन, जादा दहेरन व मः मारत जात त्रहिन कि ? দুর ভবিষ্যৎ কল্পনার তুলিতে আছত করিয়া একবার দেখিয়া লইলাম। কিছ দর্শনের সঙ্গে সঙ্গে অতীতের সংসার-চিত্র যুগণৎ আমার মনশ্চক্ষতে উদিত হইয়া ভবিশ্বৎ চিত্র মলিন করিয়া দিল, দেখিলাম পর্বকুটীর-বাসিনী একটা দেবীর সমূধে আমরা কতকগুল৷ পিশাচ নৃত্য করিতেছি। দেবী হুই অভয় করে হটী বালককে ধরিয়া—সমুখের দম্ভাহকার-কলুবিত চিত্র দেখিয়া অশ্রুজল-বর্ষণ করিতেছেন।

চিস্তার প্রহারে মস্তকে বিষম বেদনা অনুভব করিলাম। মাথায় হাত দিতে গিয়া দেখি, মাথা বাধা । তখন পূর্বদিবসের আঘাতের কথা মনে পড়িল। একবার দর্পণ-সন্মুখে লাড়াইলাম, দেখিলাম কপাল ঈৰৎ স্ফীত হইয়াছে।

বন্ধন খুলিয়া ক্ষতের গভীরতা দেখিতে যাইভেছি, এমন সময়ে পশ্চাৎ হইতে কে আমাকে সে কার্য্য করিতে নিষেধ করিল। ফিরিয়া দেখি কালীখাটের সেই চিকিৎসক বন্ধ।

তিনি পূর্ব্বরাত্রির প্রতিশ্রুতি-মত পিতার রোগের সংবাদ লইতে আসিমাছেন। প্রথমেই তিনি আমাকে বন্ধন খুলিতে নিবেধ করিলেন। বলিলেন—"যেরপ বাঁধা আছে, তিন দিন আর তাহাতে হস্তক্ষেপ করিবার প্রয়োজন নাই। চতুর্ব দিবসে যে কোন চিকিৎসককে দিয়াক্ষত্থান ধৌত করাইলেই চলিবে। মুথের অবস্থা দেখিয়া বুঝিতেছি, ভের করিবার কিছুই নাই। এখন আপনার পিতার সংবাদ জানিতেই চলা করি।"

"আপনি কি অনুমান করিয়াছেন ?"

"অমুমান কেন, মৃত্যুই স্থির করিয়া আসিতেছিলাম। বাটীর নিস্তকতা দেখিয়াও তাহাই বুঝিয়াছিলাম। কিন্তু আপনাকে দেখিয়া বুঝিতেছি, আপনার পিতা বাঁচিয়া আছেন কাল পিতার রোগচিন্তায় আপনাকে উন্মত্তবৎ দেখিয়াছিলাম, আজ প্রকৃতিস্থ দেখিতেছি। দেখিতেছি নিজের দেহের উপর আপনার দৃষ্টি পড়িয়াছে।"

"পিতা আরোগ্যলাভ করিয়াছেন।"

"আরোগ্যলাভ করিয়া**ছেন** ।"

"একেবারে নীরোগ হইয়াছেন।"

বন্ধুটি তীত্র দৃষ্টিতে একবার আমার মুখের পানে চাহিল। ভাবে বুঝিলাম, আমাদ্ম কথায় তাহার বিশাস হইল না। বলিলাম,—
"এখনও কি আপনি আমাকে উন্মন্ত স্থির করিতেছেন।"

"তা না করি, আপনাকে আশ্চর্য্যরূপে প্রকৃতিস্থ দেখিতেছি।"

"চিকিৎসকে কি বলেন যে, এরপ রোগে মুক্তি নাই ?"

"রোগের অবস্থা-বিশেষে মৃক্তির আশা করা যাইতে পারে ? কিন্তু এরোগে সেরূপ উদাহরণও বিরল বিশেষতঃ কাল আপনার পিতাকে একরপ প্রাণহীনই দেখিয়া গিয়াছি। যদি এখন পর্যান্ত ফ্রিনি বাঁচিয়া থাকেন, তাহাও বিঅয়ের কথা বলিতে হইবে।" "আহ্রন, পিতার কাছে আপনাকে লইরা যাই।"

"বন্ধু আমার হাত ধরিলেন। আমি বলিলাম—"আমি রহস্ত করিতেচি না।"

"আপমি দাঁড়ান—আমি দেখিলেও প্রভায় করিতে ইতস্ততঃ কবিব।"

"রোগ-নির্ণয়ে ভ্রম হইলে বিশ্বাস করিতাম। যদি কোন অজ্ঞাত শক্তি নব প্রাণক্ষপে দেহমধ্যে প্রবেশ করে, ভবেই তোমার পিতা জীবিত হইবেন; নতুবা নহে।

**"আপ**নি **আ**মার সঙ্গে আসুন। পিতা ষ্থার্থই রোগমুক্ত হইরাছেন। তবে বোধ হয় এখনও হুই চারিদিন তিনি শ্যাত্যাগ করিতে পারিবেন না।"

চলিবার উদ্যোগ করিতেছি, এমন সময় দেখি পিতা যষ্টিতে ভর দিয়া গৃহমধ্যে প্রবেশ করিতেছেন। বন্ধু দেখিয়া নির্বাক। একবার পিতার মুখের দিকে চাহিলেন, একবার আমার মুখের দিকে চাহিলেন, আমি কিন্তু বিশায়ের পারে উপস্থিত হইয়াছি। পিতাকে দেখিয়া কোনও কথা বলিলাম না! তাঁহাকে ছুর্বল বুঝিয়া কেবল তাঁহার সাহায়ার্থ অগ্রসর হইলাম।

পিতা আমার মনোভাব বুঝিয়া বলিলেন,—"পাক্, সাহায্যের প্রয়োজন নাই। আমি সম্পূর্ণ সুস্থ।" এই বলিয়া তিনি বন্ধুর দিকে একবার দৃষ্টিনিক্ষেপ করিলেন। তারপর বলিলেন,—"প্রামি তোমাকে নির্জ্জনে কিছু বলিতে ইচ্ছা করি।"

"যদি বলিবার বিশেষ আপত্তি না থাকে, তাহ'লে এইখানেই বলুন। ইনি আমার সহদয় বন্ধু।"

"ভোমার কপালে কি ?"

"छेरार्ज मिरक अथन नका कत्रिवात श्रीकान नारे। माधात्र नामाळ

আমাত লাগিয়াছে। ইনি চিকিৎসক। স্যত্নে ইনি আমার চিকিৎসা করিয়াছেন। আপনি কি বলিতেছিলেন, বলুন।"

"আমাকে গোপালের সন্ধানে যাইতে হইবে। যদি কোনও সন্ধান না পাও, তাহা, হইলে সেই হুরাত্মাকে জিজ্ঞাসা করিবে। গোপাল কোথায় নিশ্চয়ই তাহার অবিদিত নাই।"

"আমি বলিলাম-- "আমি জানি।"

"জান!" বলিতে বলিতে পিতার সর্বাদরীর কম্পিত হইল। হস্ত হইতে যটি চাত হইল।

वक्त विलित्न-- "श्कून--- श्कून।"

পিতা বলিলেন,—"না, আর ধরিতে হইবে না—আমি আবার সৃষ্ট্ ইইয়াছি ।"

আমি তাখার হত্তে ষষ্টি উঠাইয়া দিলাম। পিতা বলিতে লাগিলেন,
—"যদি জান, তাহা হইলে তাখাকে লইয়া আইস।"

"সে কি আসিবে।"

"আমার সর্বস্থ দিলেও আসিবে না ?"

"বেশ, আৰুই আমি তাঁহাকে আনিতে যাইব<sup>া</sup>"

"আজ নয়—এখনই যদি যাইতে পার, তাহা হইলে, এখনই যাও। গোপালকে লইয়া আইস, তাহার পিতাকে লইয়া আইস।"

"আপনি নিশ্চিম্ন থাকুন। আমি এখনই গোপালকে আনিতে চিলিলাম।" পিতা কতকটা যেন নিশ্চিম্ব হইয়া চলিয়া গেলেন। জামার পকেটে গোপালের ভাবী খণ্ডরের ঠিকানা আছে জানিয়া ভামা লইতে যাইতেছি, এমন সময়ে বাটার বহির্ভাগে সেই হৃদয়-বিকম্পী হাসি। জানালা হইতে দেখি, বৃদ্ধা বাটার পার্মম্ব পথ দিয়া বিহৃত্বেগে চলিয়া গেল! পকেটে হাত দিয়া দেখি, পত্র অন্তর্হিত হইয়াছে। মাথার হাত দিয়া আমি বিদয়া পড়িলাম। ক্রমশঃ

## (भार्थिन-मन्द्रा।

কল্যাণপুর একখানি বর্দ্ধিক গণ্ডগ্রাম। ইহার পাদদেশ ধোঁত করিয়া স্বচ্চসলিলা এক ক্ষুদ্রা স্রোতস্থিনী প্রবাহিতা। নদীর তীরে এক প্রোচীন শিবমন্দির। ইহার সন্মুখে এক বিশাল বটরক্ষ। বৃক্ষমূল ইষ্টক দিয়া বাঁধান। স্থানটি স্থাতি পবিত্র এবং পরিষ্কার।

অভোমুধ তপনের রক্তিম-রাগে যথন পশ্চিম গগন রঞ্জিত হইত, কুলায়াভিছুধী বিহগরন্দের সাক্ষ্য-কাকলী যথন ক্রমশঃ নীরব হইতে আসিত, গোপাল যথন গ্রাম্য ধেমুদলকে লইয়া নদী পার হইয়া প্রভ্যায়ত হইত এবং নদী-শীকর-সম্পৃত্ত দক্ষিণ বায়ু যথন বিটপী-লতার শ্রামল দেহ স্পর্শ করিয়া ক্রীড়া করিত, তথন কল্যাণপুরের ক্রেকজন বিশিষ্ট অধিবাসী এই শিবমন্দিরের সমুধস্থিত বটরক্ষমূলে সম্বেত হইয়া নানাপ্রকার সৎক্থার আলোচনা করিতেন।

বাঁহারা এখানে সমবেত হইতেন, তাঁহাদের সকলেই জীবনগোধ্লির সীমান্তে আসিয়া দাঁড়াইয়াছেন। গোধ্লি-শেবে, কাল রজনীর
পরে তাঁহাদের জীবন আবার যে অভিনব প্রভাতে উপস্থিত হইবে,
আবার যে তাঁহাদিগকে নৃতন পথে যাত্রা করিতে হইবে, সে পথে
গমন করিবার জন্ত কোন্ কোন্ প্রয়োজনীয় পাথেয় সজে লইতে
হইবে,—গোধ্লি-সমাগমে এই শিবমন্দিরের সমূথে তাঁহারা অধিকাংশ সময়ে সে সকলের আলোচনা করিতেন।

সেদিন বৈশাধের >রা। চৈত্র-সংক্রান্তির রক্তথ্যকা তথনও মন্দির-শীর্ষে বায়ুভরে উড়িতেছিল ; মন্দিরছারে সংলগ্ন আত্রপত্র ও পুস্পমালিকা তথনও সম্পূর্ণক্রণে গুকাইয়া যায় নাই। সন্ধ্যা-সমাগমে বট্তক্লতলে প্রাচীনদিগের গ্রাম্য বৈঠক ষেমন নিত্য বদে, দেদিনও তেমনই বসিল। বৈঠকে গ্রাম্য-টোলের অধ্যাপক সর্বাগ্রে আসিলেন,—তিনিই বৈঠকের মুরুবির। তাহার পর ক্রমে ক্রমে নায়েব, জমীদারপুত্র, জ্যোতিবী, ক্রিরাজ মহাশয় ও মন্দিরের পুরোহিত আসিলেন। বিশ্রম্ভালাপের নিতাসঙ্গী তাত্রকূট সেবন আরম্ভ হইল।

তামাক থাইতে থাইতে অধ্যাপক মহাশয় জিজাসা করিলেন, "ওহে, আজ আমাদের ডাক্তারবাব কোথা ?"

নারেব মহাশর বলিলেন, "ডাক্তারবাবু আজ সকালে তাঁর ক্যার খণ্ডর-বাড়ীতে গিরাছেন; বোধ হয়, আজ তিনি আসিতে পারিবেন না।"

কবিরাজ মহাশয় এক মুখ খোঁরা ছাড়িয়া বলিলেন, "নবীন রহুকের পুত্রটি কাল রাত্রে মারা পড়িয়াছে।"

জ্যোতিধী। আমি ত পূর্বেই গণনা করিয়াছিলাম যে, উহার আর আয়ুনাই।

় নাম্বেব। আহা বৃদ্ধ নবীনের শেষ বয়সে বড়ই কট্ট হইল। নটবর উহার একমাত্র পুত্র।

সকলেই নবীনের জন্ম হঃখপ্রকাশ করিতে লাগিলেন। এমন সময়ে ডাক্তারবাবু বৈঠকে আসিয়া উপস্থিত হইলেন।

অধ্যাপক। কি ভাজারবাবু! ক্সা-জামাতার সংবাদ ভাল ত ? ভাজারবাবু সহাস্তবদনে বলিলেন, "হাঁ সংবাদ ভাল। কাল শেষরাত্রে সামার এক দৌহিত্র সন্তান হইয়াছে।"

অন্যাপক। আমরা এ সংবাদে বড়ই সম্ভোষলাভ করিলাম।

জমীদার-পুত্র। যা'ক এ সকল কথা। আচ্ছা ডাক্তারবারু আপনি কাল যে অলোকিক ঘটনার বিষয় বলিতে যাইতেছিলেন, সেইটা আত্ব আমাদের বলুন।

**फोलांबराव। है। रिनाटिक: बार्य कामाकी बाह्या नहे।** তবন হঁকা হাতে লইয়া ডাক্তারবাব বলিতে আরম্ভ করিলেন,---"সে আৰু বিশ বৎসরের কথা। আমি একবার আমার জন্মভূমি-পরিদর্শনে গিয়াছিলাম। ছোটনাগপুরের বৃন্দু গ্রামে আমার জন্ম হয়। গ্রামধানির চারিদিকে পাহাড়৷ সেধানকার প্রাকৃতিক দুখ্য অতি ষনোরম। অভি বাল্যকালে জন্মভূমি ছাড়িয়া আমি এই গ্রামে আসিয়া উপস্থিত হই। তথন হইতে কল্যাণপুর আমার দিতীয় জন্মভূমি-সরপ হইয়া দাঁড়াইয়াছে।

মনে পড়ে, এক মধুর বসম্ভ-প্রভাতে তথার উপস্থিত হইলাম। পাহাড়ের উপর দিয়া পথ। ঘুরিয়া-ফিরিয়া সে পথ পাহাডের শিথরে উঠিয়াছে। এই পথ দিয়া পাহাড পার হট্লেই পরপারে আমার গহুবা গ্রাম

পাহাড়ের শিধরদেশে উঠিয়া আমি পর পারম্ব সাফুদেশে উপস্থিত হইলাম। যে পথ ধরিয়া আমি যাইতেছিলাম, তাহা ক্রমশঃ সঙ্কীর্ণ হইরা আসিতেছিল। শেবে এমন একস্থানে আসিয়া পডিলাম. ষেধানে পথ অতি সঙ্কীর্ণ। আমি এযাবৎ অশ্বারোহণে আসিতে-ছিলাম. এইবার আমাকে অখ হইতে অবতীর্ণ হইয়া পদত্রকে চলিতে रुहेन।

বাল্যকালে কতবার এ পথে আসিয়াছি, কিন্তু পথ ত তথন এরপ সন্তীর্ণ দেখি নাই। সময়ের পরিবর্তনের সহিত পথেরও যথেষ্ট পরিবর্ত্তন হইয়াছে। এই ক্ষুদ্র ও অরপরিসর পথের ছই পার্ষে পার্বত্য কণ্টক-ব্রুগাদি এরূপ খন সন্নিবিষ্টভাবে জন্মিয়াছে এবং উহাদের माधाश्रमाधा भरवत्र উभरत् अत्रभ निविष्णार त्र्वित्रा भिष्तारह, रव সেই স্কীৰ্ণ পথটুকুও আমি আর খুঁ জিয়া পাইলাম না। সেই ল্ভা-ু ওল্প ও কণ্টক-তকুর শাধা-প্রশাধা-সমাচ্ছর পথ-হীন স্থার্নে আমি দাঁড়াইরা রহিলাম। পথ খুঁজিবার জন্ম ইতন্ততঃ দৃষ্টিনিক্ষেপ করিতে লাগিলাম, কিন্তু সেই সঙ্কার্থ পথ-রেখার চিহ্নাত্র আর আমার নরন পথে পতিত হইল না। তথন স্পষ্টই বুঝিলাম, আমি পথন্তই হইয়াছি।

আমি যখন এইরপ নিক্ষলভাবে চারিদিকে পথের সন্ধান করিতেছিলাম, দেই সময়ে হঠাৎ আমার সন্মুখে একটা বহৎ পাংশুবর্শের
কুকুর আসিয়া উপস্থিত হইল। উহাকে দেখিয়া আমার হৃদয়ে অতান্ত
ভীতির সঞ্চার হইল। বিশেষতঃ কুকুরটা যেরপ ক্রতবেগে আমার
নিকটে দৌড়িয়া আসিল, তাহাতে শক্তিত হইবার আমার যথেষ্ট কারণ
ছিল। কিন্ত যখন দেখিলাম, সে কোনপ্রকার আক্রমণের ভাব না
দেখাইয়া আমার কাছে আসিল, তখন আমার মন হইতে ভয়
দুরীভৃত হইল।

ক্রমশঃ কুকুরটি আমার কাছ খেঁসিয়া আসিল এবং ল্যান্ধ নাড়িতে লাগিল। আমার পায়ের উপর মাধা ঘসিয়া অক্ট ধ্বনিতে আনক্ষ প্রকাশ করিল। আমি বুঝিলাম, কুকুরটির ছারা কোন অনিষ্টের সম্ভাবনা নাই।

হঠাৎ কুকুরটি, আমার নিকট হইতে একটু দুরে চলিয়া গেল।
পুনরায় আমায় কাছে দৌড়িয়া আদিল এবং আমার পায়ে মাণা কুটিতে
লাগিল। আবার আমার নিকট হইতে দুরে চলিয়া গেল। তাহার
ভাব দেখিয়া আমি বুঝিলাম, সে যেন আমায় তাহার পশ্চাহর্তী হইতে
বলিতেছে। তাহার উপরে আমার বিশাস এতই দৃঢ়মূল হইয়া পড়িল,
যে আমি নিঃসন্দিগ্ধভাবে তাহার অনুসরণ করিতে লাগিলাম।
এইয়পে এই খনসিরবিষ্ট রক্ষাদির মধ্য দিয়া কিয়দুর আমি যাইতে
লাগিলাম। আমি বরাবরই কুকুরটির প্রায় দেহস্পর্শ করিয়া
যাইতেছিলাম। কতকদ্র আসিবার পর আমি একটা উন্মুক্ত ,

স্থানে স্থাসিয়া পৌছিলাম। সলী কুকুরটিও স্থামার সন্মুখে সন্মুখে ৰাইতেছিল।

এইস্থানে যেমন পৌছিয়াছি, অমনই চক্ষর পলক ফেলিতে না ফেলিতে দেখি, কুকুরটি আমার সমুধ হইতে কোধার অন্তর্হিত হইমাছে। এত শীঘ্ৰ চক্ষর পদকে এত বড একটা বহুৎ জল্প আমার সমুধ হইতে কোণায় মিলাইয়া গেল, কিছুই বুঝিতে পারিলাম না। বস্তত:ই, এই অপ্রত্যাশিত বন্ধুর আক্সিক অন্তর্দ্ধানে আমি **শত্যস্ত বিশায়াবিষ্ট হইলাম.—যেমন বিশায়াবিষ্ট হইলাম. তেমনট আবার অতান্ত হুঃ**খিতও হইলাম।

ৰাহা হউক, এই উন্মুক্ত স্থান হইতে পশ্চাতে পাহাডের শিখরদেশ ও তথায় উঠিবার স্থাম পথ আমি স্পষ্ট দেখিতে পাইলাম এবং **সম্বর্থে আ**মার গস্তব্য গ্রামের নির্দিষ্ট পথও আমার দৃষ্টিগোচর ∌ठेल ।

আমি কুকুরটিকে অমুসন্ধান করিবার যথাসাধ্য চেষ্টা করিলাম. কিছ তাহ। রুণা হইল। তাহাকে আর কোথাও দেখিতে পাইলাম না।

এই আশ্চর্য্য ঘটনায় আমি এতই বিশ্বিত হইয়া পড়িলাম যে. আমার আরু সেই গ্রামে যাওয়া হইল নাঃ আমি ফিরিলামঃ তাহার পর বেখানে আমার অঘটিকে ছাড়িয়া দিয়াছিলাম, সেইথানে উপস্থিত रहेगाय।

অৰ্টিকে যেখানে রাখিয়া গিয়াছিলাম, সেখানে একঘর কোলেক্ট বাস। বলা বাহল্য, ভাহাদিপের উপরেই আমি অখটির রক্ষণাবেক্ষণের ভার দিয়া গিয়াছিলাম।

আমি এইখানে উপস্থিত হইয়াই কোল-গৃহস্বামীকে জিজাসা করিলাম, "আচ্ছা, ভোমরা এথানে একটা পাঁওটে রঙ্গের কুকুর দেখিরাছ কি ? বোধ হয়, সেটা আমার আগে আগে এখানে পৌছিয়া থাকিবে ।"

গৃহস্বামী উদ্ভর করিল, "কৈ বাবু! না। পাঁগুটে রলের কুকুরের কথা কি, নেকুড়ে বাঘের উপদ্রবে এ গ্রামে কুকুর থাকিবার যো নাই।"

কোলের উত্তরে আমার বিশ্বয়ের মাত্রা আরও বাড়িয়া উঠিল। আমি মুখে হাত হুল দিয়া তাড়াতাড়ি খোড়ায় উঠিয়া পড়িয়া প্রত্যাবর্ত্তন করিলাম।

সারা পথটা কেবল সেই কুকুরটার কথাই ভাবিতে ভাবিতে আসিয়াছি। আমার এই চতুপাদবন্ধ কেনই বা ওরপ ছুর্গমন্থানে আমাকে দেখা দিল এবং ভাহার পর কেনই বা ওরপ আকস্মিক ভাবে অন্তর্হিত হইল ? সেটা কি প্রকৃত কুকুর ? আমার পদদেশে তাহার মন্তক-বর্ষণের অন্তভ্তি এখনও পর্যান্ত আমার মন্তিক্ষে বর্তমান রহিয়াছে! ভাহার অন্তুটি ধ্বনি এখনও আমার কর্ণকুহরে ধ্বনিত হইতেছে! আমি কি করিয়া বলিব সে অশ্বীরী,—সেটা কুকুর নয়, একটা কুকুর-রূপী প্রেত ? তাহার কার্যাকলাপের সহিত একটা প্রকৃত কুকুরের কিছুমাত্র পার্থক্য যে নাই! সে হঠাৎ দামিনী-ক্ষুরণের মত একবার আমার নয়ন-পথে পতিত হইয়া, আমার সন্মৃথ হইতে পরক্ষণেই ভাহার উদ্বেশ্যমিছ করিয়া কোথায় মিলাইয়া গেল।"

ভাক্তারবাবুর মূখে এই অভূত বিবরণ গুনিয়া অধ্যাপক মহাশয় কুটিপ্নস্থ লইয়া বলিলেন, "ইহাভে আর আশ্চর্য্যের বিষয় কি বিছে ? কুকুরটা নিশ্চঃই কোন পথিকের হইবে।"

্ জ্যোতিষী। পথিকেরই যদি হইবে, তবে সে ঐ ভূল পথে কেন আসিবে ?—সে তাহার প্রভূর সহিত্য থাকিতে পারিত।

নায়েব। ঠিক কঁথা।

পুরোহিত। আমার বোধ হয়, ডাক্তারবাবুর কথিত কুকুরটি প্রকৃত

কুকুর নহে, পথভাই ডাক্টারবাবুর বিপদ দেখিয়া পরোপকারী কোন মৃত ব্যক্তির আত্মা কুকুরের রূপধারণ করিয়া তাঁহাকে পথ দেখাইরা দিয়াছিল। তাহার উদ্দেশ্ত ছিল, ডাক্তারণার্কে সোজা পথ দেখাইয়া দেওয়া। সেই কাৰ্য্য শেষ হইতেই সে অন্তৰ্হিত হইয়াৰ্ছিল। পৃথিবীতে অনেক মৃত ব্যক্তির আত্মা এইরপ নানা বেশে, নানা স্থানে, নানা উপায়ে পরের উপকার করিয়া থাকে।

ব্দমীদার-পুত্র। মৃত আত্মার পক্ষে কোন মূর্ত্তি-পরিগ্রহ করা বিশবের বিষয় নহে। তাহাদের পক্ষে উহা অসম্ভব নহে।

**জ্যোতিবী। এরপ হ**ইতে পারে, হয়ত কোনও পরোপকারী **আত্মা** ডাজারবাবুর এই বিপদ দেখিয়া মৃর্ত্তিপরিগ্রহ না করিয়া এই কুকুরের দেহে প্রবিষ্ট হইয়াছিল। কারণ, তাহার উদ্দেশ্ত ডাক্তারবাবুকে পথ দেখান। বিশেষতঃ মৃত্তিপরিগ্রহের অপেকা কোন জম্ভ বা মহয়ের দেহে আবিষ্ট হওয়া অধিকতর সহজ।

नारत्रव। महक वर्ते. किन्न छाहार्छ विश्वासत्र आनकाल शर्बहै। প্রথমত: কোন ইতর জন্তুর শরীরে আত্মা প্রবিষ্ট হইতে যাইবে কেন 🕈 একবার প্রবেশ করিলে যদি আত্মা কোনরূপে প্রলোভনের হাতে পড়ে, তবে বছদিন সেই কুকুরের দেহে সে আবদ্ধ থাকিতেপারে।

পুরোহিত। তাহা হইলে নিশ্চয়ই কোন আত্মা কুকুর-মৃর্তিতে আৰিৰ্ভ ত হইগা ডাক্তারবাবুকে পথ দেখাইগ্নাছিলেন।

জ্যোতিষী। তবে আর এক উপায় আছে; যদি কোন দুঢ়চেতা আত্মা তাঁর প্রবল ইচ্ছাশক্তি পথভ্রত্ত ডাক্তারবাবুর সাহায্যের জঞ প্রয়োগ করিতেন, ভাষা হইলে কুকুররপধারী আত্মার আবির্ভাবের श्राचन हरेल ना।

অধ্যাপক মহাশয় গম্ভীরভাবে মাধা নাড়িয়া বলিলেন, "হাঁ এক্ধা ्यानि वर्षे।"

ক্বিরাজ। ভাক্তারবাবুর কথা ত আপনারা শুনিলেন, এইবার আমি এক অন্তুত ঘটনার বিষয় বলিতেছি, আপনারা শুকুন।

ু পুরোহিত মহাশর কবিরাজ মহাশরের কথার বাধাপ্রদান করিয়া বলিলেন, "আজকার মত বৈঠক শেব হউক। মন্দিরে আরতির সময় হইয়া আসিল। কাল আপনার কথা গুনা বাইবে।

> **ক্রমশঃ** শ্রীষ্মমূল্যচর**ণ** সেন।

### স্বপ্ন-তত্ত্ব।

[২য় ভাগ, ৭ম দংখ্যা, ৩২৮ পৃষ্ঠার পর।]

#### চতুর্থ অধ্যায়।

#### ২। পিণ্ড-দেহ।

আমরা পূর্ব্বেই এই দেহের কথার উল্লেখ করিয়াছি। আমরা বলিয়া আসিয়াছি যে, ইহা প্রাণের বাহন,—এই দেহেরই সাহায়ে প্রাণশক্তি ভাণ্ডদেহকে জীবিত রাখিয়াছে। এই বিষয়টা আমরা এইবারে একটু বিশেষভাবে আলোচনা করিব। সাধনবলে মানব স্মাদর্শনলাভ করিয়া প্রাণশক্তির কার্য্য যেরপভাবে দেখিয়াছেন, আমরা ভাহারই কিঞিৎ আভাষ দিব।

় আমাদিগের প্রত্যেক দেহেই শুটিকতক শক্তিকেন্দ্র আছে। দেখিতে ঘূর্ণায়মান চক্রের মত বলিয়া তাহাদিগকে চক্র বলা হয়। এই চক্রগুলির সাহায্যেই কোন শক্তিপ্রবাহ এক দেহ হইতে,

**प्रवास्टर** शमनाशमन कवित्रा थाकि । शिक्षास्टर (महेश्वनि चिक्र महास्वहे প্রতাকীভূত হয়। নদীর জলাবর্ত্তের ষেরণ আকার, 535 1 ইহারাও দেখিতে কতকটা সেইরপ,-মধ্যদেশ গহবোক্ততি, তাহার পর ক্রমে ক্রমে চারিধার স্ফীত হৈতে হইতে একথানি শরবের আকার ধারণ করে। জলাবর্ত্তেরই মত ইহারা ঘূর্ণারমান শক্তি-চক্র-সমষ্টি। ভাগু-দেহে আমাদিগের যে সমস্ত বস্ত আছে, ইহাদিগেরও সাধারণতঃ তদ্মুযায়ী স্থাননির্দেশ হইয়া থাকে: কিন্তু বস্ততঃ তাহা নয়। পিণ্ড-দেহের এই চক্রপ্তলি দেহের অভান্তরে নিবিষ্ট নহে, তাহারা পিগুদেহের বহির্ভাগে সন্নিবেশিত। আবার পিওদেহ আক্বতিতে ভাও-দেহের সম্পূর্ণ অনুক্রপ হইলেও, এই হুটী দেহের আয়তন সমান নয়,---পিগু-দেহ ভাগুদেহ অপেকা এক-**ह्यांश्य हे कि तृहर । मृताशा**त बहेरल रय क्रमावरत मक्ष हक आरह, তাহাদিগের বিশেষ বিবরণ আমাদিগের এখানে নিপ্রয়োজন বলিয়া তাহা হইতে নিব্ৰত্ত হইলাম। তবে ষেধানে আমাদিগের প্লীহা-যন্ত্ৰটী আছে. তাহার নিকটবর্তীয়ানে এইরপ একটা শক্তিকেন্দ্র আছে. বেটীকে প্রাণ-গতি-নিয়ামক যন্ত্র বলা যাইতে পারে। তাহা দেখিতে ভড়িছৎ সমুজ্জল বড়্দলযুক্ত পদ্মের মত।

প্রাণশক্তি হিন্দুদিগের স্টেতত্বের দিতীয় পুরুষ হইতে আসিয়াছে।
ইহা বিষ্ণুশক্তি। একপ্রকারের অতি সন্ধ অণু আছে, উহারা বিষ্ণুর
ইচ্ছাতেই স্টে। ইহারাই এই প্রাণশক্তির বাহক। আমরা এই
অস্থেলিকে প্রাণ-অণু বলিব। এই প্রাণ-অণু সাধারণ অণু হইতে
প্রাণ-শক্তি বিভিন্ন। সাধারণ অণু তৃতীয় পুরুষের বা ব্রহ্মার
ও ইচ্ছার স্টে। দেখিতেও তাহারা প্রাণ-অণু হইতে
প্রাণ-অণ্। সম্পূর্ণ বিভিন্ন। প্রাণ-অণু অতিশয় উজ্জল ও
কার্যুলীল। তাহাদিগকে প্রকৃতি বলিয়া মনে হয় না; তাহাদিগকে

দেখিলে, তাহারা শক্তিকেন্দ্র বলিয়া অমুমিত হয়। এই প্রাণ-অণুগুলির উজ্জ্বতা ও জীবনীশস্তিত সুর্যালোকের সহিত কোনও त्रषक ना शाकित्मल, त्रहे कीवनीमिक्टित विश्वकाम स्य पूर्या-লোকের উপর নির্ভর করে, সে বিষয়ে অধুমাত্র সংশয় নাই। দীও সমুজ্জল রবিকরে যথন ধরণী স্নাতা হইতে থাকে, তথন দেখিতে পাওয়া যায় এই প্রাণ-সণুগুলিও তাহাতে অবগাহিত হইয়া একপ্রকার মোহিনী মৃতি ধারণ করে; তখন মনে হয় যেন তাহাদিগের জীবনীশক্তি বর্ত্তমান ছইয়াছে। আবার মেঘারত দিবদে তাহাদিগের জীবনীশক্তির বেশ হস্বতা লক্ষিত হয়; নিশাকালে মনে হয় যেন তাহাদিগের সেই শক্তি একেবারে অন্তর্হিত হইয়াছে, দিবসে যে প্রাণ-সন্তার হয় তাহাই রজনীতে কার্য্য করিতে থাকে। এই প্রাণ-অণুগুলির একটা বিশেবও আছে,—একবার তাহাতে প্রাণ সঞ্চিত ও সন্তৃত হইলে, তাহা যতক্ৰ না কোনও জীবিত প্রাণীর দারা শোষিত ও আত্মস্তাৎ হয় ততক্ষণ পর্যান্ত তাহাদিগের অধিগত প্রাণ-শক্তির নাশ বা অপচয় হয় না, সেই শক্তি ভাহাদিগের অন্তর্নিহিত থাকে।

পূর্ব্বিথত পিগুদেহস্থ প্লীহা-সন্নিহিত প্রাণ-গতি নিয়ামক যন্ত্রের সাহায্যে মানব বায়্মগুল হইতে প্রাণ-জবু আহরণ করে। আমরা পূর্বেই বলিয়াছি, এই প্রাণগতি-নিয়ামক যন্ত্রটী দেখিতে একটী বড়দলযুক্ত পদ্মের মত। এই পদ্মারুতি কেন্দ্রুল হইতে বড়ধারায় চারিদিকে তরঙ্গগতিতে শক্তি নির্গত হয়। মনে করুন, একটী বড়দল পদ্ম চক্রের নাভি হইতে লোম পর্যান্ত ছয়টী দণ্ড আছে। এই ছয়টী অরকে পর্যায়ক্রমে বেষ্টন করিয়া আর একপ্রকার শক্তিপ্রবাহ চক্রাকারে ঘুরিতেছে। যেমন করেনার তর্ক্রদেশ এবং কোনটির অধোদেশ দিয়া বায়। ইহাতেই

ইহা বড়দ্ব পদ্মের আকার ধারণ করে। যখন পূর্ককণিত প্রাণ-অণু বায়্মগুলে ভাসিয়া বেড়ায়, তখন তাহারা অতি জ্যোতির্ময় হুইলেও, তাহাদিগের কোনও নির্দিষ্ট বর্ণ থাকে না, তখন তাহারা স্থ্যালোকের মত খেতবর্ণবিশিষ্ট বলিয়া মনে হয়। তাহার পর যখন এই বর্ণহীন অণুগুলি এই শ্লীহা-সন্ধিতি শক্তি-আবর্তের কেক্সস্থলে আক্রষ্ট হয়, তখন এই খেতবর্ণ সপ্তবর্ণে বিভক্ত হয় সেই বিশ্লিষ্ট সপ্তবর্ণের স্থায় —খ্মল, নীল, হয়িৎ, পীত, কমলালেবুর য়ং, গাঢ় রক্তবর্ণ ও গোলাপ পুশের বর্ণ। পূর্ককণিত চক্রের ছয়টী অর সাহায্যে এক একটী বর্ণ প্রবাহিত হয়য়া দেহের নানায়ানে যায় এবং গোলাপ বর্ণ সেই চক্রের কেক্স দিয়া নির্গত হয়। এইরূপে প্রাণ সপ্তভাগে বিভক্ত হইলেও দেহে তাহা পঞ্চধারায় প্রবাহিত হয়;—খ্মল ও নীল এবং গাঢ় রক্তবর্ণ ও কমলালেবুর বর্ণ বহির্গমনের কালে একত্র সংশিশ্রত হয়। তাই শাস্তে উক্ত হইয়াছে যে, প্রাণ পঞ্চধা বিভক্ত হয়।

"ভান্ বরিষ্ঠ: প্রাণ উবাচ—যা মোহয়াপভগাহমেবৈতৎ পঞ্চধাত্মানং প্রবিভক্তিভাত্বাণমবস্কভা বিধারয়ামীতি।"— প্রশ্লোপনিষৎ—২-৩

(তখন মুখ্যপ্রাণ তাঁহাদিগকে বলিলেন, হে দেবগণ, 'তোমরা
"আমরা ধারক ও প্রকাশক" বলিয়া যে অভিমান করিতেছ, তাহা
তোমাদিগের অভিমানমাত্র, অভএব উহা পরিভাগে কর; কারণ,
আমিই এই শরীরে আপনাকে প্রাণাদিরপে পঞ্চধা বিভাগ করিয়া এই
শরীরকে আশ্রয় করিয়া ধারক ও প্রকাশক হইয়া আছি।)

সংবৃক্ত বেগুনি ও নীল প্রবাহ উর্দ্ধনিকে ধাবিত হইয়া কণ্ঠপ্রদেশে আসিরা উপস্থিত হয় এবং তথন হুইভাগে বিভক্ত হয়,—ঈবৎ নীল এবং সংবৃক্ত গাঢ় নীল ও বেগুনি। প্রথমাংশ তত্রস্থ শক্তিচক্রকে সঞ্জীবিত করে এবং শেবাংশ মন্তিক্ষে আসিয়া উপস্থিত হয়। ইহা আবার হুই ভাগে বিভক্ত হয়,—গাঢ় নীলাংশ মন্তিক্ষের নিম্ন ও মধ্য প্রদেশে

প্রবাহিত হয় এবং বেশ্বনি খংশটুকু মন্তিছের উপরিভাগে প্রধাবিত হইয়া বৃদ্ধরক্ষে, যে শক্তিচক্র আছে, ভাহাকে মিশেবভঃ ভাহার বহিস্থ ৯৬০ দল মধ্যে সঞ্চারিত হয়! পীতপ্রবাহ প্রাণ-প্রবাহ। প্রথমে হানয়কেন্দ্রে উপস্থিত হয়, তাহার পর তাহাও मिक्कि-अलिए अधारिक रहा। रुदि अवार कृकिलिए अधारिक रह এবং তত্ত্তম্ব শক্তিকেন্তে সঞ্চারিত হইয়া মানবের যক্ত্, মুত্রাশয়, অন্ত ও পাকস্থলীর কার্য্য করায়। সংযুক্ত কমলালেবু ও রক্তবর্ণবিশিষ্ট প্রবাহ প্রথমে মেরুদন্ভের পাদদেশে প্রধাবিত হয় এবং তাহার পর তাহা জননেজিয়ের নিকটস্থ শক্তিকেজে আসিয়া উপস্থিত হয়। এখানে चानिया जारा जिथाताय विच्छ रय.-- कमनात्नवृत वर्ग, (वश्विन वर्ग (purple) এবং গাঢ় রক্তবর্ণ। সাধারণ মানবে এই প্রাণপ্রবাহ मानत्वत्र काम त्रिष्क करत ७ एएट्स छेछान त्रका करत । किन्न यिनि জিতেজিয়, তিনি কিছুকাল সাধন করিয়া এই প্রবাহের উর্দ্ধগতি করাইয়া মস্তিক্ষে আনয়ন করিতে পারেন। তখন ইহার বেশ পরিবর্তন হয়। কমলালেবুর বর্ণ পবিত্র স্থানর পীতবর্ণে পরিণত হয় এবং ইহাতে ধীশক্তি ব্দ্ধিত হয়; গাঢ় রক্তবর্ণ (dark red ), স্থলর অলক্তকবর্ণ ( crimson ) পরিণত হয় এবং তাহার নিঃসার্থ প্রেম বর্দ্ধিত হয় : এবং গাঢ় বেগুনি স্থন্র অগভীর নীল-লোহিত বর্ণে পরিণত হয় এবং ভদ্ধারা তাঁহার আধ্যাত্মিকতা রুদ্ধি পাইতে থাকে। এইরূপ লোক ব্দ্বপি • কুগুলিনীকে জাগায় তাহা হইলে তাহাতে তাহার কোনও विপদের আশক্ষা থাকে না। এইবার আমরা পঞ্ম প্রবাহের কথা বলিব। এই গোলাপবর্ণও প্রহাহ প্রাণ-প্রবাহ-নিয়ামক ৰছের কেন্দ্র-युग मिम्रा नाष्ट्री-मादार्या (मरहतः मर्काश्य পরিব্যাপ্ত হয়। ইহাকেই প্রাণ বলাহয়। ইহাই একজন মানব অপর ক্লগ্রদেহে সঞ্চারিত করিতে সমর্থ इम्र। इदात अवारित द्वाम दहेलाई मानव अधीत इम्र।

প্রাণের এই নানা প্রবাহ দেছের যে যে অংশের সহিত সংশিষ্ট. ভাহার সমাক কার্য্যকারিতা তৎসম্বন্ধীর প্রবাহের উপরু নির্ভর করে। বাঁহারই পিণ্ড-দেহ দেখিবার শক্তি আছে, তিনিই কোনও লোককে দেশাইয়া বলিতে পারেন, ভাহার অসুস্থতার কারণ কি। কাহারও পাক্যন্তের ক্রিয়ায় দোৰ থাকিলে সেই মানবের হরিৎ-প্রাণ-প্রবাহে দেখিলেই তাহা বৃঝিতে পারা যায়, সেই প্রবাহ মন্তরগতিযুক্ত বা আল্ল হয়। যথন শীতপ্রবাহ প্রথর থাকে তখন তাহার ছারা অফুমিত হুইবে যে তাহার হৃদয়যন্ত্রের কার্য্য বেশ স্থন্দরভাবে চলিতেছে।

এই সমস্ত প্রবাহ স্ব স্থানে কার্য্য করিবার পর সেই সম্ভ প্রাণাধিষ্ঠিত অণুশুলির প্রাণশক্তি নিঃশেষিত ছইয়া যায়। গোলাপবর্ণ প্রাণাধিষ্ঠিত অণুগুলি ক্রমে ক্রমে ক্রীণ হইতে ইইতে অবশেষে নীল ও ও খেতে পরিণত হয়। তথন তাহারা দেহের নানাম্বান দিয়া বহির্গত হইতে থাকে। এইরপে মানবদেহকে নীলাভ খেত ওজঃ বেষ্টন করিয়া থাকে। ইহাকেই স্বাস্থ্যে ওজঃ (health aura) বলা হয়। দেহ হইতে যথন তাহা বহির্গমন করে, তখন তাহার আর প্রায় গোলাপী আভা থাকে না।

ক্রমশঃ

প্রতিশোরীমোহন চটোপাধায়।

# অলৌকিক রহস্য।

২য় সংখ্যা ]

তৃতীয় বর্ষ।

[ ভান্ত, ১৩১৮।

## সূক্ষ্ম শরীরের প্রমাণ।

মাহুবের যে দেহ আমরা চক্ষু দারা দেখিতে পাই, হস্ত দারা স্পর্ল করিতে পারি, এক কথায় যাহা আমাদের ইন্দ্রিয়ের গোচর তাহাকে স্থল দেহ বলা যায়। স্থল দেহের অন্তিত্ব-সম্বন্ধে কাহারও সন্দেহ নাই, কিন্তু স্থল দেহ ছাড়া মাহুবের যে স্ক্র দেহ আছে, একথা আনেকে স্বীকার করেন না। স্থল দেহ নাশ হইলে মাহুব স্ক্র দেহে অবস্থান করে—একথা তাঁহারা মানিতে চান না। মাহুবের স্থল দেহের স্ক্রে তাহার স্ক্রে দেহ যে প্রতিক্রণ বিজড়িত রহিয়াছে, একথা তাঁহাদের কল্পনাতেও আদে না। এই শ্রেণীর লোকেরা প্রধানতঃ জড়বাদী। তাঁহারা বলেন যে, যে বিষয়ের প্রত্যক্ষ প্রমাণ নাই তাহা আমরা কেন বিশ্বাস করিব ? স্ক্র্ম দেহের কি কোন প্রত্যক্ষ প্রমাণ আছে ও

একটা কথা মনে রাখা উচিত, এমন অনেক জিনিস আছে যাহা
আমরা চক্সতে দেখিতে পাই না অথচ যাহার অন্তিত্ব-সম্বন্ধে সন্দেহ
করা যায় না। যদি রাত্রিকালে নির্মাণ আকাশের প্রতি দৃষ্টিপাত
করি, তবে অনেক সহস্র নক্ষত্র আমাদের নয়নগোচর হইবে। যদি
আমরা দ্রনীক্ষণের সাহায্য লই তবে যে সকল তারা পূর্ব্বে আমাদের
সুল চক্ষুর•গোচর ছিল না, এমন অনেক সহস্র তারা আমরা দেখিতে

পাইব। কিছ এমন সকলও তারা আছে যাহাদের আলোকরশ্মি এতই কীণ বে, শ্রেষ্ঠতম দুরবীক্ষণের সাহায়োও তাহাদিগকে নয়ন**ং**গাচর করা যায় না। কিন্তু অহ্য প্রণালী ছারা ভাহাদের অভিতেও প্রমাণিত कदा यात्र । पृत्र वीकरवत्र मूर्ष अकठा क्षिठ पित्रा वित व्यवनकक्ष वर्शक দুরবীক্ষণকে সেই ভারার অভিমূবে স্থিরভাবে ধরিয়া রাখা যায়, তবে সেই তাগার ছবি সেই আলোকচিত্রফলকে অন্ধিত হইয়া যায়। পরে সেই প্লেট হইতে ফটো উঠাইলে সেই তারার ছবি সুম্পন্ত দেখা ষায়; তখন তারার অন্তিৎসম্বন্ধে আর সন্দেহ থাকে না। ইহা হইতে বুঝা যায় যে, এমন অনেক জিনিৰ আছে, যাহারা স্ক্রতা ৰশতঃ আমাদের দৃষ্টিগোচর হয় না অবচ বৈজ্ঞানিক কৌশলে তাহা-দিগকে প্রভাক্ষ করা যায়।

সুর্ব্যের শুল্র রশ্মিকে যদি একটা কাচের কলমের (prism) মধ্য দিয়া দেখা যায়, তবে আমরা দেখিতে পাই যে, সেই শুত্র রশ্মি সাতটী বিভিন্ন বৰ্ণে সজ্জিত হইয়াছে। বিজ্ঞানের ভাষায় ইহাকে spectrum (বর্ণসপ্তক) বলে। এই spectrum এ আমরা পর পর সাতটা বর্ণ দেখিতে পাই যথা :--লাল (red), কমলা (orange), হলুদ (yellow), সবৃদ (green), নীল (blue, স্নীল (indigo) ও বেগুনি (violet)। देवकानिकमात्वाहे अवगष्ठ चाह्नि, (य, এই यে मश्चवर्ण ( याश्चत spectrum আমাদের নয়নগোচর ২য়) সেই বর্ণগুছের পূর্বের এবং পরে অক্স বর্ণের রশ্মি বিভাষান থাকে। বিজ্ঞানের ভাষায় এই রশ্মিকে ultra violet এবং infra red বলে। এই সকল রশ্মি আছে, অথচ আমরা দেখিতে পাই না। তাহার কারণ এই যে, আমাদের চক্ষ এমনভাবে গঠিত যে আলোকের স্পন্দন-নির্দিষ্ট সীমার কম অধবা বেশী হইলে আর তাহা আমাদের চক্ষর গোচর হয় না। আলোকের ম্পন্মন যদি প্রতি সেকেণ্ডে ৪৮৪০০০০০০ বার হয়, তবে তাহার

রং লাল। এইরূপ স্পন্দনের সংখ্যা বাডিয়া বাডিয়া যধন প্রতি সেকেতি ইথর ৭০৯০০০০০০০ বার স্পন্দিত হইতে থাকে, তথম সেই আলো বেগুনী বর্ণ ধারণ করে। ইথরের ম্পন্দন যে **ঐ সীমার** মধ্যে নিবদ্ধ পাকিবে এমন কোন কথা নাই। স্পাদন সেকেতে লালের কম হইতে পারে এবং থেগুনীর বেশীও হইতে পারে, কিন্তু ৪৮৪০০০০০০০ সংখ্যার কম হইলে আর আমরা সে আলো দেখিতে পाই ना এবং १०৯,००,००० भःथात (वर्षी इहेटल आत आमता সে আলো দেখিতে পাই না। ৪৮৪০০০০০০ অপেকা কম ম্পান্দনে উদ্ভত যে রশ্মি ভাষাই infra red রশ্ম এবং ৭০৯০০০০০০ স্পন্দনের অধিক স্পন্দনে উদ্ভূত যে রাশ্য তাহাই ultra violet rays। এই উভয় রশাই আমাদের দৃষ্টিগোচর নহে। অথচ বৈজ্ঞানিকেরা নানাবিধ প্রমাণের দ্বার: প্রতিপন্ন করিয়াছেন যে, এইরূপ ultra violet এবং infra red রাশার অভিত্যস্থারে সন্দেহ করা অমুচিত। कि कृष्मि शुर्ख इंश्वरखत बक्षम दिख्यां नक बेज्ञभ त्रांभात माशासा কতক প্রলি আলোকচিত্র (photo) উঠাইয়াছেন। বিগত জুন মাদের Illustrated London News পত্রিকায় উরূপ কয়েকথানি চিত্র প্রকাশিত ২২য়াছে। কৌতুহলী পাঠক ঐ চিত্র দেখিতে পারেন।

হক্ষ শরীর হইতে যে রাশা নির্গত হয়, তাহা যদি সাধারণ মহুয়া-চক্ষুর, গোটরযোগ্য লাল, নাল প্রভৃতি সপ্তরশার অতীত ঐরপ ultra violet বা infra red রাশা হয়, তবে সুল চক্ষুর সাহায্যে স্থা শরীর কিরুপে প্রত্যক্ষ হইতে পারে দ্রবং প্রত্যক্ষ না হইলেই ষে তাহার এ গুড় নাই এরপ সিদ্ধান্ত করাপে করা যায় ?

্থের বিষয়, সম্প্রতি এক জন বৈজ্ঞানিক একটা যন্ত্রের আবিষ্কার করিয়াছেন যাহার সাহায়ে। হক্ষ শরীরের রশ্ম মন্দীভূত করা যায়। বে রুশ্মি altera violet ভাহাকে যদি বৈজ্ঞানক কৌশলে এবং কোন

ব্লপ কাচের সাহায্যে বেগুনী করা যাইতে পারে. তবে তাহা প্রত্যক হওয়া বিচিত্র নহে। ডাক্তার কিলুনার (Kilner) নামে একজন বৈজ্ঞানিক ঐরপই করিয়াছেন। তিনি এ বিষয়ে একথানি গ্রন্থ রচনা করিয়াছেন, দে গ্রন্থ সম্প্রতি মুদ্রিত হইতেছে। এছের নাম -The Human atmosphere or the Aura made visible by the aid of chemical screens"। কিছুদিন পুর্বে বিলাতের Daily Express পত্তিকার একজন প্রতিনিধি এই বিষয় স্বচক্ষে প্রতাক্ষ করিয়া ঐ সংবাদপত্তে একটা প্রবন্ধ প্রকাশিত করিয়াছিলেন। ভাহার সার মর্ম এই:-Daily Express সংবাদপত্তের প্রতি-নিধিকে ডাক্তার কিল্নারের বন্ধ ডাক্তার কেল্ কিন্ একটা ঘরে লইয়া গিয়া বসাইলেন। সেই খরের 'একটী মাত্র জানালা। তথন দিবা, সেই জানালা দিয়া ঘরের মধ্যে আলো **ভা**সিতেছিল। সেই জানালার অপর পার্ষের দেয়ালে একখানা কাল পদা টাঙ্গান ছিল. সেই পর্দার সাম্বে একটা মধ্যবয়স্কা স্ত্রীলোক হুই হস্ত কটাদেশে রাখিয়া দণ্ডায়মান হইলেন। তখন সেই জানালায় একটী পর্দা টানিয়া ঘর প্রায় অন্ধকার করিয়া দেওয়া হইল ৷ কৈবল সেই পর্দার মধ্য দিয়া অতি ক্ষীণ আলোক গৃহের মধ্যে আগিতে লাগিল। সেই আলোকে সেই স্ত্রীলোকের খেত মূর্ত্তি কাল পর্দার সামুধে স্পষ্ট দেখা ষাইতে লাগিল। ভাক্তার ফেল্কিন্ spectauranine কাচ-নির্মিত একটী যন্ত্র দর্শকের হাতে দিলেন। সে যন্ত্র আর কিছু নহে, চার ইঞ্চি मीर्च अवर (मफ़ देश श्रष्ट अदेतिश हुँदैशानि कारत मर्सा छास्त्रात কিল্নারের আবিষ্ণত এক প্রকার আরক \*।

<sup>\*</sup> Daily Express পত্তে এই যন্তের বেরূপ বর্ণনা প্রকাশিত হইয়াছে আমরা নিরে ভাহা উদ্ধৃত করিয়া দিলাম :--

The apparatus, if apparatus it can be termed, consists of a

্বাই যন্ত্রের মধ্য দিয়া Daily Expressএর প্রতিনিধি সেই
স্ত্রীলোকের মৃর্ত্তি দেখিতে লাগিলেন। তিনি যাহা দেখিলেন তাহার
এইরপে বর্ণনা করিয়াছেন। \* প্রায় ৡ মিনিট পর্যান্ত সেই অদ্ধনার
গৃহে সেই রমণীর মূর্ত্তি ভিল্ল আর কিছু দেখা গেল না। ক্রমশঃ
দেখিলাম যে, যেন একটা ছায়া বা ছটা সেই মৃর্ত্তিকে ঘিরিয়া রহিয়াছে।
সেই ছটার হুইটা শুর—একের মধ্যে অন্য শুর অন্তঃশুর বেন
বহিঃশুরের অপেকা দ্বন। বহিঃশুরের বর্ণ ফিকে নীল (blue-grey)।
স্বন্ধঃশুরের বর্ণ আরও গাঢ়। স্বন্ধঃশুর আরও ঘন বলিয়া বোধ

number of what are technically termed 'Spectauranine' glass screens, each about four inches in length by an inch and a half in breadth. These screens are made each of two plates of very thin glass, between which, hermetically sealed in, is a wonderful fluid that Dr. Kilner has discovered.

\* For some moments, perhaps a quarter of a minute, the only object that could be made out in the darkness was the subjects form and its outline. Then gradually, as the eyes grew accustomed to the darkness, a sort of double mist or halo, the one within the other and the inner one denser than the outer, became more and more distinctly visible.

The outlines of this mist exactly followed the curves and the contour of the subjects body. The color of the outer aura seemed to be a blue-gray; that of the inner aura was darker—also, apparently, the inner aura was denser. In the triangular space formed by the sides of the body and the angle of the arms, as the subject remained with her hands resting lightly on her hips, the halo could be seen most clearly

Presently, acting upon Dr. Felkin's instructions, the subject raised and extended first, one arm, then the other. Then she joined her hands at the back of her neck, and always the mist of the aura followed, as though it were itself an outline of some sort of shadow of the limbs.

হইল। ত্রীলোকের হুই হত্ত কটিদেশে অর্পিত ছিল। এই হস্তের निविश्व अतिमा (महे हामा वा हते। (वभ म्लेड तिथा (शन। पत्र ভাক্তার ফেলু কিনের উপদেশমত সেই রমণী প্রথমে এক হস্ত পরে অপর হস্ত উত্তোলন করিল। পরে সে তুই হস্ত সংযুক্ত 'করিয়া আপন গ্রীবার উপর স্থাপন করিল। সেখানেও ঐ ছট। বা ছায়া বেশ স্পষ্ট দেখা পেল। ছটা দেখিয়া বোধ হইল যে, উহা অঞ্প্রতাপেরই ছায়া বা প্রতিকৃতি।

**ডाङाর** किन्नात এইরেপে रुक्त मंत्रीत সাধারণের নয়নগোচর করিবার উপায় উদ্ভাবন করিয়াছেন। কয়েক বৎসর পূর্বে Edmund Gates নামে আৰু একজন বৈজ্ঞানিক আৰু একভাবে ফুল্ম দরীর প্রত্যক্ষ করিয়াছিলেন। তাহার বিবরণ আমরা বারাস্তরে প্রকাশ कविव।

শ্ৰীহীরেজনাথ দত।

## ওঙ্গেলের মুস্তান।

আমরা এই প্রবন্ধে যে মহাত্মার বিষয় লিখিতেছি, তাঁহার জনান্থান ও নাম কেহই জানেন না। তিনি কাহাকেও এ সম্বন্ধে কোন কথা ৰলেন না। তবে অনেক সময়ে তাঁহাকে মান্তাজ বিভাগের ওঙ্গোল জেলায় দেখা গিয়াছিল বলিয়া তাঁহাকে "ওলোলের মুস্তান" বলিয়া चार्तिक कार्तिन ।

मालाक গভর্ণমেণ্টের জনৈক সরকারী কর্মচারী (ভহণীলদার) অনেকদিন যাবৎ ইহার সঙ্গ করিয়াছিলেন, তাঁহার মুখেই পাঠকবর্গ এই বিবরণ শুমুন ;---

"नवकावी कार्याभनत्क जामात्मव मर्या मर्या मरुःचरन याहरू द्य, धैकवात अकि वस्त्रह मकः यता याहेश अकि छाकवाननात्र चाहि. সে আন্ধ প্রায় ত্রিশ বর্ষ হইবে। সন্ধ্যাকালে পথে বেড়াইতে বেড়াইতে অদূরে একটি শিখার মত আলোক দেখিতে পাইলাম। আলোকটি আমাদের নিকট হইতে একটি বৃক্ষতলেও মৃত্তিকা হইতে প্রায় ছুইফিট উপরে স্থিরভাবে রহিয়াছে। বন্ধ ও আমি বিশেষ করিয়া দেখিয়াও আলোক কোণা হউতে আসিতেছে, তাহা বুঝিতে পারিলাম না। আমার কৌতুক রৃদ্ধি হওয়ায় আমি অগ্রপর হইয়া দেখিতে ইচ্ছুক হইলাম, বন্ধুটি বয়ন্ত বলিয়া তিনি আমার সহিত মাঠ ভাঙ্গিয়া হাঁটিতে সম্মত হইলেন না। আমি বন্ধটিকে পথিমধ্যে অপেকা করিতে বলিয়া অগ্রসর হইলাম, নিকটস্ত হইলে আলোকটি আর দেখিতে পাইলাম না, দেখিলাম রক্ষতলে একটি উলঙ্গ লোক বসিয়া আছে মাত্র। ফিরিয়া বন্ধুর নিকট আসিলে আবার পূর্ববৎ আলোক-শিখাটি দেখিতে লাগিলাম। এবারে আমরা হুই জনেই আলোকশিখা **लका कतिया याहेटल मागिमाम, किस निक**हेश्र ह**हेटल हे जात निवार्ট** দেখা গেল না, সেই উলঙ্গ লোকটি বৃক্ষতলে বসিয়া আছে মাত্র। আমাদের কথা তিনি গ্রাহ্ম করিলেন না, স্থিরভাবে বসিয়া আছেন দেখিলাম, আমরা অনেক ভাষায় তাঁহার দহিত কথা কহিতে চেষ্টা कतिनाम, (मार्य এमन कि छाँहारक ऋक (मार्म हांछ मिया ठिनिनाम, কিন্তু তিনি নির্ব্ধাক ও নিশ্চল। অগত্যা আমরা মাঠ ভাপিয়া ফিরিলাম, পথের উপর যাইয়া অনেকক্ষণ ধরিয়া আলোকশিখাটি দেখিতে লাগিলাম, সন্ধ্যা হওয়ায় আলোকটি অপেক্ষাকৃত অধিক উজ্জ্বল দেখাইতে লাগিল, আমরা আলোকটির কোন কারণ নির্ণয় করিতে 'পারিলাম না, শেষে ভাকবার্লায় ফিরিয়া গেলাম।"

 <sup>&</sup>quot;পুরদিন বেলা দশটার সময় আপন কর্ম শেষ করিয়া ভাকবাঙ্গলায়

কিরিয়া আসিতেছি, এমন সময় দেখিলাম সেই উলল লোকটি আমাদের বাললার নিকটে একটি আবর্জনার স্তপের উপর বসিয়া আছে, আমার প্রশ্নে তিনি আজও কোন উত্তর দিলেন না। তাঁহাকে কিছু খাড় দিলাম, তিনি তাহা স্পর্শপ্ত করিলেন না। আমার বন্ধু ও অক্যান্ত যে সকল লোক তথায় ছিলেন সকলেই তাঁহার সহিত কথোপকথনের বহু চেষ্টা করিলেন, কিছু কোন কল হইল না, তিনি যে তাঁহাদের কথা শুনিলেন এরপ ইলিতেও বুঝা গেল না। পরদিন আমি তথা হইতে আঠার মাইল দুরে আমার দেশে চলিয়া,আসি।"

"আমি দেশে আসিয়াছি, ছই দিন পরে আমার আফিসের একটি
পিয়ন আসিয়া সংবাদ দিল যে, সেই উলল লোকটি আমাদের গ্রামে
আসিয়াছে, একটি মুসাফেরখানার নিকট বসিয়া আছে। আমি যাইয়া
দেখিলাম যে পূর্বাদৃষ্ট সেই লোকটিই বটে। আমি তাহাকে নিজবাটীতে
আনিতে চাহিলে তিনি তখন সমত হইলেন না। ছই তিন দিন পরে
তিনি আসিলেন, পরদিন কিছু হয়মাত্র খাইলেন। তদবি তিনি
আমার বাটীতে রহিলেন, কিছু কয়মাত্র খাইলেন। তদবি তিনি
আমার বাটীতে রহিলেন, কিছু কয়মাত্র খাইলেন। তদবি বিন
কহিলেন না, কেহ তাহার মুখে একটিও কখা শুনিতে পাইল না।
তিনি কে এবং তাঁহার কি প্রয়োজন কিছুই আমরা জানিতে
পারিলাম না।"

তুই একদিন পরে একদা আমার বাটীতে কয়েকটি বন্ধু সিম্নিত হইয়াছে, আমার আত্মীয় এক ডিট্রিন্ট মুন্সেকও আসিয়াছেন, বেলা তিনটার সময় সকলে বসিয়া আছি, ডাকওয়ালা চিঠি লইয়া আসিল। আমার স্ত্রী পূর্ণগর্ভাবস্থায় মাল্রাজে তাহার পিত্রালয়ে থাকায় আমি তথাকার সংবাদ পাইবার জন্ম ব্যস্ত ছিলাম। আমাকে কয়েকথানি চিঠি দেওয়ায় আমি সকলের সাক্ষাতে চিঠি না খুলিয়া চিঠিগুলি লইয়া পকেটে রাথিয়া দিলাম। আমার আত্মীয় মুন্সেফবারু বলিলেন, তুমি

চিঠি দেখ না, উহাতে ভোমার স্ত্রীর সংবাদ থাকিলেও থাকিতে পারে, তাঁহার কথা অমাক্ত করা উচিত নর বোধে আমি চিঠি থুলিতে বাইতেছি এমন সময়ে সেই উলঙ্গ সাধু, বাঁহাকে আমরা মুন্তান বলিতে আরম্ভ করিয়াছি, তিনি এ পর্যান্ত কোন কথা কহেন নাই, কিছ অকস্মাৎ আমার দিকে দৃষ্টি করিলেন ও বলিলেন, 'মুন্সি আমি বলিতেছি, ভোমার চিঠিতে কি আছে, ভোমার স্ত্রী একটি কন্তাসন্তান প্রস্বকরিয়াছে এই সংবাদ উহাতে আছে।' ইহাতে আমাদের সকলের কৌত্হল রন্ধি হওয়ায় তাঙাতাড়ি চিঠি খুলিয়া দেবিলাম যে, মুন্তানের কথা সত্য। আমার চিঠি পড়া শেষ হইলে মুন্তান পুনরায় বলিলেন, আর একটি চিঠি তোমার জন্ম ডাকে আদিতেছে, উহাতে লেখা আছে যে তোমার নবপ্রস্তা কলা মুন্তা হইয়াছে। আমরা সকলে আরও আশ্বর্যা হইয়া পুনরায় ঐ চিঠির খবর মিলাইবার জন্ম অপেক্ষায় রহিলাম।"

"ডাকওয়ালা পুনরায় চিঠি আনিলে ঐরপ সংবাদ পাওয়া গেল। লোকয়ুথে এইকথা চতুদ্দিকে প্রচার হইয়া পড়িল, নানাস্থান হইছে প্রতাহ বহু লোক মুন্তানকে দেখিতে আসিতে লাগিল। একদিন তাঁহার নিকট আমি একা বসিয়া আছি। তিনি আমাকে বলিলেন, 'ডোমার স্ত্রীর উপর অপদেবতা চাপিয়াছে, কিন্তু ইহাতে কোন ভয়ের কারণ না পাক্রণেও এই অবস্থা থাকিতে দেওয়া উচিত নয়।' তিনি একটি কবচ করিয়া দিতে সম্মত হইলেন, আমি একটি ম্বর্ণের চতুষ্কোণ পদক তাঁহার উপদেশমত প্রস্তুত করাইলাম। তিনি একটি কাগজে কুড়িটি মর করিয়া তাহাতে এক একটি চিত্রু করিয়া বলিলেন যে 'এই পদকের উপর এইরপ মর কাটিয়া এই চিত্রগুলি প্রত্যেক মরে মরে থোদাইয়া লও।' আমি তদক্ররপ করিলাম।"

**্রপদকটি প্রস্তুত হইলে মুস্তান উহা লইয়া কয়েক দিন নিধের** 

কাছে রাখিলেন। তিনি কথনও উহাকে মুখের ভিতর রাখিতেন, ক্রমণ্ড উরুদেশের তলে রাখিয়া ততুপরি বসিতেন, ক্রমণ্ড বার্তাহার গাঁজার কলিকার উপর রাখিতেন। তিনি প্রায়ই একখান চেয়ারে বসিতেন ও পার্শ্বে একটি ছোট মগ্নি জালাইয়া রাখিতেন। এই গাঁলার কলিকা ও হঁকা তাহার সহিত্থাকিত না, আমার বাটীতে থাকার সময় আমার অফিসের একটি মুসলমান পিয়ন গাঁজ। সাজিয়া মুস্তানকে **मिश्रा**प्त किनि थाईलिन ७ (महे व्यवधि काँशांक माथा माथा गाँखा সাজিয়া দিতে হট্ত। আমি ঐ পদকটি মাল্রাকে আমার স্ত্রীর জনা পাঠাইয়া দিলাম, পদক ধারণ করা অবধি তাহার আর কোন উপদ্রব হয় ৰাই ৷"

"আমাদের গ্রামে একটি মিদনারীদের আকড়াছিল। তুইজন পাদরি একদিন আমাদের মৃস্তানকে দেখিতে আসেন। মৃস্তান চেয়ারে বসিয়া গাঁজা খাইতেছেন, পাদরি হুট্জনা তাঁহার দিকে চাহিয়া विश्वा चाह्न । जाशास्त्र मत्या त्रक्ष भाषति हि मुखानरक विलालन, 'ভুমি কেন গাঁজা খাওয়া ছাড়না, গাঁজা খাওয়া যে বড় মন্দ কাজ ভাগা কি তুমি জান না । । রে আমার দিকে চাহিয়া পাদরি পুস্তব বলিলেন, দেখুন আপনারা ইহাকে ভক্তি করেন, এবং ইহাকে একজন মহৎলোক বলিয়া মনে করেন. কিন্তু দেখুন লোকট। গাঁজো খায়, গাঁজা খাওয়া অভিশয় মনদ ও য়ণিত কাজ সন্দেহ নাই।' আমা চুপ कतिया त्रहिलाम, किन्न व्यामार्गत मूखान हिन्मित् छेखत कतिरामन, 'হা হতভাগ্য পাদার! গাঁজা খাওয়া মন্দ কাজ আমি বুঝি, আমি ভোমার সহিত চুক্তি করিতেছি, আমি এই কু-অভ্যাস ত্যাপ করিব, ষ্মপি তুমি তোমার নানা প্রকার কু-অভ্যাদের মধ্যে একটি ত্যাগ করিতে পার। পাদরি কুদ্ধ হইয়া বলিল, 'আমার কি কু-অভ্যাস আছে ?' মুক্তান বলিলেন, 'তুমি মদ খাও।' পাদরি বেচারার মুখ গুৰু

इटेन अवर विनन 'आমि मन बाहे वर्ष किन्द कथन अवनी माजाय बाहे ना, वित्मव मान लाकित कि इत ना, कि ह गाँकार लाक মারা যায়।' মৃস্তান কহিলেন, 'তুমি এমন কথা কলিতেছ ? আহ্বা, এস যত গাঁজা খাইলে লোক মরে সেহ পরিমাণ গাঁজা তুমি আমাকে আনাইয়াদেও, আমি তাহা খাইতে প্রস্তুত হইব, যে পরিমাণ মদ ৰাইলে লোক মরে আমি বুঝি, সেই পরিমাণ মদ যভাপি তুমি খাইতে সমত হও ।' পাদরি তৎক্ষণাৎ সমত হইলেন, এবং প্রচুর গাঁজা আনাইলেন, গাঁজার বস্তাটি প্রায় একফুট উচ্চ একফুট দীর্ঘ ও একফুট थिष्ठ (वांध इरेन । व्यत्नकक्षीं किनिका बाना इरेन ও वहाना (क গাঁজা সাজিয়া দিতে লাগিল। মুন্তান এক এক টানে এক এক কলিকা গাঁজা ভম করিতে লাগিলেন, প্রায় এক ঘণ্টার কম সময়ের মধ্যে গাঁজার বস্তা শেষ হইল। তিনি গাঁজে: শেষ করিয়া পাদরিদের বলিলেন, 'হে পাদার, আমি ত তোমার গাঁজা ধাইলাম ও মরিলাম না।' পাদরির অবস্থা খারপে হইয়া উঠিল, বেচারার ওদমুখ হইল, কিন্তু মুস্তান ছাড়িবার পাত্র নহেন; িনি বলিলেন 'এক্ষণে তোমাদের পালা, আমি যে পরিমাণ মদ আনিব তাহা তোমাদের খাইতে হইবে ৷' পাদরিষয় ভাডাতাডি উঠিল, মুস্তানকে বাড় নত করিয়া **সেলাম ক**রিয়া, "পলায়ন করিল।"

"অবশু মুস্তানের গাঁজা থাওয়াকে দোষাবহ নহে বলা যায় না, কিন্তু এরপ হওয়াও আশ্চর্যা নহে যে, আত্মন্তরী পাদরি বেচারাদের শিক্ষা দেওয়া বিশেষ প্রয়োজন হওয়ায় তিনি পূর্ব হইতেই ছল করিয়া গাঁজা থাইতে আরম্ভ করিয়াছিলেন।"

"কেবল যে মিস্নারীরাই মুস্তানকে অপগ্রাহ্য করিত তাহা নহে, আমার আফিসের কালেক্টর সাহেব যাঁহার অধীনে আমি কর্ম করিতাম তিনি প্রায়ই মুস্তানের কথা বলিতেন ও তাহাকে পাগল বলিতেন,

অবচ তিনি প্রায়ই মৃত্তানকে দেখিতে ইচ্ছা করিতেন। একদা মুম্ভানের সহিত আমি কালেক্টর সাহেবের বাটার সমূধের রাভার বেড়াইতেছি, এমন সময়ে কালেক্টর সাহেব সন্ত্রীক আমাদের সন্তুধে পড়ায় তিনি মুন্তানকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, এই কি সেই পাগল বাহার কথা তোমার নিকট গুনিয়াছিলাম।' আমি বলিলাম 'ইনিই মুম্ভান আমার বাটীতে অতিধি হইয়াছেন।' সাহেব বলিলেন, 'উহাকে জিজ্ঞানা কর আমার কবে পদোব্লতি হইবে।' মৃস্তান কহিলেন, 'তুমি কথনও উন্নতিলাভ করিতে পারিবে না, শীঘ্র তোমাকে স্বদেশে চলিয়া যাইতে হইবে।

"কালেক্টর সাহেব মুস্তানের উক্তি শুনিয়া বলিলেন, 'ইহা হইতেই **লোকটিকে পাগল বলিয়। বুঝা যায়, আমার অল্ল**ছিন পরেই পদোল্লভির मञ्जादना दश्चित्रारक, এবং এই अञ्चलिन ट्रेन आमि दिनाछ ट्रेस्ड আসিয়াছি; তুমিজান, আমার কিছুকাল আর স্বদেশ যাইবার প্রয়োজন হইবে না। আমরা এই কথার পর বাটা ফিরিলাম। কয়েকদিন পরেই কালেক্টর সাহেবের শরীর অস্তস্ত হইয়া পড়িল, চিকিৎসকে তাঁহাকে স্বদেশে যাইবার ব্যবস্থা করিলেন, তাঁহাকে বছদিনের ছুটি লইয়া বিলাত যাইতে হইল, আমি পরে জানিলাম যুধন তিনি পুনরায় এদেশে আসিলেন, জনৈক চিকিৎসক ভারতের জলবায়ু তাঁহার পক্ষে একেবারে অসহ বলিয়া মত প্রকাশ করায় তাঁহাকে কর্ম হইতে অবসর লইয়া স্বদেশে ফিরিয়া যাইতে হইল।"

"আমাদের বাটীতে মৃস্তানের নিকট অনেক লোক পীড়ার ঔষধের ব্দস্ত আসিত। একটি বৈশ্ব ভদ্রলোক বছকাল হইতে হাঁপানি পীড়ায় ভূগিয়া মুস্তানের নিকট আসেন। মুস্তানের কথামত কার্য্য করিতে বৈশ্য সমত হওয়ায়, তিনি বলিলেন, অমাবস্থার রাত্রিতে কিছু মুভ ও পলিতা ও একটি দীপ লইয়া একা তুমি সমুদ্রতীরে যাইবে এবং তথায়

দীপটি মৃত ও পলিতা দিয়া আলিয়া তীরে রাধিয়া ভিনবার প্রদক্ষিণ করিবে, শৈরে কি করিতে হইবে তাহার আদেশ সেই সময় পাইবে।' আমাদের গ্রাম হইতে সমুক্তীর আট মাইল দ্রে, অন্ধকার রাত্রে একা বাইতে বৈশ্বের প্রপ্রমে সাহসহইল না. শেবে রোগের আলায় মনে সাহসকরিয়া সমুক্তীরে বাইয়া দীপ আলিয়া তুইবার প্রদক্ষিণের পর সহসা পার্ষে মুন্তানকে দেখিতে পাইল, মুন্তান তাহার পিট চাপড়াইয়া বলিলেন, 'ভাল ভাল, তৃতীয় বার প্রদক্ষিণ করিয়া ফেল। তোমার কোন ভয় নাই।' প্রদক্ষিণ শেষ হইলে মুন্তান বৈশুটির সহিত বরাবর গ্রামের দিকে আসিলেন, কিন্তু গ্রামের সন্নিকটে আসিয়া অদৃশ্র হইলেন। আশ্বর্যের বিষয় এই যে, সেই রাত্রে মুন্তান বরাবর আমার নিকট ছিলেন। লোকটির হাঁপানি আরাম হইল, আর হয় নাই।"

"যুস্তানের ফটো তুলাইয়া রাখিবার আমাদের বড় ইচ্ছা হয়।
প্রামের একজন ডাজারের ক্যামেরা ছিল, তিনি ফটো তুলিতে সম্মত
হইলেন। অনেক অমুরোধের পর মুস্তানকে ফটোর জন্ম বসাইতে মত
করিলাম। মুস্তানের গাত্র বস্ত্র দিয়া ঢাকা দেওয়া হইল। তিনি
বসিলেন। ডাক্তার ক্রমশঃ সাত থানি প্লেট নষ্ট করিলেন, অর্থাৎ
সাত বার ফটো লইলেন, পরে চেহারা উঠান কার্য্য (ডেভেলপ্ করা)
শেষ হইলে দেখা গেল যে মুস্তানের দেহের বেশ ছবি উঠিয়াছে, কিন্তু
মন্তক আদে উঠে নাই, সাতবার এইরূপ হওয়ায় ডাক্তার বেশ
ব্বিলেন যে, ইহা ক্যামেরার দোষ নহে বা তাঁহার নিজের ক্রতিত্বের
দোষেও ঘটা সম্ভব নহে, তখন তিনি ভাবিলেন যে তিনি মুস্তানকে
ভক্তি করেন না বলিয়া মুস্তান তাহার এই দণ্ড করিতেছেন, তখন
মুস্তানের নিকট ভিনি ক্রমাপ্রার্থনা করায় মুস্তান বলিলেন, 'তুমি কি
এখনও আমাকে পাগল বলিতে চাও?' ডাক্তার বলিলেন, 'না'—'

আমি নিজ কার্য্যের জন্ত বড় হু:খিত আছি, মুস্তান ফটো লইতে অহুমতি দিলেন, এবারে সুন্দর ফটো উঠিল।"

"আমার বাটীতে তিন সপ্তাহ থাকিবার পর তিনি যাইবার ইচ্ছা প্রকাশ করিলেন। প্রায় ২০ কোশ দুরে একটি গ্রামে আমি কয়ে কটি বন্ধসহ মুন্তানকে লইয়া গেলাম। এখানে একটি লোককে আমাদের থাকিবার জন্ম একটি বাসা ঠিক করিয়া রাখিতে পূর্বে হইতে সংবাদ দিয়াছিলাম, তিনি গ্রামে অক্ত ঘর না পাইয়া একটি ভূতের আবাসযুক্ত ঘর আমাদের জন্ম হির কবিয়া রাখিয়াছিলেন। এই বাটী তিন বংসর পূর্বে নির্দ্মিত হয়, যাহার বাটী তিনি ইহাতে এক রাত্রিমাত্র বাস করিয়াছিলেন, সেই রাত্রিতেই শ্যাস্থ তাহাকে তুলিয়া লইয়া কে রাস্তায় রাখিয়া দিয়াছিল ৷ লোকে মনে করে, এই বাচীতে কোন দৈত্য বাস করে; এইঞ্জুই কেহ এই বাটীতে থাকে না, বাটী পড়িয়া আছে। আমরা ঐ বাটীতে ধাইয়া একটি দরে সকলে রাজে নিজিত হল্লাম, মুস্তান কেবল তাঁহার চেয়ায়ে বসিয়া রহিলেন: মধ্যরাত্রে মুস্তানের উচ্চ কথা ভনিয়া নিজাভদ হইণ; তিনি বালতেছেন—'মুরসাদ, মুরসাদ, এই দৈত্য আমা অপেক্ষা অধিক বলবান, এস আমাকে সাহায্য কর। মুরদাদ অর্থে গুরু বুঝায় । আমি দেবিলাম, মুখ্তান চেয়ারের নিকট দাড়াইয়া কাহার সহিত রাগাহিত ভাবে কথা কহিতেছেন। তিনি কাহার দহিত কথা কহিতেছেন, তাহা আমি বুঝিতে বা দেখিতে পাইলাম না, এবং অত্যের কথাও গুনিতে পাইলাম 🚁। কিছু পরে মুস্তান চেয়ারে বাসয়া পড়িলেন ও বলিতে লাগিলেন, 'এতক্ষণে আমি এই তুর্ত হইতে নিজ্তি পাইলান, যদিও এটি একটি শক্ত ্লোক, এবং আমাকে গুরুদে⊲ের সাহায্য পর্যান্ত লইতে হইয়াছিল'।"

"মুস্তান পরে আমাকে বলিলেন, 'এই বার্টাতে একটি ছুই ও শক্তিশালী দৈত্য বাস করিত। পরদিন প্রাতে আমরা গুরুষামীকে তাঁহার বাটীতে আসিয়া বাস করিতে বলিলাম, আমরাও তাহার স্থিত ঐ বাটীতে তিনদিন রহিলাম। ইতিমধ্যে দৈতা আর ফিরিল না বা কোন অত্যাচার করিল না।' এই দিন বৈকালে মুস্তান কিছু মন্ত্রপাঠ করিয়া আমাদের, লইয়া একটি গাছের তলায় যাইলেন, গাছটি গ্রাম হইতে আধ ক্রোশ দূরে, তথায় আরও কয়েকটি মন্ত্রপাঠ করিয়া তিনি গাছে একটি পেরেক পুঁতিয়া দিয়া বলিলেন, 'নৈতাটি এইগাছে আবদ্ধ রহিল, এই গাছের তলায় যেন কেহ নিজ্ঞা না যায়'।

"মুস্তান পুনরায় অক্সত্র যাইতে ইচ্ছা করিলেন, আমাকে তিনি একটি ছোট বোড়া সংগ্রহ করিতে বলায়, একটি ঘোড়া আমি দিলাম। ঘোড়াটি জিন ও লাগাম দেওয়া প্রস্তুত, কিন্তু মুস্তান তাহার জিন ও লাগাম খুলিয়। ফেলিলেন পরে তিনি ঘোড়াটির উপর তাহার লেজের দিকে মুখ করিয়া বিসলেন ও আমাদের সহিত কথা কহিতে কহিতে খীরে খীরে যাইতে লাগিলেন, ঘোড়াটি যেন লাগাম দারা চালিত হইতেছে, এরপভাবে যাইতে লাগিল। কিয়দূর যাইয়া আমরা সকলে বাটীর দিকে ফিরিলাম মুস্তান চলিয়া গেলেন, তাহার পর আর উাহাকে দেখি নাই।"

"জনৈক পণ্ডিত জীর নিকট হটতে ইগার সম্বন্ধে আর একটা সংবাদ এইরপ পাওয়া যায়। ১৮৮২ সালের মে মাসে মহামতি কর্নেল অলকট ও গুপ্তবিভার প্রকাশিকা শ্রীমতী হেলেনা পেটোভা র্যাভাট্সি হই জনে নেলাের নগরে প্রাবিভাসমিতির একটি শাখা স্থাপন করিয়া বিক্মহাম্ ক্যানাল দিয়া গুলুর নগরে যাইতেছিলেন, পথি-মধ্যে রামায়াপট নামে আমার জনৈক বন্ধুর সহিত তাহাদের দেখা হয়, বন্ধুটি ওলোলের কালেক্টরি আফিসে সেরেন্ডাদারের কাজ করেন। বন্ধুটি উহাদের নৌকায়,উঠিলেন এবং শ্রীমতী র্যাভাট্সি উহার পায়ে কাপড় বায়া রহিয়াছে দেখিয়া জিজ্ঞাসা করায় জানিলেন যে, তাহার পারে একটি ছাই ক্ষন্ত হইয়াছে, নানা প্রকার চিকিৎসাতেও ইহা সারিতেছে না। ইহাতে বিদ্বী শ্রীমতী হেলেনা বলিলেন, একবৎসর পরে তোমার একটি মহাত্মার সহিত সাক্ষাৎ হইবে, তিনি তোমার ক্ষত আরাম করিবেন। ঠিক একবৎসর পরে এই মুস্তান ওলোলে আনেন। তিনি সেরেন্ডাদারের ক্ষত দেখিয়া নিজের মুখ হইতে একট্ পু পু লইয়া ঐ ক্ষততে মাখাইয়া দিয়া তাহাকে স্নান করিতে বলিলেন। ক্ষত তৎক্ষণাৎ সারিয়া যাইতে আরস্ত হইল এবং হই দিনের মধ্যে একবারে সারিয়া গেল। শ্রীমতী রাভাট্স্পিও এই মুস্তানকে জানিতেন দেখা যাইতেছে।" মুস্তানের ফটোর একটি চিত্র ও তাঁহার দত্ত পদকের চিত্র ১৯০৯ সালের নভেম্বর মাসের 'বিয়জফিউ'-পত্রে প্রকাশিত হইয়াছে, এবং এই বিবরণও উক্ত পত্র হইতে সঙ্কলিত হইল।

শ্ৰীকাৰ্ভিকচন্দ্ৰ বন্দ্যোপাধ্যায়।

## যক্ষের প্রতিহিংসা।

গত পূলার বন্ধে বিজয়া দশমীর পর একদিন সন্ধ্যার সময় আহিক শেষ করিয়া ছাদ হইতে নীচে আসিয়া শুনিলাম, বাড়ীতে এক বোরতর কলরব পড়িয়া গিয়াছে। স্ত্রী বলিল, 'স্বরেক্রের ফিট উঠিয়াছে; স্থরেক্র পাক করিতেছিল, হঠাৎ ফিট হওয়াতে উনানের মুখে পড়িয়া যায়, প্যারী ঝি না থাকিলে ছেলেটি একেবারে পুড়িয়া ছাই হইত! তাই তাহাকে লইয়া এই হলস্থল পড়িয়া গিয়াছে।' আমি যেথানে বিস্থাছিলাম, সেথান হইতে স্বরেনের অমাহ্যমিক বিক্বত কঠম্বর শুনা যাইতেছিল। আমি লানিতে পারিয়াছিলাম, স্বরেনের উপর ৬ মাস পূর্বে একবার ভৌতিক আশ্রয় হইয়াছিল, ওঝার কবচ

ধারণ করিয়া মুক্তি পায়। সেই হইতে তাহার আত্মীয়েরা তাহাকে নিরুপত্তব মনে করিত। এইবার আমার একটু সন্দেহ হইল। আমি আমার কোন বন্ধর নিকট হইতে ভূতের হ' একটা মন্ত্র শিধিয়াছিলাম। ভাহার একটা পরীক্ষা করিতে বড়ই ইচ্ছা হইল ৷ আমার বিশাস ছিল যদি প্রকৃত ফিটের ব্যারাম হয়, তবে আমার মন্ত্রের কোন কার্য্য হইবে না, তাহা না হইলে আমার ক্ষুদ্র মন্ত্রের সাহায্যে বালকটীর জীবনরকা হুইতে পারে। আমি স্মুরেনের বিছানায় যাইয়া দেখিলাম, ১২ জন লোক তাহাকে ধরিয়া রাখিতে পারিতেছে না। পায়ের ও হাতের এক একটি আঘাতে ৪।৫ জন লোক যেন তণবৎ ঝরিয়া পড়িতেছে। ১৮ বংসর বয়স্ক একটা বালকের সহিত এতগুলি লোকের রণাভিনয় **(मिथिया आ**मि वास्त्रविक्टे किছुकान स्टक्त ट्टेया ब्रिटनाम। स्थित করিলাম, ইহা নিশ্চয়ই ভৌতিক উপদ্রব। একজন চাকরকে দিয়া কয়টি ছোট কচর ডগা আনাইলাম. এবং একটি ডগাতে মন্ত্র পড়িয়া স্থারেনের কানের ভিতর দিবার নিমিত্ত একটি লোককে বলিলাম। আশ্চর্য্যের বিষয়, ডগাটি হাতে লইবামাত্র লাফালাফি চতুর্ভুণ বুদ্ধিপ্রাপ্ত হইল এবং কোন রকমেই কানের ভিতর ডগাটি প্রবেশ করাইতে मिल ना। **आमि आम्मि क**रिलाम, ममन्त मन्ति প্রয়োগ করিয়া এই কচুর ডগা কানের ভিতর দাও। ডগাটি কানের ভিতর দিয়া একবার নাড়িবা মাত্র স্থারেন আমাকে লক্ষ্য করিয়া জিজ্ঞাসা করিল এবং নিম্লিখিত কথাবার্তা আরম্ভ হইল :--

সু। তুমি কে? কেন আমাকে কট দাও?

আ। তুমি কে, আগে আমাকে বল। না হ'লে আমার পরিচর তোমাকে দিব না।

. স্থ । তুমি আমাকে চেন, স্থারক্রবিজয় দাস তোমার কেহ নহে, তার জন্ম আমাকে কষ্ট দেওয়া তোমার উচিত হইতেছে না, তোমার কচুর ডগার সামাদের ভারি বস্ত্রণা হর, ভোমার সাত্মীরকুটুন্থের সমস্বল হইবে।

খা। তোমার ঐ কথাকে খানি ভয় করি না, তুমি কে বল। না হয় খাবার কচুর ভগা কানের ভিতর দিব।

স্থ। দেখ ! আমারা ছুইজন, আমি বক্ষ ও সার একজন কাল ইছাকে লইয়া বসিয়াছি।

আ। কি অপরাধে ইহার সর্বনাশ করিতে বসিয়াছ ?

যক্ষ। এই ছেলেটা মহাপাপী ও হতভাগা। তিনক্ষন ব্রাহ্মণকে অনর্থক লাখি মারিয়াছে। একজনের নাম কালীপ্রসন্ন, একজনের নাম ভারিণীচণ, ও একজনের নাম উমাচরণ।

স্থুরেনের পিত। সেধানে উপস্থিত ছিল, তাহাকে জিজ্ঞাস। করিয়া জানিলাম, ইহা প্রকৃত।

আ। স্থারেন তার জন্ম প্রায়শ্চিত করিবে, তোমরা তাহাকে ছাড়।

যক্ষ। অসম্ভব। তাহার রক্ত খাইব। তাহার বংশ পর্যান্ত ধ্বংস
করিব। তাহার ভগিনী ও ভাগিনেরাকে বিনাশ করিয়াছি, তাহার
সসত্তা জোঠাই মাকে নষ্ট করিয়াছি এবং তাকেও নষ্ট করিব।
আমাদের সাহায্য তার মাও করিতেছে।

আ। ভার মা ভোমাদের সঙ্গে জুটিল কেমন করিয়া? সেও মরিয়াছে আজ ১২।১৪ বৎসর হইবে।

যক্ষ। তার মা অমৃক্ত, হতভাগ্য তার মার সপিগুকরণ এমন কি একটা মাসিকও করে নাই। সে এখন এখানে আসিয়াছে, তার মাধার নিকট দাঁড়াইয়া আছে।

ऋरत्रत्नत्र थिंछ। कहिन, देश ममस्य मण्ड किडूरे मिथा। नरह ।

আ। তোমরা তাহাকে কোথায় আত্রয় ক্রিলে?

यक। আমরা নিধুরাম সেনের পুকুর পারে বে তাল গাছ আছে,

त्रिवात्न वाकि। এই ছেলেটা একদিন ছুপুরে সেবানে গিরাছিল, প্ৰভিহিংসাবশভঃ পাইয়া ৰসিৱাচি।

আ। তোমরা কি কাহারও উপকার করিতে পার না গ

ं यकः। काषात्रश्र छेभकात कतिवात हेव्हाश्र व्यामारमत मरन हत्र ना। অপকার করিতে ভাল লাগে। স্থরেনের হাতপাগুলি যদি ভালিয়া माछ, তবে আমাদের বড় আনন হইবে।

আ। তুমি পূর্বেক ফি ছিলে, আর কেনই বা এইরূপ অবস্থায় আছ ?

যক। আমি এক জন্মে বকুয়া চিলাম (বৌদ্ধর্ম্মাবলম্বীকে আমা-দের দেশে বরুরা বলে ) তার পর একবার ত্রাহ্মণ হইরাছিলাম। সঞ্চিত অর্থ অনেক ছিল, সেই অর্থের দায়ে পড়িয়া এই হুর্গতি হইয়াছে। কিছতেই আর উর্দ্ধে বাইতে পারিতেছি না।

আ। তোমরা এখন বালকটিকে ছাড. যাহা চাও তাহা দিব।

যক্ষ : এক কোড়া পাঁঠা দিয়া ঐ তালগাছ তলে পূজা দিতে হইবে। ১৫ জন ব্রাহ্মণ ভোজন করাইতে হুইবে, তবে ছাড়িব : কিন্তু একেবারে যাইব না। স্থারেজ হয় অন্ধ হইবে, নয় আতুর, নয় পাগল হইয়া মরিবে। ইহার যেটি ইচ্ছা নিতে পার, তবে আমরা যাইব।

আ। ইহা অত্যন্ত অন্যায় কথা, না যাও ত আবার ডগা মারিব. এবং মা মগধেশ্বরীকে জানাইব।

মগধেশ্বরী চট্টলের একটা প্রত্যক্ষ দেবতা। সমস্ত অপদেবতারা ইঁহাকে ভয় করে বলিয়া সকলের বিশ্বাস।

বক্ষ। তাঁহাকে আমরা ভয় করি না, আমরা শংকরের অমুচর, মগধেশ্বরীর কথার ছাড়িব না।

এমন সময় আর একটা মন্ত্র পাঠ করিলাম। সুরেন বলিতে লাগিল, 'স্থামি মগধেখরী ভোমার কাছে আসিরাছি, কি চাও।"

আ। বালকটিকে রকা কর।

মগবেশ্বরী। আমি পারিব না, আমি তিন বার ইহার প্রাণ রকা করিয়াছি, একবার কুমিলায়, এক বার চট্টগ্রামে, এক বার ভাষার বাজীতে। আৰু চৌদ্ধ বংসর হইল, আমায় একটা সেবা দিবার यानिक हिन, जाहा (एम नाहे। याक (म कथा, किन्न बहे छूटि আমার অহুগত নহে, তাহারা আমার কথায় ছাড়িবে না।

কুমিল্লায় যখন জ্যেঠা মহাশয় কবিবর নবানচজ্র সেন ডেপুট ছিলেন, তথন সুরেন তাহার পিতার সহিত সেধানে ছিল। তাহার পিতা সেখানে পাক করিত, সেই সময় একবার স্থুরেনের উৎকট রোগ হইয়াছিল বলিয়া তাহার পিতা স্বাকার করিল।

আ। মা ভূমি যেমন করিয়া পার ছেলেটর প্রাণ বাচাও।

মগধেরী। আমি এইখানে থাকিতে পারিতেছি না. স্থানটি অপবিত্ত, ভাহাকে বিফুমগুপে লইয়া আইস। আমি একবার শিবকে অমুরোধ করিয়া দেখিব।

এই কথা বলা শেষ হইতে না হইতেই, আবার লাফালাফি আরম্ভ হইল। আমি ইতিমধ্যে শান্তিরাম দে নামক একটা ওঝাকে ডাকিতে পাঠাইলাম। সে আমাদের বাড়ীতে পা দিবা মাত্রই অজ্ঞান স্থরেন ভন্নানক কুৎসিৎভাবে তাহাকে গালাগালি দিতে আরম্ভ করিল। সে আসিয়া একটি কলার ডগায় কি মন্ত্র পড়িয়া ভয় দেখাইতে লাগিল, কিন্তু কিছুতেই কিছু হইল না। তাহার। কিছুতেই ছাড়িবে না প্রতিজ্ঞা করিয়া বসিল। অগত্যা স্থরেনকে ধরাধরি করিয়া মণ্ডপে আনা হইন। সেইখানেও প্রায় এক ঘটাকাল নানাক্লপ চেষ্টা করি-বার পর উভয়ে ভাহাকে পরিত্যাগ করে। তবে এই প্রতিজ্ঞা করাইল যে, পাঁঠা দিয়া পূজা দিতে হইবে, ছটি পারাবর্ড কাটিয়া নিধুরাম সেনের পুকুরের জলে ফেলিয়া দিতে হইবে। শিবের অনুগ্রহে তাহারা

বালক টিকে পরিত্যাগ করিল। বাইবার সময় এই বলিয়া গৈল বে,
আমরা চলিয়া বাইবার পর তাহার জ্ঞান হইবে; কিন্তু ১৫ মিনিট কথা
কহিতে পারিবে না। বাস্তবিকই তাহা হইল। স্থরেক্ত তাল হইলে
পরও ১৫ মিমিট বোবার মতন ছিল। জিজ্ঞাসা করিলে কোন কথার
অবাব দিতে পারিত না। রাত্রি ১১টার সময় সে সম্পূর্ণ সুস্থ হয়।
আজ পর্যান্ত তাহার উপর আর দিতীয় আক্রমণ হয় নাই। এই
ঘটনা দেখিবার জন্ম অনেক লোক উপস্থিত হইয়াছিল। তন্মধ্যে
আমার পিতাঠাকুর স্বয়ং ছিলেন ও তুই একজন খ্যাতনামা পশুতও
উপস্থিত ছিলেন।

শ্রীস্থেন্দুবিকাশ রায়। চটুগ্রাম জজ কোর্টের উকীল।

## অন্তুত জন্ম।

আমি আৰু প্রায় ১০ বৎসর অতীত হইল বিবাহ করিয়াছি।
সম্ভানসম্ভতির মধ্যে তিনপুত্র, ছই কলা। সকলেই স্বস্থ শরীরে
বর্জমান। সর্ব্ব কনিষ্ঠ পুত্র সম্ভান ১৩১৬ সালের ৮ই অগ্রহারণ
বুধবার প্রাতঃকালে জন্মগ্রহণ করিয়াছে।

ষে ঘটনাটি বির্ত করিতেছি, তাহা আমার এই কনিষ্ঠ শিশু পুত্রটার জীবনের সঙ্গে বিশেষভাবে জড়িত থাকার এতদ্সম্বন্ধে ২।৪ কথা বলিতে হইল। শিশুটী মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হওয়া অবধি এ পর্যান্ত যত ঘটনা ঘটিরাছে ও ঘটিতেছে, সমস্তই অতি আশ্চর্যাপ্ত আলোকিক রহত্তে পরিপূর্ব।

ুপ্রথমতঃ শিশুটী মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হইতেই দেখা গেল বে, উহার "ফুরড়" সমাধা হইয়াছে অর্থাৎ আমাদের শাস্ত্রের আদেশ- শহুশারে প্রত্যেক পুত্র সন্তানকে ৪ বংসর হইতে আরম্ভ করির।
১০।১২ বংসর বরসের মধ্যে ক্লননন্তিরের অগ্রভাগের চর্দ্ম কর্ত্তন করির।
বুরাইরা উণ্টাইরা দেওরা হয় । ১৫।১৬ দিন মধ্যে দা শুকাইরা বায় ।
এই ক্লনেন্তিরের কর্ত্তিত স্থানে এক প্রকার কাটা চিল্লু থাকির।
বায় । প্রত্যেক মুসলমানকেই এই অমুর্তান সমাধা করিতে হয়,
নতুবা সে মুসলমান নহে । সে ঘোর নারকী এবং সমগ্র মুসলমান
সমাজে সে একঘরে অর্থাৎ আপনাদের উপনয়ন (শৈতা) দীক্ষা
কার্য্য বেমন শুকুতর, আমাদের এই 'ছুয়ত' কার্যান্ত তজ্ঞাপ শুকুতর,
(ফড়ক) শিশুটী মাতুগর্ভ হইতেই এইভাবে অর্থাৎ পূর্ণ-'ছুয়ত'
হইয়া কণ্ডনচিত্রস্ত ক্লনগ্রহণ করিয়াছে ।

প্রথম দিনের ঘটনাটী এইরপঃ—ছেলেটী সবে এই ৫ মাসে পড়িয়াছে, বিপত ফান্তন মাস হইতে ঘটনার ক্ষুপ্রপাত হয়। শিশুটীকে রাজিতে বিছানার শোওয়াইরা রাখা হইয়াছে, অতি প্রত্যুবে শিশুর জননী নিজাভঙ্গের পর চাহিয়া দেখে শিশু বিছানার নাই। এ ঘর ও ঘর আনাচ-কানাচ পাতিপাতি করিয়া অকুসন্ধান চলিতে লাগিল। সকলেই ব্যতিব্যস্ত, শিশুর জননী কাঁদিয়া আকুল ও অচৈতক্ত। পরে সকলের হা-হতাশ নির্ভি হইল। প্রায় তার ঘণ্টা পরে অক্ত ঘরের বারান্দার সিঁড়ির ধাপের উপর ছেলেকে ঘুমন্ত অবস্থার পাওয়া পেল।

২য় দিনের ঘটনা।—প্রথম ঘটনার ২।০ দিন পরে রাজি অহমান ১টার সময় শিশুটী অদৃশ্য হইয়া যায় এবং আধ ঘণ্টা পরে অক্ত ঘরের মধ্যে রোক্রছমান অবস্থায় পাওয়া যায়। বলা বাছলা, বে ঘরে শিশুকে পাওয়া গেল, সে ঘরটার চারিদিকে কাঠের বেড়া এবং সমস্ত অর্গল ও দরজা লোহকীলকে বন্ধ ছিল। প্রায় এক মাসের অধিককাল এই ঘরে কেহই অবস্থান করে নাই।

তয় দিনের ঘটনা।—রাত্রি আন্দার সাড়ে তিনটার সময় ছেলেটিকে ত্ম পান করাইয়া মাতৃপাশে শোওয়াইয়া রাথা হইয়াছে, ঠিক পনের मिनिष्ठे काल ना वारेटिंग्डे ह्हिल जावात जाएं रहेत। जकत्वरे जम्छ স্থান তন্ন করিয়া খুঁজিয়া বেড়াইতে লাগিল। সমস্ত রাজি ঐ ভাবেই কাটিয়া গেল। পরদিন অতি প্রভাবে পূর্বকবিত ঘরের বারান্দায় ঘুমন্ত অবস্থায় পাওয়া গেল। তাহার পর হইতে প্রায় ৩।৪ দিন অন্তর কিন্ধা হয়ত ২:১ দিন পরে রাত্তিতে এপবা প্রকাশ্র দিবা-লোকে মাতা ও ধাত্রী ও অক্তাক্ত শত শত চক্ষুর পরিরক্ষিত অবস্থার মধ্যে শিশুটী অনুশ্র হইরা সাধারণের দৃষ্টিপথ হইতে অন্তহিত হইতেছে। আরও আশ্চর্য্যের বিষয় এই ষে, শিশুর অদুখ্য হইবার পূর্ব্বে ও পরে অদুখ্য স্থানের চতুর্দ্ধিকে কেমন এক প্রকার মনোপ্রাণ-মাডোয়ারা সৌরভ অমুভূত হইতে থাকে। ষেন নিকটেই কোন ফুলের বাগান হইতে উক্ত গৌরভ আসিতেছে। অথবা কেছ আতর ঢালিয়া দিয়াছে. এরপ অফুভব হয়। এখনকার ঘটনায় অধিক আশ্চর্যোর বিষয় এই বে, ছেলে অদুভা হইবার পর আর পূর্বের ভায় যুমস্ত বা রোরভ্যান অবস্থায় পাওয়া যায় না, হয় ত কোনও দিন বাটীর বে ঘর অপেকা-ক্বত পবিত্র সেই ঘরের মধ্যে কিংবা হয় ত প্রাক্তণে সবুত্র দুর্বী ঘাসের উপর পাওয়া যায়।

এই অলোকিক রহস্তপূর্ণ ঘটনাটার বিবরণ আফোপাস্ত পাঠ
করিয়া ইহার বুজিতত্ব শীমাংসা-সম্পর্কে আমার নিয়লিখিত কৌত্হলদীপক প্রশ্নগুলির ষধাষণ ব্যাখ্যা ও উত্তরপ্রদানে আমাদের ঔৎস্ক্র
নির্ভি করিবেন এবং শিশুর জননীর শোকসন্তাপিত হৃদয়ের আশু
শান্তিদায়ক যদি কোন সিদ্ধ যোগী বা সাধু-সন্ত্যাসী ফকির আপনার
জানা বা পরিচিত থাকে, তবে তাঁহাদিগের নিকট উল্লিখিত ঘটনাটা
আভোপান্ত জানাইয়া বে কোনও প্রভিকার বিহিত বিবেচনা করেন,

লিখিয়া জানাইলে আপনাদিগের সমীপে আমরা জাজীবন চিরক্তজভাপাশে আবদ্ধ ও চির-বাধিত থাকিব।

১ম প্রায় : যে শিশুর বয়স সবে মাত্র ৫ মাস, হাঁটিতে পারে না, সে কোনু শক্তির বলে শত শত লোকচকুর অর্ত্তরালে কোণায় নীত হয় १

২য় প্রশ্ন। যদি কোন প্রেতাত্মার দৈব শক্তির বলে অদুখ্য হয়, ভবে কোণায় অবস্থান করে ও পুনর্মার আইসে কেন ?

তর প্রশ্ন। ঐ প্রেতাত্মা ছেলেটা লইরা পিয়া অনিষ্ট করে কি না কিছা ভবিয়তে উহার কোন অনিষ্ট হইবার আশক। আছে কি না: কিছা হইতে পারে কি না ?

৪র্ব প্রার। লোকচক্ষুর অস্তরালে দীর্ঘ সময় এমন কি প্রায় ১৫৷১৬ ঘটা অভিবাহিত হয়: শিশু কুধা-তঞ্চায় বা কেন কাতর হয় না ?

৫ম প্রার। লোকচক্ষর অন্তরাল হইয়া আবার যথন তাহাকে পুনঃপ্রাপ্ত হওয়া যায়, তথন হয়ত ঘুমন্ত কিংবা সহজ স্থাসনে জীড়ারত, হাস্তফুরিতবদনে বা ক্ষ র্তিবাঞ্জক অবস্থায় পাওয়া যায় কেন ?

৬% প্রস্র। বে প্রেতানার দৈবীশক্তিতে শিশুটি পরিচালিত হয়. ভাছার উদ্দেশ্য অনিষ্ট করা কি মঙ্গল করা ?

चामता मकरनहे विरायण: निश्वत करनी हिन्नाचारत चाह्न अवः আমরা সকলেই সমস্ত রাত্রি বিনিত্রভাবে কাটাইতেছি।

আশা করি, আপনি কোনও সিদ্ধ মহাযোগী ও সাধু সন্ন্যাসী ক্ষকিরের নিকট হইতে ইহার প্রতিকারকল্পে যে কোন উপায় হয়, औरमञ्जूष कामानिकन। লিখিরা জানাইবেন। \*

পাঠকবর্গের মধ্যে যদি কেই উপরোজ প্রমন্তলির কোন স্থীমাংসাস্চক উত্তর প্রদান করেন, ভাষা হইলে আমরা ভাষা প্রকাশিত করিব। সং সং ।

## "পুনরাগমন।''

#### (পূর্ব্ব প্রকাশিতের পর।)

( ৩€ )

পুর্ব্বোক্ত ব্যাপার দেখিয়া বন্ধুটী শুন্তিত। আমি মাথা তুলিয়া দেখি তিনি কিংকর্ত্তবাবিমৃঢ়ের ন্যায় দাঁড়াইয়া আছেন। তাঁহার অবস্থা দেখিয়া আমি কিঞিৎ অপ্রতিভ চইলাম। বলিলাম—"পিতার কথার বুবিলেন, আমাকে একটী আত্মীয়ের সন্ধানে এখনই গৃহত্যাগ করিতে হইবে।"

বন্ধু বলিলেন—"বুঝিয়াছি। আর ইহাও বুঝিয়াছি, সেই আত্মীয়ের সঙ্গে আপনার পিতার ব্যাধির একটা ঘনিষ্ট সম্বন্ধ আছে।"

আমি বলিলাম—"বনিষ্ট সম্বন্ধ ন। গ্উক, আপনার অসুমান একে-বারেই ভিন্তি-শৃক্ত নয়—কিছু সম্বন্ধ আছে।"

বন্ধু। যে রোগ আপনার পিতার হইয়াছিল, বোধ হয় একাস্ত মানসিক উদ্বেগই তাহার কারণ। আপনি যত শীঘ্র পারেন, আপনার আত্মীয়কে সন্ধান করিয়া লাইয়া আসুন।

আমি। কিন্তু সন্ধানের উপার হারাইয়াছি।

বন্ধ। কিলে ?

আমি। একথানি পত্র—আত্মীয় যেধানে আছেন, দেই পত্রে সে স্থানের ঠিকানা আছে। পত্র আমার জামার পকেটে ছিল। ক্রিকার ছুর্ঘটনায় বোধ হয় তাহা পথে পঞ্রা গিয়াছে।

আমার সমন্ত রক্তাক্ত পরিচ্ছদ পরিবর্ত্তিত করিয়া বন্ধ নিজেদের
 মর হইকৈ আমাকে কাপড়ও জামা দিয়াছিলেন, তিনি বলিলেন,

"আমার আমার পকেটে বে বে বছ ছিল, সে সমস্তই তিয়ি ন্তন আমার পকেটে রাবিয়াছিলেন।"

আমি বিতীয়বার পকেট অমুসদ্ধান করিলাম, পত্র পাইলাম না।
বন্ধু বলিলেন—"পত্র বদি না পাওয়া বায়, তা'হইলে সন্ধানের কি
করিবেন ?"

আমি উত্তর করিলাম—"তথাপি আমি তাহার সন্ধানে বাইব। বে ব্যক্তির গৃহে আমার আত্মীয় আছেন, তিনি একজন আতিথের ব্যক্তি। পদ্মীগ্রামে তাঁহার গৃহের সন্ধান করিতে বোধ হয় কট পাইতে হইবে না।"

বন্ধু বলিলেন—"আপনি যদি একবেলা অপেকা করিতে পারেন, ভাহা হইলে পত্তের একবার সন্ধান করিয়া আপদাকে সংবাদ দিই।"

আমি। পিতার আদেশ ত গুনিলেন।

वक्षः छथाभि चामि मःवाम गहेव।

এই বলিয়া বন্ধ প্রস্থানোখন হইলেন। আমি পিতার আচরণের জন্ম তাঁহার কাছে ক্ষমাপ্রার্থনা করিয়া বলিলায—"পিতার মানসিক অবস্থার কথা আপনার অবিদিত নাই। সেইজন্ম আপনাদের ক্ষত সহায়ভার কথা তাঁহার মন্তিকে প্রবেশ কারল না। সময়ান্তরে পিতার সঙ্গে আপনাদের পরিচয় করাইয়া দিব, আপনার পিতার সঙ্গেও পরিচিত করিব, তখন দেখিবেন আমার পিতার প্রকৃতি কেমন মধুর।"

বন্ধু বলিলেন—"কৈফিয়ৎ আমাকে দিতে হইবে না। আপনার আঘাত-উপলক্ষে আপনাদের সদে পরিচিত হইয়া আমি ধন্ত হইলাম এবং আপনার আত্মীয়ের আপমন-সংবাদ জানিবার জন্ত উৎস্ক রহিলাম।"

বন্ধু বিদার গ্রহণ করিলেন। আমিও বাঁতার জন্ত রুতসকল , হইলাম। মনে মনে ভাবিলাম, অতীতের স্থাবের সংসাক্ষ কিরাইয়া আনিবার এমন গুভ সময় হয় ত আর আসিবে না। অর্থে, যশে স্প্রতিষ্টিত হইয়াছি বটে,কিন্তু গোপালের গৃহত্যাগের সঙ্গে সঙ্গে শান্তিও আমাদের গৃহত্যাগ করিয়াছে। সত্য কথা বলিতে কি, অন্থতাপে হৃদয় জর্জরিত হইয়াছে। আমি শান্তির প্লাশার ব্যাকুল হইয়াছি। সর্কান্ত বিদ গোপাল ফিরিয়া আসে, গোপাল ফিরিয়া আন্তক। আমি আমার সমন্ত প্রাপ্যই গোপালকে প্রদান করিব। পিতার উপার্জনের এক কপর্দকও গ্রহণ করিব না। কি গোপাল, কি পিতামহ উভয়েরই তুলনায় আমার চরিত্র আমারই কাছে এখন পশুবৎ প্রতায়মান হইয়াছে। যদি পৃথিবী ঘুরিয়াও গোপালকে আনিতে হয়, আমি তাহাও করিয়া মহাপাপের প্রায়লিত করিব।

সম্বল্প স্থির করিলাম। শুধু তাই নয়, স্থির করিলাম, আমি একাকী বাইব। চাকর সঞী পরের কথা, ঐশ্বর্ধ্যের চিছ্নাত্মগুল সঙ্গে লইব না। গোপালের জন্য কাতর হইয়াছি, কিন্তু গোপালের উপর স্থ্যা পরিত্যাগ করিতে পারি নাই। দারিজ্যে গোপাল কিরপ স্থাভোগ করিতেছে, তাহা বুঝিবার জামার ইচ্ছা হইল।

আমি গৃহত্যাগ করিলাম। সঙ্গে সামান্ত মাত্র পাথের শইলাম।
এমন মনের ভাব—চণ্ডীতলা পথ্যস্ত পদত্রজেই ঘাইব। পিতামাতা
কাহারও সহিত আর দেখা করিলাম না: আমি একরূপ গোপনেই
গৃহত্যাগ করিলাম।

গলাতীরে উপস্থিত হইয়া নৌকাভাড়া করিতেছি, এমন সময় চির স্থান্থ ডাক্টারবাবুর কথা আমার কর্ণে প্রবেশ করিল—"একি গোপীনাথ, তুমি এমন সময়ে কোণায় যাইতেছ ?"

ফিরিয়া দেখিলাম, তিনি সন্ত্রীক গলালানে আসিয়াছেন। গোপন করিতে পারিলাম না। কোধায় যাইতেছি, কেন বাইতেছি, তাঁহাকে বলিতে হইল। শুনিয়া হাসিয়া তিনি বলিলেন—"এরপ ঘটবে—আমু আশা করিয়াছিলাম। আমি প্রভাতে ভোমার পিভাকে বধেষ্ট তির্থার করিয়াছি। তাঁহার স্বাস্থ্য-প্রত্যাবর্তনের অপেকা করিতে পারি নাই। গোপাল-স্বদ্ধে সমস্ত করা ও শুামচাঁদের আচরণ ত্মি বেমন বেমন আমাকে বলিয়াছিলে সমস্তই আমি গাঁহাকে বলিয়াছি। এখন ব্রিভেছি, মন্থ্যত্ব ভোমার পিভাকে একেবারে ভ্যাগ করে নাই। ভবে এখন ঘরে ফিরিয়া চল, আমিও ভোমার সলে গোপালের সন্ধানে বাইব।"

আমি বণিলাম—"ফিরিতে অনুরোধ করিবেন না, আমি পোপালকে না লইয়া ফিরিব না।"

ভাজারবার বলিলেন—"বেশ, বাড়ীতে যাইতে না চাও, আমার গৃহে চল। আমি ভোমার বউঠাকুরাণীকে ঘরে রাধিয়া ভোমার সঙ্গে বাই।"

এই সময় ডাজারবাবুর স্ত্রীও আমার কাছে আসিলেন। আমি কোধার মাইতেছি জানিতে চাহিলেন, স্থামীর কাছে সমস্ত শুনিরা তিনি বলিলেন—"সেকি, গোপীনাধ যদি না ফিরে, তুমিও তাহার সলে যাও। যদিই কর্ত্তার মতি ফিরিয়া থাকে, যদিই মা শুভচঙী গোপালকে আনিবার ইচ্ছা করিয়া থাকেন, তাহা হইলে বিলম্বে তোমরা কার্য্য পশু করিও না। আমি যাইয়া মাকে সমস্ত কথা বলিতেছি।"

চিরকরণামরী রমণীর এক কথাতেই কর্ত্তব্য সিদ্ধান্ত হইরা গেল। ভাজারবাবু পাল্কী করিয়া তাঁহার স্ত্রীকে আমাদের বাড়ীতে পাঠাইর। গোপালের অসুসন্ধানে আমার সঙ্গী হইলেন। আমর উত্তরপাড়া যাইবার জন্ম নৌকা ভাড়া করিলাম।

( 06)

আমাকে নৌকায় কিয়ৎকণের জন্ত বসিতে অমুরোধ করিয়া

ভাক্তার্বাবু সানাদি কার্য্য সমাপন করিতে জলে নামিলেন। "আদি" বলিলাম কেন, দেখিলাম যে ব্যক্তি একদিন পূজারী-ব্রাহ্মণ পুত্রের দেহ-রক্ষার বাবস্থায় অমানমুধে সুরুয়ার বন্দোবস্ত করিয়াছে, আজ সেই ব্যক্তি সানাক্তে জাহুীতারে বসিয়া হাতে পৈতা জড়াইয়া চক্ষু মুদিয়াছে। আমি নৌকায় বদিয়া কখন ডাক্তারবাবুর খ্যান দেখিতে লাগিলাম, কথন বা অসংখ্য স্নান্যাত্রীর জাহুবীঞ্লে ধর্মব্যাকুলতা দেখিয়া বিশ্বিত হইতে লাগিলাম। একবার নদীর দিকে দৃষ্টি ফিবাইলাম।

আখিনী দশমীর ন্বাগত জোলার । দেখিলাম, গৈরিকাভ বিশাল জলরাশি দেখিতে দেখিতে একটা একটা করিয়া খাটের সোপানগুলি গ্রাস করিতেছে: সিন্ধুসহায়া জাহুবী নানাদেশাগত জলরাশিকে উপেক্ষা করিয়া পলে পলে গর্বভিরে উত্তরোত্তর স্ফীত হইতেছে। व्ययुक्त पिक्रनवायु ब्लाङ्कतीरक रयन दिमानरयः भाषम्रत किंद्राहेया লইবার প্রলোভন দেখাইতে লাগিল তাহার এই তীর্থযাত্রার পথে অসংখ্য সঞ্জিনী যেন সহচরী হইবার জ্বন্ত ন্যাকুল হইল। অসংখ্য ছোটবড় নৌকা নানা বর্ণের পাল ফুলাইয়া ছুটয়াছে। ব্লাহুবীর গর্বোল্লাস যেন সকলকেই আশ্রয় করিয়াছে, সমীরশ্রস্তবসনা কুলাদনার মত তুইচারিধানি মাত্র পানসী কেবল কুলাশ্রয়ে দাঁড়াইয়া আছে-সমীরণে তাহাদের অঞ্চল উড়িতেছে। কুলের বন্ধন হইতে মুক্ত হইতে পারিলেই তাহারাও ফুলিয়া ফুলিয়া ছটিয়া যায়।

আমি সেই চারিখানির মধ্যে একটীতে বসিয়াছিলাম। তখন সহর হইতে গঙ্গাতীরস্থ গ্রামগুলিতে যাতায়াতে নৌকাই একমাত্র উপায় ছিল। আজ বিজয়াদশ্মী না হইলে, শত শত পানসীতে ঘাট ভরিয়া পাকিত। পূজায় লোকজন সকলেই প্রায় দেশে গিয়াছে, শতি শন্ধ লোকেই কার্ব্যোগলক্ষে কলিকাভার খাসে। এইজন্ত নৌকার সংখ্যা সেদিন শন্ধই ছিল এবং বাহাও ছিল, ভাহার শিক্ষাংশই জোরারের সঙ্গে সঙ্গে চলিরা গিরাছে। মোটে চারিধানি অবশিষ্ট, ভাহারও ভিনখানি ঘাট ছাড়িবার উপক্রম করিল। ভাহাদের পানসী লোকপূর্ব ইরাছে। আমাদের মাঝী বলিল—"বাবৃ! আর দেরী করিলে পথে ভাঁটা পড়িবে। একটানার গঙ্গা ভাঁটা পড়িলে পৌছিতে বড়ই বেলা হইবে।"

কাব্দেই বাধ্য হইরা ডাক্টারবাব্র ধ্যান ভঙ্গ করিতে হইল। তিনি আমার সম্বোধনে নৌকার উঠিলেন। দেখিলাম, তাঁহার গণ্ডে অশ্রু পড়িরাছে।

তিনি নৌকার উঠিয়া বস্ত্রপরিবর্ত্তন করিলেন। মাঝীও নৌকা ছাডিয়া দিল।

উভরেই আমরা ছত্তের মধ্যে আশ্রয় লইলাম। ডাক্তারবার্ একবার জিজ্ঞাসা করিলেন,—''কোণার বাইবে স্থির করিয়াছ ? ভোমাদের দরোয়ান ত বলিয়াছে গোপাল দেশে নাই।"

আমি। গোপাল দেশে নাই।

ডাব্রণার । ঠিক ব্রানিয়াছ ?

আমি। জানিয়াছি। তুলা সিং ঠিক জানিয়া আসিয়াছে।

ডাক্তার। তাহ'লেত তোমাদের খর পর্যান্ত নাই।

আমি। কিছু নাই। ভিটার জলল হইরাছে। জমিজিরাত সমস্তই শ্রাম গ্রাস করিরাছে।

ভাকার। ভাধু তুলা সিংএর কথার নির্ভর করিয়া বলিতেছ, না অক্ত কোন উপায় জানিয়াছ ?

আমি। তুলা সিং বাহা বলিয়াছে সমস্তই সত্য। অস্ত উপায়ে জানিয়াছি।

ভাক্তার। তাহ'লে তোমার পিতাকে গোপালের কথা বলিয়া व्यक्ताय केति नारे।

শামি। বাহা আপনি গুনিয়াছেন, তাহা হইতেও বলিবার বর্ণেষ্ট चाहि। शिठारक छारा छनारेल ताथ रव छारात समग्र छत्र रहेछ। আবার তাঁহাকে শ্ব্যাশায়ী হইতে হইত।

ভাক্তার। আমি অতি সাবধানে তাঁহার সহিত কথা কহিয়াছি। কথাশেৰে বুৰিয়াছি, ভাঁহার মনে অমুতাপ জাগিয়াছে। আমি হুই একটা কথা অমুমানে যোগ করিয়াছিলাম। তাঁহাকে বলিয়াছিলাম. "কলিকাতা ত্যাগ করিবার পর হইতে আজিও পর্যান্ত গোপাল আজিও পর্যান্ত তাঁহার কাছে এক কপর্দকও সাহায্য পায় নাই। কত দীন, অনাথ তাঁহার সাহায্যে বিভাশিক। করিয়া মামুষ হইয়া গেল, আর তাঁহার স্বাত্মীয় স্বর্ণাভাবে দীন ও মূর্থ হইয়া দেশে দেশে ভিক্ষা করিয়া বেড়াইতেছে।" অবশু আমি কণায় একটু কল্পনার যোগ করিয়া-ছিলাম। কেন করিয়াছিলাম, তা' বলিতে পারি না। গোপাল যতাকু ইংরাজী শিধিয়াছিল, তাহাতে অক্লেশে সে সাহেবদের আফিসে চাকরী করিতে পারিত। কিন্তু আমার কেমন যেন বোধ হইল গোপাল ভাহা করে নাই।

আমি। আপনি কল্পনাতে যাহা দেখিয়াছেন, তাহার এক বর্ণও মিথা। নয়।

ডাঙার। তা হইলে খাম মাদোহারা সমস্তই উদরসাৎ করিয়াছে ? আমি। সমস্ত।

ডাক্তার। আমি হরিরার মুধে চুর্ঘটনার কথা শুনিরাছি। শুনিয়াছি, তুমি পথ হইতে ফিরিয়াছ, মৃত্যুমুধ হইতে রক্ষা পাইয়াছ। কিন্তু এমন বিপদ গিয়াছে যে, তোমাকে সে সম্বন্ধে কোনও কথা জিজাসা করিবার অবকাশ পাই নাই।

আমি। আমিও পাই নাই। অবচ আপনাকে সম্ভ হুর্ঘটনার क्या वना व्यामात्रहे वित्नव श्रदाक्त हिन। डाङ्गात्रवातु ! (गांशान यथार्थ है जिथाती।

ডাক্তার। তুমি (কমন করিয়া জানিলে? আমি। আমি নিজের চোধে দেখিরাছি।

ভাকোর। দেখিয়াছ।

আমি। দেখিয়াছি। যে বৈশে গোপালকে দেখিয়াছি ভাহা আমি জীবনে ভূলিভে পারিব কি না সন্দেহ।

এই বলিয়া আছোপান্ত সমস্ত ঘটনা, আমার কলিকাতা-ত্যাগের পর হইতে যাহা যাহা ঘটিয়াছিল, সমন্ত—আন্তোপাত ডাজারবাবুর কাছে বিবৃত করিলাম।

কথা শেষ হইল, নৌকাও উত্তরপাড়ার ঘাটে লাগিল। ডাক্তার-বাব কথার শেষে বুঝিলেন, আমরা কোথায় যাইতেছি, তাহা আমাদিগকে পথে চেষ্টা করিয়া ঠিক করিয়া লইতে হইবে।

ক্ৰমশঃ

# গোধূলি-সঙ্গমে। \*

তরা বৈশাখ। রটমূলস্থ বেদীর উপরে আজ পুরা বৈঠক বসিয়াছে। সকলেই কবিরাজ মহাশয়ের কথা গুনিবার জন্ম অত্যন্ত উৎস্কু হইয়া আছেন এবং ব্যাকুলভাবে তাঁহার আগমন-প্রতীক্ষা করিতেছেন।

অধ্যাপক মহাশয় গম্ভীরভাবে বলিলেন, "কবিরাজ কি ঠিক সময়ে আসিবে ? হয়ত কোথায় রোগী দেখিতে গিয়াছে "

<sup>\* &</sup>quot;The Theosophist" ৰাষক পত্তে প্ৰকাশিত "In the Twilight"এর অমুকরণে।

নায়েব। কবিরাজ মহাশয় এখনই আসিতেছেন; তিনি বাটী হইতে খীহির হইয়াছেন। পথে জ্মীদারবাটী হইতে রোগী দেখিয়া আসিবেন।

পুরোহিত মহাশয় তরমূজের সরবৎ করিয়া রাধিয়াছিলেন। তিনি সকলকে তাহা বন্টন করিয়া খাইতে দিলেন। সরবৎ খাওয়া হইতেছে, এংন সময়ে কবিরাজ মহাশয় আসিয়া উপস্থিত হইলেন।

তথন জমীদার-পুত্র বলিলেন, ''এই যে কবিরাজ মহাশয় আসিয়াছেন।"

পুরোহিত। কবিরাজ মহাশয়। সরবং খাইবেন কি ? কবিরাজ। আপত্তি কি ?

কবিরাজ মহাশয় একবাটি সরবৎ পান করিলেন এবং ভাহার পর ভামাকু সেবন করিয়া স্থন্থির হইয়া বসিলেন।

ভ্যোতিবী। কবিরাজ মহাশয়, আপনার গল্পটা এইবার বলুন। আৰু আর অন্ত কথাবার্তার প্রয়োজন নাই।

কবিরাজ মহাশয় উত্তরীয়খানি স্বন্ধদেশ হইতে ক্রোডে নামাইয়া রাখিয়া বলিতে আরম্ভ করিলেন. --

"অনেক দিনের কথা, আমি তথন কলিকাতার এক টোলে সংস্কৃত অধ্যয়ন করি। সেই সময়ে এক ব্যক্তির সহিত আমার বন্ধর হয়। বন্ধুটি কলিকাতার কেলায় কোন উচ্চপদস্থ ইংরাজ-সামরিক কর্মচারীর অধীনে কৈরাণীগিরি করিতেন।

এই সামরিক কর্মচারী মহাশয় খুব সাদাসিদে ধরণের লোক ছিলেন। কল্পনা কাহাকে বলে জানিতেন না এবং পরলোক-সম্বন্ধে তাঁহার বিখাসাদি একেবারেই ছিল না। জীবনে তাঁহার প্রিয় কার্যা ছিল-মৃগয়া। তাঁহার স্বাস্থ্য পুব ভাল এবং দেহও মধেষ্ট विवर्ध हिन।

কোন কারণে এই সামরিক কর্মচারী মহাশরের নাম প্রকাশ করিব না। তাঁহাকে কর্নেল নীল এই কল্পিত নামেই এখানে পরিচিত করিলাম।

একবার এই কর্ণেল সাহেব কোন নিবিড় জন্মলে ব্যাদ্র শীকার করিছে গিয়াছিলেন। সলে লোকজনও যথেষ্ট ছিল। জললের বেখানে বাঘ আছে বলিয়া সকলের বিখাস ছিল, সেইয়্বানের ঝোঁপানাঁপ তাঁছার লোকেরা দীর্ঘ বংশদণ্ড সাহায্যে 'ঠেলাইতে' আরম্ভ করিল। পরে দেখা গেল, একটা বড় গোছের খানার মধ্যে ব্যাদ্র মহাশন্ন বসিয়া আছেন। কর্ণেল সাহেব খানার ভিতরে ব্যাদ্রকে বসিতে দেখিয়া উহার সন্মুখবর্জী একটা ঝোঁপের আড়ালে উপস্থিত হইয়া উহাকে গুলি করিবার সুথোগ অসুসন্ধান করিতে লাগিলেন।

বাঘ যেখানে বসিয়াছিল, সেখানটায় গাছ-পালা বেশী থাকায় অত্যস্ত অন্ধকার। বিশেষতঃ সে দিনটা আবার 'মেঘ্লা' ছিল। সেই অন্ধকারের মধ্যে কর্ণেল সাহেব দেখিতে পাইলেন, বাদের চোধ-স্থূটা অলিতেছে এবং যেন ভাঁহারই দিকে বাবের দৃষ্টি রহিয়াছে।

কর্ণেল সাহেব তথন আপনাকে নিরাপদ করিবার জ্ঞা সন্মুখের কোঁপ হইতে সামাগ্র একটু পার্খে সরিয়া দাঁড়াইলেন। কিন্তু তবুও তিনি ব্যায়ের:মুক্তি অতিক্রম করিতে পারিলেন না।

তাহার পর বাহা ঘটিল, তাহাতে তিনি দারণ বিশ্বরে শভিভূত হইলেন। থানার ভিতর হইতে তিনি হঠাৎ মহুষ্যের উচ্চ কঠন্বর শুনিতে পাইলেন। সে শ্বর ভীষণ বাতনা ও অকুতাপপূর্ণ। ন্বর ঠিক বেন ব্যাঘ্রের কঠ হইতে বাহির হইতেছে। বাব ঠিক বান্থবের ভাষার বলিভেছে—"ক্রম্বরের দিব্য, শামার গুলি করুন এবং গুলি করিয়া এই নরক-বর্মণা হইতে শামাকে উদ্ধার করুন।"

সেই সময় মেঘ অপসারিভ হওরায় হঠাৎ স্ব্যার্থি ,প্রকট হইরা

উঠিল। সেই আলোকে কর্ণেল সাহেব খানাটা বিশেষ করিয়া পরীক্ষা করিয়া দেখিলেন। বাদ ছাড়া খানার মধ্যে আর দিতীর প্রাণী নাই—মাকুষ ত দুরের কথা!

কর্পেল সাহের এই কথার কি উত্তর দিয়াছিলেন বলিতে পারি না।
কিন্তু পরে ব্যাদ্রের মুখ হইতে যে সকল কথা বাহির হইয়াছিল,
তাহাতে কর্পেল মহাশন্ন বৃত্তিতে পারেন যে, এই কণ্ঠস্বর এক ইংরাজ
মহিলার; কোন কারণে ইঁহার আত্মা এই হিংল্র পশুর দেহে প্রবিষ্ট
ও আবদ্ধ হইয়াছে। তিনি ভয়ানক যন্ত্রণা ও অনুশোচনা ভোগ
করিতেছেন। মহিলাটির এই আবদ্ধ আত্মা আরও প্রকাশ করেন যে,
যদি আপনি (কর্পেল সাহেব) এই ব্যাদ্রকে মারিয়া আমাকে উন্তুক্ত
করেন, তবে আমি চিরকাল আপনার নিকটে রুভক্ত থাকিব এবং
আপনার বিপদের সময়ে সর্কাণা আপনার সহায়ভা করিব। যথনই
আপনার কোন বিপদ উপস্থিত হইবার উপক্রম হইবে, তথনই আমি
আপনার সন্মুথে হরিণীরূপে আবিভূতি হইব। আপনি তথন হরিণীরূপধারিণীকে দেখিয়া বিপদের সম্ভাবনা বৃথিয়া সতর্ক হইবেন।

মৃত্তি-অভিলাধী আত্মার এই সকল উক্তি শুনিয়া কর্ণেল সাহেব স্থাবিষ্টের মত ব্যাহ্রকে লক্ষ্য করিয়া বন্দুক ছুঁড়িলেন। পরক্ষণেই উহার মৃতদেহ 'খানা'র ভিতরে লুটাইয়া পড়িল ও চিরদিনের মত বিশ্রামলাভ করিল।

এই ঘটনার পর কয়েক বৎসর কাটিয়া গিয়াছে। কর্পেল সাহেবের চিত্তপট হইতে এই বিশ্বয়কর ঘটনার স্মৃতি-চিত্র একেবারে মৃছিয়া না যাইলেও তিনি ইহা লইয়া ভার বড় একটা আলোচনা করিতেন না। এখন যদিও বা কখনও এই ঘটনার একটা ভালাই ছায়া তাহার স্মৃতিকে আছয় করিতে চেষ্টা করিত, কিছ তিনি তাহা হাসির আলোকে বিচুরিত কুরিতেন।

ষাহা হউক, আর একবার কর্ণেল সাহেবকে অপর এক জন্পণ শীকার করিতে ঘাইতে হয়। শীকারের অমুসন্ধান করিতে<sup>।</sup> করিতে তাঁহাকে এমন এক স্থানে আসিয়া উপস্থিত হইতে হয়, যেখানে আর **চলিবার পথ নাই। তথন কাজেকাজেই কর্ণেল সাহেবকে বাধ্য হই**য়া বড় বড় ঘাস ও ঝোঁপের উপর দিয়াই চলিতে হইল। তিনি কিছুদুর **অগ্রদর হইলে হঠাৎ তাঁহার সমূধে এ**ক হরিণী উপস্থিত হইল এবং কর্ণেল সাহেবের দিকে একবার্মাত্র করুণ নম্বনে চাহিয়া দেখিয়াই व्यव्यक्तिक वृद्धेन ।

হঠাৎ হরিণের আবির্ভাবে কর্ণেলের মনে বছ দিনের পুরাতন স্মৃতি জাগিয়া উঠিগ; তিনি আকমিক বিপদের আশকা অনুভব করিয়া ধ্মকিয়া দাঁড়াইলেন। তাহার পর সঙ্গের কুলিদিগকে অগ্রসর হইতে এবং খাদ 'ঠেকাইতে' বলিলেন। খাদ 'ঠেকাইবার' সময়ে দেখা গেল. কর্ণেল সাহেবের সন্মুখে - প্রায় হাত তিন তফাতে একটা প্রকাণ্ড গোৰুরা সাপ কুণ্ডলী পাকাইয়া রহিয়াছে। আর ছুই তিন পদ অগ্রসর হইলে নিশ্চয়ই কর্ণেল সাহেব তাহাকে পদদলিত করিতেন এবং সেই ভীষণ গোপুরা সর্পের দংশনে তাঁহার প্রাণবিয়োগ হ'ইতে পারিত।

এই ঘটনার পর আরও কয়েক বৎসর অতিক্রান্ত হইয়াছে. এখন কর্ণেল সাহেব অবসর লইয়া স্বীয় জন্মভূমি ইংলণ্ডে অবস্থান করিতেছেন। কিন্তু তথনও তাঁহার মন হইতে শীকার করিবার বাসনা যায় নাই।

ধরগোস শীকার করিবার মানসে একদিন তিনি কোন ক্ষুদ্র পল্লী-গ্রামের প্রান্তবর্তী এক শত্রকেত্রের 'বেডা'র ধার দিয়া যাইতে-ছিলেন। খন-স্নিবিষ্ট কণ্টক-ব্ৰক্ষের 'বেড়া' খারা সেই ক্ষেত্রের চারি দিক সীমাবদ্ধ ছিল। তিনি ক্লেত্রমধ্যস্থ 'বেডা'র পার্শ্ব দিয়া যাইতে हिल्न-छेत्मच कान ज्ञान वक्ट्रे कांक शाहेलहे त्रहेबान मित्रा

ক্ষেত্র হইতে বাহির হইয়া পড়িবেন; নতুবা কেত্রের ফটক দিয়া বাহির হইতে হইলে অনেক দূর হাঁটিতে হয়।

কিছুদ্র যাইতে যাইতে তিনি একস্থানে 'বেড়া'তে একটু কাঁক দেখিতে পাইয়া বিমন ঐ স্থান দিয়া বাহিব হইতে যাইবেন, অমনই তাঁহার সমূধে আবার সেই হরিণী হঠাৎ আবিভূতি হইয়া সেই কাঁকের নিকটে দাঁড়াইয়া রহিল; তাহার ভাবভঙ্গী দেখিয়া বোধ হইল যেন সে কর্ণেল সাহেবকে সেই কাঁক দিয়া বাহির হইতে নিষেধ করিতেছে। বিস্থায়ের বিষয়, এই জাতীয় হরিণী ইংল্ডে নাই।

কর্ণেল সাহেব হঠাৎ এই হরিণীকে দেখিয়া স্পষ্টই বুঝিতে পারিলেন যে, এই ফাঁক দিয়া বাহির হইলে নিশ্চয়ই কোন বিপদে পড়িতে হইনে। স্থতরাং তিনি সেখান দিয়া 'বেড়া'র অপর পার্ষে না গিয়া পুনরায় গতি পরিবর্ত্তন করিলেন এবং যে পথে অগ্রসর হইয়াছিলেন, সেই পথেই প্রত্যাবর্ত্তন করিতে করিতে ক্লেক্রের ফটক দিয়া বাহির হইয়া পড়িলেন।

এখন কর্ণেল সাহেবের মনে কৌত্হল হইল, বছ বর্ষ পরে কেন আবার হরিণী দেখা দিল, তবে কি ঐ স্থানে সত্য সত্যই আমার কোন বিপদ হইত। এই ভাবিয়া তিনি ক্ষেত্রের বাহির দিক দিয়া অর্থাৎ বেড়ার অপর পার্ম ধরিয়া চলিতে লাগিলেন। পরিশেষে যে স্থান দিয়া প্রথমে তিনি 'বেড়া'র বাহির হইবার উপক্রম করিয়াছিলেন, সেই স্থানের ঠিক বিপরীত দিকে আসিয়া উপস্থিত হইলেন, এবার ক্ষেত্রের মধ্যে নহে ক্ষেত্রের বাহিরে। সেইস্থানে দাঁড়াইয়া তিনি বেড়ার সেই কাঁকটুকু বিশেষ করিয়া লক্ষ্য করিয়া দেখিতে লাগিলেন; কাঁকটুকুর এক পার্মে একটা অপেক্ষাকৃত মোটা শুঁ ড়িযুক্ত গাছ ছিল এবং সেই শুঁড়ির এক স্থানে একটা তীবণ ছিল। কর্মেল সাহেব দেখিলেন, সেই পর্তের মধ্যে একটা তীবণ

ভীমরুলের চাক; যদি তিনি ঐ 'বেড়া'ন্থিত ঐ সামান্ত ফোঁকটুকু দিয়া বাহির হইতেন, তাহা হইল, 'নাড়াচাড়া' পাইয়া ভীমক্লেরা ক্রম হইয়া তাঁহাকে অংক্রমণ করিত। কি সর্বনাশ। ভীমরুলের কামভে সম্ভবতঃ তাঁহার মৃত্যু পর্যাস্ত হইতে পারিত। '

ইহার পর কর্ণেল সাহেব আরও তুই একবার সেই হরিণীর দেখা পাইয়াছিলেন এবং উহা ছারা সেই সেই সময়ে সতর্ক না ২ইলে তাঁহার বিপদ অবশ্ৰমাৰী হইত।"

কবিরাজ মহাশয়ের মূখে এই বিষয়কর অলৌকিক ঘটনার বিষয় क्षितिश व्यथाभक महाभद्र शक्षीत्रकार्य विल्लान. "गञ्जी हमरकात वर्ति. তবে ইহাতে বিশ্বিত হইবার কিছুই নাই ৷ মান্থবের জীবনে এমন কত শত ঘটনা ঘটে। একটা বাঘের দেহে কখনও কি একটা স্ত্রীলোকের আত্মা আবদ্ধ হইয়া থাকিতে পারে ?-- মসম্ভব ব্যাপার !"

ভাক্তারবাব। অধ্যাপক মহাশয় দেখিতেছি সকল কথাই অসম্ভব বলিয়া উডাইয়া দেন।

কবিবাঁজ মহাশয়। ওঁব বিখাস না হইলে উনি মানিবেন কেন ?

অধ্যাপক। আমি কি নান্তিক প্রকারান্তরে আমাকে নান্তিক বলা হইতেছে।

क्योमात-পूত। याउँक व्यश्वाभक यशामत्र कुक श्रेर्वन नाः।

জ্যোতিবী। বাঘের দেহে মাসুষের আত্মা আবদ্ধ থাকিতে পারে। উহা অসম্ভব নয়। জগতে অসম্ভব কিছুই নাই। তবে বে সকল অলোকিক ঘটনার সম্বন্ধে আমাদের কোন অভিজ্ঞতা নাই, কেন সে গুলি ঘটে ভাহার কোন কারণ নির্দেশ করিতে পারি না, সেই पर्টना श्रीतरू अमञ्जय तनि। ताञ्चतिक द्यर्शने मध्दक आमद्रा पञ्ज সেইগুলিকেই আমরা অসম্ভব বলিয়া থাকি।

মহাশদ্রের কবিত এই ঘটনার নিষয় আমাদিগের একেবারে অন্ধিগ্মা নহে। ইহার ব্যাখ্যা করা যাইতে পারে।

পুরোহিত। ভবে প্রথমে বলুন, কেন এক স্ত্রীলোকের আত্মা বাঘের দেহে প্রবিষ্ট হইল ?

জ্যোতিষী। স্ত্রীলোকটির আত্মা যথন কামলোকে অবস্থান করিতেছিল, তথন প্রবৃত্তির তাড়নায় বা প্রলোভনের বশে সে বাাঘ্রের দেহে প্রবিষ্ট হইয়াছিল। মনে করিয়াছিল যে, ইহার দেহে অবস্থান করিলে যথেষ্ট মাংসভোজন ও জীবহত্যা করা যাইবে, ইচ্ছামত নিরপরাধ প্রাণীদের প্রাণহরণ কর। যাইবে।"

নায়েব। কি ভয়ানক। স্ত্রীলোকটির আত্মার এমন নীচ প্রবৃত্তি কেন হইল १

জ্যোতিষী। সে মনে ধারণা করিয়াছিল, বুঝি বা ইহাতে ধুব তৃপ্তি হইবে। किन्नु यथन দেখিল, বাখের দেহে থাকিয়া তৃপ্তি নাই, কেবল অত্তপ্তি ও অশান্তি, তথন দে বাহির হইবার চেষ্টা করিল। মনে করিল, বাহির হইয়া আর এমন নীচ কার্য্য করিব না, সাধুভাবে থাকিব। কিন্তু তাহার মনে সাধু বাসনার উদয় হইলেও আর সে বাবের দেহ হইতে বাহির হইতে পারিল না। তারপর যখন কর্ণেল সাহেব শীকারের জন্ম জন্মণে উপস্থিত হইলেন, তথন সে বাদকে यातिया निक उद्घादात रहेश कतियाहित।

পুরোহিত। অথবা এমনও হইতে পারে, কোন নিষ্ঠর কার্য্যের জন্ম হয়ত সে ব্যান্তের দেহের সহিত এমন ভাবে আবদ্ধ হইয়াছিল, যে তাহার নিষ্কৃতি পাইবার উপায় ছিল না।

ডাক্তারবার। হয়ত স্ত্রীলোকটিকে কেহ ব্যাস্ত্র করিয়া রাথিয়াছিল। কোন কোন ঐল্লেক্সলকের এমন শক্তি লাছে যে, তাহারা ইচ্ছা করিলে মানুষকে ছাগল, ভেড়া ইত্যাদি করিতে পারে। এই স্ত্রীলোকটি

সম্ভবতঃ এই শ্রেণীর কোন ঐক্রপ্রালিকের কোর উদ্রিক্ত পকরিয়া থাকিবে এবং দেও প্রতিহিংসাবলে তাহাকে বাঘ করিয়া থাকিতে পারে। অসম্ভব কিছই নাই।

জ্মীদার-পুত্র। একি জ্মাপনি আরব্য-উপন্থাসের গল্প বলিতেছেন! ভাক্তার-বাবু। না! না! আমি বলিতেছিলাম, কর্মফলের হাত কেহই এড়াইছে পারে না। স্ত্রীলোকটি এমন কোন গহিত কর্ম করিয়া থাকিতে পারে, যাহাতে কোন ঐল্রজালিকের ভীষণ ক্রোধ হইয়াছিল এবং সেই ক্রোধের বশে ও প্রভিহিংসার্ত্তি চরিতার্থ করিবার জন্ম-অপর দিকে তাহাকে কর্মকল ভোগ করাইবার জন্ত,—দে ব্যাত্ররপে পরিণত হইয়াছিল।

নায়েব মহাশয়। সে যাহা হউক, এই গল্পে অসামঞ্জ যথেষ্ট আছে। কখনও শুনি নাই, পশুর দেহে আবদ্ধ অবস্থায় কোন আত্মা মন্তব্যের ক্যায় কথা কহিয়া মনোভাব প্রকাশ করিতে পারে !

क्योतात्र-भूख। आत (य कार्या अकक्षन (प्रवृष्ठ वा कांन वाक-হিতকাক্ষী অদৃশ্ৰ আত্মার দারা সংঘটিত হইয়া ধাকে, তাহা এক মৃত ব্যক্তির আত্ম হরিণীর রূপধারণ করিয়া কিরূপে সম্পন্ন করিল ?

क्यां जियो । व्यां कर्या कथा वर्षि ! मखवजः **এ**ই खोलां कित्र बीवत्म किছू अगाबात्रभञ्च हिन ; जाहा ना इहेरन दंग कथा कहिएल भावित्व কি করিয়া গ

कवित्राक महानम्। चाक्रवी किছूरे नम् ! वाजिएट चावक এर রুমণীর আত্মার ক্লেশ ও ছর্দশা দেখিয়া কোন অদৃশু পরোপকারী আত্মা ভাহার হইয়া কথা কহিয়া থাকিবে ! রমণী যে মনোভাব বাকোর ৰারা প্রকাশ করিতে পারে নাই, অদৃশ্র আত্মা সেই মনোভাব নিজে মামুবের ভাষায় প্রকাশ করিয়াছিল। এমন ঘটনা বিস্তর হইয়া থাকে। আর কামলোকে অবস্থিতিকারী আত্মার পক্ষে কোন প্রাণীর রূপধারণ

করা অধিক বিশারে কথা নহে। সেরপ ত প্রকৃত রূপ নহে, তাহা মায়ারপ; উহা ধারণ করিতেও যতক্ষণ, উহা হরণ করিতেও ততক্ষণ।

জ্যোতিবী। আমার কোন আত্মীয়ার মূথে শুনিয়াছি বে, তাঁ**হারা** যথন পাৰ্বত্য পথ দিয়া বদরিকাশ্রমে যাইতেছিলেন, তথন তাঁহারা দলতত্ব এমন একস্থানে আসিয়া পড়েন, যেখানে আর পথ নাই। অক্সান্ত তীর্থযাত্রিগণ অগ্রসর হইয়া পডিয়াছিল, কেবল ইঁহারাই পশ্চাতে ছিলেন। প্রায় অর্দ্ধেক পথ অতিক্রম করিয়াও ইঁহারা পূর্ব্বগামী দলকে ধরিতে পারিলেন না। তাহারা ইঁহাদের দৃষ্টিপথের বহিভুতি হইয়া পড়িয়াছিল। তারপর ইঁহারা এইরূপে প্রপ্রপ্ত হইয়া ভাবিতে লাগিলেন, অনেক কটে এই চুর্গম পুণ্য-তীর্থের অর্দ্ধেক পথ অতিক্রম করিলাম। হায় ভগবন। এতদুরে আদিয়া আমাদিগকে ফিরিতে रहेन! ष्यत्वक कक्क निया नत् नत् थात्त ष्या गण्डिरक नाशिन। কেহ কেহ উচৈঃস্বরে ভগবানের নাম করিতে লাগিলেন। তাঁহাদের সম্মুখে আর পথ নাই - কেবল এক উচ্চ পর্বতথণ্ড সরলভাবে মহা-শৃত্তে মন্তক উত্তোলন করিয়া দণ্ডায়মান। সেই পর্বতে উঠিবার কোন প্ৰথই নাই। হায় কি হইল। আমার আত্মীয়ার সহবাতী ও সহবাতিণী-গণের ক্লোভের, তুঃখের সীমা নাই। তাঁহার। সকলেই বলিলেন, 'বরং এইখানে ভগবানের নাম লইয়া অনশনে মরিব, তবুও পশ্চাৎ ফিরিব ना।' जाहात भव हर्गाए जाहात्मत पत्नत अकस्म त्रिक्ष भाहेत्मन. তাঁহার সম্মুখে—অদূরবর্তী এক বুক্ষের উপরিভাগ হইতে এক বানর নীচে নামিল এবং তাঁহার দিকে মন্তক-সঞ্চালন করিয়া বেন তাঁহাকে উহার অনুগামী হইতে বলিল। তিনি দলস্থ অন্তাক্ত লোককে এই বানব্রের অন্তত আচরণ ও মন্তক-সঞালনের বিষয় দেখাইলেন এবং विलास, विभाव कि विला, अकवात (मधा वाक।"

छिनि ও एनम् अन्नान इरेठातिकन वानरतत निक्टेवर्जी रहेवामाख সে পর্বতের সাহুদেশ দিয়া কিছু উপরে উঠিল এবং তাহার পর সেই-খানে বসিয়া তাঁহাদের দিকে মন্তক-সঞ্চালন করিয়া ভাকিতে লাগিল। তাঁহারা সেইস্থানে উপস্থিত হইলেই বানর এক অল্পরিসর পথ দিয়া একবার নামিতে ও একবার উঠিতে লাগিল। তথন তাঁহারা সেইপথে খানিকদুর নামিয়া দেখিতে পাইলেন যে, এক স্থলর পথ ক্রমে নিয়দিকে নামিয়াছে, তবে হল্পবিসর। তাহারা আনন্দে ভগবানের নামে উচ্চ জয়ধ্বনি করিয়া দলস্থ অক্যাক্ত সকলকে আহ্বান করিলেন এবং সকলে মহানদে সেই ক্ষুদ্র পথ বাহিয়া চলিলেন। তাঁহাদের অগ্রে অগ্রে প্রথপ্রদর্শকরপে চলিতেছে - সেই বানর। যেখানে রাত্তি-যাপনের প্রয়োজন হয়, বানর সেইখানে নিকটবভী কোন ব্রক্ষে থাকে। আশ্চর্যের বিষয় এই, যাত্রিপণ বালরকে যথোচিত चारत-चलार्थना कतिया थाल्यामशी मिल त लाहा म्लर्ग करत ना. বা সে সকলের দিকে চাহিয়াও দেখে না : অপর দিকে চলিয়া যায়। ৰাত্তিগণ বানরের এই অন্তত ত্যাগনিষ্ঠা দেখিয়া বিস্মৃত্বিমুগ্ধ !

যাহা হউক, এইক্লপে যাত্রিগণকে পথ দেখাইয়া বানর তাঁহাদিগকে বদরিকাশ্রমে আনয়ন করিল। যাত্রিগণ দেখিল, তথনও তাঁহাদের পূর্ববগামীদল তথায় পৌছিতে পারে নাই।

বদরিকাশ্রমে আসিয়া বানর কিছুক্ষণ যাত্রিগণের সম্মুখস্ত এক বৃক্ষ-মূলে বসিয়াছিল, কিন্তু তাহার পর সে যে কোণায় সকলাৎ অন্তর্হিত **ब्हेन. छाहा (**क्ट पिथिए शाइन ना।

ক্রমে বদরিকাশ্রমে সমাগত বছলোকের নিকট এই যাত্রিগণের অনেকে এই বানরের ও ভাহার সহায়তার কথার উল্লেখ করিলে ভাহার। সকলেই ইহা অসম্ভব ব্যাপার বলিয়া হাসিয়া উড়াইয়া দিল। 'কারণ, সে পথে বানর কখনও দেখা বায় না: সেই <u>শী</u>চ্চ-প্রপীডিত

স্থানে স্থানরের আবির্ভাব কেহ কখনও দেখে নাই। তবে তাঁহার। যে কি করিয়া সকলের পশ্চাতে পড়িয়াও অগ্রে বদরিকাশ্রমে উপস্থিত হুইয়াছেন, ইহাতেই অক্সাক্ত লোকে বিষয় প্রকাশ করিল।

পুরোহিত। বিশ্বয়ের বিষয় কিছুই নাই! পরোপকারী আত্মাগণ কি ছলে, কোন্ রূপ ধারণ করিয়া, কখন্ যে বিপদগ্রস্ত লোকের উপকার করিয়া থাকে, তাহা বলা যায় না; তাঁহারা নানারূপে মামুষের উপকার করেন। পরের উপকার করিবার জ্ঞাই তাঁহারা আবশ্রক-মত মায়ারূপ ধারণ করেন এবং কার্য্য সুরাইলেই সেই মায়ারূপাত্মক দেহ নষ্ট করিয়া ফেলেন। ইচ্ছামাত্রেই তাঁহারা যে কোনরূপ ধারণ ৬ হবণ করিতে সমর্থ।

অধ্যাপক। সায়ংসন্ধ্যার সময় হইয়া আসিল, আজ উঠা যাউক।
আমাকে কেই নান্তিক মনে করিবেন না। আমি নান্তিক নহি; আমার
ভগবানেও ষেমন বিশ্বাস আছে,—পরলোকে, জনান্তর প্রভৃতিতেও
ভেমনই প্রত্যয় আছে। তবে পরের মুখের কথায় সহসা বিশ্বাস হয়
না, যুক্তি-তর্কের ছারা যাহার যথার্থ্য প্রতিষ্ঠিত না হয়, আমি তাহা
বিশ্বাস করিব কেমন করিয়া? এই বানর-ক্রপী পর্ধপ্রদর্শকের অপূর্ক্র
আচরণে আমি বিশ্বিত ইই নাই; বরং এই ঘটনায় আমার আর
একটি বিশ্বয়কর ব্যাপারের কথা শ্বতি-পর্থে উদিত হইল। কাল
আমি সেই গল্প বলিব।

পুরোহিত মহাশয়ের ভ্রাতা আজ মন্দিরে আরতির উদ্ভোগ-আয়োজন করিতেছেন, এমন সময়ে ১টমূলস্থ গোধ্লি সভা ভাঙ্গিয়া পেল।

ক্রমশঃ

প্রীষ্ণমূল্যচরণ সেন।

### স্বপ্নতত্ত্ব।

পিণ্ড-দেহে প্রাণ বায়ুর যে তরঙ্গ উৎপন্ন হন্ন, তাহা স্বায়ুপথ দিরা প্রবাহিত হইন্না আমাদিগের ভাওদেহকে সঞ্জীবিত রাধিয়াছে। স্নায়ু-পথ দিরা প্রাণবায়ু প্রবাহিত হন্ন বলিয়া স্বায়ুগুলির অপর নাম বায়ু-প্রবাহিনী নাড়ী। আমরা পুর্কেই বলিয়াছি পিশু-দেহের প্রতিক্সতিতে

পিগু ও ভাগু দেহের পরস্পর সম্বন্ধ। ভাগুদেহ গঠিত হয়। পিগু-দেহের প্রতি অবয়ব সুলতরভাবে ভাগুদেহে বর্ত্তমান। অতএব মানব-দেহে যে ক্লধিরপ্রবাহ প্রবহমান, তাহা পিগু-দেহের গোলাপাভ প্রবাহের সাহায্যে এবং তাহারই সুলতর

অমুকরণ মাত্র। ইহাকে একপ্রকার "স্থুল-ছায়া" বলিলে চলে।
আবার ভাগু ও পিশু-দেহ উভয়ে বড় চমৎকার সম্বন্ধে পরস্পরের
সহিত আবদ্ধ। তাহারা যেন প্রকৃত যমজ ভাতাদয়। একের স্বাস্থ্যে
অপরের স্বাস্থ্য নির্ভর করে। মরণের পর ভাগু-দেহের নিকট পিগুদেহ
অবস্থান করে এবং উভয়ে একইভাবে ধ্বংসপ্রাপ্ত হইয়া থাকে। মৃত্যুর
পর শবদেহের দাহ হইলে সলে সলে পিগুদেহও ধ্বংশপ্রাপ্ত হয়। কিন্তু
তাহার পরিবর্ত্তে যম্বাপি ভাগু-দেহকে কবরে প্রোথিত করা হয়, তাহা
হইলে স্থলদেহ অল্লে অল্লে গলিতে ও পচিতে থাকে, পিগুদেহও ধীরে
বীরে নই হইতে থাকে। জীবদ্দশায়ও ঠিক তাহাই হয়। ভাগু-দেহের
যেইরূপ অবস্থা, পিশু-দেহের অবস্থাও ভজ্রপ হয় \* ভাগুদেহের একটী

<sup>\*</sup> এই সংখ্যার প্রকাশিত হীরেক্রবাব্র "স্ক্রশরীরের প্রমাণ" নামক প্রবৃষ্টি
ুপঠি করিতে পাঠকবর্গকে অনুরোধ করি।

হস্ত যাই লৈ পিশু-দেহের হস্তও ধীরে ধীরে নই হইয়া যায়। জীবদ্দশায়
এইমাত্র পার্থকা যে, পিশুদেহের অঙ্গ ভাশুদেহের সঙ্গে সঙ্গেই নই হয়
না, তাহা নই হইতে কিছু অধিক সময় লাগে। ইহা জানা নাই বলিয়া
প্রতীচ্য শরীর-বিজ্ঞান একটী রহস্য উজ্ঘাটন করিতে পারে নাই,
আমরা তাহারই এইখানে আলোচনা করিব।

শরীর বিজ্ঞানবিদ্ বলেন যে, মানবের প্লীহাষস্ক্রটী কোনও একটা বিশেষ কার্য্য করে না এবং তাহাকে বাহির করিয়া লইলে মানব-জীবনের কোনও বিশেষ ক্ষতির্দ্ধি হয় না। উহার যাহা কার্য্য, স্লৈশ্মিক গুটিকার (Lymphatic glands) কার্য্যও তাহাই; রুধিরে বর্ধহীন

শীহা যন্ত্র
শীহা বন্ত্র
শীহা বন্ত্র
ইহাকে বাহির করিয়া লইলে শ্রৈত্মিক গুটিকার সঙ্গে
প্রতীচ্য বিজ্ঞান।
করে। আরও ছুই একটী সামাক্ত সামাক্ত ইহার
কার্য্য আছে, বধা, কোন কোন ক্রধিরের রক্তবর্ণ অণু-কোব বাহা
কার্য্য শেষ করিয়াছে, তাহাদিগকে বিশ্লিপ্ট করিয়া দেওয়া ইত্যাদি।
তাহাও অপর বস্ত্রের বারা সাধিত হয়। অতএব দেখা যাইতেছে যে
ইহার কোনও বিশেষ কার্য্য নাই। অতএব বৈজ্ঞানিকের নেত্রে ইহা
ধাকা অনাবশ্রক।

ষাহা অনাবশুক, তাহার সৃষ্টি ও পোষণে প্রকৃতির শব্দির র্থা অপচর হইতেছে, ইহাতে তাঁহারা অভিশন্ন ছঃখিত। কিন্তু বাঁহারা স্কেদর্শী,—বাঁহারা প্রাণের ক্রিয়া দেখিতে পান, তাঁহারা জানেন এই প্রীহাযন্ত্রটী কি করিয়া উদ্ভূত হয় এবং তাহার কার্য্যকারিতাই বা কি। ভাওদেহ, আমরা পূর্বেই বলিয়াছি, পিওদেহের অম্বন্ধপে গঠিত। অভএব, বেমন পিওদেহে প্রীহা আছে, ভাও-দেহেও তাহা আছে। পিওদেহন্তিত প্রীহাগত চক্রটীর উপর আমাদিগের স্থুলদেহের প্রাণ ক্রিয়া নির্ভর করিতেছে। অভএব পিওদেহের প্রীহাযন্ত্রটী আমাদিগের অতি প্রয়োজনীয় এবং কিছুতেই তাহার স্বাভাবিক পুষ্টির ব্যাবাৎ জন্মাইতে দেওয়া বৃক্তিসঙ্গত নয়। আমরা বলিয়া আসিয়াছি বে, ভাওদেহের কোন একটী স্থানের স্বাস্থ্যের উপর পিও-দেহের সেই স্থানের স্বাস্থ্য নির্ভর করে। অভএব আমাদিগের প্রীহাযন্ত্রটী বে অতি প্রয়োজনীয়, তাহা আর ব্রিতে বাকি থাকে না।

আমর। পূর্বেই বলিয়াছি বে মন্তিছের সাহায্যে মানবের বহিবিধরের অফুভৃতি হয় এবং এই অফুভৃতি মন্তিছের সামাক্ত বিকারেই কি প্রকার বিক্বত হইতে পারে! যখন ভাগু-দেহস্থিত মন্তিছের এই ব্যাপার, তখন পিশু-দেহস্থিত মন্তিছের ত কোন কথাই নাই। অতএব পিশু-দেহে

শৈত্য বা ঔষধ-সাহাব্যে ও কুত্ৰিৰ নিজাবেশ বারা ( Mesmerism ) সংজ্ঞা-জ্বৰুৰ। বায়্-প্রবাহিনী নাড়ীপথে প্রবাহিত প্রাণশক্তির গতি এবং সঞ্চারিত প্রাণ-অণুর
আধিক্য বা অল্পভার উপর মানবের অকুভৃতি
নির্ভর করে। বাহাদিগের সক্ষদর্শনশক্তি
নাই, তাহাদিগকে এই তথ্যসম্বন্ধে নিঃসংশর

করা শভীব ছ্ক্লহ। তবে কতকটা বুজির দারাও বুঝা বার। শঙ্গুলিকে বরকের দারা বেষ্টিত করিয়া উহাকে এইক্লপ সংজ্ঞানীন শ্বা বাইতে পারে বে, উহাতে শার বোধশক্তি থাকে না।

रखामि मुक्शाननदात्रा (मरह स्थान्डा प्रकातिक (Mesmerised) হইলেও তাহাই হয়। তখন সূচী দারা বিদ্ধ করিলে বা অগ্নিসংযোগে দম্ম করিণেও তাহার আরু কোনও অহুভূতি থাকে না। এই যে সংজ্ঞানাশ হয়, তাহার কারণ কি > বরফের ছারা যে স্তম্ভন হয়, তাহার কারণ বিজ্ঞানবিদ্ বলিবেন, শৈত্যের ছারা সংজ্ঞাকারিণী স্বায়ুর সংজ্ঞা লোপ হয় অথবা তীত্র শৈত্যে ক্ষির স্থিয়া যায়, তাই আর কিছু বোধ থাকে না। কিন্তু দিতীয় উপায়ে স্বোহন্থারা কিরপে সংজ্ঞালোপ হয়, তাহার স্থলর ব্যাখ্যা শরীরতত্তবিদেরা আজ পর্যান্ত দিতে পারেন নাই। তাঁহারা সন্মেহিতের' রুধিরপ্রবাহ পরীক্ষা করিয়াছেন, কিছ দেখিয়াছেন সেই প্রবাহের কোনও ব্যতিক্রম হয় নাই; তাপমান যন্তের यात्रा ठांहात्रा (मरहत्र छेखाल भर्तीका कत्रित्रारहन वरः (मित्रारहन रय. দেহের স্বাভাবিক উত্তাপের কোনও হ্রাস-রুদ্ধি হয় নাই। ইহার প্রকৃত তথ্যের নিরূপণ কে করিতে পারে ? যিনি জানেন, পাশ্চাত্য বিজ্ঞানাত্ব তোমরা ! তাঁহার কথা কি বিখাস করিবে ? এই জটিল রহস্তের উদ্বাটন করিতে পারেন,—খাঁহার। ক্রদশী তাঁহার।। সাধনাবলে তাঁহারা সাধারণ মানব-নয়নের অগোচর, প্রকৃতির ধে রহস্থ-লীলা হইতেছে. তাহা প্রত্যক্ষ করিতে পারেন। পিণ্ড-দেহোপকরণ-ভূতসকল যদিও সুল চকুর গোচরীভূত হয় না, তথাপি তাহারা পার্থিব ভূত। আমরা এ বিষয় পূর্ব্বে আলোচনা করিয়াছি। পার্থিব ভূত বলিয়া, তাহারা তাপ-বৈত্যাদিরপ পার্থিব শক্তির ক্রিয়ার অধীন। পূর্বাক্থিত বায়ু-প্রবাহিনী নাড়ীপবে চালিত প্রাণ-অণু, শৈত্যনিবন্ধন মণ্ডিছে খার প্রবাহিত হইতে পারে না, তাই আর বেদনা অস্থভূত হয় না।

এইবার পূর্বোল্লিখিত দিতীয় উদাহরণটীর বিষয় আলোচনা করা বাউ্ক। বখন সম্মোহক হস্ত-সঞ্চালনের দারা কাহাকেও আবিষ্ট করে, (mesmerise) তখন স্বপ্লাবিষ্টের প্রাণ-স্থৃ তাড়িত হয় এবং ভাহার পরিবর্দ্তে আবেশকের প্রাণ-স্রোতে আবিষ্টের সর্বাশরীর ভরিয়া উঠে। অতএব ভাহার জীবনীপজ্জির বা দেহের স্বাভাবিক উষ্ণতার কিছুই হাস হয় না। কিন্তু এই সঞ্চালিত প্রাণ-প্রবাহের সহিত তাহার নিজের কোনও সম্বন্ধ না থাকায়, আবিষ্টকে স্ফা বদ্ধাদি করিলে সেতাহা কিছুই বুঝিতে পারে না; পর-প্রাণ প্রচারিত কোন স্বধ্বরী বা বা ছংথকরী উত্তেজনা ভাহার নিজের সংবিভি বলিয়া মনে হয় না। স্মৃতরাং বহির্দেশ হইতে কোনও কিছুর ভাহার অমুভব হয় না।

আমরা দেখিলাম, বায়্-প্রবাহিনা-নাড়ীপথে সঞ্চারিত প্রাণ-অণুপ্রবাহের উপর মানবের সংবিতি নির্ভর করে। যথন প্লীহাচক্রের

ছারা আরুষ্ট ও সঞ্চালিত প্রাণ-অণুর হ্রাস হয় এবং তৎসক্রে
প্রাণ-প্রবাহের গতি ক্রততর হইয়া পড়ে, তখন মানব হর্ম্বল ও সহিষ্ণৃতাহীন হইয়া পড়ে। অধিক মাত্রায় হইকে তাহাতে বায়্রোগের
লক্ষণ প্রকাশ পায়; তখন অনেক অপার্থিব ক্রব্য তাহার নয়নগোচর

হয়। অতএব আমাদিগের ভাশু ও পিওদেহের জীবনী শক্তির
প্রবাহ স্বাভাবিক থাকিলে, তবে বাহ্যবস্তর অমুভূতি

উপসংহার। সাভাবিক হয়। আমরা আরও দেখিয়া আসিয়াছি

ব্য ভাশুক্তের কত নিক্ট সম্বন্ধ,—একের ব্যতিক্রমে

উপসংহার। স্থাভাবিক হয়। স্থামরা স্থারও দেখিয়া স্থাসিরাছি
যে, ভাগুদেহ ও পিগুদেহের কত নিকট সম্বন্ধ,—একের ব্যতিক্রমে
স্থাপরের ব্যতিক্রম হয়। স্থামরা পরে দেখাইব, জাগ্রৎ স্থবস্থায় দেহের
ব্যতিক্রমে চৈতন্তের যে ব্যতিক্রম হয়, নিদ্রাকালীন তাহা স্থপেক্রা
স্থাকি ব্যতিক্রম হয়। স্থপ্নের স্তাতা নিরাকরণ করিতে হইলে
এই তথাটি মনে রাধা স্থতীব প্রয়োজনীয়।

ক্ৰমশঃ

শ্ৰীকিশোরী মোহন চটোপাধ্যায়।

## অলৌকিক রহস্য ৷

৩য় সংখ্যা ]

তৃতীয় বৰ্ষ।

[ व्याधिन, ১७১৮।

### ममी भनी।

আমাদের উদ্দেশ্য,--"বড়বিজ্ঞান ও অধ্যাত্ম-বিজ্ঞানের মৌলিক একত্ব ত্মপ্রতিষ্ঠিত করা।" এতদভিপ্রায়ে আমার পরম সুহৃদ, শ্রদ্ধাম্পদ, স্থনামধন্ত, দার্শনিক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত মহাশয় "সুন্ধ শরীরের প্রমাণ" নামধেয় প্রবন্ধে জডবিজ্ঞানের উৎকর্য আলোচনার ফল লিপিবদ্ধ করিয়াছেন, এবং ধারাবাহিক ক্রমে ভাহা 'অলৌকিক রহস্তে' প্রচার করিতে প্রতিশ্রুত হইয়াছেন, আর আমার অন্তত্ম বন্ধু শ্রীযুক্ত কিশোরী মোহন চটোপাধায় "বপ্রতত্ত্বে" অধ্যাত্ম-বিজ্ঞানের সুক্ষতত্ত্ব আলোচনা করিতেছেন। উভয়েই আমাদিগের আন্তরিক ধন্তবাদের পাত্র: বর্ত্তমানকালে বন্ধবিভাগমিতি (Theosophical Society) যে সমস্ত গুহুতত্ব প্রচার করিতেছেন, তাহারই সাহায্যে অবশ্য শ্রীযুক্ত কিশোরীমোহন চট্টোপাধ্যায়, আর্য্যথবিদিগের দ্বারা প্রতিষ্ঠিত অধ্যাত্মবিজ্ঞানকেত্রে প্রবেশ করিতে সাহসী হইয়াছেন। আমার এই উক্তিতে হয়ত অনেকে নিরাশ হইবেন, অনেকে আশঙ্ক। করিবেন যে, ব্রহ্মবিস্থা-সমিতির (Theosophical Society) আলোচিততত্ব প্রচারে "हिन्नुनीरञ्जत मर्याामा नर्षे कता इटेरल्ट ।" अटेंगे नियम लग। বাঁহারাই "ব্রহ্মবিষ্ণা"র (Theosophy) আলোচনা ক্রিয়াছেন, তাঁহারাই দেখিয়াছেন, সকল ধর্মের রহস্তাংশ ইহার সাহায্যে नरालाक चालाकिछ श्रेटिक । हिन्तू माञ्जश्रद्ध मान्यान्याहेन করিবার পক্ষে ত্রন্ধবিষ্ঠা যে কতদুর সহায়তা করে, তাহা ভূজভোগী ভিন্ন অপরে অফুভব করিতে পারে না। যাঁহারা প্রচলিত ভাষ্য ও চীকার সাহায্যে এবং তথাক্ষিত আচার্য্যের উপদেশে এই সকল নিগুঢ়তত্ব আয়ত করিবার বিপুল আয়াস ও বিফল সময়কেণের মর্মপীড়া অমুভব করিয়া, পরে থিওস্ফির অরণ্রাগে আপনাদিগের হৃদয়াকাশ উদ্ভাসিত দেখিয়াছেন, তাহারাই একথার সভাতা হানয়প্রম করিবেন। অনেকস্থলে বিওস্ফি যে স্কল ভত্তের পুনঃ প্রচার করিতেহেন, তাহা ভারতীয় ব্রন্ধবিত্যার প্রতিধ্বনিমাত্র। কিন্তু যে আকারে ঐ স্কল তত্ত্বকথা আর্য্যশাস্ত্রে নিবদ্ধ আছে, তাহা ভেদ করিয়া অন্তনিহিত সত্যের আবিষ্কার করিবার প্রণাণী এখন প্রায় বুপ্ত হইয়াছে। যে সঙ্কেতে রহন্ত গুহের দুঢ়বদ্ধ দার উন্মুক্ত হইবে, তাহা আমরা হারাইয়া ফেলিয়াছি। বিওস্ফির সাহায্যে সেই সঙ্কেতের পুনক্তরারের সম্ভব; কারণ এই যে.—থিওদফি, দর্শন ও বিজ্ঞানের আবিষ্কৃত ও স্বীকৃত, সর্বজনবিদিত চরম সিদ্ধান্তের উপর ভিভিন্তাপন করিয়া ধর্মমন্দির স্থগঠিত করে। ইহার ঘারা ত্রন্ধবিষ্ঠার বোধিলব্ধ তত্তভান, দর্শন ও বিজ্ঞানের বৃদ্ধিলব্ধ জ্ঞানের সহিত সম্ভান হয়। আমরা উদাহরণস্করণ "স্থপ্রতত্তে" আলোচিত ছুই একটা বিষয়ের সহিত উপনিষদের ছুই একটা উক্তির विहात कविव।

"তশাঘা এতখাদররসময়াৎ অন্সোহস্তর আত্মা প্রাণময়ঃ। তেনৈব পূর্ণ:। স বা এব পুরুষবিধ এব। তম্ম পুরুষবিধতাম্।" তৈতিরীয় ুউপনিবদ্, বিতীয়বলী, বিতীয় অমুবাক্।

িসেই এই অন্নরসময় পুরুষ হইতে পৃথক কিন্তু তদভাস্তরে "প্রাণময়" পুরুষ অবস্থিত আছেন; এই প্রাণময় পুরুষই অন্নময়ের সম্বন্ধে আত্মা; এই প্রাণময়ের মারা অন্নময় পূর্ণ (ব্যাপ্ত)।

উল্লিখিত এই উক্তির সহিত "স্থপ্পতত্ত্বে" আলোচিত পিওদেহ ও প্রাণবিষয়ক প্রবন্ধ পাঠ করিতে আমহা সহৃদয় পাঠকগণকে অফুরোধ করি। আমাদিগের বিখাস, তাঁহারা আমার এই বন্ধুবরের গবেষণাকে "অহিন্দুজাতীয় কপোলকল্লিত উপকথা" বলিবেন না।

শীব্রহ্মত্তরে, ক্ষ্মদেহের অন্তিত্ব প্রমাণ করিতে ঋষি ক্তর করিয়াছেন, অস্তৈব চোপপত্তেরুত্বা"—- ৪ অঃ, ২য় পাদ, ১১ ক্তরে।

দেববি নারদের শিষ্য শ্রীমন্ নিয়মানন্দাচার্য্য বা নিম্বার্ক এই স্তব্ধের এইরপ ভাষ্য করিয়াছেন,—"স্থানেহে স্থানেহস্তৈব ধর্মভূতঃ উল্লোপ-লভ্যতে। তাম্মিসাত তদমুপলকেরিত্যুপপত্তঃ।"

ি স্ক্রশরীরেরই ধর্মভূত উন্না ( উত্তাপ ) স্থলদেহে দৃষ্ট হয়; কারণ স্ক্রশরীর নিজ্ঞান্ত হইলে স্থলদেহে উন্মাদৃষ্ট হয় না; ইহাদারা প্রতিপন্ন হয় যে, স্থলদেহের উত্তাপ নিজের নহে, তাহা স্ক্রদেহের।

এই স্ত্রে ও তাহার ভাষ্য পাঠ করিয়া আধুনক শিক্ষিত মানব
কি বলিবেন ? তিনি তাহা অজ মানবশিশুর প্রলাপাক্তি বলিয়া
অবজ্ঞা করিবেন না কি ? বর্ত্তমান বিজ্ঞান প্রমাণ করিয়া দিয়াছে যে,
দেহের অভ্যন্তরে অমজানের রাসায়নিক ক্রিয়ার ঘারা দেহে উত্তাপ
পরিলক্ষিত হয়; উয়া বা উত্তাপ স্ক্রদেহের ধর্ম হইবে কেন ? কিন্তু
প্রাণ-ময় কোষে প্রাণবায়ুর ক্রিয়ার কথা জানা থাকিলে তিনি কি
ঋষির এই উক্তিকে উপহাস করিতে পারেন ? তিনি দেখিবেন যে,
রাসায়নিক ক্রিয়ায় শ্রীরে উত্তাপ দৃষ্ট হয় সভ্য, কিন্তু এই রাসায়নিক
ক্রিয়া হইতেছে কেন ? ইহা প্রাণবায়ুর ক্রিয়ার জয়্মই হইতেছে।
প্রাণবায়্র ক্রিয়া বন্ধ হইলে ত আর রাসায়নিক ক্রিয়া হয় না। অভ্যন্ত

হম্মদেহেরই বে ধর্মভূত উন্না তাহাই রাসায়নিক ক্রিয়ারূপে স্থুলত: পরিলক্ষিত হয়। অতএব আমাদিগের মনে হয়, এীযুক্ত কিশোরী মোহন চট্টোপাধ্যার থিওসফির আলোচিত তত্তকথার ঘারা হিন্দুর শাল্লীর সমস্তার মীমাংসা করিতে যাইরা শাল্লের কোনও "অমর্য্যাদা" করিতে অগ্রসর হন নাই। তবে, আমার বোধ হয় তিনি স্বয়ং স্ক্র-দর্শী যোগী নহেন এবং এই সমস্ত তত্ত্বকথা তাঁহার নিজের সুক্ষদৃষ্টির প্রজ্ঞান্দীভূত বিষয়ও নহে। তিনি শাস্ত্র ও থিওসফির আলোচনা করিয়া বিচার বৃদ্ধিতে যে সত্যে উপনীত হইয়াছেন এবং সেই জ্ঞান হইতে ভিনি যে শান্তি পাইয়াছেন, তাহাই অপরকে বণ্টন করিয়া দিতে এই সমস্ত আলোচনা করিতেছেন। আমাদিগের পাঠকদিগের নিকট বিনীত নিবেদন যে, তাঁহারা যেন এই জাতীয় প্রবন্ধগুলিকে স্বাধীনভাবে বিচার করেন এবং সেগুলি তাঁহাদিগের জ্ঞানামুমোদিত হইলে তবে যেন তাঁহারা সেগুলিকে গ্রহণ করেন। আমরা স্বপ্ন-তত্ত্বে বিষয় এতটা লিখিতাম না, তবে আমাদিগের চুই একজন হিতাকাক্ষী গ্রাহক এই সম্বন্ধে পত্রপ্রেরণ করিয়াছেন এবং প্রতিবাদ না করিলেও অনেকের ঐরপ ধারণা থাকিতে পারে, তাই আমাদিগকে সাধারণভাবে একটা উত্তর দিতে হইল।

चामत्रा अवात्म अक्की अक्षक्रिका, किस इर्दाशा भाजात्मत्र विषय আলোচনা করিব। এক দেহ হইতে দেহাস্তরে ব্যাধি, স্বাস্থ্য, পাপ. পুণ্য সংক্রামিত হয়।

> "সহ শ্যাসনাৎ যানাৎ সংলাপাৎ সহভোজনাৎ। সঞ্চরস্থীহ পাপানি তৈলবিন্দুরিবান্ডসি॥"

[ একবিন্দু তৈল জলে পড়িলে ষেমন ইতন্ততঃ সঞ্চরণ করুর, ভেমনই বাহারা এক শ্বাায় শ্য়ন, একাসনে গমনাগমন কুরে, অথবা

এক্তে বসিয়া কথোপকখন বা একত্তে বসিয়া ভোজন করে, তাহা-দিগের পরস্পরের পাপ পরস্পরের দেহে সংক্রামিত হয়।

ইহা হয় কেন ? ইহা মানবের "অরা" হইতে হয়। থিওস্ফিষ্ট-দিগের নেত্রী, মহামতি শ্রীমতী ব্ল্যাভাটুন্থি বলিয়াছেন, "অরা একপ্রকার স্ক্র অদৃশ্র তরল পদার্থ—যাহা চেতন অচেতন যাবতীয় বস্তু হইতে বিনির্গত হয়। ই**হা** দৈহিক মানসিক **উভ**য়বিধ ধ**র্মাক্রান্ত** আধ্যাত্মিক বাপোলাম বিশেষ, অধবা চিজ্জভাত্মক বৈহাতিক ভূত-বিশেষ। এই অরা একজাতীয় বাস্পোদাম নহে। ইহা অভি ভটিন এবং ইহাতে ভিন্ন ভিন্ন ধাতু আছে। কতকগুলি ধাতু সুল দেহ হইতে বিনির্গত হয়, কতকগুলি লিঙ্গণরীর হইতে এবং কতকগুলি আধ্যাত্মিক বৃত্তিসমূহ হইতে বিনির্গত হয়।" স্ক্র্যুষ্টসম্পন্ন ব্যক্তিদিগের দৃষ্টিতে অরায় উপযু গির পাঁচটী স্তর লক্ষিত হয়। আমরা স্বাস্থ্য অরার কেবল এইখানে আলোচনা করিব। স্ক্র্রনৃষ্টিসম্পন্ন লোকেরা দেখিতে পান যে, দেহ অসুস্থ হইলে, অসুস্থ দেহের অরার প্রথম স্তারের সরল সমাস্তরাল রেথাগুলি বক্র ও জটিল হইয়া যায় এবং মিসমেরিজম্ প্রক্রিয়া দ্বারা সেই দেহের শান্তিবিধান করিবার সময় **যিনি মিসমেরাইজ** করেন তাঁহার জীবনশক্তি-অধিষ্ঠিত অরার সাহায্যে রুগের বক্ত ও জটিল রেখাগুলি আবার সরল হইরা যায়। এই অরার কথা "স্থপতত্ত্ব" আলোচিত হইয়াছে। অনার কোন একটা বিশেষ শাস্ত্রীয় নাম না পাইয়া লেখক ভাহাকে "স্বাস্থ্য-ওজঃ" নাম দিয়াছেন। **ওজঃ শক্** বৈত্যগ্রন্থে পাওয়া যায়। উহা হুই অর্থে দেখা যায়, একটা স্থুন ও অপরটী হলা। সুলার্থে যে ওলঃ তাহাকে কোন কোন বৈষ্ণ আল্বুমেন ( Albumen ) অর্থে ব্যবহার করেন। স্থা অর্থে ভাহাকে "স্বাস্থ্য-মুখা" বলিলে কোন দোৰ হয় না। স্থুল অর্থে "ওল্লঃ" শক্ষের অর্থ এইরপু—"রসাদি সপ্তধাতুসারভাগত ধাতুবিশেষ:। তক্ত ভগ্না:—

সর্বাদ্ধীরন্থিত্বম্। স্নিশ্বতং। শীতলত্বং স্থিতং। শুকুবর্ণ্ডেং। ককাত্মকত্ম্। শরীরস্থ বলপুষ্টিকানিত্বঞ্।" কিন্তু আর একভাবেও ইহাকে দেখা বাইতে পারে;—

"ভ্রমবৈ ক্লপুশোভোগ যথা সংভিরতে মধু। তহদোভঃ শরীরেভোগ ধাতৃঃ সংভিরতে ন্ণাম্॥"

ইহা সুল ধাত্র হক্ষ সারাংশ। আমাদিগের পত্রপ্রেরক মহাশন্ন লিখিয়াছেন,—

"বান্তবিক ওলঃ ধাতু কি অবা, ওলঃ প্রভাযুক্ত নিশ্চয়, কিছু ইহা বাতু বিলয় শাল্লে গণিত হইরাছে,—"চিত্র-প্রভা" ৰহদুর আমার ধারণা "ধাতু" হইতে স্বতম্ব হইরা থাকে, ইহাকে (ওলঃকে ?) কথনও "প্রভা" অর্থাৎ "অরা" বলা যাইতে পারে না।" এই উক্তি যুক্তিযুক্ত বিলয়া মনে হর না, কারণ তিনি যে ব্ল্যাভাট্দ্বির দোহাই দিয়াছেন, ভাঁহারই মতে যে "অরা" ধাতুবিশেব তাহা আমরা উপরে উদ্ধৃত করিয়াছি। "অরা" হইতেছে,—প্রভাযুক্ত ভূত, কেবল প্রভার জন্ত শরীরে স্বাস্থ্য সঞ্চারিত হয় না। পত্রপ্রেরক মহাশয় আর একস্থানে লিখিরাছেন,—"বান্তবিক ওলঃ কি ? সেই দ্রুয় হইতেছে যাহার উপর প্রণবদার। ঘর্ষণ (?) করিলে উহাতে আত্মার স্বরূপ দেখিতে পাওয়া বায়।" এখানেও ওলঃ কোন ধাতুবিশেষ কি ? তিনি আর একস্থলে লিখিরাছেন,—"ওলঃ উপনিষদের "ভূমা" "ভূমি"। ওলঃ ধাতু হইলে ইহা কিরপে "ভূমা" হইল ভাহা বুঝা যায় না। ভূমা শব্দের উপর ত্রী বৃদ্ধুয়ে একটী স্ত্রে দেখা যায়। তাহা এইরপ্রে.—-

"ভূষা সম্প্রদানালধ্যুপদেশাৎ"—>ম অঃ, ৩য় পাদ, ৮ম স্ত্র।

ভূমা, সম্প্রদাদাং—অধি-উপদেশাৎ, সম্যক প্রসীদতি অস্মিন্ ইতি সম্প্রসাদঃ সুমুপ্তং স্থানং; তস্মাৎ অধি উপরি, তুরীরত্বেন উপদেশাৎ, ভূমা" শক্ষবাচ্যো ব্রহ্ম ইত্যবঃ। আবার আমরা নিমার্কাচার্য্যের ভাষ্য ছিতেছি,—

'পরমাচার্টগ্যঃ প্রীকুমারেরক্ষদ্ গুরবে প্রীমন্নারদায়োপদিষ্টো
"ভূমাথেব বিজিজাসিতব্য" ইত্যত্ত ভূমা প্রাণোনভবতি, কিন্ত শ্রীপুরুবোভ্যঃ কুতঃ ? প্রাণাত্বপরি ভূম উপদেশাৎ"।

"পরমাচার্ব্য শ্রীসনৎকুমারাদি ঋবি আমার শুরুদেব শ্রীমরারদ্ধ ঋবিকে এইরপ উপদেশ করিরাছিলেন বলিরা, ছান্দোগ্যোপনিবদে উলিখিত আছে, যথা,—"ভূমাথেব দিজ্ঞাসিতবা" (যাহা ভূমা, তাহা ভূমি জ্ঞাত হও; এই স্থলে ভূমা শন্দের বাচ্য প্রাণ নহে। কিন্তু, এই ভূমা শন্দের বাচ্য শ্রীপুরুবোত্তম; কারণ, প্রাণের উপরে এই ভূমার স্থিতি ঐ শ্রুতি উপদেশ করিরাছেন। সম্প্রসাদ শন্দে সুমুপ্তি স্থানার, সুমুপ্তি অবস্থায় প্রাণই জাগরিত থাকে; অতএব প্রাণই সুমুপ্তি স্থানীর। সুতরাং শ্রুতির উপদিষ্ট ভূমাকে সম্প্রসাদের অতীত বলাতে তাঁহাকে প্রাণের অতীত বলা হইয়াছে।"

"ওদ—ধাত্" অর্থে কি তাহাই ? প্রকৃত প্রাণ কি,—তাহা স্থপতত্ত্বর প্রাণ-সম্বন্ধিনী আলোচনার শেষাংশে ফ্রন্টব্য। সেধানে বলা হইয়াছে প্রাণ" ব্রহ্মশক্তি।

ব্যারন ভন্ রিসন্ব্যাকের নাম অনেকেই অবগত আছেন।
পণ্ডিত রিসনব্যাক বিশেষ গবেষণার দ্বারা প্রমাণ করিয়াছেন বে,
বাঁহাদের অমুভ্তি-শক্তি অপেক্ষারত স্ক্ষ তাঁহারা অন্ধকারে অয়স্বাস্ত
মণির ছই প্রাস্তে দীপ শিখার মত আলোক দেখিতে পান, সেইরূপ
অন্ধকারে নীলা, পোকরাজ, হীরক প্রভৃতির দানা হইতে এক প্রকার
আলোক বহির্গত হইতে স্ক্ষদর্শীরা দেখিতে পান। রিসনব্যাক
আরও প্রমাণ পাইয়াছেন বে, স্ক্লায়ভ্তিযুক্ত শক্তিশালী ব্যক্তিগণ
মান্বের মন্তকের ও দেহের চারিদিক হইতে সেই প্রকার আলোক
বহির্গত হুইতে দেখিতে পান। পণ্ডিত প্রবর রিসনব্যাক সেই দীপ্র

পদার্থকে "ওদ" নাম দিয়াছেন। সেই পদার্থের "ওদ" নাম ভিনি काश रहेरा भारतन, जारा किहुरे बलन नारे। धरे "अम" कथाने কিছ তিব্বতীয় ভাষাতে আছে এবং আমাদিগের সংস্কৃত ভাষাতেও পাওয়া যায়। তৈরতীয় ভাষাতে 'ওদ' শব্দের অর্থ দীপ্তিশালী পদার্থ। সংস্কৃত ভাষায় ওমন শব্দের অর্থ ওষধি অর্থাৎ যে সকল লতা অন্ধকারে জলে। ওদ পদার্থ ঐ সকল লতায় আছে বলিয়া ঐ লতার নাম. ওমন । প্রীমতী ব্লাভাট্মী তাঁহার Secret Doctrine গ্রন্থে লিথিয়াছেন বে, সমগ্র ব্রহ্মাণ্ড এক অভূত জীবন-শক্তির ছারা ব্যাপ্ত; তাহা ভিন ভাগে বিভক্ত বলিয়া মনে হয়। তিব্বতীয় ভাষায় এই ভিন ভাগকে "ওদ" "অব" ও "অউর" বলা হয়। আমাদিগের সংস্কৃত ভাষায় উহাদিপের নাম "ওলঃ", "উল্লা" একং তির্বাভীয়ের৷ ৰাহাকে "অউর" বলে এবং যাহাতে পূর্বোক্ত হুইটী অবস্থা সময়য়িত, তাহার নাম সংস্কৃত ভাষায় "উর্জ্জ:"। "উল্লা" পান করে বলিয়া অধম স্ক্ষদেহ-ধারী জীবগণকে উন্মপা বলা হয়। মানব ওকঃ বা সোম দেবতারা পান করে। অল্লের চরম রস-যাহার অপর নাম অমৃত রস, তাহার মাম উর্জ্জঃ। যিনি এই উর্জ্জঃ লাভ করিতে পারেন, তাঁহার অঙ্গজ্যোতিঃ উৰ্জ্ঞঃ-ধাতুময় হয়। তথন তিনি মহান্ ব্ৰন্ধকে উপলব্ধি করিতে সক্ষ হন। তাই ঋষিরা লিখিয়াছেন---

আপোহিষ্টা ময়োভূবস্তান উর্জ্জে দধাতন। মহেরণায় চক্ষসে ॥ আমার মনে হয় অরাকে বায়ুমণ্ডল বলিয়া অমুবাদ করিলেও চলে, কারণ প্রাণ অর্থে মানবের দারা আত্মকত প্রাণ-শক্তি বুঝায় এবং উপনিষদ বায়ু অর্থে বিশ্ব-প্রাণ বলিয়া কোথাও কোথাও প্রয়োগ করিয়াছেন।

শেষ কথা, স্বপ্নতত্ত্বের আরু আরু জটিল রহস্তের ফল ভবিয়তে আলোচনা করিবার ইচ্ছা রহিল। স্থানাভাব বশতঃ, এইবারের। মত **⊈**रेथात्मे स्थाय क्रियाम ।

## ভৈরব।

প্রায় ১৮ বঁৎসর গত হইল, আমার মাতুলালয়ে নিয়লিখিত ঘটনাটি ঘটিয়াছিল। আমার মাতুলবাটি গ্রামের মধ্যে একটি প্রসিদ্ধ ও বৃহৎ বাটি; প্রায় ১৩।১৪ ঘর গৃহস্থ বাদ করেন। এই বাটির এক গৃহস্থের একটি "বর জামাই" আছে, জামাইটি অতি সামার শিক্ষিত; বিশেষ বুদ্ধিমান্ নহে, ৬ ছুর্গাপুজার পর একদিন সে তাহার গৃহে তামাকু সেবন করিতে করিতে আপন মনে কি বলিতেছিল; এইরূপ ভাব দেখিয়া তাহার শাশুড়ী সমুখে আসিয়া দাঁড়াইল ৷ তাঁহাকে দেখিয়া ভাষাই চক্ষু রক্তবর্ণ করিয়া ক্রোধকম্পিতস্বরে বলিতে লাগিল, "আমি ষাই; আর আমি থাকিব না। আমার প্রতি এইরপ অত্যাচার ? আমাকে অবজা? ইহার প্রতিশোধ লইব" ইত্যাদি। শাশুড়ী এইরূপ শুনিয়া "কি হইয়াছে, কেন এমন কথা বলিতেছ" এই প্রকার প্রশ্ন করার সেও পূর্ব্বোক্তরূপে উহার উত্তর প্রদান করিল। তখন **তাঁহার মনে** ভয় হইল, বোধ হয় জামাতা পাগল হইল; সুতরাং তিনি বাটস্থ অক্সান্ত লোকসমূহকে ডাকিয়া আনিলেন। তা**হারা আ**সিয়া **জামাতার** মুখে এইরূপ প্রলাপোক্তি শ্রবণ করিয়া ঘটনার সভ্যাসভ্য নির্ণন্নার্থ তাহাকে নানারপ প্রশ্ন করিতে লাগিল; কেহবা তিরস্কার করিল। কিন্তু দে আপন মনে পূর্ব্বোক্তরূপে কথা বলিতে লাগিল। অবশেৰে "আমি ষাই, আর থাকিব না; আমাকে তুচ্ছতাচ্ছল্য করা হয়, আমাকে কেছ মানে না, আমি আর থাকিব না"--এইরূপ বলিতে বলিতে হন্তত্মিত হকা সলোৱে ভূমিতলে নিক্ষেপ করিয়া ক্রতবেগে গৃহ হইকৃত বহিৰ্গত হইল। ' অভান্ত লোকজন তাহাকে ধরিবার জন্ত তাহার পশ্চাতে পাবি পৌ লইল। জামাতা বলবান নহে, কিন্তু সেই সমী:- ভাষার শরীরে এত বলাধিকা হইয়াছিল যে, ভাদপেকা অধিক বলবান লোকপণ তাহাকে ধরিয়া রাধিতে সমর্থ হয় নাই। অবশেবে তিন बन हिन्दुनो नाकरत्र माशास्य चि करहे छैहारक ५० कता इहेन। शृंदर चानिया छेशादक मेशाय मेयन कदान हरेन ७ रख भाषि मालाद ধরিয়া রাশা হইল। সেই অবস্থায়ও তাহার মুখে সেই একই কথা। বছ লোক দেখিতে আসিল, কেহ বলেন উন্মাদের পূর্বলক্ষণ; কেছ বলেন ভূতাবিষ্ট হইয়াছে; আবার কেহ বলেন, "ছোকরার বলমায়েসী" আমার মাতৃল পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত, স্থুতরাং কুসংস্থার বজিত অর্থাৎ ভূতপ্রেতের অন্তিম্ব স্বীকার করেন না। তিনি ব্যাপারটি কি দেখিবার জন্ম আসিলেন তিনি উহার অস্বাভাবিক চেহারা দেখিয়া ও ভাহার অস্বাভাবিক উক্তি শ্রবণ করিয়া একট্ট আশ্চর্যায়িত হইলেন এবং সকলকে স্থির হইতে বলিয়া উহাকে প্রশ্ন করিলেন, "তোমার প্রতি কে চুর্ব্যবহার করে: তোমাকে কে অবজা করে ?"

উত্তর। কেন এই বাটির সকলেই।

প্রশ্ন। কি রকমে অবজ্ঞা করা হয় ?

উ। আমি তোমাদের ৮কালীবাঙীতে আছি: আমাকে কেহ शृका (प्रम ना, जाद कि जवका कदित वन?

এই কথা শুনিয়া আমার মাতুল জিজাসা করিলেন, "তুমি কে যে তোমাকে পূজা দিব।"

উ। আমি "কাল ভৈরব"। আমাকে চেন না ? আমরা তিন ভাই, বড় যিনি তাঁহার নাম "মহাকাল ভৈরব", মধ্যমের নাম "কুদ্রকাল ভৈরব", আমি ছোট আমার নাম "কাল ভৈরব"। আমি ভোমাদের ভকালীবাডীতে বহুদিন ধরিয়া বাস করিতেছি, কিন্তু কখনও কেহ আমাকে পূজা দেয় নাই।

প্রা। আছে। তুমি কালভৈরব, স্থতরাং ত বের অফচর;

তোমার বীক্লমন্ত জানা উচিত; তুমি বীজমন্ত জান? প্রকৃত পক্ষে ছোকরা বদমায়েসী করিতেছে কি না তাহা জানিবার কল্প এই প্রশ্ন করা হইরাছিল।

উ। ইা নিক্ষাই জানি।

প্র। তবে হুই একটি বীক্ষমন্ত্র বল ত।

উ। তোমাকে বলিব কেন ? ব্ৰাহ্মণ ব্যতীত অন্তকে বীজমন্ত্ৰ বলিতে নাই।

এই কথা শুনিয়া আমার মাতৃল তাঁহারই দলের এক ব্রাহ্মণকে ডাকিবার জন্ম লোক পাঠাইলেন। তিনি আসিলে উহাকে নানারপ বীজমন্ত্র জিজ্ঞাসা করা হইল। পেও যথায়থ উত্তর প্রদান করিল। আশ্চর্য্যের বিষয় এই যে, ঐ জামাতা মন্ত্র-ভন্তাদি দ্রে যাউক সংস্কৃত ভাষার নামও শুনে নাই। কারণ সে সামান্ত বালালা ভাষা জানে মাত্র। উহার মুখ হইতে এইরপ বিশুদ্ধ বীজমন্ত্রাদি শ্রবণ করিয়া সেই ব্রাহ্মণ একটু বিশ্বয়াবিষ্ট ও একটু ভক্তিযুক্ত হইল। আমার মাতৃল মহাশন্ত্র এইবার উহাকে "আপনি" বলিয়া সম্বোধন করতঃ প্রশ্ন করিছে লাগিলেন।

প্র । আপনি বে আমাদের ৮কালীবাড়ীতে আছেন তাহা আমরা জানিতে পারি নাই, সেইজন্ম পূজাও দিতে পারি নাই।

উ। তাহা জানাইবার জন্তই আমি এথানে আসিয়াছি।

প্র। আছে। আপনি এই বালকের উপর "ভর" করিলেন কেন ?

উ। এই বালক আমার দৃষ্টিপথে পড়িয়াছিল। অমুক মাসে
অমুক দিন এই বালক স্বগ্রাম হইতে এই গ্রামে আসিতেছিল, সেই
দিন ঠিক দিপ্রহরের সময় সে অমুক মাঠের মধ্যস্থ বটরক্ষতলে প্রথম
আমার দৃষ্টিতে পতিত হয়। তারপর আর একদিন আমার বক্ষস্থকে
মলমুক্ত তাগি কুরে, সেইদিন দিতীয়বার আমার দৃষ্টিপথে পতিত হয়।

প্র। আপনি অশরীরী, কিরপে এ আপনার বক্ষম্বল মল-মূত্র ভাগে করিল বুঝিতে পারিলাম না।

উ: আমি ভোমাদের ৮ কালী-মন্দিরের পশ্চাতে বৃক্ষসমূহে বাস করি। ঐ বৃক্ষ শ্রেণীর মধ্যে ৮ জয়তুর্গার পূজাস্থান। সেই স্থানে শুক্ষ বিস্থপত্ত পতিত আছে ; এই বালক একদিন বিপ্রহরের সময় সেই শুফ বিশ্বপত্রের উপর মল-মূত্র ভ্যাগ করে। আমরা ঈশবের অমুচর— বিশ্বপত্রই আমাদের বক্ষরল।

প্র। আছা আপনার পূজা সম্বন্ধে আমরা কিছুই জানি না। কিব্লপে বা কোনু পদ্ধতিতে আপনার পূজা ৰইবে তাহা যদি অকুগ্রহ করিয়া বলেন ভবে আমরা বিশেষ বাধিত থাকিব।

উ। আমার পূজাপদ্ধতি এই গ্রাম্বের কোনও পুনোহিতই জানে না: অমুক গ্রামের একজন পুরোহিত জানে (সেই গ্রামের নাম ও সেই পুরোহিতের নাম আমার শরণ নাই)।

প্র। সেই গ্রাম বহুদুর, তথা হইতে সেই পুরোহিত আনমুন করা সম্ভবপর নহে; অন্ত কোনও প্রকার আজা করুন।

উ। স্বাচ্ছা ভোমরা যেরূপ ভাবে ইচ্ছা ও ষে কোনও পুরোহিত ঘারা আমার পূজা করাইও, তাহা হইলেই আমি তৃপ্ত হইব।

প্র। তাহা হইলে এই বালককে আর কণ্ট দিয়া আপনার লাভ কি ? আপনি দয়া করিয়া ইহাকে পরিত্যাগ করুন।

উ। হাঁ আমি এখনই চলিয়া যাইতেছি।

তৎক্ষণাৎ জামাতা বোর নিদ্রায় অভিভূত হইয়া পড়িল। জলসেচ দারা তাহার মোহ অপনীত হইলে সে তাহার স্বাভাবিক ও পূর্বাবস্থা প্রাপ্ত হইল; তাহার কি হইয়াছিল এবং এত জনসমাগম কেন তৎসম্বন্ধে প্ৰশ্ন কৰিতে লাগিল। ৄতাহাকে প্রশ্ন করা হইল বে, সেই ভৈরব-ক্ষিত দিনে অগ্রাম্ হুইতে আসিবার কালে ছুপ্তরের সমরে প্রান্তরমধ্যে কোনও বটবৃক্ষতলে সে উপস্থিত ছিল কিনা; আবার একদিন সে ৮ কালীবাড়ীতে কোনও বৃক্ষতলে মনত্যাগ করিয়াছিল কি না। এই প্রশ্নের উত্তরে সে বলিয়াছিল যে উহা সত্য অর্থাৎ ক্রেস্টে সেই দিনে প্রক্রণ করিয়াছিল।

প্রায় এক সপ্তাহ পরে ভৈরব প্রায় আয়োজন হটল। অপরাত্ন।
পূজা আরম্ভ হইবে—ঢোলক প্রভৃতি বাছ বাজিয়া উঠিল। এই সময়
লামাতা গৃহে বিদিয়া তামাকু সেবন করিতেছিল। বাছধ্বনি
শুনিয়াই বলিয়া উঠিল, "যাই যাই পূজা আরম্ভ হইয়াছে, আর এখানে
থাকিব না।" এইরপ বলিয়া হস্তস্থিত হকা সজোরে ভূমিতলে নিক্ষেপ
করিয়া পূজাস্থানাভিমুখে ক্রতবেগে ধাবিত হইল। গৃহস্থ স্ত্রীলোকগণের আর্ত্তনাদে সকলেই সেই স্থানে উপস্থিত হইয়া উহাকে বলপূর্বক
গৃহে লইয়া আসিল। এই সংবাদ প্রাপ্ত হইয়া আমার মাতুলও
সেইস্থানে উপস্থিত হইলেন। তিনি আসিয়া দেখিলেন যে, উহার
চক্ষু রক্তবর্ণ; চেহারা পূর্বিদিনের লায় অস্বাভাবিক এবং "যাই যাই
পূজা আরম্ভ হইয়াছে আর আমা থাকিব না" ইত্যাদি কথা বলিতেছে।
তিনি পূর্ববিনের লায় আবার উহাকে প্রশ্ন করিলেন,—"আপনার
পূজার বাবস্থা হইয়াছে তবে পুনরায় এইরপ করিতেছেন কেন ?"

উ। আৰু আমার দৃষ্টি শেষ হইল। আমি আর বেশীকণ থাকিবনা।

প্র। তথে আসিলেন কেন ?

উ। আসিয়া যাই। দৃষ্টি স্ক্কিণই ছিল। আজ শেষ তাই প্রকাশ পাইল।

প্র। তবে এখন চলিয়া যাউন, উহাকে আর কণ্ঠ দিবেন না।

छ। हैं।, धरे हिननाम।

জামাতাও অজ্ঞান হইয়া পড়িল। অলসেচ বারা তাহার চৈত্ত

সম্পাদন করা হইল। সেইদিন সমারোহের সহিত পূজাওশ্ব হইল। সেই হইতে আরু কেহই কখনও "জৈরবাবিষ্ট" হয় নাই।

এই ঘটনার সম্পর্কিত সকল লোকই জীবিত আছেন। ইচ্ছাপুর্ককই তাঁহাদের নাম প্রকাশিত হইল না।

श्रीभव्यक्त सन अधः।

#### পরলোকের পত্র।

আমার তিন ক্ঞা; তনুধ্যে বিতীয়া ক্যাকে আমি বড় ভাল-বাদিতাম। ছিতীয়া কঞ্চার নাম ভাস্থমন্তী। দেখিতে দেখিতে ভাত্মতী বড় হইয়া উঠিল এবং আমি ছিল্পুসমাজের নিয়মাত্মসারে একটী সংপাত্তে কন্তা দান করিলাম। আমার বৈবাহিক একজন বিখ্যাত কবিরাজ। কবিরাজের বাটীতে ক্সাদান করিরা নি**শ্চি**ভ ছইলাম। মনে করিলাম যে, বিবাহ দিয়া কন্সাদায় হইতে নিয়তি পাইলাম এবং সেই সঙ্গে কক্সার পীড়ার দায় হইতেও নিশ্চিত্ত হইলাম। বৈবাহিক ষ্থন একজন বিখ্যাত কবিরাজ, তখন কল্পার কোন পীড়া হইলে আর আমাকে পূর্বের ভায় ডাক্তার বা কবিরাজের সাহায্য লইবার জন্ত উদিগ্ন হইতে হইবে না। 'ভাসুমতী খণ্ডরালয়ে প্রথম ষাইয়াই ভয়ানক অমুস্চক জ্বরেরাণে আক্রান্ত হইল। বৈবাহিক মহাশ্র বিশেষ যদ্ভের সহিত চিকিৎসা করিয়াও তাহাকে আরোগ্য করিতে পারিবেন না। অবশেষে নিরুপায় বিবেচনা করিরা তাহার চিকিৎসার জন্ম আমার নিকট লইর। যাইবার জন্ত অনুরোধ করিলেন। অগত্যা আমি ভাতুমতীকে জেলা সাহাবীদের অন্তর্গত না্দরিগঞ্জ 'নামক স্থানে সইয়া যাইতে বাধ্য হইলাম।

নায়রিগঞ্জ আমার চাকরী-স্থান। সেধানকার জলবায়ু তৎকালে বড় ভাল ছিল। আমি বাঁকীপুর হইতে একজন স্থচিকিৎসক আনাইয়া তাঁহার ঘারায় চিকিৎসা করাইতে লাগিলাম, কিন্তু তাহাতে কোন উপকার হইল না, বরং দিন দিন ভামুমতীর পীড়া রৃদ্ধি পাইতে লাগিল।

সেই সময়ে আমার ৮ পিতামহীর আভশ্রাছ-উপলক্ষে আমাকে দশ দিবসের জন্ম ছুটা লইয়া সপরিবারে বাটা আসিতে বাধ্য হইতে হইল। স্তরাং ভাত্মতীকেও বাটা লইয়া আসিলাম। আভশ্রাছাদি ক্রিয়া সম্পন্ন হইয়া গেলে, বাটা হইতে পুনর্বার চাকরী স্থানে বাইবার পূর্বে থামি ভাত্মতীকে দেখিতে গেলাম। তাহাকে দেখিরা আমার মনে এইরপ একটা ধারণা হইল যে, তাহার জীবনের আশা আর বেশীদিন নাই। সে বলিল, "বাবা আপনার কোন চিন্তা নাই, আমি ভাল হইয়া আপনাকে পত্র লিখিব।" আমি নাসরিপঞ্জে প্রস্থান করিলাম এবং প্রতিদিন পত্রে তাহার সংবাদ লইতে লাগিলাম। তা৪ দিবস এইরপে পত্র আসিবার পরে পত্র পাইলাম না। রাত্রে নিজা যাইবার সময় হইলে শ্যায় শয়ন করিলাম, কিন্তু নানা প্রকার চিন্তায় শীঘ্র নিজা হইল না—পরে গভীর রাত্রে অনেক কন্তে নিজা হইল। নিজা দেবীর সঙ্গে স্বপ্ন দেবী আমার দেহ অধিকার করিলেন।

স্থান আমি এক ধানি পত্র পাইলাম। পাইরা সমুৎস্ক চিন্তে পত্রধানি ধুলিরা দেখিলাম, পত্র ধানি লাল কালীতে ভামুর স্বহন্তের লেখা। ভামুর হাতের লেখাও স্বাক্ষর দেখিরা পরম প্লকে পরিপূর্ব হইলাম—সেরপ সুধ বোধ করি ইহজন্মে আমার আর ভোগ হইবেনা। পত্রথানিতে এইরপ লেখা ছিল:—

শ্রীচরণ কমলেযু—\_

<sup>ী</sup> বাবা! আপনি ভনিয়া সুখী হইবেন বে, আমি একৰে সম্পূৰ্

আরোগ্য লাভ করিয়াছি। আমার শরীর পূর্বের ন্যায় সূত্রী ওু সবল হইরাছে। কিছ ছুঃখের বিষয়, আপনার সহিত পুথিবীতে আরু শাৰার দেখা হইবে না, আৰি একণে প্রলোকে আসিয়াছি।

ন্বেহাকাজিণী---

শ্ৰীমতী ভাতমতী দেবী।

चानि পত্তথানি পড়িয়া বালিসের নিয়ে রাখিয়া পুনর্বার নিজা পেলাম। প্রত্যুবে উষ্টিয়া পত্রধানি খুঁজিতে লাগিলাম, কিন্তু ঐ পঞ্জ খানি আর দেখিতে পাইলাম না। মন বড়ই উদিগ্ন হইল। তদবস্থার প্রাতঃক্ত্যাদি সমাপন করিয়া আপনার পোষাক পরিয়া বাহিরে পেলাম। বাহিরে ষাইবামাত্র পোষ্ট পিয়ন একথানি পত্র আমার হত্তে দিল-পত্তথানি খুলিয়া পড়িয়া দেখি ভামুষতী তাহার পূর্ব পূর্ব দিনে ইহলোক পরিত্যাগ করিয়া পরলোকে গিয়াছে।

প্রীতর্গাচরণ চক্রবর্তী (রায় সাহেব )।

### বাহ্ববস্তুর প্রভাব।

মামুষ মামুষের উপর প্রভাব বিস্তার করে, ইহাই আমরা জানি ; किस शाहशाना, इंडे-कांडे, मांडि-शाधत, कूकूत-विज्ञान, नम-नमी-সকল বস্তুই যে ক্রমাগত আমাদের উপর অল্লাধিক শক্তি প্রয়োগ করিতেছে ইহা হয়ত অনেকেই জানেন না। আজ এ সম্বন্ধে ২ ১টি ক্রপাইলিব। প্রথমে মৃত্তিকার কর্প। সকল ভূমির প্রভাব একরপ নহে। পাথুরে জ্মীর একরণ ক্রিয়া, বেলে মাটীর জ্ঞরণ শক্তি, আবার ধাতব জমীর (mineral soilএর) প্রভাব আর এক রকম। কি দিন, কি রাত্রি, কি শীত, কি গ্রীম, সকল সময়েই সকল ভূমিই

অধিবাদ্ধী দণের উপর স্বীয় বিশিষ্ট শক্তি প্রয়োগ করিতেছে। এই শক্তিপ্রভাবে ব্যক্তিগত ও জাতিগত স্বভাবের কিছু কিছু পারবর্ত্তনও ঘটিতেছে। আধুনিক বিজ্ঞান ইং। এখনও জানিতে পারে নাই। এই রহস্ত বুঝিলে ভবিয়তে ডাক্তারেরা বায়-পরিবর্ত্তনের স্থায় ভূমি-পরিবর্ত্তনেরও ব্যবস্থা করিবেন। ভূমির স্থায় বিশেষ বিশেষ জলেরও বিশেব বিশেষ প্রভাব আছে। থাল, বিল, হুদ, নদী, সমুদ্ধ-প্রতিত্তকেরই ক্রিয়া ভিন্নরূপ। কিন্তু সমুদ্রের প্রভাবই স্ক্রাপেক্ষা অধিক।

উদ্ভিদ্গণও আমাদের উপর কম শক্তি বিস্তার করে না। বৃক্ষ, লতা, তরু গুলা—প্রত্যেকেই ভিন্ন ভিন্ন প্রকারে আমাদের দেহ ও মনের উপর ক্রিয়া করিতেছে। যাঁহারা জ্ঞানেন না বা অনুসন্ধান করেন নাই, তাঁহারাই বৃক্ষাদির অনুহত্তব-শক্তি. চৈতক্রশক্তি ও ক্রিয়া-শক্তির সম্বন্ধে সন্দেহ করেন। কিন্তু প্রকৃত কথা এই যে, প্রাচীন বৃক্ষগুলির এক একটি নির্দিষ্ট ব্যক্তিত্ব আছে, এক একটি শতন্ত্র আত্মা আছে। মানবাত্মার ভায় এই আত্মাগুলি দেহান্তর গ্রহণ করে না বটে, কিন্তু ইহাদের যথেষ্ট জ্ঞান ও শক্তি বর্ত্তমান। ইহারা ভাল মন্দ বেশ বৃষিতে পারে। সুর্য্যের আলোক বা উত্তাপ পাইলে অথবা বর্ষার ধারা নিপতিত হইলে ইহারা কেমন প্রকৃত্ত হর্ত্তমা ভাই ক্রেয়াভাই তাহার প্রমাণ। এই সুন্দর বর্ণ অবশ্ব চর্ম্মচক্ষুর অগোচর, কেবল দিব্যদর্শিগ্রই (clairvoyants) ভাহা দেখিতে পান \*

<sup>\*</sup> খাতৃ-বৃক্ষাদির যে জীবন ও অমুভব শাক্ত আছে. ইহা আমাদের মুখোজ্জলকারী বনামধন্ত শ্রীযুক্ত জগদীশচল্র বহু মহাশর অনেক মৌলিক গ্রেবণা ও পরীক্ষা বারা বৈজ্ঞানিক উপারে প্রতিপদ্ধ করিরাছেন। যাঁহার কৌতৃহল হইবে, তিনি বহু মহাশরের প্রকাশিত পৃত্তকাবলী পাঠ করিলে স্বিশেষ জানিতে পারিবেন।

বৃহৎ প্রাচীন বৃষ্ণগুলির এক একটি স্বতন্ত্র আত্মা আছে ৷ কোন কোন ছলে এই আত্মাগুলি এতদুর বিকাশপ্রাপ্ত হইয়াছে যে, তাহারা বেচ্ছাপূর্বক কোন একটি দেহ ধারণ কারয়া সময়ে সময়ে বৃক্ষের বাহিরে আবিভূতি হয়। এরপ স্থলে ইহারা প্রায়ুই মানবের রূপ ধারণ করিতেই ভালবাসে; কারণ, পুথিনীচারী জীবদিগের মধ্যে মানবই সর্বশ্রেষ্ঠ। অসভ্যক্তাতির মধ্যে বে রক্ষপুকা প্রচলিত আছে, বোধ হয় তাহার উৎপত্তি এই। অক্ত আদিম মানব যদি দেখে কোন বৃহদাকার মহয়-মূর্ত্তি বৃক্ষ হইছে নির্গত হইয়া ক্ষণকাল পরে পুনরায় বুকে বিশীন হইল, ভাহা হইলে সে যে বৃক্ষকে দেবভাবোধে পূভা করিবে, ইহা সম্পূর্ণ স্বাভাবিক। সে যাহা ছউক, বৃক্ষগণ মানবের অফুরাগ-বিরাগ, আদর-অনাদর যে বুঝিতে পারে এবং তাহার অফুরূপ প্রতিদান করে, ভাহাতে কিছুমাত্র সন্দেহ নাই।

এখন দেখা যাক বৃক্ষ, লতা, পশু, পক্ষী, প্রস্থার, মৃত্তিকা প্রভৃতি কি প্রকারে আমাদের উপর শক্তি বিস্তার করে। আমরা দেখিলাম, প্রত্যেক বস্তুর হ জীবন আছে এবং এক প্রকার অমুভব-শক্তিও আছে। কিন্তু আর একটি কথা আমাদিগকে বুঝিতে হইবে। তাহা এই। ৰম্বমাত্রেরই এক একটি সৃন্ধ দেহ আছে এবং এই সৃন্ধদেহ অনবর্ত ম্পন্দিত হইতেছে। এই ম্পন্দন ফ্লব্লগতে নিয়তই তরঙ্গ তুলিতেছে এবং এই সকল তরঙ্গ ক্রমাগত আমাদের স্ক্রদেহে আঘাত করিতেছে; স্থৃতরাই আমাদের স্ক্রদেহ এই সকল বাহু আঘাতে নানা ভাবে স্পন্দিত হইতেছে। মনে কক্ষন, একটা কুকুরকে আপনি প্রহার করিলেন। কুকুরের বিষম ক্রোধ ও ভয়ের উদ্রেক হইল অর্থাৎ উহার স্ক্র দেহটা প্রতিহিংসা ও ক্রোধাদির স্পন্দনে স্পন্দিত হইতে লাগিল। ঐ স্পন্দন হক্ষ জগতে চারিদিকে পরিব্যাপ্ত হইল্ এবং বিশেব ভাবে আপনার সক্ষদেহের উপর আঘাত করিল। ইহার ফল

কি হইল ? আপনার স্ক্রদেহ ঐ স্পদনে আলোড়িত হইল, অর্থাৎ আপনার মনে ক্রোধাদি প্রবৃত্তি সবল ও পরিপুষ্ট হইল। ঠিক এইরূপে অপরের ক্ষেহ ও দয়াদি আপনার চিত্তে ক্ষেহ ও দয়া উত্তেজিত ও বলবৎ করিবে। আমাদের চতুঃপার্যন্ত পশুপক্ষী ও মানবগণ প্রধানতঃ এই প্রকারেই আমাদের উপর প্রভাব বিস্তার করে।

কিন্তু প্রস্তর, মৃত্তিকা, জল, বায়ু, বুক্ষলতা প্রভৃতি কিব্লপে আমা-দিগের উপর শক্তিবিস্তার করে, তাহা বঝিতে হইলে আমাদের আর একটি কথা বুঝা প্রয়োজন। সকলেই জানেন, প্রকৃতিই আদি ভুত (root matter)। প্রকৃতি হইতেই সব উৎপন্ন। প্রকৃতিই খনীভুত হইয়া ক্ষিতি, অপ, তেজ, বায়ু, আকাশ, মন, বৃদ্ধি, অহঙ্কারাদির স্থষ্টি করে এবং অন্তিমে সমস্তই প্রকৃতিতে আবার লীন হয়। এই বে প্রকৃতি, ইহার তিনটি গুণ আছে—সন্ত, রন্ধ ও তম। স্নতরাং প্রকৃতি-জাত সকল পদার্থেই এই তিনটি গুণ থাকিবেই থাকিবে। কিছ দকল পদার্থে এই তিনটি গুণ সমভাবে নাই: কোনটি সম্বপ্রধান. কোনটি রলঃপ্রধান, কোনটি তমঃপ্রধান। তাহা চইলে আমরা প্রথমে এই তিনটি শ্রেণী বাবিভাগ পাইলাম। ইহা ব্যতীত আরও ৪টি শ্রেণী পাওয়া যাইতে পারে, যথা ;—(১) সত্ত ও রজ ( তুইটিই ) প্রধান, (২) সত্ত ও তম প্রধান, (৩) রজ ও তম প্রধান, (৪) সত্ত রজ ও তম (তিনটিই) প্রধান। তাহা হটলে আমরা মোট ৭টি বিভাগ পাই। একটি একটি করিয়া প্রধান—ভিনটি, ছুইটি হুইটি করিয়া প্রীধান— তিনটি, তিনটিই প্রধান-একটি, এই মোট সাতটি। পূর্বোক্ত সাতটি বিভাগ ব্যতীত আর কোন বিভাগ পাওয়া অসম্ভব। এইজন্তই জগতের যাবতীয় বস্তরই সাতটি শ্রেণী— যেমন সপ্তলোক, সপ্ত পাতাল, সপ্ত ঋষি, সপ্ত অচিঃ; সপ্ত জাতি ইত্যাদি। বাস্তবিক জগতের সকল পদার্থেরই সাতটি শ্রেণী আছে,—মানবের সাত শ্রেণী, পত্র

সাত শ্রেণী, বৃক্ষের সাত শ্রেণী, গভার সাত শ্রেণী, মৃত্তিকার সাত শ্রেণী, ধাতুর সাত শ্রেণী ইত্যাদি ।

যে মানব যে শ্রেণীভুক্ত, তাঁহার উপর সেই শ্রেণীয় পদার্থেরই প্রভাব সর্বাপেকা অধিক এবং অনুকৃত্ব এবং বিপরীত শ্রেণীক পদার্থের প্রভাব প্রতিকৃল বা জনিষ্টকর: মনে করুন, আপনি সন্থ-थ्यश्राम । (य मकन दुक, नठा, मुखिका, श्रीखद वा कन मख्र्यश्राम, ভাহারাই আপনার উপর অমুকুল প্রভাব বিস্তার করিবে, কারণ ভাছাদের aura বা স্ক্রদেহের স্পন্দনের সহিত আপনার স্ক্রদেহের म्लामात्र मिन आहि। आत, (र नकन প্রস্তর-মৃতিকাদি তমঃপ্রধান, ভাহারা আপনার অনিষ্ট করিবে, আপনার অশান্ত বা উল্পোদন করিবে, কারণ ভাষাদের ম্পন্দনের সহিত আপনার ম্পন্দনের এক্য (harmony) নাই। এইজভ কোন বৃক্ষ, বা কোন প্রস্তর একটি निक्षिष्ठ मानरवत छेशरमात्री इहेरव हेहा कानिए इहेरण, खे मानव दकान শ্রেণীভূক্ত আগে জান। চাই, পরে তৎশ্রেণীস্থ ব্রহ্মাদি নির্ণয় করতে হয়। দিবাদ্টি বাতীত এরপ করা অসম্ভব। \*

মানব বছকাল ধরিয়। পঞ্জিগের প্রতি নিষ্ঠুরত, করিয়া আসিতেছে, সুতরাং গৃহপালিত পশু ব্যতীত অন্ত পশু হইতে সে স্বার এখন উপকার পায় না। গৃহপালিত পশুগণ স্বেহ ও যত্ন পাইয়া প্রভুকে প্রাণের সহিত ভালবাসে: তাহাদের ভালবাসার অক্স জিনিষ না থাকার, ভাহার। প্রভুর প্রতিই দ্ব ভালবাসাটি ঢালিয়া দেয়। ইহা একটি বড় সাধারণ শক্তি নহে। ইংগোরা প্রভু যে কত লাভবান্ ংন,

<sup>\*</sup> কোন ব্যক্তির কি অবস্থায় কিরূপ প্রস্তরাদি দারা হিত বা অহিত হয়, **জ্যো**তিস শাল্পে উলেখ আছে। ইহা হইতে বুঝা যায়—ঋষিগণ কোন প্রস্তর কোন শ্রেণীভূক, এবং কোন্ লয়ে বা নক্ষত্রে জন্মগ্রহণ করিলে কোন্ শ্রেণীয় মানব উৎপন্ন হয়-ইত্যাদি সম্ভ है निवादनत्व नित्रीक्ष कवित्र। भीवश्किलार्थ निभिवक कवित्रा शित्राह्म ।

নেহ ও গ্যা ধনে কিরপ ধনী হইতে থাকেন, তাহা সহজেই অসুষান করা যায়। পক্ষান্তরে বাঁহারা পশুর প্রতি নিষ্ঠুর আচরণ করিরা ভাহাদের ঘুণা ও ক্রোধভাজন হটয়াছেন, তাঁহাদের বড়ই হুর্ভাগ্য, কারণ তাঁহাদের স্কুমদেহের উপর পশুদিগের ক্রোধবাণ (thought forms) তো নিয়ত বর্ষিত হয়ই, অধিকন্ত ভাহাদিগকে মানবের এবং Nature spirits প্রস্তৃতি দেবয়োনিরও অপ্রীতিভাজন হইতে হয়।

পশুগণই যথন আমাদের উপর এত শক্তি বিস্তার করে, তথন মানবগণ যে ইছা অপেক্ষা অনেক অধিক শক্তি প্রয়োগ করিবে ইছাতে আশ্চর্য্য কি ? বাস্তবিক, আমরা সর্বাদা যাহাদের সহিত মিশি, একতা বাস করি, ভাহাদের প্রীতি ও ভালবাসার উপর আমাদের কল্যাণ বে কভদুর নির্ভর করে, স্ক্মদর্শী ব্যতীত কেহুই তাহা ঠিক বুঝিতে পারেন না। শিক্ষক ছাত্রগণের, অধ্যক্ষ নিমুম্ভ কর্মচারিগণের, গৃহস্বামী পরিবারবর্গের, সেনাপতি সৈত্তগণের ও বাজা প্রজারন্দের প্রীতি ও ভক্তি লাভ করিলে সুক্ষরণতে এক অপুর্বে দুখা দৃষ্টিগোচর হয় ৷ দেখা যায়—সেই শিক্ষক বা সেনাপতি কেন্দ্ৰস্ত্ৰপ হইয়া আছেন এবং চতুৰ্দ্ধিক্ হইতে অসংখ্য অমুকৃল শক্তিস্ৰোত অবিশ্ৰান্ত সেই কেল্পে নিপতিত হইতেছে। ইহাতে উক্ত ব্যক্তি যে পরম লাভবান হইতেছেন তাহাতে সন্দেহ আছে কি ? তিনি যে কেবল স্বয়ং লাভবান হন তাহা নহে, ঐ ্ অসংখ্য ব্যক্তির অধিকতর উপকার সাধনে সমর্থ ও প্রবৃত্ত হন। কিছ তিনি यि ইहारित विदाश ও विषय छात्रन हन, जारा रहेरन ठिक বিপরীত ঘটে। অসংখ্য প্রতিকৃত্ত শক্তি তাঁহার উপর নিয়ত বর্ষিত হয়, যেন সপ্তরণী মিলিয়া অভিমত্যাকে বাণবিদ্ধ করিতেছে।

একটা কথা, আছে "সৎসঙ্গে স্বর্গবাস, অসৎ সঙ্গে সর্ব্বনাশ"। ইহা অক্ষরে অক্ষরে সভ্যা আমরা যেরপ লোকের সঙ্গে সর্ব্বদা বাস করিব, অ্লক্ষ্যে আমাদের চরিত্র ও স্বভাব ঠিক তদফুরুপ হইন্না

ৰাইবে। ইহা বৈজ্ঞানিক সভ্য। যেমন তুইটি পাত্তের লল-সমোচ্চ লা থাকিলেও. একটি নল ছারা সংযোজিত হইলে সমোচ হইলা যায়, বেষন একটি উত্তথ বস্তু শীতল বস্তুর সহবাসে শীতল হইয়া যায়, সেইরপ ছুইটি অসমান স্থাদেহ একত্ত আসিলেই ক্রমে সমস্পদী বা সমধর্মী হইতে থাকে: যাঁহার সন্মদেহে নিয়ত ক্রোধের স্পন্দন হইতেছে, তিনি যদি বছকাল এক ক্ষমাণীল শক্তিশালী ব্যক্তির সহবাস করেন, ভাহা হইলে ক্ষমার স্পন্দনের ছারা জাঁহার ক্রোধের স্পন্দন ৰন্দীভূত হইয়া ক্রমে ক্রমে প্রশামত হইতে পারে। শক্তির এই নিয়মটি কি সুল, কি স্ক্ল, সকল জগতেই খাটে। সুল জগতে ইহা নিউটনের বিতীয় নিয়ম ( Newton's Second Law of Motion ) মামে প্রিচিত :

প্রাচ্য দেশে বিশেষতঃ ভারতবর্ষে ঋষিগণ ইহা সম্যক্ বুঝিতেন ৰলিয়াই অফুরূপ ব্যবস্থা করিয়া গিয়াছেন। শিব্যকে গুরুগৃহে বাস করিতে হইত, সর্বাদা গুরুর সেবা করিতে হইত, গুরুর সঙ্গে থাকিতে इटेंछ। देशात উদ্দেশ कि १ खद्म व्यवश निया व्यापका व्यापक छेत्रछ, কুতরাং তাঁহার কুল দেহের স্পান্দন নিশ্চয়ই পুব নিয়মিত ও উচ্চ। चित्रा मर्खना अकृत अहे शविज Aura वा इहोत मध्य वाम कदारण, ভাহার ফ্রাদেহ ক্রমশঃ গুরুর স্পন্দনে স্পন্দিত হয়, স্বতরাং পবিত্র ভাব ও পবিত্র চিন্তা তাহার অভ্যন্ত হইয়া যায়। শিষা স্বয়ং বা নিজের চেষ্টায় হয়ত যে স্পন্দনটি অধিকক্ষণ রাখিতে পারে না, শক্তিমান শুকুর সহবাসে সেই স্পন্দনটি বিনা আয়াদে তাহার স্ক্রেছে নিয়ত উখিত হয়। যেমন গান শিখিবার সময় কোন ব্যক্তি নিব্দে হয়ত একটি রাগিনী ঠিক বাহির করিতে পারে না, কিন্তু ওস্তাদজীর সঙ্গে পাছিলে উহা সহজেই আয়ত হয়, ইহাও ঠিক সেইরপ।

একজন উন্নত মহাত্মা বে পরিমাণে শক্তি প্রারোগ করিতে পারেন,

একজন সাধারণ ব্যক্তি তাহার শতাংশও পাবে না সভা। কিছ শত শত সাধারণ ব্যক্তির সমবেত শক্তি অনেক সময় ধুবই প্রবল হয়। মানবসমাজে যে একটা জাতীয় বা সাম্প্রদায়িক সঙ্কীর্ণতা ও কুসংস্কার প্রায়ই দেখা যায়, তাহার মুলই এইখানে। বে ব্যক্তি সর্বদা একই প্রকারের বা একই সম্প্রদায়ের লোকের সহিত মিশেন, তাঁহার সক্ষদেহ ক্রমাগত একটি নির্দিষ্ট স্পন্দনে স্পন্দিত হইয়া এরপ অবস্থাপ্রাপ্ত হয় বে অন্য প্রকার স্পন্দন উহা সহচ্চে গ্রহণ করিতে পারে না। স্বভরাং অন্ত ধর্মের বা অন্ত জাতির বা অন্ত সম্প্রদায়ের মধ্যে যা কিছু সত্য ও সৌন্দর্যা আছে, তাহা তিনি দেখিতে পান না। ইহার একষাত্র প্রতীকার এই যে, স্বীয় ক্ষুদ্র গণ্ডীর মধ্যে আবদ্ধ না থাকিয়া, নানা ধর্ম, নানা জাতি ও নানা সম্প্রদায়ের সহিত মেশামেশি করা ও ধীর ভাবে তাহাদের মতামত প্রবণ করা ও বুঝিবার চেষ্টা করা। দেশ-ভ্রমণের দ্বারা ইহা সহজে সাধিত হয়। এইজন্মই একটা কথা ছাছে দেশভ্ৰমণ ব্যতীত শিক্ষা সম্পূৰ্ণ হয় না। কিন্তু ভ্ৰমণের সময় চিততক **অ**বারিত, মুক্ত রাখিতে হইবে এবং যে দেশে গমন করিবেন সেই দেশীয়দিগের সহিত মিশিতে হইবে, ভাহাদের আচার-ব্যবহার, রীতি-নীতি, পর্যাবেক্ষণ ও চিন্তা করিতে হইবে। অনেকে বিদেশে গিয়া निष्कत वज्ञ-वास्तव वा निक मण्डामात्र वा निष्क धर्मावनशीमिशक श्रूषित्रा লন ও তাঁহাদের সহিতই বাস করেন অর্থাৎ ঘরে যে কুপমগুপ ছিলেন, বাহিরে গিয়াও তাহাই রহিলেন। ইহাতে ভ্রমণের প্রক্রত উদ্দেশ্য সিদ্ধ হয় না। আমাদের সন্ধীর্ণতা বশতঃ আমরা একটি কথা नर्सनारे जानवा बारे। जामदा जुनिया यारे (य, পৃথিবীতে यত বিভিন্ন জাতি, বিভিন্ন রীতিনীতি, বিভিন্ন আচারব্যবহার, বা বিভিন্ন ধর্মমত था हिन्छ, नकन अनिष्ठ 'উপकादी ও প্রয়োজনীয়, সকল अनिए हे नछ। चाहि. युदन श्वनित्रहे नार्वकण चाहि। छाहा दिन ना वाकिछ,

ভাৰা হইলে ভাহার। আবিভূতি হইত না। যতকাল প্রয়োজনীয়তা থাকে, ততকাল সেগুলি টিকে, বৰন প্রয়োজন থাকে না ভাহারা বিলোপ পাষ।

খাস্থোরতির জন্ম আমরা কথনও কথনও বিদেশে গিয়া থাকি। ইহাতে উপকারও হয়, আবার সময়ে সময়ে অপকারও হয়। এই উপকার বা অপকারের জক্ত আমরা স্থল জলবায়ুকেই একমাত্র দায়ী করি। অবশ্র স্থল জলবায়ুর যে প্রভাব নাই ইহা আমি বলিতেছি না। আমার বক্তব্য এই যে, আমাদের স্ক্র দেহের উপর নদী, গিরি, প্রত্রবণ, অরণ্য, ও ভূমি প্রভৃতির aura যে একটা অসাধারণ শক্তি সঞার করে তাহা আমরা অনেকেই জানি না। ইহার একটি দুষ্টান্ত দিরা **অন্তকার** প্রবন্ধ সমাপ্ত করিব। যাঁহারা ক্রমাগত নগরে বাস করেন, তাঁহারা যদি অস্ততঃ ২।১ দিনের জন্মও কোন পলাগ্রামে গিয়া থাকেন, তাহা হইলে তাঁহারা নিশ্চয়ই একটা মানসিক ভাবান্তর অকুত্ব করিয়াছেন। ইহার সমগ্র কারণ তাঁহার। জানেন না। তাঁহারা মনে করেন, জলবায়ু ও সুন্দর প্রাকৃতিক দুখাই এই ভাবান্তর আনিয়াছে। কিন্তু বাঁহার দিবাদৃষ্টি আছে, তিনি দেখিতে পান নগরের স্ক্রাকাশ সর্বলাই কি ভীষণ, কি জ্বন্ত, কি মলিনতাময়, কি পুভিগন্ধময়! লক্ষ লক্ষ ব্যক্তির ধনতৃষ্ণা, ক্রোধ, ঈর্ঘা ও প্রতি-হিংসাদির স্পন্দনে সুন্ধাকাশ নিয়ত কোভিত, আলোড়িত, তরঙ্গায়িত ! ধুম্রবর্ণ, ক্লফবর্ণ, পাটলবর্ণ বীভৎসাকার নানাবিধ চিন্তা-মূর্ত্তি (Thoughtforms) ভাষাতে ক্রমাগত ছুটাছুটি হুড়াহড়ি করিতেছে! যে দিকেই দেশুন, কেবল স্বার্থ, স্বার্থ ! এই নীচ ও জবন্য স্পাননের মধ্যে নিয়ত নিমগ্ন থাকিয়া কয়জন ব্যক্তি সীয় স্ক্র দেহকে অক্সুগ্ন ও পবিত্র রাখিতে পারেন ? এইজন্তই যখন আমরা পদ্মীগ্রামের অপেকারত विश्व । निर्मान म्लानात यादा निम्ना वान कति,-- चामना चाहाम शहि,

সুধ পাই, আনন্দ পাই। আর সমধর্মী নদী, পর্বত, বৃক্ষণতা, পশুপক্ষী প্রেক্তির অমুকৃত স্পান্দন আমাদিগকে সতেজ ও সবল করে। শ্রীমাথনলাল রায় চৌধুরী।

### পাঞ্চজন্য-রহস্য।

্ (এক ভঙ্গণী ত্রী লইনা ছই ব্রাহ্মণের বিষাদ বাধিয়াছে। বলা বাছল্য, ত্রী একজনেরই, কিন্তু এক অপদেবতা ব্রাহ্মণের রূপ ধরিরা সেই ত্রীর উপর দাবী করিতেছে। এক্ষণে তাহারা ছই জনেই রাজ্বারে বিচারপ্রার্থী। রাজার নিদেশবত আদ্য প্রাতে: তাহারা রাজ্যভায় উপস্থিত হইয়াছে। প্রথম ব্রাহ্মণ অর্থাৎ যথার্থ স্বাহী স্থীতিমত শপ্থ গ্রহণ করিয়া নিম্নলিখিত জ্বানবন্দী দিতেছে।—পূর্ব্বিক্থা।)

রাজা। স্ত্রীলোকট কি আপনার বিবাহিতা পত্নী ? প্র: ব্রাহ্মণ। আজ্ঞা হাঁ। রাজা। কোগার বিবাহ করিয়াছিলেন ? প্র: ব্রাহ্মণ। আজ্ঞা, বিলাসপুর। রাজা। কাহার কন্থার সহিত ? প্র: ব্রাহ্মণ। আজ্ঞা, শ্রীনবকুমার দেবশর্মার কন্থার সহিত। রাজা। আপনাদের ঝগড়া কি নিমিত্ত ?

প্র: ব্রাহ্মণ। স্ত্রী লইয়া। আমার স্ত্রীকে আমার সন্থী ব্রাহ্মণ বলে তাহার স্ত্রী। কি আশ্চর্য্য কলির ধর্মই কি এই প্রকার? কোথা থেকে উড়ে এসে যুড়ে ব'সে আমার স্ত্রীকে বলে তাহার স্ত্রী। ওঃ কি বিভ্রাট! মহারাজ আমি কি আর স্ত্রী পাইব ? হায়, হায়, এমন বিপদেও কি মামুব পড়ে ? আমি কি হতভাগ্য। এ জীবনের পোষিত আশালতা একবারে উন্মূলিত হইল ? আমি নরাধ্ম, নারকী। , অনেক অর্ধ বায় করিয়া এই স্ত্রী লাভ করিয়াছিলাম। ভাষাকেও এতদিন পরে হারাইলাম। মহারাজ নরনারায়ণ. ধর্মাবভার, এবং দভ্যুভের কর্তা-দেখিবেন গরীব ব্রাহ্মণের ষেন সম্বিচার হয়। বলা বাহুলা, আমি ঈশর সাক্ষা করিয়া বলিতেছি, স্ত্রী আমার। কারণ অগ্রেই আমি আন্তিক মন্ত্র পাঠ করিয়াছি।

রাজা। আছা, বিলাসপুর হইতে হবিপুর কতদূর ।

প্র: ব্রাহ্মণ। আজ্ঞা, আন্দাজ পাঁচ ক্রোশ হটবে।

রাজা। আপনি বিবাহের পর, আর কখন কি খণ্ডরালয় গিয়াছিলেন গ

প্র: ব্রাহ্মণ। আজা কতবার গিয়াছি।

রাজা। আপনি আপনার স্ত্রীকে চিনিতে পারেন ?

প্রঃ ব্রাহ্মণ। আজা, আমি আমার স্ত্রীকে চিনিব না ত কে চিনিবে গ

বাজ। স্ত্রীও আপনাকে চিনেন স

প্রঃ ব্রাহ্মণ। নিশ্চয়ই। কে কবে আপন স্বামীকে না চিনিতে পারে γ

রাজা। জীর বয়:ক্রম কত ?

थ्यः बाञ्चन । यान्नाक होक भरतत्र वर्गत रहेरव । क्रिक कछ বংসর বলিতে পারি না। কারণ পাঁচ বংসর হইল আমার বিবাহ ছইয়াছে। যথন বিবাহ করিয়াছিলাম, তথন তাহার বয়সুনয় দশ বৎসর শুনিয়াছিলাম। স্ত্যু মিধ্যা খণ্ডর শাগুড়ীই জানেন।

वाका। विवाधकानीन व्यापनात्मव भग-भिनन कि ठिक्की कुछी (प्रधान इंडेग्राडिन १

প্রঃ ব্রাহ্মণ। আজা, না। আমার ঠিকুজী কুঠী ছিল না। পিত। অতি দরিক্র ব্রাহ্মণ। পরিবের আবার গণা-গাঁথা। সন্তানাদির विक्रणो क्छी धनवानित चरत्रे रहेश थाक ।

রাজা। আপনি স্ত্য বলিতেছেন আপনার জন্মপত্রিকা ছিল না ? প্রঃ ব্রাহ্মণ। আজা, ইত্যগ্রেই আপনি প্রতিজ্ঞাবদ্ধ করিয়াছেন। জ্ঞানতঃ যাহা আমি জানি এবং বলিতেছি সমস্তই স্ত্য বলিয়া গ্রহণ করিবেন। এফটি কথাও আমি মিধ্যা বলি নাই এবং এখনও বলিতেছি—"ছিল না।"

রাজা দারবানের দিকে লক্ষ্য করিয়া বলিলেন, "দিতীয় ব্রাহ্মণ কোথায় ?" প্রতিহারী দিতীয় ব্রাহ্মণকে আনয়ন করিল। রাজা আজ্ঞা করিলেন, "ইহাকেও আস্তিক মন্ত্র পাঠ করাও।"

প্রতিহারী। আপনি কি লেখাপড়া জানেন ?

ছি: ব্রাহ্মণ। জানি বই কি।

প্রতিহারী। আপনি কি এই আন্তিক মন্ত্রটি সকলের সমক্ষে পাঠ করিবেন ? না, আপনাকে পড়াইব ?

ছি ব্রাহ্মণ। তুমি ভাষ থানি আমাকে দাও, আমি পাঠ করিতেছি।
এই বলিয়া সকলে শুনিতে পায় এইরূপ স্বরে পাঠ করিলেন।
যথা—

জ্ঞ ধর্মাধিকরণে আমি ভগবানকে সাক্ষ্য করিয়া প্রতিজ্ঞা করিতেছি যে এই মোকদমায় আমি যাহা কহিব, সত্য ভিন্ন মিথ্যা কহিব না যদি কহি ভগবানের নিকট দণ্ডনীয় হইব।

ৰিভীয় ব্ৰাহ্মণ এইরপ ভাবে পাঠ করিলেন বে শ্রোত্বর্গ ব্রাহ্মণের পাঠ-চাত্র্য্য বুঝিতে পারিল না। তিনি না শক্টি যদি শক্রের আফুস্কিক করিয়া পাঠ স্মাপ্তি করিলেন। স্থুতরাং বাহা কহিলেন, স্মন্ত্রই মিধ্যা কহিব বলিয়া প্রভিজ্ঞাবদ্ধ হইলেন।

রাজা। রাজা জিজ্ঞাসা করিলেন আপনার নাম কি ? বিঃ ব্রাহ্মণ। শ্রীহৃদয়কালী দেবশর্মা। রাজা, পিতার নাম ? ছিঃ ব্রাহ্মণ। একালীপদ দেবশর্মা।

त्राष्ट्रा। निवान (काषात्र १)

षिः ভাষা। হরিপুর।

রাজা। আপনাদের ঝগড়া কি নিমিন্ত ?

দিঃ ব্রাহ্মণ। স্ত্রী লইয়া। স্থামার স্ত্রীকে উনি বলেন উহার। কি স্থাশ্চর্যা।

রাজা। আপনি আপনার স্ত্রী কি প্রমাণ করিতে পারেন ?

দিঃ বাদ্দণ। আজা হাঁ। বছপ্রকার প্রস্থাণ আছে।

্রাজা। কোথায় বিবাহ করিয়াছিলেন ?

षिः खाक्रानः व्याका, विमानभूतः।

রাজা। হরিপুর হইতে বিলাসপুর কতদুর ?

ষিঃ ব্রাহ্মণ। আজ্ঞা হাঁটিয়া পেলে প্রায় পাঁচ ক্রোশ জমি হইবে। অজ্ঞা এক নিমিষের পথ।

রাজা। অদৃখ্যে এক নিমিবের পথ কি প্রকার ?

খিঃ ব্রাহ্মণ। আজ্ঞা, বাহারা অদৃখ্যে বাইতে পারে তাহাদের পক্ষে। রাজা। আপনি কি অদৃশ্যে বাইতে পারেন ?

ষিঃ ব্রাহ্মণ। আজা, আমার মত বাহার। কদাচিৎ হাঁটে, তাহার। পারে।

রাজা। আপনি কি তবে হাঁটেন না। উড়িয়া যান ?

ছি: ব্রাহ্মণ। স্বাক্ষা, একপ্রকার উড়িয়া যাওয়াই বটে।

রাজা। হাঁ ! মামুৰ কি অদুখভাবে উড়িতে পারে ?

দিঃ ব্রাহ্মণ ক্রক্টী করিয়া কহিল—কি আশ্চর্যা মহুষ্য অদৃখভাবে উড়িতে পারে এ ধারণা কি আপনার নাই ?

রাজা। মামুব অদৃত্যভাবে উড়িতে পারে আমি বিখাস করি না। শুনিরাছি, ভান্তিক মতে বাহারা শুটিকা সিদ্ধ করিয়াছে তাহারা পারে জ্পবা "কুকি মন্ত্র" যাহার। জানে তাহার। পারে। এই ছুই প্রকারের লোকই সন্ন্যাসী। তুমি ত সন্ন্যাসী নঙ। তুমি এ সব কথা বলিলে কি প্রকারে বিশাস করিব ?

**ছি:** ব্রাহ্মণ। • আমি আপনাকে প্রত্যক্ষ দেখাইতে পারি। রাজা। কি প্রকার ?

ষি: ব্রাহ্মণ। কি প্রকার, দেখাইব।

রাজা। কখন্ দেখাইবেন প্রতিজ্ঞা করুন।

খিঃ ব্রাহ্মণ। বিচার শেষে। ভ্রুঁং, উড়া ত সামান্ত কার্য্য। এতদপেক্ষা অনেক অত্যাশ্চর্য্য বিষয় আছে; যাহা বলিলে আপনি একবারেই বিশ্বাস করিবেন না।

রাজা। এর অপেকা জার কি অধিক আশ্চর্য্যের বিষয় আছে ? বিঃ রাজাণ। আছে বই কি ?

রাজা। কি বলুন না।

ষিঃ ব্রাহ্মণ। অণু হওরা। এই মাহুদ্ই অণু হইতে পারে। অণু হইলে আপনি আর উহাকে দেখিতে পাইবেন না। এই অণু একটি কুদ্র ছিদ্র দিয়া অনায়াদে কোন একটি হুপ্রবেশ্য স্থানে প্রবেশ করিতে পারে।

त्राङा । উপহাস করিয়া বলিলেন—হুঁয়া তাহা কি কথন হয় ?

দি: ব্রাহ্মণ। তাহা যদি না হইবে, সাধুরা অন্তর্জান হয় কি প্রকারে ? আপনি বিশাস করিতেছেন না, এই ছঃখ। ইহা ত প্রত্যক্ষ দেখান যাইতে পারে।

রাজা। বলেন কি? আপনি ত থুব ক্ষমতাশালী পুরুষ দেখিতেছি। সাধু পুরুষেরাই অনিমাদি সপ্তদশ সিদ্ধি লাভ করিয়া থাকেন। তবে আপনি কি একজন সাধুপুরুষ ?

খিঃ ব্রাহ্মণ। কি করিয়া বলিব ? আপনি না জানিয়াই আমাকে একজন ক্ষ্তাশালী সাধুপুরুষ বলিতেছেন।

রাজা। তবে একবার দেখাইয়া আমার সর্ব্ব সংশক্ত দ্রীভূত করুন।

ছিঃ ব্রাহ্মণ। নিশ্চয়ই দেখাইব। এখন আপনার হাতের বিষয়টি শেব হইলে হয়।

রাজা। আচ্ছা, আপনি বলিলেন মনুষ্য অণু হইয়া অন্তর্জান হয়। কোন ছিদ্র দিয়া অগম্য স্থানে গমনাগমন করে। যদি ফিরিবার সময় ছিদ্র না পায়, তবে ছিদ্র করিয়া কি ফিরিতে পারে ?

দিঃ ব্রাহ্মণ। আজা না। তাহা পারে না। যতদিন ছিদ্র না পার, সেই স্থানে বন্ধ ধাকে।

রাজা। সে যাহা হউক, কাহার বাটীতে বিবাহ করিয়াছিলেন। বিঃ ব্রাহ্মণ। আজা চক্রবর্তীদের বাড়ীতে।

রাজা: আপনার খণ্ডরের নাম ?

ষি: ব্রাহ্মণ। শ্রীনবকুমার দেবশর্মা।

রাজা। তাহার কোন্ ক্সাকে বিবাহ করেন ?

দ্বিঃ ব্রাহ্মণ। আজা তাঁহার একই কম্মাছিল। তাহাকেই বিবাহ করি। তিনিই আপনার রাজবাডীতে নীত হইয়াছেন।

রাজা। কন্সার কত বয়:ক্রমকালে বিবাহ হইয়াছিল ?

দ্বিঃ ব্রাহ্মণ। দশ বৎসর।

রাজা। এখন তাহার কত বয়স ?

খিঃ ব্রাহ্মণ। ঠিক পনের বৎসর।

রাজা। বিবাহের সম্বন্ধ হইলে, ঠিকুজী কুণ্ডী দেখিয়া কি আপনাদের গণ মিলন হইয়াছিল ?

বিঃ ব্রাহ্মণ। আজা হাঁ। আমার দেবগণ, কন্সারও দেবগণ। দেবগণ দেবগণে রাজজোটক মিল হইয়াছিল।.

ে রাজা। তাইত, আপনি যে আপনার স্ত্রী প্রমাণ করিতে বিবাহের

আনেক পুরাণ কথা বিশ্বত করিলেন। এ সব আপনার পরিজনবর্গ ভিন্ন অক্ত কাহার জানিবার সম্ভাবনা নাই। আছো, বধুমাতার অক্তে কি এমন কোন চিহু আছে, ধাহা আপনি ভিন্ন অক্ত কেহ জানে না। অথবা সকলেই দেখিয়াছে ও সকলেই জানে গ

দিঃ ব্রাহ্মণ। আজ্ঞা না। এমন কোন প্রকাশ্য বা অপপ্রকাশ্য চিহু নাই। তবে এমন কোন গুণ আছে যাহা দেবতাদেরই হইয়া থাকে, অন্য কাহাকেও সম্ভবে না এবং যাহা আমি ভিন্ন অন্য কেইই জানে না। সে গুণটি পরীক্ষা করিলেই জানিতে পারিবেন।

রাজা। ভাল, সে গুণটি কি ?

ছি: ত্রাহ্মণ। মহারাজ সে গুণটি লোক চিনিবার ক্ষমতা।

রাজা। লোক চিনিবার ক্ষমতা কি প্রকার ?

ছিঃ ব্রাহ্মণ। আত্মজপুরুষেরা বে প্রকার লোক চিনিতে পারেন, এও সেই প্রকারের।

রাজা। আমি বুঝিতে পারি না সে কি প্রকারের ?

ছিঃ ব্রাহ্মণ। আজ্ঞা, ইনি পূর্ব্ব জন্মে স্বর্তত্ব বিষ্ণার আবালোচনা করিতেন। স্বরোদয় শাস্ত্রে ইহার বিশেষ পারদর্শিতা ছিল। এজন্ত এ জন্মেও সেই বিষ্ণার আভাস তাঁহাতে ক্রিত আছে। ইনি ভূত ভবিষ্যৎ বর্তমান ভিন কালেরই ঘটনা বলিতে পারিতেন। তবে এখন ততদ্বে বলিতে পারেন কি না অবগত নহি। কিছু না কিছু জন্মে জন্মে স্প্রকাশ থাকে। তপস্যা কখন ব্যর্থ হয় না।

রাজা। দেখিতেছি আপনি পূর্ব জন্মের অনেক কথা বলিতে পারেন। পূর্ব জন্মেকে কি ছিল, কে কি করিয়াছে, আপনার মুখে শুনিয়া কি প্রকারে বিশ্বাস করিব । তাহার প্রমাণ কি । আপনার জীর ক্ষমতা আপনি সম্পূর্ণ জানেন না। এইটি বড় বিশ্বয়কর। আপনি কি ভূত ভবিবাৎ কিছু বলিতে পারেন ? ভবিবাতে আপনার ও আমার কি ঘটিবে বলুন দেখি।

ছিঃ ব্রাহ্মণ। আজা, না। ভবিষ্যৎ বলিতে পারা যায় না। সে कान व्यवसारिक एक देशा थारक।

রাজা। অবস্থাভেদে হইয়া থাকে এর মর্ম্ম কি ? যাহা হউক আপনার ক্ষমতার কথা গুনিরা চমৎক্ত হইলাম। এরপ ক্ষমত। স্চ-त्राहत्र मानत्व पृष्टे रह ना।

ছিঃ ব্ৰাহ্মণ। আজা আমি যাহা কহিলাম, এই স্ত্ৰীলোককে এই বিষয়ে প্রশ্ন করিলে সত্য মিথ্যা জানিতে পারিবেন।

রাজা তদনতার জনাতিকে আদেশ করিলেন-"এই ব্রাহ্মণকে वहिर्फिल्म तका कत। हिन्छ। कतिवात व्यवकाम निष्ठ ना। मुर्दिन। কথাবার্ত্তায় কালহরণ করিও। যতক্ষণ সামি পুনরায় না ডাকি, ভতক্ষণ এরপ ভাবে রাখিনে যে, স্বকীয় বিষয় চিস্তা না করিতে পারে।" এই বলিয়া চিলামগ্র হইলেন। বলক্ষণ চিন্তার পর ভালার বিচার লিপিবদ্ধ কবিতে আবিত করিলেন।

#### রাজার বিচারলিপি।

দেখিতেছি, ব্রাহ্মণম্বরে রূপ প্রায়ই একপ্রকার : বিশেষ লক্ষ্য করিয়া দেখিলে প্রকৃতিগত অনেক ভেদ আছে বুঝিতে পারা যায়। প্রথম ব্রাহ্মণের মানবদেহ। দ্বিতীয় ব্রাহ্মণের মানবদেহ বটে, কিন্তু স্ক্র। এই স্ক্রবরীরকে যোগীরা কামাভিরপ বলে। যোগীদের কামাভিরপে ও এই কামাভিরপে যাহা কিছু পার্থক্য আছে, এ প্রস্তাবে ভাষার বিশেষ উল্লেখ অপ্রয়োজন। এ কামাভিরূপে জ্ঞানের ক্ষর্তি নাই। অজ্ঞানতায় পরিপূর্ণ। যাহারা ভূতবোন, তাহাদের এ প্রকার শ্রীর স্বাভাবিক। এ শরীরপ্রাপ্তিসব্বেও অন্তের অমুরূপ রূপকরণ

করা সম্ভবপর নহে। তাহার প্রত্যক্ষ প্রমাণ এই মৃর্ডিতে প্রকাশ পাইরাছে। প্রথম ত্রাহ্মণের মত এ ত্রাহ্মণ ঠিক সাজ সাজিয়াছে। প্রথম ব্রাহ্মণ যাহা বলিয়াছে, দ্বিতীয় প্রায়ই তাহার পুনরার্ত্তি করি-য়াছে। অথচ পর্মপ্রের সহিত পরম্পরের সাক্ষাৎ নাই। ইহাতেই বুঝা ৰাইতেছে, দ্বিতীয় ব্ৰাহ্মণের মনোবায়িত্ব ক্ষমতা আছে। মনো-যায়িত্ব শক্তি না থাকিলে একজনের মনোভাব, অন্ত জন জানিতে পারে না এবং বলিবারও ক্ষমতা থাকে না। যেমন আমরা; এক জনের মনের কথা জানিতে পারি না এবং বলিতেও পারি না। অনিমাদি সপ্তদৰ সিদ্ধি মধ্যে মনোষায়িত্ব একটি প্রধান বিভৃতি। ইহা যোগীয়া যোগমার্গে বিশেষ উন্নত না হইলে প্রাপ্ত হয়েন না। সৰ্ভণে মন বিধেতি না হইলে এ বিভৃতি কোন ক্রমেই প্রকাশ পায় না। ভূতযোনিরা সন্তাংশরহিত, সুতরাং তাহাদের স্বাভাবিক সুক্ষাৰারীর হইলেও, তাহার পরিবর্ত্তন অর্থাৎ ইচ্ছামুরূপ রূপধারণ সাধাায়ত নহে।

দেখিতেছি প্রথম ব্রাহ্মণ সত্যবাদী, সরলচেতা ও অকপটভাষী। দ্বিতীয় মিথ্যাবাদী ও কপটভাষী। যদিও প্রথমাপেকা দ্বিতীয়ের বৃদ্ধি-প্রাথগ্য আছে, সে প্রাথগ্য যোনিভেদ্যুলক। ভূতযোনি আবহমান কাল জগতে বর্ত্তমান আছে। তাহাদের বিভা বৃদ্ধি সামার নর অপেক্ষা অধিক হইবে, তাহার বৈচিত্র্য কি ? দিতীয় ব্রাহ্মণ মানব নহে। ভূতবোনি। ভূত না হইলে পাঁচ ক্রোশ পরিমাণ পথ কি প্রকারে এক নিমিবে গমন করিবে ? ইত্যগ্রেই বলিয়াছি ভূতেরা স্ক্রশরীর। স্ক্রশরীর না হইলে ছিজ্র দিয়া কি প্রকারে প্রবেশ করিবে ? প্রথম ও বিতীয়ের এক প্রকার হইলেও ভিন্ন প্রকৃতি-বিশিষ্ট। পরিচয় এক হইলেও বিতীয়ের পরিচয় রহস্তভেদক। সে রহস্ত মানব সহজে বুৰিতে পাবে না। বুদ্ধির অগম্য। করনা যারাও কেহ স্থির করিতে

পারে না। অধিকল্প এ ভাবের কল্পনা কাহারও মনের মধ্যে উদিত হয় না। এ রহন্ত বুঝিতে পারে এ প্রকার উন্নত সাধু দৃষ্টিগোচর হয় না ব্যবা ৰদিও দেখা বায় তিনি আত্মহমতা অপরকে জানিতে দেন না। সর্বাদা আত্মগোপন করেন। তাঁহার ক্ষমতা সহচর বা শিষ্য না হইলে कानिवात छेभात्र नारे। এই क्रभ नाथु भूक्रवरे कानी यहाभूक्रव नार्य অভিহিত হইয়া থাকেন।

ভূতেরা অতীত ও বর্তমান দেখিতে পায়, ভবিষৎ পায় না। পাইলে অবস্থাভেদের কথা বলিত না অৰ্থাৎ যুল প্ৰপঞ্চ ভিন্ন সন্ম দেহে হয় না এই মর্ম। অতীতের জ্ঞান আছে বলিয়া অনেক এতীত ঘটনার কথা উল্লেখ করিয়াছে ৷ বর্ত্তমানের জ্ঞান আছে বলিয়া উপ-স্থিত কি প্রদান হইতেছে, ইহারা বলিতে পারে। প্রমাণ ভূতাবেশ হইলে চণ্ড-প্রথা। যাহারা চণ্ড নামায়, তাহারা রোগীর অতীত ঘটনা वरन এবং वर्षमान वित्रा थाक । इहेकारन प्रदेन वित्रा पर्मक-मखनौत्र विकाश अन्यादिश (मग्र এवः अवशामि मित्रा (ताशमुख्य कतित्रा দেয়। ভবিয়াং যাহা বলে তাহা বিশাসজনক নহে।

বধুমাতা বাস্তবিকই স্বর শুনিয়া লোক চিনিতে পারেন। একথা আমি গুনিয়াছি ও বিখাস করি। স্বতরাং এ সম্পর্কে ব্রাহ্মণের কথা মিণ্যা নহে। একণে ব্ৰাহ্মণ ভৃতযোনি কিনা প্ৰত্যক্ষ প্ৰমাণ না করিতে পারিলে আমার বিচার্য্য বিষয় অবশ্য অসম্পূর্ণ রহিবে। এই প্রমাণ না করিয়াও আমি বিচার শেষ করিতে পারিতেছি না। এই বলিয়া দোবে ঠাকুরকে বলিলেন—'ভোমাকে যাহা প্রস্তুত করিবার জন্ত আদেশ করিয়াছিলাম, তাহা কি প্রস্তুত করিয়া আনিয়াছ ? দোবে বলিল, "আজা হাঁ মহারাজ। প্রস্তুত করিয়া আনিয়া এই বিচারগৃহ-মধ্যেই ঐ দেখুন রক্ষা করিয়াছি। রাজা দেখিয়া সম্ভষ্ট হইলেন এবং বলিলেন, 'বাঃ ঠিক হইরাছে। স্থালিকাটি কে প্রস্তুত ফল্লিল গ আমার

রাজ্যমধ্যে এঁপ্রকার কাক্লকর কি আছে ? দেখিতেছি বেরপ আবশ্রক ঠিক সেইরপই হইরাছে। স্থালিকার মুখবিবর বেরপ সংকীর্ণ হওরা আবশ্রক, তজ্ঞপই হইরাছে এবং মুখ বন্ধ করিবারও বিশেষ বন্ধোবন্ত আছে'। তদনস্তর রাজা দোবে ঠাকুরকে বলিলেন, 'দেখ দিতীয় ব্রাহ্মণ যদি ঘটনা ক্রমে এই স্থালিকা মধ্যে প্রবেশ করে, তুমি স্থালিকার মুখ বন্ধ করিবার জক্ত আয়োজন করিয়া রাখিও। বজ্রোপম লোহ কীলক ঘারা উহার মুখ এরপ ভাবে বন্ধ করিবে বে, জল-বায়ু নিঃসরণের পথ না থাকে এবং ব্রাহ্মণও বাহিরে আসিতে না পারে। যদি কোন ক্রমে বাহিরে আইসে, আমাদের বিপদের সীমা থাকিবে না। প্রাণ রক্ষা করা দায় হইবে। বোধ করি তুমি বুবিতে পারিয়াছ—এ ব্রাহ্মণ মন্যুশিহে, ভূত্যোনি—ব্রহ্মদৈত্য । ব্রহ্ম সভ্গ উভ্ত বলিয়া অনেক ব্রহ্মবিভূতের কথা জানে'। দোবে ঠাকুর মহারাজের কথা সব পূর্ণ

কিয়ৎকাণ পরে মহারাজ দোবে ঠাকুরকে বলিণেন 'দোবেজী— ছিতীয় ব্রাহ্মণকে এইখানে আনয়ন কর।

দোবে তাহাই করিল।

রাজা দিতীয় প্রাশ্ধণের দিকে কটাক্ষ করিয়া বলিলেন—'আপনি বে বলিয়াছিলেন আমার বিচার শেষ হইলে আমাকে কিছু অলৌকিক ব্যাপার দেখাইবেন':

বিঃ ব্রাহ্মণ। আজ্ঞা, যাহা আজ্ঞা করিবেন, আমি অকপটে আপনার বিখাসের জন্ম তাহাই করিব। আমি যাহা যাহা বলিরাছি, তাহা আপনার বিখাস ও ধারণা করিয়া না দিতে পারিলে আমি স্ত্রী পাইতেছি না, বিশেষ জানি।

রাজা। নিশ্চয়ই।

षिः बाक्षका महावाक, जाका दहेता जामि विनामभूत इहेत्छ अक

মুহূর্ত্ত মধ্যে আপদার কোন আদিষ্ট বস্তু আনিয়া দিতে পাল্প। আজ্ঞা হইলে আমি এই নিকটম্ব স্থালী মধ্যে প্রবেশ করিছে ও পারি।

রাকা। বেশ, অত্যে এই স্থালী মধ্যে প্রবেশ করিয়া আমার কিয়-- দংশ সন্দেহের নিরাকরণ করুন। তবে, একটি কথা আছে, আপনি উহার অভান্তরে প্রবেশ করিলেন কি না, জানিব কি প্রকারে ? আপনি বেরপ কথা কহিতেছেন ,তদবস্থায় থাকিয়া যদি বলেন আমি প্রবেশ করিয়াছিলাম। আমি কি প্রকারে বিশ্বাস করিব। প্রবেশের প্ৰমাণ কি দেখাইবেন, বলুন।

ছিঃ ব্রাহ্মণ। আচছা, আপনি এই স্থানিকাটি অর্দ্ধ জল পূর্ণ করিতে वन्त । आমि প্রবেশ করিলে সমস্ত জল উপলিয়া পড়িয়া যাইবে এবং আমি উহার ভিতর প্রবেশ করিয়া জগৎমাতা মহামায়া কালিকার নাম খন খন উচ্চারণ করিব। স্কলেরই একতিগম্য হইবে। ইহাতে বোধ করি আর আপনার সন্দেহের কোন কারণ থাকিবে না।

রাজা। বেশ। তৎপরে আবশুক হইলে অন্ত পরীকা করা যাইবে।

রাজাজ্ঞায় স্থালিকার্দ্ধ জলপূর্ণ হইলে, বিতীয় ব্রাহ্মণ "যে আজ্ঞা" वित्रा श्रांतिकामत्या व्यवम क्रितलन এवर कानी नाम श्रुतेत्र नाम খন খন উচ্চারিত হইতে লাগিল।

स्मिक्ठ ठजूत चात्रवान द्यांनिका-मृत्थाभरयाशी अवृति लोहमश कौनक नहेशा शानिकामूथ वस कतिशा मिन। बासन छनार्या वस বহিলেন।

রাজা সেই শকায়মান ঘটাকে নমুদ্রগর্ভে নিক্ষেপ করিতে আদেশ কবিলেন।

রাজার এই অন্তত বিচার ও দণ্ডাজা রাজ্যমধ্যে প্রচারিত হইল। **এই লোমহর্বণ ব্যাপার দেখিতে প্রজাবর্গ দলে দলে- উপ**স্থিত হইতে লাগিল। 'রাজবাটী প্রজা সমূহে পরিপূর্ণ হইল এবং মঙ্গলস্চক জয়ংঘনিতে আকাশমণ্ডল পরিব্যাপ্ত হইল।

স্পান্তর রাজা স্বস্তঃপুরে প্রবেশ করিলেন। রাজী শশব্যস্ত হইয়া রাজার বিচার ও দঙাজ্ঞা শ্রবণ করিলেন। শুনিয়া চকিত, স্থগিত ও স্তম্ভিত হইলেন।

পরিশেবে রাজা আপনার অভিমত প্রকাশ করিয়া বলিলেন। কল্য প্রভাবে বধুমাতা ঠাকুরাণীকে তাঁহার খণ্ডরালয়ে চারিজন বরকন্দাজ সহ প্রেরণ করা যাইবে। তাঁহাকে নিশ্চিম্ন ছুইভে কহিবে।

ব্রাহ্মণী রাজ্ঞীমূথে এই কথা শুনিবামাত্র আনন্দাশ্রপাত করিছে লাগিলেন এবং কায়মনোবাক্যে রাজাকে আশীর্কাদ করিতে লাগিলেন। রাজা পরদিন প্রত্যুবে পঞ্চলন আগন্তককে চারিজন বরকনাজঁসহ

ছরিপুরে প্রেরণ করিলেন।

শ্রীমতিলাল রার।

# পুনরাগমন।

( পূর্ব্ব প্রকাশিতের পর )

(৩৬)

পথের কৃষ্টের কথা আর তুলিব না। গোপালকে গৃহে ফিরাইবার অতি ঔৎস্থক্যে আমি একদিনের একক্ষণের জন্ম ঐশর্যের অভিমান ভ্যাগ করিয়াছিলাম, দীন গোপালের সন্মুখে দাঁড়াইতে দীনভাব অবলম্বনের সম্ভন্ন করিয়াছিলাম। কাজেই যথেষ্ট পাথেয় সঙ্গে না লইয়াই গৃহ পরিত্যাগ করিয়াছি। একজন ভ্তাকেও সঙ্গে লই নাই।

বাল্যের দারিদ্র্য এখন আমার পক্ষে অপ্ন-কথা হইয়াছে। প্রতি দভেই এখন আমাকে ভ্তোর উপর নির্ভর করিতে হয়। এরূপ অবস্থায়

বাড়ী ছাড়িয়া আমি বে কি অর্কাচীনের কার্য্য করিয়াছি, ভাহা আমি काशास्य वृक्षाहेव ? त्म निम विकशानगरी---(मगविरमण हहेएछ लाक-দকল আপনার আপনার ঘরে ফিরিয়া আনন্দ-কোলাহলে গৃহসকল পরিপূর্ণ করিয়াছে। এই শুভদিনে মামুবে যে ধাহার প্রতি শক্রতা ভূলিয়া পরস্পরকে আলিজন করিবে। খর হইতে বাহির হইবার মধ্যে আমি ও আমাদের গৃহস্থত্ত ডাক্তারবাবু। পালকীর বেহারাসকল ষে কোন ভাগ্যবানের গৃহে হুর্গাপৃক্ষার তিনদিন অম্লপানে তৃপ্ত হইতে চলিয়া গিয়াছে। আমরা বহুচেষ্টায় একখানিও পালকী সংগ্রহ করিতে পারি নাই। একখানি গরুর গাড়ী চণ্ডীতলা-অভিমুখে ঘাইতেছিল,— তাহাতে আচ্ছাদনমাত্র ছিল না-পালকীর ভাড়া দিয়া তাহাতেই আমরা আত্রর গ্রহণ করিলাম। স্থতরাং পথের কটের কথা বলিবার প্রয়োজন नारे। পদে পদে আমার देशश्राहा इहेशाहिल। মনে করিয়াছিলাম, বাড়ীতে ফিরিয়া যাই। পূজার ছুটার শেষে গোপালের সন্ধানে আসিব। ডাক্তারবার দকে না ধাকিলে নিশ্চয়ই খরে ফিরিতাম। আমার প্রতিজ্ঞা আমার গুৰের পর্যাকে হ্রফেননিভ শ্যার মধ্যে সমাহিত হইত।

কিন্তু ধক্ত ডাক্তারবাবু ৷ তাঁহার এই একটা দিনের আচরণ চিরকালের জন্ম আমার চিতে আছিত রহিয়া গিয়াছে ৷ এমন ধীরতায়, এমন শাস্তভাবে তিনি পথের সেই অকথ্য ক্লেশ সহ্য করিয়াছিলেন যে, এখনও যনে পড়িলে আমার নিজের মনুষ্ঠাত্বে ধিকার দিতে ইচ্ছা হয়।

গোশকটে আবোহণ করিবার পূর্ব্বে ছুইজনে চিন্তরক্ষার মত সামান্ত মাত্র জলবোগ করিয়াছিলাম। সেই সামান্তমাত্র বল অবলম্বন করিয়া আমরা উভরেই শরতের মেবমুক্ত রৌক্রভাপে দগ্ধ হইয়াছি। আমার শীবনে হুইচারিবার এক্লপ গ্রাম্যপর্থে পর্যাটন ঘটিয়াছে, কিন্তু ডাস্তার-वातूत कीवान देश नर्काश्यभ घटना। कनिकालाल हे जाहात कत्र, ব্দমের পর হইতে আবিও পর্যান্ত কলিকাতা ত্যাগ ক্রিয়া তাঁহার এরপ

আরণ্য পল্লীতে প্রবেশ করিবার প্রব্লোজন হয় নাই। ব্যবসায়ে তিনি বহরের ভিতরে যথেষ্ট প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন। কলিকাভার ভিতরেই চলাচল করিতে বছদিন হইতে তাঁহাকে মাটীতে পা দিতে হয় নাই। পাক্র গাড়ীতে চড়িয়া তাঁহাকে বে দেশান্তরে বাইতে হইবে. ইহা কোনদিন তিনি স্বপ্নেও চিন্তা করিয়াছিলেন কিনা সন্দেহ। সেই তিনি আৰু বন্ধুর গ্রামাপথে গরুর গাড়ীতে চাপিয়া চলিয়াছেন। তৃই পাখের ঘনসন্নিবিষ্ট তরুদল অরণ্যের আকারে প্রতি মুহুর্তে তাঁহার বিভীষিকা উৎপন্ন করিতেছিল। কিন্তু এক কণের জন্যও তাঁচার মুখে ভয়-বিকার লক্ষিত হয় নাই। মাঝে মাঝে আমাকে চঞ্চল দেখিয়া তিনি এক একবার আমাকে আখন্ত করিয়াছিলেন এই মাত্র, নিজে যে বিন্দুমাত্রও কট্ট পাইতেছেন এরপ একটা কথাও তাঁহার মুখ হইতে বাহির হয় নাই। তাই এখনও বলিতেছি— সেই বছকাল পূর্বের স্থির মধুর মৃত্তি মানসচক্ষুর সন্মুখে এতিটিত করিয়া বলিতেছি—ধন্য তুমি ডাক্তারবাবু ! তথন বুঝিতে পারি নাই ষে, ভাগ্য ভোমাকে বরণ করিবার জন্য প্রবল আকর্ষণে সমীপস্থ করিতেছে। আর তোমার এই বরণ কার্য্য সমাপিত করিবার জ্ঞ বিধাতা এই চপলচিত্ত যুবককে ঘটক নিযুক্ত করিয়াছেন। যাক্ সে কথা পরে বলিব। এখন যাহা বলিবার তাহা বলিয়া যাই।

বেখানে পূর্ব্বোক্ত দম্যটার সহিত দিতীয়বার আমার সাক্ষাৎ হইয়াছিল, সেইস্থানে উপস্থিত হইতেই সন্ধ্যা হইয়া গেল। এই স্থান হইডেই আমাদিগকে সেই আক্ষণের গৃহ সন্ধান করিতে হইবে। এইস্থানে পৌছিয়াই আমি ডাক্তারবাবুকে আন্ধণের সহিত সাক্ষাতের কথা গুনাইলাম। যে দিক হইতে আন্ধণ আমাদিগকে অভ্যর্থনা করিতে আসিয়াছিলেন, তাহা তাঁহাকে দেথাইলাম। আর বলিলাম—"এখন হইতে সদর রাভা ছাড়িয়া এই গ্রাম্য পথে প্রবেশ করিতে হইবে।"

ভাক্তারবাব বলিলেন—"বেশ, কর।" আমি বলিলাম—"কিন্তু সন্মুখে সন্ধ্যা।"

ডাক্তার বাবু বলিলেন—"ইহার পরেত রাত্রি হইবে।"

আমি—"এখনই বা রাত্রি হইতে বাকী কি ?. অস্ককার আগে হইতেই বাগানের ভিতরে বড় বড় গাছের তলায় তলায় থাবা পাতিয়। বসিয়াতে।"

ভা। অন্ধকার-শিশুগুলি এখনও পর্যান্ত পরস্পরে সংলগ্ন হইভে পারে নাই। এখনও পথ চিনিবার উপার আছে, ইহার পরে ভাহার। জভাজভি করিয়া যখন তাল হইবে, তখন কেমন করিয়া যাইবে '"

আমি। এখান হইতে আধক্রোশের মধ্যে চণ্ডীতলা, সেধানে চটী আছে—রাত্রিতে আশ্রয় লওয়া চলিবে।"

ডা। "কথাটা আমার মনে লাগিতেছে না।"

আমি গাড়োয়ানকে গাড়ী থামাইতে আদেশ করিলাম। আর বলিলাম, "এখন হইতে আমাদিগকে এই পথে যাইতে হইবে "

গাডোয়ান বলিল, "আমি যাইতে পারিব না।"

আমি পুরস্থারের প্রলোভন দেখাইলাম, তথাপি শকটচালক সম্বত হইল না। অবশ্ব তাহাকে সেজত অপরাধী করিতে পারি না। কেন না চণ্ডীতলার নাম করিয়া আমি তাহার গাড়ী ভাড়া করিয়াছিলাম। তদতিরিক্ত পথ বাইব না বলায় সে আমাদিগকে গাড়ীতে লইতে বীক্বত হইয়াছিল। হাতে এমন কিছু পয়সা নাই বে, অতিরিক্ত পুরস্থারের প্রলোভনে তাহাকে সঙ্গে লই। স্ক্তরাং এইস্থান হইতেই তাহাকে ভাড়া দিয়া বিদায় দিব স্থির করিলাম। মনে করিলাম বদি ডাক্তারবাবু প্রামের অসুসন্ধানে খানিকটা পথ গিয়া আর অগ্রসর হইতে না চান, তাহা হইলে আমরা পদব্যক্তেই চণ্ডীতলার উপস্থিত হটব ।

শানি গাড়োয়ানকে জিজাসা করিলাম—"ভাল, দলে যাইতে ন। চাস্, এইগ্রামে মুখুযোবাবু কে আছে বলিতে পারিস্।"

গাড়োয়ান উত্তর করিল—"মুখুষ্যে কে আছে না আছে জানি না, তবে এথানে আগে অনেক ঠ্যাগাড়ে ছিল শুনিয়াছি।"

"এখন ?"

"এখনও মাঝে মাঝে তুই একটা খুন-খারাপির কথা শোনা যায়।
থুনের কথা শুনিরাই আমি একবার ডাজারবাবুর মুখের পানে
চাহিলাম। ভাবিলাম, ভয় পাইয়া যদি তিনি চণ্ডীতলায় যাইতে
চান। তিনি একথায় কিঞ্জিয়াত্রও ভাঁত না হইয়া, ঈষৎ কক্ষরের
গাড়োয়ানকে বলিলেন—"খুন-খায়াপির কথা রাখ্, তুই মুখুয়োবাবুর
বাড়ী চিনিস্কিনা বল।

গাড়োয়ান উত্তর করিল-"না বাবু:"

আমি ভাড়া দিয়া গাড়োয়ানকে বিদায় করিলাম। ডাক্তারবাবু বলিলেন—"এখানে যথন আন্ধণের সঙ্গে ভোমার সাক্ষাৎ হইয়াছিল, উাহার বাড়ী এস্থান হইতে বেশী দূর হইবে না।"

আমি বলিলাম--"গুধু তাই নয়, তাঁহার দশ্মব্যীয়া নাতিনীও তাহার সঙ্গে আসিয়াছিল।"

ডাক্তারবাবু বলিলেন—"তবে আর মুহূর্ত বিলম্ব না করিয়া গ্রামের মধ্যে প্রবেশ কর ."

ডাক্তারবাব্র সাহস দেখিয়া বিশ্বিত হইলাম। পথে আসিতে আসিতে অনেকবার দ্রন্থিত গ্রাম সকল হইতে শ্রীত্র্গার বিসর্জনের বাজনা শুনিয়াছিলাম। কিন্তু এখানে উপস্থিত হইতে না হইতে চারিদিক যেন নিস্তর হইয়া পিয়াছে। একটা ঢাকের শব্দ শুনিতে পাইলে সেই শব্দ লক্ষ্যে অগ্রসর হইতে পারিতাম। কিন্তু হার তৎপরিবর্ত্তে সৃষ্ণু বনটা ঝিলীরবে মুখ্রিত হইয়াছে। পথে এমন একটা

লোক নাই যে, ভাহাকেও গ্রামসম্বন্ধে এক আধটা কথা জিজাসা করি। অতি অনিচ্ছায়, গুধু ডাক্তারবাবুর কাছে মুধরক্ষার জন্ত তাঁহাকে মাত্র সঙ্গী করিয়া সঙ্গীর্ণ গ্রাম্যপর্থে পদার্পণ করিলাম।

কিছুদুর অগ্রসর হইয়াই বুঝিলাম, যাহাকে গ্রাম মনে করিয়াছিলাম ভাহা একটা বিশাল আম কাঁঠালের বন। তাহারই পার্ঘে বিশাল ধান্তক্ষেত্র, গ্রাম যে কভ দুরে ভাহার ইয়ন্তা নাই। দশমীর শুভ্র ক্যোৎসাময়ী রাত্রি। তথাপি বাগানের মধ্যে অন্ধকার দেখিতে দেখিতে খনাইয়া আসিল। মনে হইল, যেন অন্ধকার আমাদের পিছ লইয়াছে:

চলিতে চলিতে অমুমান একক্রোশ পথ অতিক্রম করিয়াছি। বুঝিলাম, অবসর হইলে বিপদ, ফিরিডে গেলেও বিপদ মাধায় করিয়া কিরিতে হয়। বিশ্রাম যে লইব, ভাহারই বা উপায় কোথায়। এক পার্থে কটকাকীর্ণ অর্ণ্য, অপর পার্থে যেন ধর্ণীর সীমান্তগামী শ্রাম-সাগর.—তাহা আবার চন্দ্রকিরণনিষেকে পীতবর্ণে জড়িত হইয়া গন্ধীর মুর্ত্তি ধারণ করিয়াছে: মনে হটতেছে, যেন শত সহস্র সর্প ধারুওছে মুখ লুকাইয়া অবস্থান করিতেছে।

আমি ভীত হইয়াও ভীতির লক্ষণ প্রকাশ করিলাম না। ডাকোর বাবুর প্রতি পদক্ষেপে পদস্থলিত হইভেছিল। তাই দেখিয়া ভিজ্ঞাসা করি**লাম,---"**আর কি আমাদের অগ্রসর হওয়৷ কর্ত্তব্য ?"

ডাক্তারবাবু কিয়ৎক্ষণ নীরব রহিলেন। বোধ হয়, কি উত্তর দিবেন, তাহা তিনি স্থির করিতে পারিছেছিলেন না। অনেককণ নীরব থাকিবার পর তিনি বলিলেন—"আগুব কি পিছাইব, আমি স্থির করিয়া বলিতে পারিতেছি না। পল্লীগ্রামের পথঘাটের অবস্থা আমি কিছুই জানি না। এখন বুঝিতেছি, তেয়মার পরামর্শটা অগ্রাহ করা বৃক্তিযুক্ত হয় নাই। তবে কি জান গোপীনাথ! এক মহাপুরুষের

পুত্রের অন্বেশণ আসিয়াছি—আমাদের অনিষ্ট হইতেই পারে না।
আমি সেই বিশাসকেই আমার পথ প্রদর্শক করিয়া অগ্রসর হইয়াছি—"
ভাজ্ঞারবাবুর কথা শেষ হইতে না হইতেই বাগানের অক্ষকার ভেদ
করিয়া, কিছুদ্ধরে, একটী দীপালোক ফুটিয়া উঠিল।

দীপাণোক চলিতে লাগিল। রাত্রি তথন অধিক হয় নাই। কিন্তু বনের ভিতরে অন্ধকারটা কিছু অধিক মাত্রায় বাড়িয়াছিল। সেটা বাগুবিক, কিন্তা আমার ভয়াচ্ছাদিত দৃষ্টির জক্ত-আজিও পর্যান্ত ভাহা ব্যাহিত পারি নাই।

ডাক্তারবাবু বলিলেন—"গোপীনাধ! এ স্থবিধা ছাড়া কোনও মতে আমাদের কর্ত্তব্য নয়। এস উভয়ে আলোকের অনুসরণ করি।"

আমি কেমন একটা সন্দেহে চলিতে ইতন্ততঃ করিতে লাগিলাম। ডাক্টারবাবু তাহা বুনিলেন। বলিলেন—"বেশ, তুমি অগ্রসর হইতে সাহস না কর, আমি হইতেছি"। এই বলিয়া তিনি উত্তরের অপেক্ষা না করিয়াই আলোক-অভিমুখে চলিলেন।

যাইতে যাইতে বলিলেন—''কোনও কারণে স্থানভ্যাগ করিও না।
আমি এখনই দীপধারীকে সঙ্গে লইয়া ফিরিভেছি"।

আমি একস্থানে দাঁড়াইয়া তাঁহার গতিবিধি লক্ষ্য করিতে লাগি-লাম। তিনি বাগানের মধ্যে প্রবেশ করিয়াই বলিলেন—''আলোক লহয়া কে যাইতেছ, দাঁড়াও। আমরা এখানে হুইজন বিদেশী অস্ককারে পথ হারাইয়াছি।" আলোক কোনও উত্তর দিল না—চলিতে লাগিল। আলোক বলিলাম কেন, এখন পর্যান্ত আমি আলোকধারীকে দেখিনাই। ডাক্টোরবাবু দেখিয়াছেন কিনা বলিতে পারি না।

উত্তর না পাইয়াও তিনি অমুসরণে বিরত হইলেন না। তিনিও চলিতে লাগিলেন, আলোকও চলিতে লাগিল। কি বুঝিয়া একবার তিনি দাঁড়াইলেন, আলোকও দাঁড়াইল। একবার পিছাইলেন,

चारनाक्ष मत्त्र मात्र भिष्ठारेन। এरेक्सभ हरे अकवात्र हना, मांड्रान, পিছানর পর আলোক অদুখ হইল, ডাক্তার বাবুর দেহও অন্ধকার মধ্যে বিলীন হইয়া গেল। আমি তাঁহাকে বিপন্ন বোধে চীৎকার করিয়া ডাকিলাম-উত্তর পাইলাম না। আবার ডাকিলাম, উত্তর পাইলাম না-বাগানের মধ্যে কিছুদুর প্রবেশ করিয়া বারবার ভাকিলাম, তথাপি বনমধ্য হইতে কোনও উত্তর আসিল না।

ভরে আমি ব্যাকুল হইয়া পড়িলাম। নিশ্চয় বুঝিলাম, ডাক্তার-বাবু দস্মা কর্ত্তক হত হইয়াছেন। হত্যাকুশল ঘাতক ডাক্তারবাবুকে কথা কহিতে অবকাশ দেয় নাই, এইবার আমার পালা। নিজের মৃত্যুকথা মনে উদিত হইবামাত্র আমি আত্মহারা হইয়া পড়িলাম। ভাক্তারবাবুকে ভূলিয়া গেলাম, বাগান ছাড়িয়া এক দৌড়ে রাস্তায় পভিলাম। সদর রাজ্ঞায় পড়িলে জীবন রক্ষা হইতে পারে ভাবিয়া মুহুর্ত্ত মাত্র বিলম্ব না করিয়া আবার ছটিতে আরম্ভ করিলাম। প্রতি-পদক্ষেপেই বোধ হইতে লাগিল, কে যেন আমার পাছ লইবাছে। এই পড়িলাম-এই মরিলাম! এই বুঝি ঘাতকের লাঠী আমার মাধার পড়িল! এই বুঝি ঠগীর হাতের রুমাল আমার গলায় क्षाहेन।

কিন্তু সদর রাতায় পা দিবার পূর্বে আমার মৃত্যু আসিল না। বাস্তায় পড়িয়া দেখি,---আলোহাতে একজন পথিক আসিতেছে। ভাহাকে দেখিয়াই কাতরকঠে তাহার সাহায্য প্রার্থনা করিলাম। প্ৰিক অভয় দিতে দিতে আমার কাছে ছুটিয়া আসিল।

निकरि वानियार लाकि विलल-"कि रहेग्राह्म वातृ ?" "ডাকাতে আমার পিছু লইয়াছে।"

"ডাকাতে পিছু লইয়াছে। ন। বাবু, তুমি আর কিছু দেখিয়া ভর পাইরাছ।"

"বার কিছু নয়—দস্য। দে আমার সঙ্গীকে হত্যা করিয়াছে "

"হত্যা করিয়াছে, তুমি নিজের চক্ষে দেখিয়াছ ? না বাবু আমার বিখাস হইতেছে না। ভাল, চল দেখি, দেখিয়া আসি কোণায় তোমার সঙ্গী খুন হইয়াছে।"

"শপথ কর, আমাকে রক্ষা করিবে ৷"

"কি হইয়াছে, তা রক্ষা করিব ! বাবু, তুমি জ্ঞান না—এ কাল্-স্পারের হৃদ। আমার বিনা হুকুমে যম আসিয়া এখান হইতে কাহাকেও লইয়া যাইতে পারে না। এই বলিয়াই পথিক আলোকটা আমার মুথের কাছে ধরিল। ধরিয়াই সবিস্বয়ে বলিয়া উঠিল—"কেও, বাবু! তুমি!"

ভরে আমি জ্ঞানশৃক্ত হইয়াছিলাম। স্থৃতরাং নিকটে আদিলেও এতক্ষণ তাহার স্বরূপ উপলব্ধি করিতে পারি নাই। এখন বুঝিতে পারিলাম দে কে, আপনারাও বুঝিয়াছেন সে কে। সেই অকুতোভয় বীরের নাম কেবল এতদিন জ্ঞানিতে পারি নাই। আজ জ্ঞানিলাম, তাহার নাম কালু স্পার।

কালু বালল—"বাবু. তোমাকে পাইয়া আমোদ করিতে পাইতেছি
না। আমার মনিব তোমার আসার কথা শুনিলে কিষে আজ্লাদ
প্রকাশ করিবে, তা তুমি নিজে না দেখিলে বুঝিতে পারিবে না।
মাগে চল, তোমার সঙ্গীকে খুঁজিয়া বাহির করি।

আবার কাল্র সঙ্গ লইরা যে পথ হইতে আসিরাছিলাম, সেই পথে ফিরিয়া চলিলাম।

কিয়দ্র আসিয়া দেখি, ডাজারবারু বেস্থানে আমাকে গাঁড় করাইয়া গিয়াছিলেন, সেথানে আলোকটা ইতন্তঃ পরিভ্রমণ করিতেছে। তাই দেখিয়াই সভয়ে কালুকে বলিলাম—"সরদার ওই দেখ, ডাকাতটা আমার সঙ্গীকে হত্যা করিয়া আমার অনুসন্ধান করিতেছে।"

আমার কথা গুনিবামাত্র কালু উচ্চহাস্ত করিয়া উঠিল। বলিল-'ঠাকুর। ভাকাত একটা ছোট প্রদীপ হাতে বইয়া ভাকাতি করে না। পথের ডাকাভি সে অন্ধকারেই সারে, গৃহস্তের বাড়ী লুট করিছে हरेल मनान काला" अहे कथा विनिहार ति शक्षीतवाद जालाक-**शाद्रीत्क मर्स्थारन क**त्रिन-"वार्ताक नरेवा अधारन (क ?"

উত্তর হইল—"কালু! আমি।" একটা মধুর কোমল স্বর বিজয়া দশমীর জ্যোৎস্নাকে নাচাইতে নাচাইতে পথ-পার্যন্ত প্রান্তবের স্থায আলিক্স করিয়া কোথায় চলিয়া গেল।

"আমি হুৰ্গা।

"তুমি এত রাত্তে এখানে কি করিতেছ।"

"কলিকাত৷ হইতে একটি বাবু আসিয়াছে, আমি তাহাকে পুঁজিতেছি।"

কালু আমার পানে চাগিয়া আর একবার উচ্চ হাসিল, আর বলিল **"এস বাবু, ভাকাতনীটাকে পাক**ড়াও করি।"

नब्जात्र चायात्र याथा (इंटे इहेन। यूट्रार्खहे चालाकमयौत्र উপস্থিত হইলাম। দেখিলাম আলোক হল্ডে সেই পূর্ববৃষ্ট বালিকা।

पुरत्—वक्षुरत्—शांभास्टात् मारम् विमर्कन पित्रा প্रভागिमन्त्र বাস্ত বাজিয়া উঠিল। করুণার ক্ষীণ মর্মালাপে সে ধ্বনি কাননভূষি ম্পূৰ্ল করিল। আমি দেখিলাম,—তুর্গা প্রাণমন্ত্রী পুত্রলিকারপে অভয় **দীপ করে দ**ইয়া যেন জগদারণ্য মধ্যে বিচরণ করিতেছেন।

কালু বালিকার সমীপন্থ হইয়াই বলিল,—"মা ছুর্গা! আমার সঙ্গে কে চিনিতে পার ?"

कृती विनन-- "व्यामात प्रशास ।"

এক কথাতেই সমন্ত বুঝিলাম। অমনই আপনা আপনি তাঁহার চরণে মন্তক অবনত হইল। বলিলাম—''মা। সন্তামের প্রণাম গ্রহণ কর।"

### স্বপ্ন-তত্ত্ব।

#### [ পুর্ব্ব প্রকাশিতের পর। ]

আমরা যাহাকে প্রাণশক্তি বলিয়া আসিয়াছি, তাহা একটা কোনও বিশিষ্ট শক্তি নহে। পাছে এই ভ্ৰম উদ্ভত হয় তাই এই কথা বুঝা উচিত। বাহৃদ্টিতে আমাদিগের মনে হয় বেন শক্তি নানা জাতীয়, যথা,--- গতি, ( Motion ), তাপ, ( Heat ), প্রাণ-শক্তি সেই এক আলোক (Light), ভাড়িত (Electricty), চৌমুক শক্তিই দৈৰপ্ৰকৃতির (Magnetism', বুসায়ণ শক্তি ৰামান্তর। affinity), প্রাণ-শক্তি (Vital force, এবং জীবশক্তি (Psychic force).। প্রথম দৃষ্টিতে এই অষ্টবিধ শক্তি পরস্পর বিভিন্ন স্বতম্ভ শক্তি বলিয়া মনে হয়। পূর্বে প্রতীচ্য বিজ্ঞানও তাহাই বলিত। ইহার। যে সকলেই এক মহাশক্তিরই ভাবাস্তর, এ ভব পূর্বে বিজ্ঞানের পরিজ্ঞাত ছিল না কয়েক বৎসর পূর্বে সার উইলিয়ম গ্রোভ বৈজ্ঞানিক পরীক্ষায় স্থির করিয়াছেন যে, পর্কোল্লিখিত শক্তির প্রথম চয়প্রকারকে পরস্পর রূপাস্তরিত করিতে পারা যায়। তাড়িত হইতে তাপ, আলোক, চৌমুক সন্ধি উৎপন্ন করা যায়, আবার তাপ আলোক প্রভৃতিকে তাড়িতে পরিণতঃ করা যায়। তিনি ইহার নাম দিয়াছেন — "শক্তির সমাবর্ত্তন" (correlation of physical forces)। দার্শনিকগণের শীর্ষস্থানীয় মহামান্ত হারবার্ট স্পেন্সার

नह. - थान मिक ७ कौरनिक ७ वह विधिवह ।\*

এই তত্ত্বকে সম্প্রসারণ করিয়া বণিয়াছেন বে, কেবলই বে ওই পূর্ব্বোক্ত ছয়প্রকার ভৌতিক শক্তি এই সমাবর্ত্তন নিয়মের অন্তর্ভুক্ত, তাহা

The power which manifests throughout the universe distinguished as material is the same power which in ourselves wells up under the form of consciousness. Herbert Spencer's Ecclesiastical Institutions, page 829

সকল প্রকারের শক্তিই অক্সপ্রকারের শক্তিতে রূপান্তরিত হইতে পারে। বস্তুতঃ শক্তির উৎপত্তি নাই, তিরোধান নাই, তাহার উপচয় নাই, অপচয় নাই, তাহার ক্রম নাই, বৃদ্ধি নাই; আছে কেবল তাহার রূপান্তর, তাহার ভাবান্তর। বেমন সমস্ত রাপরাগিণী কেবল সারে-গামাদি পপ্রস্বরের রূপান্তর এবং সারেগামাদি সপ্রস্বর এক স্বরেরই বিভিন্ন ভাব, ঠিক সেইরূপ বিবের মাহা কিছু আমরা শক্তির খেলা দেখি ইহা এই অস্টশক্তিময়ান্তিকা, আবার এই অস্ট শক্তি এক মহাশক্তিরই রূপান্তর। এই মহাশক্তির নাম আর্য্য ঋষিরা দিয়াছেন "পুরুষ"। আর মাহাকে আমরা জড় প্রকৃতি বলি, তাহার নাম "প্রধান"। ইহাদিগকেই গীতায় শ্রীভগবানের পরা ও অপরা প্রকৃতি বলা হয়।

অপবেয়ামতন্তক্ষাং প্রকৃতিং বিদ্ধি যে পরাং। জীবভূতাং মহাবাহো ! যয়েদং ধার্য্যতে জগৎ। ৭—৫

(আমারই অভিন্ন অংশস্ক্রপ আর এক প্রকার শ্রেষ্ঠতম প্রকৃতি আছে, তাহা উক্ত অপ্টবিধ প্রকৃতি অপেক্ষার বিশুদ্ধ, যে প্রকৃতি এই অনস্ত লগংমধ্যে অন্থপ্রবিষ্ট হইয়া জৈবনিক ক্ষমতা দারা ইহাকে ধারণ করিয়া আছে, হে মহাবাহো! সেই প্রকৃতিটিকে তুমি জীব বলিয়া জানিবে।) ইহার অপর নাম দৈবী প্রকৃতি। যাহা কিছু শক্তির কার্য্য আমরা দেখিতে পাই, তাহা ভগবানের দৈবীশক্তি। তাই গীতা বলিয়াছেন.—

যদাদিত্যগতং তেজো জগদ্ ভাসরতেইখিলং।

যচন্দ্রমমি যচাগ্রে তৎ তেজো বিদ্ধিমামকম্। ১৫—১২
( আদিত্যে, চল্লে ও অগ্নিতে যে তেজ আলোকরূপে দীপ্তি পার,
ভাষা ভাষারই তেজ।)

ক্রমশঃ।

ঐকিশোরীমোহন চট্টোপাধ্যার।

## অলৌকিক রহস্য।

৪র্থ সংখ্যা ]

ততীয় বর্ষ।

[ কার্ত্তিক, ১৩১৮।

### স্থান শরীরের মৃতন প্রমাণ।

ভাদ্র সংখ্যা "অলৌকিক রহস্তে" স্থন্ন শরীরের প্রমাণ-প্রসঙ্গে আমি ডাক্তার কিল্নারের আবিষ্ণত হক্ষ শরীর প্রত্যক্ষ করিবার একটী অভিনব প্রণালীর উল্লেখ করিয়াছি। ডাক্তার কিল্নার এক প্রকার আরক আবিষ্কার করিয়াছেন। উহার সাহায্যে কাচের মধ্য দিয়া সাধারণ ব্যক্তিও চর্মাচ কুর দারা স্থা শরীর প্রত্যক্ষ করিতে পারে। এবিষয় লইয়া ইংলণ্ডে ও আমেরিকায় বেশ আন্দোলন চলিতেছে। ডাক্তার কিল্নার এখন আরকের সাহায্য ভিন্নও সক্ষশরীর প্রত্যক্ষ করিতে পারেন। ইহাতে মনে হয় যে, ডাব্তার সাহেবের অল অল দিব্য দৃষ্টির উল্মেষ হইয়াছে। তিনি বলেন যে, ব্যাপারটা সম্পূর্ণই স্থুল জগতের—ইহার সহিত অতীক্রিয় শক্তির কোন সম্বন্ধ নাই।\* এ মত কিন্তু ঠিক মনে হয় না। কারণ. ইহাতে যদি কিছুই অতীন্ত্রিয় না থাকিবে ভবে সাধারণ চক্ষু ডাক্তার সাহেবের আবিষ্ণত আরকের সাহায্য ভিন্ন এই স্ক্র শরীর প্রভাক করে না কেন ? অবশ্য তাঁহার আরকের সাহায্যে যে শ্রীর প্রতাক্ষ গোচর হইতেছে, তাহা প্রকৃত ফল্ম শরীর নহে। সকলেই জানেম,

<sup>\*</sup> The Phenomenan is entirely physical and that there is nothing occult or clairvoyant about it.

আর্ব্যখিষর। মামুবের শরীরকে তিন ভাগে বিভক্ত করিয়াছেন,— স্থুল শরীর, হক্ষ শরীর ও কারণ শরীর। সুল জগতে আমরা যে দেহে বিচরণ করি তাহাই স্থুল শরীর, স্ক্র জগতে আমরা যে দেহে বিচরণ বা অবস্থান করি (যেমন প্রেতলোকে, পিতুলোকে) তাহাই স্ক্র শরীর: এবং যে দেহের সাহায্যে আমরা কারণ জগতে (ম্বর্গলোক প্রভৃতিতে) অবস্থান বা বিচরণ করি, তাহাই কারণ শরীর। সুল জগতের উপাদান রসায়ন বিজ্ঞানের Oxygen, Hydrogen স্বৰ্ণ, রৌপ্য, পারদ, Sodium, Potassium প্রভৃতি মৌলিক পদার্থ ( elements )। কিন্তু এই সকল element ব্যতীত 'ইথর' (Ether) বলিয়া আর একটা পদার্থ আছে : ইহা আমাদিগের দর্শন শাস্ত্রের বায়ু বা আকাশের স্থানীয়। ইশ্বর ও স্থুল জগতের একটী উপাদান অথচ ইহা আমাদিগের চর্ম্মচক্ষর গোচর নহে। কিছ ইপরের অন্তিত্ব সম্বন্ধে বৈজ্ঞানিকের। কোন সন্দেহ করেন না। ষাহাকে আমরা সুলশরীর বলি, তাহার ছুইটি অংশ আছে। শাস্ত্রীয় ্ভাৰায় ইহাদিগকে ভাগুদেহ ও পিগুদেহ বলে। এই 'পিগু'দেহ হইতে "সপিও" শব্দ উৎপন্ন হইরাছে। থিওস্ফির ভাষায় ভাওদেহের নাম gross body এবং পিগুদেহের নাম etheric double বা etheric body। এই দেহ ইথারে গঠিত। সেইজন্ম ইহাকে ইধিরীয় শরীর বলা হয়। ভাগুদেহ কঠিন, জলীয় ও বাষ্পীয় উপাদানে গঠিত; বিজ্ঞানের ভাষায় যাহাকে solid, liquid এবং gas বলে।

আমাদের দেশে স্থুল শরীরকে পঞ্ভূতাত্মক বলা হয়। পঞ্ভূত-ক্ষিতি, অপ , তেজঃ, মরুৎ ও ব্যোম। ক্ষিতি পাশ্চাত্য বিজ্ঞানের solid, অপ পাশ্চাত্য বিজ্ঞানের liquid, তেজ:-পাশ্চাত্য বিজ্ঞানের gas, এবং মরুৎ ও ব্যোম পাশ্চাত্য বিজ্ঞানের ইথার (ether) স্থানীয়।

ভাগুদেহ যথন ক্ষিতি, অপ্ ও তেজে গঠিত এবং পিগুদেহ যথন মক্রং ও ব্যোমে গঠিত, তখন স্থুল শরীরকে পাঞ্জীতিক বলা অসঙ্গত নহে। ডাক্তার কিল্নার এই পিগুদেহ বা ইথিরীয় শরীরই প্রভাক কবিয়াছেন।

সম্প্রতি আমেরিকায় আর একজন (ইহার নাম ওডনেল্ ডাজার O'donnel) এই স্ক্র শরীর অর্থাৎ পিগুদেহ লইয়া করেকটা পরীকা করিয়াছেন। তাহাতে প্রমাণিত হইয়াছে যে, ঠিক মৃত্যুর সময় এই পিগুদেহ ভাগুদেহ ছাড়িয়া চলিয়া যায়। ডাজার ওডনেল্ একজন খ্যাতিমান্ চিকিৎসক। তিনি X'ray সম্বন্ধে একজন বিশেষ পারদশী ও বিশেষজ্ঞ। ডাজার ওডনেল কয়েকটা পরীকা ছারা যখন স্থির সিদ্ধান্ত করিলেন যে, স্থুল শরীর ছাড়া মামুবের একটা স্ক্র শরীরও আছে, তখন তিনি মৃত্যুর সময় কি ব্যাপার ঘটে, তাহা দেখিবার আয়োজন করিলেন। তাহার ফলে তিনি স্ক্র শরীরের উৎক্রমণ স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছেন। এ বিষয়ে তাঁহার নিজের উক্তি আমরা পাদটীকার উদ্ধান্ত করিয়া দিলাম \* এবং এখানে তাহার সংক্ষিপ্ত

O I looked at the man through screen for almost half an hour. The aura was plainly distinguishable. The attending doctor said the patient was sinking rapidly. I did not take my eyes from the subject."

<sup>&</sup>quot;Suddenly the physician announced that death had occurred. At the same instant the aura, which, as a bright light, had been radiated from the body at all points, began to spread from the body, and disappeared. Further observation of the corpse revealed no sign of the aura. I don't say that this aura is the soul or spirit—in fact no one seems to know just what it is. It is, in my opinion, some sort of radio-activity made visible by the use of a chemical screen. It undoubtedly is the guiding power or current of life, however, as my experiment would seem to prove."

অস্থবাদ করিলাম। ডাক্তার ওডনেল্ লিখিতেছেন,—"এুক মুমুর্ ব্যক্তির শরীরের প্রতি আমি সেই আরকের মধ্য দিয়া দৃষ্টি করিতে লাগিলাম। প্রায় অর্দ্ধর্ঘটা এইভাবে চাহিত্বা বহিলাম। তাহার সক্ষ শরীর বেশ স্পষ্ট দেখা যাইতে লাগিল। যে ডাক্তার রোগীর তত্বাবধান করিতেছিলেন, তিনি বলিলেন আর মৃত্যুর দেরী নাই। আমি বরাবর রোগীর প্রতি আমার দৃষ্টি নিবন্ধ রাধিয়াছিলাম। হঠাৎ চিকিৎসক বলিয়া উঠিলেন ষে, রোগীর মৃত্যু হইয়াছে। সেই মৃহুর্ছে मिषिनाम (य, এতক্ষণ পर्याञ्च (य উच्चन इति। द्वाभीत एक द्विष्टन করিয়াছিল, সেই ছটা রোগীর দেহ ছাড়িয়া অপস্ত হইল। রোগীর মৃতদেহ পরীক্ষা করিয়া দেখিলাম, তাহাতে ঐ ছটার কোন চিহু পাওয়া গেল না।" \* ডাক্তার ওডনেল বলিতেছেন যে, এই ছটা বা হক্ম শরীর যে কি পদার্থ তাহ। তিনি জানেন না। না জানাই সম্ভব। পাশ্চাত্যেরা পরীক্ষা করিতে সুদক্ষ, কিন্তু পরীক্ষার ফলে জত্ব নির্ণয় করা তাঁহাদের তত্টা আয়ত্ত নহে। এ বিৰয়ের জন্ম তাঁহাদিগকে আর্য্যথবিদিগের শরণাপন্ন হইতে হইবে। যে ছটা বা স্থ্য শ্রীর লইয়া পাশ্চাড্যেরা এত আন্দোলন করিতেছেন, ইহা আমাদিগের সেই বছদিনের স্থপরি-চিত পিগুদেহ ভিন্ন আর কিছুই নহে।

শ্ৰীহীবেন্দ্ৰনাথ দত্ত।

### জাপানে প্রেতাত্মা বিশ্বাস।

#### √ থেঁকশিয়ালের কুতজ্ঞতা। ]

একদা বসম্ভকালে তুইজন বন্ধ একটী অমুচ্চ পাহাডের পাদদেশে একটা থেঁকশিয়ালকে ভাষার শাবকের সহিত ক্রীডা করিতে দেখিতে পাইলেন। অনস্তর তাঁহারা চুইজন তথায় উপবেশন করিয়া সেই অন্তত ক্রীড়া অবলোকন করিতেছেন, এমন সময়ে সহসা তিনজন বালক সেই শাবকটাকে ধরিতে উত্তত হইল। শিয়ালটা প্রাণভয়ে পলায়ন করিলে বালকেরা সহজেই শাবকটীকে গ্রত করিল। ইহা দেখিয়া বন্ধুৰয়ের একজন উহাদিগকে ডাকিয়া বলিলেন, তোমরা এই শাবক-টীকে লইয়া কি করিবে ? উত্তরে জনৈক বালক বলিল, আমরা এই শাবক্টীকে আমাদের গ্রামস্থ একজন যুবকের নিকট বিক্রয় করিব। তিনি ইহার মাংস অত্যন্ত ভালবাসেন। আমরা তাঁহার নিকট ইহার উচিত মূল্য পাইব। এই বলিয়া বালকগণ গমনোম্বত হইলে, তিনিই. তাহাদিগকে বাধা দিয়া বলিলেন, তোমরা এই শাবকটীকে আমার নিকট বিক্রয় কর, আমি ইহার উচিত মৃল্যাপেক্ষা আরও কিছু বেশী ুদিতেছি। এই বলিয়া তিনি তাহাদের হস্তে একটা অর্দ্ধ 'বু' (পুরাতন ্জাপানী,মুদ্রা, এক 'বু' এক শিলিং চারি পেন্সের সমান) প্রদান করিলে তাহারা ষ্ট্রচিত্তে শাবকটীকে তাঁহাকে দিয়া তথা হইতে প্রস্থান कविन ।

এই সময়ে অপর বন্ধুটী বলিয়া উঠিলেন, "তুমি কি বাতুল হইয়াছ ? এই শাবকটী লইয়া তুমি কি করিবে ?"

বন্ধুর এই আশাতীত ব্লচ্ডাবা তাঁহাকে মর্লাহত করিল। তিনি দারুণ হাদক্ষাবেগ ধারণ করিতে না পারিয়া বলিলেন, "ভোমার মুধে

এরপ কথা শোভা পায় না; তুমি আমার মনের ভাব না জানিয়া আমাকে পাগল বলিয়া উপহাস করিলে! তুমি জান একটা প্রাণীর জীবন রক্ষা করিবার জন্ম যদি আমার সর্বস্থ হারাইতে হয়, আমি তাহাতেও পশ্চাৎপদ নহি। আৰু দামাক্ত অৰ্ধ্ধ 'বু'' ধরচ করিয়া এই শাবক্টীর জীবন বক্ষা করিলাম, ইহাতে আমার যে কি বিমল আনন্দ হইল তাহা তুমি বুঝিলে না ? এখন বুঝিলাম, তুমি আমার বন্ধুত্বের সম্পূৰ্ণ অনুপযোগী।"

এই বাকা শ্রবণমাত্র অপর বন্ধু করবোড়ে বলিতে লাগিলেন, "আমাকে ক্ষমা কর, আমি ভাবিয়াছিলাম, ভূমি এই শাবকটীর মাতা পিতাকে তোমার নিকট আনিবার জন্ম ইহাকে ধরিয়া রাখিবে, পরে ষ্থন তাহারা তোমার নিকট উপস্থিত হইবে তথন তুমি তাহাদের নিকট সুধস্মজির প্রার্থনা করিবে। কিন্তু ভোমার হৃদয়ের কোমণতার পরিচয় পাইয়া আমি বাস্তবিকই লজ্জিত হইয়াছি। আশা করি. আমার নির্বাদ্ধিতার জন্ম আমাকে ক্ষমা করিবে।"

বন্ধুর আন্তরিক ভাব বুঝিতে পারিয়া তিনি বলিলেন, "যাহা হুটবার তাহা হুটুরাছে। আমিও তোমার প্রতি কর্কশ বাক্য প্রয়োগ করিয়াছি। তজ্জন আমি বাস্তবিকই হঃখিত। আশা করি, তুমিও আমাকে ক্ষমা করিবে।"

এইরপে তুই বন্ধুর পুনমিলন হইলে, তাঁহারা উভয়ে শাবকটীর কোথাও আঘাত লাগিয়াছে কি না দেখিতে লাগিলেন। উহার পায়ে একটু আঘাত লাগিয়াছিল, তথায় একটা গাছের রস দেওয়ায় আঘাত-জনিত ব্যথা উপশ্যিত হইল। অতঃপর তাঁহারা শাবকটীকে কিছু ৰাইতে দিলেন; কিন্তু উহা তাহা স্পৰ্শপ্ত করিল না।

अहे भावकी नहेन्ना इहे वन्न थाहा याहा कतिरामन, हेहात माछा নিকটস্থ একটা বৃক্ষতলে বসিয়া অতি মনোধোগ সহকারে তাহা দেখিতে-

ছিল। হঠাৎ বন্ধুত্বয়ের চক্ষু সেই দিকে পতিত হওয়ায় তাঁহারা দেখিলেন যে,শুগালটী অতি উদ্বিগ্ধচিত্তে শাবকের দিকে নিরীক্ষণ করিয়া রহিয়াছে। দেখিবামাত্র তাঁহাদের দ্বদম বিপলিত হইয়া গেল এবং শাবকটীকে তৎক্ষণাৎ বন্ধনমুক্ত করিয়া দিলেন। শাবকটা অতি ক্রতপদে দৌড়াইয়া মাতার সমীপে উপস্থিত হইয়া আহলাদে গদগদ হুইয়া তাহার গা চাটিতে লাগিল। এই সময়ে বোধ হুইল ষেন শুগালটী মন্তক অবনত করিল।

এই ঘটনার পর বন্ধুদ্বয় বাটীতে ফিরিয়া আসিলেন এবং জীবনের শেষ পর্যান্ত বন্ধুত্বের পবিত্র বন্ধনে আবদ্ধ হইয়া বর্ণনাতীত সুধামুভব করিতে লাগিলেন।

যে বন্ধুটী শৃগাল-শাবকটীর জীবনরক্ষা করিয়াছিলেন, তিনি এক জন বিশ্যাত ধনী সওদাগর। তাঁহার একটা মাত্র পুত্র ছিল। পুত্রটা দশ বংসর বয়ক্রমকালে এক অতি কঠিন পীডাক্রান্ত হয়। অনেক বৈষ্ণকে চিকিৎসা করিবার জন্ম নিযুক্ত করা হইল: কিন্তু কেহই রোগ নির্ণয় করিতে পারিলেন না। অবশেষে একজন খ্যাতনামা বৈষ্ণকে আহ্বান করা হটল। ইনি রোগীকে দেখিয়া বলিলেন, "ব্যারাম অতি কঠিন, ঔষধে কোনও ফল হইবে না, তবে যদি জীবিত খেঁক-শিয়ালের যক্ত ( Liver ) পাওয়া যায়, তাহা হইলে রোগীর বাঁচিবার অনেক সম্ভাবনা আছে, তাহা না পাইলে জগতে এমন কোনও ঔবধ নাই যদ্ধারা রোগী এ যাত্রা ত্রাণ পাইতে পারে।"

এই বাক্য শ্রবণ করিয়া বালকের মাতা ও পিতা কিছুক্ষণের জ্ঞ্য হতবুদ্ধি হইয়া বসিয়া রহিলেন, পরে একজন পর্বতবাসীকে ডাকিয়া বলিলেন, "আমাদের পুত্রের মৃত্যু হইলেও আমরা কোনও জীবের প্রাণ নষ্ট করিতে পারিব না; কিছু আপনি পর্বতে বাস করেন, আপনার কোনও প্রতিবেশী যদি কখনও থে কশিয়াল হত্যা করে, তবে

'**আপনি উ**হার যক্ত আনিয়া আমাদিগকে দিলে আমরা বিশেষ <del>অমু-</del> গৃহীত এবং বাধিত হইব। অবশ্র ষক্তের উচিত মূল্য আমরা দিব।"

আগত ব্যক্তি তাঁহাদের কথায় স্বীকৃত হইরা চলিয়া গেলেন ! পরদিনই রাত্তিতে একজন লোক শুগালের যক্ত 'লইয়া তাঁহাদের ৰাটীতে আসিয়া বলিলেন, "আপনারা যে ব্যক্তির নিকট শুগালের বক্লৎ চাহিয়াছিলেন, তিনি আমাকে এই যক্লংটী দিয়া বলিলেন বে. ভিনি শীঘ্রই আপনাদের সহিত সাক্ষাৎ করিবেন এবং তথন ইহার মূল্য জানাইবেন ।"

অনম্ভর তাঁহারা অতি সাদরে যক্তটো গ্রহণ করিয়া আগত বাজিকে বিশেষরূপে পুরস্কৃত করিবার জন্ম আয়োজন করিতে লাগিলেন: কিছ উক্ত আগন্তুক বলিলেন, "আমার উপযুক্ত পারিশ্রমিক আমি পাইয়াছি, আমি আর কিছুই লইব না।" তথন তাঁহারা অন্ততঃ রাত্রিটা তথার ষাপন করিবার জন্ম অমুরোধ করিলেন; কিন্তু তিনি ইহাতেও সন্মত হইলেন না। তিনি বলিলেন, "নিকটে আমার কুট্ম আছেন, আমি তাঁহার বাটীতে রাত্রিযাপন করিব।" এই বলিয়া তিনি তথা হইতে श्रद्धान कदिएनन।

ৰক্ষৎ সংগ্ৰহীত হইয়াছে শুনিয়া বৈদ্য প্ৰদিন প্ৰভাতে রোগীকে দেখিতে আসিলেন এবং ঔষধের সহিত সেই যক্ত মিশ্রিত করিয়া সেবন कताहराना। खेरासत कि चार्क्या खन। এই विविध खेरध छेरात প্রবেশ করিবামাত্র রোগী আশাতীত ফললাভ করিল। মাতা পিতার আনকের সীমা হহিল না।

ইহার তিন দিন পরে পর্বতবাসী সেই ব্যক্তি তথায় আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার আগমনবার্তা শ্রবণ করিবামাত্র বালকের মাতা ও পিতা ভংসন্নিধানে উপস্থিত হইয়া অতীব বিনীতভাবে বলিলেন, "মহাশয় আপনি এত শীঘু যকুৎ পাঠাইয়া জ্বামাদিগকে

পরম উপক্রত করিয়াছেন। বালকটীর রোগ ইতিমধ্যেই আরোগ্য হইয়াছে।"

পর্বতবাসী ক্ষণেক হতবৃদ্ধি হইয়া রহিলেন, পরে বলিলেন, আপনারা কি বলিতেছেন আমি বুঝিতে পারিতেছি না; কারণ আমি শুগালের যক্ত সংগ্রহ করিতে না পারায়, আজ আপনাদিগকে তাহাই জানাইতে আসিয়াছি ।"

এই কথা শুনিয়া তাঁহারা উভয়ে একস্বরে বলিয়া উঠিলেন, "কেন. আজ তিন দিন হইল, একজন লোক আপনার নিকট হইতে যকং আনিয়া আমাদিগকে দিয়া গিয়াছেন। আমরা তাঁহাকে সেই রাত্রিতে এখানে থাকিবার জন্ম বিশেষ অমুরোধ করায় তিনি তাঁহার কোনও নিকটস্থ এক আত্মীয়ের বাটীতে থাকিবেন বলিয়া চলিয়া গেলেন: আপনি কি ইহার কিছুই জানেন না ?"

পর্বতবাসী বলিলেন, "আমি বাস্তবিকই ইহার কিছুই জানি না: এ বিষয়ের অনুসন্ধান করিয়া দেখা উচিত।"

(ক্রমশঃ )

**শ্রীমন্মথনাথ ছোব, এম,** সি, ই

#### প্রায়শ্চিত্ত।

সংসারে নানা শ্রেণীর লোকের ভিতর হুই শ্রেণীর মধ্যে বিশেষ তারতম্য দৃষ্ট হয়; তর্মধ্যে একদল যেন মক্ত্মিতে ফুল ফুটাইতে আসে, যেদিকে চায় সেদিকই যেন আনন্দ্র্ত্তীতে ভরিয়া উঠে, যেধান দিয়া চলিয়া যায়, সেইখানই যেন সরস-মধুর কোমলতায় ফুল হইয়া পড়ে। যাহাতে হাত দেয় তাহাই পূর্ণ, স্থুনর ও জয়যুক্ত হয়, যেন লগ্পত্রিকা একাদশ বৃহস্পতির ইজারা লইয়া, শিরোপরি বিজয়-কেতনের চিরপ্রতিষ্ঠা করিয়া তুলে।

অপর পক্ষের এভাবের সঙ্গে যেন জ্ঞাতিশক্ততা; দৈক্য, পরাঙ্গয় ও হাহাকার যেন তাহাদের বাঁধভান্না বন্তার মত হকুল ডুবাইয়া ছুটিয়া যায়; অভাগা যেদিকে যায় সাগর শুকায়ে যায়, তাহারা সুখের লাগিয়া যেমন করিয়া যতবড় ঘরই বাধুক না কেন, তাহা যেন ব্রহ্মার অভিসম্পাতে জ্বনিয়া পুড়িয়া যায়। শনি যেন রন্ধ গত থাকিয়া পূর্ণ দৃষ্টি করিতে थाकिन। ইহার উদাহরণের জন্ম বেশী দূর যাইতে হইবে না--- অর্থাৎ আমি নিজে। অন্ততঃ আমার কিশোরকাল পর্যান্ত এই ভাবেই চলিয়াছিল। শাস্ত্রমতে আমার যোগভ্রপ্ত হওয়া উচিত ছিল, কেননা ব্দিরাছিলাম-ভিচিনাম খ্রীমতাং গেছে। কিন্তু বোধ হর যোগভ্রষ্ট না ইইয়া বিয়োগভাষ্ট ছিলাম। এজীবনে প্রথম স্থ্যালোক দেখিবার সময় আমার মন্তক বেস্থান প্রথম স্পর্শ করে, তাহা বহুমূল্য মার্ক্ষেল প্রস্তরে মণ্ডিত। ইংরাজী ভাষায় বলিলে মুখে রূপার চমচা লইয়া সংসারে আসিয়াছিলাম; বহুমূল্য শ্যা ও গাত্রবন্ধ, গাড়ী যুড়ি, বাগান বাড়ী ইত্যাদি কোনটীরই অভাব ছিল না। কিংখাপমণ্ডিত ল্যাণ্ডোর গদি কিন্তা রতনমণ্ডিত দাসদাসীর বুকের উপর ছাড়া, আমার চরণ-

যুগল বঁড় একটা মৃতিকা স্পর্শ করিবার স্থযোগ পাইত না। কিছ আমার ছোট ভাই পঞ্ জ্মিবার সময়, এ সকলের কিছুই ছিল নাসে শুধু এই অতীত সমৃদ্ধির শ্বতিটুকু লইয়া আসিয়াছিল।

আমাদের বংশ তৎকালে কলিকাতার মধ্যে ধনসম্পদে বিখ্যাত ছিল, এখন কিন্তু সে প্রাসাদত্ল্য বাস্ত ভিটাটীর চিহুমাত্রও নাই। কঠোর কালের ছায়ায়, এখন সেখানে সরকারী রাস্তায় ও ট্রাম গাড়ীর দৌড়াদৌড়িতে পূর্বচিহের লেখমাত্রও নাই।

সবই ছিল, কিন্তু যেন আমূল পর্যান্ত কম্পমান। সরীকদের সহিত দাওয়ানী, ফৌজদারী প্রভৃতি ছোট বড় নানা মামলা বছকাল ধরিয়া চলিয়া শেষে হাইকোর্টে আসিয়া আসর জাঁকাইয়া বসিল। অর্থশ্রাদ্ধ উদেগ, উৎকণ্ঠা, মিণ্যা সাক্ষী ও তদির প্রভৃতি নানারূপ আতুসঙ্গিক **উপদ্রবের সহিত, মা**মলা হারিয়া বাবা তথন বিলাত **আপিল** করিয়াছেন। যদিও তথন আশার উপর নির্ভর করিয়া পণ কারয়া মোকদমা চলিতেছিল, কিন্তু তখনও বাহ্যিক অনুষ্ঠানের কোনরূপ সম্বোচ হয় নাই। এক সময়ে এমন অবস্থা আসে, যথন লক্ষীঠাকুকুণ প্রায় মুখ ফুটিয়া স্পষ্ট ভাষায় বলিয়া ফেলেন, "বাপু হয় আমায় ছাড়, নাহয় তোমার বনিয়াদি চাল ছাড়," কিন্তু ধনীর সন্তান মানের কারায় প্রায়ই লক্ষীঠাকুরুণকে বিসর্জ্ঞন দিয়া বনিয়াদি চালকেই আঁকড়াইয়া থাকে; বাবারও তথন ঠিক সেই অবস্থা; তথনও গৃহ-**(मवडा (गाविन्मकोत महाधूमधाम (ভाগরাগ হইড, ত্রাহ্মণ ও অতিথি** তথনও বিমুধ হইতেন না। কুটুম, অভ্যাগত, পোয় ও কুপোয়গুলি তখনও যথারীতি ও যথাসময়ে নিয়মিতভাবে অকুণ্ঠিতচিত্তে অজরা-মরবৎ অরধ্বংস করিত

এমন সময় বিলাভ আপীলের হারের কথা বজ্ঞের মত আমাদের মাধার ভারিয়া পড়িল ও সঙ্গে সঙ্গেই যেন পৃথিবীর ভাবগতিকের পূর্ণ

পরিবর্ত্তন হইয়া গেল। পোষ্ট ও কুপোষ্টের দল গা ঢাকা দিল, আত্মীয় ও বন্ধুবান্ধবের দল শুফ সহামুভূতি প্রকাশ করিলেন, যাঁহারা পুর্বাপর মামলায় উৎসাহ, এবং ধর্ম ও অধর্মের একতা সংযোজনে ত্ত্বির করিতেছিলেন, তাঁহারা বিশেষ বিজ্ঞ সংক্রিয়া বাঁবাকে নেপথো व्यक्तीहीन, এক क्रिमी, रायन कर्य एक्सन है क्रम है छानि मह्र प्रमा বিনামূল্যে প্রদান করিতে লাগিলেন। যাহারা চিরজীবন বা বংশামু-ক্রমে উপকৃত, তাঁহাদের মন্তিষ্ক হইতে অকুমাৎ কুতজ্ঞতার স্থৃতিটী পর্যান্ত লুপ্ত হইয়া গেল। বৈঠকখানার জাজিমের উপর পাওনাদারের খাতা, জমাধরচের অঙ্ক বাদ দিয়া কেবল দেনার খাতে ফাজিলের পাতা-ভাল উভাইতে লাগিল। পরদিনের সৌরকরোজ্বল প্রভাত ধনীর সন্তানকে নির্মানভাবে বুঝাইয়া দিল যে, সে পথের ভিথারী অপেকা অধিক পদস্ত ও গৌভাগ্যবান নহে !

ষাক, বাবা কিন্তু এ অবস্থাতেও বিচলিত না হইয়া সমস্ত এমন কি মার গায়ের স্বর্ণের চিত্র পর্যান্তও আধাকডিতে বিক্রয় করিয়া কাহাকেও কড়ার গণ্ডায় চুকাইয়া, কাহারও সহিত আপোষ করিয়া সমস্ত দেনা শোধ করিলেন। কেবল রহিল মার নামের টাপাতলার বাডীটী, সেটী ষার স্ত্রীধন: তার অর্দ্ধেক অংশ ভাড়া দিয়া অপরার্দ্ধে আমরা কায়-ক্লেশে বাস করিবার জন্ম প্রস্তুত হইলাম।

এমন সময়ে একদিন অপরাহে পিসিমা টাকার তোডা লইয়া গাড়ী করিয়া আসিয়া উপস্থিত হইলেন। পিসিমা আসিয়াই কাঁদিয়: ফেলিলেন, মাও স্ত্রীলোকসুলভ কালায় যোগ দিলেন। বাবা অধিকতর কাতর হইয়া গুড়গুড়ির নলে অধিকতর মনোনিবেশ করিলেন; আমি কিয়ৎকণের জন্ম অবাক হইয়া দেখিতে লাগিলাম। আবোধ পঞ্ তখন নিশ্চিস্তমনে দালানের উপর দৌড়াদৌড়ি করিতেছিল।

काजात अथम উচ্ছাস চলিয়া গেলে, পিসিমা अध्य पूर्व कृषिता

. বাবাকে বলিলেন "नामा এমন বিপদে পড়িয়াছ, কিন্তু আমাকে একবার च्यत्र अ मिटन ना"।

বাবা অন্তদিকে মুখ ফিরাইয়া তামাক টানিতে টানিতে আন্তে আন্তে (বোধ হয় কণ্ঠস্বর জড়াইয়া যাইতেছিল) বলিলেন, "কি ধবর দিব দিদি, এত সুখের ধবর নয়"।

পিসি। তা হোক আমি কি তোমাদের বেউ নই। আজ না হয় মা নেই, কিন্তু একদিন ত তোমার কোলে পিঠে মান্ত্র হয়েছি আমাকে খবর দিলে যা হয় কিছু অন্ততঃ চেষ্টাও ত কর্তে পারত্ম; স্তিয় ত আর, এখনো বাপের বাড়ীর সম্পর্ক উঠে যায়নি।

সে কণ্ঠস্বরে ক্ষোভ ও অভিমানের ভাব জাগিয়া উঠিতেছিল।

পিসি। যাক্, এখন তোমার হাতে কি আছে বল ও কি করে সংসার চালাবে ঠিক করেছ।

বাবা নীরবে উপরের দিক দেখাইয়া দিলেন, যেন উদ্দেশে উপরের অমনন্ত নীলাভ শৃত্য ও অনিশ্চিত ভগবানকে দেখাইলেন।

পিসি। দাদা, আমি তোমার ছোট বোন, তোমার শ্লেহ আমি কখন ভূলতে পারব না, এ সময়ে মান অভিমান ত্যাগ করে আমার একটী অমুরোধ তোমায় রাখতেই হবে। আমি থাকতে যেন চাক্র, পঞ্চু কি তোমাদের অভাব না জানতে হয়।

এই বলিয়া টাকার ভোড়াগুলি বাবার পায়ের কাছে রাধিয়া দিলেন।

বাবা। নলিনী, আমি সব করিরাছি, যা কখনো ভাবিতে পারিনি তাও করেছি। বাড়ী বেচেছি, পাওনাদারের হাতে পারে ধরেছি, ভোমার বৌদিদির গায়ের শেষ গহনা পর্যান্ত বিক্রি করেছি। আর কেন, এইবার কিছুদিন শান্তিতে থাক্তে দাও, তোমার বিধবার অর্থ ফাঁকি দিয়ে পাপের মাত্রা আর যেন বাড়াতে না হয়।

भिति। मामा, अठा कि काँकि (मध्या: आमात्र (मद-(म्ता, जीर्थ-ধর্মের ধরচ ত আছে, ও ধরচ না হয় তোমাদের সেবায় হবে ও তাতেই আমার সব তীর্থধর্ম হবে।

वावा । निनी, जूबि याहे वन, त्राहाहे जायात, आमारक आत ঋণপ্রস্ত ক'র না, এ বড় জালা। আমার আর বেশী দিন নয়, এসময় বেন অঋণী হয়েই ষেতে পারি; তবে দেখে। যেন চাক্ল কি পঞ্চ কষ্ট না পায়।

পিসিমা ও মা ব্যপ্ত হইয়া কাতরকঠে বলিয়া উঠিলেন, 'ওকি অকল্যাণের কথা তোমার ? ও সব কথা মুখে আনো কেন ? চারু ও পঞ্ বেঁচে থাক, একদিন না একদিন আবার সময় ফিরবে।'

शित्रिया चार्तक चारूनम कतिरान, वावात शास शर्याख धतिरानन, কিল্প ভিনি কিছতেই স্বীকৃত হইলেন না। শেবে চলিয়া বাইবার সময় वावारक এই श्रीकात कत्रारेम्ना शालन रय. विश्वय कहे रहेल वा रकान বিপদ ঘটিলে যেন কোনরূপ সংগাচ না করিয়া তৎক্ষণাৎ সংবাদ (प्रम ।

পিসিমা কিন্তু সংবাদ দিবার অবসর পর্যান্ত দেন নাই। তিনি প্রায়ই আসিতেন, আমাদের লইরা গিয়া থাওয়াইতেন ও পোবাক কিনিয়া দিতেন এবং বাডীতে প্রায়ই কাপড়চোপড়, খাবার জিনিব প্রভৃতি পাঠাইয়া দিয়া সাধ্যমত অভাব হইতে দুরে রাথিবার চেষ্টা কবিতেন।

পিসিমা ছাড়া আরও কতকগুলি আন্তরিক শুভামুধ্যায়ী ছিলেন। ইঁহাদের মধ্যে আমাদের গুরু রামতারণ ভট্টাচার্য্য, পুরোহিত গিরীশ **ঠাকুর ও পিতামহের আমলের** রুদ্ধ থয় কবিরাজ।

हेश हाज़ প্রতিবেশী ও পূর্ব উপক্ত দিপের মধ্যে ছুইচার জন,— ইঁহারা যদিও পদস্থ ও সম্পন্ন ছিলেন না, কিন্তু তাঁহাদের নীরব

সহাস্তৃত্ত্বতে একটা আন্তরিক রুতজ্ঞতা সর্বাদাই মুটিয়া উঠিত। আর একজন বৃদ্ধ কর্মাচারী ও তালুকের হুই একজন মণ্ডল ও হুই চারিষর নিরক্ষর প্রজা; ইহারা ধান চাল তরি তরকারী প্রভৃতি মধ্যে মধ্যে সাধ্যমত ভেট প্রদান করিত এবং বিনিময়ে কোন জিনিস কিছুতেই লইত না।

এছাড়া আমাদের মামার বাড়ীর কালী ঝি; সে মার বিবাহের সময় সঙ্গে আসিয়া, বেতন বা প্রতিদানের আশা না রাখিয়া সুখে তুঃখে আমাদের পরিবারস্থ এক জনের সামিল হইয়া গিয়াছিল।

যাহা হউক, অবস্থা-বিপর্যায়েও বিশেষ কট বা অশান্তি হয় নাই, কিন্তু শনিদেব রন্ধু গত থাকিয়া পুনরায় এই ক্ষণিক শান্তিরূপী গণেশের মুখ্টী উড়াইয়া দিলেন। অবস্থাবিপর্যায়ে, ছ্শ্চিস্তায় ও মনোকটে বাবা শয্যাশায়ী হইয়া পড়িলেন, প্রথমে তিনি তাচ্ছল্য করিয়াছিলেন; কিন্তু পিসিমা জোর করিয়া বড় বড় ডাক্তার আনাইয়া প্রাণপণে চিকিৎসা করাইলেন, কিন্তু একদিন আধারঘেরা প্রাবণ-অপরাহে, মর্মান্ডেদী হরিবোল ধ্বনির মধ্যে মা ও পিসিমার উচ্চ চীৎকারে আমাদের ক্ষুদ্র বাডীর বিশ্বগতা আরও বিশ্বদময় হইয়া উঠিল।

প্রথমটা আমরা চারিদিক অন্ধকারময় দেখিলাম, বিশেষতঃ মার অবস্থা সর্বাপেকা কাতর হইয়া উঠিল। ধনবানের ঘরণী নববৈধব্যের সহিত ভীষণ দারিদ্রোর তাড়নে কিংকর্ত্তব্যবিমৃত্ হইয়া পড়িলেন। কিন্তু এ অবস্থায়ও ভগবান আর একবার মুখ তুলিয়া চাহিলেন, গুরু-দেবের আশা-ভরসা, আশীর্বাদ ও সাস্থনায় এবং পিসিমার অগাধ ধন-সম্পত্তির উন্তুক্ত লোহসিন্দ্ক এবং অবারিত ও অ্যাচিত স্নেহমমতার বন্ধনে আবার আমরা উঠিয়া দাঁড়াইলাম।

ব্দপুত্রক পিসিমার উদ্বেশিত স্নেহ যেন আমাদের ছই ভাইকে আরও অধিক আঁকড়াইয়াধরিল।

পিসিমার স্বই ছিল, কিন্তু ছিল না হিন্দুর্মণীর স্ক্রিধ্ন, তিনি পতিপুত্রহীনা। কলিকাতার সম্ভ্রান্ত ঘরেই বিবাহ হইরাছিল এবং তাঁর নিজের সম্পত্তির মূল্য প্রায় পনের লক্ষ টাকা। পিসা-মহাশয় তাঁর জীবদ্দশাতেই জ্যেষ্ঠভ্ৰাতা নবীনবাবুর সহিত সমস্ত বিষয় ও বসত বাটী পर्यास वाटि। शाता कतिया शुवक श्रेशिक्ति। स्निन्म (त्रीन्नर्यामयी, শুল্র-বসনা, অলঙ্কারহীনা, শুল্রকান্তি,মৌনবতা পিতৃস্বসাকে যেন জীবিত মনুষ্য অপেক্ষা উন্থানশোভিতা মর্ম্মরের্বি বলিয়া বোধ হইত ; কিন্তু তাঁহার হৃদয়, মর্শ্বর অপেক্ষা অধিকতর স্থকোমল পদার্থে গঠিত ছিল। াহন্দুরমণীর সার আকাজ্জার কোনটীও না থাকাতে তাঁহার হাদয়-মন্দিরে আমাদের ছুই ভাইয়ের স্থান স্বিশেষ প্রতিষ্ঠিত হইয়া পড়িয়াছিল। উইলে পোয়পুত্র-গ্রহণের ব্যবস্থা থাকান্তে পিদিমার চক্ষু পঞ্কেই ভাবী পোয়পুত্ররূপে দেখিত। কিন্তু এ সত্ত্বেও তাঁর বিপদের পরিমাণ নিতান্ত লঘু ছিল না, নবীনবাৰু অতবড় বিষয়ের প্রলোভন সামলা-ইতে না পারিয়া ছলে বলে কৌশলে তাঁহাকে বিপন্ন করিয়া তুলিতেন, কিন্তু পিদিমার ধীরতা ও দুঢ়ভার বিশেষ কিছু করিতে পারিতেন না। অবশেষে লোকগঞ্জনায় কতকটা বাহৃত: নিরম্ভ হইলেও পোয়পুত্র-গ্রহণের পূর্বে পিদিমার স্বর্গলোকপ্রাপ্তি তাঁহার পক্ষে নিতান্ত উপেক্ষণীয় বস্ত ছিল না।

মধ্যে একবার পিসিমার অনুধ হওয়াতে তাঁহাকে হুই বেলাই দেখিতে যাইতাম, রোগ ভত গুরুতর ছিল না; কিন্তু ডাজারি ঔবং থাইতেন না বলিয়া ও কতকটা নানা কারণে সন্দিয়চিত হওয়াতে, আমাদের শুভামুধাায়ী বয়োবৃদ্ধ ও নিষ্ঠাবান্ গৃহ-চিকিৎসক ষত্ কবিরাজের চিকিৎসাধীন ছিলেন।

যত্ন কবিরাজকে বাল্যকালে আমার পিডামহ দেশ হইতে কলিকাভার আমাইয়া প্রতিষ্ঠিত করেন। একালের মত প্রকাণ্ড সাইন বোর্ড, পেটেণ্ট ঔষধ ও ডাকমাণ্ডলে চিকিৎসার বন্দোবন্ত না থাকিলেও নাড়াজ্ঞান, হাত্যশ, ও শাস্ত্রোক্ত ঔসধের জক্ত সেকালে ধরন্তরিতুল্য বিবেচিত হইতেন। বিশেষতঃ লোকটী তেজস্বী, নিষ্ঠাবান্ ও দরিজের প্রতি অঞ্চকম্পা-পরায়ণ বলিয়া সর্বত্তি স্থানিত হইতেন।

বাবা তাঁহাকে পিতৃত্ব্য সন্মান করিতেন ও আমাদের দারা প্রতি-পালিত বলিয়া চিরন্ধীবন ক্তজ্ঞতার ঋণ কর্ধঞ্চিং শোধ করিবার শুযোগ কথন পরিত্যাগ করিতেন না।

পিসিমার জ্বর ক্রমশঃ বৃদ্ধি পাইল। রাত্রিতে নেধিয়া আসিয়া প্রদিন প্রাতে ধাইয়া দেখি, সমস্ত বাড়ী মৌন-গভার-বিধাদ মূর্ত্তিতে দাঁড়াইয়া বিভীষিকার সঞ্চার করিতেছে, বুকের ভিতর পর্যান্ত স্পক্ষিত হইয়া উঠিল। দৌড়িয়া বাড়ীর ভিতর ধাইবার সমগ্য দেখি,—সমস্ত লোকজন নীরব, বিধাদযুক্ত ও অশ্রুপূর্ণ। বিস্মায়ে অশ্রুপূর্ণনয়নে কঠোর সভ্যের নিকট শুনিলাম যে, হঠাৎ রোগ বৃদ্ধি পাইয়া, কাল রাত্রিতেই তাঁহার মৃত্যু হইয়াছে এবং রাত্রিতেই অন্তিম সৎকার শেষ হইয়াছে। শোকে ও বাস্তব্য আমাদের সংবাদ দিবার অবসর হয় নাছ।

শুনিয়াই কাঁদিতে কাঁদিতে সেইখানে বসিয়। পড়িলাম। নবীন বাবু সদত্তে আমাকে বাটার মধ্যে পাঠাইয়া দিলেন, সেখানে তাঁহার স্ত্রী কোলে বসাইয়া, আদর করিয়। তে সান্ত্রনা দিলেন ও জলযোগ করাইতে চাহিলেন, কিন্তু আমার তথন যেন বাক্শক্তি ছিল না, তাঁহারা পিসিমার যত গুণের কথা বলিতে লাগিলেন, ততই আকুল ইইয়া পড়িলাম। প্রাচীনাদের মধ্যে একজন বলিলেন, 'আহা বাছারা যেন আমাদের ছোট বৌএর প্রাণস্করপ ছিল, আহা মারা যাবার সময়েও একবার বাছার ও পঞ্র নাম করিয়াছিল, কিন্তু তথন আর থবর দিয়া শেব দেখার সময় ছিল না।'

আমার কিন্তু এ সব কথা ঠিক কাণেই পৌছিতেছিল না। সেহের

**আগার, অ**সহায়ের সহায়, বিপদের ভরসা, এ বিশাণ <sup>6</sup>পৃথিবীতে একমাত্র প্রকৃত আত্মীয় পিদিমার সহিত এই সকল চিরবিচ্ছেদের কথা অপ্লকালীন অসম্ভব সত্যের মত নিষ্ঠরভাবে আমাকে পীড়ন করিতেছিল। খানিকক্ষণ বসিয়া খাকিয়া কাঁদিতে কাঁদিতে পলাইয়া चानिनाय-उँ। शाता बावात वाषी भर्याख लाक मान मिन्ना भारति है। प्रिटनन ।

**দেই**দিন হইতে পিসিমার রহৎ অট্টালিকার সিংহ্**যার 'আমার** নিকট চিরক্ত হইয়া গেল। যে বাড়ীর আদর-যত্নের একমাত্র সর্বাময় বস্তু ছিলাম. এখন তাহার ফটকের মধ্যেও প্রবেশ করিতে হইলে **চোরের স্থা**য় প্রবেশ করিতে হইবে !'

বৃদ্ধ কবিরাজ মৃত্যু-সংবাদে বিশ্বয়ে অবাক হইয়া বলিলেন, আমার ষদি কিছু কৰিৱান্ধী বা নাড়ীজান থাকে ত দুঢ়স্বরে বলিতে পারি, এ রোগ মৃত্যুরোগ মহে, নাড়ীও মৃত্যুনাড়ী ছিল না।

কেহ কেহ বলিলেন, 'বোধ হয় heart fail করিয়াছিল'-ভানিয়া কবিরাজ বলিলেন, 'কখনই নয়, তোমাদের ডাক্তারিতে ধরা যায় না বটে, কিন্তু তাহা হইলে আমি পূর্কাক্টেই নাড়ীতে ধরিতে পারিতাম।'

মাকে প্রথমতঃ এ সংবাদ গোপন রাখিবার চেষ্টা হইয়াছিল. কিন্তু আমার অবস্থা দেখিয়াই তিনি স্ব বুঝিতে পারিলেন ও সেই যে শ্যা লইলেন, হুই তিন দিন আর উঠিলেন না।

किर्मात ७ (योवन-मिन्नी, यखत-गुरहत सूर्वकृः एवत धक्माळ বম্বস্তা, বিপদের ভরসা, ব্যথার ব্যথীকে অকালে হারাইয়া, তাঁহার অবস্থা যে কি কটকর হইয়াছিল, তাহা বোধ হয় ভূক্তভোগী ব্যতীত আর কেহ অমুমান করিতে পারিবেন না।

ভালা বাঁধ ক্রমশঃ ভাঙ্গিতে লাগিল, কিছু এ অবস্থাতেও সহায় আবার অবাচিতভাবে উপস্থিত হইল।

বৃদ্ধ কিবিরাজ আসিয়া মাকে জানাইলেন বে, "মা! আমি তোমাদের অলে প্রতিপালিত ও তোমাদের নিকট চির উপক্ত, তোমরা বদিও আমাকে গুরুজনের তুল্য সমান-ছৃষ্টিতে দেখিয়া থাক, কিছু আমি জানি যে, তোমাদের নেমকের ভ্তা ভিন্ন আর কিছুই নই। তোমাদের কল্যাণে আমার আজ কোন অভাবই নাই! তাই মা আজ সব মানঅভিমান ত্যাগ করে এই বুড়ো বেটার শেষ অমুরোধ রাধ,— যেন আমি থাক্তে চারু ও পঞ্কে সংগার-ভাবনা ভাব তে না হয়। মা ইতন্ততঃ করিতেছেন দেখিয়া পুনরার বলিলেন, 'মা একে দান বা ভিক্লা মনে ক'র না. এ আমার গলাজলে গলা পূজা হবে, তোমাদের জিনিসেরই কতক অংশ তোমাদেরি কাছে গক্তিত রাধ্ছি।'

নির্বাদাতিশরে ও অবস্থা-বিপাকে বাধ্য হইরা মা সম্মত হইলেন।
সেইদিন হইতে কবিরাজ আমাদের পড়াগুনার সমস্ত ভার গ্রহণ
করিণেন ও বাড়ী ভাড়া হইতে কালী ঝির গৃহিণীপণায় কোন এক
প্রকারে সংসার চলিতে লাগিল।

কিন্তু রক্ষুণত শনির তথনও পূর্ণ দৃষ্টি; বয়েধিকাবশতঃ জরা কবিরাজ মহাশরকে বিশেষরপে পাইয়া বিদিন। ইদানীস্তন তিনি ক্রমশঃ ত্র্বল হইয়া আর চিকিৎসায় বাহির হইতে পারিলেন না, শেবে একদিন. নামিবার সময় সিঁড়ি হইতে গুরুতররূপে পড়িয়া গিয়া শ্যাশায়ী হইলেন। লোকে বলাবলি করিল, এয়াতা তাঁর রক্ষা পাওয়া কঠিন।

তথন অদৃষ্ট হতাশভাবে বুঝাইয়া দিল বে, অভাগা যেদিকে যায়, সাগর ওকায়ে যায়,—ইহা মর্মে মর্মে সত্য।

কবিরাজ মহাশয়কে প্রত্যহই দেখিতে যাইতাম এবং আমি বাইলে ও থাকিলে তিনি যেন অত্যধিক স্বস্থতা অস্ত্র করিতেন ও রোগের যাতনা অনেক্লটা দুর হইরা যাইত। সেদিন বধন স্থুণ হইতে অপরাহে দেখিতে গিয়াছি, তখন রোগের যথেষ্ট বৃদ্ধি ও কালো মেব<sup>6</sup> আকাশ ছাইয়া বাপ বাপ করিয়া জলধারাসিঞ্চনে রাজপর্থ পিচ্ছিল, কর্দমময় ও অপেকাকত নির্জন করিয়া তুলিয়াছিল।

কবিরাজ মহাশরের আদেশে সিঁডির দরজা বন্ধ করিয়া আসিলাম: এ দর্জা বন্ধ করিলে বাহির মহলে কেহ আসিতে পারে না-লোকজন প্রায়ই সাক্ষাৎ করিতে আসিত বলিয়া তিনি বাহির মহলেট থাকিতেন।

যথন তাঁহাকে পাথা করিতেছিলাম, তথন তিনি সম্ভেছে আমার গায়ে হাত বুলাইতে বুলাইতে বলিলেন, 'চাক্ল তোমার সহিত আমার এক বিশেষ গোপনীয় ও আবশ্রক কথা আছে, সেইজ্ঞা দরজা বন্ধ করিতে বলিলাম। কথাটা যেমনই গুরুতর, তেমনই গোপনীয় ও এক হিসাবে তেমনই ভয়ানক। আমি বিশ্বিত ও স্বস্তিত হইলাম।

কবি। প্রথমত: শপথ কর যে, একথা তোমার মাকে ছাড়া আর কাগাকেও বলিবে না। আর বিরক্ত, বিশ্বিত বা ক্রন্ধ না হইয়া ধীর ভাবে ওনিয়া যাইবে। আমি সমত হইয়া শপথ করিলাম।

পুনরায় বলিলেন, 'আমার একটী কাতর ভিক্ষা আছে এটা আমার অন্তিম ভিক্ষা; স্বীকার কর, হৃদ্ধের এই শেষ ভিক্ষা রাখিবে।'

আমার চক্ষুবর অশ্রপূর্ণ হইয়া উঠিল; সমুচিত হইয়া ব্যগ্রভাবে বলিলাম, 'বলুন আমার গাধামত চেষ্টা করিব।'

ক!ব। দেশ, আমার যাতনা যে কি ভীষণ তা বাক্ত করিতে পারিতেছি না, আর তুমি ভিন্ন আমার এ মৃত্যুকালীন যন্ত্রণা আর কেহ লাঘৰ করিতে পারিবে না।

এই বলিয়া তুর্পলহন্তে আমারে হাত ছটী ধরিয়া বলিলেন, "বাবা, कि इ हक्ष्म वा चारे थर्या दहेल ना "

কবিরাজ মহাশয় কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন, দে কিছুক্ষণ ষেন

আমার দিকট বুগের ভার দীর্ঘ মনে হইতে লাগিল। দেওরালন্থিত ঘড়ির টুক্ টুক্ শব্দ ও বাহিরের বৃষ্টির ঝুপ ঝুপ শব্দ নীরবতা ভঙ্গ করিয়া আমার উদ্বেগ ও উৎকণ্ঠা আরও বাড়াইয়া তুলিল।

কবিরাজ মহাশয় বলিতে লাগিলেন, আজ প্রায় বংসরাবিধি নিলনীর (তোমার পিসিমার) চরিত্রের বিরুদ্ধে নানা কলঙ্ক ও অপবাদ নানা মুখে ও নানা ভাবে শুনিতে লাগিলাম। প্রথমতঃ তাঁহার কণ্ঠস্বর জড়াইয়া যাইতেছিল, পরে ধীরে ধীরে স্পষ্টভাবে বলিতে লাগিলেন; আমি শিহরিয়া উঠিলাম।

কবিরাজ। প্রথমত: বড় একটা কাণ দিই নাই, কিন্তু ক্রমাগত শুনিতে শুনিতে আপনাকে বিরক্ত, উত্তেজিত, ও লজ্জিত বোধ করিতে লাগিলাম। প্রাণে বড় যাতনা পাইলাম, যে পরিবারের সহিত আবাল্য সংস্ট, তাহার কন্সার বিরুদ্ধে গ্লানি শুনিয়া ক্ষুক্ত হইতাম; যাহাকে কোলে পিঠে করিয়া মানুষ করিয়াছি, তাহার কলক্ষে তীত্র মর্ম্মপ্রীড়া অনুভব করিতাম; সম্রান্ত ঘরের কল্যা ও সম্রান্ত গৃহের বধ্র এইরূপ কলক্ষ-কাহিনী শুনিয়া ম্বণা অনুভব করিতাম। শেবে এমন পর্যান্ত শুনিলাম যে, অগাধ সম্পত্তির বিনিময়ে বিলাস-সাগরে ভাসিয়া কুলত্যাগিনী হইবার উত্যোগ করিতেছে।

শেষে গোপনে অনুসন্ধান করিয়া জানিলাম যে, যাহা শুনিতেছি তাহা প্রক্রত।

আমি শুন্তিত হইয়া জিজ্ঞাসা করিলাম, "বান্তবিকই কি সত্য ?" কৰিৱাৰ । শুনিয়া যাও ।

"পরে একদিন নবীন আসিয়া নানা কথার পর বলিল, 'কবিরাজ মহাশয় আপনি আমাদের পিতৃত্ব্য মাননীয় এবং আমাদের পরি-বারের সহিত বহুকাশাবধি খনিষ্ঠস্ত্রে আবদ্ধ, স্মৃতরাং প্রকাশ করিয়া বলিতে বদিও মাধা কাটা যাইতেছে, তথাপি আপনাকে না कांनाहेब्रा शांकित्छ भावित्छि ना।' बाबि विनाम, 'मिःमत्कारा বল ৷'

নবীন একট আমতা আম্তা করিয়া বলিল, কথাটা আমাদের ছোট বৌমার সম্বন্ধে: আপনি বোধ হয় কতক কতক শুনিয়াছেন সুতরাং তখন আপনাকে অধিক বলাই বাহুলা, কেন না : এই কথা লইয়া নানা দিকে অনেক প্রকার জন্পনা করনা চলিতেছে।

আমার কথাটা বুঝিতে বেশী বিলম্ব হইল না। বলিলাম, 'হাঁ কতক কতক শুনিয়াছি।'

নবীন পুনরায় বলিল, কিছু ত উপায় দেখি না, মানুষ যখন পাপের পৰে গড়াইয়া পড়িতে থাকে, তখন তাহাকে বুঝাইলেও বুঝে না; এখন শুনিভেছি কুলত্যাগিনী হইবার স্কল্প করিয়াছে, তা'হলে ত আমাদের বংশের মুখে চূণ-কালী ভালরপে পড়িবে, এখনই ত সমাজে আমার মূব দেখান ভার হইয়াছে। এ অবস্থার যদি তার মৃত্যু হয়, ভাইলে বোধ হয় ভাও মঞ্জ।

আমি পূর্বে হইতেই ক্রন্ধ ও বিরক্ত ছিলাম ; স্থতরাং অমানবদনে ৰলিলাম, 'হাঁ তা হলেই মঞ্জ।'

"হার তখন যদি বুঝিতাম যে, এ সমস্তই মিথ্যা চক্রান্ত, অর্থলোভী পিশাচাধম নবীনের কারসাজি। তখন যদি বুঝিতাম যে, যে সমস্ত লোক আমার নিকট নলিনীর বিরুদ্ধে অপবাদের বোরা বহিয়া আনিয়াছিল, তাহারা নবীনেরই লোক! যাহাদের নিকট গোপনে অমুসন্ধান করিয়াছিলাম, কে জানিত তাহারা সকলেই নবীনের অর্থের জীতদাস! হায়! যদি ঘুণাক্ষরেও তখন বুঝিতে পারিতাম, তাহা হইলে বোধ হয়, এ অনর্থ ঘটিত না !"

আমি ভড়িত হইয়া স্থির কর্ণে শুনিতে লাগিলাম। "তার পর নৰীন আর একদিন আসিয়া দেখা করিল; নলিনীয় তেখন অসুধ বাড়িয়াছে ও আমার চিকিৎসাধীনে আছে। নবীন বলিল, 'কবিরাজ মহাশয় আপনি আমাদের চিরস্থহদ ও এ বিপদে আপনি ছাড়া বোধ হয় উদ্ধারকর্ত্তা আর কেহই নাই। এখন কোনরূপে ছোট বৌমার মৃত্যুসাধনই বোধ হয় শ্রেয়য়য়য়য়য়য়য়৸ আয় শতান্তর নাই।"

"আমি ক্রুদ্ধ হইয়া বলিলাম, কি । তুমি আমাকে স্ত্রীহত্যা ও নরহত্যকারী করিতে চাও । নবীন তাহার মনোভাব নীরবে রাধিয়া আরও স্পষ্টভাবে বুঝাইয়া দিল।"

শেষে বলিল, 'আপনি নিশ্চিম্ভ থাকুন, আপনাকে কিছুই করিতে হইবে না, আপনি কেবল আমাকে আপনার ইচ্ছামত কোন তীব্র বিবৌষধি দিন, আমিই সমস্ত করিব।'

"জানি না, কি করিয়া ক্ষণিক তুর্বলতা আদিল, জানি না কেমন করিয়া ক্ষণিকের মধ্যে নরকের মধ্যে নামিয়া পড়িলাম, কোন্ পাপে বিধাতা এমন কুকর্মের কর্ত্তা করিয়া এরপ কুপ্রবৃত্তি জাগাইয়া দিলেন, কি করিয়া এ বিষম মোহে ও প্রলোভনে মজিলাম, চিরজীবন স্থার পথে থাকিয়া জানি না কোন্ পূর্ব্ব কর্মফলে এ বিষময় কর্মের সহিত অচ্ছেত্য বন্ধনে জড়িত হইলাম, যাক্ কিছুক্ষণ অস্থাত্য কথাবার্তার ফলে, নগদ লক্ষ টাকার বিনিময়ে চিরজীবন গুপু রাখিবার আলীকারে, নারীহস্তা সাজিয়া, দেবীপ্রতিমা ক্যাম্মরিপিনীর তীব্র বিবের আলায় অপ্রথাত মৃত্যুর কারণ হইয়া অনস্ত মহাপাপের নিকট আত্মবিক্রেয় করিলাম। তার পর যাহা হইল, তাহা বোধ হয় এখন কতক কতক বৃথিতে পারিতেছ।"

কবিরাজ মহাশয় আর বলিতে পারিলেন না; কেবল আকুলভাবে কাঁদিয়া ফেলিলেন। আমিও অঞ্ভারাক্রান্ত চক্ষু লইয়া অত্যন্ত উত্তেজিত ও চঞ্চল হইয়া উঠিলাম। আমাকে অবৈর্ধ্য দেখিয়া ধীরে थीरत जामात शिर्फ हांछ त्वारंत्र। विवासन, "अत यांछ, हक्ष्म इहेंछ না, এখনে। অনেক বাকী। সে স্পর্দে আমার সমস্ত শরীরের মধ্য দিয়া যেন ভীত্র ভড়িতের বিষময় প্রবাহ চলিয়া গেল।"

"কিছ ভার পর ভার অন্ধশোচনা, সে যে কি ভীবণ ভা ভাষায় ৰলিতে পারি না। সমস্ত জানি, সব বুঝি. কিন্তু মুখ ফ্টিয়া বলিবার (या नारे, (कन ना এरे विद्यागांख भाभक नार्तात आमि निरकरे श्रमान নেতা। আজীবন সৎপথে ছিলাম বলিয়া বৃঝি এ আত্মগানি আরে। তীব্র হইর। উঠিল। যাহাদের অন্নে পুষ্ট, যাহাদের নিকট চিরক্বতজ্ঞ, ভাহাদের একমাত্র পতিপুত্রহীনা নিষ্কল্কা বিধবা—্যে আমার উপর অসকোচে জীবন-মরণের ভার সমর্পণ করিয়াছিল, শেষ পর্যান্ত নিঃসম্পেতে আমাকে বিখাস করিয়াছিল, সেই নিরীত অবলাকে কুতজভার এইরপ প্রতিদান দিয়া যে যাতনায় ভূগিয়াছি তাহা বণিতে পারি না। তার পর বিখাদ্যাভক, নারীহন্তা আমি, পূর্বেরই ক্যায় সাধু সাজিয়া লোকসমাজের চক্ষে ধূলি দিয়া চলা আমার পক্ষে নিতাস্তই कुर्विवद दहेगा छेठिल ।"

"অন্তর্দাহে মরণ কামনা করিলাম: জীবনে বছপাপ করি নাই বলিয়া শীঘ্র শিক্ষা দিবার জন্মই হউক, অথবা যে কোন কারণেই ब्रुक, নারায়ণ বৃঝি সদয় হইয়া আমার অন্তিম কামনাপূর্ণ করিলেন।" শামি নিশ্চল হইয়া স্থিরকর্ণে শুনিতে লাগিলাম।

"এইবার প্রায়শ্চিত আরম্ভ হইল। একদিন স্বপ্ন দেখিলাম-ধেন निननी आमात माथात नियद माँडाहेग्रा ; त्रहे मर्मात-छल मृर्धि निर्साक নিকম্প ইৰ প্ৰদীপম্ থাকিয়া, কাতর দৃষ্টিতে আমার প্ৰতি নারক ভিরস্কার বর্ষণ করিতেছিল; কাতরতাপূর্ণ, অভিমান ও যাতনা-ব্যথিত এবং অবিশাস-ছাল্লা-মণ্ডিত, সে দৃষ্টি বেন আমার অন্তর প্রদেশ পর্যান্ত

শালোড়িত ও মধিত করিয়া তুলিতে লাগিল।

ক্রমে, যতবারই নিজা যাই, ততবারই ঐ মূর্ত্তি, ঐ করণ দৃষ্টি জাগিরা উঠে, শেষে এমন হইল যে, নিজাভঙ্গে চাহিবার পরও মনে হইত বেন শিয়রে গাঁড়াইয়া।

ক্রমাগত, অনিক্রা, ছৃশ্চিস্তাও আত্মমানিতে জর্জবিত হইয়া শরীর ভাঙ্গিয়া পড়িতে লাগিল, এবং আমি ও সকল যাতনার শীব্র নির্ভির আশায় নিশ্চিস্ত হইতে লাগিলাম।

একদিন সন্ধার সময় উপরে উঠিতেছি, দেখি সিঁড়ির উপর দীর্ঘাকার এক ভীষণ মূর্ত্তি; দেখিরা কথঞিৎ ভীত ও বিহবল হইলাম। হিন্দুস্থানী ধরণের পালপাট্টা ও মালকোচা পরা, শ্রাম মূর্ত্তি, অঙ্গুলি সঙ্কেতে গৃহে আসিতে বলিল, আমিও যেন যন্ত্রচালিতবং অনুসরণ করিলাম। যেন যমদ্ত মরণের পরোয়ানা লইয়া নরক-যাত্রার আহ্বান করিতেছে।

দেওয়ালে দেখি—যেন জ্বলম্ভ ভাষায় স্থবর্ণ জক্ষরে লিখিত রহিয়াছে "প্রায়শ্চিন্ত"; বিশ্বিত হইয়া মনে মনে ভাবিলাম কি প্রায়শ্চিন্ত ? ততোধিক বিশ্বিত হইয়া দেখি, আমারও মনোভাব সঙ্গে সঙ্গু প্রকার জ্বলম্ভ অকরে দেওয়ালে প্রতিফলিত হইল। আর মুখের ভাষার প্রয়োজন হইল না, হয়ত তথন দে শক্তিও ছিল না—শুধু এইরপে পশ্রুম্ভি বাকে ভাষা বিনিময় হইতে লাগিল। স্থবর্ণ অক্ষর প্রায়শ্চিত্তের তিনটা প্রস্তাব জানাইল। প্রথম —সমক্ষ কথা অকপট ভাবে ভোমাদের বলা; দ্বিতীয়—পাপলক্ষ সমস্ত অর্থ তোমাদের প্রত্যর্পণ করা, তৃতীয়টা, ভোমাকে বলিব না, সে অতি ভীষণ, তাহা পালন করিবার শক্তি, সামর্থ্য ও সময় আমার নাই।

ষিতীয় প্রস্তাবে সম্মত হইলাম, প্রথম প্রস্তাবে ইতস্ততঃ করিলাম, কেমনা নবীনের নিকট আজীবন গোপন রাধিবার জন্ম অস্মীকার-বদ্ধ, তৃতীয় প্রস্তাবে জানাইলাম—অসম্ভব।

পশুস্তি বাক পুনরার ফুটিরা বলিল, 'তিন দিন সময়, কর্তব্য স্থির কবিয়া লক্ষ্ণ।

তাহার পর স্ব মিলাইয়া গেল: আমি ঘর্মাক্তকলেবরে কিংকর্ত্তব্যবিষ্ট হইয়া মেঝের উপর বসিয়া পড়িলাম ৮

তিন দিন পরে রাত্রিতে শুইবার উদ্বোগ করিতেছি, এমন সময়ে সেই মৃত্যিও তাহার শবহীন ভাষা উচ্ছল হইয়া আমার অভিপ্রায় জানিতে চাহিল। তাহারই ভাষার প্রথম প্রস্তাবে সমত হইলাম, কিন্তু ততীয় প্রস্তাবে শীরব রহিলাম।

ভাষা জানাইল, আরও তিন দিন সময়।

তিন দিনের দিন সন্ধার সময় বাছীতে না থাকিয়া, জনপূর্ণ হরি বাবুর বৈঠকথানায় রহিলাম। কিন্তু অৰুত্মাৎ সেই মূর্ত্তি সেধানে যাইয়া অঙ্গুলি-সঙ্কেতে আহ্বান করিল, আর আমিও যেন মন্ত্রবলে অবশ ভাবে ষম্ভবৎ অনুসরণ করিলাম। অপর কেহ কিছু দেখিতে বা বুঝিতেও পারিল না; বাড়ীতে আসিয়া পুনরায় উপরে উঠিয়া ভার উজ্জন নীরব ভাষায় স্মরণ করাইয়া দিল-প্রায়শ্চিত চাই। আমার উত্তর ছিল না, নীরবে কার্ছ-পুত্তলিকার ভার দাঁড়াইলাম, কেবল দেওয়ালে একটা কালো ছায়া তুলিতে লাগিল

यमपृष्ठ व्यवनादिष्ठ इहेन, किञ्च (क राग नाम नाम धारा धारा किया আমাকে সিঁড়ি হইতে কেলিয়া দিল এবং আমি গড়াইতে গড়াইতে অতৈততা হইলাম। তদবধি সে কালমূর্ত্তি আর দেখি নাই, কিছ ভাষারও বোধ হয় সব শেষ হইবার আর বিলম্ব নাই।"

কবিরাজ মহাশয় চুপ কবিলেন, আমিও শুন্তিত হইয়া বসিয়া ব্ৰহিলাম।

কবিরাজ মহাশয় আবার আমার হাত হুটা ধরিয়। কাতরভাবে कांपिए कांपिए विनासन, 'वावा ब भारभद्र व्यक्त नारे, क्या नारे, প্রায়শ্চিত নাই, কিন্তু বাবা তোমরা এ র্দ্ধের বহু উপকার করিয়াছ, তাই আৰু ভরদা করিয়া শেষ নিবেদন করিতেছি যে, আমার অন্তিষ কাতর প্রার্থনা পূর্ব কর। নহিলে বড় জালা—এ জালা আমি ঠিক বুঝাইতে পারিতেছি না, কিন্তু যদি ইহার একাংশও অমূভব কর ত আমায় শাস্তি দাও।'

স্থামি কিন্তু টাক। লইতে কিছুতেই সমত হইলাম না; এ সমস্ত ভূলিয়া তথন স্নেহময়ী পিসিমার জন্ম প্রাণের ভিতর পর্যান্ত কাঁদিয়া উঠিতেছিল।

শেষে ব্রদ্ধের কোটরগত কাতর চক্ষুর মুমুর্যু দৃষ্টি ও ব্যাকুল চরম প্রার্থনায় ব্যথিত হইয়া, নোটের তাড়াগুলি তাঁহার সমুখেই লোহ সিন্দুক হইতে বাহির করিয়া লইয়া, উদ্ভাগুচিত্তে ত্বিতপদে বাড়ী চলিয়া গেলাম।

মা সমস্ত ওনিয়া উচ্চক্রননে আছাড় খাইয়া পড়িলেন।

প্রাতে উঠিয়া কবিরাজ মহাশয়কে দেখিতে যাইয়া দেখিলাম, বৃদ্ধের প্রাণহীন দেহ অস্তিম সংকারের জন্ম বাহির করা হইয়াছে।

শ্রীদেবেজনাথ চট্টোপাধ্যায়।

# অদ্ভূত ভূতাবেশ।

আমার কোন বিশ্বস্ত বন্ধুর নিকট একটা সত্য ভূতাবেশের ঘটনা শুনিয়া "অলৌকিক রহক্ষে" প্রকাশ করিতেছি।

"সে আজ প্রায় ৪।৫ বছরের কথা। জেলা মুর্শিদাবাদের অন্তর্গত নশীপুর গ্রামে জনৈক ভদ্রলোকের যুবতী স্ত্রী এক দিন সন্ধার সময় সামাশ্য বন্ধু পরিধান করিয়া মলত্যাগ করিতে বান। পাইধানা হইতে বাহির হইবার সময় তিনি চীৎকার করিয়া অজ্ঞান হইয়া পথে পড়িয়া।
বান। দেহের অবস্থা নিশ্চল, কিন্তু চকু সম্পূর্ণ উন্মালিত। তাঁহার বামী বালুচরের কোন খ্যাতনামা এম্, বি, ডাজ্ঞার বাবুকে \* আনিরা স্ত্রীকে দেখাইলেন। তিনি তাঁহাদের শাস্ত্রমত ঔবধান্ধি দিলেন; কিন্তু রোগের কোন উপশম হইল না। পর দিন সন্ধ্যার সময় নশীপুরের একজন এল, এম্, এস্, ডাজ্ঞারবাবুও আসিলেন। আমরা কর্মজন লোক তখন বাটার বাহিরে বসিয়া আছি। এমন সময় একটী দরিজ্ঞ পথিক আমাদের নিকট আসিয়া তামাকু খাইতে চাহিল। আমরা ভাহার প্রতি বিশেষ লক্ষ্য না করিয়া তামাকু থাইতে দিলাম। শ্যুপান হইলে সে বলিল, "বাবু! বাজীতে কি হইয়াছে!" আমরা আজানিত বিশেষ হীনাবস্থা লোকের প্রত্রে বিরক্ত হইয়া কোন উত্তর দিলাম না।

এমন সময়ে ডাক্তারবাবুরা বাহিরে আদিলেন। পথিক তাঁহাদের গৃহস্থামার বিপদের কথা জিজ্ঞাসা করিলেন। তাঁহারাও প্রথমতঃ উত্তর দিতে অনিজ্ঞ্ক হইলেন, কিন্তু ব্যগ্রতা দেখিয়া রোগিনীর রোগেয় অবস্থা সব বলিলেন। পথিক রোগিনীকে দেখিবার জন্ম আগ্রহ প্রকাশ করিল, কিন্তু গৃহস্থামী প্রথমে রাজী হইলেন না। শেষে ডাক্তারবাবুরা আপত্তি নাই বলাতে পথিক গৃহমধ্যে যাইয়া রোগিনীকে দেখিল। বাহিয়ে আসিয়া সে ডাক্তারবাবুদের বলিল, এ রোগী আরাম করা আপনাদের কর্ম নয়। এ রোগ আপনাদের বৃদ্ধির ও লেখাপড়ার বাহিয়ে। ডাক্তাববাবুরা মনে মনে খুবই কর্ট হইলেন। কিন্তু কৌতুকচ্ছলে পথিককে জিজ্ঞাসা করিলেন, "তুমি আরাম করিতে পার"। সে বলিল, "পারিব, তবে আজ আমার সময় নাই, কাল

আবশ্রক হইলে নাম প্রকাশ করিতে পারি

সকালে আমি আসিয়া রোগ আরাম করিব। একে বুবতী তাহাতে ভাল করিয়া কাপড় না পরিয়া পাইখানায় যাইতেছিলেন, সে জন্ত পুরুষ ভূতে ধরিয়াছে"। এই কথা বলিয়া গোকটী চলিয়া পেল। আমরা সকলেই ভাবিলাম, লোকটা প্রভারণা করিয়া চলিয়া পেল।

যাহা হউক, আমরা পরদিন প্রাতে রোগিনীকে দেখিতে যাইলাম। অবস্থা পূর্ববৎ, চক্ষু সম্পূর্ণ উন্মালিত। দেহ নিশ্চল, ঔবধে কোনই উপকার হয় নাই। দেখিতে দেখিতে পূর্বা দিনের অ্যাচিত প্রথিক একটা রক্তবর্ণ বস্ত্র পরিয়া দক্ষিণ হল্তে একটা তামকুণ্ড ও বামহস্তে একটা ধাতু পাত্রের উপর একটা দিন্দুর-রঞ্জিত পান, একটা জবাছুল, একটা পয়দাও একটা স্থপারী লইয়া উপস্থিত হইল। একটা ঘট চাহিয়া লইয়া রোগিনীকে নৃতন বস্ত্র পরিধান করাইতে বলিল। তাহা হইলে পর, রোগিনীকে বারালায় শয়ন করান হইল। প্রিক সম্মধের ঘরের ভিতর প্রবেশ করিয়া দরজা বন্ধ করিয়া দিলেন। কি করিতে লাগিলেন, আমরা দেখিতে পাইলাম না: কিন্তু মনে হইল যেন কাহার সহিত কথা কহিতেছেন। পাত্রের উপর পয়সাটীর ঠন ঠন শব্দ হইতেছিল। খানিকক্ষণ পরে পথিক সিন্দুর-রঞ্জিত পানপাত্রটী হল্ডে করিয়া রোগিনীর নিকট বসিল। যে রোগিনী ব্যাধিগ্রন্তা হট্যা অবধি মৌনাবস্থায় ছিলেন, তাঁহাকে পৰিক বলিলেন "আমি বল্ছি ছাড়, যাবি किना वन १ या. नहें न अर्थन তোর হাত कां है या कि ।" রোগিনী উত্তর করিল "যাব বৈকি ? সন্ধ্যার সময় অর্দ্ধ উলঙ্গ অবস্থার এমন স্থলরী পাইয়াছি। যাব বৈ কি ?"। প্রথিক কত তাড়না ও ভংসনা করিল। কিন্তু রোগিনীর মুখ হইতে ঐ উত্তর বাহির হইল। তখন পথিক পান পাতার নীচের কিয়দংশ যেমন ছি'ড়িয়া ফেলিল, অমনি রোগিনী চীৎকার করিয়া উঠিল, "ওগো আমাকে মারিয়া

क्लिन (গা. আমার পা কাটিয়া ফেলিল (গা"। প্রিক অবশিষ্ট পানপাতা হাতে করিয়া বলিল "তুই যা—তাহলে তোর আর কিছু कतित ना-पूरे हिना या"। (तार्शिनी विनन "चामारक ছाডिया দাও। আমি চলিয়া যাইতেভি।" কিন্তু পথিক যেমন পানটা রাখিয়া मिलान. द्वारिनी अमनि विनालन "यात देविक १ मक्कार अमर अर्क-উলঙ্গ অবস্থায় এমন স্ত্রীলোক পাইয়াছি। যাব বৈকি ?" তখন পথিক পানটার নিম ও মধ্যন্তল চিরিয়া ফেলিলেন। রোগিনী চীৎকার করিয়া উঠিল, "আমার পা গেল গো. আমার হাত পেল গো. আমার বুক পেল গো" ইত্যাদি। শেষে পথিক যখন পান্টীর বোঁটা ধরিয়া বলিল, "তোর সমস্ত কাটিয়া দিয়াছি, এবার মাথা কাটিয়া দিব, ভখন রোগিনী চীৎকার করিয়া বলিলেন, "আচ্ছা, আমি যাছিছ"। প্রথিক বলিল, "তবে আমার সঙ্গে আয়! পাত্রের পয়সাটী মুথে कर्द्ध निम्न व्यात्र"। य द्याशिनी निम्हल व्यवश्रात्र कप्रक्रिन পড़िय्रा-ছিলেন, তিনি উঠিয়া মুখে করিয়া পয়সাটি উঠাইলেন। নিকটে একটা শীল ছিল। পথিকের আদেশমত রোগিনী দাঁতে করিয়া ভারী শীলটা উঠাইলেন। রোগিনী যে স্থানে শয়ন করিয়াছিলেন, সেখানে ফিরিয়া গিয়া তাঁহার চৈত্য হইল। রমণীস্থলভ লজ্জার অবশুঠনবতী হইয়া তৎকণাৎ নিজ গৃহে প্রবেশ করিলেন। ডাক্তার-বাৰুরা ও উপস্থিত ভদ্রলোকেরা এই আশ্চর্য্য ঘটনা দেখিয়া স্তম্ভিত ছইলেন। সেই অবধি রোগিনী রোগমুক্ত হইয়া হথে সংসার্যাঞা নির্বাহ করিতেছেন।"

<u> जीहाकृहत्त्व मूर्णाभाषात्र ।</u>

### (गार्थुलि-मङ्गरम।

৪ঠা বৈশাথ। ব্ অপ্তায়মান তপনের কনক-কিরণ বট-শীর্ধকে স্বর্ণান্ত করিয়া রাখিয়াছে। মন্দির-চূড়ায় প্রোথিত ত্রিশূল-শিরেও দে রশ্মি প্রতিফলিত হইয়াছে। নদীর পর পারে এক রাখাল বালক উচ্চকঠে গাইতেছিল—

"মন রে ভাগবাদ তারে,
যে ভবদিন্ধ-পারে তারে।
এই কর ধার্য্য কিবা কার্য্য অসার সংসারে॥
ধনে জনে আশা রুধা, বিস্মৃত সে পূর্ব্ব কথা,--তুমি ছিলে কোথা, এলে কোথা, যাবে কোথাকারে॥"

সাদ্ধ্য সমীরের প্রতি হিল্লোলের সঙ্গে সঙ্গে সেই সঙ্গীতের শব্দ চতুর্দিকে পরিবাপ্ত হইতেছিল। বটমূলস্থ গোধ্লি-সভায় সমবেত প্রাচীনগণের কর্ণেও সে সঙ্গীতের ধ্বনি প্রবেশ করিল। তাঁহারা তন্মর হইয়া নীরবে সে সঙ্গীত শুনিতে লাগিলেন। তাঁহাদের মনে হইল, এইব্রপ নি:সম্বল অবস্থায় "ভবসিন্ধুপারে" যাইব কেমন করিয়া ? কেমন করিয়া এই নি:স্ব ও দীন অবস্থায় বিশাল ভব-বারিধি উত্তীর্ণ হইব ? থেয়ার কড়িও যে সম্বল নাই! সকলেই নিজ নিজ পাথেয়ের দৈন্ত শ্বরণ করিয়া পরলোকের চিস্তায় একেবারে তন্মর হইয়া গিয়াছেন। সকলেই নীরব, মৌনী ও নিম্পন্দ। বস্তত: রাখাল বালকের কণ্ঠনি:মৃত দ্রাগত সঙ্গীত-শব্দে সে দিবস 'গোধ্লি-সভা'য় যে পবিত্র ভাব-স্রোত প্রবাহিত হইয়াছিল, ভাহা সকলকেই একেবারে অভিভূত করিয়া ফেলিল।

কিছুক্ষণ এইরূপ নীরবে অতিবাহিত হইবার পর অধ্যাপক মহাশর সূহসা হাই ভূলিলেন এবং ভংপরে মূখে তিনবার ত্র্গানাম উচ্চারণ ও সঙ্গে সঙ্গে অসুলিতে তুড়ি দিয়া বলিলেন, "পূর্বাদনের প্রতিশ্রুতিমত অন্ত আমি আপনাদিগকে এক আশ্চর্য্য ব্যাপার শুনাইব। এ ঘটনা আমার মাতৃলালয়ের পার্যবর্জী বাটাতে ঘটিয়া ছিল।"

জমীদার পুত্র। অংগাপক মহাশয়, অভ আপনি অগ্রেই সেই কথা বিলিতে পাকুন। অভ আর মস্ত কথার প্রয়োজন নাই।

তগন নস্তদানী হইতে এক টিপ্ মস্ত লইয়া অধ্যাপক মহাশয় বিনিতে আরম্ভ করিলেন,—নন্দীপুরে আমার মাতৃলালয়। আমার মাতৃলালয়ের পার্শেই এক সমৃদ্ধ ব্রাহ্মণ-পরিবারের বাস। ইঁহাদের বিশুর ভূ-সম্পত্তি, উহার বার্ধিক আয় প্রায় বিশ বাইশ হাজার টাকার কম হইত না। দানশীলতা, অতিথি-সেবা, জলাশয়-প্রতিষ্ঠা, দাতব্য উষধ-বিতরণ প্রভৃতি নানাবিধ সংকাষ্য এই পরিবারের অবশু কর্ত্ব্য বলিয়া পরিগণিত ছিল। এইজ্ঞ বহুদুর পর্যান্ত ইঁহাদের সুনাম ছিল।

আমি যে সময়ের কথা বলিতেছি, তথন এই পরিবারের কর্তা পরলোক-গমন করিয়াছেন। আমি তথন মাতুলালয়েই থাকিয়া তাঁহাদেরই প্রতিষ্ঠিত এক চতুপাঠাতে বিভাভ্যাস করিতাম।

কর্তার নাম ৮ মাধবচন্দ্র বন্দ্যোপাধ্যায়। তিনি ছইপুত্র এবং বিধৰা পত্নীকে রাথিয়া ইহলোক ত্যাগ করিয়াছিলেন। মাধববাবৃর মৃত্যুর ছইবৎসর পরেই তাঁহার এক পিতৃব্যপুত্র, মাধববাবৃর পুত্রন্ধরের নামে এক মামলা রুজু করেন। বলা বাহল্য, মাধববাবৃর পুত্রন্ধর প্রাপ্তবন্ধর এবং বিষয়কর্ম্ম দেখিতে সম্পূর্ণ সমর্থ হইলেও মামলা-মকদ্দমার দিকে ধাইতে ভয় করিতেন; কিন্তু মাধববাবৃর পিতৃব্যপুত্র দেশে মামলা-বাদ্ধ বলিয়া প্রসিদ্ধ ছিলেন। লোকের নামে মিধ্যা-মকদ্দমার স্থান্ট করিতে, দরিদ্রকে আইনের নাগপাশে বদ্ধ করিয়া তাহার ভিটামাটী পর্যন্ত গ্রাস করিতে, নাবালকের এবং বিধবার সম্পত্তি অধিকার

করিতে তথন তাঁহার প্রতিষন্দী আর সে গ্রামে কেই ছিল না। এ হেন লোকের দহিত মাধববাবুর পুত্রহয়ের মামলা চলিতেছিল, স্থতরাং উবেগ ও উৎকণ্ঠায় যে তাঁহাদিগকে অত্যন্ত কাতর করিয়া তুলিয়াছিল, একধার উল্লেখ নিস্পায়োজন।

এই মকদমা क्रममः মুম্পেফী আদালত হইতে জেলা কোটে, তৎপরে জেলা কোর্ট হইতে হাইকোর্টে আসিল। হাইকোর্টে আসিরা মকদমার গতি কতকটা শিধিল হইল বটে. কিন্তু কতদিনে যে উহার নিষ্পত্তি হইবে, তাহা বুঝিতে পারা গেল না। যখন হাইকোর্টে এই মকদ্দমা এইরূপ মন্থরগতিতে চলিতেছিল, তথন মাধ্ব বাবুর কনিষ্ঠ পুত্র রমেন্দ্রনাথ কলিকাতা বিশ্ববিভালয় হইতে আইন পরীক্ষায় উত্তীর্ণ হইয়া আলিপুর সদরে ওকালতি আরম্ভ করিয়াছেন। স্বর্গায় মাধ্ববাবুর জ্যেষ্ঠপুত্র শচীন্দ্রনাথ তথন বলিলেন, "ভাই রমেন্দ্র, তুমি এখন উকীল হইয়াছ, এবং যখন কলিকাতায় থাকিয়া ওকালতি করিতেছ, তথন তুমিই মামলার পরিচালন-ভার গ্রহণ কর। আমি এই দীর্ঘ তিন বংসরকাল একাদিক্রমে মকদমা তদ্বির করিতে করিতে অত্যন্ত পরিপ্রান্ত হইয়া পডিয়াছি। বিশেষ আমার শরীরও যেন ভগ্নপায় হইয়া উঠিয়াছে। স্থতরাং এক্ষেত্রে তুমি ইহার তদ্বির না করিলে আর উপায় দেখিতেছি না। তোমার পঠদশায় পাছে তোমার পাঠে বিমু ঘটে, এইজন্য ভোমাকে এতদিন এ সম্বন্ধে কোন কথা বলি নাই।" রমেন্দ্রনাথ জ্যেষ্ঠ ল্রাতার এই কথার অত্যন্ত উদ্বিগ্ন হইয়া বলিলেন, "আপনার শরীর বহিতেছে না, এ কথা আমায় পুর্বের বলেন নাই কেন ? আমি ইতিপূর্বেই এ ভার গ্রহণ করিতে পারিতাম। আমার পড়া আগে, না আপনার শরীর আগে : আপনি চিকিৎসক-গণের পরামর্শ গ্রহণ করিয়া না হয় একধার বায়ু-পরিবর্ত্তনের জন্ম কোন স্বাহ্যক্র স্থানে কিছুদিন বিশ্রাম করিয়া আসুন:" জোষ্ঠ

नठौळमांच वित्तनन, "ना, त्रायळ, चामि कि हिमन निन्छियरन भैन्मी पूरत থাকিতে ইচ্ছা করি: আমার বিখাস, কিছুদিন বিশ্রাম করিতে পারিলেই আমার শরীর অনেকটা ভাল হইয়া আসিবে " রমেন্তনাথ জ্যেষ্ঠ ভ্রাতার এই কথার উত্তরে আর কোন কথা বনিলেন না, শচীন্ত্র-নাথ বুঝিলেন, রুমেল্রের মৌনীভাবই এ বিষয়ে তাহার সম্মতি জ্ঞাপন কবিতেছে।

এই ঘটনার পর ছয়মাস অতিবাহিত হইয়াছে, শচীন্দ্রনাথ এম রোগ-শ্যার। উ:হার ভীষণ হলোগ হইয়াছে। পীড়ার প্রশ্যন হওয়া দুরে থাকুক, ক্রমশঃ উহা বৃদ্ধিই পাইতেছে। রমেল্রনাথ জ্যেষ্ঠের পার্খে বসিয়া তাঁহার ওখাবায় নিযুক্ত রহিয়াছেন। কলিকাতার বড় বড় **চিকিৎসক তাঁ**হার চিকিৎসা করিতেছেন। পরিশেষে রোগ ক্রমশঃ ভরাবহয় ভিধারণ করিল। রমেজ্রনাথ সবিশেষ উদিয় হইয়া পড়িলেন। চিকিৎসকেরা বলিলেন, "আর আশা নাই।" র্মেজনাথ তবুও নিরাশ ছইলেন না। তিনি মনে করিলেন, দাদা অবশুই সারিয়া উঠিবেন।

অবশেষে একদিন বর্ষার মেখমজিত প্রদোষে অক্সাৎ শচীক্রনাথের প্রাণবায় বহির্গত হারা গেল; মৃত্যুকালে তিনি বিষয় সম্পত্তি-সম্বন্ধীয় वह काँद्रेन कथा त्रामलनाथाक विषया यादेष्ठ भातितन ना। स्राध्त विषय, महीस्मनार्थत পরিচালনগুণে সম্পত্তি ঋণগ্রস্ত হয় নাই এবং সেজ্ঞ রমেন্দ্রনাথের কোন ভাবনাই ছিল না। কিন্তু জ্যেষ্ঠের এই আকি বিক অকাল মৃত্যুতে রমেজনাথের মস্তকে বেন বদ্রপাত হইল: তিনি ষেন অকৃগ সমুদ্রে পড়িলেন।

শ্চীক্রনাথের মৃত্যুর পর তিনবৎসর অতিবাহিত হইয়াছে । এখনও **(मह मर्कानामक व मामलाव (मव इव नार्ड)। তবে हाहे (कार्टिव विठाव-**পতিপ্ৰ আখাস দিয়াছেন যে, একমাসের মধ্যেই এই শামলার নিপত্তি হইবে।

রমেন্দ্রনাথ নিজে উকীণ; তিনি এই মামলার জক্ত প্রাণপণে লড়িতেছেন। মামলায় জয়ী হইবার বিশেষ সম্ভাবনা ইইয়াছে। মামলা শেষ হয়-হয় হইয়া আলিয়াছে; এমন সময় বিপক্ষ পক্ষের উকীলের অমুরেশ্বৈক্রমে বিচারপতিগণ আদেশ করিলেন, "রমেন্দ্রবারু আপনি আপনার পিতামহের যে একথানি দলিল আছে, তাহা পরবর্তী মামলার দিন আদালতে দাখিল করিবেন।" রমেন্দ্রনাথ বলিলেন, "যে আজ্ঞা হজুর।"

আর এক সপ্তাহ পরে মকদনা। রমেন্দ্রনাপ হাসিমুপে বাড়ীতে ফিরিয়া আসিলেন এবং মনে মনে ভাবিলেন, কাল প্রাতেই দলিলপানি বাহির করিয়া কলিকাতার রওনা হইব। এই দলিল দাখিল করিলেই আমরা নিঃসন্দেহ জয়লাভ করিব। কিন্তু লোকে যাহ। ভাবে, সকল সময়ে যাহা ঘটিয়া উঠে না; অথবা ঘটিয়া উঠিলেও অতি সহজে তাহা ঘটিতে বড় একটা দেখা যায় না। এক্ষেত্রেও ঘটিল তাহাই। পরদিন প্রাতে রমেন্দ্র বাড়ীর সকল ঘর ভন্ন তন্ন করিয়া অথবণ করিয়াও সেই দলিল পাইলেন না। অবসাদ ও নৈরাখ্যে তাঁহার হৃদয় ভাঙ্গিয়া পড়িল। তিনি ভাবিলেন, হায়! এতদিনের পরিশ্রম, এতদিনের অর্থায় সমস্তই বুঝিবা পণ্ড হয়। দাদা চলিয়া সেলেন, আমাদিগকে ভ্রাইয়া গেলেন। আর আশা নাই, মামলায় ত হারিবই; সঙ্গে সঙ্গে পথের ভির্থারী হইব।

রমেন্দ্রনাথ প্রতিদিনই অবসম্বৃদ্যে বাটাতে পুঝারুপ্ঝরপে সেই দলিলখানির অকুসদ্ধান করিলেন। কিন্তু উহা পাওয়া ত দূরের কথা, রমেন্দ্র আরও নিরাশ হইয়া পড়িলেন। মকদ্দনার আর মাত্র তিনদিন বাকী। রমেন্দ্রনাথ ভাবিলেন, দানা অক্সাৎ চলিয়া গেলেন, হায় হায় আমাদিগকে ভুবাইয়া গেলেন! নৈরাখের ঘার অদ্ধনার দাসিয়া তাঁহার সমস্ত হালয়দেশ অধিকার করিয়া বসিল। তিনি

বুঝিলেন আর আশা নাই, আর ভরদা নাই। মকদনায় হার নিশিচত।
তিনি ভাহার জন্ত প্রস্তুত হইয়া রহিলেন। ভাগ্যে যাহা থাকে ঘটিবে,
ভাবিয়া আর করিব কি এই ভাবিয়া মনকে প্রবোধ দিলেন। এইরপ
ভাবিতে ভাবিতে সে দিনও চলিয়া গেল; রমেন্দ্রনাথ সেইদিন নিশ্চেষ্ট
হইয়া রহিলেন; দলিল আর থুঁজিলেন না। বুঝিলেন, দলিলের
অনুসন্ধান র্থা; উহা আর পাওয়াই যাইবে না।

তৎপর দিন দশ্মী তিথি। রমেন্দ্রদাধ সেই দিন রজনীতে আর একবার শেষ চেষ্টা করিয়া দেখা যাউক, মনে করিয়া বাতি জালিয়া, সমস্ত ঘর তর তর করিয়া খুঁ জিলেন; বাহা, আগমারি, দেরাজ, ডুয়ার কিছুই বাকী রাখিলেন না। অবশেবে শচীন্দ্রনাথের গৃহে প্রবেশ করিয়া তাঁহার শ্যা পর্যান্ত উণ্টাইয়া দেখিলেন, পাতি পাতি করিয়া তাঁহার গৃহের সকল দ্রব্য অন্থেষণ করিদোন, কিন্তু দলিলের চিহু পর্যান্ত কোথাও মিলিল না। তখন রমেন্দ্রনাথ দাদার গৃহপ্রাচীরে সংলগ্ন প্রতিমৃত্তির দিকে চাহিয়া একটা দীর্ঘ্যাস ত্যাগ করিলেন। সেদীর্ঘ্যাসে নৈরাশ্য ও অবসাদ যেন ওতঃপ্রোতভাবে মিশাইয়া ছিল।

রমেন্দ্রনাথ তাহার পর নিজের ঘরে চলিয়া আসিলেন এবং
বিছানায় শুইয়া পড়িলেন। শ্যা তাঁহার নিকট আজ কণ্টকাকীর্ণ
বোধ হইতে লাগিল। নিদ্রা দ্রের কথা, চক্ষুই নিমীলিত হইল না।
চিস্তা যেন আজ মূর্ত্তি পরিগ্রহ করিয়া তাঁহাকে পীড়া দিতে লাগিল।
এইভাবে কিছুক্ষণ অভিবাহিত হইলে পর, রমেন্দ্রনাথ শ্যা হইতে
উঠিলেন এবং গৃহতলে মাছর বিছাইয়া শয়ন করিলেন। কিয়ৎক্ষণ
পরেই রমেন্দ্রনাথ তন্তাবিষ্ট হইলেন। তন্তাভঙ্গে শুনিতে পাইলেন,
গৃহের ঘড়িতে টং টং করিয়া ছুইটা বাজিল। তথনও তাঁহার চক্ষু
হইতে তন্তার আবেশ সম্পূর্ণ অপত্যত হয় নাই; গবাক্ষপথ দিয়া
য়াদশীর মান কৌমুদী গৃহমধ্যে প্রবেশ করিয়াছিল। চারিদিক

নীরব; মধ্যে মধ্যে কচিৎ তু'একটা নিশাচর বিহক্ষের স্বর সে নৈশনীরবতা ভঙ্গ করিতেছিল। রমেজনাথের মস্তিষ্ক থেন উষ্ণ হইয়া
উঠিয়ছিল। তিনি মনে করিলেন, একবার বাহিরে গিয়া মুথে হাতে
কল দিয়া আসি, শরীর শীতল হইবে। এই ভাবিয়া রমেজনাথ
গৃহহার উন্মোচন করিয়া বাহিরে আসিলেন। তাহার গৃহের সম্মুখেই
এক প্রশন্ত ভারর; চন্বরের চারিপার্থে নানাকাতীয় পূজা
রক্ষ; কোনটি প্রাকৃটিত ফুলভারে আনতদীর্য, কোনটি বা অপুজা।
অস্পত্ত চন্দ্রলোকে দেগুলিকে কেমন এক মলিন সৌন্দর্য্যয়িত্ত
দেখাইতেছিল।

রমেন্দ্রনাথ অন্তাসর হইলেন। অন্তাসর হইয়া চততে পদার্পণ করিলেন। সহসা সম্মুধ-ভাগে তাঁহার দৃষ্টি নিপতিত হইল। ভিনি দেখিলেন, অদুরে -- অকুট চন্দ্রালোকে স্থির, ধীর, অচলভাবে তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা দণ্ডায়মান। রমেজনাথ ভাবিলেন,—জাঁহার দৃষ্টি-বিভ্রম হইয়াছে; সমস্ত রাত্রি দাদার কথা চিস্তা করিয়াছি, তাই বোধ হইতেছে, তিনি যেন সমুখে দাঁড়াইয়া আছেন। পরলোকে অবিখাসী রমেজনাথ তজাবিষ্ট নেত্রযুগল একবার বর্ষণ করিয়া লইয়াই পুনরায় সমুখে দৃষ্টিপাত করিলেন এবং দৃষ্টিপাত করিয়াই সবিময়ে দেখিলেন. শচীল্রনাথের ছায়ামৃর্ত্তি যেন তাঁহার নিকটে আরও অগ্রসর হইয়াছে; শে মূর্ত্তি যেন আরও স্থম্পট হইয়া তাঁহার সমূধে ফুটিয়া উঠিয়াছে। ঠিক সেই মুহুর্তে মাধার উপরে চন্দ্র মেঘাবরণ-মুক্ত হইল, জ্যোৎসা অধিকতর উজ্জ্বল হইয়া উঠিল। সেই প্রোজ্জ্ব চন্দ্রকিরণে বিশ্বয়-বিমৃত্, निर्स्वाक्, निम्नन तरमस्त्रनाथ म्लंडेरे स्विधिष्ठ भारेत्वन, महीस्त्रनारस्त्र ছায়ামূর্ত্তি এবার আর শুধু নিম্পন্দভাবে দাঁড়াইয়া নাই,—সে মূর্ত্তি দক্ষিণ হস্তের তর্জনী সঞ্চালন করিয়া তাঁহাকে কি যেন ইন্সিত করিতেছে। সে ইলিতে যেন সহত্র আখাস, সহত্র ভরুষা বিদ্যমান ছিল। কেবল ভাহাই নহে, ছান্নাইর্জি গম্ভীরভাবে তাঁহাকে ইঙ্গিতে ° ভাহার পশ্চাদমূদরণ করিতে বলিতেছে।

বিশ্বিত রমেন্দ্রনাথ আর কোন কিছু করিলেন ন!। তিনি মন্ত্র-মুগ্ধের মত ছারামূর্ত্তির অফুগমন করিলেন। ছারামূর্ত্তি চত্তর ছাড়িয়া (माभानावणी व्यवद्वादण कतिया हिल्ल। त्रायलनाथ प्रक हिल्लन: ছায়ামূর্ত্তি বে ভাবে চলিতেছিল, তাহাতে স্পষ্টই বোধ হইল, যেন এই গৃহ, এই চম্বর, এই সোপানাবলা,—বেন এই বাড়ীর প্রত্যেক অংশ ভাহার বছদিনের পরিচিত। ক্রমে ছারামৃত্তি অন্দর অতিক্রম করিয়া, প্রাঙ্গণ পার হইয়া বহির্কাটীতে প্রবেশ করিল, রমেন্দ্রনাথ তাঁহার সমভিব্যাহারে চলিয়াছেন। এইবার ছায়ামৃত্তি নিমুতলের বৈঠকখানায় প্রবেশ করিল এবং ইঙ্গিতে রমেন্দ্রনাথকে সেই ঘরে প্রবেশ করিতে বলিল। রমেন্দ্রনাথও তাহার ইঞ্চিতমত সেইখরে প্রবেশ করিলেন। সেধানে গিয়া ছায়ামুত্তি মৃত্ খাসিয়া ভৰ্জ্জনী-সঙ্কেতে ভূমিতলত্ব এক অর্কভ্রম কার্চপেটিকা দেখাইয়া দিলেন এবং মুখের ভাবে যেন প্রকাশ করিলেন, এই কাঠের বাকাটি খুঁজিয়া দেখ। অতি বিশায়ে নির্বাক রমেন্দ্রনাথ যন্ত্রচালিত পুন্ধনীর মত সেই ভগ্ন ও উপেক্ষিত কার্চপেটকায় হস্তক্ষেপ করিলেন, ধীরে তাহা উন্মোচন করিলেন পেটিকাটি ছিল্লভিল্ল কাগজের টুকরায় পরিপূর্ণ; ঐ সকল কাগজের টুকরা একে একে অপসারিত করিয়া রমেজনাথ মণিন বস্ত্রথণ্ডে বিজ্ঞড়িত একগোছা কাগজ বাহির করিলেন এবং কৌতুহলপরবশ হটয়া যেমন উহা ধুলিলেন, অমনই স্বিশ্বয়ে দেখিতে পাইলেন,—এই কাগজগুলিই তাঁহার ঈপ্সিত ধন, তাঁহার আশা-ভরসা, বল-বৃদ্ধি,—বলিতে হইবে কি এই কাগজগুলিই তাঁগার সেই পিতামহের পুরাতন দলিল ? এভক্ষণ কেমন এক অস্পষ্ঠ শ্লান আলোকে তিনি সমগ্র বাটী আলোকিত দেখিয়াছিলেন, সেই আলোকেই তিনি ত ছায়ামৃতির অমুসরণ ত্রিরাছিলেন। আবার দেই আলোকেই ত এই দলিল দেখিতে পাইলেন।

দলিল পাইরাই রমেজনাথ হর্ষে উৎকুল্ল ছইয়া ষেমন সেই ছায়াম্র্জির দিকে ফিরিয়া চাহিলেন, অমনই দেখিলেন, সে ছায়াম্র্জিনাই; তাহার পরিবর্জে তাঁহার চারিদিকে গাঢ় অন্ধকার পরিব্যাপ্ত হইয়াছে। সে অন্ধকারে আর কিছুই দেখা যাইতেছে না। ভয়ে, বিশ্বয়ে রমেজনাথ উচ্চকণ্ঠে চীৎকার করিয়া উঠিলেন, "কে আছ ? শীঘ্র আলো জাল।"

রমেজনাথের সে চীৎকারে শহরের নিদ্রাভক হইল। শহরে তাঁহার পিতার আমলের বিশ্বস্ত ভ্তা: বৈঠকখানার পাশের ঘরেই শয়ন করিত। সে রমেজনাথের চীৎকারে শীঘ্র লঠন আলিয়া ছুটিরা আসিল। রমেজনাথ পাগলের মত লাফাইয়া ঘর হইতে বাহির হইরা বলিলেন, "শহর শহর দলিল পেয়েছি, দলিল পেয়েছি।"

শন্ধর বিমিত হইয়া জিজাসা করিল, "ছোটবাবু ছোটবাবু মন্ধকারে এক্লা এ ঘরে কি কর্ছিলেন, অন্ধকারে দলিল পেলেন কি ক'রে ?"

রমেজনাথ গস্তীরভাবে উত্তর করিলেন, "শক্কর! দাদা এসেছিলেন, এসে আমায় দলিল দেখিয়ে দিয়ে গেলেন। তাঁর পুণাপ্রভায় সমস্ত বাড়ী যেন আলোকিত হয়ে উঠেছিল, সেই আলোকেই ত আমি এ দরে এসেছিলাম। এখন দাদাও অন্তর্গন করেছেন, আর সঙ্গে সঙ্গে আবার এই বাড়ী অন্ধকারে ডুবে গেছে।

শক্ষর। ইাা বলেন কি! বড়বাবু এসেছিলেন! বড়বাবু আপনাকেও দেখা দিয়েছিলেন! কাল ঠিক সন্ধ্যার সময় আমি বড় বাবুকে এই বৈঠকখানা ঘরের ভিতরে বসে থাক্তে দেখেছি। আর দেখেছি, তার দৃষ্টি ঐ ভালা কাঠের বাক্সটির দিকে রয়েছে। রমেক্সনাথ। বলিস্ কি ! পরলোকে অবিখাদী আমি, • ঈখরের অন্তিছে বিখাদহীন আমি, —আজ আমার চক্ষুর দমুথ হ'তে একটা আজন্ম সংশ্রের আবরণ অপস্ত হ'ল। পরলোক যে আছে, তা' আজ দিব্য চক্ষুতে দেখতে পেয়েছি, মর্দ্মে মর্দ্মে বুঝ্তে পেরেছি। আরও বুঝ্তে পেরেছি, ইহজীবনের অবদানের দঙ্গে সঙ্গেই আমাদের সকল বাদনা, দকল কামনা, শ্লেহ, বিরাগ প্রভৃতির শেষ হয় না; ইহলোকে এবং পরলোকে যে একটা অচ্ছেছ্য বন্ধন আছে, তা' আজ লপ্টই বুঝ্তে পেরেছি।

শঙ্কর। বড়বাবু ত মামুষ ছিলেন না; তিনি দেবতা। ম'রেও তাঁর বিরাম নেই, এখনও লোকের উপকার কর্ছেন। যান্ ছোট বাবু, এখনও রাত্রি অনেক আছে, আপনি নিশ্চিত্ত হয়ে শয়ন করুনগে; কালই আবার কলিকাতায় রওনা হ'তে হবে।

বিশ্বস্ত ভ্তা শঙ্করের কথায় রমেক্রনাথ শয়নকক্ষে আসিয়া শ্যা-গ্রহণ করিলেন। নিদ্রান্তকে দেখিলেন, গবাক্ষ দিয়া গৃহপ্রাচীবের স্থানে স্থানে প্রভাত-অরুণের কনক-কিরণ নিপতিত ইইয়াছে।

বলা ৰাহুল্য, সেই প্রাচীন দলিল্থানির সাহায্যে রমেজনাথ ্ মকদ্মায় জয়লাভ করিয়াছিলেন।"

এতক্ষণ সকলে কার্চপুত্রিকার মত নীর্ব, নিশ্চণভাবে অধ্যাপক মহাশয়ের মুথে এই গল্প শুনিতেছিলেন; এক্ষণে গল্প শেষ হইল দেখিয়া পুরোহিত মহাশয় বলিলেন, "নিশ্চয়ই শটীক্ষনাথের ছায়ামূর্ত্তি বিনষ্ট দলিলখানা দেখাইয়। দিবার জন্ম রমেক্রকে দেখা দিয়াছিল, এ বিষয়ে বোধ হয় কোন সন্দেহ নাই।"

কবিরাজ। শচীন্দ্রনাথের তিন বংসর পূর্বে মৃত্যু হইয়ছিল, এতদিন পরে তাঁহার প্রেতমূর্ত্তি কেমন করিয়া রমেন্দ্রকে দেখা দিল? আমার বোধ হয়, কোন পরোপকারী অদৃভ আত্ম শচীজ্রনাথের মূর্ত্তি পরিগ্রহ করিয়া ঐ বিনষ্ট দলিলখানি দেখাইয়া দিয়াছিল।

পুরোহিত। শচীন্তের তিনবৎসর মৃত্যু হইরাছিল বটে; কিন্তু এই তিন বৎসরেই কি'শচীক্রনাথের সকল শেষ হইরাছিল! না—কথনই নহে। শচীন্তের ভাগু ও পিগুদেহ লয়প্রাপ্ত হইতে পারে, উহার মনোময় শরীর তথনও ত বিনষ্ট হয় নাই। রমেক্রনাথ বিনষ্ট দলিলের জক্য তাঁহার দাদার কথা ভাবিতেছিলেন, তাঁহার এই চিন্তা-তরঙ্গ শচীক্রের মনোময় দেহে যাইয়া আঘাত করিতে করিতে স্বীয় অভিপ্রায় জ্ঞাপন করিতেছিল। শচীক্রনাথ ব্রিল, রমেক্রের এই চিন্তা অহেতুকী নয়; আমার পরিজনবর্গ এই বিনষ্ট দলিলখানার জন্ম চিরকালই আমাকে স্মরণ করিবে, আমার বিষয় চিন্তা করিবে। আরু তাঁহাদের চিন্তা-তরঙ্গ আসিয়া আমার মনোময় শরীরে পুনঃ পুনঃ আঘাত করিবে, আমি নিশ্চিন্ত থাকিতে পারিব না। স্বর্বদাই মন সেইদিকে পড়িয়া থাকিবে, আমার উর্দ্ধগতির পথ রুদ্ধ হইয়া যাইবে। কাজেই শচীক্রনাথ প্রত্যুর্ত্তি পরিগ্রহ করিয়া রমেক্রকে দলিলখানি দেখাইয়া দিয়াছিল।

জ্যোতিষী। পুরোহিত মহাশয় যাহা বলিলেন, একথা যুক্তিযুক্ত বটে।

নায়েব মহাশয় এবং ডাক্তারবাবুও জ্যোতিষীর কথার পরি-পোষকতা করিলেন।

জমীদার পুত্র বলিলেন,—'অধ্যাপক মহাশয়ের এই স্থদীর্ঘ কাহিনী বলিতে আজ অনেক সময় অতিবাহিত হইয়াছে। মন্দিরের আরতিও আজ শেষ হইয়া গিয়াছে। আজকার মত বৈঠক ভালিয়া ফেগাই ভাল।'

সশ্মুথের ক্ষুদ্রা স্রোতস্থিনীর বক্ষ দিয়া একথানা ক্ষুদ্র নৌকা চলিয়া বাইতেছিল। • তুইজন মাঝি দাঁড় ফেলিতে ফেলিতে গাইতেছিল,— ভালিয়া পেল।

## "ভবের বাঁধন খুলে ফেল রে মন

আর নাইক কিছু আকিঞ্চন"---

সঙ্গীতের শব্দ ক্রমে ক্ষীণ ংইতে ক্ষীণতর হইরা আসিতেছিল।
সেই ক্ষীণ দ্রাগত সঙ্গীতথবনি সান্ধ্যরজনীর নারধতার একেবারে
বিলীন হইরা যাইবার পূর্বেই সেইদিনকার মত "গোধুলি সভা"

প্রীঅমৃশ্যচরণ সেন।

# পুনরাগমন।

( পূর্ব্বপ্রকাশিতের পর।)

বলা বাহল্য, আনি বালিকার অসুসরণ করিলাম। বালিকা আলোকহন্তে সমুখে, আমি মধ্যে, কালু পশ্চাতে চলিতে লাগিল। আমরা এবারে বাগানে প্রবেশ করিলাম না। বাগানের পার্মন্থ একটু সক্ষ পথ ধরিয়া, শস্তপূর্ণ প্রান্তরকে বামে রাখিয়া বালিকা বাগানকে বেষ্টিত করিয়া চলিতে লাগিল।

কিছুদ্র চলিবার পর কালু বলিল,—"হাঁ ছুর্গা, তুই একা এ পথে কি করিতে আদিয়াছিলি ? আর ভোকে একাই বা কে ছাড়িয়া দিল ?"

তুর্গ। বলিল,—"আমি এক। আসি নাই। দাদা মহাশয়ের সঙ্গে আসিয়াছিলাম।"

"দাদা কোথায়;"

"দিঘীর ঘটে বসিয়া আমাদের আসার অপেক্ষা করিতেছেন।"

"আমরা আসিতেছি, তোরা কেমন করিয়া জানিলি ?"

"কেন, এই একটু মাগে একজন লোক যে আসিল! সেই বলিল। বলিল—"আর একটী বাবু আমার সঙ্গে আসিয়াছেন। তাঁহাকে লইয়া আইস।" তাহাতেই জানিলাম।" আমি বলিলাম,—"বাগানের মধ্যে আলোক লইয়া তুমিই কি ব্রিতেছিলে ?"

ূ হুৰ্গা বলিল,—"ঘূরিব কেন ? আলো লইয়া সেই বাবুকে পুঁজিতেছিলাম।"°

"সেই বাবু যে স্থাসিতেছেন, তুমি কেমন করিয়া জানিলে ।" "আমাকে বলিল।"

উৎস্থক হইয়া জিজাসা করিলাম, "কে বলিল ?" হুর্গা উত্তর করিল না। আমি বলিলাম, "বলিতে কি বাধা আছে ?" বালিকা উত্তর করিল না।

একি বিভূষনা ! আমরা আসিতেছি, একথা আগে হইতে কে জানিল ! আর কেমন করিয়াই বা জানিল !

কালু অন্তর্যামীর স্থায় আমার আগ্রহের স্তর ধরিয়া **ত্র্গাকে** জিজ্ঞাপা করিল,—"তোর দাদা কি জানিয়াছে দ"

তুৰ্গা বলিল — "না।"

"তবে কে হুৰ্গা গু

"কালু আমি বলিব না।"

আমিও একটা কথা কহিতে যাইতেছিলাম। একটা কথাই বা কেন, জিজ্ঞাদা করিব মনে করিতেছিলান, "তবে কি গোপাল আমাদের আসিবার কথা তোমাকে ধালয়াছে ?" বালিকার দৃঢ়তাব্যঞ্জক স্বর শুনিয়া তাহাকে আমার আর এল করিতে প্রবৃত্তি হইল না। তৎপরিবর্ত্তে কালুকে জিজ্ঞাদা করিলাম.—"কালু! ভোমার মনিবের গৃহ আর কতদ্র ?"

কালু উত্তর করিল,—"বাবু ! আমরা ত সে পাথ বাইতেছি না। সে পথে বাইলে আমরা এতক্ষণ বাবুর বাড়ীতে উপস্থিত হইতাম। এ আমরা গ্রামের শেষে চলিয়াছি। সেধানে মাবিশালাকীর অধিচান পাছে। তারই সমূথে প্রকাণ্ড দিঘী। সে দিখী বাবুর পূর্ব্ধপুরুষের। প্রতিষ্ঠা করিয়াছিলেন।"

"দেখানে আমার যাইবার প্রয়োজন গ"

"তা আমি কেমন করিয়া বলিব বাবু? ভোমার সঙ্গে কে আসিয়াছে, তাহাকে দেখি নাই। তোমার সঙ্গে পথে দেখা হইল, তোমার সঙ্গে চলিয়াছি। আবার দিদিমণির সঙ্গে দেখা হইল, তাহার সঙ্গে চলিতেছি।"

আমি বালিকাকে সম্বোধন করিয়া বলিলাম,—"হুর্না! তোমাকে একটা কথা জিজ্ঞাসা করিব, তুমি যদি জান, উত্তর দিবে ? যে তোমাকে আমাদের ধবর দিয়াছিল, তাহার কথা জিজ্ঞাসা করিব না। তুমি বলিতে পার, গোপাল বলিয়া কোন লোক এই তিনদিনের মধ্যে তোমাদের বাডীতে আসিয়াছিল কিনা ?"

কালু বলিল—"সে কথা আমাকে জিজ্ঞাস। কর, আমি উত্তর করিতেছি।"

"বেশ, তুমি যদি জান---বল।"

"আসিয়াছিল।"

"এখন কি নাই ?"

"না। ঠাকুর আৰু চলিয়া গিয়াছে।"

"চলিয়া গিয়াছে!"

"গিয়াছে, আমি তাকে পথ আগাইয়া দিতে গিয়াছিলাম।"

"কোণায় গেল, জান ?"

"ঠাকুরের নিজের দেশে। আমি তাকে গ্রামের পর্থ ধরাইরা ফিরিতেছি।"

র্থা আসিলাম ভাবিলা, আমার মনঃক্ষোভের সীমা রহিল না। রাজি না হইলে, এবং ডাজারবাবু দলে থাকিলে আমি আর অগ্রসর হইতাম <sup>6</sup> না। সেইস্থান হইতেই ফিরিতাম। কিছ তবন আর ফিরিবার উপায় ছিল না। গোপালকে ধরিয়াও ধরিতে পারিলাম না! কেন । সেকি আগে হইতে আমার আগমন-সংবাদ পাইয়াছে! সংবাদ পাইয়া দেখা দিবে' না বলিয়া কি আমার আসিবার পূর্বেই সেস্থান ত্যাগ করিয়াছে! এক মুহুর্তে সহস্র চিস্তায় আমার হুদয় মধিত হইয়া উঠিল। এখন একটা কথা জানিলে কতকটা নিশ্চিন্ত হই। সেটা গোপালের বিবাহের কথা। কথাটা খুল্লপিতামহের মুখে না ওনিলে জানিবার প্রয়োজন হইত না। একেত আখিন কার্ত্তিক মাসে আমাদের দেশে বিবাহকর্মের বড় একটা প্রচলন নাই, তাহার উপর হুর্গাপূজার দিন। এ দবসত্রয়মধ্যে বঙ্গে কথনও কি কোন হিন্দু বিবাহের কথা মুখেও আনিতে সাহস করে!

লক্ষণেও বুঝিতেছি বালিকার সহিত গোপালের বিবাহ হয় নাই।
তথাপি মনে করিলাম, কালুকে কথাটা জিজ্ঞাসা করি। কিন্তু প্রশ্নটা।
একটু কৌশলে করিতে হইবে। এইটী স্থিন করিয়া, কেমন করিয়া
কথা পাড়িব ভাবিতেছি, এমন সময় শব্দ উঠিল—"ছুর্না।"

হুৰ্গা বলিল,—"এই যে দাদা আসিয়াছি।"

"বাবৃটীকে পাইয়াছ গ"

"বাবু সঙ্গে আসিতেছে।"

গুলান্তরাল হইতে পূর্ব্দৃষ্ট ত্রান্ধণ আমাদের সন্মুধে উপস্থিত হইলেন। আমাদের তিনজনকে আসিতে দেখিয়া ত্রান্ধণ জিজ্ঞাসা করিলেন,—"সঞ্চে আর কে '"

কালু বলিল—"আমি কালু।"

"তুমি যে এরই মধ্যে ফিরিলে ?"

"ঠাকুর আমাকে বিদায় দিল। মৃদাট প্রয়ন্ত তাহাকে প্র দেখাইয়াছি।".

"বেশ করিয়াছ। তুমি ভাহা হইলে বাবুকে ঘরে লইয়া চল। আমি তুর্গাকে লইয়া পশ্চাতে ঘাইতেছি। সারাদিন রৌদ্রতাপে বাবু বড়ই কষ্ট পাইয়াছেন। তুমি সঙ্গে লইয়া শীঘ উহার ভঞাবার বন্ধেৰেন্ত কর।"

ক্লান্তির কথা উত্থাপনমাত্রেই আমি আপনাকে অবসর বোধ করিলাম। বলিলাম--- "আপনার গৃহ এখান হইতে কতদুর ?"

"একটু দুর বটে। তবে বাবু, আমি তোমাকে দইয়া যাইবার ব্যবস্থা করিয়াছি।" এই বলিয়া কিছুদুরের একটা বটরক্ষ দেখাইয়া ব্রাহ্মণ কালুকে বলিলেন—"এ ধানে পালকী আছে, বেহারা আছে।"

वानिका मामात्र काट्ट (भन, आमि कानूत अञ्चनत्न कतिनाम। (ক্রমশঃ)

## প্রেভাত্মা দর্শন।

मुद्रमवाव कनिका जाग्न थाकिया व्यवमात्र कविया चरनक धन উপার্জন করেন। তারপর তাঁহার ক্ষ্রোগ হয়। এইজন্ম ডাক্টারেরা তাঁহাকে বায়ু পরিবর্তনের আদেশ দেন। তিনি \* \* \* ৫ ইশনের নিকট বাড়ী নির্মাণ করিয়া তাহাতে বাস করিতে থাকেন। বাড়ীটি দেখিতে স্থানর ও সাহেবীধরণে নির্মিত। আট দশ বৎসরের পর কোন কারণে যে তিনি বাড়া পরিত্যাগ করিয়া যাইলেন, তাহা প্রতি-বাসীরা জানিতে পারিল না ৷ ঘাইবার সময় তিনি সেই স্থানের ষ্টেশনমান্তার কৃষ্ণগাবুর উপর বাড়ী ভাড়া দিবার ভার দিয়া যান। জল বায়ু উত্তম বলিয়া অনেকে রোগী লইমা বায়ু পরিবর্ত্তনের জঞ এস্থানে আসিত। এজন্ত সুধেশবাবুর বাড়ী থালি থাকিত না। কিন্ত ষে বাড়ী ভাড়া লইত, দে হুইদিন পরেহ এ বাড়ী হইতে চলিয়া যাইত, বেশী দিন থাকিতে পারিত না। কৃষ্ণবারু বাড়ীর ভাড়া যথাসম্ভব অক্স করিলেন, তবুও সে বাড়ীতে কেহই থাকিতে পারিল না৷ তিনি किছु एउटे देशांत कात्र वृत्तिए शातिरम् ना।

ইহাতে ভিনি বছুই বিব্ৰভ হইয়। পড়িলেন। এ বিষয়ে ভিনি স্থুরেশবাবুকে পত্র লিখিলেন। ছই চারি খানি চিঠি লেখার পর যদিও উত্তর আসিত, তাহাতে সুরেশবাবুকে কিছু ব্যস্ত বলিয়া মনে হইত না। প্রতিবাসী যুবকেরা মনে করিল, একদিন রাত্তিতে ঐ বাড়ীতে বাস করিয়া ইহার কারণ স্থির করিতেই হইবে।

তাহারা ক্লফবাবুর নিকট একদিন রাত্রি বাসের নিমিত্ত তাহার অক্সমতি প্রার্থনা করিল। যদি কোন বিপদ ঘটে এই মনে করিয়া প্রথমে তিনি সম্মত হইলেন না। অবশেষে তাহাদের ঞেদ দেখিয়া সম্মত হইলেন।

তাহারা রাত্র জাগরণ করিয়া তাস খেলিবে এই সক্ষন্ন করিল।
নির্দিষ্ট দিনে রাত্রিতে আহারাদি করিয়া দশ বারটি আলো লইয়া
সারেশবাবুর বাড়ীর ভিতর প্রবেশ করিল। শুমবাবুর নিকট হুই
জোড়া ও অপর এক প্রতিবেশীর নিকট হুইতে আর হুই জোড়া তাস
সংগ্রহ করিল। নিজেদের জন্ম তিন চারিটি আলো রাখিয়া বাড়ীর
চতুদ্দিকে অপর আলোগুলি জালিয়া রাখিল তারপর বাড়ীর সদর ঘার
বন্ধ করিয়া দিল। রাত্র নয়টার সময় ক্রফবাবু ষ্টেশন হুইতে ফিরিয়া
যাইবার সময় দেখিয়া যাইলেন, সমস্ত বাড়ী আলোকিত ও কোলাহলে
পরিপূর্ণ।

( 2 )

তাহারা সকলেই একটা গৃহ ঠিক করিয়া লইয়া তাস থেলিতে লাগিল। থেলিতে থেলিতে চতুদ্দিক নিরীক্ষণ করিছে লাগিল, কেহ কোথায় দিয়া আসে কি না ? রাত্রি নয়টা, দশটা. এগারটা, বারটা বাজিয়া গেল। কাহাকেও কোথাও দেখিতে পাওয়া গেল না। রাত্র যথন একটা তথন আর কেহ থাকিতে পারিল না। কেহ বা চুলিতে লাগিল, কেহ বা শমনের উদ্যোগ করিতে লাগিল, এমন সময়ে তাহারা স্পাষ্ট দেখিল যে ফুইটি পা ছাদের ভিতর হইতে বাহির হইয়া আসিতিছে। এই দেখিয়াই সকলেই চীৎকার করিয়া, যে যেয়ানে ছিল, সে সেইস্থানে পড়িয়া গিয়া অজ্ঞান হইয়া গেল। তাহাদের মধ্যে কেবল একজন সাহসী যুবক ছিল। সে দেওয়ালে ঠেশ দিয়া খেলা দেখিতে ছিল। সে তৎক্ষণাৎ দাঁড়াইয়া উঠিয়া দেখিতে লাগিল, কোন মম্ব্যনামে কি না। জন্মে জন্মে একটি স্ত্রীলোক বাহির হইল। সে সাহস্য করিয়া এইমাত্রে জিজ্ঞানা করিল, "তুমি কে?" এই বলিয়াই সে

কটমট করিয়া চাহিয়া বেস্থানে দাঁড়েন্ট্রা ছিল, সেইস্থানেই দাঁড়াইয়া রহিল, পড়িয়া গেল না। সেই অবস্থাতেই তাহার মৃচ্ছা হইল।

চীৎকার শুনিয়া রুক্ষবাবুর নিজ। ভঙ্গ করিল। মনে হইল, চীৎকার বেন স্বরেশবাবুর বাড়ী হইতে আসিল। তাহাদের কিছু বিপদ ঘটিল ? তিনি তৎক্ষণাৎ ষ্টেশন হইতে লোকজন লইয়া সেইস্থানে উপস্থিত হইলেন। প্রাচীর টপকাইয়া বার খুলিলেন। উপরেই গিয়া দেখিলেন সকলেই অজ্ঞান হইয়া পড়িয়া রহিয়াছে। কেবল একজন কটমট করিয়া চাহিয়া দাঁড়াইয়া আছে। তারপরে তাহাকে শোয়াইলেন ও তাহাদের মুখে জল দিয়া ভাহাদের সুক্রবা করিতে লাগিলেন। মৃচ্ছা খলে তাহারা আনুপ্র্কিক সকল বিবরণ তাহাকে বলিল। সেই যুবকটি বলিল, আমি যে স্ত্রীলোকটিকে দেখিলাম, দেখিতে অনেকটা স্বরেশবাবুর স্ত্রীর ভায়।

#### (0)

কি কারণে যে তাহার বাড়ীর ভাড়া হয় না তাহা সুরেশবাবুকে
লিথিয়া পাঠাইলেন। সুরেশবাবু নিয়লিখিত মর্ম্মে লিখিলেন, "মামি
এখন মৃত্যুশযায়, এখন যদি আমার দোব প্রকাশ না করিয়া যাই,
তাহা হইলে ভগবান বোধ হয় আমাকে ক্ষমা করিবেন না। আমার
ত্রী অবিশ্বাসিনী হওয়তে ভাহাকে নিজহন্তে হত্যা করিয়া আমার
বাড়ীর উত্তর দিকের খালি জমীতে পুঁতিয়া ফেলি। সেই দিন রাজি
ইইতে প্রতিদিন রাজে আনি ঐরপ দেখিতাম। তাহাতেই ভয় পাই
ও পুলিশের ভয়ে আমি বাড়ী ছাড়িয়া কলিকাতায় চলিয়া আসি।
এইজয় বাড়ী ভাড়া দিবার জয়্য আমি সেরপ বাস্ত হই নাই।" ইহার
ছই দিন পরে সংবাদ আসিল, হৃদ্রোগে তাহার মৃত্যু হইয়াছে।

তৎপরে প্রতিবাসীরা লোক লাগাইয়া সুরেশবাবুর বাড়ীর উত্তর দিকের জনী খোঁড়াইয়া একটি বাল পাইল। বাল খুলিয়া দেখিল, মৃতদেহের কোন অংশই পচিয়া গলিয়া যায় নাই। মৃতদেহের সংকার করা হইলেও সে বাড়ী হইতে ভৃতের উপদ্রব গেল না। সেই হইতে কেহই সে বাড়াতে থাকিতে পারিল না। এখন সে বাড়ী ভগ্ন, বনজন্মলে পরিণত ও বহাজস্তাদিগের আবাসস্থান।

## অলৌকিক রহস্য।

৫ম সংখ্যা ]

তৃতীয় বৰ্ষ।

[ अञ्चाराष्ट्र, ১৩১৮।

### দান প্রতিদান।

চেলেবেলায় একটা গান শুনিয়াছিলাম, তাহার একটা ছত্ত এখনে। মনে আছে, 'আঁখি কি মজাতে পারে না হলে মন-মিলন'। বাস্তবিক মনের মিলই প্রকৃত মিল, জাঁথির মিলন মিলনই নয় এবং যদিও হয় তাহা অধিকাংশ সময়েই রূপজ ও কণবিধ্বংশী, হয়ত প্রথম দর্শনেট এক জনের উপর কেমন এক মায়া জন্মল, কেমন একটা ভিতর থেকে আকর্ষণ অফুভন করিলাম, যেন কত দিনের কত প্রাতন পরিচয়ের স্মৃতি, তাহার মুথের ভিতর নিয়া ফুটিয়া উঠিল, আর ভাহাকে ভুলিতে বা ছাড়িতে পারিলাম না, তাহার সঙ্গলিপা প্রিয় হইতে প্রিয়তর হইয়া উঠিতে লাগিল, কিন্তু কালের কৃষ্টি পাথরে দে প্রণয় উজ্জ্বল না হইয়া বরং ক্ষণস্থায়ী বিহুৎছেটার স্থায় চকিতের মান হাসি হাসিয়া নিভিয়া গেল। ব্যিলাম, এ সাত্মীয়তা মোহজ, যেই সে মোহ আবরণ খসিয়া গেল, অমনি ঘনিষ্টতাও শিথিল হটয়া পড়িতে লাগিল, তথন গুধু কেবল চোখের পরিচয়, একটা মৌথিক কুটুম্বিতায় পরিণত হইরা যায়। অবশ্র লয়লার চক্ষু মজতুকে প্রথমে যে ভাবে দেখিয়াছিল. শেষ পর্যান্ত তাহা অবিচলিত ছিল কিন্তু সংসারে সে চির অক্ষুগ্ন ভাব সে অচেদা আঁখির মিল বড়ই বিরুল। কিন্তু মনমিলন এত চঞ্চল ক্ষণভদ্ধর নহে, বড় একটা ত এ সংসারে হয়ই না, বরং হ'ইলে তাহা যেন মরণ

পर्वास मनी दहेवा पारक, अवः यनिष्ठ कान कावर्ग विविविष्टम पर्वे दिया দের, তবুও তাহাতে আজীবন তার মান অভিমানের সুথ হঃখের ছায়া, **শতীত স্মৃতির ছাপ এ**মন ভাবে ব্রুড়াইয়া থাকে, যে তাহার পূর্ণ উচ্ছেদ বুঝি কখন হয় না।

প্রথম দর্শনে হয়ত দেরপ কোন একটা নাটকীয় আকর্যণের তীব্রতা অমুভত হয় না, কিন্তু কি জানি ঘটনাচক্রে হয়ত ধীরে ধীরে ভাব ও চিত্ত-বিনিময়ের সঙ্গে এমন একটা অজ্ঞাত বন্ধনে জড়িত হইয়া ষাইতে হয় যে কিছু দিন পরে দেখা যায় সে একজন বিশেষ অন্তরঙ্গ হইয়া পড়িয়াছে, যেন উভয়ের সম্পূর্ণ সহধর্মী, এক যাত্রার যাত্রী। কচিৎ মান অভিমানে বা ভুচ্ছ মততেদে সে আলোক কিছু দিনের জন্ম ঢাকা পড়ে বটে, কিন্তু আবার মেঘাপ্যারিত শ্রং আকাশের মত निर्मान ও উজ्জ्वन दहेश छैर्छ।

किन याँचित भिनन अनि छ। छ छ । अने त व नरह : नकन नमराइहे ষে রূপজ মোহে প্রতারিত হয় এমন নহে। কখন কখন ভিতরের অজানা গভীর ভাব চোধের উপর ভাগিয়া উঠে; প্রথম দর্শনেই মনে হয় যেন কত পরিচিত, কতক নিকট, কেবল কালের ব্যবধানেই যেন একটা কাল্পনিক দুরত্ব সৃষ্টি করিয়া রাধিয়াছে,—পরে সংসারের অনুক্র প্রতিকৃষ ঘাতপ্রতিঘাতের কঠোর আঘাতেও সে বন্ধন অটুট থাকে।

কিন্ত আঁথিতেই হউক আর মনেতেই হউক, এ জীবনে এক এক জনের সঙ্গে এমন সৌহার্দ জনিয়া যায় যে, তাহা কিছুতেই মুছিতে চাহে না। হয় ত সে আমার প্রতিবেশী, তাহার সহিত আবাল্য একই বিভালয়ের একই শ্রেণীতে পড়িয়াছি, কিন্তু উভয়ে এমনই ভিনধর্মী যে, কখন কোন মনোবিবাদ হইল না বটে, তথায় অস্তরের বিনিময় কখন ঘটিল না, আর এক জন হয়ত দূরাগত আগন্তকের মত আমাদের মধ্যে আসিয়া পড়িল, কিন্তু কি জানি কোন্ শুভ মুহুর্তে চিত্ত বিনিময় হইয়া গেল যে, তাহার নিকট অন্তরের নিভ্তত্ম প্রদেশের দার পর্যান্ত অনায়াসে পুলিয়া দিলাম।

আমরা তথ্ বারাণসীর হিন্দুকলেছে পড়িতাম। বাণীতীর্থের এই বিশাল সরস্বতী-ভবন, শত শত বিভাষাত্রীর মধ্যে প্রায় সর্ব্ব-थाएत्यत मर्क मध्यमारवत, नानाणायी नानात्नी वर्हात्व प्रविषठ ; ল্যাঙ্গাশির বাঙ্গালী, স্থন্দরকায় কাশ্মিরী, ক্ষুদ্র চক্ষু, ক্ষুদ্র নাসা স্বাধীন নেপালী, সুদুরপ্রবাসী খ্রামকায় লাখিত নেটালবাসী, তিলক-শোভিত-मुख्डि मखरक मिथा धष्ट्यादी निष्ठावान माजाकी, विमानवश्र शक्षावी, यत्र प्राची हिन्तू होनी, शन्तिभात भातराष्ट्री, प्रक्रित्त निश्र्वी । প্রভান্তরবাসী আহোমের একত্র সন্মিলনের বিরাট বিভামন্দিরে আমরা অনেকেই একত্র আহার বিহার, ক্রীড়াকৌতুক, পাঠ ও কথোপকথন করিতাম, অনেকেরই সহিত ঘনিষ্ঠসত্তে মিশিতাম, কিন্তু অন্তরের তীব্র আকর্ষণ কি সকলের সহিত হইত ? কথনই নয়। আমরা কত বাঙ্গালী ও হিন্দুস্থানী বৎসরের পর বৎসর ধরিয়া একই শ্রেণীতে পড়িতাম. একই মাঠে এক দঙ্গে খেলিতাম, ইহাদের মধ্যে কেহ কেহ হয় প্রতিবেশী ও বাল্যাবধি পরিচিত, কিন্তু সম্পূর্ণভাবে ভিতরের পরিচয় ত সকলের সহিত হয় নাই, কেন হয় নাই, তা কেমন করিয়া বলিব, সে বেন আমার নিকট এক প্রচছর প্রহেলিকা বা ছক্তের রহস্ত। আমরা বে কয়জন ঘনিষ্ঠতম হত্তে মিশিয়াছিলাম, তল্লধ্যে আমি, আমাদের প্রতিবেশীর জামাতা বিনোদ, আমাদের ক্লাসের ভগবতী দয়াল, নীচের ক্লাদের হরিভূষণ, গণেশ রাও, নাথুস্বামী ও পিয়ারী শঙ্কর এই সাতজন विश्नित উল্লেখযোগ্য। অবশ্য আমরা সকলে যে সমবয়স্ক, সমপদস্থ, একশ্রেণীর বা স্থান মেধাবী ছিলাম তাহা নয়; কিন্তু কি জানি কেমন একটা ভাব ছিল,--যাহার আকর্ষণে আমাদের মনের বাঁধন এত বড় ও

ভূচ্তর ছিল, যে আমাদের মধ্যে প্রাণ খুলিয়া কথা কহিতে হইলে। অনেক সময় নিভূত স্থানের প্রয়োজন হইত।

আমাদের মধ্যে কেবল বিনোদ ও ভগবতীদয়াল বিবাহিত ছিল; তথন হিন্দু কলেজে বিবাহিত ছাত্র সম্বন্ধে এত কঠোর নিয়ম ছিল না।

আমাদের বাড়ী সোনারপূরায়; বিনোদ ও ঐ মহল্লায় খণ্ডর বাড়ীতে, পিয়ারীশক্ষর জন্মবাড়ীতে থাকিত, ও অন্ত সকলে বোর্ডিংএ থাকিত।

সে বড় স্থাধের দিন ছিল, কত দিন কত সময় যে কত আনন্দে কাটাইয়াছি তাহা ভাষায় বলা ষায় না, কখন সন্ধ্যার সময় কলেব্দের মাঠেও হাওয়াখানায় বসিতাম, কখনো দাওলীর প্রাঙ্গণে, কখনো বেণীমাধবের ধ্বজায় উঠিয়া, কখনো জ্যোৎমা প্রাবিত অহল্যাবাইএর ঘাটে গান গাহিয়া, কথনো শান্তিময়ী প্রসরসলিলা জাহুবীবক্ষে সাঁতার কাটিয়া, আনন্দের তুফান তুলিয়া প্রাণের হিল্লোল ছুটাইয়া হাসিতে হাসিতে দিন কাটাইতাম। কত স্থাত্থপজড়িত বাল্যজীবনের অতীতকাহিনী ও কত ভবিয়তের আশা, ভরসা ও কল্পনার কথায় কত দিন কাটিয়া যাইত। কাহারো সঙ্গে হয়ত কোন কারণে হু এক দিন দেখা না হুইলে প্রাণের ভিতর দিয়া কি বে ব্যাকুলতা ছুটিত, অন্তরের মধ্যে কি যেন হারাই হারাই, কি যেন খুঁজে না পাই মনে হুইত আবার দেখা হুইলে যেন কত কালের কত আদরের পুরাণ জিনিসকে ঘরে পাইয়া মনে হুইত, 'কত নিশি কেনে পেয়েছিরে চাঁনে, চাঁদ আর ফিরে যাস্নেরে'।

কত দিনের পর দিন, কত সকাল সন্ধ্যা রজনী একত্র কাটাইতাম, কথন দেশের কথা, কথন দর্শন, কথন বিজ্ঞান, কথন শুধু আনন্দ কল্লোলময় কৌতুক, কত সম্ভব অসম্ভবের জল্পনা হইত—কথন কথা উঠিত এত লোক থাকিতে আমাদের কয়নী প্রাণীর মধ্যে কোন্ আকর্ষণে, কোন্ কর্ম্বত্তে, কোন্ ভবিস্তং ব্রত উদ্যাপনসঙ্গল্লে একত্র মিলন ঘটিয়াছে ! বলা বাহুল্য ইহার, কখন বা বেশ স্থমীমাংসা হইত, কখন বা কোন সিদ্ধান্তই হইত না ।

এমন সময় আর একটি সঙ্গী অভাবনীয় ভাবে জুটিয়া আমাদের কুত্র গন্তীর বন্ধনকে আরো প্রিয়, মধুর করিয়া তুলিল। ইনি আমাদের নবীন অধ্যাপক অরুণবাব: কলেজের নিকটেই এক বাসা লইয়া অল্প-দিনের মধ্যে আমাদের পক্ষে এক নেসার বস্তু হইয়া পড়িলেন এবং আমরাও এই দীপ্তিমান স্থাকে কেন্দ্রস্ত্রপ রাখিয়া গ্রহ উপগ্রহের স্থায় অলক্য শক্তির সঞ্চারে ঘুরিতে লাগিলাম। অরুণ বাবু এখানকার সকলের পক্ষে এক ছজ্রের রহস্ত ছিলেন, কেহই তাঁহার বিষয় ভালরূপ জানিত না। তিনি যেন একাধারে হৈত ও অহৈত, পরম্পর বিরুদ্ধ ভাবরাশির একত্র সম্মিলনের গঙ্গা যমুনা বা মণিকাঞ্চণসংযোগ। कथरना त्योन, शक्षीत नःयठवाक, कथरना वा ध्वकूल नमामानी नवीन যুবক; অরুণবাবু আমাদের অপেকা ৭।৮ বছরের বড়। যথাসময়ে আসিয়া অধ্যাপনা শেষ করিয়া বাসায় গিয়া নিভূতে থাকিতেন এবং বড় একটা কাহারে। সহিত মিশিতেন না। এমন কি তাঁহার আদি বাসস্থান ও বংশ পরিচয়সম্বন্ধে বিশেষ কেহ জানিতেন বলিয়া বোধ হয় না, আমরাও জানিতাম না এবং জানিবার বিশেষ চেষ্টা বা অবসরও হয় নাই; তবে একবার তাঁহারি মুখে শুনেছিলাম যে, কলিকাতা অঞ্লে তাঁহার বাসস্থান।

কেমন করিয়া ধীরে ধীরে তাঁর প্রতি আমরা বা তিনি আমাদের প্রতি আরুষ্ট হন তাহা শ্বরণ হয় না, তবে যতদূর মনে হয়, প্রথমে আমরা তাঁর সরল উদাস চাহনি ও সরস গন্তীর আলাপে মুগ্ধ হই।

একদিন নিমন্ত্রিত হইয়া তাঁর বাসায় যাইয়া দেখি, হারবোল! হরি! তার কোনধানটাই অধ্যাপকের গৃহ ছিল না, সম্বলের মধ্যে, ছইখানি কম্বন, একটা লোটা, একটা পিতলের হাঁড়ী, খানকয়েক পুঁথি ও কিছু কিছু নিত্য নৈমিত্তিক পূজার সরঞ্জাম। অবশিষ্ট ধুলিময় শৃষ্ট ককণ্ডলি, কথন কথন বালকভ্তা রামভর্গার কলরবে মুধ্রিত হইত। কলেজ সীমানা ছাড়া আমরা যেখানেই তাঁর সঙ্গে মিশিতাম হয় তাহা উনুক্ত আকাশতল, নয় তাঁর নির্জন গৃহ।

ছুটীর দিন কথনো তাঁর সঙ্গে ভক্ত-কোলাহল মুধরিত, বিশ্বনাথ-ৰন্দিরে, চণ্ডীন্ডোত্রনিনাদিত অন্নপূর্ণাভবনে, কথনো স্তবন্ততিমুখরিত, শান্তিপ্রভাবিত মানব-কাকলী-ক্ষুত্র ভাগিরথীতটে, আবার যথন অরুণ আভায় সুপ্তোখিত হিলুধর্মাধীন উৎসব ফুল হইয়া উঠিত, তথন হয়ত আমরা জনবিরল নগরপ্রান্তে, বরুণাতটে আদি-কেশবের শাস্তিময় প্রাঙ্গণে, আবার যখন নানা যান-বঞ্জনায় রৌদ্রতাপে রাজপথ উদ্বেলিত হইয়া উঠিত, তথন হয়ত বটুকজীর পার্ম দিয়া, ভড়াগ বিটপী মিশ্ব শত্তপূর্ণ। ভামল প্রান্তরবেষ্টিত পল্লীগ্রামগুলির মধ্য দিয়া ঘুরিতে খুরিতে রামনগরের সন্মুখে আত্রক্ষেত্রে আসিয়া উপস্থিত হইতাম। আবার যথন সান্ধ্য ধুসরতা সারা ধরণীকে মণ্ডিত করিত, আকাশভরা নক্ষত্র জ্বলিয়া উঠিত ও বেলফ্লওয়ালার ডাক চাপা দিয়া, বড়লোকের জুড়ি সশব্দে কামাচ্ছার পথে ধুলি উড়াইয়া ছুটিয়া যাইত, তথন আমরা ক্রীড়া শেষ করিয়া অরুণবাবুর বাসায় গিয়া জমিতাম।

ক্থন তিনি সাংখ্যের পুরুষের তার সাক্ষীমাত্র থাকিয়া আমাদের কথাবার্তা শুনিয়া যাইতেন, কখন বা গীতার আমির মত ভিতরে অথচ বাহিরে রহিয়া নির্লিপ্ত ভোক্তারূপে সকল বিষয়েই যোগ দিতেন, কখন আমাদের ভাবরাশি ও চিত্তবিক্ষেপ স্তম্ভিত করিয়া অপূর্ব্ব ভাষায় ভাষ প্লাবিত করিয়া দিতেন, আর আমরা নির্বাক নিম্পন্দ থাকিয়া শব্দলহরী-স্পন্দনে পুলকিত হইয়া উঠিতাম। কথন জটিল কর্মস্ত্রের তত্ত্ব তুলিয়া প্রেম ও ভক্তির আনন্দ-প্রস্রবণ খুলিয়া, কখন পুরাণ ইতিহাসের শিকা ও চমকপ্রদ সরস ব্যাখ্যায় মোহিত করিয়া, যোগরাজ্যের অন্তুত নিভ্ত দার উদ্যাটন করিয়া, কখন খদেশপ্রীভির উন্মাদনায় মাতাইয়া বা জ্ঞান ভক্তি কর্ম ও সাংখ্য বেদান্ত পাতঞ্জলের অপূর্ব সময়য় করিয়া আমাদের যেন<sup>°</sup>এক স্**দুর স্বপ্নাকে লইয়া যাই**তেন। যেন এক অজানা অন্ত লোকের জীব ভ্রমক্রমে পথ ভূলিয়া আমাদের মধ্যে খাপ খাইবার চেষ্টা করিতেন। কিন্ত মায়াপাশমুক্ত প্রচ্ছন্ন মহাপুরুষের প্রত্যেক শব্দ, প্রত্যেক বাক্য আন্তরিকতা ও সহদয়তা-ভূষিত হইয়া আমাদের অন্তরে অন্তরে সংশিক্ষা প্রবেশ করাইবার চেষ্টা করিত। তথন হইতে আমরা আবাল্য ভয়ের বস্তু গুরুজনসহবাসের মধুরতা ও উপকারিতা জনয়ঙ্গম করিতে লাগিলাম।

একদিন সেই পুরাণো কথার চর্বিত চর্বণ হইতেছিল; আমাদের আলোচনা চলিতেছিল, জীবনের প্রতিমুহুর্ত্তেই ত বহু পরিচিত ও অপরিচিতের সহিত আঁথি বিনিময় হইতেছে, কিন্তু কাহারো সঙ্গে চিন্ত বিনিময় হয় না কেন ? মনের মধ্যে, আমাদের ভিতরে এমন কি চুত্বক আছে যে, যাহার আকর্ষণে সমধর্মী বা সমকর্মী ঠিকটী আকৃষ্ট হইয়া অন্তর স্পর্শ করে, কতদ্রের কত অপরিচিত, অসম্ভাবিত ভাবে নিকটে আসিয়া পড়ে, কোন্ প্রয়োজনে কোন্ অলক্ষ্য কর্মস্তরবলে यानम-याथवी निक महकातरक हिनिया नहेशा (विषया शरत ?

এই আকর্ষণতত্ত্বের আলোচনায় যোগ দিয়া অরুণবাবু বলিলেন "এইব্লপ মিলন আকস্মিক নছে, বহুপূর্ব্বে ইহার বীজ বপন হইয়া থাকে, পরে কখন দ্রুত ভাবে, কখন জন্ম জন্মান্তর ব্যাপিয়া, এই বীজ অঙ্কুরে ও লতায় গজাইয়া, তাহারি ফুলের মালা কর্মহত্তে গ্রণিত হইয়া আমাদের কঠে শোভিত হয়। সাধারণতঃ সহধর্মী ও সহকর্মী ও সমভাবের ভাবুকের সহিতই মিলন হয়, আবার কথনো ইহার বিপরীত ভাবেও হয়, কেননা আমাদের মিলন হয়, সধ্য ভাবে নয় বৈর ভাবে;

হয় রাগ বা অমুরাগে, নয় দেষ বা বিরক্তিতে; উভয়েতেই মিলন হয় সভ্য কিন্তু স্থাভাব না থাকিলে মিশ্রণ হয় না—আর এই মিশ্রণের পুর্বারাগই আকর্ষণ। বৈরভাবেও দুঢ়মিলন হয় সত্য এবং তাহাতে হয়ত অত্যন্ত দনিষ্ঠ হত্ত্ৰেও আদিতে হয় এবং হয়ত তার দাত প্রতিঘাত পুর তীক্ষ ও তীব্র হয় ও তাহার ছাপ সময়ে সময়ে আজীবন অঙ্কিত রহিয়া যায়, কিন্তু তাহা স্থায়ী হয় না. কিন্তু স্থা ভাবের বিনিময় ষদিও কখন কখন উদ্ধাম ধীর তথাপি তাহা স্থায়ী। প্রতি চিস্তায় ও কার্য্যে আমাদের মৃত্যু তি ভাব বিনিময় ঘটিতেছে, কর্মজ ফলের দান প্রতিদান ঘটিতেছে কিন্তু তার কোনটা হুদিনেই লয় পাইতেছে, আবার কোনটা অফুকুল বা প্রতিকৃল কর্ম্মের ডোরে বাধন বাঁধিয়া দিতেছে। কর্ম্মের অলংঘ্য নিয়মে দূরদুরাস্তরের জীবকে নিকটে আনিয়া ফেলিতেছে আবার কর্মাবদানে ছিল্ল তুষারের তায় দুরে বিক্ষিপ্ত হইয়া মুতন বাঁধনে জড়াইয়া যাইতেছে। কিন্তু ব্যক্তিগত ভাবে কি হত্তে কাহার কর্মের বীজ কোপায় রোপিত হইয়া, কি করিয়া কোণায় মুকুলিত হয় তাহা কর্মহত্ত দৃষ্টি ব্যতিরেকে বুঝিয়া উঠা হুম্বর, তাই কবি বলিয়াছেন.

প্রেমের ফাঁদ পাতা ভুবনে

(क (काषा পড়ে ধরা (क क्वान।

ইহারই ব্যাপক অর্থে, ভগবান বলিয়াছেন 'কর্মনা গছনো গতি' জাটিল মানবধর্ম এই জাটিলতম কর্মস্ত্তে গ্রথিত বলিয়াই ঋষি বলেন 'ধর্মস্ত তত্ত্বমু নিহিতম্ গুহায়াম্'।

যে যত গভীর ও বিস্তৃতভাবে কর্ম্মের ডোর ছড়াইয়াছে, তাহার কার্যাক্ষেত্রও তত গভীর ও ব্যাপক, তার শক্ত-মিত্রের সংখ্যাও সেই অমুপাতে অধিক, এই সকল কারণে লোকনায়ক ও বিখ্যাত জনগণের

কার্য্যক্রের বছপ্রসারিত। এইজ্ঞ কর্মমুক্ত মহাপুরুষগণের কার্য্য कथाना महीर्ग मीमाय व्यावद्य शास्त्र ना, जाँशामित कार्यात्कवा व्यावस् ও জগৎব্যাপ্ত, যথনই কোন মহাপুরুষ আসিয়াছেন, তাঁহারা তথনকার ক্ষুদ্র সম্প্রদায়গত গণ্ডীর অতীতে রহিয়া গেছেন। রাগদেষে কর্মবন্ধন বিস্তৃত হয়, কিন্তু রাগদেবের এতীত বলিয়া তাঁহাদের নিকট শক্রমিত্র সকলই সমান। মহাপ্রভূষখন আসিয়াছিলেন, তখন হুদান্ত জগাই মাধাইকেযে ভাবে কোল দিয়াছিলেন আবার সামাত হরিতকী সঞ্চয়ের জন্ম প্রিয়তম অমুচরকে তেমনি অনুযোগ করিয়াছিলেন। এই যে আমরা এতগুলি বিভিন্ন দেশের ও বিভিন্ন ভাবাপনের মধ্যে একতার আবেগ অফুভব করিতেছি, তাহা কর্মজ; জন্ম জন্মান্তর কর্মপ্রবাহের মধ্যে পরিচালিত হইতেছি। বিগত জন্মেও আমরা মিশিয়াছিলাম, কাহারো সহিত গুরুশিষা ভাবে, কাহারে সহিত ছাত্রশিক্ষকরপে, কেহ বা এক সংসারে ভ্রাতৃভাবে বা একই কালে বয়স্তরূপে কতকটা এমনই মিশিয়াছিলাম। কর্ম্ম-বন্ধন যে অচ্ছেত্য তাহা জানিলে বিশিত হইতে হয়, আমি গত জন্মে এমন এক কর্মস্ত্রে জড়িত হইয়াছিলাম যে, তাহার ঋণ পরিশোধ করিতেই হইবে। তোমরা শুনিলে হয়ত সব কথা বিখাস করিবে না, কিন্তু তবু বলিতেছি,—

সেবারে আমি তাঝ মঠান্তর্গত দীক্ষিত সন্ন্যাসী ছিলাম। প্রয়াগে আমার আশ্রম, তথায় ১০/১২টী শিষ্য ছিল; তন্মধ্যে এক জনের নাম কালীচরপ। কালীচরণ যুবক।

একদিন কালীচরণের মুখে বিশেষ ভাবান্তর লক্ষ্য করিলাম—সে, মধ্যে যেন কতকটা অভ্যমনস্ক হইয়াছিল কিন্তু প্রথমটা তত মনোযোগ **षिटे नार्टे**। असुन् ष्टि कतिया (पिलाम (म ভाবास्तत প্রণয়সভূত কিন্তু বুৰক ব্ৰহ্মচারী তথাপি প্রাণপণে আত্মসংযমের চেষ্টা পাইতেছে। দেখিয়া শক্ষিত. বিশ্বিত ও আনন্দিত হইলাম।

শব্দিত ও বিশিত হইলাম ব্রন্ধারীহৃদরে প্রণয়স্ফার্বে, আর আনন্দিত হইলাম তাঁর আত্মদমনের আন্তরিক চেষ্টায়।

অবশেষে অপর হই জন শিষ্যকে কারণাত্মসন্ধানে নিযুক্ত করিলাম; তাহার৷ সংবাদ দিল যে, আমাদের আশ্রমের অনতিদুরে, সমৃদ্ধ নাগরিক গিরিধারী সিংহের বালিকা কন্সার প্রতি সে আগক্ত হইয়াছে। অনেক সময় কালীচরণকে, পিরিধারী সিংহের উন্নত অট্টালিকার দ্বিতলম্ভ ক্ষান্ত বাভায়নের দিকে চাহিয়া অক্সমনস্কভাবে থাকিতে দেখা গিয়াছে। বালিকাও বোধ হয় অমুরাগিনী হইয়াছিল।

আত্মসংযমের চেষ্টা পাইতেছিল বলিয়া নবীন সাধকের বিশেষ কিছু দোৰ দেখিলাম না, কেন না মানবচিত সাধারণতঃ হুর্বল ও প্রবৃত্তির দাস, অথবা ইহা তথন তাহার পক্ষে বিধিলিপি। কিন্তু এ অবস্থায় কি করা উচিত তাহা ঠিক করিতে পারিলাম না. যতবার তার ভবিষ্যৎ দেখিবার চেষ্টা পাইলাম, ততবারই আকাশতত্ব জাগিয়া উঠিল। তথন হুইটী মাত্র উপায় ছিলঃ—এক উপায়, দার-পরিগ্রহের অফুমতি দিয়া পুনরায় সংসারে পাঠান, কিন্তু সামান্ত প্রবৃত্তির সমুখে এত শীঘ্র বিনাযুদ্ধে পৃষ্ঠপ্রদর্শন করা যুক্তিযুক্ত মনে হইল না। দ্বিতীয় উপায় প্রাণপণ চেষ্টায় ভগবানকপা দারা হৃদয় হইতে প্রণয়ের বীজ একেবারে উনালিত করা; ইহাই সদ্গুরুর কার্যা। বিশেষতঃ জনাজনান্তরীণ কর্ম্মাফল্যে যে জীব একবার ত্রন্ধচর্য্যের পথিক হইয়াছে, সংসারের অনিত্যভা বুঝিয়া সন্যাসাশ্রমের প্রতি উৎস্ক হইয়াছে, তাহাকে পুনরায় সংসার গতাগতি-পথে ফিরিতে দেওয়া অফুচিত। এইরূপ ভাবিয়া তাহাকে লইয়া কিছু দিনে**র জ্ঞ দ্র**যাত্রা করিয়া বিঠুরের জ্ঞ**ল** এক পরিত্যক্ত কুটীরে আশ্রয় লইলাম। উদ্দেশ্য, এই নির্জ্জনতায় ও প্রাকৃতিক গাম্ভীর্য্যে, ক্রমাগত ধ্যান, ধারণা ও স্তবস্তুতিতে বৈরাগ্যের ক্রত বিকাশ হইবে। আমিও যথাসাধ্য আত্মশক্তির প্রয়োগ করিলাম।

এক দিন সন্ধার সময় তাহাকে বলিলাম, আমি আজ চারি প্রহর
পূজায় থাকিব, দেখিও যেন কোন বিদ্ন না হয়। কিন্তু প্রথমেই বাধা;
বছ চেষ্টার পর আসন শুদ্ধি করিয়া পূজায় বসিয়া বারম্বার চিত্তবিক্ষেপ
হইতে লাগিল, আমিও বারম্বার দৃঢ়প্রয়ত্তে আত্ম-নিবেদনের চেষ্টা
পাইতে লাগিলাম, কিন্তু বার্ম্বার চিত্তচঞ্চল হইতে লাগিল; অবশেষে
মধ্যরাত্রে অসমাপ্ত অবস্থায় উঠিয়া পড়িয়া দেখিলাম, কুটীর ম্বার উন্মৃক্ত।
কিন্তু কালীচরণকে দেখিতে পাইলাম না, বারম্বার ডাকিয়াও সাড়া না
পাওয়ায় কুটীরের বাহিরে আসিয়া দেখিলাম, কালীচরণ বহুপূর্ব্বে গতাস্থ
হইয়াছে, তাহার বিষক্তজ্জিরিত নীলাভ স্থলবাস, একটী মৃতপ্রায় বিষধর
সর্পক্ষে বজ্র মৃষ্টিতে ধরিয়া, চিরশায়িত রহিয়াছে।

সমস্ত বুঝিতে বিলম্ব হইল না, কিন্তু চক্ষুদ্রি অশ্রভারাক্রাপ্ত হইয়া উঠিল। বুঝিলাম পূজার সময়, গৃহমধ্যে কোন উপায়ে এই বিষধরের আগমন হইয়াছিল, কিন্তু গুরুর ধ্যানভঙ্গের আশক্ষায় ব্যাকুল ভক্ত শিষ্য সাহস করিয়া তাহাকে তাড়াইতে পারে নাই, যদি আমার উপর লাফাইয়া পড়ে, অথচ আশ্রমে জীবহিংসা করিতেও প্রবৃত্তি হয় নাই। অবশেষে তাহাকে ধরিয়া কুটীরে বাহিরে নিক্ষেপ করিবার চেষ্টা পায়, কিন্তু প্রেমজ চিত্তবিক্ষেপে পূর্বেই তার ব্রশ্বচর্য্য ক্ষুগ্ন হইয়াছিল, কাজেই বিষধর নিস্তেজ না হইয়া প্রাণপণে তাহাকে দংশন করিয়াছিল। পাছে তার মৃত্যু-যাতনায় আমার ধ্যানভঙ্গ হয় এই ভয়ে দূরে চলিয়া গিয়া সমস্ত জালা নীরবে সহা করিয়াছিল; বোধ হয় মনে মনে মৃত্যু-কামনাও করিয়াছিল। অবিমৃধ্যকারিতার জন্ত নিজেকে শতধিকার দিতে লাগিলাম। যদি ব্যক্তিগত সাধনার প্রতি দৃষ্টি না রাধিয়া উহার প্রতি লক্ষ্য রাধিতাম, তাহা হইলে পূর্বাহে কিছু না কিছু আভাস পাইয়া হয়ত কোন প্রতিবিধান করিতে পারিতাম, কিন্তু তথন আর नमम हिन् नै।। वृतिनाम चार्थभत चामि, अधाना माम्रारमारक छिछ,

সন্ন্যাসে প্রকৃত অধিকার হয় নাই কিম্বা গুরুর কার্যাও করিতে পারি নাট।

প্রণয়সঞ্চারযুক্ত যুবক-যুবতীর অকাল চিরবিচ্ছেদ ঘটাইয়া নিজ অবিমুষ্যকারিতায় যে ঋণ অর্জ্জন করিলাম, ইহার একদিন কড়ার পণ্ডায় হিসাব করিয়া পরিশোধ করিতে হইবে। আজিও তাহার শোধ হয় নাই। আমরা এতক্ষণ শুরু রহিয়া নীরবে এই অপূর্ব্ব করুণ কাহিনী শুনিতেছিলাম। অন্ত সময়ে বা অন্ত কেহ বলিলে ইহাকে গাঁলাখুরি, আজগুরি বা থিয়সফি বলিয়া হাসিয়া উডাইয়া দিতাম, কিন্তু জিতে জিয়, নির্মালচরিত্র, সত্যবাক, যশোলিপাহীন অধ্যাপকের একটা কাল্পনিক গল্পকে সভা বলিয়া প্রচারিত করায় কোন উদ্দেশ্যই দেখিতে পাইলাম না :

ভগবতী দয়াল প্রশ্ন করিল 'ইহজম্মে কালীচরণের কোন সন্ধান পাইয়াছেন কি ?

অরুণ। সে কথা শুনিয়া কি হইবে। তবে জানিয়া বাখো যে আমাদের এ সন্মিলন জনান্তরব্যাপী।

সে রাত্রিতে মন্তিকে এক অভাবনীয় চিন্তা তরজ লইয়া আমরা বাড়ী ফিরিলাম,-পথে কাহারো সহিত কাহারো বাক্যালাপ হইল না।

সে বৎসর বারাণদী-ধামে যখন কলেরার প্রকোপ চাগিয়া উঠিল. তখন গ্রীমাবকাশ। বিশ্বনাথের এলাকায় কালভৈরবের অকাল তাওব নতো ও দণ্ডপাণির তাডনায়, প্রবাসী মাত্রই যথাসম্ভব দেশে ফিরিয়াছে, বিশাল বোডিং হাউস জনশুল।

এক দিন সকালে আমাদের বাড়ীতে, আমি হীরানন্দ, পঞ্জকুমার প্রভৃতি কলিকাতা যাইবার ও তথাকার অন্তান্ত programme ঠিক করিতেছি, এমন সময় সংবাদ আসিল যে শেষ রাত্রে বিনোদের কলেরা হইয়াছে. রোগ গুরুতর।

আমুরা তৎক্ষণাৎ ছুটিয়া গেলাম, আরো হু একজন সহাধ্যায়ী আসিয়া উপস্থিত হইল, স্থানীয় রামক্ষ্ণ মিশন হইতে ছুই জন দক্ষ শুশ্রমাকারী আসিল; স্থতরাং সেবা, যত্ন ও ঔষধ কিছুরই ক্রটী হইল না। রোগ তখন পূর্ণবলে সমগ্র দেহকে আক্রমণ করিয়াছে, বিচক্ষণ হোমিওপ্যাথী ডাক্তার প্রাণপণে চেষ্টা করিতেছিলেন, তাঁর ওষধেও উপকার হইতেছিল, কিন্তু কিছতেই কোন উপদর্গের স্থায়ী উপশম হইল না। তিনি চিন্তিত হইয়া বলিলেন, জেন গিরিরাজ। সোমবারের ভোরের কলেরা, ইহাতে রক্ষা পাওয়া তুর্ঘট। যদিও ইহা এক প্রকার কুদংস্কার ও মূলে বৈজ্ঞানিক ভিত্তি নাই, কিন্তু সোম শুক্রের ভোরের কলেরায় একটীও বাঁচিতে দেখি নাই। ডাক্তার বাবুর আর্সেনিক, ভেরেট্রম প্রভৃতি চলিতে লাগিল; প্রাচীনা পল্লীমহিলা-সংগৃহীত পঞ্জোশী কাশীর অপি, উপ, প্রভৃতি উপসর্গস্থেত সমস্ত দেবদেবীর চরণামূত, পূজায় পুষ্প ও বিশ্বপত্র, প্রাচীনগণ কর্তৃক সংগৃহীত যজের ভম্ম, সাধুর কবর, প্রভৃতি সম্ভব অসম্ভব, অপ্রাপ্য, স্থপ্রাপ্য ও হুম্পাপ্য যাহা কিছু যথারীতি ক্রমোবিকাশ প্রতিতে রোগীর অধর, বক্ষ ও মন্তক স্পর্শ করিল। কিন্তু কিছুতেই কিছু হইতেছিল না, 'ভরী টলমল করে, যেন অশান্ত মাতাল।

দাস্ত, বমন, অন্তর্দাহ, তৃষ্ণা ও ছট্ফটানিতে ক্রমাগত অধিকতর কাতর ও তুর্বল করিয়া দিতে লাগিল।

এক একবার যথন, তাহার বিশীর্ণ, শুদ্ধ মুখ ও কোটরগত নিস্তেজ্ব চক্ষু দিয়া আভ্যস্তরিক যাতনা ফুটিয়া উঠিতে লাগিল, দারুণ তৃষ্ণা ও অন্তর্দাহে ছটফট করিতেছিল এবং দঙ্গে সঙ্গে অঙ্গপ্রত্যঙ্গে খাল ধরাইয়া, নিরক্ত অন্তির্দ্ধার শরীরের উপর মরণের খেলা খেলাইতেছিল এবং হয়ত সে নিজেই অপূর্ণ লালদা, অত্প্ত পিয়াদা বুকে লইয়া নবীন যৌবনে আদর্যনুত্যুর কথা মনে মনে আন্দোলন করিতেছিল, তথন সে

ষরে স্থির চিত্তে থাকা আমাদের কষ্টকর হইয়া উঠিল। কিন্তু উপায় নাই, আবার বলপূর্বক মনকে সাস্ত্রনা দিয়া নিজ নিজ কার্য্য করিতে मात्रिमाय।

বিনোত্তের খণ্ডর চিন্তাকুল বিরস বদনে বাহিয়ে বসিয়াছিলেন ও मर्सा मर्सा चरत चानिया रतांशीत अवसा मद्यस अक्रमकान नहेर्छिलन: তাহার খ্রাঠাকুরাণী ও অক্তান্ত মহিলা দরজার ফাঁক দিয়া মধ্যে মধ্যে একবার করিয়া দেখিয়া দার্ঘনিশ্বাসের সহিত দেবতার উদ্দেশ্যে কাতর প্রার্থনা জানাইতেছিলেন। আর ছুইটা ত্রিত সঞ্জ চক্ষুও বোধ হয় দুর হইতে গৃহমধ্যে দৃষ্টিনিক্ষেপ করিতেছিল।

আমাদের অভিভাবকেরা আসিলেন ও আমাদের বিরলে ডাকিয়া বলিতে লাগিলেন 'আহা ভগবান এমনও করেন, আমরা শুনিয়া অবধি যে কি পর্যান্ত চিন্তিত হইয়াছি তাহা একমাত্র অন্তর্যামীই জানেন। আহা বিনোদ ছেলেটী সকলেরই প্রিয়, সকলেই আমরা এজন্ত বাবা বিশ্বনাথকে কাতরভাবে জানাইতেছি, বাবা কি এত লোকের প্রার্থনার মুখ তুলিয়া চাহিবেন না। আর তোমরাও সাধ্যমত বন্ধুর কার্য্য করিতেছ, বিপদের সময় উপকার করাই ত মহত্ব। করিবে বই কি আমরাও আমাদের সময় ঐরপ করিতাম।

তবে কি জান, কলেরা রোগটা বড়ই খারাপ, তোমাদের নিজেদের শরীরও ত দেখা চাই, তোমাদের হইলে আবার কে দেখিবে, একটু তফাতে ও সাবধানে থাকা ভাল তা ছাড়া লোকেরও ত অভাব नाहे।' हेळापि।

অবশ্য এইরূপ নিঃস্বার্থ তুল ভ উপদেশের বহুমূল্যতা অবধারণ করা আমাদের পক্ষে সম্ভব ছিল না, কাজেই কিছুক্ষণ মৌন থাকিয়া আবার রোগীর শিয়রে আসিয়া বসিলাম।

অপরাহে হিকা দেখা দিল, তখন ডাক্তার ও অরণবাবুর সহিত

পরামর্শ ক্ষরিয়া চিকিৎসার পরিবর্ত্তন করা হইল। ডাক্তার কিন্তু বলিলেন চবিন্দ ঘণ্টার সময় অর্থাৎ রাত্তি ৩।৪ টার সময় ক্রাইসিস ( crisis ) আসিবে, তথন রক্ষা হওয়া তুফর।

আলোপ্যাথী ভাকোরেরা উপযুর্গেরি তুইবার injection করিয়া ষ্থন রাত্রি দশটার সময় hopeless বলিয়া চলিয়া গেলৈন, তথন কবিরাজ ভাকা হইল।

कविदाक व्यानिया नाष्ट्री (पश्चिया ७ वहन खनारेया, द्वांग छेशपर्त. লক্ষণ ও রোগীর অবস্থা তবত মিলাইয়া দিলেন, কিন্তু ঔষধগুলি যে সন্দিহান। ঔষধ দিয়া যাইবার সময় বলিয়া গেলেন যে প্রথম চারিটী বটিকা যেন যথা সময়ে থাওয়ান হয়, এবং হুইাতেও উপশ্ম না হুইলে শেযোক্ত বিষৌষ্ধি যেন পান করান হয় ৷ আমাদের ঔষধ একবার ধরে ত আধঘণ্টার মধ্যে স্কুস্ত হইয়া উঠিবে, নহিলে শেষ রাত্রে অবস্থা বিশেষ সন্ধটাপর হইবে।

কবিরাজ চলিয়া গেলেন। এমন সময় হঠাৎ পার্শ্বন্থ দরজা খুলিয়া একটা যুবতী বসন ভূষণের প্রতি কিছুমাত্র দৃকপাত না করিয়া আলুলান্নিত কেশে ছুটিয়া আসিয়া অরুণবাবুর পা হুটী সবলে জড়াইয়া धितन ।

মুহূর্ত্তদঞ্জাত এই আকস্মিক কার্য্যে আমরা প্রথমতঃ কতকটা কিংকত্র্যবিষ্ট হইয়াছিলাম, পরে প্রকৃতিস্থ হইয়া ব্ঝিলাম, সে কমলা, বিনোদের স্ত্রী।

বিহ্বল, সংত্রস্ত অরুণ বাবু ধীরে ধীরে পা ছাড়াইয়া লইবার চেষ্টায় विकल इहेब्रा विकामा कतिरलन, तक या पूमि ? अधान व्यामह रकन ? ভোমার যদি কিছু বলবার থাকে ত বাড়ীর ভিতর গিয়ে বলে পাঠাও, আমি আমার সাধ্যমত চেষ্টা করব।

বালিকা কোন উত্তরই দিতে পারিল না, কেবল পা ইটী ধরিয়া নীববে ফেঁপাইয়া ফেঁপাইয়া কাঁদিতে লাগিল।

অরুণবার পুনরায় বলিলেন, 'কিমা ? তোমার কি বলবার আছে বল, তাতে কিছু মাত্র লজ্জা করে৷ না।' বালিকা কম্পিত কঠে জড়িত স্বারে বলিল 'বাবা আপনি ভিন্ন এ বিপদ হতে কেই বুকা করিতে পারিবে না, আপনাকে রক্ষা করিতেই হবে।'

সঙ্কৃচিত অরণবাবু বলিলেন 'মা। জীবন মরণের উপর সামাত্ত মানুষের কি হাত আছে, দেবতারাও বোধ হয় সব সময় রোধ করিতে পারেন না, আমার মত সামান্ত লোক ত কোন ছার। পুরাণে স্তী সাবিত্রীর কথা ত পড়েছ, যে একমাত্র সতী স্ত্রীই চেষ্টা করলে বাঁচাতে পারেন। তোমার যদি যথার্থ স্বামীভক্তি থাকে ভগবানকে ব্যাকুল হয়ে আন্তরিক ভাবে ডাকতে পার, তাহলেই ভগবান মুথ রক্ষা করবেন, নহিলে অক্ত উপায় নাই, তাছাড়া যথন প্রাণপণে চিকিৎসা চলছে তথন এত উতলা হচ্ছ কেন ?

কমলা। কেন বাবা, রুথা স্তোক দিচ্ছেন, এখন বেশ বুঝছি যে চিকিৎসায় আর আশা নেই; সমস্তদিন ভগবানকে ডেকেছি কিন্তু কই তিনি ত দয়া করলেন না—আরে যে কোন ভরুসা পাছিছ না।

বালিকা পুনরায় ফেঁ।পাইয়া ফেঁ।পাইয়া কাঁদিতে লাগিল।

অরুণ। ভূল বুঝছ মা। আসল জিনিস ভগবানকে ছেড়ে সামাত নকল মাত্রুবকে ধরে কি উপকার হবে 🔻

কমলা। না বাবা আমি ওনেছি আপনি একজন মহাপুরুষ, আপনি ভিন্ন আর কাহারো দ্বারা কোন উপায় হবে না; আপনি দ্য়া করে অভয় না দিলে আমি কিছুতেই ছাড়ব না, নহিলে আত্মহত্যা কর্ব।

নিরুপায় অরুণবাবু কিছুক্ষণ চুপ করিয়া গন্তীর প্রশাস্ত ভাবে

বলিলেন, যাও মা নিশ্চিন্ত থাক, আমি অভর দিচ্ছি, বিনোদের কোনরপ প্রাণের আশক্ষা নাই।

वांनिका चात्रख इहेबा, चक्र वातृ क ल्याम शृक्क शम्धृनि नहेबा, রোগীর দিকে এখবার চকিত কাতর দৃষ্টিতে চাহিয়া বাড়ীর মধ্যে **ह** निया (शन।

এতক্ষণ আমরা চিত্রার্পিতের মত যেন অভিনয় দর্শন করিতে ছিলাম। জনপূর্ণ কক্ষ যেন নিশীধ রাত্তির অরণ্যানীর মত নির্জ্জনতাময় হইয়াছিল, রোগ ও ষেন এই সময়ের জন্ম তাহার দানবীয় অত্যাচার ভূলিয়া এ দৃখ্যে মুগ্ধ হইয়া পড়িয়াছিল।

বাসায় যাইবার সময় অরুণ বাবু বলিয়া গেলেন যে, আমার বোধ হয় এখন বেশ নির্কিল্পে কাটিয়া যাইবে, তাহা ছইলে বিষৌষধি সেবনের কোন প্রয়োজনই হইবে না। তবে যদি বাড়াবাডি দেখ ত আমাকে তৎক্ষণাৎ সংবাদ দিতে কিছুমাত্র আলস্ত করিও না।

রোগীর পরমায়ু ছিল বলিয়াই হৌক, কিন্তা কবিরাজের ঔষধে বা অরণ বাবুর আশার্কাদেই হৌক, রোগী ক্রমশঃ সুস্থ হইতে শাগিল ও বাত্তি নির্বিছে কাটিয়া গেল।

স্থার সৌরকরোজ্জন প্রভাত পৃর্কদিনেরি মত হাসিতে হাসিতে উদয় হইল। পূর্বাদিনেরি মত আমগাও হাসিতে হাসিতে দিবালোক সন্দর্শন করিলাম, কিন্তু পূর্ব্ব দিনেরি মত, বিধাতার কি যে অভিসম্পাত গোপনে লুকাইয়াছিলেন, তাহা তখনো বুঝিতে পারি নাই-প্রভাত হইতে না হইতে সংবাদ আসিল শেষ রাত্তে অরুণ বাবুর কলেরা হইয়াছে; অবস্থা সঙ্কটাপর।

উদ্ভান্ত হৃদয়ে উদ্ধানে ছুটিয়া যাইয়া দেখি, তাঁর অভাত বন্ধ বান্ধব আদিবার ও চিকিৎসার সাহায্য প্রাপ্তির পূর্ব্বেই মহাপুরুষ হেলায় ্তাঁহার পার্থিব স্থুলবাস পরিত্যাগ করিয়া, আমাদের জন্মের মত

কাঁদাইয়া সাধনোচিত ধামে চলিয়া গিয়াছেন। কেবন তাঁহার স্থকোমল স্থলশরীর চিরশয়ান রহিয়াছে। দেহে কোথাও অন্তিম ষাতনার চিহ্ন, কোন বিক্বতি ন।ই, গৃহে হুর্গন্ধ নাই, যেন সুযুপ্তির শান্তিতে নিমিলিত নেতা।

যখন জাঁহার অভ্যক্ত চন্দন ঘুত সজ্জিত চিতার লেলিহমান অগ্নি-শিখা পৃতগন্ধ বিস্তার করিয়া উর্দ্ধে উঠিতেছিল, তথন কত কণাই মনের মধ্যে জাগিতেছিল। কত পুরাতন কথা, কত স্থময় পুরাণ-স্থৃতি, সেই আন্তরিক সহদয়তা পূর্ণ শিকারাশি সকলেই এক সঙ্গে ছুটিয়া আসিয়া বিদ্রোহী মনকে ব্যাকুল করিয়া তুলিতে লাগিল। মনে হইতে লাগিল মহাপুরুষ বুঝি এই চিতারই ক্যায় উজ্জ্ল, পবিত্র ও তেলোময় ছিলেন, বুঝিবা এই চিতারই আয় ধুপের মত নিজে জলিয়া পুণ্য-সৌরভ বিলাইয়া গেলেন। এত ভাবিতেছিলাম, কিন্তু কাহারো সহিত একবারও মুখ তুলিয়া কথা কহিতে পারি নাই। তখন চিতা **रवन कार्यंत्र कार्ट्स ए ए क्रिया विनार्ट्स्म,—** 

> পার যদি এইরপ হেসে চলে যাও ধুপেরি মত পৃত সৌরভ বিলায়ে।

> > औरमरनक्षनाथ हर्ष्ट्राभाशास्त्र।

### চক্রাবেশ।

হাওড়া জেলায় বালীগ্রামে শ্রীযুক্ত বিভূতিরঞ্জন গোস্বামী মহাশয়ের বাটাতে একটা ১৪।১৫ বংসর বয়য় বালককে মাধ্যমিক (Medium) করিয়া ১০।১২টা আত্মা আহ্বান করি। তয়ধ্য হইতে মাত্র পাঁচটা আত্মার কথাই সংগ্রহ করা হইয়াছিল। বিভূতিবাবুর কনিষ্ঠ শ্রীযুক্ত স্ববোধরঞ্জন গোস্বামী মহাশয় ঐ সব কথা লিখিবার ভার প্রহণ করিয়াছিলেন। কয়েকটা আত্মা আহ্বান করিবার পর ভক্ত কবি স্বর্গীয় রামপ্রসাদ সেন মহাশয়ের আত্মা আহ্বান করি। মাধ্যমিকের অবস্থা দেখিয়াই বুঝিতে পারিলাম যে, আ্মার আবিভাব হইয়াছে। তখন প্রশ্ন করিতে আরম্ভ করিলাম।

প্র:। স্বাপনি রামপ্রসাদ সেন?

উঃ। ইা।

প্রঃ। একটা মায়ের গান ক'রবেন ?

উঃ। বাধা কি । কোন গানটা গাইব ?

প্রঃ। যেটা আপনার ইচ্ছা।

উ:। বেশা নয়, নৃতন একটা গান গাইব। খুব ছোট গান, চার লাইন মাত্র।

প্রঃ। তাহউক।

তথন দেহাশ্রিত আত্মা ভক্তি গদগদ কঠে, অশ্রন্ধলে গণ্ড ভাসাইরা গান ধরিলেন। জীবনে পাঁচ শতেরও অধিক আত্মা আহ্বান করিরাছি, কিন্তু এমন শাস্তিও এমন আনন্দ কাহারও আগমনেই পাই নাই। মহাপুরুষের ক্ষণিক অবস্থানেই কত আনন্দ পাইলাম, যদি তাঁহাকে জীবিত অবস্থায় চথের সমুখে দেখিতে পাইতাম ও তাহার ভক্তিভরা

मनीछ नहत्री कर्नकूरत्त अविष्ठे रहेछ, जानि ना म पितनत अवश কেমন হইত। আমরা ১০।১২ জন লোক সেধানে উপস্থিত ছিলাম। সকলেই বেন কেমন একটা নৃতনতর ভাবে অমুপ্রাণিত হইয়া, আজু-ছারা হইয়া গেলাম। আমাদের মধ্যে অনেক্তেরই নয়ন কোণে অঞ্ দেখা দিল। আর মহাপুরুষ প্রাণের ব্যাকুলভায় গাহিতে লাগিলেন।

> আমার মা যে মুক্তকেশী। আমি সদাই ও তাঁৰ চবণে দোৰী॥ नवीनानत्म गुंह वसी, वन या किरम इहे (शा अधी. ७ (मरे छेवात (कारन मंत्र९ हस्त, हाम्राह्ट तम त्य विचा निर्मि॥ (রামপ্রসাদী স্থর)

প্রঃ। ব'লতে পারেন মাকে লাভ ক'তে পারব কি না ?

উ:। তা' কি বলতে পারি, আপনার ভক্তি থাকে ত পারবেন!

প্রাঃ। আপনি ত' মাকে পেয়ে বসে আছেন 🔻

উ:। পেয়েছি সামান্ত, তবে পাব।

প্র:। কত দিনে পাবেন ?

**७:**। ८ छत्र ८ एती।

প্রঃ। আপনার আর জন্ম হবে ?

উঃ। আমি আর যাব না। সংগারে চের জালা।

প্র:। আমি কি আর না এসে পারব ?

উ:। মান্না কি কাটাতে পারবেন, বড়ই মারাতে জড়িত হ'য়ে আছেন।

প্রঃ। আপনাকে আর কখনো পাব ?

উ:। অমুগ্রহ ক'রে ভাবলেই পাবেন। তা হ'লে এখন আসি। याश क'त्ररवन, नगकात।

এই বলিয়াই আত্মা প্রস্থান করিলেন। আমরাও বে দিনকার মত সভাভন্ন করিয়া দক্ষিণেশ্বরে যাত্রা করিলাম।

শ্রীসুরেশচন্ত্র গালুলী।

## মুতের আগমন।

আমাদের গ্রামের দক্ষিণে স্থলতানপুর নামক একটা গ্রাম আছে। উক্ত গ্রামের সমস্ত অধিবাসীই মুসলমান। তন্মধ্যে কয়েকদর ভক্ত। সেধ হেরাজতুলা খোন্দকার তাহাদের অক্তম। কিন্তু অবস্থাথীনতা প্রযুক্ত দে পরিবার একেবারে অশিক্ষিত। সেই জন্ম তাহাদের আচার ব্যবহারে ও কথা বার্ত্তায় সম্পূর্ণ অসভ্যতা বর্ত্তমান। গত আবাঢ় মাদের ১৫ই তারিথ রাত্তে জর বিকারে হেরান্সের মৃত্যু হয়। তাহার পুত্র নাই; স্ত্রী, একমাত্র কভাও কভার ২টী সন্তান লইয়া তাহার পরিবার। হেরাজের মৃত্যুর পরে তাহারা সকলে এক **ঘরের মধ্যে** শয়ন করিত। এইরূপে আট দিন গত হইল; অষ্টম দিনের রাত্তিতে প্রায় ২টার সময় হেরাজের স্ত্রী শৌচাদি কার্য্যের উদ্দেশ্যে গৃহের বাহির হয়: বাহির হইয়া প্রাগণে নামিবার সময় ঘারের দক্ষিণ দিকে তাহার দৃষ্টি পড়ে। সে দেখিল যে, তাহার স্বামী দেওয়াল ঠেস দিয়া পশ্চিম মুধ হইয়া বসিয়া আছে, তাহার গায়ে একথানি সুচ্নী। এ প্রদেশে মুসলমান সাধারণ ক্যাথা কে সুচ্নী বলিয়া থাকে। পীড়ার সময়ে হেরাজের গায়ে ঐ প্রকার এক থানি সুচ্নী ছিল।

জীলোকটা ঐ প্রকার দেধিয়া গৃহমধাস্থ তাহার নিদ্রিতা ক্সাকে শাহ্বান করিল। সে আসিলে তাহার মাতা তাহাকে বলিল, "হাদে ভাব তোর জামাই বসে রয়েছে"। এদেশীয় অশিক্ষিতা স্ত্রী লোকে সম্ভান সম্ভতির নিকট স্বামীর কোন প্রকার পরিচর দিতে হইলে "তোদের জামাই" বলিয়া থাকে। মাতার কথা গুনিয়া ক্যা সেই দিকে তাকাইয়া তাহার পিতাকে দেখিয়া জিজাসা করিল, "বাব্জি ভাল'ত" ৽

মৃত। ই্যা, ভাল, আমার জলি তোরা কিছু পড়ান শুনান ক ক্রিস।

ককা। হাা, ছোটামিয়ার ঘারা কোরাণ পড়ান হচ্ছে, ও জুমায় मूहां सित्र मित्रा नाथ ( नक ) कन्मा পড़ान ट्राइ ।

এখানকার মুসলমানগণ মৃত্যুর পরে স্চাতিয় জক্ত কোরাণ পাঠ ও জুমায় কলমা পাঠ ইত্যাদি করে. তদ্তির অন্য প্রকার প্রাদ্ধ, কি কোন অশৌচগ্রহণ করে না। ইহার ভাল মন্দের দায়ী আমি নহি, যাহা ওনিয়াছি তারাই লিখিলাম। জীবিত কালে হেরাজের হল্তে একপ্রকার কত হয়, সে কত আরোগ্য হইয়াছিল। কিন্তু একটী রুম্ববর্ণ চিক্ত ছিল, হল্ডের সেই চিহের দিকে দৃষ্টি পড়ায় কতা জিজ্ঞাসা করিল, বাবলী তোর হাতে কি ?

মৃত। না, কিছু না।

ক্ষা। না, ঐ যে হাতে কি দাগ মত দেখ ছি ?

এই কথা ভনিয়া মৃতব্যক্তি হাত থানি সুচ্নীর মধ্যে লুকাইয়া সে স্থান হইতে উঠিয়া ধীরে ধীরে—তাহার মৃতদেহ কবর দিবার সময়, ক্বরের নিকট যে একটা কুলতলায় স্নান করাইয়া ছিল-নেই কুল-ভলার গিয়া কুলগাছ ঠেস দিয়া বসিল। মাতা ও কক্সা মুগ্ধবৎ ভৎসহ পমন করিয়াছিল। তাহারা সেইখানে গিয়া যথন দাঁড়াইল, সেই সময়

উত্তর দিকৈ বাঁশ বন হইতে একটা ভয়ানক শব্দ হইল। মাতা ও কক্সা সেই শব্দে চমকিত হইয়া সেই দিকে লক্ষ করিল। তার পর্মৃত্তে দেখিল, কুলতলা শৃক্ত, কোন স্থানে কেত নাই, রাত্রি নিজ্ঞর, তাহারা ভীত হইয়া গৃহমধ্যে গমন করিল। তাহারা বলে যে, প্রথম যে সময় মৃত ব্যক্তিকে দেখিয়াছিল, তখন যে তাহার মৃত্যু হইয়াছে, ইহা তাহাদের আদে মনে হয় নাই। কিন্তু বাঁশ বনের ভীষণ শব্দ ও কুল তলা শৃক্ত দেখিয়া তাহাদের অরণ হইল যে, হেরাজের মৃত্যু হইয়াছে। মৃত্যুর কথা অরণ হইবামাত্র মাতা ও কন্যা উভয়ে অতিশয় ভীত হইয়াছিল। সেই দিনের পরে আজে পর্যন্ত আর কেত কিছু দেখিতে পায় নাই।

শ্রীপতিতপাবন রায়।

# অপূর্ণ বাসনা। স্বপ্নে প্রেত দর্শন।

আমেরিকার নিউইয়র্ক নগবে ক্রান্স নামে এক মহিলা বাস করিতেন। ১৮৭৯ খৃষ্টাব্দের ডিসেম্বর মাসে তাঁহার এক যুবতী কন্তার মৃত্যু হয়। পরবর্তী এপ্রিলে অর্থাৎ প্রায় পাঁচ মাস পরে তিনি এক অদ্ভুত স্বপ্ন দেখেন। তৎকালে তাঁহার জামাতা বহুদ্রে দাকোটা নামক স্থানে বাস করিতেছিলেন। বুতাস্তটি তিনি এইরপে বর্ণন করিয়াছেন:—

শরন করিবার পর বোধ হইল যেন আমার দেহ হইতে আমি বাহির হইয়া যাইতেছি। আমার চক্ষু মুদ্রিত ছিল। আমি ঠিক বুঝিলাম, আমি যেন ক্রতবেগে কোণায় যাইতেছি। চতুর্দ্দিক অন্ধকার, হঠাৎ দেখিলাম আমি একটি ঘরের মধ্যে আসিয়াছি। ঐ ঘরে একটি

শব্যার উপর আমার আমাতা চালি নিদ্রা যাইতেছে। তখন ঘরের আস্বাবগুলির প্রতি একবার চাহিয়া দেখিলাম। সকলগুলি তন্ন তন্ত্র করিরা দেখিলাম। শ্যার শিরোভাগে যে চেয়ারখানি ছিল তাহার এক স্থানে একটি ক্ষুদ্র অংশ ভগ্ন হইয়াছিল-তাহাও পাই নয়নগোচর हरेंग। मृदूर्ख मर्सा पदकारि श्रुं निया (शन এवर सामाद शियलम कना আলি ঘরের মধ্যে প্রবেশ করিল। সে আন্তে আন্তে শ্যার উপর উঠিল, নিদ্রিত স্বামীর পার্শ্বে বসিল, এবং মুখটি অবনত করিয়া তাহাকে একবার চুম্বন করিল। ইহা চালি জানিতে পারিল এবং মেহভরে তাহাকে ধরিতে গেল। তখন আলি একেবারে তীরবেগে বাহিরে সরিয়া গেল। কিছুক্ষণ পরে সে পুনরায় ঘরে আসিল ( এইরূপ আনেক গুলি কার্য্য বর্ণিত হইয়াছে )। অতঃপর আমার ইচ্ছা হইল যে, চক্ষুটি খুলি। কিন্তু ইহা এরপ ভারি বোধ ছইল যে, খুলিতে একটা প্রাণপণ চেষ্টা করিতে হইল। যাহা হউক অতি কণ্টে যেমন চক্ষু খুলিয়া ফেলিলাম, অমনি বোধ হইল যেন আমি একটা ভয়ানক আছাড খাইলাম. যেন ছাত হইতে নীচে পডিয়া গেলাম। এই ঘটনা রভান্ত বাটীর সকলকে বলিলাম এবং পর রবিবারই আমার জামাতাকে এই সম্বন্ধে এক পত্র লিখিলাম।

আমি যে দিন পত্ৰ লিধিলাম ঠিক সেই দিনই চালিও আমাকে এক পত্র লিখিয়াছিলেন। ঐ পত্র পাঠ করিয়া আমি অবাক্ হইয়া গেলাম। দে লিথিয়াছিল ঠিক ঐ রাত্রে ঐ ভাবে ঐরপে সে আলিকে স্বপাবস্থায় দেখিয়াছে। আলি আসিয়া শ্যায় বসিল, তাহাকে চুম্বন করিল, সে ধ্রিতে গেল, আলি প্লাইল ইত্যাদি সম্প্তই আমার অনুভূতির অবিকল অমুরপ। ইহার পর সে লিখিল, "আপনি আমার শয়নকক ও আস্বাবের যেরূপ বর্ণনা করিয়াছেন, তাহা বর্ণে বর্ণে ঠিক বিলিয়াছে।"

নিজাবস্থায় প্রশাদেহ সুলদেহ ত্যাগ করিয়া প্রেতলোকে বিচরণ করিতে পারে এবং বছদূরে গমন করিয়া অনেক বিষয় অবগত হইতে পারে—পূর্বোক্ত বৃত্তান্ত হইতে ইহাও প্রমাণিত হইতেছে।

### বালক ভূত।

গোর বুধ নামে এক পঞ্চদশ বর্ষীয়া বালিকা লিখিয়াছেন "১৮৮৯ খুষ্টাব্দের ১০ই এপ্রিল বেলা সাড়ে নয়টার সময় আমার ছোট ভাই ও আমি রালাঘরে যাইবার জন্ম সিঁডি দিয়া নামিতেছিলাম। সিঁডি হইতে নামিয়া একটা সকু গলি দিয়া রানাখরে যাইতে হয়। আমরা যথন সিঁডির মাঝামাঝি আসিয়াছি, ছোট ভাই চীৎকার করিয়া বলিয়া উঠিল "দিদি, ঐ দেখ জন ব্লানি আসিয়াছে।" জন ব্লানি আমাদের একটি ছোকরা চাকর। কয়েক মাস পূর্ব্বে তাহার শরীর অস্তম্ভ হওয়ায় সে কাজ ছাডিয়া চলিয়া গিয়াছিল। স্বতরাং সে যে হঠাৎ আসিবে আমার বিশ্বাস হইল না। আমি বলিলাম, "তুমি বোধ হয় আর কাহাকে দেখিয়াছ।" বালক উত্তর করিল "না, না। সেই ঐ দিকে ছুটিয়া গেল"—এই বলিয়া গলিটি দেখাইল। আমরা **ভাড়া-**তাড়ি নামিয়া গলি ও পার্শ্ববর্তী স্থান অৱেষণ করিলাম, কিন্তু ব্লানিকে পাইলাম না। দরজা বন্ধ ছিল স্থুতরাং বাহিরে যাইবারও কোন উপান্ন ছিল না। সে যাহা হউক রালাবরের কাজ সারিয়া আমরা পুনরায় উপরে আসিলাম। ছোট ভাই বলিল, "ব্লানিকে বড়ই রুগ ও মলিন দেখিলাম। সে আমার দিকে এক দৃষ্টে চাহিয়াছিল কেন ?" আমি ভিজ্ঞাসা করিলাম "ব্লানি কি করিতেছিল ?" বালক বলিল, "তাহার জামার হাতা গুটান ছিল এবং গায়ে একটা সবুজ চাপ্কান।"

ছ'এক ঘণ্টা পরে আমাদের চাকরাণী আদিলে আমি তাহাকে বলিলাম, "ব্লানি কতক্ষণ এখানে আসিয়াছে ?" সে বিশিত হইয়া

ৰলিল, "দে কি ? আপনি কি ভনেন নাই সে আৰু প্ৰতি মারা গিয়াছে ?" আমরা অনুসন্ধানে জানিলাম যে, সেই দিন বেলা আন্দাক ৭টার সময় ব্রানি ইহলোক ত্যাগ করিয়াছিল।"

## দিদিমার বড়ী।

জড় নামী এক ইংরাজ রমণী ১৮৮৫ সালের ৬ই আগষ্ট তারিবে লিখিয়াছেন:---

"আমার দিদিমার একটি ধর্মঘটী (clock) ছিল। ইহা তিনি বিবাহের সময় উপহার পাইয়াছিলেন। স্বৰ্ণ রোপ্য অপেকা ইহা তাঁহার নিকট অধিক মূল্যবান্ ছিল—ইহাকে তিনি প্রাণতুল্য ভাল বাসিতেন। তাঁহার শয়নকক্ষে অধিক স্থান না থাকায় তিনি ঘড়ীট আমাদের শয়ন্ত্রে রাখিয়াছিলেন: তুই ঘর পাশাপাশি, মধ্যে এক **मत्रका हिल। छाँशात अञ्चलारि आमता এই मत्रकारि मर्वाना श्रुलिया** রাধিতাম। তিনি রাত্রিকালে মধ্যে মধ্যে এবং প্রতাহ ভোরে এই ঘড়ীটি দেখিয়া যাইতেন। অনেক দিন ভোর ৪টার সময় হঠাৎ নিদ্রা ভঙ্গ হইলে দেখিয়াছি, দিদিমা ঘড়ীর সমুখে দাঁড়াইয়া আছেন।

সে যাহা হউক, তিনি ৮৪ বৎসর বয়সে ইহধাম ত্যাগ করেন। তাঁহার মৃত্যুর প্রায় তিন সপ্তাহ পরে অক্টোবর মাসে এক দিন অতি প্রত্যুবে আমার হঠাৎ নিদ্রাভঙ্গ হইল। আমার ভগিনীও আমার সহিত শয়ন করিত। সে যাক্, নিদ্রাভঙ্গে দেখি,—দিদিমা ঠিক পুর্বের ক্রায় ঘড়ীর সমুখে দাঁড়াইয়া ঘড়ী দেখিতেছেন। তাঁহার সেই দীর্ঘ শরীর, সেই স্থির গন্তীর চেহারা, সেই ক্লঞ্চৰ্ত্ বড় চক্ষু— সমস্তই স্পষ্ট দেখিলাম। ভয়ে কয়েক সেকেও চক্ষু মুদিয়া রহিলাম। চক্ষু পুলিয়া দেখি তিনি ঠিক লাড়াইয়া আছেন। পুনরায় চকু বুজাইলাম। এবার চকু খুলিয়া আর তাঁহাকে দেখিতে পাইলাম না। উপহাসাম্পদ হইবার ভয়ে একথা আর কাহাকেও বলিলাম না।

त्रां विकारन यथन के चरत मंत्रन कतिर्द्ध (श्रनाम, व्यामात छिनिनी আমাকে চুপে চুণে বলিল, "দেখ, একটি কথা না বলিয়া থাকিতে পারিতেছি না। হাসিও না, কারণ ইহা প্রক্ত। আজ ভোরে দিদি-মাকে দেখিয়াছি " আমি বিশ্বিত হইলাম। কোণায়, কিরূপে, কতক্ষণ সে দেখিয়াছে জিজ্ঞাসা করিলাম। তখন সে যাহা যাহা বলিল, আমার অফুভূতির সহিত তাহার কিছুমাত্র প্রভেদ ছিল না।

**बीमाधनमान तात्रकोधू**बी।

# প্রেতের বাকশক্তি।

গ্রেত অর্থে যাহারা স্থুল জগৎ ইইতে প্রেরিত হইয়াছে তাহাদের বুঝায়, সুল জগৎ ত্যাগ করিতে হইলে সুল দেহ ত্যাগ করিতে হয়, ইহাকেই আমরা মৃত্যু বলিয়া থাকি। ভূত অর্থেও দেইরূপ বাহারা পৃথিবীতে আর বর্ত্তমান নাই, এক সময়ে বর্ত্তমান ছিলেন, ভাহাদের বুঝায়। ভূত মানে অতীত কাল, ভাহা হইতে এই ভূত শব্দ মৃতব্যক্তি-সম্বন্ধে প্রযুক্ত হইয়াছে। বাহা হউক, মরিলে এই সুল দেহ আর থাকে না। তথন স্ক্লদেহ হয়। স্ক্লদেহে বাক্ ইন্তিয় অর্থাৎ কথা কহিবার উপযোগী স্বর্যন্ত্র থাকে না, একারণ যেসকল প্রেত সাধারণতঃ স্থুল জগতে দৃশ্য হইয়া থাকে, তাহারা কেহই কথা কহিতে পারে না। কথা কহিতে পারে, এরপ প্রেত অতি অল্পই দৃষ্ট হইয়াপাকে। স্ক্র দেহধারী প্রেতকে, সুল দেহধারী মানবের দৃষ্টি গোচর হয় এরপ দেহ ধারণ করিতে হইলে, তাহার স্ক্রদেহে পৃথিবীর স্থুল জড়পদার্থের কণা-সকলের সংগ্রহ করিয়া একটি আবরণ মত দিতে হয়, এই জড় আবরণে তাহাদের সৃদ্ধ দেহ অপেক্ষাক্কত স্থুল হয় এবং মানবের স্থুল দৃষ্টিশক্তির গোচরে আসে। এই কার্যাকে ইংরাজিতে মেটিরিয়ালাইজেশন (materialisation) করে। সেইরূপ কথা বলিবার শক্তি প্রেতের আবেশুক হইলে তাহার সেই প্রেতদেহে পার্থিব কণায় গঠিত স্বরযন্ত্র করিয়া লইতে হয়, অথবা কোন স্থুলদেহধারী জাবের উপর আবিষ্ট হইয়া তাহার স্বরযন্ত্রসাহায্যে কথা বলিতে হয়। কাজেই প্রেতকে কেবল দৃষ্টিগোচর হওয়া ব্যতীত কথা কহিতে হইলে অনেকটা ছরুহ কার্য্য করিতে হয়। এইরূপ করা কোনরূপ শিক্ষার বলে যে হয় তাহা নহে, অদম্য ইচ্ছাশক্তির বলে উহাদের ক্রিয়া শক্তির বিকাশ হইয়া এইরূপ ঘটিয়া যায় মাত্র। আমরা নিয়ে ছইটি ভূতের কথা বলা সংক্রান্ত ঘটনা বিবৃত করিতেছি। প্রথম ঘটনাটি আমার কোন উকিল বন্ধর আত্মীয়ের মধ্যে ঘটে, ইহার সত্যতার জন্ম উক্তে উকিলবার দায়ী। ছিতীয় ঘটনাটি আমার হাবড়ার বাটার নিকটে হওয়ায় আমি নিজে অবগত আচি।

- (>) উকিল বাবুর জনৈক আত্মীয়ের মৃত্যু হওয়ায় তাহার দেহের সংকার জন্ম শাশানে লইয়া যাওয়া হইয়াছে। বাটীতে বড় লোকজন নাই, মৃতের স্ত্রী শোকাভিভ্তা হইয়া ধ্লায় পড়িয়া ক্রন্দন করিতেছেন, এমন সময়ে দেখিলেন যে তাঁহার মৃত স্বামী উপস্থিত হইয়াছেন এবং বলিতেছেন "কাঁদিবার চের সময় আছে কাঁদিস, এখন উঠিয়া বে টাকা কড়ি বায়ে আছে তাহা সরাইয়া রাখ, শাশান হইতে উহারা আসিলে আর কি তোকে কিছু দিবে । চিরকাল হাহা করিতে হইবে, এই বেলা নিজের অল্পের সংস্থান করিয়া রাখ। বলা বাহুল্য এই কথা শুনিয়া তাঁহার স্ত্রী উঠিয়া তাড়াতাড়ি স্বামীর বাক্সে কয়েকশত টাকার নোট আছে দেখিল এবং তাহার নিজের আয়তমত করিয়া রাখি।
  - (২) হাবড়ায় কাশ্বন্দে রোডের মধ্যে একটি ভাড়াটিরা বাটীতে

একটি খুষ্টধর্মাবলম্বী পরিবার ভাড়া আসেন। এই বাটা অনেকদিন ধালি পড়িয়া ছিল একটি বৃদ্ধা স্ত্ৰীলোক কোধা হইতে পীড়িত হইয়া ঐ বাটীতে চারি পাঁচ দিন পাকিয়া মারা পডে। সে অতি কট্টে বাটীতে কয়েকদিন ছিল। • ক্ল্পায় অস্থির,—পাড়ার কেহ দ্যা করিয়া রোগীর পথ্য দিয়া আসিলেই তবে ধাইত. নচেৎ ক্ষধায় মারা গেলাম এইরপ চীৎকার করিত। বোধ হয় স্ত্রীলোকটী খাইতে না পাইয়াই পীড়িত হইয়া মারা পড়িয়াছে। ইহা আৰু চারি পাঁচ বৎসর পূর্ব্বেকার ঘটনা। তদবধি বাটীতে কোন ভাড়াটিয়া থাকে নাই। একণে এই ভাড়াটিয়াদের আসা অবধি প্রত্যহ রাত্তি দশটার পর ভূতের আবির্ভাব হইতেছে। একটা ঝাঁকড়া মাধা মত লোক অস্পষ্ট ভাবে দেখা যায়. ও দেই সময় ভয়ানক বিষ্ঠার গন্ধ ছাডে। কেহ খাইতে থাকিলে "আমাকে দিবি না" এইরূপ কথা বলে। ভূতকে অন্ত কথা জিজাস্য করিলে কোন উত্তর পাওয়া যায় না বাতে বাটীতে ইট ফেলা, খরের মধ্যে কেহ নাই অথচ ঘরের কপাট এত জোরে চাপা আছে যে কেহ ধুলিতে পারিবে না-এই সকল উপদ্রব হইতে থাকে। পরে উহারা পিজা হইতে মন্ত্রপূতঃ জল আনিয়া চতুর্দিকে ছিটা দেওয়ায়; যে যে স্থানে ঐরপ ছিটা দেওয়া হইত, তন্মধ্যে উহার অত্যাচার হইত না **দেখা গেল।** বোধহয় সেই মৃত বৃদ্ধাই ভূত হইয়া বাটীতে বহিয়াছে। মৃত্যুকাল পর্যান্ত পাইতে না পাওয়ায় তাহার পাইবার ইচ্ছা ও পাছদ্রব্যে গুরুতর লোভ থাকিয়া যাওয়ায় খাগুদ্রব্য দেখিলেই খাইবার গুরুতর বাসনা হইত ও এই বাসনার বলে তাহার বাকশক্তি পর্যন্ত আদিত ! তাহার স্ক্রদেহের মেটিরিয়ালাইজেসনও বেশ হইত না, আবছাওয়া মত দেখা যাতে, এবং বাকশক্তি ঐ এক কথা ব্যতীত অন্ত কোন কথায় প্রকাশ পাইত না !

শ্রীকার্ত্তিকচক্র বন্দ্যোপাধ্যায়।

## গুলিখোর প্রেতাত্মার সহিত কথোপকথন

#### এবং

## হিষ্টিরিক ফিট বা ভৌতিক মুর্চ্ছা।

অলোকিক রহস্তের ২য় ভাগের ৭ম সংখ্যার ৩২৮ পৃষ্ঠায় প্রীম্বরেশ চন্দ্র গাঙ্গুলী মহাশয় "প্রেভতত্ব" অর্থাৎ মানবদেহে প্রেভাত্মার আবির্ভাব সম্বন্ধে কয়েকটা প্রভাক্ষ ঘটনার বিবরণ এবং হিষ্টিরিক ফিট ভূতাবেশ হারা হইয়া থাকে বলিয়া তৎসম্বন্ধে যাহা লিথিয়াছেন, আমি তাঁহার কথায় সম্পূর্ণ অন্থুমোদন করি; যেহেতু আমি ভজ্রপ কএকটা ঘটনা হয়ং প্রভাক্ষ করিয়াছি। আমি এই বিষয়টা তাঁহার লিথিবার কএক মাস পূর্ব্বে লিথিব বলিয়া মনে করিয়াছিলাম। কথাটা শুনিয়া অনেকে উপহাস করিবেন এজন্ত আমি লিথিতে সাহস করি নাই। সুরেশচন্দ্র গান্থলী মহাশয়ের প্রবন্ধটা বাহির হওয়ায় এখন লিথিতে সাহস করিলাম।

দেবদেবী বা প্রেতাত্মা সম্বন্ধে আমি স্বয়ং যাহ। প্রত্যক্ষ করিয়াছি তাহাই লিখিতেছি। সম্প্রতি একটা গুলিখোর প্রেতাত্মার সহিত আমার যেক্সপ কথাবার্ত্তা হইয়াছিল তাহা যথায়থ নিমে লিখিলাম!

প্রায় ছই বৎসর হইল, আমার বাড়ীর সন্নিকটে আমার একটী বাগানবাড়ীর ফসল রক্ষার জঞ্চ একটী স্ত্রীলোককে নিযুক্ত করিয়া-ছিলাম। তাহার ৭৮৮ বৎসরের একটী ছেলে তাহার সহিত থাকিত। তাহাদের থাকিবার জন্ম একটী কুঁড়েখন প্রস্তুত করিয়া দিয়াছিলাম। ঐ স্ত্রীলোকটীর পিত্রালয় আমাদেরই গ্রামে। উহার পিতা আমার প্রকা ছিল। আব্দ পাঁচ সাত বৎসর হইল তাহার মৃত্যু ইইয়াছে। ঐ वाक्तित इहे विवाद हिन, अवम পরিবারটীর বহুদিন সন্তান না হওরায় ছিতীয় বিবাহ হয়। ছিতীয় স্ত্রীর তিনটী মেয়ে, তন্মধ্যে একটী বছ। উহার পিতা অন্ত হুই কক্সা অপেক্ষা এই কন্সাটীকে প্রাণাধিক ভাল বাসিত, কিন্তু উহার মাতা উহাকে দেখিতে পারিত না, অন্ত হুই ক্সাকে সমধিক ভাল বাসিত। কিছুদিন পরে ক্সাটীর পিতার মৃত্যু হয়। পিতা ভিক্লাকীবী ছিল, আরু প্রথম মেয়েটী পিতার স্নেহকে এক চেটিয়া করিয়া লইয়াছিল। মেয়েটীর বিবাহ হইলেও স্বামীর অক্তাস্তিক হেতু ভদীয় ভালবাসায় বঞ্চিত হইয়া পিত্রালয়েই অধিকাংশ সময় থাকিত এবং সর্বাদা পিতৃসেবা করিত। পিতা তাহার অন্তায় আচরণ দেখিলেও কিছু বলিত না। পিতা গুলিখোর ছিল; অভিধি সাজিয়া যাহা কিছু উপার্জন করিত, গুলিতেই তাহার অধিকাংশ ব্যয়িত হইত, অবশিষ্ট উদ্ভ অর্থে কষ্টেস্টে সাংসারিক ব্যয় নির্বাহ করিত। কিছুদিন পরে ঐ ব্যক্তি গ্রহণী রোগে আক্রান্ত হইয়া পড়ে। শেষাবস্থায় অর্থাভাব বশতঃ পত্নীদন্ন তাহার শীঘ্র মৃত্যু কামনা করিত; কিন্তু জ্যেষ্ঠ। কঞাটী সর্বাদা তাহার সেবা শুশ্রুষা করিত। রদ্ধ ক্রেষে অশক্ত হটয়া কালগ্রাসে পতিত হয়।

পিতার মৃত্যু হইলেও ক্যাটী তাহার মেহ ভূলিতে পারে নাই। যথন কটে পড়িত অথবা মনে বিশেষ ক্লেশামুভব হইত, তথন পিতার মেহে বঞ্চিত হইয়াছে বলিয়া, তাহারই আফুসঙ্গিক হইবার জন্ম মৃত্যু কামনা করিত; এবং পিতার স্নেহ যত্নাদি যতই মনে হইত, ততই সে সেই সমস্ত কথাগুলি বিনাইয়া বিনাইয়া কাঁদিতে থাকিত। রাত্রিতে নিজাবস্থায় উহার পিতা শিষরে বসিয়া নানাপ্রকার আখাস বাক্যে এবং গায়ে হাত বুলাইয়া সান্তনা করিয়া যাইত।

গত সন ১৩১৭ সালের আখিন মাহায় একদিন রাত্রিতে স্টে ন্ত্রীলোক ছেলেটীকে লইয়া উক্ত গৃহে শুইয়া থাকে। ঘোর অন্ধকার,

চতুদ্দিকে নিকটবর্ত্তী কোন প্রতিবেশীর ঘর নাই বলিয়া সে মনে মনে সদাই ভীত থাকিত। সেদিন ভয় কিছু বেশী হওয়াতে এবং একাকিনী সেরপভাবে রাত্রিয়াপন মহা কষ্টকর বোধ হওয়াতে, উত্মন জালিয়া ধান্ত সিদ্ধ করিতে বসাইল। পিতৃত্বেহ মনে উদিত হইয়া উহার হালয়কে কাঁদাইতে লাগিল। ক্রন্দন মনে মনে চাপিয়া হইলে বোধ হয় हुः (४ मम)क् भाखिमाछ रम्र ना, এक्छ (म कक्र्वेश्वरत्र विनारेम्रा विनारेम्रा কাঁদিতে লাগিল। ধাল সিদ্ধ কাৰ্যাটী শেষ হইলেও বাজি শেষ হয় না. তথন শুইয়া কাঁদিতে কাঁদিতে নিদ্রার আবেশ হইল। তদবস্থায় ভাহার পিতা শিয়রে বসিয়া আখাস করিয়া বলিতে লাগিল, "দেখ বাপ। তোর এ করুণ ক্রন্দনে আমার স্বন্য বিদীর্ণ করিতেছে, তোর ক্রন্দন গুনিলে আর কোথাও তিষ্ঠিতে পারি না। আর তুই যথন কোন রকমে শান্তি পাইতেছিস না, তখন এইবার আমি তোকে সঙ্গে লইয়া যাইতে আসিয়াছি। কল্য বাবুকে বলিয়া এখান হইতে ভোকে লইয়া যাইব।"

পর্দিবস বেলা প্রায় একঘণ্টা আলাজ আছে, এমন সময় আমি ও অক্ত একজন উক্ত বাগানের দিকে বেড়াইতে গেলাম, দেখিলাম স্ত্রীলোকটা হয়ারে উদাসভাবে বদিয়া আছে। চকু ছুইটা বিক্ষারিত করিয়া সে যেভাগে আমার দিকে অবলোকন করিল, সেই বিক্ষারিত নেত্রের ঘূর্ণায়মান উর্দ্ধগত তারা দর্শনে স্বতঃই ভীতি জ্বে। দেখিবা-মাত্র হঠাৎ আমার মনে হইল যেন কি আবেশ হইয়াছে: আমি ভূতাবিষ্ট রোগী অনেক দেখিয়াছি এজন্য এতৎ সম্বন্ধে আমার একটা ধারণা জন্মিয়াছে। আবিষ্ট রোগীর চক্ষুর দিকে দৃষ্টিপাত করিলেই সহজে বুর্বিতে পারি এলোকটা আবিষ্ট কিনা। স্ত্রীলোকটার চকু **मिर्म वाभाव मत्मर रहेगा वाभि निक्र वर्जी हहेता, खीलाक्री** বলিতে লাগিল, "বাবু! আমার শরীরটা আজ কেমন একরকম হইয়া

শাসিতেছে"। এই বলিতে ঘলিতে সে হঠাৎ মুর্চ্ছিত হইরা পড়িল। তাহার ছেলেটা তাহার মায়ের এইরূপ অবস্থা দেখিয়া বাাকুল হইরা ক্রন্দন করিতে লাগিল। আমি মহাবিপদ ভাবিয়া আমার স্বের লোকটীকে বলিলাম, "দেখদেখি, এরপভাবে কেন চলিয়া পড়িল।" সে দেখিয়া বলিল, "মহাশয়! মুর্চ্ছিত হইয়াছে"। তখন চক্ষুতে জল দিয়া তাহার দাঁতের খিল খুলিয়া দেওয়া হইল। দেখিলাম সে নিজক্ষ-ভাবে কিঞ্ছিৎ উর্দৃষ্টিতে চাহিয়া রহিল।

ঐ স্থানের কিছু দূরে একব্যক্তি বাস করিত। সে এই বট্না শুনিয়া তথায় আসিয়া উপস্থিত হইল, এবং তাহাকে দেখিয়া বলিল, "বাবু! উহাকে "উপর বা" লাগিয়াছে।" তথন আমি তাহাকে বলিলাম, তুই ইহার কিছু জানিস, সে বলিল আছে৷ দেখি। এই বলিয়া একটা গাছের পাতা সন্ধান করিয়া তাহা হাতে দলিতে দলিতে ফিরিয়া আসিল। সেই লোকটা উপস্থিত হইবামাত্র ত্রীলোকটা বলিল—এ কেন? লোকটা বলিল, তোমাকে দেখিবার, জ্ঞু আসিয়াছি। এই বলিয়া সে দলিত পত্রগুলি উহার নাসিকার নিকট ধরিল। সে কোনমতেই তাহা মুখের নিকট আনিতে কিবে না দেখিয়া একজন জোরে উহাকে ধরিলে সেইপত্র তাহার নাসিকার নিকটে ধরা হইল। ত্রীলোকটা বলিয়া উঠিল, ছাড় ছাড় আমি চলিয়া যাইতেছি। শুষধদাতা বলিল, তুই কে না বলিলে ছাড়িব না। তথন সে পুনরায় উহা নাসিকার নিকট ধরিলে বলিল, আমি "অমুক"।

প্রশ্ন। অমুক নামে ত অনেক লোক আছে, তার মধ্যে কে?.

উত্তর। আমি উহার পিতা।

अप्तर्भ । पूरे (क्न छ्हारक श्रिति ?

উত্তর। মেয়েটা মনের কষ্টে বিশ্বর ব্যাকুল হইরা কাঁদে, স্থামি স্থার উহা সম্ভ করিতে পারি না। স্থনেকবার সাম্বনা করিয়াছি, তথাপি বধন এরপ করে, তখন বনে করিলার আর কেন, উহাকৈ লইরা আদি, নিকটে থাকিবে। এই কলিরাই প্রায়ছি। এই বলিরাই প্রস্কৃতিত অনিরাছি। এই বলিরাই প্রস্কৃতিত হইল। মৃদ্ধা ছাড়াইরা প্রনার ঐ পাতা নাসিকার নিকট ধরাতে বলিন, "চলু বাই, আর থাকিব না, এরা আমার থাকিতে দিবে না।" এই বলিরা উঠিরা পড়িল এবং প্রায় একবিঘা আন্যাল গিরা পড়িরা গেল। তৎপরে তাহাকে উঠাইতে সহজ শরীবের ভার চলিরা আসিল, তাহার শরীবের কোন বিকার আছে বলিরা বোধ হইল না।

পর্দিবস বেলা প্রায় ৪টার সময় পুনরায় আবেশ হইয়াছে। পুর্ব্ধ-ছিন এইরপ কাণ্ড দেবিয়া, নানা কথা জিঞ্চাসা করিবার অভিলাব चर्च १ पूनः भूनः मुद्धा (प्रविद्या, बाहार्ट चार्त्य मीख हाज़िया बाब, अहे क्योहे मत्न इहेटि गांगिन। जात जिल्लामा कतिए हेन्सा इहेन मा। পর্দিন পুনরার বাগানবাড়ীতে ৪টার পর বেড়াইতে গেলাম, দেখি স্ত্রীলোকটা একাকা বিদয়া আছে এবং ছেলেটা নিকটে খেলিতেছে। চক্ষ্ৰ দেখিলা বোধ হইল আবেশ হইলাছে। তথন কিজাসা ক্রিলাম, "কেমন ভাল আছিল ত ?" আমার বাক্য শেব কইতে না হইতেই সে হাসিয়া বলিল, কি ভাল ? কাল তোমরা নিতান্ত পীড়াপীড়ি করাতে একবার ছাভিয়া গিয়াছিলাম, কিন্তু আমি এখান হইতে একবাবে চলিয়া ষাই নাই. ফিরিয়া পিছে পিছে আসিয়া চাল্ডা পাচটিতে চিলাম। আৰু আমার মেয়ে বানরগুলি তাড়িয়ে চকিত ৰুয়ে বেই চাল্তাপাছটী ঠেপিরে দাঁড়াইলাছে, সেই আমি<sup>®</sup>ভাহাকে ধরিয়াছি। আমি জিজাসা করিলাম, তুই পুনরায় কেন ধরিলি? সে विनन, चामि उश्व करे प्रविष्ठ भावि मा, मान नहेश बाहेव प्रहेचन আসিরাছি। মেরেটা বধন ব্যাকুল হয়ে কাঁদে তথন আর পাক্তে পারি না।

প্রশ্ন। উহার কিসের ক্ট, আমার বাগানবাড়ীতে আছে। ছই-ক্ষমকে খেতে পর্তে দিছি, উহাদের আর কট্ট কিসের।

উত্তর। হেঁ, তা-ত দিছেন; আপনাকে আর আমি কি আদি না, আমি আপনার' প্রঞাগিরি করে কতদিন কাটিয়েছি। তবে উহার মনের কষ্ট কি জানেন? সর্বাদাও মনে করে বে, পরের মরে পরের বাড়ীতে আছি, কাল চলে যা বল্লে চলে যেতে হবে। ছেলেটা আছে, এরই বা পরে কি গতি হবে, কিসে দিন নির্বাহ হবে। এই ভাবনা-তেই ও অন্থির হয়।

প্রঃ। তুই যদি ওকে নিয়ে যাস্তবে ছেলেটার দশা কি হবে ? এখন ভার মা আছে বলে ও ছেলেটা বেঁচে আছে; তার মা গেলে ছেলেটা কির্ফো হবে ?

উ:। দেখ্ব যদি কোন রকম গোছ না লাগে, ওকেও নিষ্ণু বাব।

প্রঃ। আছে। তুইত নিয়ে যাবি ; বলদেখি ওদিকে নিয়ে কোঁখার রাখ্বি, আর তুই বা কোধায় আছিস্!

উ:। আমার ঘরের পিছনের দিকে যে সেওড়া গাছ আছে, আমি ভাহাতেই আছি, ওরাও সেইখানে থাক্বে।

প্রঃ। তুই কি আহার করিস্ এবং রোজ কোণা হতে আহার সংগ্রহ করিস।

উ:। সকলই থাই, কাহারও থাওয়া দেখলে তাহাতেই আমার আহারের তৃপ্তি হয়।

খাঃ। তুই যে 'গুলি' খেতিস্ এখন সে সব কোথা পাস্ ?

উঃ। বেধানে বেধানে গুলির আড্ডা আছে সেধানে বাই, ভাহাদের থাওয়া দেখে আমারও ধাওয়ার তৃপ্তি হয়।

প্রঃ। আছে। তুই সব দেখতে পাচ্ছিস্?

क्षा दें।।

প্রঃ। বল্ দেখি তোর মত আর কতগুলি ভূত আমাদের গ্রাবে कान कान कात्रभात्र चाटह ?

উ:। হাাঁ দৰ বল্ভে পারি, আমার খবের কাছ হতে বলে যাই, আপনি শুহুন। আমার ঘরের পূর্ব পার্ছে যে কেলেপাড়া, সেই জেলে পাড়াতে (অমৃক) ভূত হরে তাহার বরের তেঁতুল গাছে আছে, ওখানে আরও ৩৪টা আছে, তাহারা অমুক অমুক ও অমুক বারগায় আছে। আর তাঁতি পাড়ার "ব্যুক" দে অমুক স্থানে আছে। **জাপনি যে পথে এখানে এসেন সেই** পথের মধ্যস্থলে যে আমগাছ আছে, তাহাতে ৪টা আছে। একটা ব্ৰাহ্মণ একটা ব্ৰাহ্মণী; একটা বৈষ্ণব ও একটা বৈষ্ণবী। আর এই শাপনার বাগানের পূর্ব পার্বে ষে বৃহৎ অৰখ গাছ দেখিতেছেন, ইহাতে বহু দিন হঠতে একটা ব্রশ্বদৈত্য আছে। এই ব্লেক তল্দিয়া রাত্রি দিন ছেলে পিলে লোক জন যাতায়াত করিতেছে বটে, কিন্তু সে কখন কাহাকেও কিছু বলে না। এইরূপে গ্রামের মধ্যে ষেধানে যে যে আছে তৎসমস্ত বলিয়া (शन।

প্রঃ। আছে। পিশাচ এধানে কোথাও আছে, বলিতে পারিস্? ভোর সঙ্গে ভাহাদের কথা বার্তা হয়।

উ:। পিশাচ এ গ্রামে নাই। এই গ্রামের পশ্চিম পার্ছে প্রায় আৰ ক্ৰোশ অন্তরে যে নন্দী পুন্ধণী রহিয়াছে, তাহাৰ বায়ু কোণে বে বট গাছটা আছে, তাহাতে একটা পিশাচ আছে। আমাদের সৃষ্টিত ভাহাদের কোন কথাবার্ত্ত। হর না।

थाः। आभि र পথে आमि, म পথের ধারে অরথ পাছে বে ভূত ও ভূতিনী রহিয়াছে বা আমার বাড়ীর নিকট যে রাহয়াছে. ভাহারা আমার কোন অনিষ্ট করিবে কি ?

উঃ! (হাহাকরিয়া হাসিয়া বলিল) বাবুলী আপনার অনিষ্ট

কর্বে এমন কেহ এখানে নাই, আপনার ধারকে উগারা আসিবে না। বে প্রতিবেশীটা উহাকে ছাড়াইয়াছিল, সে আসিয়া জিজাসা করিল আমার বাড়ীর নিকট যে ত্রন্ধলৈত্যটির কথা বলিলি সে আমার কোনও অনিষ্ট করিবে কি ? ভত্তরে ভাহার কানে কানে কি বলিল শোনা গেল না।

বে প্রতিবেশীট পূর্বদিবস উহাকে ছাড়াইয়াছিল, সে বলিল, কি, আজ পুনর্কার আসিয়াছিস।

উ:। বাবু । অনেক দিনের পর আসিয়াছি : মেয়ে ছেলেটাকে चारनक निन (पिथ नारे, (पथ ल वर्ष का दार रहा, (काए वर्ष चार्म) हेक्का दय ना। এक क कान यान चटन रानाम, किन्नु रयट भावि नाहे, এইখানে চাল্তাগাছে ছিলাম। বাবু তোরা ছেড়ে দে খামি আমার (सरम् किया हरन याहे।

था:। (कन लहेशा याहेवि ? वाबुत कथा (ठेटल छूटे लिएस यावि ?

উ:৷ না না আছো বাবু যাদ বলেন যেও আর কখন মনে কষ্ট করবে না, তাহলে আমি চলে যাই ৷ কিন্তু বাবু বলিতেছি যদি পুনরায় ও ওরপ করে ডাকে, তাহলে আমি এমন িয়ে যাব মে কেউ জানতেও পার্বে না।

এই বলামাত্রেই মেরেটা মুক্তিত হইল। প্রতিবেশী লোকটা তাহার মুর্ছা ছাড়াইয়া আমায় বলিল, "বাবু! আর কেন, উহাকে এইবার ছাড়াইয়া দি। তথন সে বলিল, হায় হায় ! তোর মত কত গুণিন্কে আমি পুড়িয়ে জল খেতে পারি তুই আবার আমাকে ছাড়াবি।

"আচ্ছা দেখ্" বলিয়া প্রতিবেশী পূর্বাদনের মত পাতা আনিয়া ভাহার নাসিকার নিকট ধরিল। প্রথম এদিক্ ওদিক্ ছুই একবার মাথা মাড়িয়াছিল, পরে আরু মাথা নাড়িল না, নিখাস বন্ধ করিয়া विश्वा त्रहिन। छथन श्रीकिरवनी किकिए दिश व्यानित्रा छाटात धूम দিবার উদ্যোগ করাতে বলিদ, "কেন বাবু আমায় বিরক্ত কচ্ছিস, আমি चाशना रू ए हिना बाहेव। चात्र अक्ट्रेक् थाकि, मुद्धा रू एह हुन ৰাব"। প্ৰতিবেশী না গুনিয়া হিলের ধুম নাসিকাতে দিল। সে ছই একবার মাথা নাড়িয়া পরে চুপ করিয়। খাস বন্ধ করিয়া বসিয়া রহিল। পরে খাস টানিয়া বলিল, ছাড় ছাড়, আমি যাইতেছি"। তথন ছাড়িয়া দেওয়াতে পূর্ব্ব দিবস যভথানি পিয়াছিল ভতথানি পিয়া হঠাৎ পড়িয়া বৃদ্ধিত হইল। তাহার ছেলেটীর কানার সীমা নাই; সে তাহার মাতার এইরূপ অবস্থা দেখিয়া উচৈচঃখরে কাঁদিতে লাগিল। তাহার ৰাভা উঠিয়া ভাল যাতুৰের মত আসিয়া হুয়ারে বসিল। আমরা মনে কবিলাম ছাডিয়া গিয়াছে। কিন্তু ছেলেটা বেই মা। মা। করিয়া ভাকিতে লাগিল, ভখন সে বলিল, "কে তোর মা রে শালা, আমি কি ভোর মা, আমি ভোর আজা। ভোর মা ত ভোর বরের ভিতর আছে।" দেখিলাম বতক্ষণ তাহার পিতা তাহার শরীর অধিকার ক্রিয়া রহিল, ততক্ষণ ভাহার সম্বন্ধের বৈলক্ষণ্য হইল না। একবার ছাড়িয়া গিয়া পুনরায় যথন উপস্থিত হইল, তথন প্রতিবেশীর ছাড়াইবার ৰিছা লোপ হইয়া পেল। তখন প্ৰতিবেশী বলিল, "আমার সাধ্য হইবে না: এই গ্রামে আর একজন ভাল গুণিন রহিয়াছে, সে না হইলে উহাকে ছাডাইতে কেহ পারিবে না।" আমিও শেষ ফল দেখিবার **জন্ত সেই গুণিনকে আনিতে পাঠাইলাম এবং পুনরায় ভাহার সহিত** কথোপকখন আরম্ভ করিলাম।

প্র:। তুই কি সহজে বাবি না ?

উঃ। ই। হছুর আমি শীঘ্রই যাব। তবে কি, অনেক দিনের পর আসিয়াছি আর একটুকু থাকি, সন্ধা হলেই আমার গুলি খাইবার जबन्न बहेर्त, अहे स्मान जबन्न बहेना चाहेन, मन्नात जबरन्ने हिनना बाहेव।

প্রঃ। তুই কোন্পথ দিয়া বাইবি ! আর আসিরাছিস্ কোন্ পথ দিয়া !

উঃ। হজুর আমি জেলেপাড়ার নিকট আপনার নৃতন পুষ্ধির পাড়ের উপর দিয়া গড়ধাই পার হইয়া গড়ধাইএর আড়াতে উঠিলাম। পরে মাঠের আইলে আইলে চলিয়া আসিয়া সরে রাভার পঁছছিলাম, তৎপরে সরাসর চলিয়া আসিয়াছি। এই পথ দিয়াই পুনরায় বাইব।

थः। তুই এখানে গুলি খাবি ?

উঃ। দেন না বাবু, এইখানে ছিটে কএক থেয়ে নিই।

প্রঃ। চাট কিছু আবশুক হবে, না কেবল ওলিই হবে।

উঃ। আজা তাহলে আর কিছু বলতে হয় না, বড় ভালই হয়।

ভখন আমি একটা লোককে বাড়ী পাঠাইরা দিলাম, যদি কিছু খাবার থাকে আনিবে; কিছুক্ষণ পরে লোকটা বাড়ী হইতে মোহন-ভোগ কিঞ্চিৎ আনিয়া দিল। আমি বলিলাম, "এইনে, এবার হবে ত"?

উ:। ই্যা এইবার গুলিটা খেয়ে নিই, শীঘ্র বেতে হবে।

মুখেনল লাগিয়ে টান্ দিলে বেমন মুখটা কাকচঞ্র মত হর;
মুখথানাকে তজ্ঞপ ভাব করে মুগ দিয়ে খাসটাকে সজোরে টেনে নিয়ে
কুস্তকের মত থানিক রেখে, পরে মুখ দিয়ে ( ফুৎ ) শব্দ করিয়া ছাড়িয়া
দিল। আর দক্ষিণ হস্তের মধামালুলির ঘারা মোহনভোগের উপর হুই
চারিবার চাপিয়া টানিয়া টানিয়া জিহ্বাতে ছুই একবার লাগাইল;
এবং পরমানক্ষ উপভোগ প্রকাশ করিতে লাগিল। প্রায় ২০ মিনিট
পর্যান্থ এইরূপ করিল। তৎপরে তাহাকে বলা হুইল এইবার ছুই বা।

উ:। ই্যা বাইব; খনেক দিনের পর এসেছি, মেরেটার বারা ছাড়তে পারিনি। এই বলে উভূ হয়ে বসে ছই হাঁচুর উপর ছই কর-পৃষ্ঠ রাধিরা অর্থাৎ বেমন ছেলেকে করতলের উপর রাধিরা, তাহার মুখবানি নিজ মুখের অভিমুখে রাখিয়া সোহাপ করেঁ, তক্রপ করিয়া সোহাগ করিতে লাগিল এবং হস্তে চুম্বন করিয়া এবং হস্ত নাচাইরা অনেক রকম বুঝ।ইতে লাগিল। বেন ভাহার হাতের উপর একটা ছেলে আছে।

অনন্তর যে গুণিন্টীকে আনিতে পাঠান হইয়াছিল, সে আসিয়া আমুপুর্কিক সমস্ত প্রবণ করত বলিল, আর উহাকে অধিকক্ষণ থাকিতে দিলে সহজে ঝাড়ান কঠিন হইবে। গুণিন্ প্রথমতঃ কতকগুলি সরিষা লইয়া মন্ত্রপাঠ পুর্বক চতুর্দ্দিকে নিক্ষেপ করিল। তৎপরে ধুনা ও ড়াইয়া একটা ল্যাম্প বাম হাতে ধরিয়া উহাকে বোগীর মুধের নিকট ধরিয়া এমন ভাবে ধুনা মারিতে লাগিল যে, সেই ধুনা ল্যান্সের শালোর মধা দিয়া প্রজ্ঞলিত অবস্থায় আবিষ্টার মুখে চলিতে লাগিল। তখন সে বলিল, "আর আমি থাকিব নাঃ নিশ্চরই যাইতেছি ছাড় ছাড়। গুণিন্ বলিল, বল, কত দূরে গিয়ে ছাড়বি।

উ:। বামন খরের নিকট।

প্রঃ। গুণিন্বলিল, "না। আরও দূর যাইতে হইবে। তথন তাহার ত্রিগুণ দূরে যাইতে স্বীকার করিল, এবং আর আসিবে না বলিয়া প্রতিজ্ঞা করিয়া চলিয়া যাইতে লাগিল। পিছে পিছে তুই তিন জন লোক গেল। পূর্বেষে অখখ বৃক্ষে ব্রাহ্মণ ভূত প্রেতিনী ও বৈষ্ণবী ভূত ভূতিনী আছে বলিয়াছিল, সেই গাছের সন্নিকটে পভিত হইল ৷ পশ্চাৎস্থিত ব্যক্তি তাহাকে তুলিয়া উঠাইতে স্বাভাবিক ৰমবোর ভার খরে চলিয়া আসিল। রাত্রিতে আর কোন উৎপাত হয় নাই।

শ্রীচৌধুরী তৈলোক্যনাথ মিত্র।

# পুনরাগমন।

### ( পূর্ব্ব প্রকাশিতের পর।)

আমি যে সময়ের কথা বলিতেছি, ভাহার দশবৎসর পূর্ব্বে বাঙ্গলার সর্ব্বত্রই গ্রাম সকলের এক অনির্বাচনীয় সেষ্ঠিব ছিল। সে সময়ের পল্লীবাসীর কেহই গৃহ ছাড়িয়া কলিকাতার আসিয়া বাস করিতে ইচ্ছুক ছিল না। কেননা তথনও কলিকাতা এক একটা সমৃদ্ধিসম্পন্ন গ্রামের ভুলনায় শ্রীংীন। লোকের তথনও পর্যান্ত চাকুরী করিবার বড় প্রয়োজন হয় নাই। সমস্ত আহার্যাই স্থলভ, আকাজ্ঞার অন্থিরতা তথন গ্রামপ্রান্তস্থ শশুপূর্ণ ভূমিতে প্রতিহত হইয়া শান্ত প্রভাতের সুমন্দ সমীরণে মিলাইয়া যাইত। এখন যেমন ধনীর আলোকপূর্ণ সৌধ হইতে দরিদ্রের অন্ধকারময় কুটীর পর্যান্ত সর্ব্বত্ত- সর্ব্বগৃহ অবিরাম অনিশ্চিত ভবিষাতের নির্মম চিস্তার ফুৎকারে আন্দোলিত হইতেছে, তথন তাহার সামাক্তমাত্র নিদর্শনও গ্রামমধ্যে লক্ষিত হইত না। নগ্ন-দেহ, নথপদ, স্বাস্থ্যের প্রতিবিদ্ধাররণ অশীতিপর অগণ্য বৃদ্ধের প্রফুল মুখমগুলে গ্রামসকলের শ্রী স্থাচিত হইত। কিন্তু দশ বৎসরের মধ্যেই প্রামে গ্রামে শ্রী হীনতা লক্ষিত হইতে লাগিল। এত অল্ল সময়ের মধ্যে প্রামের এরপ হুরবম্বা আর কখনও কোথাও ঘটিয়াছে কিনা সন্দেহ।

বে গ্রামে আমি প্রবেশ করিলাম, ধ্বংসকারিণী শক্তি তথন ধীরে ধীরে তার অঙ্গে অকৃলি স্পর্শ করিতেছিল। ধীরে ধীরে গুলা বহুলা কাননশ্রী গ্রামাভিমুখে অগ্রসর হইতেছিল। তবে দশ বৎসরের মধ্যে আমাদের গ্রাম যেত্রপ তুর্দশাগ্রভ হইরাছিল, এ গ্রামটী সেরপ হর নাই। গ্রামধ্যে প্রথেশকালে আমি তাহা বুবিতে পারিলাম। তথনও গৃহে

গ্ৰহে উল্লাসের ধ্বনি শ্রুত হইতেছিল। প্রের প্রশন্ততা তবন্ধ পর্যাত্ত লোক চলাচলের চিক্ত মাধার করিয়া চল্লকিরণে নিধের রূপ প্রতি ফলিজ করিতেছিল। সেই প্রশন্ত পথ অবলম্বনে আমি অল সময়ের मर्दाहे बाक्षनगृरह छेशश्चिष्ठ हरेगाम। गृह मिरिया मन हरेग (ब, তাহা এক সময়ের ক্ষুধিত। অলক্ষীর রসনা-পরিতাক্ত ভক্তাবশেষ। এক সময়ে সেটা একটা বিশাল অট্টালিকা ছিল। তাহার সমন্তই ভগ্ন ও স্বপীকৃত হইয়া ভাষার একটা স্থাত্তাংশের পশ্চাতে অবস্থান করিতেছে। দেবিশাম ব্রাহ্মণ সেই ক্ষুদ্রাংশই বাসবোগ্য করিয়া লইয়াছেন। ব্রাহ্মণের পূর্বপুরুষ যে সমৃদ্ধিশালী জমিদার ছিলেন, তাহা সে ভগ্ন অট্টালিকা দেখিয়া অমুমান করিলাম। তাহারই বহির্ভাগের একটা প্রকোঠে কালু আমাকে স্থান দিল এবং সম্বর আমার বিশ্রামের ও সুশ্রবার বাবস্থা করিল।

কিছ সেখানে ডাক্তার বাবুকে না দেখিয়া বিশিত হইলাম। ভাক্তার বাবু যে তৎপূর্ব্বে দেখানে উপস্থিত হইন্নাছেন, তাহার কিছু মাত্র নিদর্শনও আমি অহুভব করিতে পারিলাম না। সেবার্থ নিযুক্ত ভূত্য কিছু বলিতে পারিল না। বিজয়ার অভিবাদনে দলে দলে লোক "মুপুজে ম'শায়ে"র বরে আসিতে লাগিল, আমি ভাহাদের প্রভ্যেকের ভিতরে ডাক্তার বাবুকে দেখিবার আশা করিলাম। কিন্তু দেখা দূরে থাক. কেহ তাহার আগমন সংবাদের একটা কথাও কহিয়া আমাকে নিশ্চিত্ত করিল না। লাভের মধ্যে তাহাদের পরিচয় জিজাসার শত্যাচারে আমি অর্জরিত হইয়া পড়িলাম। তাহা হইতে নিস্তার পাইবার অভ একটা তাকিয়াতে ভর দিয়া চক্ষু যুদিলায-চক্ষু যুদ্রনের সঙ্গে সঙ্গে ঘোর নিজা আমাকে আচ্চর করিয়া ফেলিল।

মুখুল্যে মহাশরের খরে আমার নিজাভল হইল। নিজার পাঢ়ভার,

কোণার আসিরাছি কেন আসিরাছি ভূলিরা গিরাছিলাম। আহারের বাজ বাজণ আমার বুম ভালাইতেছিলেন। সারাদিনের ক্লেশ হইতে মুক্তি দিবার অন্ত নিজা লেহপরবাগ জননীর মত আমাকে বাগুল হইরা ধরিরাছিল। উপবিষ্ট হইরাও কিছুক্সণের জন্ম তাহার হস্ত হইতে মুক্ত হইতে পারিলাম না। নিজের বাঙীতে আছি এই অনুমানে, এবং বাজাকে নিজ ভ্তাবোধে, অসময়ে ঘুম ভালাইবার জন্ম আমি তির্ম্বার করিলাম। বারবার তির্ম্বারেও যথন ভ্তাটা আমাকে বিরক্ত করিতে নিরন্ত হইল না, তথন তাহাকে অবস্থোচিত তায্য প্রাণ্য দিবার জন্ম পাহকার অব্যেবণ করিতে লাগিলাম। ইত্যবসরে কালু আমাকে ধরিরা কেলিল এবং বণিল—"বাবু! আপনি বাড়াতে নাই!"

কালুর এক কথাতে জাগ্রত হইলাম। জাগরণের সঙ্গে সঙ্গে ব্রিলাম, আমি ব্রাহ্মণের যথেষ্ট অমর্য্যাদা করিয়াছি। তাহাতে কাহারও কোণ ধইবার কারণ না থাকিলেও আমি অত্যন্ত অপ্রতিভ হইলাম, এবং ব্রাহ্মণের নিকট ক্ষমা প্রার্থন। করিলাম।

বান্ধণ হাসিতে হাসিতে বলিলেন,—"তুমি কিছুই কর নাই, অপ্রতিভ হইতেছ কেন ? আমি বরং তোমার স্থনিদ্রা ভঙ্গ করিয়া ছুঃখিত হইয়াছি। কিছু কি করিব ? যখন দেখিলাম, তোমাকে না জাগাইলে উপায় নাই, রাত্রি বিতীয় প্রহর অভীত হইয়া বার, তোমাকে অভুক্ত থাকিতে হয়, তখন বাধ্য হইয়া আমাকে তোমার নিজাভঙ্গ করিতে হইয়াছে।"

কালু বলিল,— 'জলবোগের জন্ম আমরা তোমাকে ছুই একবার ভূলিবার চেষ্টা করিয়াছিলাম, কিন্তু হার মানিয়াছি। তবে আমাদের ভাগ্য আমাদের মনিবের চেয়ে ভাল। বাবু! বে গালি তাহাকে দিয়াছ!"

আমি । बाभि ভার জন্ম বারবার ক্ষম চাহিভেছি।

ব্রাহ্মণ কালুকে ভিরস্থার করিলেন। আবার আমাকে সঙ্গেহ স্ভাবণে আখন্ত করিলেন। আমাকে মুখ প্রকালনাদি কার্য্যে অমুরোধ করিয়া বাডীর ভিতরে চলিয়া গেলেন।

তিনি প্রস্থান করিলে, আমি কালুকে জিজ্ঞাসা করিলাম-কালু ! আমি কি বলিয়াছি ?"

কাল বলিল- "আর সে কথা তুলিয়া কাজ নাই।"

আমি তথাপি ভাহাকে বলিতে অমুরোধ করিলাম। কালু বলিল —"বাব ! স্বামরা তোমার কথা গুনিয়া হাসিয়াছি। কেননা বুঝিয়াছি, **আমার মনিবকে** তোমার চাকর মনে করিয়া তিরস্কার করিতেভ**িক্**স সেইসঙ্গে বুঝিয়াছি, অনেক গোহত্যা ব্রহ্মহত্যা যে করিয়াছে, সেই ভোমার বাডীতে চাকর হইয়াছে।"

কালুর কথায় আমার মন্তক অবনত হইল। কালু বলিতে লাগিল -- "বা বুঝিলাম, তাহা হইতেই আমার এই ধারণা হইয়াছে। আমি ত তোমার বাড়ীতে এক লহমার জন্মও চাকুরী করিতে পারিতাম ন।। তবুও ইডবিডগুলো আমরা কেহই বুঝিতে পারিলাম না। সেগুলো নাজানি আবও কি।"

সময়ে সময়ে ভূত্যগুলাকে যে মধুর বাক্যের উপহার দিতাম. সেটা আমার অবিদিত ছিল না সুতবাং ব্রাহ্মণকে ভূত্যবোধে যাহা বলিয়াছি, তাহা অনুমান করিয়া চিত্ত আমার ব্যথিত গৃইয়া উঠিল। সহরে ও পল্লীগ্রামে ভৃত্যদিগের প্রতি তিরস্কারের প্রথা বিভিন্ন। প্রতিঘন্দিতার সহর পল্লীগ্রামের ভাষার কাছে পরাস্ত হইলেও আমার আলাপন যে কালুর শ্রুতিতে একেবারেই অনভ্যন্ত ভাহা বুঝিয়া প্রতিকারের একটা উপায় স্থির করিতে লাগিলাম।

ইংরাজী শিক্ষার পর হইতে গুরুজনকে ভূমিষ্ঠ হইরা প্রণাম প্রথা-বহিন্তু ত হইয়া গিয়াছে। বিশেষতঃ বদি গুরুজন ধৃলিধ্সরিত নগ্রপদ

লইয়া সন্থ্যে উপস্থিত হয়, তথন প্রণামের পরিবর্ত্তে তাহার গলদেশের কোমণতা অনুভবের জন্মই হস্ত ব্যাকুল হইয়া উঠে। এ ব্রাহ্মণও তাই। গায়ে আচ্ছাদন নাই, পায়ে জুতা যে কখন উঠিয়াছে তাহার লক্ষণ পর্যান্ত নাই—কাণড় হাঁটুর নিয়ে নামিতে কখনও পাইয়াছে কিনা সন্দেহ—এরূপ ব্রাহ্মণের শ্রীপদপঙ্ক হেন্তপ্রয়োগ পাশ্চাত্য চিকিৎসাবিজ্ঞান কোনকালে অনুমোদন করিতে পারে না। তাইত, কেমন ক্রিয়া ব্রাহ্মণকে বিনয়প্রদর্শনে তুই করি!

হস্ত মুখ প্রকাণন করিয়া ব্রাক্ষণের বাহিরে আসার অপেক্ষা করিতে লাগিলাম, আর ভাবিতে লাগিলাম! এতক্ষণ ডাজ্ঞার বাবুর কথা একেবারের ভূলিয়া গিয়াছি। সহসা তাঁহার কথা অরণে আসিল। অরণমাত্রেই অন্ত কথা ভূলিয়া কালুকে জিল্পাসা করিলাম—"কালু! আমার সঙ্গী? কই তাঁহার আগমনের চিহ্ন পর্যন্তও দেখি-তেছিন।"

কালু এ প্রশ্নের কোনও সহত্তর দিতে পারিল না। কেবল বলিল— "আমি বরাবর তোমার কাছেই আছি। তবে শুনিয়াছি, সে বাবুও আসিয়াছে। কিন্তু কোথার আছে, জানি না।"

আমি বলিলাম—"ওসব কথা স্বামি শুনিতে চাহি না। শুন কালু, তোমার প্রভূকে বল য'দ তাঁহাকে দেখিতে না পাই, তাহা হইলে এখানে জলস্পর্শপ্ত করিব না।"

কালু বলিল —"বেশ, হুজুর আসিলে বলিব।"

কালুর কথা শেষ হইবামাত্র ব্রাহ্মণ ফিরিয়া আসিলেন। কালু তাঁহাকে আমার কথা বলিল। ব্রাহ্মণ শুনিয়া বলিলেন—"তা হইলেড তোমার আহারে বিলম্ব হইবে।"

"আমান সৃঙ্গী কোপায় ?"

"তিনি দীকা লইতেছেন ?"

"দীকা। সেকি।"

"ব্রাহ্মণের হাতে একটা আলো ছিল। তিনি সেই আলোটা আমার মুখের কাছে ধরিলেন।

তাঁহার আচরণে আমি বিশ্বিত হইলাম। বলিলাম—"মুখে কি দেখিতেছেন ?"

"দেখিতেছি, তুমি রামনিধি শিরোমণির পৌত্র কিনা! এমন পশুতের বংশে জন্মগ্রহণ করিয়াছ, তুমি দীক্ষা কি জাননা! বিখাস হইল না—তাই মুখধানা ভাল করিয়া দেখিয়া লইতেছি।"

ইংরাজীবিস্থার প্রচণ্ড দণ্ড থাকিলেও, আমাদের পূর্ব্বপ্রথপনের বিস্থা বৃদ্ধির উপর আন্থাশৃত হইলেও আমি ব্রাহ্মণের কাছে পরাভব শীকার করিলাম। বলিলাম—"বাল্যকাল হইতে ইংরাজীভাষা চর্চা করিয়া আসিতেছি। সেইজক্ত এই দকল বিষয় জানিবার অবকাশ পাই নাই।"

ব্রাহ্মণ শভাবতঃ সরল বলিয়াই আমার প্রতীতি হইল। কেননা আমার উত্তর গুনিয়াই আমার মনে কট্ট হইয়াছে বুলিয়া তিনি সম্পেহ-বচনে বলিলেন—"না বাবা, তোমার অপরাধ কি ! তুমি বালক শৈশব হইতে বে শিকা পাইয়াছ, তাহাই ভোমার মনে বছমূল হইয়াছে। অপরাধ ভোমার পিতার। গুনিয়াছি, তিনি একজন রাজার পরিচিত পশিত। তাহার ভোমাকে এসব বিবয়ে শিকা দেওয়া উচিত ছিল। তবে একটু অপেকা কর। সে বাব্র কার্য্য প্রায় শেব হইয়াছে। আমি হোমানল প্রজ্ঞানত হইতে দেখিয়াছি। তিনি আসিলে তাহার কাছে বুবিও। আমি বুঝাইতে পারেব না।"

দীকা! শিক্ষাইত চিরকাল গুনিয়া আসিতেছি। পাড়াগাঁরে আসিয়া একি অন্তুত কথা গুনিলান! যাই হ'ক দীকাটা বে একটা অপরিচিত পদার্থ তাহাতে সন্দেহ নাই। আর বধন,একজনে তাহা প্রহণ করিতেছে, তথন অবশ্ব আর একজনে তাহা দিতেছে। দাতার আভিত্ব সম্বন্ধে নিঃসংশয় হইয়া প্রান্ধণ্ডক জিজাসা করিলায—"দীক্ষা দান করিতেছেন কে ?"

্র'শ্বণ বলিগৈন—"বাবু ভাগ্যবান। এক সাধুর ক্লপাদৃষ্টি লাভ করিয়াছেন।"

"আমি সেই সাধুকে দেখিতে ইচ্ছা করি।"

"চক্ষু থাকিলে ভ দেখিবে বাবু!"

"এতবড় চক্ষুত্ৰটা থাকিতেও আমার চক্ষু নাই !"

"ওত চর্ম্মচক্ষু— ওতো তথু মাটা দেবিবার জন্ত।"

"আপনি দেখিয়াছেন ?"

"আমিও তোমার মতন। আজন্ম পুরীষমাত্র দেখিরা আসিয়ছি। প্রাভঃকালে আমি তোমাকে আমাদের পূর্ব ঐখর্য দেখাইব। তাহাকেই একমাত্র প্রাপ্তব্য বোধে চিরকাল সেই অসার বস্তব প্রতি ছৃষ্টি রাখিয়া চক্ষুর জ্যোতি নষ্ট করিয়াছি। সে ঐখর্য্য গিয়াছে, পুত্র-পরিজন সঙ্গে সঙ্গে চলিয়া গিয়াছে। অবশিষ্ট আছে এক পৌত্রী—"বাবু! তথাপি আমার চোধ খুলে নাই। আমারও সাধু দেখিবার বস্তিক কই!"

"বুঝিলাম চর্ম্মচকু ছাড়া আর একজাতীয় চকু আছে। তা সেটা কবি কল্পান্ন অবস্থিত, কিখা কোন চশমা ব্যবসায়ীর দোকানে গোপনে সংরক্ষিত, তা বুঝিলাম না। বলিলাম—"সে চক্ষু ইহার পরে সন্ধান করিব। এখন আপনি অনুগ্রহ করিয়া এই চক্ষু দিরাই তাঁহাকে দেখাইয়া দিন।"

ব্ৰ:ক্ষণ বলিগেন—"এ চকু দিয়াত তাঁহাকে অনেক বার দেখিয়াত।"

"কে জিৰি ?

ভোমার খুল্ল-পিতামহ-সাধু রমানাৰ।

क्रिक এই সময়ে বালিকা ছুর্গা সেধানে উপস্থিত হইয়া বলিল-"দাদা ! বাবু আসিতেছে।"

ব্রাহ্মণ বলিলেন—"ভবে **আ**র কি। আমি"ভোষাদের একত্ত আহারের ব্যবস্থা করি।" বলিয়াই ব্রাহ্মণ প্রস্থান করিলেন। তুর্মাও পিতামহের সঙ্গে সঙ্গে চলিয়া গেল। তাহাকেও একটা প্রশ্ন করিবার অবকাশ পাইলাম না। পুলপিতামহের নাম গুনিবামাত্র অন্তরে যে কি একটা আলোড়ন উপস্থিত হইল, তাহা আমি ভাষায় প্রকাশিত করিতে অক্ষম। তবে সেই সময় মনে করিয়াছিলাম, যে চকু দিয়া সাধু সন্দর্শন হয়, তাহা যদি কোণাও পাই, তাহা হইলে আমার এই চর্মচক্ষু ছুটা সমূলে উৎপাটিত করিয়া চক্ষুগোলকে সেই আঁথি ছুইটা বসাইয়া দিই।

(ক্ৰমশঃ)

# অলৌকিক রহস্য।

৬ঠ সংখ্যা ]

٠,

তৃতীয় বৰ্ষ।

[ त्रीय, ५७५५।

## কর্ম।

জন্মের পর জন্ম গ্রহণ করিয়া জাব ক্রমোরতি লাভ করিয়া থাকে। জনান্তর গ্রহণ আবার জীবের কর্ম ছারা নিয়মিত। কর্ম বুঝিতে হইলে—কর্ম ও তাহার ফল হই বৃঝিতে হইবে। এই কর্ম ও তাহার कन रमञ्जल कोरवद कमा मकन এक অবিচ্ছিন मुख्यनपादा आवद बहेगा রহিয়াছে! একটা জন্ম কর্মাত্মপারে, পূর্বেই হউক বা পরেই হউক, বে কোন জন্মের দঙ্গে এরূপ অপূর্ব্ব সম্বন্ধ বিশিষ্ট যে, একটা জন্মের পৃথক অন্তিত্ব উপলব্ধি করিবার উপায় আমাদের আদৌ নাই। পূর্ব জাবনের কারণ পরস্পরা না অহুমিত করিলে আমরা জীবের বর্তুমান জ্যোর ঘটনাবলীর সমস্তা মামাংসা করিতে পারি না ! যথনই দেখি মুর্থ হিতাহিত জ্ঞানশূর ব্যক্তি সমাজ মধ্যে মানের স্থান অধিকার করিয়া রহিয়াছে, আর স্থিবেচক পণ্ডিত লোকের কাছে যোগ্য স্মাদর পাইতেছেনা, ধবন দেখে নিজ্ঞিয় অনস বিভা আয়াসে স্থৰ সম্ভোগ করিতেছে, আর কার্যানুসল ও শ্রমণীল প্রাণপাত করিয়াও উদরালের সংখান করিতে পাতিতেছে না-তথনি আমরা প্রতাকের **জনাস্তরের কার্য্যাবলী**ই এরপ ব্রস্থা**বৈ**ভিত্তের কারণ অ**ন্থ্যান ক্**রি:

যেরপ পূবা পূবা জাবনের কথা হইতে বন্ধমান জীবনের ফল সংগ্রহ হয়, সেইরপ বৈইফল স্বরূপ বর্তমান জনোর কথা হইতে পরবন্তী জনা স্কলের ফল উৎপন্ন হয়। এইরপে কর্ম্ম ও কর্মফল জন্ত-জনকভাবে। পরস্পরের মুখাপেকী এক বিরাট ক্রিয়া।

লোকে কথার কথার বলিরা থাকে ইহা আমার কর্ম। অর্থাৎ বর্তমান জয়ের কোনও নির্দিষ্ট ফল, পূর্বজয়ের কর্মায়বর্তী হইরা লাভ করিতেছি। এইরপ কর্মজাত বহুজয়ের সমষ্টতে জীবের বিশাল জীবর্ক গঠিত হইরা থাকে। জীবের এই সকল জয়জয়ায়রের একটাকেও পূথক করিবার উপার নাই। স্মৃতরাং কোনও একটা ঘটনার কারণ নির্ধির অসমর্থ হইলেও, আমরা তাছাকে আক্মিক বলিতে পারি না। ইহা কোন না কোন পূর্বায়্মন্তিত কারপের ফল। বে কোন চিন্তা—বে কোন কার্যা, বে কোন অবস্থা ভূতজীবনের ফল। তাহাই আবার ভবিয়ৎ জীবনের কারণ। অক্ত বলিরা আমাদের দৃষ্টিশক্তি আবহু, ভাই আমরা কোনও ঘটনার কারণামুক্ষানে অসমর্থ হইরা তাহাকে আক্মিক বলিরা নির্দেশ করি।

শসন্তা বর্ধর বেমন কোনও প্রাকৃতিক ঘটনার কারণ নির্ধরে অসমর্থ বলিয়া তাগাকে দৈব অভিধান দিয়া থাকে, সেইব্রগ মানসিক ও নৈতিক কারণসমূহের অভ্যতাবশতঃ আমরা যে কোন কর্মফল গুড় কিছা অগুড় বলিয়া থাকি।

বখন আমরা বুঝিতে পারি, জীবনের সুখ ছুঃখাদি ঘটনা আকৃষ্মিক
নয়, কিন্তু এক নিদিষ্ট বিধির বশবর্তী হইয়া সংঘটিত হইতেছে, বখন
নমে হয়, জীবনাত্রেই সেই অপরিবর্ত্তনীয় বিধির বশবর্তী, তখনই
আমাদিগকে জীবন সম্বন্ধে হতাশ হইতে হয়—মনে হয় আমরা বেন
প্রকৃতির খেলানার সম্বন্ধ—তাহার ইচ্ছাতেই আমাদের স্থুখ, তাহার
ইচ্ছাতেই আমাদের ছঃখ, তাহার ইচ্ছাতেই আমাদের জীবন, তাহার
ইচ্ছাতেই আমাদের মৃত্যু—আমাদের সমস্ত অভিন্ন তাহার ইচ্ছার
উপরেই নির্ভন্ন করিভেছে। লোতে পভিত ভূপের তাহার, নিরাল্য

নিঃসহাত্মভাবে আমরা কোন অভুল সাগরে ভাসিয়া বাইভেছি। তীত্রে উঠিবার জন্ত আমাদের অভন্ন আয়াসের কল নাই। নিজের প্রায়ু-সারী করিবার জন্ত বন্ধমৃত্তির ছারা নিয়তি বেন আমাদিগকে ধরিয়া বসিয়াছে। আমরা ইহাকে বলি অভুট, মুসলমান বলেন "কিস্মৎ," কুশ্চান বলেন "কেট"।

প্রাকৃতিক নিয়মের বিশারকর ব্যাপার হাদরক্ষ করিবামাত্র অসভ্য বর্করের মনেও ঐরপ হতাশভাব জাগিরা উঠে। তথন ভাহার মনে হয়, ভাহার শরীর সম্বন্ধীয় বে কোন কার্য্য অথবা প্রাকৃতিক বে কোন কার্য্য শ্বতঃ ও স্বাধীনভাবে হইবার উপায় নাই। জীবনটাকে বৃধি চিরদিনই বিধির দাস করিয়া চলিতে হইবে। মানবের শত চেষ্টাতেও এই নিয়তির বিরুদ্ধে কার্য্য করা অসম্ভব।

ক্রমে ক্রমে সে ব্বিতে পারে যে, কতকগুলি নির্দিষ্ট ঘটনা সংঘটিত করিতে হইলে, যেরপ অবস্থার তাহা সংঘটিত হইতে পারে, প্রাকৃতিক বিধি কেবল সেই অবস্থার আভাস দের মাত্র। এক একটা নির্দিষ্ট অবস্থা উপস্থিত হইলে এক একটা নির্দিষ্ট প্রাকৃতিক কার্য্য সংঘটিত হয়। সেই অবস্থা উপস্থিত করা না করা মাম্বের হাত। তুমি অগ্নিতে হস্ত দিলে হস্ত দয় হইবে—অগ্নিতে হস্ত দেওয়া না দেওয়া তোমার হাত।

মহুব্য শরীর জল হইতে লঘু—জলে পঞ্জিলে তাহার কিরদংশ ভাসিয়া থাকিবেই থাকিবে। এদিকে পাঁচমিনিটকাল বদি মানুবের নিখাস রুদ্ধ হইরা বার, তাহা হইলেই তাহার মৃত্যু সংঘটিত হয়। সম্ভরণে অনভিজ্ঞ তুমি দৈবছ্র্বিপাকে যদি কথন জলে পড় তথন আত্মহারা না হইয়া উক্ত প্রাকৃতিক নিয়ম শ্বরণ করিয়া বদি বৃদ্ধিবৃদ্ধি বারা ভদম্বায়ী কার্য্য কর, তাহা হইলে তুমি, সাহাব্য পাইতে বিলম্ম হইলেও, ক্ষাৰেই ব্ৰিয়াছি, প্রীন জনে পজিলে ভাৰান সামান্ত কৰে।
ক্ষানের উপরে ভাসিরা বাকে। বলি উপুড় হইরা বাক, ভাষা হইলে
সিঠ ভাসিরা বাকিবে—বলি সাহাব্য প্রার্থনার জন্ম হাড় তুলিতে বাঙ,
ভাষা ইইলে পরীরের অপরাংশ সমস্ত মগ্ন হইরা হন্তের শেবভাসটী মাত্র
ক্ষানের উপরে বাকিবে, সাহাব্য না আরা পর্যান্ত বলি স্থিরভাবে
ভিত হইরা বাকিভে পার, ভাষা হইলে নাসিকার ছিল্ল চুইটি জলের
উপরে বাকিবেই বাকিবে। স্থতরাং দমকর হইবার ভয় বাকিবে না।
বাস প্রখাসক্রিরা সম্পালিত হয় বলিয়া সেই একমাত্র অবহার
জলমরের জীবন রক্ষা হয়। তথন সাত্মন্থ বাকিলেই জাবন।
আত্মহারা হইলেই মৃত্যু। এরপ অবহার্গ পতিত হওয়া না হওয়া
তোমার হাত।

এইরপ নানাবিধ উদাহরণ দেখাইর আনরা বুঝাইতে পারি বে,
আবস্থাকে আরতে আনিবার কৌশল জানিলৈ, প্রকৃতির দাস না হইরা
আবরা নিজেই বরং তাহার উপর আধিপত্য প্রতিষ্ঠা করিতে পারি।
এইতির রহস্ত অবগত হইরা বৈজ্ঞানিক বে উপারে বাহজগতে
আবিপত্য বিভার করিরাছে—সৌদামিনীকে বশে আনিরাছে, বিহলমোর ক্যার ইচ্ছাপ্র্বক আকাশগামী হইতেছে—প্রচণ্ড জলপ্রপাতকে
মাসুবের স্বোর নিযুক্ত করিতেছে—অধ্যাক্ত করিতে পারি। জন্মঅ্যাক্তরকে ইচ্ছাকুষারী আয়তে আনিতে পারি।

বতদিন না কেহ প্রাকৃতিক বিধি সম্যক্ বুনিতে সমর্থ হয়, ততদিন কৈ ৰিধির দাস। যেই সে বিধি ভ্লয়ত্ম করিতে পারে, তথনই গে বিধির সহিত সংগ্রামে প্রবৃত্ত হয় সংগ্রানে জ্বয়ী হইয়া অন্ধ্যে সে ভাইনে উপর আধিপত্য বিভারে স্মর্থ হয়। আগে গে বিধির দাস বিজ্ঞানের অভিত্ব। এইরপ প্রাকৃতিক বিধি না থাকিলে, বিজ্ঞান বালিরাই বিজ্ঞানের অভিত্ব। এইরপ প্রাকৃতিক বিধি না থাকিলে, বিজ্ঞান বালিতে পারে না। পরীকা বারা বৈজ্ঞানিক প্রাকৃতিক বিধি সম্লায় অবগত হন—বুর্নিতে চেষ্টা করেন প্রকৃতি কি ভাবে কার্য্য করিতেছে। এই সমস্ত বধন তিনি জানেন, তখন তিনি তাহার সাহার্য্যে অভিমন্ত কল প্রাপ্তির আশা করেন। যদি তিনি অক্ষম হন, তাহা হইলে তিনি বিধির পরিবর্তন হইয়াছে বনে না করিয়া সমস্তার কোন না কোন শ্রম হইয়াছে বিশাস করেন। তিনি মনে করেন, হর ভাহার জ্ঞান অসম্পূর্ণ, কিছা পরীক্ষার কোন হিসাবের ভুল হইয়াছে। তখন তিনি জ্ঞানের অসম্পূর্ণতা দূর করিবার অথবা ত্রম সংশোধনের চেষ্টা করেন। তাহার প্রব ও পূর্ণ বিশ্বাস প্রকৃতিকে প্রশ্ন করিতে ভূল না করিলে, তিনি নিশ্চরই তাহার সমুত্রর প্রদান করিবেন।

হাইড়োজেন ও অক্সিজেন পরস্পারে সম্মিলিত হইলে, এক দিন জল, অপর দিন প্রুণিক এসিড হইবে না। অর্থাৎ এক দিন জীবের জীবন স্থরূপ, অপর দিন ভীবণ বিষে পরিণত হইবে না। যে আগুন আজ হাত প্ড়াগ্য়াছে, কাল যে শেই আগুন আবার হাত শীতল করিবে, তাহা বৈজ্ঞানিক মনেও স্থান দেয় না।

তবে যে আমরা জলকে কথন তরল কথন বা কঠিন হইতে দেখি, তাহার কারণ অবস্থাভেদ। শীতাধিক্যে জল কঠিন ত্বার রূপে পরিণত হয়, আবার বোগ্য উঞ্চতা প্রাপ্ত ইংগেই সেই ত্বার তয়ল আকার ধারণ করে। অর্থাৎ পরিবর্তনে আমরা জলকে বর্ফ আবার বয়ড়কে জল করিতে পারি। সেইরূপ প্রকৃতির রহস্যাভিজ্ঞ কোন ব্যক্তি বিদি অগ্রির দাহন রহস্ত বিদিত হইয়া, অবস্থার পরিবর্তনে সক্ষর হন, তাহা হইলে অগ্রিতে হাত দিয়াও তিনি দাহনের হাত হইতে নিজার পাইতে পারেন। য়াাস্বেস্ট্স বিদ্যা একরণ স্থভা আছে.

তাহা হাতে ধরিয়া উত্তপ্ত লোহপিও ধরিলেও হাতে তাপ नार्य ना ।

প্রাকৃতিক বিধি সম্বন্ধে বেমন আমরা নৃতন নুতন রহস্ত অবগত হইতে থাকি, তেমনি আমরা প্রকৃতির উপর উত্তরোত্তর আধিপতা লাভ করিতে থাকি। প্রাকৃতিক শক্তি নিচয়কে তথন আমরা আপনা-দের ব্যবহারে প্রয়োগ করিতে পারি। এই জন্মই আমরা বলিয়া থাকি. জ্ঞানই বল। যেহেতু জ্ঞানের অনুষায়ীই আমরা বলের ব্যবহারে नमर्थ इहे।

কোন কোন শক্তি কার্য্যের সহায়তা করে, অথবা কাহার হারা কার্যোর বিদ্ব উপস্থিত হয়, বৈজ্ঞানিক আগে তাহা স্থির করিরা লন। যে উপায়ে পরম্পর বিরোধী শক্তি সকলকে পরম্পরের প্রতিকুলে প্রয়োগ করিলে পরম্পরের শক্তিহীনতা উপস্থিত হয়-বৈজ্ঞানিক সেই সকল উপায় অবলম্বন করিয়া পূর্ব্ব হইতেই পরীক্ষার কল অবগত হইতে সমর্থ হন-এবং কার্য্য করিয়া পূর্বাতুমিত ফলপ্রাপ্ত হ'ন। কারণ-পরম্পরা সম্যক বিদিত হইয়া, এবং তাহাদের উপযুক্ত ব্যবহার করিয়া তিনি পূর্ব হইতেই ফল কি হইবে বলিয়া দিতে পারেন। এইরপে প্রাকৃতিক কঠোর বিধি হইতে মানবের নিচ্ছিয়তা ना षरिया विविध व्यमःथा कन छेरभन रहेगा थाका। श्रक्तांजन में खि অসংখ্য এবং বিভিন্নসুখী। সেই শক্তির কতকগুলির সাহায্যে একরপ ফল, অপর কতকগুলির সাহায্যে আর একরূপ ফল। পরীক্ষায় সেই সমস্ত ফল মীমাংসিত হয়। স্থতরাং প্রকৃতির সেই অসংখ্য শক্তি হইতে প্রয়োজন মত কতকগুলি নির্দ্ধিষ্ট শক্তির সাহায্য গ্রহণ করিলে অভিমত ক্ষণ প্রাপ্তিতে আর সন্দেহ থাকে না। কিরূপ ফণের প্রয়োজন পূর্বে ঠীক করিয়া লও। কোন কোন শক্তি সাহায়ে সেইরপ ফল প্রাপ্তির সম্ভাবনা সেই শুলি বাছিয়া লও। কিব্লপ ভাবে সেই সকল শক্তি প্ররোগ ক্লরিলে তুমি অভিলবিত কল পাইতে পার, তাহা যদি তোমার আনা থাকে, তাহা হইলে সে কল তোমার আরত্তে আনরনে সংশরের লেশমাত্রও থাকিতে পারে না।

বিজ্ঞান না বাণিলে উক্তরণ কণ প্রাপ্তি অসম্ভব। প্রকৃতির শক্তি কর্তৃক ব্যাহত হইয়া জ্ঞানহীন যে পথে প্রতিপদে ভূপতিত হয়, জ্ঞানী সেই পথে নিশ্চিন্ত ভাবে যথেকছা গমন করিতে পারেন। তিনি পূর্ব হইতেই গস্তব্য স্থান স্থির করিয়া লন। পূর্ব হইতেই দেখিয়া, কখন বা শক্তির প্রয়োগ করিয়া, কখন বা শক্তিতে বাধা দিয়া, কখন বা শক্তি সকলের সামঞ্জস্ম বিধান করিয়া, অভিলবিভ বিষয় লাভে সমর্থ হন। তাঁহার শুভাদৃষ্টের জন্ম এ প্রাপ্তি নয়, প্রাপ্তি তাঁহার জ্ঞানের জন্ম। একজন প্রকৃতির ক্রীড়নক—দাস, অন্ত জন ভাহার প্রভূ—ইচ্ছামত প্রাকৃতিক শক্তি নিজের ব্যবহারে প্রয়োগ করিতে সক্ষম।

সুগ জগত সহদ্ধে যাহা সত্য, নৈতিক ও মানসিক জগতে তাহা সেই রূপই সত্য। সুগ জগতের কর্ম যেমন সুল কর্ম হইতে উত্তুত হইয়া আবার নৃত্য সুগ জগতিক কর্মের কারণ হয়, সুক্ষ জগত সমূহেও তদ্ধেণ এথানেও অজ্ঞ ব্যক্তি তত্তৎ জগতের, বিধির দাস। জ্ঞানী সেখানে রাজত্ব করেন। এথানেও অলজ্মনীয়ও অপরিবর্ত্তনীয় বিধান সমূহ, কার্য্যের বিল্ল স্বরূপ বোধ হইলেও, বাস্তবিক উন্নতির ও ভবিশ্যতের গতি নির্দেশের উপায় স্বরূপ। মানবের অদৃষ্ট বিধির বশে নির্মিত হয় বলিয়া মানব নিজের অদৃষ্টকে আয়ত্তাধীম করিছে পারেন। এই বিধির পরিজ্ঞান হইতেই, আত্মবিজ্ঞান উত্তুত হয় ভইহাই মানবকে তাহার ভবিশ্যৎ আয়ত্ত করিবার শক্তি প্রদান করে। তিনি এই প্রকারে আপনার ভবিশ্যতের অবস্থা ও স্বভাব মনোমত করিয়া গড়িয়া লইতে পারেন। যদিও কর্ম-বিজ্ঞান প্রথম প্রথম মামুষের মনে

কার্যাহানির বিভীষিকা উৎপন্ন করে বটে, কিন্তু একটু "হাদয়ঙ্গম क्तिए शांति लाहे, आमना हैदा दहेए जारना भी भक, महामक ७ छन्नि ज বিধায়ক শক্তি লাভ করিয়া থাকি।

ভাহা হইলে কর্ম অর্থে আমরা কার্য্য কারণ বিধান বুঝিয়া থাকি। কর্ম্মের প্রকৃত অর্থ কর্ম্ম ও কর্ম্মকল। কেন নাফল হইতে বে বীজ উৎপন্ন হয়. তাহা আবার তত্ত্ৎপাদিত বৃক্ষ ও ফলের কারণ সূত্রপ।

সেণ্টপল বলিয়াছেন-কর্মফল রোধে বিধাতার অভিপ্রায় কুপ্ত হইবে. এরপ কখনও মনে করিও না। মানুষ যেরপ বীজ বপন করিবে, সেইরূপই ফল প্রাপ্ত হইবে।

কি স্থল জগত কি স্ক্র জগতে মানব অধিরাম চিস্তাশক্তির প্রয়োগ করিয়া আগিতেছে। এই সকল চিন্তাশক্তি তাহার পূর্ব্ব পূর্ব্বজনাজিত কর্মের ফল। এই সকল চিন্তাও ভজাত ক্রিয়াসকল গুণ ভেদেও পরিমাণ ভেদে সমুৎপর হটয়া থাকে। স্থল জগজাত শক্তি স্থল জগতে কার্য্য করে, সৃত্ম জগতের শক্তি সমুহ সৃত্ম জগতে কার্য্য করে। যে লোকে শক্তির উৎপত্তি, সেই লোকেই তাহার কাজ।

এই সকল শক্তি শুধু যে কন্মাকে আশ্রে করে তাহা নয়, মানব ভাহার চতুদ্দিকস্থ অন্যান্ত োকেও এই শক্তির দারা অভিহত হয়। কেন্দ্র হটতে কিরণমালা ক্রমশঃ বিক্ষারিত হটয়৷ যেমন চারি দিকে বিকীৰ্ণ হয়, শাক্ত সমূহ সেইরূপে কন্মীর নিকট হইতে প'রমাণাছযোয়ী চারি দিকে ধাবিত হটয়া থাকে। এই সমস্ত ক্রিয়াফলের জঞ্ কর্মীই দায়ী। চুম্বকের আকর্ষণের একটা গণ্ডী আছে। এই গণ্ডীর ভিতরে লৌহ পড়িলেই ভাহা চুম্বক কর্তৃক আক্রষ্ট হয়—ইহার বাহিরে চুম্বকের আর শক্তি থাকে না। চুম্বকের বলের উপর এই গণ্ডীর আকার নির্ভর করে। চুম্বক বড় হইলে গণ্ডী বড় হয়, ছোট হইলে গণ্ডী ছোট হয়। মানবের কর্ম্মন্ত শক্তির ও সেইরূপ একটা গণ্ডী আছে। মানবের মানসিক বলের উপর এই গণ্ডীর আয়তন নির্ভর করে। সমধর্মী বস্ত পরম্পরের উপর ক্রিয়া করিয়া থাকে। চূম্বক যেমন লোহকে আকর্ষণ করে, লোহও সেইরূপ চূম্বককে টানিয়া থাকে। বিষম ধর্মাক্রান্ত ভড়িত পরম্পরকে আকর্ষণ করে। সমধর্মী পরম্পরকে ব্যাহত করিয়া থাকে। মানবের ক্রিয়া শক্তি সম্বন্ধেও সেইরূপ। মানবের শক্তি এক দিকে যেমন কেন্দ্র হইতে বৃদ্ধের অভিমুখে ধাবিত হয়, অপর দিকে তেমনি রন্ত হইতে ক্রেরে অভিমুখে থাকে। এক দিকে যেমন চারি দিকের মানব তাহার শক্তি কর্তৃক আক্রান্ত হয়, সেই ব্যক্তিই তক্রপ আবার তাহাদের প্রতি-প্রেরিত শক্তির দারা আক্রান্ত হইয়া থাকে। অর্থাৎ তাহার সামগ্রী আমার আবার তাহারেই কাচে ফিরিয়া আদে।

সাধারণতঃ মনুষ্য তিন প্রকারে শক্তি প্রয়োগ করিয়া থাকেন।
প্রথমতঃ মন্যেয় জগতে মানসিক শক্তি। ইহা হইতে চিস্তার উৎপত্তি।
ভূবর্জগতে বাসনাশক্তি। ইহা হইতে বাসনা সকলের উৎপত্তি হয়। স্থল
জগতের শক্তি ঘারা দৃশু জগতের কার্য্য কলাপ সাধিত হইয়া থাকে।
আমরা ইহার প্রত্যেকের কি কি কার্য্য, এই সমস্ত কার্য্যের সমবায়ে
কেমন করিয়া জাটল সমস্তাময় 'কর্মের' সৃষ্টি হয়, তাই দেথাইতে চেষ্টা
করিব। যথন কোনও ব্যক্তি সাধারণ মানবের অপেক্ষা অধিকতর
বেগে উর্লতির পথে ধাবিত হয়, এবং উচ্চতর লোক সকলে কার্য্য
করিবার যোগাতা লাভ করেন, তথন তিনি তত্তৎজগতের শক্তি সমূহের
কেন্দ্র স্বরূপ হইয়া থাকেন।

পূর্ব্বোক্ত তিন প্রকারের শক্তি বৃথিতে হইলে, পূর্ব্বেই আমাদের বৃঝিতে হইবে যে ব্যক্তি শক্তির প্রয়োগ করে, এবং যে সেই শক্তির দারা আক্সষ্ট হয়, তাহাদের প্রভাকের সদৃদ্ধে যে ফল উৎপন্ন হয়, এই উভন্ন ফলের পার্থক্য কি ৷ এই বিষয়টা সম্যক বুঝিতে না পারিলে, শিকার্থীর এই বিষয় জনয়দম করা ত্রহ হইয়া উঠে।

আমাদিগকে শ্বরণ রাখিতে হইবে. প্রতিশক্তি প্রধানত: তাহার অফুরপ জগতে কার্যা করে। তৎপরে প্রতিফলিত হইয়া ভল্লিমল্ল জগতে **শক্তির অনুযায়ী** কার্য্য করিয়া থাকে। যে ক্লেত্রে ইহার উদ্ভব হয়, শক্তি সেই ক্ষেত্রের বিশেষগুণ স্কল লাভ করিয়া থাকে। নিয়ের কেত্রে প্রতিফলিত হইলে, ইহা আপনার উপযোগিতামত সেই কেত্রের স্ক্র ও স্থল পদার্থ সকলে স্পন্দন উৎপন্ন করে। যে কারণ ঘারা শক্তির উত্তব, সেই কারণই শক্তির উপযোগী ক্ষেত্র নির্দিষ্ট কবিয়া দেয়।

কর্ম তিন ভাগে বিভক্ত-প্রারন্ধ, সঞ্চিত ও ক্রিয়মাণ। প্রারন্ধ কর্ম-ইহার ফল অবশ্রস্তাবী। ইহা পরিপক অবস্থা প্রাপ্ত হইয়া ইহলনে আমাদের ভোগের উপযোগী হইয়াছে। এই কর্মফল বোধ করা আমাদের অসাধ্য। এক কথায় ইহাকে আমরা নিয়তি বলিয়া পাকি।

বিতীয় – সঞ্চিত কর্ম। এমন কতকগুলি কর্ম আছে, যাহ। পূর্ব পূর্বজন্মে অমুষ্ঠিত হইলেও পরিপক্ত। লাভ করিতে পারে নাই। এই সকল কর্ম আমরা বিভিন্ন মুখ ক্রিয়াশক্তিদারা রোধ করিতে পারি। এ জন্মের সৎকর্মে পূর্বে জনাজিত সঞ্চিত অসংকর্মের ক্ষয় হয়, আবার অসংকর্মে সংকর্ম কর প্রাপ্ত হট্য়া থাকে। এমন বছ লোক আছেন, বাঁহারা কর্মফলে সচ্চরিত্রতা, সদ্বৃদ্ধি লাভ করিয়াও ইহজমের কর্মে ভাহা নিক্ষণ করিয়া ফেলিয়াছেন। আবার কত লোক অসংপ্রবৃত্তি লইয়া জন্মগ্রহণ করিয়াও, সংকর্মের গুণে নিজের প্রকৃতি পরিবর্তনে সমর্থ হইয়াছেন। কত প্রতিভাশালী ব্যক্তিকে কর্মনোধে আমর। অভৰ প্ৰাপ্ত লইতে দেখিয়াছি। এ সকল ঘটনা সংসারে বিরল নতে

একটু মনোবোগসহকারে, একটু বীরভাবে সংসারের দিকে লক্ষ্য করিলে, অনেকেই ইহার সভাতা উপনত্তি করিতে পারেন। বে জীবাত্মা হইতে এই সঞ্চিত কর্ম্মের উদ্ভব, সেই জীবাত্মাই ইহার বিলোপসাধনে সমর্থ।

তৃতীয়—ক্রিয়মান কর্ম। ইহা বর্তমান জীবনের কর্ম। ইহা আমরা নিত্য করিয়া আসিতেছি। ইহা হটতে ভাবী জীবনের ফল উৎপন্ন হইয়া থাকে।

এইবার বুঝা কর্ত্তব্য—আমরা যে সকল কার্য্য করি, তাহা শুধু
আমাদেরই ফলাফল লইরা আমাদেরই সঙ্গে আবদ্ধ থাকে না। একটা
গতিশীল গোলক যদি অপর একটা গোলককে আঘাত করে, তাহা
হইলে সেই গোলক গতিশীলতা লাভ করিয়া অনেক বস্তুকে আঘাত
করিতে সমর্থ হয়। স্তরাং একটা কর্ম হইতে নানা বস্তুতে নানা
ভাবের কর্ম স্টে হইতে পারে। মনে কর একটা গোলা কামান
হইতে বাহির হইয়া একটা বারুদাধারে আঘাত করিল—তাহাতে বারুদ
জ্জালিয়া উঠিল—তাহা হইতে যে ভীমশক্তির উত্তব হইল, তদ্যারা
আমরা নানাজাতীয় ক্রেয়ার উত্তব অফুমান করিয়া লইতে পারি।

এইরপে একজনের কর্ম হইতে বহু লোকের সহিত সম্বন্ধ স্থাপিত হইরা সমষ্টি ক্রিরার উৎপত্তি হইরা থাকে। সেই সম্বন্ধ ফলেই আমরা নির্দ্দিষ্ট স্থানে, নির্দ্দিষ্ট পরিবারে, নির্দ্দিষ্ট জাতি মধ্যে নির্দ্দিপ্ত হইরা থাকি; এবং সেই স্থানের, সেই পরিবারের এবং সেই জাতির সমষ্টি কার্য্যের ব্যক্তিগত অংশ গ্রহণ করিয়া থাকি।

এই ক্ষুদ্র প্রবন্ধে কর্মকে বিশদভাবে বুঝান কঠিন কথা ৷ তবে ইহার প্রধান ও প্রয়োজনীয় বিষয় সকল আয়ত্ত করিয়া আমরা অনায়াসে মোটাছটি কর্ম যে কি ব্যাপার তাহাই বুঝিয়া লইতে পারি ৷ খুঁটাইয়া বুঝা সময় সাপেক তবে সমস্ত বিষয় বুঝিতে পারি আর নাই

शांति, এইটা वृत्रित्नहे यथि हहेरव रव, चामना निर्व निर्वहे স্থাপন আপন কর্ম্মের উৎপত্তি করিয়াছি। নিজের কর্মের ওণে, ভূমি আপনাকে ইহলমে শক্তিশালী করিয়াছ, অথবা কর্মদোষে আপনাকে শক্তিহীন করিয়াছ। কিন্তু এই স্বত্নত কর্মের ভিতরেও ভোষার পূথক সতা বিভ্যমান আছে। অর্থাৎ ক্ষমতাবান হইলেও তুমি ভূমি, ক্ষমতাহীন হইলেও তুমি তুমি কর্মফলে কাল তুমি রাজা, <mark>আৰু তুমি দরিজ্ন—রাজত্ব ও দরিজ্ঞা তোমার হইলেও তুমি বে</mark> শীবাত্মা তাহা ঠিক আছে: রাজা ও দরিক্র হওয়া তোমার নিজকুত चवद्या। এकपिन त्राका हिला, रेक्टा कतिया चाक पतिज रहेबाह । যদি ইচ্ছা হয়, কাল আবার রাজা হুইতে পার। শক্তির প্রসার ও সঙ্কোচ তোমারই ইচ্ছার উপর সম্পূর্ণ নির্ভর করিতেছে।

ষে শৃঙ্খলে তুমি আবদ্ধ তুমিই ভাহার কর্মকার। তুমি ইচ্ছা করিলে তাহাকে আরও দুঢ় করিতে পার, ইচ্ছা করিলে শিথিল করিতে পার। যে ঘরে তোমার বাস তাহারও কারিকর তুমি। সেই বরকে বড় করা, ভাঙ্গা কিলা পুনর্গঠিত করা তোমার ইচ্ছা।

কুম্ভকারের জায় আমরা চির্লিনই নরম মাটি লইয়া মনের মত ঘট পড়িতেছি। গড়া হইয়া গেলে সেই ঘট লোহবৎ কঠিন হয়, তখন ভাহাকে খামরা আর সহজে অন্ত আকারে পরিণত করিতে পারি না। কবি বলিয়াছেন ঃ---

একবার শুকাইলে মার্টা, লোহমত হয় সুকঠিন। মাটী হতে ছাঁচে তোলা কুম্ভকারের ইচ্ছার অধীন॥ ্ অদৃষ্ঠ আমার প্রভূ—বশে তার আসিয়াছি আমি। কিন্তু হায় কর্মদোষ। কলে তার আমি ছিন্দু স্বামী॥

### স্বপ্নে অপদেবতার খেলা ও দেবতা দর্শন।

গভীর নিশীধ। প্রায় রাত্রি দেড়ট। আন্দান্ধ আমাকে এক স্বশ্ন এই প্রকৃতির গুণত্ররের মধ্যে তৃইটি গুণ—তম ও সত্ত্বের ধেলা দেখাইরাছে, তাহাই প্রকাশ করিয়া বর্ণনা করিব। এই স্বপ্লটি সম্পূর্ণ সত্যক্রপে আমার স্বরণ রহিয়াছে।

আমি দৈনিক কর্মগুলি সাধারণত: যেরপ ভাবে সম্পন্ন করিয়া রাত্তির কর্মগুলিও সমাধান করিয়া নিজ শ্ব্যায় শ্ব্রন করিয়া নিজামার হই, অভাও সেইব্লপ কর্মগুলি সমাধান করিয়া নিজাক্রোড়ে অভিভূত হইলাম। সেই নিজাবস্থাতেই এই নিম্নলিখিত স্থোত্তি উচ্চারণ করিলাম:—

"ৰাধারভূত। ৰূপতন্তমেকা মহীশ্বরূপেন যতঃ স্থিতাসি । অপাং শ্বরূপস্থিতয়া অধ্যৈতদা প্যাধ্যতে রুৎস্নমলজ্বনীর্য্যে ॥ বং বৈষ্ণবী শক্তিরুনস্থবীর্য্য। বিশ্বস্তা বীজং পর্মাসিমায়া । সম্মোহিতং দেবী সমস্তমেতব্বং বৈ প্রসন্নাভূবি মৃক্তিহেতুঃ ॥

এই পর্যান্ত উচ্চারণ করিতে করিতে আমি এক অপরিচিত রহৎ প্রকারের একটি পূজার দালানের ভিতরে আনীত হইলাম। সে স্থান অতি বিভীষিকাময়। সেরপ স্থান আমি জীবনে কপনও দেখি াই। সেই দালানিট অভিশয় উচ্চ ও রহৎ এবং অভান্ত পুরাতন। স্থানে স্থানে ভাবে ভাগি (মি জন্মাদি পূণ্যালায় থাকায় স্থানটিকে গণ্টর নির্জ্ঞন ভাবে রাধিরাছে আনভিদ্রে কিবিড় অর্ণা দৃষ্ট হইতেছে। ঐ অর্ণাটিতে যে ভ্রানক হিংশু জন্তগণের গন্ধীর নিনাদে বিকট স্বনি হুইতেছে, ভাগাই মধ্যে মধ্যে শ্রুভিস্থোচৰ হুইতে বাণিত প্রক্রত

স্থামটি বড়ুই নির্জন, অন্ধলারময় ও ভয়াবই। সে স্থানে বে কোন জন-সমাগম আছে এক্লপ বোধ হয় না। দালানটি বড়ুই অপরিচার। একটি পক্ষীরও বাসস্থান নাই। এতই নির্জন বেন দালানটি বাঁ বাঁ করিভেছে। আমার বড়ুই ভয় হইভে লাগিল।

এখন সময় আমার জনৈক ভুপরিচিত বন্ধকে নিকটন্ত হইতে দেবিলাম। বন্ধটি আমার বড়ই অন্তর্ম ও আমি তাঁহাকে যথেই সন্মান ও স্নেহ করিয়া থাকি। আমি তাঁহাকে সেই স্থানে দেখিতে পাইয়া পর্ম আহলাদিত হইনাম। তথন ছিনি নির্ভীকচিত্তে আমাকে যথেষ্ট আদর সম্ভাবণ করিয়া একটি আসমে উপবেশন করিতে বলিলেন। আমি তাঁহার কথামত আসনে উপক্লেশন করিলাম। তিনি আমাকে কোন কথা কহিবার সময় না দিয়া সে স্থান হইতে চকিতের স্থায় অন্তরালে চলিয়া গেলেন। আমি আসনোপরি উপবেশন করিয়া সম্মধন্ত সোপানগুলির প্রতি নিরীক্ষণ করিয়া দেখিলাম যে, আমার আরও পাঁচটি পরিচিত বন্ধ সেই সোপানোপরি উপবেশন করিয়া পরস্পর পরস্পরের সহিত কথপোকধন করিতেছেন। তদর্শনে বোধ ছইল, যেন এই স্থানটি ইহাঁদের সকলেরই পরিচিত। কেবল আমারই ্রেই ভয়াবহ স্থানে কথনও আসা হয় নাই, এই প্রথম আগমন। আমি কিয়পে এখানে আসিলাম ভাহাই ভাবিতেছি, এমন সময়ে আমার পূর্ব বন্ধ একটি ৰাভগাত্র স্বহন্তে আনিয়া আমার সন্মুধে রাধিয়া আমাকে বিশেষরূপে আহার করিতে অমুরোধ করিতে লাগিলেন। তাহা দেখিয়া আমি তাহাকে বলিলাম, "আপনি অত ব্যস্ত হচ্ছেন কেন।" তিনি পুনশ্চ বিশেব সাদর সম্ভাবণে আমাকে অস্থুরোধ করিয়া, 'তা হউক' বলিয়া আমার নিকট নিশ্চিত হইয়া বসিলেন।

ভদ্ধৰণে আমি ভাঁহাকে বলিলাম, "আমাকে লইয়া আগনি এভ

বাতিবার হইতেছেন কেন ? আরও পাঁচটি বন্ধু রহিয়াছেন, তাঁহাদের किছু च गुर्वमा कक्षम। এ किन्नभ चार्यमात्र चन्त्रप्रमा हरेखाइ ? আমি বান্তবিকই আশ্র্যা হইতেছি বে, আপনার প্রকৃতিতে এরপ ভাব कुछ इटेरव। आभात शृर्स्त देश काना हिन ना। आशनि रव धीत প্রকৃতির ব্যক্তি, কার্য্যতঃ সেইরূপ অন্ত দেখিতে পাইতেছি না, এ আপনার ধাের পরিবর্ত্তন। একি আপনার থাকিবার স্থান ? এ আমি কোধায় আসিলাম, আপনি বা এখানে কেন ? আমি কিছুই বুঝিতে পারিলাম না। এই ঘোর পরিবর্ত্তনদর্শনে আমি ভীত ভাবে আপনাকে আনকগুলি প্রশ্ন করিলাম। কিছুই মনে---"

वज्ञ वांधा निया वनितन,--"ना! व्यापनि व्यार्ग किছू थान, তারপর সমন্ত বৃত্তান্ত গুনিবেন। আমি পরে বলছি—উহাদের অভ্যর্থনা পরে হইবে "

चायि-ना, चायि किছूरे शहेर ना। এ नमछ-

বন্ধ — দেখুন খান, আমি দেবতা তা জানেন, ইহা খাইলে আপনার উপকাব চটবে।

चामि विनाम, शुर्वि वृथियाहि। वाखिविक चामात्र तिहे বদ্ধটিকে সে রাত্রিতে যেন কিরপ—ভাবভঙ্গিপরিবর্ত্তনে—কেমন কেমন বোৰ হইল। আমি জিজ্ঞাসা করিলাম।---

আমি – আপনি স্বহস্তে এই খাছ দ্রব্য পাক করিয়াছেন বলিয়া বোধ হইতেছে। স্বহন্তেই বা স্থানিলেন কেন ?

বলিতে কি বন্ধটি ধনী ব্যক্তি। খাপ্তদ্ৰব্য লইয়া তিনি নিজে আনয়ন করিয়া যে একজন বিনয়ী ব্যক্তির স্বভাব প্রকাশ করিয়াছেন. ভাহা বোধ হইল না। বরং দে ধাডাদি দেধিয়া অঞ্ভাব আসিয়া পেল অর্থাৎ এক অলৌকিক ভাব আসিয়া পড়িল। ভক্ষতই আমি তাহাকে উক্ত প্রশ্নগুলি জিল্পাসা করিয়াছিলাম।

ব্দ্ধু-"আমার পাচক ব্রাহ্মণের অসুথ করিয়াছে, আমিই সমস্ক পাক করিরাছি—"এই বলিয়া গন্তীর বদনে—উঠিয়া যাইবার উপক্রম क्तिएक हिर्मन । भूनक बामात थिछ हुष्टि निरम्भ कतिता এक है। कि বিভ বিভ করিয়া মন্ত্র পড়িলেন, এবং বলিলেন, "আমি গায়ত্রী।" আমি তাহার সেই গন্তীর বদনের অসন্তোব নিরীকণ করিয়া আশ্চর্যা হইয়া তছন্তরে বলিলাম "তুমি ভূত।"

আমি বুঝিলাম যে, একটা ভূত আমার পরম বন্ধুর আকার ধারণ করিয়া আমার নিকট ভাহার স্বার্থ সাধনের জন্ম ভূতের খেলা করিতেছে। এইরূপ ভাবিতেছি, এমন সময় সে দালানের বহুসংখ্যক সোপানগুলিতে কি সব সাদা সাদা अँ छ। ছডাইয়া দিয়া বলিল,— "তুই এক কোমর নীচে যা। যাতোরা সব চলে যা –"। ওনিলাম বটে, কিন্তু কিছুই বুঝিতে পারিলাম না, আর তাহার বিড় বিড় করিয়া মন্ত্রপভা ও কিছ বুঝিলাম না। তৎক্ষণাৎ সে চলিয়া গিয়া একটা খামের গায়ে ঠেস দিয়া থামের তলকেশের অগ্রভাগে বসিয়া রহিল। আমি উঠিয়া চলিয়া ষাইব স্থির করিলাম ৷ যেমন দণ্ডায়মান হইলাম, অমনি আমার পার্শ্বের দিক হইতে একটি অপরিচিত ভদ্রবোক আসিয় আমাকে ব্যতিব্যস্ত করিতে লাগিল আমি াহাকে বলিলাম "কে ভমি ? আমি ভোষাকে চিনি না।" সে বলিল, "আমাকে বাবু বলিলেন যে, আপান বস্থুন, যাবেন না।"

আমি-না আমি এখানে আর একটুও বসিব নাং ভোমরা আমাকে বিরক্ত করিও না: ভোলাদের সংস্থে আর আমি থাকিব ন।।

এই বলিয়া আনি পশ্চাতে চি তিলান চঠাৎ পশ্চাৎ ভাগে এক অতি বিষ্ট চাঁৎপারে হাস্তথ্যভিত্ন রোল উঠিয়া দালানটিকে স্তম্ভিত করিয়া দিল, ্বং বলিল "যাতে কোনা " আমি বিশ্বিত হইলাম

শ্ৰুটি বেন শত লোকের বিজ্ঞাপ হাস্তথ্যনি অপেকাও বেশী হইল। किस (म जाबाद काम जिल्हे कदित मा. अहें मिर्म जेलद हहेरा मा হইতেই, আমি বেন সোপান হইতে অবভার্প হইতে লাগিলাম। ছই একটি সোপান অভিক্রেম করিতে না করিতেই অনভিবিদ্যার আমার জাত ভল হইয়া যাইতে লাগিল। আরও দোপান অবতীর্থ হইতে আমার কটিদেশ উত্থানরহিত হইবার যোগাড হইল। আমি অমনি সোপান সাহায্যে না নামিয়া কিংকর্ত্তব্যবিমুঢ়ের মত সোপানপা**র্যভাগ** मिन्ना गफ ध्यमान कविनाम। (यमन भार्च मिन्ना याहेरा छेन्ना हरेन, ্ৰমনি আমি শুক্তাকাশে উড্ডীয়মান হইতে লাগিলাম। পুৰ্বে অতি নিয়ে অবতীৰ্ণ হইয়াছিলাম ৷ একণে আমি অতি উৰ্দ্ধে, সেই বৃহৎ উন্নত দালান হইতে অনেক উদ্ধে উপিত হইলাম, এত উদ্ধে বে আর সেই উন্নত দালানটি দৃষ্ট হইল না।

এইরূপে উড্ডীয়ুমান হুইতে হুইতে অতি দুরুদেশে নীত হুইয়া একটি রম্য উন্তান মধ্যে আসিয়া উপন্থিত হইলাম ! . সেই স্থরমা উন্তান মধ্যে আসিয়া একটু স্থিরভাবে দণ্ডায়মান হইয়া একটু হাঁক ছাভিয়া विभाग कतिनाम। तिथनाम (य, जामात अनवत्र ७ करितम मण्रू আবোগ্যলাভ করিয়াছে।

উछान्ति मत्नातमः। देशहे चर्तीय नमनकानन वित्रा त्वां बहेन। वर्शीय नम्बनकानत्नद विश्व निर्यंग वायुर्त्रवरन आयात श्रागि दिन আনন্দাসভব করিতে লাগিল এবং এক স্থানে বসিয়া শাস্ত ভাবে গায়ত্রী জপ করিতে লাগিলাম। এই জপ কার্য্য আমি বরাবরই করিয়া আসিম্নছি। একণে আরও নিবিষ্টচিতে কার্য্য করিতে লাগিলাম এবং আরও শান্তিমুখ উপভোগ করিতে, লাগিলাম। এ একটি পবিত্র স্বর্গীর আনন্দ। ক্ষণেক পরে একটি কুগুলাকার-বেষ্টিভ এক জ্যোভির্মর পুরুষ স্থিরনেত্রে ধীর ভাবে আমার প্রতি সৃষ্টি করিয়া বলিলেন 'ঔ' **अहे यह अवन्यात जानि विनाम-"छ९ न९"! शुक्रव विनाम-**चामि शावती।

আমি—না, আধেয়—পায়ত্রী আপনার আধার।

জ্যোতির্মন পুরুষ—( মৃত্হান্ত পূর্বক ) তুমি চিনেছ; কে দেবভা, এবং কে অপদেবতা "

আমি-- "আপনার ক্লপা-কণা-মাত্র। পুরুষ মুত্রাম্মে সম্বেহ ইঙ্গিত क्तिरान भाख। किছू वनिराम ना। आभि वनिनाम:-

আধারভতা জগতন্তমেকা মহীশ্বব্লপেন যতঃ প্রিতাসি।

া অপাং স্বন্ধপ স্থিতয়াস্বয়ৈতদা প্যাষ্যতে কুৎস্নমনজ্ববীর্য্যে॥

এই বলিয়া ভক্তিভাবে তাঁহাকে প্রণাম করিলাম। তিনি প্রতি मम्बाद कतिया विवादिता.---

> ব্ৰহাৰ্পণং ব্ৰহ্মহবি ব্ৰহ্মায়ে ব্ৰহ্মণাছতম। ত্ৰকৈব তেন গন্তবাং ব্ৰহ্মকৰ্ম্ম সমাধিনা॥

আমি-তুমি মহাজন। তুমি ভূঃ, তুমি ভূবঃ, তুমি স্বঃ, তুমি মহঃ, তুমি জনঃ, তুমি তপঃ, তুমি সভ্যং। তুমিই তৎ স্বিত্ব রেণ্যং कर्तात्मवक धीर्माट धीरवारवानः खरहामवाद । खैं।

পুরুষ---ওঁ।

चाबि--- नर । चाबि वृक्षिनाम, विनिष्टे चार्यम, जिनिष्टे चार्या ; স্বই একাকার। আমি যথেষ্ট শান্তিমুখভোগ করিতে লাগিলাম।

ষ্পাৰিক পরে আমার নিজাভঙ্গ হইয়া গেল। চক্তুরুলীলন করিয়া ্রেৰি, আমি আমার গৃহমধ্যে শ্ব্যায় শ্বান। আমি এইরূপ ভাগ্রতভাবে শহন করিয়া স্বপ্নের বিষয়টিতে দেবতা ও অপদেবতার পার্থক্যভাব অনেকৃক্ণ ভাবিতে লাগিলাম। কভই চিন্তা, মনে আসিয়া মনকে আলোড়িত করিতে লাগিল। আমি বুঝিলাম অপদেবতা তার্ধ-ভুখাবেৰী, অভের অনিউকারী। দেবতা শান্তিদায়ক প্রোপকারী।

चानि अक्षे कील दहेगान । जयन मन्नन कतिनारे एकिकार्य नर्स-মলনময়ী শান্তিদেবীকে প্রণাম করিতে লাগিলাম।

> **७ नर्स मननमन्ता** निरंद नर्सार्वनादिक । শরণো ত্রম্বকে গোরী নারায়ণী নমস্কতে।

এই महा खाना कतिनाम ! तकनी छथन । शंकीत, मीत्रव अवः এ দুখটি প্রকৃতিকে বেশ গাঢ় অন্ধকারষয় করিয়াছে। অগত্যা আমি ভীতমনে পার্শ্বপরিবর্ত্তন করিয়া পুনশ্চ নিজামগ্র ছইলাম। প্রাতে গাত্রোখান করিয়া স্বপ্ন-বিষয়টি বেশ করিয়া লিখিয়া বাখিলাম।

বাহা লিখিয়া রাখিয়াছিলাম তাহাই একণে প্রকাশ করিভেছি। এচারতন্ত মুখোপাখ্যার। বালী।

# (गार्थू लि-मऋ ।

৫ই বৈশাধ। মন্দিরের অনতিদূরবর্তী ঘাটে আজ বহুলোকসমাগম হইয়াছে : সকলেই ধেয়ার নৌকায় চড়িবার জন্ম ব্যস্ত নদীর পরপারে--রামবিনাসপুরের মাঠে একটা মেলা বলিয়াছে। এই মেলা रमियात क्य मान मान नत-मात्री मिमादत म्यूबह अथ मित्रा '(बत्रा ষাট' অভিমুখে চলিয়াছে। ভাহাদের মুখে একটা জীবন্ত উৎসাহের আভাস ফুটিয়া উঠিয়াছে। ভাহারা দলে দলে কোলাহল করিছে। করিতে পথ চলিতেছে, আর চারিদিক বেন সনীব হইরা উঠিতেছে। মেলাবাত্তীগণের এই সঞ্জীবতা ও গতিশীলতা হইতে আমাদের 'গোধুলি সভা'র স্থবিরমণ্ডলী বেন কত বিচ্ছিরভাবে দুরে বসিরা রহিরাছেন। पछि नारे, मध्य मारे, जीवन नारे-डान्ड बार निक्तका छारा-

দিগকে পাল্রর করিয়াছে। তাঁহারা ভাবিতেছেন,—এই সকল মেলা-ৰাত্ৰীর মত এমনই আনন্দ-কোলাহলে চারিদিক মুধরিত করিতে ্ব করিতে আমরা ভব-পারের ধেয়াঘাট অভিযুবে চলিতে পারিব কি 🤊 না, এমনই করিয়া স্থির, ধীর, নির্বাক, নিশ্চলভাবে বেয়াঘাটের অদুরে বসিয়া আমাদিপকে ভব-পয়োধির লহরী গণনা করিতে হইবে 🕈 মেলার যাত্রীদিগকে দেখিয়া বস্তুতই 'গোধুলি সভা'র বৃদ্ধগণের মনে এইরপই ভাবেরই উদয় হইয়াছিল। তাঁহারা সকলেই ভন্ময় হইরা (ब्राचार्टेड शार्न हाहिशाहित्वन ।

তখনও পশ্চিমগগনে অভগত রবির হেমকিরণছটা সম্পূর্ণরূপে মিলাইয়া যায় নাই: কুলায়াভিমুখী বিহগ-রুন্দ প্রাণ খুলিয়া ভেমন कतिया नामाकाकाकेनी जुरम नाहे।

এমন সময়ে সহসা ডাক্তারবাবু 'গোধৃলি সভা'র নিস্তর্কতা ভল করিয়া বলিলেন, "আর এরপভাবে চুপ করিয়া বসিয়া থাকা ভাল দেশায় না। একদৃষ্টিতে খেয়াঘাটের দিকে তাকাইয়া থাকিয়া লাভ কি ? চুপ করিয়া সময় কাটান ভাল নয়।"

জমীদার-পুত্র। তবে আজ আপনিই না হয় একটা কিছু वज्न।

ভাক্তারবার। আমি আর কি বলিব ? আমার নিজের ও সব বিষয়ে বলিবার কিছুই নাই। কারণ পরলোক হইতে মৃত-আত্মার পুনরাপমন সম্বন্ধে আমার দৃঢ় বিখাস থাকিলেও আমার জীবনে সেইক্লপ আত্মা বা প্রেভমূর্ত্তির দর্শন বটে নাই।

জমীদার পুত্র। আপনি কি কথনও কাহারও নিকট এরপ কোন बहेना छत्नन नाहे १

ড়াক্তার। ভাল মনে করিয়াছ ? হাঁ, আমার এক সহদর খেতাল व्युत्र निक्षे चामि चरनकिन शृर्स এक चार्क्य परेना छनित्राधिनाम ।

সেই ঘটনার বিনি প্রধান নারক, ভিনি একজন বেশ দক্ষ দাবা বেলোরাড। আমার খেতার বন্ধর সহিত আবার তাঁহারও অচ্ছেড বছর। এই মন্তত ঘটনা তাঁহার জীবনেই ঘটরাছিল।

তখন সমবেত সকলেই ভাজারবাবুকে সেই বিশ্বরকর ঘটনার **িবিষয় বলিতে অন্ত**রোধ করিলেন।

**छाद्धात वावुछ नकत्वत्र अञ्चरवाध्यकार्थ त्मरे विद्यानीत्र पर्वनार्धि** তাঁহার খেতাল বন্ধর বন্ধটির নিকট যেমন ওনিয়াছিলেন, সেইরূপই বলিতে আরম্ভ করিলেন ঃ---

"মাসুবের জীবনে এমন এক একটি ঘটনা ঘটে, যাহার স্বৃতি আজীবন জাগত্রক থাকিয়া যায়। শত শোক-তাপ-ব্যথার মাঝে, অশ্রান্ত কর্মময় জাবনের ক্ষণিক অবসরের মধ্যে আমার জাবনে তেমনই একটি ঘটনা ঘটিয়াছিল: - আজিও এই মর-জীবনের অভিম দশায় ভাহার শ্বতি ভূলিতে পারি নাই।

আমার পিতা কালিফর্ণিয়ার একজন বিখ্যাত রাসয়নিক বিশ্লেষক (Chemical Analyser) ছিলেন এবং তাঁহার উপার্জনের মাত্রাও অত্যন্ত অধিক ছিল। স্নতরাং জন্মকাল হইতে দাবিংশ বর্ষ বয়ঃক্রম পর্যান্ত আমি অতুল বিভব ও সম্পদের মধ্যে প্রতিপালিত হইয়াছিলাম।

किन्छ निवरिष्ठित्र जानत ७ स्वरणां गांगांत এर नक्ष जान्छ हिन না। বোধ হয়, সেই জভ আমার পর্ম স্লেছময়ী জননী আমাকে হঠাৎ ত্যাগ করিয়া লোকান্তর-প্রস্থিতা হইলেন,—আমার বয়স তথন পাঁচ वरमद्भद्र (वनी इहेर्व ना।

আমার বেশ স্বরণ আছে, মাতার শোকে পিতা স্বত্যস্ত অভিভূত बरेबा পড়িরাছিলেন। কাজকর্মে তাঁহার আদে মনোযোগ ছিল না। এই দারুণ হঃথের সময় তিনি সকলের সহবাস ত্যাগ করিয়াছিলেন। কেবল ভাঁছার শৈশব-বন্ধ সহপাঠী জোসেফ্কটনের সঙ্গ ছাডেন নাই। **লো**দেক্ কটন কোন ধনির ইঞ্নিরার ছিলেন এবং থ্<del>নির</del> অভ্যন্তরে কোন কার্যো নিযুক্ত থাকিবার কালে ডিনামাইটের আকৃষ্মিক বিক্ষোরণে তাঁছার দক্ষিণ হস্ত ছিত্র হইয়া যায়। তিনি যথন হাঁসপাভাল रहेए এই व्यक्तां को वन नहें श्रा कितिया वानिर्ताम, छथन वामात পিতা অতি যত্নে তাঁহার বালাস্থলতে গৃহে স্থান দেন এবং তাঁহাকে **অভি সন্নিৰ্বন্ধ অমু**রোধ করেন, যেন তিনি অমুগ্ৰহ করিয়া এই মাতৃহীন শিশুর -- অর্থাৎ আমার শিক্ষা-ভার গ্রহণ করেন।

ত্তরাং জোসেফ্ কটন একদিকে যেমন আমার পিতৃ-ত্ত্ত্ত্ত্ **অপর দিকে তেমনই আমার গৃহ শিক্ষক ছিলেন: তেমন সেহময়** ব্রদয় আমি আর ইহলগতে দেখিতে পাইব না।

জোসেফ কটনের এক ভ্রাতৃস্পু ত্রী ছিল—তাহার নাম মেরী। স্বভি শৈশবেই মেরীর পিতৃ মাতৃ বিয়োগ হয়; সেজত আমার শিক্ষক মহা-শরুই তাঁহাকে লালন-পালন করিবার ভার গ্রহণ করেন। মেরী ভিন্ন তাঁহার আপনার বলবার আর কেহ ছিল না। তিনি নিজে চির-कुमात हिल्लन।

মেরীর বয়স তথন তিন বৎসর এবং আমার বয়স পাঁচ বৎসর। আমরা ছু'জনে একত্র খেলা করিতাম, খাইতাম বেড়াইতাম । মেরী দোলায় চড়িত, আমি দোলা টানিয়া তাহাকে 'লোল' থাওয়াইতাম। প্রতি প্রান্তে ও সন্ধ্যায় মেরীর 'পেরায়ুলেটর' ঠেলিতে না দিলে আমি রাগ করিতাম। কখনও মাঠের ধারে গাছের তলায় গাড়ী দাঁড় করাইয়া মেরীকে ফুল কুড়াইয়া দিতাম,—মেরী স্বতত্ত কুন্দদন্ত বিকাশ করিয়া মধুর হাসি হাসিত, আমিও আনন্দে নুত্য কবিতাম।

যানসিক প্রকৃত্বতার একেবারে হাস হওরাতে আমার পিভার मिखाकत त्रांश क्यान अवर जिनि क्रिक्श्मकश्रापत अत्रामार्ग नहत्र

ছাড়িয়া বাছুপরিবর্তনের জন্ত একটা পার্বতা স্বাস্থ্যাবাদে ভাসিলেন। नाम बहिनाम चामि, चामात गृहिनक्क ब्लाट्सक् कर्टन, स्मत्री अवर মেরীর গভার্পেস ( Governess )।

আমরা বে বাটী ভাড়া লইয়াছিলাম, ভাহার পশ্চাদেশে একটা বাগান ছিল। প্রতিদিন প্রভাতে দেখিতাম, একজন মালী পাছের পোড়ার মাটা কাটিয়া দিতেছে, গাছগুলির পাতা "কেয়ারী" করিতেছে. ফলগুলিতে পাতলা ক্যান্বিদের আবরণ দিতেছে। আমি এই সকল দেখিতে দেখিতে কোনও কোনও দিন তক্ষয় হইয়। যাইতাম। আমার গৃহশিক্ষক ইহা লক্ষ্য করিয়াছিলেন এবং তাঁহারই স্থাশকার ইজিতে উত্তরকালে আমার জনয় ক্লবিবিজ্ঞান অধ্যয়ন করিতে প্রশ্নত হইরা उठियाकिल।

তুই বৎসর সেথানে থাকিয়। আমরা চলিয়া আসিলাম। আমার পিতা এখন বেশ সারিয়াছেন এবং নিজকার্য্যেও যথাযোগ্য মনোযোগ দিতে পারিয়াছেন।

তারপর নিরবচ্চিয় সুথে প্রায় পনের বৎসর জলভোতের মত কাটিয়া গেল। আমি এখন গৃহ ছাড়িয়া "কর্ণেল" বিশ্ববিভালয়ে ক্লবি-বিজ্ঞান অধ্যয়ন করিতেছি এবং মেরী চিকাগোর কোন কালেকে ধর্ম-শান্তপাঠে নিয়োজিত আছে।

অক্সাৎ একদিনের প্রবল ভূমিকম্পে আমেরিকার পশ্চিম উপকৃন বিকম্পিত হইয়া উঠিল। সেই সৰ্ব্যোসী ভূমিকম্পে আমাদের সৰ্ব্বাশ হুইরা গেল। আমাদের বাদগৃহ ও পিতার বিস্তৃত ও বছমূল্য রাসা-মুনিক পরীক্ষাগার ভূমিদাৎ হইল। আমার পিতা তথন পরীক্ষাগারে কাৰ্য্যে ব্যাপত ছিলেন, তিনিও মৃত্যুমুৰে পতিত হইলেন । দৈৰদেৰে चामान्न गृहिनक्क दलारमक क्रितन कीवन तका शहिशाहिन। अहे ख्यिकरम्य जागारमत नर्सव (शन, जामना शर्यत जियाती स्ट्रेनाम ।

এই আক্ষিক জীবনচক্রের পরিবর্তনে আমরাও দেশান্তরিভ হইগাম। চিকাগো নগরীর প্রান্তভাগে আমার গৃহ শিক্ষকের কোন পুরাতন বন্ধুর একটি স্থলগটা ছিল, তিনি অনুগ্রহ করিয়া বিষ্টার কটনের কথার তাহা ছাড়িরা দিলেন। আমরা তিনজনে মেরী, মিঃ ক্টন ও আমি--- দেখানে অতি কট্টে বাদ করিতে লাগিলাম।

ষিঃ কটন আমাদের উভয়কে অভিশয় ভাল বাসিতেন। মেরী গৃহকর্ম করিত, আর আমি সারাদিন কর্মের চেষ্টায় যুরিয়া ৰেড়াইতাৰ। ষিঃ কটন রাত্তে আমার লইরা বসিতেন, এবং পূর্ত্ত-বিভাবিষয়ক প্রবন্ধ তিনি বলিয়া যাইতেন আরু আমি লিখিতাম। এই প্রবন্ধ লিধিয়া বাহা কিছু উপার্জন হইত, আমাদের তিন জনের ভাছাতে কোনকপে জীবনযাতা নিৰ্ম্বাহ হইত।

ক্রমাগভ চারি পাঁচ মাস কাল অবিশ্রান্ত চেষ্টার পর আমি কোন **এक ि रेनम विश्वान**रत्र कृषि-विश्वारनत श्राप्ती निश्वरकत शराम नियुक्त হইলাম। বেতন অতি সামান্ত, কিছু কি করিব এই কর্ম গ্রহণ করা ভিন্ন আমার গতান্তর ছিল না।

এখন সারাদিনমানটা বাডীতে বসিয়া থাকি। কোন কাল কর্ম্ম নাই, মেরী ও আমি ফুজনে বসিয়া বসিয়া সতরঞ খেলি। আমার গৃহ-শিক্ষক মিষ্টার কটন সভরঞ খেলায় বিশেষ দক্ষ: ভিনি ছই-बनदक्टे 'हान' निवारेश (पन) এই দাবা (वना आयात अवन अक्हा নিভ্যকর্ম মধ্যে পরিগণিত হইয়াছে। ক্রমাগত এক বংসরের অভাবে দাবা খেলায় আমার এরপ নিপুণতা জিয়াছে, যে এখন বাহিনে বন্ধুগণের গৃহে খেলিয়া জয়ী হইয়া আসিতাম। কচিৎ যে দিন হারিভাষ, সেই 'চালের' বিষয় মি: কটনকে জিজাসা করিলে ভিনি আমাকে নানা রকমের চাল শিবাইয়া দিতেন। আমি সেগুলি বেশ यञ्जभूकंक मत्न दाविष्ठाम ।

আবার ছুর্ভুট্রক্রমে আমার পিতৃপ্রতিম স্নেহাধার গৃহ-শিক্ষকের मुक्ता रहेन---(मती मुकलरहत शार्व मिज़ारेना कांनिए नांशिन। আমি মেরীকে সান্তনা দিতে লাগিলাম।

মৃত্যুর পূর্ব্বে 'মি: কটন ভাঁহার বন্ধু চার্লস্কে একধানি লিখিত কাপজ দিয়াছিলেন, আমি তাঁহার মর্ম্ম জানিতাম না। তবে তাঁহার মতার পরও বে আমরা মিষ্টার চাল সের বাটীতে থাকিবার অমুমতি পাইরাছিলাম, তাহা নিশ্চিতই আমার অর্গগত গৃহ-শিক্ষকের অমুবোধে :

এইরপে আরও তিন মাস অতি কট্টে কাটিল.—আর দিন চলে না। আমি সারাদিন দাবা খেলি, আর রাত্তিতে বিভালয়ের শিক্ষাদান कति । এक मिन एनिनाम, आमात्र कर्म आत्र এक मान अविध थांकित्व. छात्रभत्र बाकित्व ना। व्यामि विषय श्रमाम गर्गिनाम। स्मर्टे पिनरे (सदी क व कथा खना हेनाम । (मती विनन, "छ।वित्न कि हहेरव १ ভগবান একটা উপায় অবগ্রই করিবেন।"

আমরা যে পল্লীতে ছিলাম, সে পল্লীর রান্তাগুলি পুর সরু সরু ছিল। একদিন বাটীতে বিদিয়া আছি, একজন মিউনিসিপালিটীর লোক আসিয়া একটা 'নোটীস' দিয়া গেল। তাহাতে এইরূপ লেখা ছিল- "আর দেড় মাস পরে যে প্রশন্ত পথ এই পল্লীতে প্রস্তুত হইবে. ভাহা আপনার বাটীর উপর দিয়া যাইবে। সুতরাং আপনি অনান ७६ मित्नत्र मरश अहे वांति थानि कतिया मिर्वन अवः अहे 'त्नातिम' अ বাচীর অধিকারীকে দিবেন।"

বিপদের উপর বিপদ। আমাদের সন্মুখে অভাব, দৈক ও নৈরাশ্রের কি মর্মভেদী ছবি ৷ মেরীর চিরপ্রফুল মূপেও যেন চিন্তার ভাষা নিপতিত হইয়াছিল।

चात जिन-पिन शद चामात विचानत्तत होकती गृहित-मकात्म

উঠিয়া তাহাই ভাবিতেছি। মেরীর ও আমার অবঁহা কিব্রপ হইবে, সেই চিস্তায় আকুল হইয়াছি। এমন সময় পিয়ন আসিয়া আমার ছাতে একথানি খবরের কাগজ দিয়া গেল। সেই কাগলের একস্থলে একটা বিজ্ঞাপনের প্রতি আমার দৃষ্টি পড়িল। তাহাতে এই লেখা ছিল খে-"নিউইয়র্কের কোন ধনবান ব্যক্তি মৃত্যুকালে সেথানকার একটা দাবা বেলার সভার ( Chess Institute ) এককালীন বছমুজা, একটা বাটা এবং কিছু ভূসম্পত্তি দান করিয়াছেন, এবং তাঁছারই প্রস্তাব অফুসারে একটী সভরঞ ক্রীডার স্বাক্তনীন প্রতিযোগিতা পরীক্ষা ছেইবে। যিনি এই পরীক্ষায় সকল প্রতিষ্দীকে পরাজিত করিয়া স্ক্রাপ্রেষ্ঠ হটবেন, তাঁহাকে এককালে সহস্র পাউও পুরস্কার দেওয়া হটবে এবং ভিনি এই সভবঞ-সভার সম্পাদক হইবেন। আরও ৰাৰিক ৪০০ পাউন্ভ বেতন ও দভা-সংলয় একটি বাটীও পাকিবার জন্ত দেওয়া হইবে। যাঁহারা প্রতিযোগিতায় নাম দিতে ইচ্চুক, তাঁহারা এক সপ্তাতের মধ্যে নিজ নিজ নাম ধাম পাঠাইবেন।" শুনিলাম, এই বিজ্ঞাপন তিন মাসেরও অধিককাল বাহির হইতেছে —কিন্তু আশ্চর্য্যের विवय अक्तिन छ देश आमात नक्त পड़ नारे। आत हिन नारे; আমি তাড়াতাভি আমার নাম ও ঠিকানা পাঠ।ইয়া দিলাম। তারপর পত্র পাইলাম, ১৫ই জুন আমাকে নিউইয়র্কে উপস্থিত হইতে হইবে। সেই দিন হইতে প্রতিযোগিতা-ক্রীড়ার আরম্ভ হইবে।

বারা হউক নির্দিষ্ট দিনে পরীকা-কেত্রে উপস্থিত হইলাম। চারি-मित्क ठाविया त्मिथनाम, भागाति मर्गत्क पूर्व दहेवा भिवारः। इहे बिटक इटे श्राष्ट्र (चेना चात्रस ट्रेग्नाल्ड। करम वामात भाना चानिन। সেইবিন বাহাদের সহিত খেলিলাম, প্রতিযোগিতার তাহারা সকলে হারিয়া গেল। বিতীয় দিবসেও সকলে হারিল। অপর প্রস্তেও अक्रम कानाकावात्री तकन कोकावीं क शत्राहेत्रा नित्राहिन। अहेवात्र তাঁহার ও আমার ছুইবনের পালা। আজ তৃতীয় দিন; এইবার শামার বুক ছুক্ল ছুক্ল করিয়। কাঁপিয়া উঠিল। মানস-চক্ষে আমার স্বৰ্গীয় গৃহ-শিশ্পকের প্ৰতিমৃত্তি জাগিয়া উঠিল,—মনে মনে ভাবিলাম হার ৷ আজ আপঁনি কোথা ৷ আপনার স্নেহের ছাত্রকৈ আশীর্কাদ করুন, সে খেন পরীক্ষার জয়লাভ করে !

আমার প্রতিযোগী প্রৌচ, আর আমি যুবক। দর্শকমগুলীর সহাত্ত্তি আমারই দিকে বেণা। খেলা আরম্ভ হুইল, চালের পর চাল, চালের পর চাল চলিতে লাগিল। ক্রমে আমার থেলা ধারাপ হট্যা আসিল, বলও অনেক কমিয়া গেল। আমি প্রমাদ গণিলাম। অবশেষে আমার প্রতিযোগী আমাকে হারাইলেন, আমি "মাৎ" হইলাম। তিনি আনন্দের অত্যধিক আবেগে মুহুর্তের মধ্যে ছক ভাপিয়া দিলেন। তাহাতে দর্শকগণের মধ্যে ও বিচারকগণের মধ্যে তুমুল আন্দোলন উপস্থিল হইল। স্থির হইল, প্রথম পারিতোষিক ছইভাগে বিভক্ত করা হউক। কানাডাবাসী না হয় সেক্রেটারী হউন। কিন্তু পুরস্কারের অর্দ্ধেক টাকা এই যুবকের প্রাপ্য। আমার প্রতিযোগী তাহা গুনিলেন না, তিনি বলিলেন, "দাতার প্রভাব মতে প্রথম পুরস্কার সম্পূর্ণ ই আমার প্রাপ্য, আমি কাহাকেও অংশ দিব না। কাল পুনরায় খেলা আরম্ভ হউক, আমি বাজি নিশ্চঃ জিভিব। আর ছক ভাঙ্গিয়া দিব না।" বিচারকগণের মতে তাহাই ঠিক হইল।

সেইদিন রাত্রিতে যথন নিরাশহদয়ে শ্যায় শ্য়ন করিলান, তথন শুকুদেবের মূর্ত্তি মনে পড়িতেছিল। যথন পঞ্চীর নিদ্রায় অভিভূত, ভখন স্বপ্ন দেখিলাম, যেন আমার স্বর্গীয় গৃহ-শিক্ষক মিষ্টার কটন আসিয়াছেন এবং কাল খেলিতে ষাইবার জক্ত আমাকে পুনঃ পুনঃ অমুরোধ করিতেছেন। আরও ব্লিতেছেন, ভয় নাই, কল্যকার থেলায় তুমি শনিশ্চয়ই জয়লাভ করিবে। ভোমার পিতা আমাকে ও

বেরীকে বেরণ নিঃখার্বভাবে প্রভিপালন করিরাছিলেন এবং তুমিও বেরণ বরুত্রিম ভালবাদার দহিত দেরীর ভার গ্রহণ করিরাছ, কাল শানি ভা'র একটা ভূচ্ছ প্রতিদান করিব। খেলিতে বাইও,ভর পাইও না। তিনি যাইবার সময় সেই মারাত্মক চাল বাঁচাইবার চালও বেন বলিয়া দিলেন, কিন্তু আমার হুর্ভাগ্যক্রমে ভাহা বুরিতে পারিলাম না

তারপর দিন আবার খেলা সুরু হুইল: আবার 'ছক্' সাজান হইল। আমরা চালিতে আরম্ভ করিলাম। আমি ধীরে ধীরে ধুব সাবধানে চালিতে লাগিলাম। পরিশেষে সেই ভয়ন্বর সন্ধিস্থানে আসিরা পৌছিলাম, আমার প্রতিযোগী কালিকার সেই মারাত্মক চাল চালিলেন, আমাকে তাহার বিপরীতে চালিতে হইবে। আমি ভাবিতে লাগিলাম. আমার প্রতিঘন্দী একটি বিজ্ঞপের হাসি হাসিলেন। আর কত বিলম্ব করিব ?—চারিদিকে অন্ধকার দেখিলাম। এই বিপদের সময় চতুঃপার্ষে দর্শকেরা "ভাবিয়া খেলুন", "ভাবিয়া খেলুন" বলিয়া চীৎকার করিতেছিলেন। আমার হৃদয়ে কেবল গুরুদেবের মৃতি জাগিয়াছিল।

श्टें श्वामात्र माथा पृतिहा (शव। किन्न शतकरावे हाहिहा (पिर्), আমার গুরুদেবের ছায়া-শরীর সকলের অদুগুভাবে আমার দক্ষিণ পার্বে দভারমান। তিনি বাম হস্ত প্রসারিত ক্রিয়া খোড়াকে মন্ত্রীর প্রক্রে পঞ্চম খরে চকিতে বসাইয়া দিলেন। যেন চকুর পলক ফেলিতে না ফেলিতে এই কার্য্য সমাধা হইয়া গেল। আমার সর্কশরীর লোমাঞ্চিত হইয়া উঠিল। পার্ষে চাহিয়া দেখি, ছায়ামূর্তি অন্তর্হিত হইয়াছে :

চালটি দেখিয়া প্রথমে আমার প্রতিযোগী উচ্চৈ:স্বরে হাস্ত করিয়া উট্টিলেম। পরে যখন তাহার ওক্স বুঝিতে পারিলেন, ভখন তাহার মুখ অতীব বিমর্থ হইয়া উঠিল। তাহার পর আর পাচ-ছর চাল পরেই তিনি 'মাৎ' হইলেন এবং পরালয় স্বীকার করিলেল।

চারিদিকে দর্শকমগুলী আনন্দধ্বনি করিয়া উঠিল।

আমি তাড়াঁতাড়ি মেরীকে টেলিগ্রাম করিলাম, "আমি প্রতি-যোগিতায় প্রথম হইয়া এক হাজার পাউও পুরস্কার পাইয়াছি। তুমি ষত শীঘ্র পার, নিউইয়র্কে মাসিবার জন্ম প্রস্তুত হও।"

প্রেতাত্মার এ প্রতিদান, এ প্রত্যুপকার আমার অদৃষ্টের গতি किदारेश मिन।

ভাক্তার বাবু বলিলেন,—দেখুন, মরণের পরপারেও—স্থুল ও ক্ত্র জগতের শত ব্যবধানের মধ্যেও স্নেহের আকর্ষণ কত প্রবল, প্রীতির বন্ধন কত স্বৃদৃ !

জ্যোতিষী। আপনি যেরপ তন্ময়ভাবে 'অক্সং' শব্দের প্রয়োগ क्रिलन, आमार्मित मर्न रहेन, रान এ घरेनारी आपनारक नहेनाहै ঘটিয়াছিল। যাক, স্নেহের আকর্ষণ অথবা বৈরনিয়াতনের স্প্রহা মরিবার পরেও বর্ত্তমান থাকে। জোদেফ কটন তাহার প্রিয়তম ছাত্র ও ভাতৃত্বত্তীর হুরবস্থা দর্শনে তাহাদিগকে সাহাষ্য করিবার প্রয়োজন দেখিতেছিল, সর্বনাই এইজ্ঞ সে চিস্তিত ছিল, কিন্তু সহায়তা করিবার একট্ও হত্ত পাইতেছিল না। এখন দাবাথেলার সেই হত্ত পাইয়া কটনের মৃত আত্মা তাহার ছাত্রকে সাহায্য করিতে সমর্থ হইল।

নায়েব ৷ জোসেফ কটনই যে আসিয়াছিলেন, তাহারই বা প্রমাণ কি ? অক্স সাহায্যকারী আত্মাও তো আসিতে পারে।

জ্যোতিষী। অন্ত সাহায্যকারী আত্মা কেন আসিবে? ভাহার স্বাৰ্থ কি ? সে কি আকৰ্ষণে আসিবে ?

ি নায়েব। না আসিবে, তাহারই বা প্রমাণ কি। জ্যোতিষী। কৰ্মই অপর আত্মা আসিতে পারে না। আপনি বেশকুবিতেছেন, প্রতিবোদী জীড়ার একজনকে অক্সাররূপে সাহাব্য করিতে অক্ত আত্মার প্রবৃত্তি হইবে কেন ? তার্থ বা আকর্ষণ না থাকিলে এরপ অক্সার সাহাব্য অপর কোন আত্মা করিতে পারে কি ? সেইজক্ট বলিতেছি, ছাত্রের হর্দশা দূর করিবার জক্ত জোসেফ কটনের মৃত আত্মা বে আসিরাছিল তাহাতে সন্দেহ নাই। এক্ষেত্রে তো সেহের আকর্ষণে মৃত আত্মার আবির্ভাব হইরাছিল, কিন্তু আমি জামি একবার বৈরনির্য্যাতনের উদ্দেশ্যে ও তাহার প্রভুক্তার ইষ্ট সাধনের জক্তও প্রেতের পুনরাগমন হইরাছিল। আমি সে ঘটনার কথা কল্য বলিব।

পুরোহিত। জ্যোতিষী মহাশয় হাহা বলিলেন, তাহা অবশুই যুক্তিযুক্ত। অভকারমত সভা ভগ হউক :

**শ্রীঅমৃল্যচরণ সেন**।

#### জাপানের প্রেতাত্মা বিশ্বাস।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

এই বলিয়া পর্বতবাসী তাঁহাদের নিকট হইতে বিদায় লইয়া চলিয়া গেলেন। সেই রাত্রিতে একটা থেকশিয়ালী বত্রিশ বৎসর বয়স্কা রমণী মুর্বি ধারণ করিয়া গৃহস্বামীর শ্ব্যাপার্শে আসিয়া উপস্থিত হইল এবং তাঁহাকে আহ্বান করিয়া বলিল, "গত বৎসর বসন্তের সমন্ন আপনি অনুপ্রাহ করিয়া বে শৃগালশাবকের প্রাণ রক্ষা করিয়াছিলেন, আমি ভাহার মাতা। আপনার নিকট আমরা এতদিম ঋণী ছিলাম। জীবিত শৃগালের যক্তং বাতীত আপনার পুত্রের ব্যারাম আরোগ্য হইকে না শুনিয়া আমি আমার সেই শাবকটীকে হত্যা করিয়া তাহার



বঙ্গুংটা আমার খামীর খারা আপনার বাটাতে পার্টাইয়া দিয়াঁছিলাম।
তিনদিন পূর্বে বে ব্যক্তি আপনাদিগকে যক্তং দিতে আসিয়াছিলেন
তিনি আমার স্থামী। আজ আমরা আপনার ঋণ হইতে মুক্ত
হইলাম। এই বলিতে বলিতে সেই রমণীর গণ্ডস্থল অঞ্জলেল প্লাবিত
হইয়া গেল। গৃহখামী ধন্তবাদ দিবার জন্ত উঠিয়া বসিতে উন্তত হইলে
তাহার গাত্র সংস্পর্শে তাঁহার স্ত্রীও জাগরিত হইলেন। অনন্তর তাঁহার
খামীকে সজলনয়নে পর্য্যাপরি উপনিষ্ট দেখিয়া তিনি ব্যক্ত হইরে
হারণ জিজ্ঞাসা করিলেন। স্থামী সমস্ত ঘটনা আমূল বর্ণনা করিলে,
সভী আর ক্রন্দন সংবরণ করিতে পারিজেন না। পশুর এই কৃতজ্ঞতার
পরিচয় পাইয়া তাঁহারা কিয়ৎক্ষণ মন্ত্রমুগ্ধবৎ হইয়া রহিলেন। পরে
উভয়ে মৃত শাবকের আত্মার মঙ্গলার্থে সমস্ত রাত্রি ঈশরের নিকট
কায়মনবাক্যে প্রার্থনা করিতে লাগিলেন। রাত্রি প্রভাত হইলে এই
কথা সর্বত্র প্রচার হইয়া পড়িল এবং খেঁ কশিয়ালিকে এইরূপে কৃতজ্ঞতা
প্রকাশ করিতে দেখিয়া সকলে বিশ্বিত হইলেন।

পীড়িত বালক আরোগ্যলাভ করিয়া তাহাদের বাচীর এক সর্ব্বোৎকুই স্থানে খে কশিয়ালের দেবতা "ইনারী সামা"র জক্ত এক সুন্দর
মন্দির প্রতিষ্ঠা করিলেন। প্রবাদ আছে যে এই "ইনারী সামা",
সর্ব্বপ্রথম ধানগাছের আবিষ্কার করেন। জাপানীরা "ইনারী সামা"কে
যথেষ্ট ভক্তি করিয়া পূজা করিয়া থাকেন। প্রায় প্রত্যেক জাপ-গৃছে
ইহার একটা মন্দির আছে। প্রত্যেক নুতন বংসরের বিতীয় মাসে
নামাপ্রকার বাদ্য বাজাইয়া ইংগর পূজা দেওয়া হয়। বালক বালিকাগণ
বিশেষভাবে এই পূজা বোগদান করে।

জাপানীরা যত অর্থলোলুপ হইতেছে, "ইনারী সামা"র পূজার সর্ক্ষাম তত রৃদ্ধি পাইতেছে। শীমন্মধনাথ বোব, এম, সি, ই।

## "অলৌকিক বার্ত্তা।"

ব্রাহ্মণবাড়ীয়ার সন্নিকটে একটা গ্রামে জ্রীমান্—বাস করে। সে करत्रक वरनत शृर्स्त बाञ्चगवाड़ीया এड छत्रार्ड ऋत्व व्यामात हाव हिन। তখন তাহার প্রশান্ত মধুর মূর্ত্তি—ভাহার সরল ধার্ম্মিক ভাব দেখিয়া কত আনন্দ পাইতাম। তারপর জীবনের উপর দিয়া কত ঘটনা প্রবাহ বহিয়া গিয়াছে—কত দেশ দেশান্তর ঘুরিয়াছি, তবু তাহার স্বৃতি মানম্পট হইতে মুছিয়া বায় নাই। সম্প্রতি আমি ব্রাহ্মণবাড়ীয়া গিয়া-ছিলাম। সেথানে একখানি ঐতীরামক্কফ কথামৃত দেখিয়া মালিকের नाय जिब्बानात्र जानिनाय, পুস্তকবানা औयात्तत्र । তথन औयान्त्र দেখিতে বড় বাসনা হইল-কারণ ধর্মভাবের ভাবুক আদর্শ হিন্দু সন্তান দেবিবার সাধ কিছুদিন যাবৎ প্রাণে জাগিয়া উঠিয়াছিল। তাই 🗬 মান্কে দেখিবার জন্ম আকুল হইয়া উঠিলাম। সেই দিনই তাহার বাড়ীতে গমন করিলাম, সেধানে যাইয়া শ্রীমানের সহিত সাক্ষাৎ হইল। পাঁচ বংশরের পর শ্রীমানকে দেখিলাম। তাহার চেহারার অনেক পরিবর্ত্তন হইয়াছে। শরীরের রঙ অনেকটা কালো হইয়া গিয়াছে। শ্রীমান্কে তাহার ধর্মজীবনের তাবৎ ঘটনা বিবৃত করিবার জন্ম ব্দমুরোধ করিলাম। সে যাহা বলিল তাহার সার মর্ম নিম্নে প্রকাশ করিলাম ঃ---

সে আদ্ধ পাঁচ বৎসরের কথা। তথন বালক মৌণবা বাদার প্রবেশিক।
বিদ্যালয়ে পাঠ করিত। সেই সময়ে মৌলবা বাদার কালী বাড়াতে
একজন সন্ন্যানী গুভাগমন করেন। সন্ন্যানীর বন্ধস বোড়শ বর্ষ। ইন্দ্রেখার মত ললাটে ঘন কৃষ্ণ কেশদাম মগুণাকারে বুলিয়া পড়িয়াছে—
বাল-কন্দর্পবিৎ মনোহর মূর্ত্তি। সন্ন্যাসার পরনে সৈরিক বুর্নের ধুতি,

ও গায়ে জামা ছিল। তিনি কিন্নর কঠে গান গাইতে পারিতেন-হতদুর জানা গিয়াছিল, তাঁহার বাড়ী হুগলী জেলায়। সেই সন্ন্যাসীর কাছে প্রীমান সর্বাদাই যাতায়াত করিত। একদিন সন্ন্যাসী তাহাকে নির্জ্ঞান ভাকিয়া লট্মা এক অলৌকিক দুখা দেখাইলেন। সে তাহার চক্ষুর সমক্ষে সহসা এক অপরিচিত রম্য পার্ববিত্য প্রদেশ দেখিতে পাইল। নিজকে অপরিচিত দেহে তথায় দণ্ডায়মান দেখিল। তা**হার** পার্শে কুটীর স্মুধে অন্ত একটি যুবককৈ দেখিল--সেই অপর বাজিকে তাহার ভাতা বলিয়া বোধ হইল। গণেক পরে সেই স্থানে একজন সন্নাদী আগমন করিলেন। সন্নাদী আদিয়া অতি রুচ ভাষার তাহাদিগকে তিরস্কার ক<sup>্</sup>রতে লাগিলেন। তাহাতে শ্রীমান তাঁহাকে ষ্টির ছারা তাডন করিল, প্রহারের ফলে সন্ন্যাসীর শেষ দশা উপস্থিত হইল। তাহার মরণ সময়ে খ্রীমানের অমুতাপ হইল। সে তথন তাহার ক্বতকার্য্যের জন্ম অমুতাপ করিয়া সন্মাসীর কাছে বর চাহিল—"আমার হুদ্ধার্য্যের জন্ত যে শান্তি বিহিত হয়, পরলোকে যেন আমাকে তাহাই ভোগ করিতে হয় -- কিন্তু এই বর দান কর, যাহাতে আমি পরক্ষে ধর্মভাব লইয়া জন্মগ্রহণ করিতে পারি"। সরাসা বর প্রদান করিলেন। সহসা স্বপ্নের মত সমস্ত দুখ্য অন্তর্হিত হইন। শ্রীমান দেখিতে পাইন, সে কালীবাড়ীতে তব্ধুণ সন্ন্যাসীর সমক্ষে দণ্ডায়মান বহিয়াছে। তিনি মৃত্ মৃত্ হাস্ত করিতেছেন। সন্ন্যাসী কহিলেন "তুই তোর পূর্ব জন্মর খটনা প্রতাক্ষ করিয়াছিল। সময়ান্তরে সমস্ত বুঝিতে পারিবি"। ভার পর দিবস সম্যাসী শ্রীমানুকে জিজ্ঞাসা করিলেন, "তুই ঈথর মানিস্ ?" পে কহিল, "নিশ্চয়ই মানি"। তখন সেই সন্নাসী বলিলেন, "তুই কখনও ঈশ্বকে দেখিস্ নাই, তবু বলিতেছিস্ তাঁহাকে মানি। ঈশ্বর মানি না এই কথা ভোর দার। মিনিটে মিনিটে কহাইব।"

কিছুদিন পরে সন্ন্যাসী চলিয়া গেলেন। যাইবার সমন্ন বলিয়া

(शालन, "जानि हिमाहत्व जानात जानाय वाहरू हि-नगरत त्वा रहेरव।" किছुनिन भरत वैभान् खाञ्चनवाड़ोग्ना हिन्द्रा चाहेरम । रमबारन হঠাৎ স্ক্রাণেহে সন্ন্যাসী আসিয়া উপন্থিত হন ও মুহুর্তের মধ্যে স্ক্রাণেহে ভাহাকে সঙ্গে লইয়া হিমাচলের আশ্রমে গমন করেন। আশ্রমটি **শতি মনোহর স্থানে অবস্থিত--নানাবিধ ফল-ভারাবনত নয়নাভিরাম** পাদপরাজি আশ্রমের শোভা বর্ধন করিতেছে। অযুত তরুতে অযুত বর্ণের সুগন্ধ পূপা প্রকৃটিত রহিয়াছে 🕴 পুপোছানে মাতৃমন্দির শোভা পাইতেছে। মন্দির হইতে এক অপূর্ব দিব্য জ্বোতি: বিচ্ছুরিত হইতেছে। মন্দিরে কালী মা বিরাজ করিতেছেন। মার প্রতিমা জীয়স্ত —তিনি হাসিতেছেন—গাইতেছেন—ক্র<sup>†</sup>ডারঙ্গ করিতেছেন। তরুণ সন্ন্যাসী ও তাহার একটি সুকুমার ভাদশ বর্ষ বয়স্ক শিশু মায়ের কাছে পান গাইতেছেন। সে স্বর্গীয় সঙ্গীতের প্রতি বঙ্কারে অমিয় উর্থলিয়া পড়িতেছে। কত রুফ্ট বার বিচরণ করিতেছে, কত পক্ষী কলরবে গাইতেছে, কত আরতির ধুম উজিতেছে। আশ্রমের পার্শ্বে একটি আঁকা বাঁকা চাকু পথে একটি প্রকাণ্ড ব্রান্ত ভইয়া রহিয়াছে। অদূরে এক মহাশ্রশান বিরাজ করিতেছে। উপরে দোলমঞ্চের আকারে একটি রমণীয় শৈল শোভা পাইতেছে। নিয়ে রজত-হত্তের মত একটি তর্দিণী প্রবাহিত হইতেছে, এমন আশ্রমশোভা অমরাবতীতেও তুর্লভ! এই ঘটনার পর হুচতে শ্রীমান্ ছয় বৎসর যাবৎ স্ক্র দেহে সেই আশ্রমে গমন করিতেছে। সেধানে সে সন্নাসী ও তাহার বালক শিষ্মের সহিত মিলিত হইয়া মাথের অর্চনায় যোগদান দিয়া আসিতেছে। একদিন সন্নাসী প্রীমান্কে স্বহস্তে একটি কালিকা মূর্ত্তি গঠিত করিয়া পূজ। করিতে আদেশ দেন। সন্ন্যাসী প্রদর্শিত खानानी अञ्चलारत शृका कतिया माज मृत्राती मा िव्यती बहेना कीवर হইরা উঠিলেন, নৈবেছ আহার করিলেন, অমির মধুর রবে কত কথা

কৃছিলেন। বহু পুণাকলে শ্রীমান্ এমন ভাবে মায়ের পূজা করিয়াছেন।
মুখারী মা চিগায়ী বাঙ্ময়ী প্রাণময়ী হইয়া শ্রীমানের পূজা গ্রহণ
করিয়াছেন।

শ্রীমানের মুখে আরও অনেক অন্তুত কথা শুনিয়াছি। প্রাশুক্ত মহা-শ্রশান নাকি লোকপরীকার স্থান। কাহার মনে কোনও তুরভিসন্ধি আছে কিনা, কেহ হাসির বিজ্ঞার অন্তরালে অশনি লুকাইয়া রাখিয়াছেন কিনা— শ্রামবর্ণ শংপার ভিতর সর্প প্রফল্ল রাখিয়াছেন কিয়া, তাহার পরীক্ষার স্থান সেই শ্রশানভূমি। কেহ বিগত জীবনে কোন তৃষ্ণ করিয়া থাকিলে, কিয়া ভবিয়ৎ জীবনে কাহার দারা কোন য়ানিজনক কার্যা অনুষ্ঠিত হইবার হহলে সেই শ্রশানভূমিতে সেই সেই ঘটনার অভিনয় হয়।

এক দিবস ব্রাহ্মণবাড়ীয়ার নিকটবর্ত্তী কোনপু গ্রামের একজন প্রসিদ্ধ মহাপুরুষের বিষয় জানিতে কৌত্হলী হইয়া শ্রীমানের কয়েকজন বন্ধু শ্রাশানে তাহার প্রকৃত স্বরূপ দর্শনের জন্ম শ্রীমান্কে অয়ুরোধ করেন। শ্রীমান্ পরদিন সেই শ্রাশানে সেই মহাপুরুষকে দেখিবার শ্রুতিলাধ প্রকাশ করিলে তৎক্ষণাৎ সেই বিজন শ্রামানে রক্ত বন্ধ পরিছিত সেই মহাপুরুষ বিচরণ করিতেছেন দেখিতে পাইলেন। তাহার হাতে একটি ধূনি ছিল—তাহা হইতে স্থান্ধি ধূম উথিত হইয়া বায়্মগুল আছের করিতেছিল। শ্রীমান্ ইতিপুর্বে আর কথনও সেই মহাপুরুষকে দেখেন নাই। অল্লাদন পরে অন্তন্ত্র তাহাকে দেখিয়া সেই শ্রামান্দ্র মহাপুরুষকে দেখেন নাই। অল্লাদন পরে অন্তন্ত্র তাহাকে দেখিয়া সেই শ্রামান্দ্র মহাপুরুষের সহিত অভিন্ন বলিয়া চিনিতে পারিয়াছিল। একবার শ্রীমান্ তাহার তিনজন বন্ধুকে তাহার সাধন-প্রশালী শিক্ষা দিবার সংকল্প করিয়াছিল। তাহার গুরু এই কথা অবস্ত হইয়া শ্রীমান্কে বলিলেন শিইহারা খারাপ লোক, এদের

কথনও সাধন প্রণালী দিতে নাই"। তথনি তিনি শ্রীমানকে লইয়া শাশ্রমনিয়ে নদীতীরে উপনীত হইলেন। সেথানে যাইরা একখানা অতি ক্ষুদ্র তরণীতে আরোহণ করিলেন: প্রীমান্ স্বিশ্বয়ে দেখিতে পাইলেন তাহার পূর্ব্বোক্ত বন্ধুত্রয়ও তীরে দুখান্নমান রহিয়াছে। সন্ন্যাসী সকলকেই নৌকান্ন উঠিতে আহ্বান করিলেন। খ্রীমান্ ভাহাদিগকে নৌকায় উঠিতে বলিল, ভাহারা উঠিতে চাহিল না, কহিল "তুই কি পাগল হইয়াছিস যে, এই বেটার ক্ৰায় কৰ্ণাত করিয়া এমন ক্ষুদ্ৰ নৌকায় উঠিব ! এখনি যে ডুবিয়া মরিবি। আমরা কোন মতেই এই প্রভারকের কথায় বিশ্বাস করিয়া প্রাণ দিতে পারিব না"। এমানের সমস্ত অমুরোধ, অমুনয় নিক্ষন इहेन। छथन महाामी तोका इहेर्छ नामिशा श्रीमान्रक कहिरनन, ভুট ভাহাদিগকে নিয়া ওপারে যা। এরা ভোর বন্ধু, ভোর কথায় নিশ্চম্ন প্রত্যম করিবে"। শ্রীমান্ও তাদের অনেক সাধিল, তাছাতেও क्त इहेन ना। श्रीमान निक्रभाग्न हहेग्रा ७३वी इहेट व्यवज्य करिन। छथन महामि कहिलन, "(पथिल এवा कमन लाक, अमन लाक ধর্মপথে অগ্রসর হইতে পারে না।" সন্ন্যাসীর একটা বড় বিশেষত্ব ভিনি যাহ। বলেন, তাহাই তখন কার্য্য হারা প্রমাণ করিরা দেন। এক দিবদ শ্রীমান বিজ্ঞাসা করিল "গুরুর আবশুকতা কি ? দীকা প্রাহণ না করিলে কি মাতুর অন্তাসর হইতে পারে না ? সন্ন্যাসী ভশুহুর্ত্তে ভাষাকে নদী ভীরে লইয়া গেলেন। নদীর উপর একটা কাষ্ঠমর সেতু ছিল। সমান্তরালভাবে সজ্জিত কাষ্ঠশ্রেণীর মাঝে মাঝে অনেকটা ব্যবধান ছিল। সন্ত্যাসী অপর তীরে গমন করিয়া **এিমান্কে সেইধানে বাইতে আদেশ করিলেন। এীমান্ কিঞিৎ** অগ্রদর হইরাই আর পারিল না। আতত্তে তাহার আত্মা-পুরুষ ভছ হুইয়া গেল-কৰ্মন যে নিয়ে পতিত হুইবে এই ক্**ৰা** ভাবিয়া

ভাহার মাধা খ্রিভে লাগিল। শ্রীমানের এই অবস্থা দেখিরা সম্নাসী পলকে আসিয়া ভাহাকে অপর পারে লইয়া গেলেন, ভৎপরে কহিলেন "এখন দেখিলে শুকুর আবশুক্তা কি ?"

দে দিন মৃত্তিপ্লাসম্বন্ধে লেখকের সহিত শ্রীমানের তর্ক বিতর্ক
হয়। ইহার কিছুদিন পরে শ্রীমান্ স্ক্লেদেহে আশ্রমে গেলে পর
তাহার গুরুদেবের সহিত এই বিষয় সম্বন্ধে আলাপ হয়। সন্ন্যাদী
তৎক্ষণাৎ একখানি দেবীমৃত্তি অন্ধিত করিয়া শ্রীমানের হস্তে প্রদান
করিয়া কহিলেন, "তুই এক ঘণ্টা ঘূরিয়া আদিয়া আমাকে এই চিত্রটি
কিরাইয়া দিবি।" শ্রীমান্ এক ঘণ্টা আশ্রমদিরিহিত শৈলমালার
শ্রমণ করিতে লাগিল—এদিকে তাহার হস্তের ছবিটার মন্তক হস্ত
পদাদি অন্ন প্রত্যান্ধ ক্রমে বিলুপ্ত হইতে লাগিল। শ্রীমানও ভয়ে
ঠক্ করিয়া কাঁপিতে লাগিল। সন্ন্যাদীকে কি উত্তর দিবে
ভাবিয়া পাইল না। যাহাই হউক এক ঘণ্টা পরে যখন ছবিটি
শুরুর হস্তে প্রত্যর্পণ করিল, তখন সবে মাত্র পা দুখানির ক্রীপ
আভাস পরিদৃষ্ট হইল। শ্রীমান ইহার মর্ম্ম বুঝিতে পারিল না।

শ্রীমান্ তিনবার সাংসারিক ঘটনায় গুরুদেবের সাহায্য চাহিয়াছে।
একবার শ্রীমান্ পশ্চিমাঞ্চল গ্রমণে বহির্গত হয়। সে যে সহরে
কিছুদিন অবস্থান করে, তথায় একটা কুলি ডিপো আছে। সেখানে
সে একটি রমণীকে দেখিতে পায়। রমণীর সঙ্গে তাহার একটি
অল্পরয়র সন্তান ছিল। শ্রীমানের সঙ্গে তাহার পরিচয় হইলে পর
তাহার করুণ কাহিনী শুনিয়া তাহার স্থায় বিগলিত হইয়া নয়নে
অশ্রধারা বহিল। শ্রীমান্ নারী মাত্রকেই জননীর স্থায় দেখে,
রমণীর তৃঃখ সে সহু করিতে পারে না। সে রমণীকে পরামর্শ দিল,
বর্ধন তাহাকে ম্যাজিট্রেটের কাছে লইয়া বাইবে, সে বেন কিছুতেই
কুলি হইতে শ্রীকার না করে। রমণী তাহার কথামতই কার্য্য করিল।

কুলি-ডিপোর কর্তৃপক্ষণণ রমণীর এই আচরণে অতীব ক্রছ হইরা ভাহাকে নির্দয়ভাবে প্রহার করিল ও ভাহাকে ভালাবদ্ধ করিয়া একটি কুটরিতে অবক্লব রাখিল। সেইদিন সন্ধার সময় শ্রীমান্ কুলিডিপোতে পদার্পণ করিবা মাত্র সেধানকার লোকেরা তাহাকে ভীব্রভাবে ভিরম্বার করিতে লাগিল। ভাহারা কহিল বে, রম্ণী শ্রীমানের পরামর্শে ই কুলি হইতে অস্বীকার করিয়াছে।

শ্ৰীমানু অত্যন্ত মৰ্মাহত হইয়া কৰিল, "আমি যদি মানুষ হই তবে ভোমরা এই রমণীকে রাখিতে পারিবে না।" এই কথা বলিয়া সেম্বান পরিত্যাগ করিল। পথে আসিয়া শ্রীমাম ভাবিতে লাগিল-প্রতিজ্ঞা ত করিলাম রমণীকে উদ্ধার করিব, কিন্তু রোষবশে যাহা প্রতিজ্ঞা করিয়াছি, তাহা কার্য্যে পরিণত করিশার বিন্দুমাত্র ক্ষমতা ত আমার নাই। এইকথা ভাবিতে ভাবিতে তাগার মন আকুল হংখা উঠিল। মনে মনে প্রতিজ্ঞা করিল কথা যদি না রাখিতে পারিলাম, তবে জীবন রাখিব না। কলাই জীবন শেষ করিব।

প্রদিন তাহার জীবনের শেষদিন ভাবিয়া শ্রীমান চঞ্চল হইয়া উঠিল। রাজপথে ভ্রমণ করিতে বাহির হইল—কিন্তু কিছুতেই শান্তি পাইল না। আবার গুহে ফিরিয়া আসিয়া শ্যার আশ্রয় লইল, রজনী প্রভাত হইল, পাধী ডাকিল, সূর্য্য উঠিল। খ্রীমান পরলোকের যাত্রী হইবার জন্ত আয়োজন করিতেছে, এমন সময়ে কুলী ডিপো হইতে একজন লোক আসিয়া কহিল, "আপনি আমাদের কুলি ভাগাইয়া দিয়াছেন। কাল বাত্তে সেই ব্যণী অন্তর্হিত হইয়াছে। আপনাকে একশত টাকা ক্তিপুরণ দিতে হইবে।" খ্রীমান্ অবাক্ হইয়া সব কথা শুনিল্লা পরে বলিল, "ভোমরা রমণীকে তালা বন্ধ করিয়া রাখিলে, সারারাত লোক রা**বি**য়া পাহারা দিলে—আমি কি**রূপে** ভাহাকে ছাড়িয়া দিশাম ! তোমরা এক্লপ অসম্ভব কথা কেন বলিতেছ, বুঝিতে

পারি না।" সে লোক তথন শ্রীমানের কথার গারমর্ম উপলব্ধি করিতে পারিয়া ক্লা মনে প্রত্যাবর্ত্তন করিল। ইহার কিছু দিন পরে শ্রীমান আশ্রমে গেলে রমণী উদ্ধার বিষয়ে তাবং বস্তাস্ত ভরুর নিকট প্রবর্ণ করিল, গুরু তাহাকে পুনর্বার এরপ না করিবার क्क्म वित्मवं छात्व जावशान कविशा मितन ।

এই ঘটনার বছদিন পরে এমানের কোন কার্য্য করিতে বাইয়া তুইটি লোক সাংঘাতিক পীড়ায় আক্রান্ত হয়। তাহার বরু তুইটি লোক মৃত্যুৰে পতিত হইবে এই কথা ভাবিয়া খ্ৰীমানু অত্যন্ত অশান্তি ভোগ করিতে লাগিল। কিছুকাল পরে এক দিবদ আশ্রমে যাইয়া ওঞ্চ দেবের নিকট ভাহাদের প্রাণ রক্ষা করিতে অমুরোধ করিল—ভাহার প্রার্থনা পূর্ণ হইল। কিন্তু এবার তিনি তাহাকে অত্যন্ত তীব্রভাবে তিরস্কার করিলেন। কোনও প্রকার অলৌকিক ক্ষমতা-প্রদর্শনে তাঁহাকে বাধা করিতে এবারও বিশেষ ভাবে নিষেধ করিয়া দিলেন।

এই ঘটনার অনতিকাল পরেই শ্রীমানু কয়েকজন শক্রর হস্তে অত্যন্ত লাঞ্ছিত হয়। তাহারা তাহার নামে নানা মিধ্যা অপবাদ তুলিয়া তাহাকে মর্ম্মান্তিক যন্ত্রণা প্রদান করে। এবার সে গুরুর নিকট তাহা-দিগকে কিছু শিক্ষা দিতে প্রার্থনা করে। আর গুরু সহ করিতে পারিলেন না —প্রবল রোবে ভাহার নেত্রময় বহিময় হইয়া উঠিল। তিনি সক্রোধে কহিলেন "তুই এরপ করিস্ত তোকে শেষ করিয়া আমি নিজেও শেষ হইব।"

मन्नामीत वश्म वर्षमान अकूम वरमत । अभत निवारि वाज्यवर्ष পদার্পণ করিয়াছে। শ্রীমান আজকালও প্রায়ই হিমাচলে ষাভায়াত করে।+

১৩১৬ সালের চৈত্রের 'প্রকাশক্তি'তে উক্ত প্রথম বাহির ছইরাছিল। আমরা ইহার সভাত। সহজে নিঃসন্দেহ হইয়া এই পত্রিকার নামও প্রকাশিত করিলাম। विट्निय कांत्रप केरे बानकत्रभी माधुत नाम अकान कत्रिनाम ना। चार मर।

## পুনরাগমন।

(60)

বান্ধণের বাটীর ভিতর যাওয়ার পরমূহুর্তেই ডাক্তার বাবু আসিয়।
উপস্থিত হইবেন। দেখিলাম তিনি একাকী। তাঁহারে সঙ্গে আমি
খুরাপিতামহের আগমনের প্রত্যাশা করিতেছিলাম। তাঁহাকে একাকী
দেখিবামাত্র দাদামহাশরের আগমন সম্বন্ধে নিরাশ হইলাম। কেন
হইলাম, তাহা আমি বলিতে অক্ষম। মনে মনে সংকল্প করিলাম,
ডাক্তার বাবু নিজে কিছু না বলিলে, আমি দাদার সম্বন্ধে কোনও কথা
জিজ্ঞাসা করিব না। তাঁহার অমুপস্থিতির কারণ জিজ্ঞাসা করিব মনে
করিয়াছিলাম, দাদাকে না দেখিয়া তাহা করিতেও নিরস্ত হইলাম।

ভাজার বাবু ধীরে ধীরে আমি বেখানে দাঁড়াইয়াছিলাম, সেইদিকে আদিতে লাগিলেন। সেগানটায় একটু অন্ধকার ছিল, স্বতরাং আদিতে আদিতে প্রথমে আমাকে দেখিতে পান নাই। সেই ছায়ার অস্তরাল হইতে চক্রকিরণ প্রতিফলিত ভাজার বাবুর মুখ দেখিয়া আমার সর্বাশরীর শিহরিয়া উঠিল। তিনি মাটীতে হাঁটিতেছেন, কিন্তু ভাঁহার চক্ষু যেন আকাশে নিবন্ধ রহিয়াছে। অগ্নির উভাপে লোহ-গোলক ষেত্রপ ছাতিময় হয়, সেইরপ যেন একটা জ্যোভির ছটা তাঁর মুখে চোখে খেলা করিতেছে। চক্রকিরণ আদিয়া, মুথে পড়িয়া সেই জ্যোতির সঙ্গে খেলায় যোগ দিয়াছে। তিনি আমার সমুপস্থিত হইয়াও আমাকে দেখিতে পাইলেন না। কালুকে দেখিলেন, এবং জ্যোলা করিলেন, যে বাবু আদিয়াছেন তিনি কোথায়? কালুবালিল—ভোমার চোখ ছটা কোথায় রহিয়াছে বাবু ? সেই কথায় অপ্রভিত হইয়া ভাজার বাবু ইতন্ততঃ চাহিলেন, আমাকে দেখিলেন !

দেবিবামাত্র দণ্ডবং প্রণাম করিলেন। আমি সবিশ্বরে তাঁহার হাত ধরিয়া জিজ্ঞাসা করিলাম, এ আপনি পাগলের মত কি করিতেছেন ? ডাক্তার বাবু প্রণত অবস্থাতেই বলিলেন, গোপীনাথ, ভাই! আমি শামার কর্ত্তব্যই করিতেছি, তুমি আমাকে বাধা দিও না। তোমার রূপাতেই আমার আজ পো-জন্মের অবসান হইয়াছে। আমি হারান মসুবাজ ফিরিয়া পাইয়াছি। তুমি আমার চির নমস্ত। তোমার পিভামহের কাছে আমি মন্ত্রণীক্ষিত, তুমি সেই ইপ্টবংশে জন্মগ্রহণ কবিয়াচ।

তিনি দাঁড়াইলেন। উন্মন্ততার চিহ্ন দেখিবার জন্য তীব্রদৃষ্টিতে আমি তাঁহার মুখের পানে চাহিলাম, দেখিলাম মুখ-সৌলর্য্য শান্ত, बृष्टि च्या क्या व प्रतिकास ना, कथा कि बनास ना।

ইত্যবসরে তুর্গা ফিলিয়া আসিস। ডাক্তার বাবুকে দেখিয়াই বলিল, "ওগো! তুমি পা ধুইয়া লও, দেরি করিতেছ কেন ?" ডাক্তার ৰাবু তুৰ্গাকে দেৰিয়াও ভূমিষ্ঠ হুইয়া প্ৰণাম করিলেন। দেৰিয়া আমি নিশ্চয় বুঝিলাম, তিনি পাগল হইয়াছেন, এবং তাহাকে প্রণাম-রোগে ধরিয়াছে। কিন্তু তুর্গা একটাও কথা কহিল না। বিশায়ের সামাত্র ৰাত্ৰ ভাবও দেখাইল না।

প্রণামান্তর যথন ডাজার বাবু দাঁড়াইলেন, তখন বলিল রাত্রি অনেক হইয়াছে থাবার জিনিব ঠাণ্ডা হইয়া যাইতেছে, শীঘ্ৰ আহার कविरव हन्।

ভাক্তার বাবু বলিলেন, আমি দিদি প্রসাদ পাইয়াছি। তুর্গা बनिन छ। २'क, व्यामि दनिएछि, नहित्न मामा दृःथ कतिर्दन।

ডাক্তার বাবুর কৈফিয়ৎও গুনিলাম, ছুর্গার আদেশও গুনিলাম। এই অল সময়েই উভয়ের মধ্যে কি সম্ম স্থাপিত হইয়াছে, **আ**র সে সম্বাদ্ধর বিষ্ট্রে ছুর্গা কি বুঝিরাছে, আমি কিছুই বুঝিতে পারিলাম না। লমভ কথাবাৰ্ডাগুলা আমার কাছে ইেয়ালির মভ বোধ হইল। चामि रुज्ज रहेवा (शनाम अवर (प्रवापित्र-वर-विज जास्त्रात বাবুর অফুসরণ করিলাম।

(8.)

আহারান্তে, ৰখন বিশ্রাম করিতে আসিলাম, তখন রাত্তি খিতীয় প্রহর অতীত হইয়া গিয়াছে। গ্রামে বিজয়ার কোলাহল একরণ নির্বাপিত হইরাছে। পল্লীগ্রামের নীরবতা আমাকে সহরবাসী বুঝিয়া, খনাকারে আমাকে খেরিয়া রহস্ত করিতে আসিয়াছে। সে রহস্ত আমার বড় ভাল লাগিল না ৷ নীরবভার চাপে প্রাণটা আমার কেমন ধড়ফড করিতে লাগিল। আহারের সময়ে আমি ডাক্তার বাবুর সহিত কোনও কথা কহি নাই। ডাক্তার বাবুও আমাকে কোনও কথা কহেন নাই।

মনে করিলাম, বিশ্রামান্তে স্বতঃপ্রব্রত হইয়া তিনি সমস্ত ঘটনা আমার কাছে প্রকাশ করিবেন। কোন কণা কওয়া দুরে থাক, ভিনি আমার কাছে কেমন একটা সঙ্কোচভাব দেখাইতে লাগিলেন এবং আমার নিকট হইতে অনেক দুরে শন্তনের ব্যবস্থা করিলেন। শন্তনের সঙ্গে দেখিলাম, তিনি গাঢ় নিদ্রায় আচ্ছন হইয়াছেন। একে পিতামহ সম্বন্ধে তাঁহাকে কোন কথা জিজাসা করিব না স্থির করিয়াছি, ভাহার হুর্বোধ্য আচরণে বিশিত হইয়াছি। অবচ দে নিভন্ধতার মধ্যে আমার নিজা নাই। দেহ ক্লান্ত, মনও চিন্তা করিতে অশক্ত হইয়া অবসন্ন। সে যে কি ভীষণ অবস্থায় পড়িয়াছিলাম, এখনও পর্যান্ত ভাবিলে শরীর শিহরিয়া উঠে। প্রতি মুহুর্তেই মনে হইতেছিল বেন দেহের মধ্যে জীবন-মরণের সংগ্রাম চলিতেছে। সহসা সেই নিস্তব্তা ভঙ্গ করিয়া শব্দ উঠিল "আর কেন ? ঘরে কিরিয়া যা" শব্দটা ভনিরাই চমকিরা উঠিলাম। বুক হরু ছরু কাঁপিরা উঠিল।

ভূত-প্রেতাদিতে বিধান না পাকিলেও নির্নন্ধ ভরটা আমাকে প্রবল বেগে আক্রমণ করিল। প্রথমে ভাবিলাম, বাছিরে হয়ত কে কাহাকে আদেশ করিতেছে, অপচ স্বরটা বাহিরের বলিয়া বোধ হইল না। অতি কটে হালয়টাকে স্থির করিয়া উৎকর্ণ হইয়া রহিলাম, আবার যদি কথা শুনিতে পাই। আবার সেই গভীর নিশুক্তা। তবে কি এ আমার শ্রুতি-বিভ্রম! কিন্তু আমিতো স্পষ্ট শুনিয়াছি। কে বেন সুস্পট্ট কথার আমার ঘরের মধ্যে, কানের কাছে আসিয়া বলিয়াছে

অনেকক্ষণ, আর একটা কথা শুনিব মনে করিলাম, কিন্তু একটা উচ্চিচিঙ্গ পর্যান্ত সে রাত্তিতে সে শব্দের অমুসরণ করিল না। কেবল নিদ্রিত ডাক্তার বাবুর নাসিকা বিনির্গত ধ্বনি উন্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া, সেই ঘরটাকে প্রতিধ্বনিত করিতে লাগিল।

শ্রুতিবিভ্রম স্থির করিয়া নিশ্চিন্ত হইয়াছি, চোণেও পুমের আবেশ আসিয়াছে, এমন সময় আবার শব্দ উঠিল "যা যা ঘরে ফিরিয়া বা"। ভয়ে এবার আর স্থির থাকিতে পারিলাম না। ঘরে দীপ জলিতেছিল, ভাহাও নির্মাণোশুধ হইল। আমি ডাক্তার বাবুকে ডাকিলাম। উত্তর পাইলাম না। উচ্চতর স্থরে আবার ডাকিলাম, তাঁহার নাসিকার ধরনি গভারতর হইয়া আমার স্বর ঢাকিয়া দিল। তৃতীয়বার ডাকিতে বাইতেছি, এমন সময়ে বোধ হইল যেন ডাক্তার বাবু কথা কহিছেতছেন। খেন কা'কে কি বলিতেছেন। প্রথমে কথা অপ্পষ্ট, ওঠের বাঁধ ভাঙ্গিয়া কথাগুল। শ্রেণীবদ্ধ হইয়া বাহির হইতে পারিতেছিল না। কথাগুলা যথন অনেকটা প্রস্তি হইল, তখন বুঝিলাম তিনি স্থপ্নে কাহার লহিত কথা কহিতেছেন। স্থপ্রের সহচর ষদিও কি বলিতেছে ওনিতে পায় নাই, কিছু ডাক্তার বাবুর উত্তরে প্রশ্নগুলা অনেকটা অমুমান করিয়া লইতে সমর্থ লইলাম।

ভাজার বাবু বলিতে লাগিলেন; কেন বাইবে? না, আমি বাইতে দিব না। কি বল্লি? অপরাধ? বালক কি অপরাধ করিয়াছে? ওর পিতা অপরাধী। না—না—ভারই বা কি অপরাধ? তোমাদের এ গভীর রহস্ত ভাগ্যবান্ ভিন্ন বুঝিতে পারে না। ওর পিতা কি বুঝিবে? মাতো ক্রোধ করে নাই, তবে তুই বেটী, এগতো ক্রোধ করিতেছিদ কেন? "না আমি ওকে ছাভিব না।"

প্রশ্ন কি, চিঠি ? সকালে আসিবে ? বেশ, যায় বাধা দিব না। সময়ে আসিবে তো ? দেখিস্ না! আমি ঋণী। ওর রূপায় আমি তোর চরণ লাভ করিয়াছি। হ'ক উপলক্ষ, আমি ঋণী। তবে আয়, প্রণাম।

বছক্ষণের আবদ্ধ দীর্ঘখাস ডাক্তার বাবুর নাসিকা হইতে স্বশব্দে বহির্গত হইয়া পেল। তিনি নিভার হইলেন। বুঝিলাম, যাহার সঙ্গে কথা কহিলেন, তিনি রমণী। আর ইহাও বুঝিলাম সে রমণী আর কেছ নছে, সেই বৃদ্ধা সন্ত্রাসিনী। তাহার কথা আমি অনুমানে বৃচিন্ন। লইলাম। সে কথাগুলা এই :-- "বা--বা--বরে ফিরিয়া বা"। আমি অপ্রাধী, আমার উপর র্দ্ধার ক্রোধ হইয়াছে। বৃদ্ধা আবার আমাকে চলিয়া ষাইতে আদেশ করিল। ডাক্তার বাবু ছাড়িতে চাহিল না, প্রাতঃকালে আমার কাছে একখানা চিঠি আসিবে, সেই চিঠি পাইলেই আমি চলিয়া যাইতে চাহিব। যাইতে চাহিলে ডাক্তার বাবু বাধা मिर्दिन ना। সময় ना व्यात्रित्न किছू दश ना, त्म সময় এখনও **व्या**भातः আদে নাই। তবে আসিবে। আর তখন আমি কি একটা অমৃগ্য-রত্ব লাভ করিব। ডাক্তার বাবু সেই রত্ন আমাকে দেওয়াইয়া ঋণ भवित्मां कवित्व। (कन ना, चामि छाहारक चानिशाहि, चात तिहे জন্তই যুমন্ত ভাক্তার বাবু স্বপ্নবৃড়ীর চরণ লাভ করিয়াছে। আমি ইচ্ছা পূর্ব্বক আসি নাই, ঘটনাহত্তে গলাতীরে আমার তাঁহার সহিত

দেশা হইরাছে, তিনিই ইচ্ছা করিয়া আমার সঙ্গী হইরাছেন। তথাপি তিনি আমার কাছে খণী।

আমি জাগ্রত, সভ্যের আসনে অবস্থিত। ডাজার বাবু ব্রপ্নে, মিধ্যা কল্পনার আবরণে। তথাপি তাঁহার কথা গুনিয়৷ তাঁহার স্থপ্নের মহত্তকে প্রণাম করিলাম। এই সামান্ত কার্য্যের জন্ত যে ব্যক্তি ঋণ স্বীকার করে, তাহার মহৎ অন্তঃকরণের নিকট আমি মন্তক অবনত না করিয়া থাকিতে পারিলাম না।

পূর্ব্বোক্ত অমুমানের সঙ্গে সঙ্গে নানা কাতি অমুমান আমার মনে খেলা করিতে লাগিল। খেলিতে খেলিতে কথনও হাসাইয়া, কথনও কাঁদাইয়া, সর্ব্বশেষে ভুলাইয়া, আমাকে ঘুম পাড়াইয়াঁ দিল।

## স্বপ্ন-তত্ত্ব।

চতুর্থ অধ্যায়।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

৪। সূক্ষদেহ।

"তেজ্ঞান্মি বিভাবদৌ"—৭—৯

( অগ্নিতে উত্তাপ রূপে যে শক্তি প্রকাশ পায় দে শক্তি তাঁহারই। )

"গামাবিশ্র চ ভূতানি ধারয়াযাহযোজসা।"—১৫—১৩

পৃথিবীতে মাধ্যাকর্ষণ রূপে যে শক্তির অভিব্যক্তি হয়, ভাহা ভাঁহারই।)

"बीवनः मर्खज्ञात्र्यः ।"—१-३ ( ममल बी/वद्य थान-नैकि । )

উপনিবদে কোণাও কোণাও এই শক্তির সাধারণ নাম দেওয়া হইয়াছে,—প্রাণ; বেছলে রয়ি অর্থে ব্রুড়ভূত বুঝার।

"স মিপুনমুৎপাদয়তে। রয়িঞ্চ প্রাণঞ্জ"। প্রশ্ন—>—৪

কথন এই ছুইটীকে অন্ন ও অন্নাদ, \* (ক) কথন যাতরিখা ও অপ্\* (খ) বলা হয়। এই উভয় শক্তিই ভগবান হইতে আসিয়াছে। এই <sup>.</sup> মহাপ্রাণ নানা রূপে, নানা ভাবে কার্য্য করিয়া থাকেন। আমরা যাহা "প্রাণ"-শক্তি বলিয়া এই প্রবন্ধে বিস্তার করিয়া আসিয়াছি, ইছা সেই মহা গাণেরই আংশিক দর্শন। ইহাকে কোন একটা বিশিষ্ট শক্তি **यान** कतिया (यनु लग ना दयः (कह. (यन ना मतन करतन (य, हेशांत्र উদ্ভব, অপচয় বা তিবোভাব আছে। তাহা হইলে প্রকৃত প্রাণ ব্রা হইবে না। বাহাকে অপ্চয় মনে হইতেছে, ডাহা কেবল ভাবান্তরে পরিণতি। যাহা তিরোভব মনে হয়, তাহাই রূপাস্তরে উদ্ভব হয়।

আমরা মানবের স্থুগশরীরের বিষয় আলোচনা করিয়া আসিয়াছি। ভাহার ছায়াশ্রীর বা পিণ্ডদেহের কথা ত বলিয়াছি। এই শ্রীর ভাহার ভাগুদেহের অমুরূপ। তাহার পর আমরা দেখিয়াছি কিরুপে প্রাণ পিশুদেহস্থিত চক্রাবলির সাহায়ে কার্য্য করে এবং পরে ছটারূপে কিরপে প্রত্যেক দেহ বেষ্টন করিয়া অবস্থিত থাকে। তাহাকে আমরা "স্বাস্তা-ওক্তঃ" নামে অভিহিত করিয়া আসিয়াছি। মানবের সর্বদেহ কেবল যে এই স্বাস্থ্য-ওজঃ বেষ্টন করিয়া থাকে, তাহা নয়। স্ক্রান্তই-সম্পন্ন ব্যক্তিদিগের দৃষ্টিতে এই ছটার উপযুত্তির বিভিন্নস্তর পরিলক্ষিত হয়। তাহার একটা স্তরের সহিত মানবের পশুর্তির সংস্রব। বেমন স্বাস্থ্য-ওজঃ দেখিয়াই তাহার শরীরের স্বাস্থ্যের অওস্থা

<sup>(</sup>क)। এতাবদ वा हेनः मर्वाः। अज्ञारेत्व अज्ञान्क । वृह->।।।।

<sup>(</sup>খ)। তামিন অংপা যাত বিখা দধাতি। ঈশ-8

বুৰা বান, সেইরূপ এই ছটা দর্পণের মত মানবের কামকোধাদি যাবতীর চিন্তবিকার প্রতিবিশ্বিত করে। ইহার বর্ণ ও উচ্ছলা প্রতি মূহুর্তে পরিবর্তিত হইতে থাকে; শত্যস্ত কোধের উদন্ন হইলে ইহারা ধ্পর বর্ণ হয় ও তাহার মধ্যে লোহিত বর্ণের অসংখ্য শলাকা চপলাভলীতে ক্রীড়া করিতে থাকে। অতিরিক্ত ভরে ইহা ভীষণ নীলাভ রক্ষাবর্ণে পরিণত হয়।

যেমন পিশু-দেহ হইতে স্বাস্থ্য-ওজঃ নির্গত হয়, সেইরপ মানবের বে উপাদান হইতে এই কাম ওজঃ নির্গত হয়, তাহাকে আমরা কাম-দেহ বলিব। কাম-দেহ বলায়, কেহ যেন না ভাবেন ফে রিপুগুলির মধ্যে কেবল কামটিই এই দেহসাহায্যে উভূত হয়; ইহা কামক্রোধাদি বড়রিলুরই ক্রিয়াক্ষেত্র; এক কথায় কামই আমাদিগের সুথ, হঃখাদি হন্দ ক্ষুভ্বশক্তির ভিত্তিভূমি। এই কথাটী আমরা একটী উদাহরণ দারা বৃবিতে চেষ্টা করিব।

একটী গাছ হইতে আলোক-রশিসমন্টি দর্শনেল্রিয়ে প্রতিফলিত হইল, অর্থাৎ বৃক্ষ হইতে প্রতিফলিত ঈথর-তরক্ষ-প্রবাহ বাহ্নিক দর্শনেল্রিয়ে প্রতিঘাত করিল; সেই প্রতিঘাতে ভাগুদেহের চাক্ষ্ম স্নায়বিক কোষ সমৃদয় স্পন্দিত হইল এবং সেই প্রকম্পন, স্থলদেহের কেন্দ্রস্থল হইতে পিগুদেহের কেন্দ্রস্থলকে আলোড়িত করিল। কিন্তু, যে পর্যান্ত উক্ত অন্দোলনপ্রবাহ স্থা-ছংখ-বোধশক্তির ক্ষেত্র কামে গিয়া উপস্থিত না হয়, সেই পর্যান্ত বৃক্ষের রূপ আমাদিগের স্থাহঃখ উৎপাদক হইতে পারে না। স্থতরাং দেখা যাইতেছে, কামের স্বারাই ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুনিচয় আমাদিগের স্থাছঃখপ্রদ হইয়া থাকে।

এই যে কামদেহের কথা বলা হইল, ইহাকে কেহ কেহ এপ্ট্রেল (Astral) দেহ বলেন। এই ইংবাজি কথার অর্থ হইতেছে, জ্যোতির্দায়। কাম-দেহ অর্থতিশয় জ্যোতিবিশিষ্ট বলিয়া তাঁহারা ইহাকে এপ্ট্রেল

( Astral ) (तह व्यान । कामरावह मकराव म्यान इस मा; काहांत्र । हेश दिन विकतिल, काशांत्र वा हेश चर्द्व कृते, काशांत्र वा चारांत्र ইহা একেবারে অফুট। ভাহার অভিব্যক্তি বেইরপই হউক, এই कामरमरश्त छेलत व्यामामिरणत यूषकः बरताथ निर्वत कंरत, व्यामामिरणत বে পঞ্চজানেজিয়, তাহাদিগের সকলেরই কেন্দ্রস্থল এই দেহে নিহিত। भारत त्य बढेठ त्क्र कथा दिन्या यात्र, याशांक्रित त्राशांचा त्यात्रीत সিদ্ধি ও এখার্যা হয়, সেই চক্রগুলিও এই কামদেহে অবস্থিত। আহার, নিজা, বৈথুনাদি সমস্ত ব্যাপারই এই কামপ্রস্ত ও কাম-প্রেরিত। এই কামই মানবের সংসারবন্ধনের মৃগ; আবার সেই कामरापर विख्य दहरा. यथन छाटा विभिष्ठ "बामि"रक ना रमशाहेश একত্ব বা ত্রন্ধকে দেখায়, তখন তাহাই আবার মুক্তির কারণ হয়।

যাহার কামদেহ অবিশুদ্ধ, তাথার যে ভাবরাশি উভূত হয়, তাহা পাশবিক। অতি সুগ কাম-অণু-গঠিত তাহার দেহে যে তরঙ্গ উদ্ভূত হয়, তাহা পতি ক্ষুদ্র, অতি মন্তর। তাহার বর্ণ তত উজ্জ্বণ তত মনোহর নতে; ধৃসর, কৃষ্ণাভরক্ত ও হরিৎ, ইহারাই সেইরূপ দেহের সাধারণ বর্ণ, তবে ক্ষণে ক্ষণে তাহার মনা হইতে ক্রোধের ভীতি-উৎপাদক রজিমবর্ণের চপলা-বিভা অন্ত্রফলকের মত প্রকাশ পায়। মানবের অভিব্যক্তির সঙ্গে সঙ্গেই তাহার কামদেহ পবিত্র হইতে থাকে। ভখন তাহা সুৰভৃতের পরিবর্তে স্ক্ষভৃতে নির্মিত হইতে থাকে এবং তাহার বর্ণও উজ্জ্বন, স্লিগ্ধ ও মনোহর হইতে পাকে।

( ক্রমশঃ )

## অলৌকিক রহস্য।

ণম সংখ্যা ]

তৃতীয় বৰ্ষ।

্মাঘ, ১৩১৮।

#### ফকির সাহেব।

সেদিন বৈকালের ট্রেণ কামালপুরে আসিতে এত বিলম্ব ইয়াছিল যে, ট্রেণ হইতে নামিয়া দারোগা নরেশবাবু যথন থানায় পঁছছিলেন, তথন গৃহলক্ষীগণ দীপালোক ও শভ্যধ্বনির সহিত সন্ধ্যাদেবীর আগমন-বার্ত্তা সঙ্গে স্থানাইয়া দিল।

সাদ্ধা আঁধার তাহার ধ্সর স্লানছায়া, মেঘ্লা আকাশের জলো হাওয়ার সঙ্গে নিশাইয়া সারা প্রকৃতির উপর কি যেন একটা অনির্দিষ্ট আশকা জাগাইয়া তুলিতেছিল; দারোগা নরেশবাবুর বুকের ভিতরও সেরূপ একটা অনির্দিষ্ট আশকা সাদ্ধা আকাশের ধ্সর স্লানছায়ার মত জ্বমাট বাধিয়া উঠিতেছিল।

নরেশবাবু থানায় প্রবেশ করিয়াই রাইটারকে ব্যগ্রভাবে জিজাসা করিলেন, "আজকার খবর কি ?"

রাইটার মানভাবে বলিল, আজ্ঞে আজ আবার ওটা চুরির ভারেরী করেছি।

ন। কোথাকার কেস্?

রা। একটা কাঁটাপুক্রের আর হইটা হরনাথপুরের, প্রথমটা ছিঁচ্কে ধরণের, আর হইটা সিঁধ, তবে শেষেরটা খুব বড় রকমের। প্রায় দেড় হাজার টাকার উপর। প্রেসন ডায়েরীতে সমস্তই তোলা হয়েছে এবং শেশনেই সব থবর বুঝতে পারবেন। म। अ क्षारे कि कान तात्वत (कर्न ?

য়া। পাতে হা।

শুনিরা দারোগাবাবুর স্লানমুখ আরো স্লান হইয়া গেল, এবং थानिकक्ष अक्रमनद थाकिया वा किছू ভावित्रा शूनवात्र वनितनन, আছারার কিছু স্থবিধা হয়েছে কি ?

রা। আজানা।

मदिन्यात्व हिसायिक मूर्यंत क्यूगण चाद्रा कृष्किक रहेशा (भन अवर कछकठे। উত্তেজিত হইয়া জিজাসা করিলেন,গোয়েন্দা বেটারা কি বলে ?

রা। ভারাত কোন ধবর দিতে পারছে না, আর যা দিছে সে স্ব बार्ष : ভাতে কোন किनावारे शब्द ना। তবে তারা বলে যে, কোন अकि विरम्मी gang अत वाता अहे नव इति हत्कः ।

নরেশবার বিরক্তির হারে বলিলেন, ভারা কি ছেলের হাতে মোয়া পেলে নাকি ? দেশের সন্ধানী লোক না থাকলে কি কৰনো চুরি হয় ? আর ছিঁচকে চুরিগুণোও কি gangএর কাল!

ভাদের বলে দাও যে সাতদিনের মধ্যে বিশেষ কিছু খবর না দিতে পারলে, আমি তাদের সব বরতরফ করাইয়া দিয়া নূতন পোয়েন্দা ৰাহাল করাব !"

রা। আমি তাদের সকলকে আজ রাত্রে ১০টার পর আসবার ক্রেড ডাকিয়ে পাঠিয়েছি।

নরেশবারু একটু ভাবিয়া বলিলেন, তা বেশ করেছ। ভাল কথা, আছা কাটাপুকুরের আসামী কি কিছু একরার করেছে ?

ता। चारक ना, त्र वरत किছू कानि ना।

📑 म। আমারো তাই বোধ হয়; তবে আর তাকে আটকে রেণে क्त कि ? बद्धः कानरे बक्ते दिलार्हे पित्र महत्त्र हानान हाछ।

এই সুমস্ত কথাবার্ত্তায় একটাও আশার সক্ষণ না পেল্ল নরেশবার:

चका विवर्ष हरत्र शक्रामन अवर चानिकचन हुन करत्र मांक्रित (धरक, হঠাৎ ক্রভবেগে আপিস খরের মধ্যে গিয়ে ডাকের সুরকারী চিটিপত্ত পড়তে আরম্ভ করলেন।

ি চিঠির মধ্যে পুলিস সাহেবের একখানি চিঠি ছিল, ভাহা ইন-স্পেক্টরের মারফৎ আসিয়াছে। পডিয়া দেখিলেন, যা ভাবিতেছিলেন তাই,--থুৰ কড়া তাগিদ।

ভাহাতে কামালপুর থানার সমস্ত কর্মচারীকে অকর্মণ্য বলা হইয়াছে, এবং যেরপেই হউক আসামী ধরিবার জক্ত জোর ছকুম দেওয়া হইয়াছে এবং তিনি যে বিশেষ টিকটিকি পুলিসের ব্রু चारवहन कतिशाहितन, तम मचस्त वित्यंच विरवहना कतिश्व शूनिमः সাহেব গোয়েন্দা-বিভাগকে লোক দিবার জন্য অমুরোধ করিয়াছিলেন এবং আশা করেন যে শীঘ্রই তাহার একটা ব্যবস্থা হইবে। পত্তের রসাল প্রথম অংশটুকু পড়িয়া দারোগাবাবু বেমন ছ:খিত হইলেন, আবার শেব অংশটুকু পড়িয়া সেইরূপ একটু আখন্ত হইলেন এবং স্কলকে তাহার মর্ম্ম বুঝাইয়া দিয়া হিন্দিতে বলিলেন "দেখো উস্ রোজ যো তুকুম দিয়া একদম ঠিক্ ঠিক্ তামিল করু না; রাতমে त्या त्कार शरूपणी कि चाछेत त्या त्कार चापसी विना कास्त्र हेश्लिशा. উন্লোক্কা ওরুর পাকড়কে হাজতমে রাধ দেনা। যো কোই আদমী হোর, পরদেশী আউর নেহি হোর, একদম পাকড়কে লৈ আও। আউর রাতভোর পাহরা বন্দবস্ত রাথ দেও? আছি তরফসে এহি काम देवान वार्था?"

কনেষ্টবলগণ সমস্বরে বলিল, "বহুৎ ইয়াদ হার হন্তুর, ঠিক ঠিক ভাষিল হোগা।"

ন। ই নেহি হোর, আউর চোরি না বন্দ হয় ভো থানাকে থানা (वंगकुन वहन-

আর বলা হইল না, দারোগাবারু "হেরিলা অমুরে ভীষণদর্শন वर्षि।"

ष्ट्रहेकन करनेष्ठेवल एथन अक विनर्कश्रेन मीर्यकांत्र विरम्भीत्क ৰবিয়া আনিয়া সেলাম কবিয়া বলিল, হকুর এ আদুমি 'আলবৎ ডাকু। বাজারকো নগিচমে এক পেড়কা বীচমে বৈঠ রহা; পুছ করনেদে কুছ সাফ জবাবভি দেনে নেহি সকতা, সেরেক্ষ কয়তা হায় কি ময় ফকির DIE I

লেকেন সব ঝুট, ই জরুর চোটা হার।

टिनाक्टी हिन्द्रशनी गुननमान—शामकांत्र, मौर्चवाह ও এक्थ७ हिन्न মলিনৰস্ত্র-পরিহিত। সে এসব কথাবার্তায় কোনই মনোযোগ না দিয়া সকৌতুকে গুহের চারিদিক নিরীক্ষণ করিতেছিল।

দারোগা তাহার চাঞ্চল্যহীন নির্ভীক দৃষ্টির দিকে একবার তীত্র দৃষ্টিপাত করিয়াই তৎক্ষণাৎ বুঝিয়া লইলেন যে, দাগীচোর না হইয়া যায় না, নিশ্চম্বই Jail Bird, এবং এরূপ একটা সাংঘাতিক লোককে যে রাত্তিতে আটকাইতে পারা গিয়াছে, ইহাতে মনে মনে আনন্দিত इहरनन ।

আগন্তক কিন্তু তাঁহাকে সহাস্তবদনে বহু সেলাম ও তারিফ পূর্বক वहर कुउछछ। कानाहेबा विनन, "वावू সাহেব आशका वहर छाना হোগা, খোদা আপকো কুশীল করেগা। হামকো আৰু বছৎ আরাম **मित्रा**।"

নরেশবাব তার দক্ষিত প্রশাস্তভাব দেখিয়া একটু বিশ্বিত হইয়া জিজ্ঞাসা করিলেন. "তোমকো এতা খোস কাছে, কেঁও কি মালুম নেহি হাম ভোমকো হালত দেতা হার।

আগন্তুক পুনরায় হাসিয়া বলিল "সাহেব ফকিরকো হাজত দেনে-ওরালা কোন্ হায়; হম্নে আপ আজ বহুৎ তরিবৎ হিয়া।

মন্ত্রদানমে গির রহতা, আউর আপকো মেহেরবাণীসে এরলা ইয়ারৎয়ে मर्क्टम द्रश्यां । है द्रि वाला । \*

নরেশবাব ভাহার এই ক্বডজ্ঞভা এবং নিশ্চিত্বভাব দেখিয়া আরো चार्फर्या इहेरान । ভাবিলেন, हाम (त शुर्ख उद्घरत्रत्रा এह क्रांत्रहे वाहित्र সাধুতার ভাণ দেখায়। যাহাই হউক, যখন লোকটা নিজেকে ফকির বলিয়া পরিচয় দিতেছে,তখন যতক্ষণ না নিজমূর্ত্তি প্রকাশ পায়, ততক্ষণ শুমানস্থচক ভাবেই কথা কহা উচিত। কিল্প ফকির বলিয়া পরিচয় দিতেছে বটে, অথচ ফকিবীর কোন লক্ষণ-পোষাক বা আসবাৰ নাই। প্রতরাং পুনরায় জিজ্ঞাস। করিলেন, "আপনি ত নিজেকে ফকির বলিয়া পরিচয় দিতেছেন, কিন্তু আপনাক ককিরীর ত কোনই চিত্র দেখতি না।

আ। বাবু সাহেব ষধন ফকিরী নিয়েছি তথন চটকদারীতে কোন কাম; ফকিরীত দিলমে আর চটকদারী ত বাহিরের জিনিস।

নরেশবার উত্তর গুনিয়া মনে মনে পুনরায় হাসিলেন ও ভাবিলেন বে, এখন থানার মধ্যে পড়ে জ্ঞানের কথা ত খুব বলছ, কিছু যে জাঁতা কলে পড়েছ আর ভোমার নিস্তার নাই। চুরির একটা না একটা किनाता ट्र ; कानरे छनिया करत थानाय थानाय भागां छि।

তার পর জমাদারকে ডাকাইয়া চুপি চুপি বলিয়া দিলেন যে, **"ইহাকে** কড়া পাহারায় রাখিয়া দাও, তবে যখন ফকির বলিয়া পরিচয় দিতেছে, তখন যেন পারত পক্ষে কোন অসমান বা কষ্ট না হয়, কিছ এমন কড়া পাহারায় রাখতে হবে যে, কোনরপে না পলায়ন করে, এবং যদি পলায়, তা হলে তোমাদের অদুষ্টে বিশেষ শান্তি আছে আনবে। আর একজন মুসলমান সিপাহী দিয়ে এর থাবার কলোবন্ত

<sup>🌣</sup> পাঠের স্থবিধার জন্ম যথাসম্ভব হিন্দি কথা পরিত্যক্ত হইল।

করিরা দিবে, বা ধরচ হর আমি দিব! তা ছাড়া নদী তীর, মাঠের ,জন্ম ও পোড়োবাড়ী প্রভৃতি বিশেবভাবে খুঁলিরা দেশ, কেননা निम्हबरे अब मरनब जारबा लाक जारमभारम जारह।"

নরেশবার তাঁহার বন্ধদের ভাষায় "পুলিশকুলকলছ" ছিলেন দ ৰোটা কথায়, তাঁহাতে পৌলিশ-"সদ্গুণরাজির" অত্যস্ত অভাব ্ছিল অর্থাৎ আজকাল মধ্যে মধ্যে যে তু চারিজন সংশসভূত मिक्कि युवक উक्त आपने गरेश श्रुतिन विভाগে প্রবেশ করেন, ভিনি তাঁহাদের অক্তম: কিন্তু কার্যাক্ষেত্রে তিনি যে সে উচ্চ আদর্শ কভঁটা প্রতিপালন করিতে সমর্থ হইয়াছিলেন, সে বিষয়ে এখনো কোন ৰীষাংসা হয় নাই। তবে তাঁহার যে উপরিপাওনার সহিত বিশেষ অসমার ছিল এবং সাধ্যমত শক্তির অপব্যবহার করিতেন না, একথা তাহার শক্ত-মিত্র একবাকো স্বীকার করিলেও তাঁহাকে যে মধ্যে মধ্যে একেবারেই বিবেক-বহিন্তৃতি কাজ করিতে হইত না, একথা তিনি মিছেই হলফ করিতে পারেন না।

আক্কালের বাজারে যতদুর সম্ভব তিনি আচার-নিষ্ঠাবান্ ও আতিখের ছিলেন; সে জন্ত দারিদ্রোর সঙ্গে তাঁহাকে বিশেষ যুদ্ধ করিছে হইত, তবে দেশে কিছু লাখেরাজ ধান জমি ইত্যাদি পাকায় বিশেষ কট ছিল না। সাধুতার বিনিময়ে পদোরতির সম্বন্ধেও বিশেষ গোল হইত, (क्न मा रव नकन कर्ताता काक दाँनिन ও ডায়েরী সাক্ দেখিতে চাহিতেন, তাঁহারা তাঁহাকে একরণ অকর্মণাই বলিতেন, আর যাঁহারা সভতা দেখিতেন, তাঁহারা প্রশংসা করিতেন; যাহা হউক, ফলে ্মোটের মাধার কতকটা কর্ম্যোরতি লাভ করিয়াছিলেন।

় কিছু বর্ত্তমানে ভাঁহার অবস্থা অত্যন্ত কষ্টকর। প্রথম তাঁহার -এলাকার ক্রমাগত চুরি হইতেছে, কিন্তু কোন কিনারাই, হইতেছে না, বিতীয়তঃ তাঁহার একমাত্র নৰ্মবর্ষীয় পুত্র সাংবাতিক পীড়ীয় আফাব;

ছেলেটা একদিন কলে ডুবিরা বার, কিছ সে বাজার রক্ষা পাইলেও দারুণ প্রেমাঘটিত রোগে এরপ পীড়িত বে, ডাক্টারেরা রক্ষা পাওরা সম্বন্ধে কোন আ্লাই দিতেছেন না; বিশেষতঃ গত হুই দিন হইতে অবস্থা বিশেষ আশ্ভাপ্রদ।

তার উপর কিছুতেই ছুটী পাইলেন না; শেবে ইনম্পেক্টারের সঙ্গে পরামর্শ করিয়া এখন দিনের বেলার বাড়ী থাকেন, আর রাজিতে ধানার আসেন। বাড়ীতে অবশ্র সেবা-শুশ্রবার লোকের বিশেব অভাব নাই, তাই অনেকটা স্থবিধা। দিনের বেলার মনটা ধানার পড়িরা ধাকে, রাজি বেলার দরীরটা ধানার থাকিলেও প্রাণটা দূর গ্রামপ্রান্তের জনবহুল আলোকিত কক্ষের একটী রুশ্ধ দিয়াণীন দেহের প্রতি বার বার ছুটিতে থাকে।

তাই আজ থানায় আসিয়া বার বার চঞ্চল হইয়া ছটকট করিতে করিতে একবার খবে, একবার বারান্দায় পাইচারী করিতেছিলেন। ক্রিক তাঁহার এই অবস্থা দেখিয়া ডাকিয়া জিজ্ঞাসা করিল, "সরকার আপকো দিলমে কুছ তুখু চলত্যা হায়।"

ফকিরের এই কথা শুনিয়া নরেশবাবুর বড় ছঃথেও হাসি **আসিল**এবং একটু কৌতুক করিবার ইচ্ছার তাহাকে বলিলেন, "তুমি ত ককির
লোক এবং ফকিরেরা দৈববলে সিদ্ধ; আচ্ছা বল দেখি, আমার মনের
ছঃখটা কি ?

ফকির ঘাড় নাড়িয়া বলিল, "ইা, পারি।" ন। বল দেখি।

ফকির মেরুদণ্ড উন্নত করিয়া ছির হইয়া বসিল এবং দক্ষিণ হল্পের বুদ্ধান্তুর্ভ দিয়া দক্ষিণ নাসাপুট চাপিয়া নিমীলিতনেত্রে প্রায় তিন মিনিট ধরিয়া স্থাস ক্রিল এবং অভ্যন্তরীণ বায়ু বড় বড় করিয়া স্থাপাই সাশ্বে চলাচল করিতে লাপিল। নরেশবাবু তাহার এই হিন্দু বোগীর ভার

পাধনক্রিয়া দেখিয়া একটু আশ্চর্য্য হইলেন। ফকির স্থির হইরা ৰলিল, "আপকো তকলিফ ছুনো তরফুসে –একঠো কাষ্কে লিয়ে, আউর একঠো খরকে লিয়ে,—লে—কে—ন ছ--স্--রা--ঠো বঞ্জি মুদ্ধিল কি বাত।"

ন। খরের কষ্টা কি ঠিক বলতে পার ?

🌣 **ফকির পূর্ব্বৎ আ**র একবার পূর্বক্, ব্লেচক ও কুন্তক করিয়া বলিক — "আপকো বেডকা— উসকো উমের মও কি দশ—পহেলা তালাওমে পির গিয়া—আবহি বহুৎ মুস্কিল কা বাড, বঢ়ি জোর বোণার ভাদ্গার লোগ্নো কুছ পান্তা ভি নেহি সেকতা।"

নরেশবার বিস্মিত হইয়া ভাবিলেন, "গোকটা ত খুব সন্ধানী, ইহারই মধ্যে সাৰ ধাৰর জানিয়া লইয়াছে. সুতরাং এরূপ লোককে আটকাইয়া ৱাখা বিশেষ বৃদ্ধিমানের কাজ হইয়াছে; কিন্তু যতই বুজকুকি দেখাক্ ना रकन, भनाधरनद्र स्विधा निष्ठि ना।" भूनवाध विख्वामा कतिरनन **"আছা ইসকো হাল** কেয়সা ?"

ষ্টকর পূর্ববৎ ক্থাস পূর্বক কিছুক্ষণ মৌন থাকিয়া উত্তর করিক "बर शूहिए क्रबाव-- विष् यूकिन cका हान !"

লোকটা ভাকাতই হোক বা জুয়াচোর বুজরুকই হোক, তাঁহার এই नरकार जानकामम উত্তরে নরেশের উদ্বিध হৃদয় যেন আরো একটু চঞ্চ হইয়া উঠিল। তিনি ব্যগ্রভাবে বলিয়া ফেলিলেন, "বলিয়ে ফকির সাহেব, কুছু সরম কি শত নেহি, সাফ্কহে দিজিয়ে।"

का। ক্যা করে বাবু সাব্, আঞ্চ রাত চার বোল্নেদে ধব জিতাঃ ब्राह्म, छव श्राह्मा कि ।

মরেশবাব বলিও এতকণ কতকটা কোতুকই করিতেছিলেন, কিছ এই শেষ কথাৰ ওনিয়া তাঁহার মাণাটা একবার পুরিয়া, গেল; যদিও अ क्यानिय अक्टी निन्दिल व्यनिन्दिलय मर्दा राष्ट्रकामानकार्व काणिएक ছিল, কিছ তবু স্নেহের মায়া একটা অজ্ঞানা আশার দিকে বরাবরই টানিয়া রাথিয়াছিল। তাই এই নিশ্চিত ভবিষ্যৎ বাক্যরূপ এই ফকির-বেশীর উক্তি তাঁহার মর্ম্মে মর্মে যেন বেত্রাঘাত করিয়া সম্ভব-অসম্ভব-জ্বনিত আরোগ্যের স্থির আশাকে ধূলিসাৎ করিয়া দিতেছিল।

তিনি আবার ভাবিলেন, "এত বুজরুকের কথাটাকে এত সভ্যবিদ্যা মনে করিতেছি কেন ? সন্তব ইহার আগাগোড়া একটা চালাকির জাবরণে ঢাকা, তবে নিজেকে এতটা কাতর করে তুলছি কেন ?" কিন্তু আবার যখন দূর স্বগৃহের প্রিয়তম পুত্রের তখনকার অবস্থার বিষয় মনে জাগিতেছিল,তখনই ভয়,উদ্বেগ ও ব্যাকুলতা যেন এক সঙ্গে আসিয়া তাঁহাকে জড়াইয়া ধরিতে লাগিল। পুনরায় কিছু বলিতে বাইবেন, এমন সময় কনেষ্টবল মেহের আলী দৌড়াইয়া আসিয়া খবর দিল যে, কাঁটাপুকুরের হাজতের আসামী মৃতপ্রায়। গভীর অন্ধকার রাত্রিতে অভ্যমনস্ক পথিক হঠাৎ আবছায়া দেখিলে যেমন চমকিয়া উঠে, তেমনি চঞ্চল কম্পিতভাবে জিল্ঞাসা করিলেন "কাহে" ? কনেষ্ট-বল সভরে বলিল "হজুর জেরাসে শাসন কিয়া।"

তখন ব্যাপারটা কতক বুঝিতে পারিয়া, মুখভঙ্গীসহকারে বিজপের
ভাষায় তীব্রকণ্ঠে জিজ্ঞাসা করিলেন "ক্যাহে শাসন কিয়া ? হজুর !"

ভীত কনেষ্টবলকে নির্বাক দেখিয়া আবার তীব্রকণ্ঠে বলিলেন, "ক্যাহে শাসন কিয়া জনাব ? কিসকা ছকুম সে কিয়া ?"

বারস্বার ধমকের চোটে কনেইবল বলিরা ফেলিল যে, জমাদার ও হেডবাবুর হকুমে এইরপ হইয়াছে। তদবস্থায় লক্ষপ্রদান পূর্বক মরেশবাবু হাজত-ঘরের দিকে ছুটিলেন। তারপর ডাকাডাকি, হাঁকা-হাঁকি ও ধার্কাধার্কির পরও আসামীর নিম্পন্দপ্রায় দেহ যথন চরম বৈরাগোর স্থায় বিশেষ কোনরপ সাড়া দিল না, তখন বুঝিলেন ফে হতভাগ্যের সাসামীলীলার শেষ অক্ষের যবনিকা পতন হইতে আরু বিশ্ব নাই, কেবল তাহার চর্ম-নিরস্থ হৃৎপিওটা রহিরা বহিরা কাঁগিতে কাঁপিতে অন্তিম বিদারের উপক্রম জানাইরা দিতেছিল। নরেশবার্ তথন প্রমান গণিলেন, বুঝিলেন এ অবস্থার চিকিৎসা নিজ্ল, কিছ কি বে করা যায় তাহাও ছির করিরা উঠিতে পারিলেন না। এক একবার মনে হইতে লাগিল বে, তৎক্ষণাৎ সদরে খনর দিয়া সমস্ত অপরাধীকে বাঁধিয়া চালান দেন। কিছ তাহাতে আরো বিপদ, কেন না আশ্বর্ক্ষার জক্য তাহারা তাঁহাকেই জড়াইবে; অমানবদনে বলিবে বে, দারোগাবারুর হকুমেই তাহারা প্রহার করিয়াছিল।

অবশেষে থামার গোকেরা পরামর্শ দিল যে, রাতারাতি লাস জালাইয়া দিতে পারিলে আর বিশেষ কিছু ভয় থাকিবে না; তবন অন্ততঃ কথাটা বা ব্যাপারটা প্রকাশ হইশ্বা পড়িলেও প্রমাণ করিবার কিছু থাকিবে না।

কথাটা খুব যুক্তিযুক্ত হইলেও নরেশবাবু ইহাতে ইতন্ততঃ করিছে লাগিলেন, এবং সম্পূর্ণ কিংকর্জব্যবিমৃত হইরা ভাবিতে ভাবিতে বাহিরে চলিরা আসিলেন। তাঁহাকে তদবস্থার দেখিরা ফকির হঠাৎ বলিরা উঠিল, "কেঁও ডরতে হো বাবু ? উ বাঁচ বাগা।"

কথাটা নরেশবাবুর কর্ণে যেন নূতন স্থরে বালিয়া উঠিল; হতাশ ব্যক্তি যেমন ক্তু আশাটীকেও স্বত্নে আঁকড়াইয়া ধরে, তিনিও সেইরূপ এই কথাতে যেন একটা আশার ক্ষীণ জ্যোতি দেখিলেন।

ন। ক্যারেসা বাঁচে গা,—আপকো বাৎ বড়ি তাজ্জব—উ একদম মরণেকো লায়েক হায় !

ফকির দৃঢ়স্বরে বলিল, "কভি নেহি, উস্কো জরুর বাঁচনে হোগা ?" নরেশবাবুর মনে হইল লোকটা বলে কি, পাগল নাকি ?

ক। নেহি বাবু হাম্ বাউরা দেহি—সাচ বাৎ কহুতেঁহে, আপ-লোগ্ আব্হি দেশলেদে।

া নরেশবার ভাবিলেন, "বেশ কর্বা, হাতে পাঁজি মধলবার, সভ্য ৰিখ্যা ত এখনি জানুতে পারা যাবে।"

क। जानवर् बाह बाना, উनका वहर छैरबर छात्र, जानि वहर -রো**জ** ছনিয়ামে রহনে হোগা।

ः न। काश्रित १

ষ। খোদা কিস্ম, আপলোক বাত দিলিয়ে, এয়স্তা কাম কভি त्मिह करत्रेशा, छव हम् छेनरका बक्रत बाताम कतराना।

সকলে ভাবিলেন, হবেও বা: কেন না এই শ্রেণীর দক্ষারা অস্তাঘাতের ক্ষত শুকাইবার ও এইরপ মারপিট ও জ্বন আরোগ্য কঁরিবার এরূপ অতুত মৃষ্টিযোগ জানে যে, তাহা স্থপত্য চিকিৎদাশাল্কেট্র এখনো অজ্ঞাত।

चुछतार वर्षमान विश्वन शहेरछ छेकारतत चानात्र नकरन चास्नाम-সুহকারে শপথ করিল। ফকিরের আদেশে তৎক্ষণাৎ একটা নৃতন কলদী করিয়া সমুধত্ব পুষ্করিণী হইতে টাটকা লল আনীত হইল। कित (महे शांतरे शांकर मूर्य हरेशा (सरवंत्र छे भत्र पूना निशा छे पि वा ফার্সীতে মন্ত্র লিখিয়া তত্পরি কলগীটী স্থাপন করিয়া বিড় বিড় করিয়া মন্ত্র পাঠ করিতে লাগিল। সে মন্ত্র উর্দ্দু, ফার্সী, কি হিন্দি তাহা না বুঝা পেলেও মধ্যে মধ্যে রোলাদের আয় যে ফুৎকার দিতেছিল, তাহা সকলেই দেখিতে পাইল।

मञ्जल्या कि कि व निन, "এই कन नहेशा, উहात जाशान-मन्डक পাতবার ছিটাইয়া দিয়া, উহার চোধে ও মুধে জলের ঝাপটা মার। ভারপর জ্ঞান হইলে এই জল পান করিতে দিবে ও আজ আর কিছু খাইতে দিও না এবং যেখানে যেখানে প্রহার-জনিত চিহু বা ব্যথা আছে, দেখানে এই জলের পটা লাগাইয়া লাও। এখনি, ফুফন পাইবে 🚜 🏅

সকলে উৎসুক হইয়া জল লইয়া ছুটিল; কিন্তু পাছে এই সুযোগে চম্পট দেয়, তজ্জ্ব পাহারারও ক্রটি রহিল না।

্ৰথাৱীতি লগ ছিটাইতে ছিটাইতে দেখা গেল যে, সেই মৃতপ্ৰায় দেহে রোমাঞ্ হইভেছে। সঙ্গে সঞ্গে বিশ্বরে ও পুলকে সমবেত সকলে বোমাঞ্চিত হইরা বুঝিল যে, যথন বোমাঞ্চ হইতেছে তথন নিশ্চরই সে ৰীত অমুভব করিতেছে, মুতরাং প্রাণশক্তি ত লোপ পার নাই বটে. বরং ভাহার বিকাশ দেখা যাইভেচে।

আবো কিছুক্ষণ শুশ্রবার পর, আসামী চক্ষু চাহিল এবং পিপাসা আছে কি না জিজাগা করার মাধানাডিয়া পিপাসা জানাইল এবং এক সঙ্গে প্রায় এক সের জল পান করিয়া হস্ত বোধ করিল।

তথন বোগীর কথা ভূলিয়া সকলের মুখে ফকিরের কথা ফুটিল। কেছ বলিল লোকটা নিশ্চয়ই সাধু। কেহ বলিল দৈবশক্তি-সম্পন্ন। কেছ বলিল, কিছ নয় দুল্লা-তম্বরোও এরপ আনেক মন্ত্র তম্ভ ब्रात । नुभारताहना यादा व देखक, अहे अखावनीत पर्हनात नकरनह स्व আনন্দিত হইল এবং মনে মনে যে কতকটা ফকিরের প্রতি শ্রদ্ধায়িত ছইল, তাহা স্থির।

নরেশবাবু দৌড়াইয়া আসিয়া কৃতজ্ঞতাভরে ফকিরকে বলিলেন, স্থাপনার বছৎ মেহেরবাণী, কেবল আপনার মর্জ্জিতেই লোকটা রক্ষা পাইয়াছে।

ফ্কির মুধ তুলিয়া গন্তীরভাবে বলিলেন, বাবা আমার কোন কেরামতি নাই, যদি কোন মৰ্জি বা মেহেরবাণী থাকে ত, সে একষাক্ত আলাভালার : লোকটার পরমায়ু ছিল—ভাই রক্ষা পাটয়াছে, নছিলে আমিত আমি, আমার পীর আসিলেও কিছু হইত না।

নরেশবাবুর প্রাণে তখন তাঁহার পুত্রের কথাই লাগিতেছিল; অপত্যমেত্ব বড়ই প্রবল। বিশেষতঃ লোকটা যা বলিয়াছে, তা 🖙

শত্য ? বাহা হউক, বৰন কিছু শক্তির পরিচয় পাওয়া পিয়াছে, তথন বেশা যাউক্ ইঁহার বারা যদি কিছু উপকার সম্ভব হয়। সেইজন্ত একট থামির। জিঞাসা করিলেন, বাবা আমার লেড্কার বিবয় বা বলে-ছিলেন তা কি সতা।

**ষ**় বাবা, মাহুবে কি কোন কথা ঠিক জোর করে বলতে পারে 🕈 ভবে আমার কথাত বলেই দিয়াছি, যদি আজ রাত্রি ৪টা কাটিয়া যায়. তবে আশা আছে। কথাটা বড়ই মর্মান্তিক, অন্ততঃ নরেশবাবুর পক্ষে।

ন। ইহার কি কোন উপায় নাই?

कांकत नीत्रत छेर्कामिटक अञ्चलि वाड़ाहेल, छेटमञ्च छत्रवान् यमि किइ करवन।

ন। আপনার দৈবশক্তি আছে, তা প্রত্যক্ষ দেখিয়াটি।

ভার পর ফকিরের হাত হুইটা ধরিয়া কাতরভাবে ছলছলনেত্রে विनित्तन. जामात्र विश्वांत जापनि मत्न कत्रत्न वैक्तांत्र पाद्रन. त्माहाहे আমার ছেলেটাকে রক্ষা করুন।

্ফকির প্রায় পাঁচ মিনিট চুপ করিয়া বসিয়া বলিল, আছা দেখি, (बामा कि करवन, তবে কোন আশা দিতে পারি ना!

ন্রেশবাবুর বুকের ভিতর ধড়াস্ ধড়াস্ করিতে লাগিল।

ফকির ধীরে ধীরে উঠিয়া পরিধানের বস্তুটী খুলিয়া ফেলিল। স্যান্নটা-পরিহিত তাহার দীর্ঘাকার উলগ মূর্ত্তি রাত্তির অন্ধকারে বেন छोषन (प्रशाहेट्ड नाशिन।

ধীরে ধীরে মৃত্ব পদসঞ্চারে গুণগুণ করিয়া গান গাহিতে গাহিতে ষ্কীর ষেন উদাসভাবে সমুধস্থ পুছরিণীর জলের নিকট গিয়া দাঁড়াইল।

তীকুদৃষ্টি সলিশ্বচিত্ত পুলিশ কর্মচারীর প্রতিপদে ভয় হইতেছিল, बुक्तिता अहे प्रस्तारं तो ज़िहा शानात्र ; किंद निर्देश ज्यन स्वन কৃত্তকটা বাকশক্তিহীন।

ক্ষিত্র সন্ধারত না, তলে নানিরা তিন্তার বুব প্রজালন ক্রিরা।
জিন্দী ভূব দিরা, নিকটন্থ অবঅর্কের পশ্চিম দিকের বে ডালটা স্বাপেকা জলের দিকে ঝুঁকিয়াছিল তাহারই একটা আগা তালিরা। লইরা পুছরিণীর চাতালের উপর, ডালটা হল্তে লইরা পশ্চিমমুখ হইরা। ছিরাসনে বসিণ।

নরেশবাবু ছর্নানাম জপিতে জপিতে, ফকিরকেই তবনকারমত একমাত্র বিপত্তারণ মনে করিয়া নির্বাচ্চ নিফম্প প্রদীপের ভায় ছির-দুষ্টতে ফ্কিরের প্রতি দেখিতে গাগিকেন।

বৃদ্ধিও তথন আকাশ ধরিয়াছে, কিন্তু বাহিরে তথনও জ্বাট ক্ষকার। কেবল শৃল্পে পরিষ্কার নীক আকাশের তারাগুলি বকবক করিয়া পৃথিবীকে আলোকিত করিবার রুধা প্রয়ান পাইতেছিল। বাহিরের ক্ষকার ধেন তাঁহার মনের ভিতর যাইয়া আরো জ্মাট বাঁধিতেছিল, কেবল তারাগুলির মত ক্ষকিরের শেব চেটা মনের মধ্যে বেন একটা ক্ষীণ বর্ত্তিকা জালাইবার চেটা পাইতেছিল।

ক্ষির ও নরেশবাবু কভক্ষণ এরপভাবে ছিলেন, তা ঠিক বলা বার না। তবে দেওয়ালস্থিত ঘড়িটা যথন সশব্দে রাত্রি ৪টা ভানাইয়া দিল, তথন মরেশবাবু মৃক্ষ্যি যান নাই ইহা ছির হইলেও, তাঁহার নিজের উপর কোন শক্তিই ছিল না। একবার তাঁহার বাটা, শর্মগৃহ, ক্লশ্ন প্রের মুখ মনে পড়িল, মনে হইল বুঝিবা লব শেষ। কল্পনার বেন একবার মর্ম্মভেদী করুণ ক্রন্থন, পুত্রের শেষ দশা দেখিতে লাগিলেন; কাল্পনিক বাতনায় চক্ষু অক্ষধারা ছুটাইয়া দিল।

এখন সময় ফকির শক্ষ দিয়া উঠিয়া চীৎকার করিয়া বলিল, "ইঙ্গে বিস্থিতী, কুট ভর নেহি, বাঁচ সিয়া বাবু সাব্।"

এ ব্যক্ত কতটা গাঁলাখুরী ও কতটা স্ত্য, এ সম্পেহ তবন মহার্থীয়াই সাদেই লাগিল না। আখাস্বাণী ওনিয়া বেক-ব্রের উপস্থ

্ৰেৰ। এখন ঔবৰ বাওয়ান, আর না বাওয়ান ভাতে কিছুই আসিয়া सरितं ना। देशात मुणारवाण काविता शितारह, अयन शाराफ रहेरछ কেলিয়া দিলেও মৃত্যু নাই; তবে ঔষধ খাওয়াইলে শীঘ সারিয়া উঠিতে পারিবে।

এ কথায় নরেশবাবুর যেন কয়দিনকার ত্র:খপ্রের খোর কাটিয়া **८भग अवर ८म ममरत रवाय एत है है। जर्भका छोहात पर्राप्त वार्य** जात অধিক কিছ প্রার্থনীয় ছিল না ৷ তাই আনন্দে বলিয়া উঠিলেন ফে আমার মনের ভিতর যে ক্রভজতা ফুটে উঠছে, তা আমি ভাষার প্রকাশ করতে পারছি না। তবে বে কতটা রুতজ্ঞ হলাম, তা **७१वान्डे का**त्नन ।

নরেশবাবুর বুক হইতে পাষাণ নামিয়া গেল। আনন্দে ভাঁহার মনে হইতে লাগিল যে, ফকিরের পাছইটী জড়াইয়া কুতজভা প্রকাশ कर्त्रन :

🌝 কিন্তু কুভজভাপ্রকাশের পূর্বেই ফকির তাঁহার হাত ছুইটা ধরিয়া विन, "(थाना ताथा, (थाना ताथा, (थाना कि माम निरम्न, चाउँत कृष्ट-खन्न त्निहि।"

ভার পর অখথের ডালটা নরেশবাবুর হাতে দিয়া বলিল বে, সকালে এই ডালটা তিনবার রোগীর আপাদমস্তকে বুলাইয়া দিয়া, त्त्रांशीत माथात वानित्मत निष्म त्राथिया पिरवन ; अवर मण्यूर्वतरप -আবোগ্য হইলে কোন জলাশয়ে ফেলিয়া দিবেন।

मद्रभवावू चाद्रा पृष्कार मिन्छि हरेवात चग्र जिल्लामा कत्रिरमम, আর ত কোন তয় নাই ফকির সাহেব ?

স্মানন্দে তাঁহার মুখ দিয়া ইংরাজি বুকনি বাহির হইতে শালিল। স্ক্রির বে ইংরাজি জানে না, সে কথা ভিনি তখন ভূলিয়া গেছেন। आभारमञ्जूष्मेरे प्रवृत्या त्य, देश्वाणि वशाव धारमान ना कवित्रा

কিয়ংকণ শুদ্ধ মাতভাৰার কথা কহা আমাদের পক্ষে একরণ অসম্ভব ৰইয়া পভিয়াছে। ইহার উপর হদি কোনরপ উত্তেশনা আসে, ও হিন্দি ও ইংবাজি অনর্থণ ছটিতে থাকে, সুতরাং এজক একা নরেশ-वावटक है (काव (क्ख्या वाय ना।

ক। আমার কথা যদি বিখাস করেন ত বলি, এতে আমার এক বিন্দু এক্তিয়ার ছিল না, কেবল আলা আমার মুখ রকা কবিয়াছেন।

ন। যাক আর কিছু ঔষণ বা tonic পাওয়াতে হবে কি ? না व्यानिक कि रेक्ष वेवध विनिधा किरवस्।

क। এक काल करून, काल भकारल ठाँछ। जल निया भाषा ध्यारेया আধপোয়া কলে একট সালম মিছুরী ও কিছু মনেকা ভিজাইয়া সেই জল পান করিতে দিবেন। এইরপ তিন দিন করিবেন, তাগ ভুইলেই রোগের সমস্ত দোষ কাটিয়া যাইবে।

ন৷ By jove! This is a case of bronchitis. এরপ क्रीका करान (व निউমোनिया दाय উঠবে।

ফ। না. এটা হচ্ছে অতিরিক্ত ঔষধ সেবনের ফল। বিষম পিছ-**्कां न हरबर्ह, (महे निर्छद क्षनमन हरनहे मिरद फेंट्रें ।** 

নরেশবার দেখিলেন যে প্রায় পাঁচট। বাব্দে স্থতরাং আর বিলম্ব কর্লে ভোরের টেণ পান না। হতরাং আর কথাবার্তা বন্ধ রাধিরা. ফকিরের নিকট হাত জোড করিয়া বিদায় লইলেন. এবং সেই সঙ্গে বলিলেন "বে যতকণ না বাড়ীতে বাইয়া সমস্ত দেখি, ভতকণ আপনার কোন কথা বিশ্বাস করতে পারছি না। আমার বিশেষ মিনজি হে আককার দিনও আপনি থাকুন"। একটু হাসিয়া বণিলেন, "আপনি চেষ্টা করিলেও বাইতে পারিবেন না! এজন্ত যদি কোন ঋপরাধ হয় ত ক্ষমা করিবেন।"

ফকির স্বইচ্ছায় হউক অধবা উপায়ান্তর না দেখিয়াই হউক, থাকিতে সম্মত হইলে, নরেশবাবু থানায় আবিশুকীয় উপদেশাদি দিয়া ছুর্গা ছুর্গা বলিয়া স্টেশন অভিমুখে ছুটিলেন।

সমস্ত রাত্রি জাগরণের পর যদিও বিশ্রাস্ত দেহ ট্রেণের দোলায় বার্ষার তন্ত্রালস হইয়া পড়িতেছিল, তথাপি দারণ উৎকণ্ঠায় ঘুমঘোর বার্ষার ছুটিয়া যাইতেছিল; তাঁহার সে সমগ্রকার অবস্থা যিনি ভুক্তভোগী, একমাত্র তিনিই বুঝিতে পারিবেন। ট্রেণ হইতে নামিয়া গৃহে যাইবার সময় লোকের মুখের দিকে ভাল করিয়া চাহিতে পারিলেন না, পাছে কেহ অমঙ্গনের কথা প্রেইই বলিয়া ফেলে; আবার যখনই ফকিরের আখাসবাণী মনে জাগিতেছিল, তথনই সাহসে ভর করিয়া উত্তবেগে যাইতে লাগিলেন। যখন গ্রামের পরিচিত লোকেরা অভাত্র কথাবার্ত্তার পরও কোন ছঃসংবাদ দিল না, তথন বুঝিলেন যে, হয় কোন বিপদ হয় নাই, কিয়া তাহারা গোপন করিয়া যাইতেছে।

বাড়ী পৌছিয়াই সদর দরজায় ছোট ভাই পরেশকে দেখিবামাত্র তাঁহায় চক্ষের চাহনি 'নীরব ভাষায় স্থাদয়ের সমস্ত উদ্বেগ একসকে জানাইয়া দিল, সুতরাং পরেশ আর কালবিলম্ব না করিয়া শুস্কমুধে বলিয়া ফেলিল যে, এখনকার অবস্থা কতক ভাল বটে, কিন্তু কাল রাত্রি চারটের সময় অত্যন্ত ধারাপ হয়েছিল; তবে ডাক্তারেরা বলছে যে, এখন অবস্থা কতকটা আশাপ্রদ।

চকিতের মধ্যে তিনি বুঝিয়া লইলেন যে, পুত্র এখনো জীবিত এবং জ্বস্থা কতকটা আশাপ্রদ ; তাঁহার পক্ষে আপাততঃ ইহাই যথেষ্ট। স্থতরাং আর কিছু না বলিয়াই ব্যস্তভাবে চলিয়া গিয়া রোগীর পার্শ্বে বিসিয়া সম্বেহে, গায়ে হাত বুলাইতে লাগিলেন এবং কি জানি কেন বারংবার তাঁহার মনে হইতে লাগিল যে, রোগীর অর্থ্বেক রোগ কাটিয়া

গিয়াছে এবং আশ্চর্যক্রণে সুস্থতা ও উন্নতি লাভ করিয়াছে; মনে মনে তাহার একটা কেমন আনন্দ হইতে লাগিল।

স্ত্রীলোকেরা ক্রমে ক্রমে আসিয়া জমিয়া পড়িলেন, এবং প্রায় সকলেই দীর্ঘধানের সহিত অফুচ্চস্বরে পরে পরে বলিয়া গেলেন ধে. "আবার যে তুমি এসে খোকাকে এমন করে দেখবে ও আদর করবে, একথা কাল রাত্তিতে আমরা ভেবেও উঠতে পারিনি, তবে যে মা ু অগদম্বা মুধ তুলে চেয়েছেন, সেটা তাঁরি দয়া," এবং সকলেই যে चारताना र'ता वर्षायाना पृका ७ माननिक निर्वन, এक्या अकान করিতেও কুন্তিত হলেন না।

নরেশবাবু তথন আফুপুর্বিক শুনিলেন এবং স্ত্রীলোকেরা তুই তিনজনে একসঙ্গে বলিয়। যাইতে লাগিলেন এবং যেথানে ক্রুটী হইতে-ছিল, অপের হ তিনজনে সমস্বরে সে সকল স্থান পূরণ করিয়া দিতে লাগিলেন।

यোটামুটী অবস্থাটী এইরূপ হইয়াছিল, অর্থাৎ রাত্রি ১॥· দেড়টার পর হইতেই বিকার ও প্রলাপ বাড়িয়া উঠিল, ক্রমে দেটা একটু ক্মিতেই ঘাম দেখা দিল ও নাড়ী খারাপ হইল। প্রায় টার সময় ডাক্তার একপ্রকার জবাব দিলেন এবং অমুচ্চ রোদন ও ঘন দীর্ঘখাসের मर्था वानकरक रमस्त्रम नामान इहेन, विक श्रीक श्रीत नमस मर्ग्याखनी আর্ত্তনাদের সঙ্গে সংগ্র রোগী:ও চক্ষুতারকা উর্দ্ধে উঠিল: শোকের প্রথম উচ্ছাস থামিয়া গেলে বোধ হইল যেন চক্ষু তারকা সরল ও স্বাভাবিক এবং বক্ষে হাত দিয়াও বোধ হইল ধেন অতি মৃত্ হৃদপিত্তের ক্রিয়াও চলিতেছে; তৎক্ষণাৎ চোখের জল মুছিয়া সকলে সভয়ে ও সানন্দে ভগবানকে ডাকিতে লাগিলেন ও ডাক্তারকে সংবাদ দেওয়া ट्टेन।

ভাক্তার আসিয়া দেখিয়া বলিলেন যে, reaction হইয়াছে, কিছ

তাহলেও বিশেষ ভরসা নাই, তবে এরপভাবে যদি ও ঘণ্টা কাটিয়া যার তাহলে আশা আছে, আবার সকালে ৭টার পর দেখিয়া বলিয়াছেন যে, আশা হয়।

শুনিতে শুনিতে বারবার নরেশবাবুব মনে ফকিরের সেই কথা,
"যব রাত চার বোলনেসে রছে তব্ আলাকো মর্জ্জি" জাগিতেছিল এবং
সঙ্গে স্থান হালর ক্রতজ্ঞতাভারে উদ্দেশে ফকিরের প্রতি প্রণত হইতেছিল। মনে হইল ইহা নিশ্চয়ই সেই ছ্লাবেশী মহাপুক্ষের ক্লপা, নহিলে ল্লান্ন এরপ ঘটিতে পারিত না।

তথন অখথতালটা বুলাইয়। মাথার শিয়রে রাখিয়া সকলকে ফকিরের ঘটনা আফুপুর্বিক বলিলেন, তাঁহারা শুনিয়া আশুর্বা হইলেন এবং এরূপ যোগাযোগের জন্য নারায়ণকে অগণ্য ধন্যবাদ দিয়া অনুরোধ করিলেন, যে একবার ফকিরকে এখানে আনাইয়া যাহাতে খোকাকে আশীর্কাদ করেন ও একটা তার্বিজ দেন, তাহাই করিতে হইবে।

কিন্তু যথন সরবৎ খাওয়াইবার উত্যোগ করিলেন, তখন স্ত্রীলোকেরা সমস্বরে আপত্তি করিয়া বলিলেন "ওমা সে হবে না, তাহলে এখুনি সন্নিপাত ধরিবে যে।" পুরুষেরাও অল্পবিন্তর আপত্তি করিলেন, কিন্তু নরেশবার দৃঢ়সঙ্গল, তাঁহার তখন ফকিরের কথার বর্ণে বর্ণে বিশাস ক্লিয়াছে এবং ধারণা যে ইহার ফল কখনই ভাল ব্যতীত মন্দ হইবে না। তাই বলিলেন তোমরা আপত্তি করিও না, আমি বেশ দেখতে পাচ্ছি যে, এখন রোগ সম্পূর্ণ সারিয়৷ গিয়াছে। যা বাকি আছে তা কেবল রোগকনিত অবসাদ ও তুর্বলতা।

অপরাহে তিনি কর্মস্থলে যাত্রা করিলেন, কিন্তু তাহার ভিতরে বেন সমস্ত পরিবর্ত্তিত হইয়া গিয়াছে। ঘটনাচক্রে মাসুষকে এমনি করিয়া অভাবনীয় ভাবে অলক্ষ্যে গড়িয়া তুলে; তথন উবেগ, আশকা ও অভিরতা নাই, তৎপরিবর্ত্তে ক্রির্নি নিশ্চিম্বভাব ও সম্পূর্ণ নির্ভরতা। গতরাত্রিতে বাহাকে দাগী বদমায়েসরপে ঘোর সন্দেহ চক্ষে দেখিয়াছেন, এখন তিনি সাধু পুরুষ; তথন ফকিরের সঙ্গ, কথাবার্ত্তা ও কার্য্যকলাপ অত্যন্ত প্রিয়। ফকিরের সঙ্গে প্রথম সাক্ষাতের পর হইতে সমস্ত কার্যা ও কথা, বায়স্কোপের চিত্রের স্থায় চিন্তক্ষেত্রে একে একে ভাসিয়া উঠিল; কিন্তু সেই সঙ্গে অন্থমনস্কভাবে ইংরাজীতে কথাবার্ত্তা কহিয়াছিলেন তাহা মনে পড়িবামাত্রই অত্যন্ত লক্ষিত বোধ করিলেন। কিন্তু পরক্ষণেই মনে হইল, তাইত ! ফাকরও নিশ্চয়ই ইংরাজী জানে, কেননা সেও ত একবার ইংরাজী ব্যবহার করিয়াছিল। এই তথ্টা মগজে প্রবেশ করিবামাত্রই তাঁহার যেমনি আরাম বোধ হইল; তেমনি শ্রদ্ধা চতুপ্ত পি বাড়িয়া গেল।

কালের এমনি স্বধর্ম যে, আমরা সাধু সন্নাসীর প্রকৃত শিক্ষাণীক। যে কি জিনিস, তাহা ভূলিয়া গিয়াছি। যদি কোন সাধু বা সাধুবেশীকে ইংরাজী ভাষাভিজ্ঞ দেখি, তৎক্ষণাৎ তাহাকে জ্ঞানী, স্থপণ্ডিত ও প্রকৃত সাধু বলিয়া ধরিয়া লই। পরস্ত হিন্দুখানী বুলিওয়ালা রক্ষতলবাসী ধ্যানমর্ম সাধুকে বুজরুক ঠাওরাইয়া political economyর হিসাবে অকারণ দেশের অন্নথবংসকারী বলিয়া মনে করি!

থানায় পৌঁছিয়াই নয়েশবাবু ফকিরের সহিত দাক্ষাৎ করিলেন এবং শাবেগজড়িত ভাষায় বারংবার হৃদয়ের কৃতজ্ঞতা জানাইলেন।

ক্ষির কিন্ত কুণ্ঠিত হইয়া বলিলেন, বাবু সাহেব ও কথা আর ভূলিবেন না, আমরা সামান্ত দীন ফ্রির আদমা, আমরা নিন্দা-স্থ্যাতির অযোগ্য। স্ততিবাদ শুধু বড়লোকেরই প্রাণ্য, আমাদের ভাষাতে কোন অধিকারই নাই।

ন। কিন্তু আমার—শুধু আমার কেন, আমাদের বাটী শুদ্ধ সকলে-রুই একটা বিশেষ অন্তরোধ আছে, সেটা আপনাকে রাথিতেই হুইবে। क। कि वनून ?े

ন। আমাদের সকলের অনুরোধ যে, একবার দয়া করিয়া আমাদের বাটাতে পদধ্লি দিয়া থোকাকে আশীর্কাদ করিয়া একটা মন্ত্রপৃত তাবিজ করিয়া দিতে হইবে; যাহাতে ভবিয়তে আর কোন বিপদ না হয়—এটা আপনাকে রাখিতেই হইবে।

ফ। এত করিবার কোন প্রয়োজনই নাই, কেন না **যা বিপদ** ঘটিবার, তা ঘটিবেই; তবে তোমাদের যথন অমুরোধ, তথন একবার তোমাদের বাটা নিশ্চরই যাইব, কিস্তু কবে বা কতদিন পরে তা বল্ডে পারি না। কিন্তু একবার যে যাইব, ইহা নিশ্চিত স্থতরাং আর পীড়া-পীড়ি-করিবেন না।

ন। আর একটা জিজ্ঞান্ত আছে: কাল রাত্রে ক**থাবার্তার** জানিয়াছি, আপনি ইংরাজি জানেন, সুতরাং আপনি যে সুশিক্ষিত সে বিষয়ে বোধ হয় সন্দেহ নাই।

ক। (হাদিয়া) হাঁ কথা ঠিক; তোমাদের পাশ্চাত্য দেশও দেখিয়াছি, পাশ্চাত্য আদর্শে ও শিক্ষায় নিজেকে গঠিতও করিয়াছিলাম এবং তোমাদেরি মত নাম, যশ ও অর্থ লোলুপ ছিলাম। কিন্তু তারপর গুরুর রূপায় বুঝিলাম যে, এ সবই ঝুটা, তাই এই ফকিরি লইয়াছি; এখন বড়ই শান্তি ও আনন্দ; তোমরা বিষয় ও অর্থে মজিয়া আছ, তাই ফকিরীর আনন্দ ও শান্তির মূল্য ধারণা করিতে পার না।

ন। কিন্তু তা বলিয়া ফকিরী শইতে ইচ্ছা যায় নাও বোধ হয় পারাও যায় না। আমি এ বিষয় ঠিক বুঝি না--- আপনি এ সম্বন্ধে কিছু উপদেশ দিন।

ফ। বাবু সাহেব, উপদেশ কি দিব ? আর উপদেশ দিবারও কিছু নাই, কেন না আঞ্চকাল সকলেই জ্ঞানপাপী; সব আনে, সব বুঝে, এবং যদি দেস সকলের একটাও জীবনে পালন করে, তা হলে আর ভাবনাই থাকে না। তবে একটা কথা বলিয়া রাখি বে, যদি কখনো বিশেষ বিপন্ন হও, ত আনাকে আন্তরিক ভাবে মনে করিও এবং সে সময়ে আমিও আমার সাধ্যমত সাহাষ্য করিবার চেটা করিব; তবে বখন-তখন বা সামান্ত কারণে উত্যক্ত করিও না। আমার আর কিছু বলিবার নাই, তবে এখনকার হিন্দুস্থানের হাল-চাল দেখিয়া বড়ই কষ্ট হয়। ইহারা রুটাকে সাচচা বুঝিয়াছে ও সাচচাকে রুটা মনে করে। সকলেই শাল-দোশালা, টাকা-প্রসা, দৌলত-ত্নিয়া লইয়া বাতিব্যস্ত; কিছু এ সকলের মূল যে আল্লাভালা, ভাহাকে ত একবার ভূলেও মনে করে না। খোদার উপর খোদকারী করিবে, কিন্তু খোদার কথা একবারও ভাবিবে না।

আমাদের দেশে একটা কথা আছে যে,—
চেহারা হোয়ত কেয়া হোয়,
যিস্ চেহারামে গোয়াব নেহি,
তালাও হোয় ত কেয়া হোয়
যিস্ তালাওমে গহৈড়ি নেহি,
মোকাম্ হোয়্ত কেয়া হোয়
যিস্ মোকাম্মে লছ্মী নেহি,
যিস্ দিলমে হাসেন্
যিস্ ময়বুমে খোদা নেহি,
ইত্যাদি—

কর্বাৎ সৌন্দর্য্যবিহীন চেহারা, গভীরতাহীন পু্ছরিণী বা লক্ষ্মশ্রীহীন বাড়ী যেমন কিছুই নহে, তেমনি যে প্রাণে ধর্ম নাই, যে হুদয়ে ভগবান নাই, সে হুদয়ের অধিকারী মামুষ মামুষই নহে। ফকির কথাগুলি অত্যস্ত আগ্রহসহকারে বলিভেছিলেন, এবং সেগুলি যেন নরেশের মর্ম্মে মর্মে প্রবেশ করিয়া সমস্ত আলোড়িত করিয়া দিতেছিল। ফকিরের উজ্জন দৃষ্টি যেন তাঁহার অস্তর পর্যান্ত বিধিয়া দিতেছিল এবং ভাবিতে ভাবিতে তিনি যেন কতকটা তন্ময় হইয়া গেলেন। তার পর একটু প্রকৃতিস্থ হইয়া পুনরায় জিজ্ঞাসা করিতে যাইয়া দেখিলেন, ফ্রির সম্মুখে নাই।

তৎক্ষণাৎ বাহিরে আসিয়া থানা ও আলপাশে কোথাও না দেখিতে পাইয়া লোকজন লইয়া চারিদিকে তল্পাস করিলেন, কিন্তু কোন থোঁজ পাওয়া গেল না।

শ্রীদেবেক্সনাথ চট্টোপাধ্যায়।

## আত্মিক আনয়ন।

অলোকিক রহস্তের পাঠকগণের মধ্যে অনেকেই শু'নে পাকবেন যে ইয়োরোপ ও আমেরিকাবাসী Mr. Stead, Mr. Glendenning, Mr. King, প্রভৃতি অধ্যাত্মবিদ্ পণ্ডিতগণ পরলোকগত আত্মিক আনম্বন করিতেছেন।

সংবাদটা থুব আশ্চর্য্য বটে, কিন্তু আমাদের পক্ষে তেমন নৃতন নয়।
আমাদের বেদ, উপনিষদ, রামায়ণ, মহাভারত, প্রভৃতি বহু গ্রন্থেই
আাত্মিক আনয়নের কথা বর্ণিত আছে।

আমি এথানে যে ঘটনার উল্লেখ করিতেছি, তাহা প্রাচীনকালের পৌরাশিক ইতিবৃত্ত কিংবা সুদ্র আমেরিকা অথবা শগুনের ব্যাপার নহে। এই অভূত ব্যাপার আমাদের এই বাঙ্গলা দেশের মধ্যেই প্রদর্শিত হইতেছে। আরও বছ আনন্দের বিষয় এই যে যিনি ইহার প্রদর্শক, তিনি আমাদের এই বঙ্গদেশবাসী। বাঙ্গালীর পক্ষে ইহা কম গৌরবের ক্থা নহে।

প্রীযুক্ত তরণীকান্ত চক্রবর্তী সরস্বতী মহাশয় ঢাকা দক্ষিণ মৈশগুতে

অৰম্ভান করেন। ঠাকুর ভারিণীকান্ত অলৌকিক শক্তিদুপার মহাপুরুষ, ঢাকার আবাল-র্দ্ধ-বনিতা প্রায় সকলের নিকটই স্থপরিচিত ও সম্মানিত। সম্মোহন, ত্রিকালদর্শন, জলস্ত অগ্নিকুণ্ডে পরিভ্রমণ, ভীবস্ত সমাধি প্রভৃতি ইঁহার বহুবিধ অলৌকিক ক্রিয়া দর্শন করিয়া, কমিশনার व्यव, ম্যাজিট্টে, সিণিল সাজ্জনি প্রভৃতি উচ্চপদস্থ ইয়োরোপীয়ান ও এতদেশীয় সম্ভ্রাস্ত বহলোকে একান্ত বিশ্বিত হইয়াছেন। সম্প্রতি এই মহাত্মাই করেকজন উচ্চ শিক্ষিত লোককে পারলোকিক আত্মা আনিয়া প্রদর্শন করিয়াছেন। প্রথমে ঢাকা বারের গভর্ণমেন্ট গ্রীডার রায় বাহাতুর প্রীযুক্ত ঈশরচক্র খোষ বি, এল মহাশয় এই বাণার প্রভাক করেন। আমরা সংক্ষেপে এখানে সেই বৃত্তান্ত আছে।পান্ত বর্ণনা কবিতে ছি।

রার বাহাতুর, পুর্ববঙ্গ ও আসাম গতর্ণমেন্টের আইন পরামর্শনাতা বলিয়াই যে সুপরিচিত, এমত নহেন। তিনি ধার্মিক ও পরোপকারী। দীন হুঃখীগণের হুঃখ হুদ্দা মোচনার্থ তিনি সর্বাদাই মুক্তহন্ত তিনি ক্রমান্তর তিন বিবাহ করিয়াছিলেন। বড় তু:খের বিষয় তিন স্ত্রীই পরলোক গমন করিয়াছেন। এতন্তির তাঁহার একটা কৈশোর বয়স্ক পুত্রও মাতৃগণের সহযাত্রী হইয়াছে। রায় বাহাত্রের তৃতীয়া স্ত্রী পরলোক গমন করিয়াছেন গত ৩১শে আবাত।

মৃত্যুর পর পরলোকে আত্মিকগণ কি ভাবে অবস্থান করেন, তাঁহারা ইহলোকে আসিতে পারেন কিনা, আমরা কোন উপায়ে তাঁগদিগকে দেখিতে পারি কিনা, এই সমস্ত বিষয় প্রত্যক্ষরপে জানিবার জন্ত একান্ত ব্যাকুল হইয়া তিনি ঠাকুর তরণীকান্তের শরণাপন হ'ন। ঠাকুর মহাশন্নও তাঁহাকে ইহা প্রত্যক্ষরণে প্রদর্শন করিবেন বলিয়া প্ৰতিশ্ৰুত হ'ন ৷

গত ২৮শে প্রাবণ বেলা ৮ ঘটিকার সময় রায় বাহাছরেল বাসাতে

ইহার এক (Seance) তত্বাধিবেশন হয়। বিস্তৃত বৈঠকখানা ঘর প্রথমে পরিষ্কার করিয়া ঠাকুর মহাশয়, রায় নাহাত্বর ও তাঁহার বাসার একটা বালক কক্ষের মধ্যে উপবেশন করেন। অন্যান্ত যে সমস্ত লোক দর্শকরূপে উপস্থিত হইয়াছিলেন তাঁহানিগকে কক্ষের তিনদিগে থাকিতে হইয়াছিল। ঐ তিনদিগের দরজা বন্ধ করিয়া একদিগের সমস্ত দরজা খুলিয়া দেওয়া হয়। ইহাতেই ঘরখানা একেবারে আলোকিত অবস্থায় ছিল।

ইহারা তিনজন বুজাকারে পরস্পার হস্তধারণ করিয়া মৃদ্রিত নয়নে কিয়ৎক্ষণ উপবেশন করেন। প্রায় গাঁচ মিনিট পরে নয়নোঝীলন করিলে এক আশ্চর্য্য দৃশ্য দৃষ্টিগোচর হইতে আরম্ভ হয়।

প্রথমে রায়বাহাছ্রের রদ্ধ পিত। ও কৈশোর বয়য় পুত্র তৈলোক্য নাথ ছায়াম্র্তিতে আনিভূতি হ'ন। তংপর তাহার তিন স্ত্রা ক্রমায়য়ে আগমন করেন: ইঁহাদিগের সকলকেই অতি স্পষ্ট ভাবে দেখা গিয়াছিল। আমাদের এই পার্থিব জগতে অবস্থান কালে ইঁহায়া যে প্রকার বেশভ্যা করিতেন, আজিকগণও সেই প্রকার বেশভ্যায় সজ্জিত ছিলেন। মুর্তিগুলি প্রায় তিন মিনিট কাল পর্যাস্ত দেখা গিয়াছিল।

রায় বাহাছরের এই তৃতীয়া স্ত্রীর নিকট জিজ্ঞাস্থ তিনটা প্রশ্ন ছিল।
(১) আমার পরবন্তা জীবন কি প্রকারে অতিবাহিত হইবে। (২)
তোমার পারত্রিক কল্যাণ আমি কি উপায়ে করিতে পাবি। (৩)
তোমার অকাল মৃত্যু কেন হইল। প্রশ্ন তিনটা তিনি কাহারও নিকট
প্রকাশ করেন নাই, মনে মনেই রাখিয়াছলেন। ছায়াম্ভির অন্তর্জান
সময়ে তিনি "মানার কিছু জিজ্ঞাস্ত আছে"—এই কথা বলিয়া
উঠিলেন। ছায়াম্ভিও দেখিতে দেখিতে যেন বালকের অক্সের সদে
একেবারে ম্লাইয়া পেল। বালক একেবারে ম্জিত ইইয়া পড়িল।

ভাহার হাত পা কাঁপিতে লাগিল। ঠাকুর মহাশয় তাহার হাতে একখণ্ড কাগজ ও একটা পেলিল দিলেন বালক কাগজে এই তিনটী কথা লিখিয়া দিল—"ভাল" "আদ্ধ পিণ্ড" ও "অকাল নয়"। ইহা পাঠ করিয়া রায় বাঙাত্বর একাস্কই পরিতৃপ্তি লাভ করেন।

এই মলৌকিক ব্যাপার সম্বন্ধে রায় বাহাচর যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, সকলের অবগতির জ্ঞানিয়ে তাহা ও তাহার মর্মাত্রবাদ আমরা উদ্ধৃত করিলাম।

"It is with great pleasure, I certify that Srijukta Tarani Kanta Chakravarty Sarasvaty has performed wonderful feats of Spiritualism, Spirit invocation, and replies of Spirit. They have been done in broad day light in my house. Five of my very near and dear relations' Spirit-shapes have been shown vividly in my presence. This feat has highly astonished me."

"অতীব সন্তোষের সহিত জানাইতেছি যে শ্রীযুক্ত তরণী কাস্ত চক্রবন্তী সরস্বতী মহাশয় "ছায়াম্ত্রি আনয়ন ও তদ্ধারা প্রশ্নের উত্তর প্রদান" সম্বন্ধে আমার বাসাতে অভূত পার্নৌকিক ব্যাপার প্রদর্শন করিয়াছেন। অতি প্রিয়তম পাঁচ জন ঘনিষ্ট আত্মীয়, ছায়ামৃত্তিতে প্রকাশ্র দিবালোকে স্পষ্ট ভাবে আমার নিকট আবিভূতি হইয়াছিল। এই ব্যাপারে আমি একান্তই বিস্মিত হইয়াছি।"

পরিশেবে আমাদের বক্তব্য এই.-- পাছে কেহ এই সমস্ত ব্যাপার স্মোহন শক্তির প্রভাবে রাম বাহাছরের দৃষ্টি বিভ্রম বলিয়া মনে করেন, এ জন্ম সাক্ষী স্বরূপে রায় বাহাতুরের বাসার এই বালকটীকে রাধা হইয়াছিল। উক্ত বালক রায় বাহাছরের তৃতীয়া স্ত্রী ভিন্ন আর কাহাকেও দেখে নাই: কিন্তু সে এই সমস্ত আত্মিকগণের যে রূপ বর্ণনা করিতেছে, তাহাতে সে সকল তাহার প্রত্যক্ষীভূত বিষয় ভিন্ন অস্ত কিছু মনে হয় না।

ইয়োরোপ ও আমেরিকাতে যাঁহারা আত্মিক আনয়ন করেন, তাঁহারাও প্রকাশ্য দিবালোকে ইহা প্রদর্শন করিতে পারেন নাই।
এ সম্বন্ধে গত নবেম্বর মাসের হিন্দু স্পিরিচুয়াল ম্যাগাজিনে, সম্পাদক
লিখিয়াছেনঃ—

"This is really a very wonderful feat and shows that the occultist possesses psychic powers of an extraordinary character. As a rule materialized spirits are produced in darkness or semi-lighted rooms, but to produce them in broad day light is a feat which occurs very rarely."

এই প্রকার একটী ব্যাপার যদি ইয়োরোপ কিংবা আমেরিকায় প্রদর্শিত হইত, তবে তাহার। ইহার যথার্থ আলৌকিক্ত বুঝিতে সমর্থ হইতেন।

শ্রীযুক্ত দারকানাণ বহু।

# অদ্ভুত দৈববল।

#### নচ দৈবাৎ পরম্ বলম্।

প্রথম যৌবন হইতে বর্ত্তমান বার্দ্ধকা অবস্থা পর্যান্ত আমি ভয়ন্কর কোবর্দ্ধি রোগ ভোগ করিয়া আদিতেছিলাম। রোগের যন্ত্রণা এতদ্ব বর্দ্ধিত হইয়াছিল যে,আমি প্রায় অকর্মণ্য হইয়া পড়িয়াছিলাম। গত মহাবিষ্ণু সংক্রোন্তির দিবস সহসা আমার জর হয়। এক মাস বাবৎ কবিরাদ্ধী ও ডাক্তারী চিকিৎসা করাইলাম কিন্তু জর বন্ধ হইল

না। অধিকল্প কোষে দারুণ যন্ত্রণা অমুভূত হইতে লাগিল। মনে মনে বিপদের আশল্পা করিয়া বিপদহারী ভগবানকে ভাকিতে লাগিলান। সহায় নাই, সম্পত্তি নাই, কোষর্দ্ধি যদি পক হয়, ভাহা হইলে আমার আর নিস্তার নাই ইহাও বেশ ব্ঝিতে পারিলাম। ইহার কয়েক দিবদ পরেই আমি দহদা দেখিতে পাইলাম বে আমার কোষের উপরিভাগে একটী অতি ক্ষুদ্র সামাক্ত কত হইয়াছে। ভীত হটয়া তৎক্ষণাৎ আমার পরম আত্মীয় জনৈক বন্ধ শ্রীযুক্ত কেত্র-মোহন বন্দ্যোপাধ্যায় এম. এ. বি. এল, আলিপুথের প্লাভার মহাশয়কে এই ভয়াবহ সংবাদ প্রদান করিলাম। সংবাদ পাইবামাত্র তিনিও ভাত হইয়া তাঁহার পুত্র ও আমার প্রিয়তম ছাত্র শ্রীমান রাজেজ্ঞ নারায়ণ বন্দ্যোপাধ্যায়কে জনৈক ডাক্তার সহ আমার নিকট পাঠাইয়া দিলেন। ভাক্তার বাব পরীক্ষা করিয়া বলিলেন কোষ পাকিয়া উঠিয়াছে। অবিলয়ে অস্ত করান না ইইলে পচিয়া যাইবে। আমার অর্থাভাব, সুতরাং আমাকে কলেজের হাঁসপাতালে পাঠানই সর্ববাদী সমত হইল। বাল্যকাল ১ইডেই অস্ত্রের প্রতি আমার বড ভয়, এমন কি পরের ফোড়া অস্ত্র করিতে দেখিলে আমি মৃঠ্ছিত হইতাম। হাঁসপাতালে ডাক্তার সাহেবের। অবগুই অন্ত প্রয়োগ করিবেন, মনে করিয়া ভয়ে আমার প্রাণ উডিয়া গেল। সকলে চলিয়া গেলে আমি করুণ স্বরে ক্রন্দন করিয়া ভগবানকে ডাকিতে আরম্ভ করিলাম। ক্রমে সন্ধ্যা উত্তীৰ্ণ হইল, কাঁদিতে কাঁদিতে কখন যে তলা আসিয়াছে, कानिना। थानिक द्राद्ध ख्रशार्याम (एशिनाम राम এक नासामत মহাপুরুষ, সর্বাঙ্গ বিভৃতিভূষিত, গলে রক্তাক্ষ মালা, শান্ত ও সৌম্য মুক্তি আমার সমুখে সহসা আবিভূতি হইয়া আমার শিয়রে উপবেশন क्तित्वन, अवर वाभात यसकी ठाँदात क्वाए जूनिया महेया मधुत স্বরে কহিলেন "ভয় নাই, তুই নিরাময় হইলি"। এল কথা বলিয়া

ভিনি তাঁহার পদা হও আমার মাণায় ও মুধে বুলাইয়া দিলেন। যথন তাঁহার হস্ত আমার মুখের নিকট সংলগ্ন হইল, তখন আমি মুখব্যাদান ও জিহব৷ বিস্তার করিয়া তাঁহার হস্তস্থিত কি যেন এক অমৃতময় মধুর পদার্থ থাইয়া ফেলিলাম। এবং আবেশে "আ" বলিয়া চীৎকার করিয়া উঠিলাম। আমার বুম ভান্নিয়া গেল। আমার পত্নী জাগরিতা হটলেন, এবং ভয় বিহবল চিত্তে আমাকে এরপ চীৎকারের কারণ জিজ্ঞাস। করিলেন। আমি সমুদয় ঘটনা তাঁহার নিকট বিরুত করিলাম। তিনি ভক্তিভরে বার বার বাবা বৈগুনাথের উদ্দেশে প্রণাম করিলেন এবং বৈছ্যনাথের ঘামচন্দন গঞ্চাঞ্চলের সহিত মিশ্রিত করিয়া আমার কপালে মাখাইয়া দিলেন। এই সময়ে আমার বোণ হটল যেন আমার কোষের সেই সামানা ক্ষতস্থান হইতে অল্প পরিমাণে রস বাহের হইতেছে। আমার পত্নীকে প্রদীপটা কাছে আনিতে বলিয়া আমি আন্তে আন্তে বেনন সেই ক্ষতস্থানে চাপ দিয়াছি. অমনই সেই ক্ষতস্থান হইতে সামান্য জল বাহির হইতে লাগিল। প্রাণের মায়া পরিত্যাগ করিয়া আমি হুই হাতে খুব জোরে চাপ দিতে লাগিলাম, আর আমার কোষ হইতে রক্ত, পূজ ইত্যাদির ন্যায় পদার্থ প্রভৃত পরিমাণে বাহির হইয়া পড়িল। তথন আমি মরিয়া হইয়া িয়াছি, আমার হস্ত পদ কাঁপিতেছে, কিন্তু কোষ অনেক ছোট হইয়া আসিয়াছে, এমন কি জলশূন্য ভিন্তির নাায় কেবল চামড়াটী অবশিষ্ট আছে। ভীতা হইয়া আমার পরিবার সহসা যথন আমার হস্ত ধারণ कतिन, ज्थन आमात देठजनां इहेन। आमि दिश्नाम आमात वृष्टे হল্ডে হইটা বিচি মাত্র আছে, অবশিষ্ট সমুদয় পদার্থ বাহির হইয়া পিয়াছে। তখন আমার অত্যন্ত কুধা বোধ হইল এবং সর্বাঙ্গ কাঁপিতে লাগিল। কিঞ্ছি হুয় পান করিয়া আমি একটু সুস্থ হইলাম, এবং তুলা ও ছিন্ন বৃদ্ধ ছারা কোষ বাঁধিয়া আবার শয়ন করিলাম। প্রভাতে

জাগরিত হইয়া দেখি, কোষের রসে আমার বিছান। ভিজিয়া গিয়াছ। বন্ধন মৃক্ত করিয়া দেখিলাম তিনটী স্থানে গভীর ক্ষত হইয়াছে। পূর্বেই বলিয়াছি অন্ত্র প্রয়োগে আমার বড় ভয়, স্বভরাং আমি বিনা অত্তে কত চিকিৎসক প্রসিদ্ধ টাদসীর ডাক্তার শ্রীযুক্ত শ্রীমন্তকুমার দাৰ ধ্ৰস্তগ্ৰী মহাশয়কে ডাকাইয়া আনিলাম। তিনি চুই মাৰ চিকিৎস। করিয়া স্বহস্তে আমার ক্ষত স্থান ধৌত করিয়া দিতে লাগিলেন। তুইমাদ পরে আমার ঘা সারিয়া গেল। এখন আমি সম্পূর্ণ হস্ত ৷ যদিও অতিশয় তুর্বল আছি, কিন্তু পূর্বোক্ত রোগের লক্ষণ আর আমার কিছই নাই।

শ্রীবিনোদবিহারি চটোপাধ্যায়।

#### আদান প্রদান।

"দান প্রতিদানের" লেখক শ্রীযুক্ত বাবু দেবেন্দ্র নাথ চট্টোপাধাায় যে গল্পটী লিখিয়াছেন ভাহার সার মর্ম্ম অন্ততঃ আমি যেরপে বুঝিয়াছি ভাহা এই হইভেছে যে, বিনোদ বাবুর স্ত্রীর কাতর প্রার্থনায় অরুণ বাবু নিজের জীবন বিনোদ বাবুকে দিয়া আপনি আপনার শ্রীরে তাহার কলেরা রোগকে সঞ্চারিত করিয়া লইয়া নিজেই নিজের দেহ ভাগ করিলেন : ঠিক এইরূপ ঘটনা প্রায় ৩০ বৎসর পূর্ব্বে আমার নিজের পরিবারের মধ্যেই সংঘটিত হইয়াছে। ঘটনা ছইটা। ছর্ভাগ্যবশতঃ ঐ তুই সময়েই আমি গৃহে উপস্থিত ছিলাম না, স্বচক্ষে দেখি নাই, তবে প্রথমটীর কথা আমি ৬ মাত্ঠাকুরাণীর মুখে ওনিয়াছিলাম, এবং বিতীয়টার কথা ৮ পিতৃদেবের মুখে ভনিয়াছিলাম। স্তরাং কোনটাই যে মিথা নয়, সে বিষয় গ্রুব সভ্য।

প্রথম ঘটনাটী এইরপ—আমার নিজ মাতৃলের কথা। আমার মামার বাড়ী আমাদের গ্রামেই, নিজ বাড়ীর অতি স্নিকট। এমন কি একবাড়ী বলিলেও বিশেষ দোষ হয় না। মামারা আমাদের গ্রামের গণামান্ত একঘর বর্দ্ধিয়ু গুহস্ত, ছিলেন। মাতামহ একজন সুপণ্ডিত ছিলেন। মামারাও সব পণ্ডিত। আমার তিনটী মামা ছিলেন। ভাহার মধ্যে মাতামহ, মাতামহী, বড় মামা, ছোট মামা, ইঁহারা মানবলীলা সম্বরণ করিলে একমাত্র মধ্যম মাতৃলই অবশিষ্ট রহিলেন। তিনি পরম ধার্মিক, সর্বানাই শাস্ত্রালোচনা ও পূজাপাঠ লইয়াই কাল যাপন করিতেন। তঃপের মধ্যে কোনও মামারই পুত্র সন্তান হয় নাই। যখন তাঁহারা তিনজন জীবিত ছিলেন, তথন কাহারও না কাহারও পুত্রসন্তান হটনে এই মনে করিয়া সেদিকে কাহারও বিশেষ চিন্তা ছিল না তিনভাই একপ্রকার নিশ্চিস্তভাবেই আমোদ আফ্রাদে কাল কাটাইতেন। যৎকালে মধ্য মামা একা হইয়া পভিলেন. তখন বাড়ীতে পুত্র সম্ভানের সম্পূর্ণ অভাব দেখিয়া তিনি বংশরক্ষার জন্ত অতিশয় ব্যাকুল হট্য়া পড়িলেন। নানাবিধ শান্তি স্বস্তায়ণ, ঔষধধারণ ও প্রাসিদ্ধ প্রেসাদ্ধ দেবালয়ে ধরা দেওয়া প্রভৃতি কার্যোর অফুষ্ঠান করাইতে লাগিলেন। ঐ সকলের ফলে মধ্যম মাতুলানীর অধিক বয়সে প্রথমে একটী কলা সম্ভান জন্মিল, তাহাই দেবতার প্রসাদ মনে করিয়া সমুষ্ট চিত্তে তাহাকে লইয়াই সংসার করিতে লাগিলেন। কিন্তু নিয়তির অবজ্যনীয় নিয়মে চারি পাঁচ বৎসর বয়নে সেটী মারা পড়িল। তথন আবার পূর্বের আকুলতা উল্লেলত হইয়া উঠিল। আবার দৈবকার্য্যের অনুষ্ঠান পূর্বাপেক্ষা অধিক শ্রদ্ধার সহিত আরম্ভ করা হইল। তাহার ফলে একটা পুশ্রসম্ভান উৎপন্ন দেধিয়া ্মামা মামীর আত্মীয়ত্বজন পাড়াপ্রতিবেশী সকলেরই স্থানন্দের সীমা রহিল না। পুত্রটীও স্থাতি স্থাক্ষণসম্পন্ন হইল।

পুত্রের উৎপত্তিতে দেই শ্রশানতুলা নিগানন্দগুহে পুনর্বার আনন্দোৎসব হইতে লাগিল। মামা মামী উভয়েই স্কল্পকার যত্নের সহিত পুত্রতীকে প্রতিপালন করিতে লাগিলেন। পুত্রজন্মের ৪।৫ বৎসর পরে আবার একটা কলা জন্মিল। এবং ঐ প্রতী যথন ৮৮ বংগর বয়সে পদার্পণ করিল, সেই সময়ে মাতুলানীর পুনর্ব্বার গর্ভ সঞ্চার হইল, এবং ষ্পাসময়ে আর একটা পুত্র হইল। ঐ শেষজাত পুত্রটা লইয়া মাতৃলানী যথন স্তিকাগারে অবস্থান করিতেছিলেন, সেই সময় মাতৃল মহাশ্র একদিনের জন্ম আবশুক কার্য্যবংশ বিদেশে গিয়াছিলেন, বাডী আসিয়া দেখিলেন প্রথম পুত্রটীর অভাস্ত প্রকোপে জর ইটয়াছে। জর একেবারেই এত প্রকোপে হইয়াছে, যে পুল্রটীর জীবন সংশয় এইরূপ তিনি বুঝিলেন। পুত্রের তথাবিধ অবস্থা দেখিয়া তিনি কাহাকে কিছু না বলিয়া মান বদনে যে স্বরে গৃহদেবতা শালগ্রাম ঠাকুর ছিলেন সেই ঘরে আসিয়া ভগবানকে বারশার প্রণাম করতঃ কাতর ভাবে এই মাত্র প্রার্থনা করিছে লালিগেন 'হে ভগবান্, প্রদন্ন হও, আমার জীবিত সর্বায় পুলের পীড়াটী আমাতে সংক্রামিত কর : উহাকে ব্রক্ষাকর।" কিন্তু কি আশ্চর্য্য, এইরূপ প্রার্থনা করিতে করিতেই তাঁহার শরীরে কম্প দিয়া প্রবল জব হইল। তিনি তথন হাসিতে হাসিতে ঠাকুর ঘর হইতে উঠিয়া আসিয়া বলিলেন, "আর ভয় নাই। পুত্র রক্ষা পাইয়াছে।" এইরূপে পুত্রকে রক্ষা করিয়া তিনি স্বয়ং দেই জ্বরে মুই তিন দিনের মধ্যেই দেহত্যাগ করিয়া অনন্তধামে চলিয়া গেলেন।

এস্থলে আর একটা কথা না লিখিয়া থাকিতে পারিতেছিনা। ৬ মাতৃল মহাশয়ের দেহত্যাগের দংবাদ গুনিবামাত্র মাতৃলানী কেবলমাল্র এইকথা বলিলেন, "আঁয়া, এ কি হইল ?" এই কথা বলিয়াই তিনি এইরূপ প্রবল্ভরে আক্রান্ত হইলেন যে, তাঁহার মুধু দিয়া আরু

কোন কথাই বাহির হয় নাই। এবং পরদিন প্রাতঃকালে তিনিও যথাবিধি ৮ গলালাভ করিয়া পতির অনুগামিনী হইলেন।

যথন আমি বিদেশে থাকিয়া এই সংবাদ বাড়ীর পত্তে পাঠ করিলাম, তথন আমার মনে কালিদাসের

> "শশিনা সহ যাতি কৌমুদী সহ মেখেন তড়িছিলীয়তে"

এই শ্লোকটা মনে হইয়া অজঅ অঞ্ধারায় বক্ষঃস্থল ভাসিয়া গেল।

প্রথম ঘটনাত এইরপ। একণে বিতীয় ঘটনার কথা বলিতেছি। এ ঘটনাটী আমার নিজ বাডীর। আমার মায়ের **অনেকগুলি** পুত্র ও ক্যা সন্তান হইয়াছিল। তন্মধ্যে আমি এবং আমার কনিষ্ঠ এই ছুইটী পুল্রসপ্তান মাত্র আর গুট ছুই তিন কলা জীবিত ছিল। আমাদের দেশে চিরপ্রথা অনুসারে কতা সন্তান একপ্রকার সন্তানের মধ্যে পরিগণিত নয়। পুত্রই পিতামাতার প্রকৃষ্ট স্লেহের পাত্রই হইয়া থাকে। এই হিসাবে আমরা ত্রটী ভাই কেবল পিতামাতার কেন, বাড়ীর সকল পরিবারেরই পরম মেহের পাত্র হইয়া অতিপ্রয়য়ে প্রতিপালিত হইয়াছিলাম। তুই ভাই বয়ঃপ্রাপ্ত হইয়াছিলাম। তুই জনেরই বিবাহ হইয়াছিল ৷ এই সময়ে কশ্বস্থা আমি অভিদুরদেশে পঞ্জাবের রাজধানী লাহোর সহরে গিয়া পড়িয়াছিল।ম। এইজ্ঞ আমার কনিষ্ঠই তৎকালে বাড়ীর সকলের বিশেষ মাতা ঠাকুরাণীর স্নেহ আকর্ষণ করিয়াছিল। তৎকালে আমার ৮ পিতামহ দেবও বর্ত্তমান, ৬ পিতদেবও বর্ত্তমান, আর সকলেই বর্ত্তমান, সুভরাং সংসার একপ্রকার জাজ্জলামান বলিলেই হয়। এই অবস্থায় কার্ত্তিকমানে একদিন আমার কনিষ্ঠ লাতার জব হইল। জর প্রথমেই সামান্তাকারে হইয়াছিল, কিন্তু অপরাহে বৃদ্ধি পাইল। রাজে অবের প্রকোপ পুবই বাড়িল। মার্তা ঠাকুরাণী সমস্ত রাত্রি রোগীর নিকটে ব্যিয়া তাহার

শুশ্রবায় অনিক্রাতেই রাত্রি কাটাইলেন : রোগীর শুশ্রবা করিবার সময় তাঁহার ভাবগতিক দেখিয়া ভাহার শ্রীবনের প্রতি তিনি একেবারে আশাশৃত হইলেন । প্রাতঃকাল হইবামাত্র তিনি বিষয়বদনে গাক্তোথান করিয়া সংকল্পিত কার্ত্তিক্যাসজ্জ্ম প্রাতঃস্নান করিয়া আসিলেন। তিনি আর রোগীর ঘরে না চুকিয়া যে ঘরে শালগ্রামশিল। থাকিতেন, সেইঘরে প্রেশ করিয়াই অনর্গল অশ্রধারা বর্ষণ করতঃ, মাথা খুঁড়িতে আরম্ভ করিলেন। কি আশ্চর্যা ! কিছুক্ষণ ঐরপ করিতে করিতে তিনি প্রবল জরে আক্রান্ত হইয়া দেই ঠাকুরখরেই অজ্ঞান হইয়া পডিলেন। ওদিকে আমার কনিষ্ঠ আনেকটা সুস্থতা লাভ করিয়া উঠিয়া দাঁডাইল, এবং মাতার অবেষণ করিতে গিয়া দেখিল, ষে মা ঐরপ ঠাকুরঘরে অজ্ঞান হইয়া পড়িয়া রহিয়াছেন। তথন সে বাড়ীর অপরকে সংবাদ দিল। বাড়ীর সকলে আসিয়া দেখিল, তিনি একেবারে অজ্ঞানভিত্ত, বাঞ্চিক জ্ঞান নাই, এলোমেলো বকিতেছেন। ভখন সকলে ধরাধরি করিয়া তাঁহাকে গৃহান্তরে লইয়া গোল, এবং ভৎক্ষণাৎই স্থৃচিকিৎসক ভাকিয়া চিকিৎসার ব্যবস্থা করা হইল। সেই সঙ্গে আমাকেও এইভাবে টেলিগ্রাফ করা হটল, যে তুমি যে অবস্থায় আছ, সেই অবস্থাতেই বাড়ী চলিয়া আদিবা: তোমার মায়ের সন্তটাপর পীডা।

সেইদিন প্রাতঃকালেই আমি বাডী হইতে চিঠি পাইয়াছিলাম. বাড়ীর সকলেই খব ভাল আছে। স্থতরাং সন্ধ্যাকালে ঐরপ টেলিগ্রাম পাওয়া আমার মনে বিখাস হইল না: আমি মনে করিলাম, কোন বাক্তি শক্ততা করিয়াই ঐ প্রকার টেলিগ্রাফ করিয়াছে। এইজন্ত বাড়ী না আ'সয়া একথানা পত্ৰ পাঠাইলাম।

এদিকে ঐ টেলিগ্রাম পাইয়া আমার যে সময় বাড়ী পৌছিবার কৰা, সেই সময় বাড়ী না পৌছানতে আবার একটা টেলিগ্রাম পাইলাম

তাহাতে এইমাত্র লেখা ছিল "তুমি প্রথম টেলিগ্রাফে বাড়ী না আসিয়া ষতীব গহিত কার্য্য করিয়াছ।" ঐ টেলিগ্রাফ পাইয়া আমি এক্বোরে সব অন্ধকার দেখিলাম। আর থাকিতে পারিলাম না। বাস্তবিক যে অবস্থায় ছিলাম, সেই অবস্থাতেই চলিয়া আসিলাম। কিন্তু আসিয়া দেখিলাম কি ? কাঞ্পেষ হইয়াছে। মা আর এ জগতে নাই। বাড়ী শুন্ত, হাহাকারে পরিপূর্ণ। যে সংসার সর্বনাই আনন্দ কোলাহলে পরিপূর্ণ থাকিত, ভাহা আজ ক্রন্দনের রোলে পরিপূর্ণ। তথন মনে ভাবিলাম—আমি বান্তবিকই কি গঠিত কার্যা করিয়াছি। প্রথম টেলিগ্রাম পাইয়া কেন আসিলাম না? আমি বাডী আসিয়া দাঁডাইবা মাত্রই ৮ পিতামহ ঠাকুর আমাকে কোলে করিয়া বসিলেন। তাঁহার চোৰ দিয়াও অনবরত অঞ্ধারা বহিতেছে। ৮ পিতদেবও কাঁদিতে-ছেন। ছোট ভাগত কাঁদিয়া আকুল পুতরাং মার কি হইয়াছিল, হঠাৎ কেন এরপ ১ইল, একথা কাহাকেও যে জিজ্ঞানা করিব, সে লোক খুঁজিয়া পাইলাম না৷ পরে সকল স্থির হইলে, আমি পিতৃ-দেবের মুখে স্বিস্থার স্কল কথা শ্রুত হইলাম।

তাই বলিতেছি, এইরূপ অপরের পীড়া লইয়া নিজের জীবন তাহাকে প্রদান করা জগতের মধ্যে নোধ হয় বিরল নহে। বোধ করি, অনেক স্তেই এইরপ ঘটনা হইয়া থাকে। \*

> **जवा**ही य শ্ৰীহ্ববাকেশ শৰ্মা শাস্ত্ৰী. ভাটপাডা।

পর্ম শ্রদ্ধাম্পদ লেখক মহাশয়ের লিখিত কাহিনী এবং দেবেক্রবাবুর লিখিত কাহিনী এতমুভয়ের কিছু পার্থক্য আছে। আমাদের মনে হয়, বালকের পূর্বগুচ্ছ পूर्वकात्रत अन পরিশোধের জন্ত ইহলামে অরুণবাবুর মৃর্তিতে অবতীর্ণ হইরাছিলেন। অরণবাবুর কথায় বোধ হয়, তাহাতে পূর্বজন্মের স্মৃতি বিদ্যমান ছিল। শাস্ত্রী মহোদয়ের লিখিত "আদান প্রদানে" লগান্তরের কোন সমক আছে। অং সং

### স্বপ্নতত্ত্ব।

#### (পূর্ব্ব প্রকাশিতের পর)

জাগ্রৎ অবস্থায় আমরা সর্বাক্ষণ এই শরীর ব্যবহার করিয়া থাকি। **শিক্ষিত এবং ধী**শক্তিদম্পন্ন ব্যক্তির এই দেহ বেশ বিকশিত। নিদ্রিত অবস্থায় এই শ্রীর স্থুলদেহ ত্যাগ করিয়া মন, বুদ্ধি ইত্যাদির সহিত বাহির হইয়া পড়ে এবং সেইকালে মানব চৈতক্ত এই শরীরে কার্য্য করে। আমরা নিদ্রাকালীন যথন এই দেহ আশ্রয় করিয়া অব-স্থিত থাকি, তথন স্ক্রলোকের অনেক ব্যাপার আমাদিগের চৈতক্ত-গোচর হয় এবং সেই সমস্ত বিষয় আমাদিগের স্থুল মস্তিষ্কে পরিস্রবিত হয় এবং তাহা কখনও কখনও স্বপ্নরূপে আমাদিগের জাগ্রৎ অবস্থায়ও শ্বরণে থাকে। নিদ্রিত অবস্থায় অধিক সময়ই আমাদিগের নিজের নিজের চিন্তা ও ভাব শইয়াই আমাদিগের ফ্রেশরীর নিযুক্ত থাকে, ফ্রে-লোকে কি ঘটতেছে ভাহা দেখিতে তাহার অবসর থাকে না ; কিন্তু স্মাদেহকৈ আত্মচিন্তা ও ভাব হইতে বিমৃক্ত করিয়া স্মালোকের ব্যাপার অবলোকন করিতেও নিযুক্ত করা যাইতে পারে। সেই সময়ে মুত বন্ধু বা আত্মীয়গণের সহিত সাক্ষাৎ ঘটে, ভাহাদিগের সহিত कर्षाभकथन७ इत । अरवायन छविषा० चर्रेनात भूकां जान, भूकांवरवाय সাধারণের জাগ্রৎ অবস্থায় অদৃশ্র স্ক্রাদেহীদিগকে দর্শন ও তাহাদিগের সহিত কণোপকথন--- এ সমস্ত কাৰ্য্য নিজাকালীন মানবচৈতত স্ক্ৰ-দেহের সাহায্যেই করিয়া থাকে, এবং তাহা কথনও কথন জাগ্রৎ সময়েও মানবের স্মরণে থাকে। এ জাগ্রৎ অবস্থায় এই সমস্ত ব্যাপার যাহার যত অধিক অরণে থাকে, কৃষ্ম ও সুলদেহের যোজক যন্তের তাহার यে অধিক বিকাশ হইয়াছে, তাহা ব্বিতে হঁইবে। আমরা

4

এখন বেমন অব্যাহত ভাবে সুনদেহে কার্য্য করি, এবং তাহার বিষয় অবগত আছি, সময়ে সর্বসাধারণের সকলেরই সেইক্লপ স্ক্রদেহ সম্বন্ধে হইবে।

আমাদিগের স্থুলদেহের উপাদানভূত ভূতগুলিকে যেমন সাত ভাগে বিভক্ত করা যায়, সেইরূপ এই কামদেহের উপাদানগুলিকেও করিতে পারা যায়। ইহাদিগের কতকগুলি স্থুল, কতকগুলি স্থা। কামদেহের স্থাতর উপাদানভূতগুলির সহিত স্থাতর মন-দেহের স্থাতর উপাদানভূতগুলির বড় ঘনিষ্ট সম্থা। তাহারা থেন একত্র জড়িত হইয়ারহিয়াছে বলিয়া মনে হয়। তাহারা একত্র কার্য্য করে; একের আঘাতে অপরটীতে প্রতিঘাত উৎপাদন করে। তাহারা উভয়ে যেনপ্রকৃতিজাত যমজ লাতাঘা। মন দেহের ধর্ম চিস্তা, স্থাত ইত্যাদি। কামদেহের ধর্ম স্থা হঃখ বোধ, বাসনা রাগ, দেব ইত্যাদি। বাসনা হইতে গেলেই, মূলে স্থাতি, চিস্তার কার্য্য পরিলক্ষিত হয়। স্থা, হঃখ বোধ হইতে হইলেও স্থাতি ও চিস্তার কার্য্য থে জড়িত আছে তাহা স্পাইই উপলব্ধ হয়। পাতগুল অতি "রাগ" ও ঘেষের এইরূপ স্ত্র রচনা করিয়াছেন;—

"স্থাস্শ্যী রাগ:।" ২য় পাদ, ৭ সং!
( স্থ বা স্থের উপায়ে কামনাকে রাগ বলে।)
ছঃখাস্শ্যী ঘেষঃ। ঐ,৮ স্তা।

(বে ব্যক্তি ছ্:থের অমুভব করিয়াছে তাহার ছ:খ অথবা ছ:থের কারণে যে কোধ হয় তাহাকে দ্বেষ বলে।)

এই হুই স্ত্ত্রের ব্যাদদেব এইরূপ ভাষ্য করিয়াছেন ;—

"স্থাতিজন্ত স্থামুশ্বতিপূর্কঃ সুথে তৎসাধনে বা বো নর্জ্ঞালোভঃ স রাগ ইতি।"

(যে ক্লাক্তি সুথভোগ করিয়াছে, তাহার স্থাবের সারণ হইয়া সুধ

বা স্থাপর সাধনে ( সুধজনক পদার্থে ) হৈ লোভ তাহাকে রাগ বলে। পর্ম, তৃষ্ণা, লোভ ও রাগ এই কয়েকটী পর্যায় শব্দ।

সেইরপ "তঃখ" স্তরের ভাষ্যে তিনি লিখিয়াছেন,—"তঃখাভিজ্ঞান্ত ছঃধাতুত্বতি পূর্বে হঃখে তংগাধনে বা যঃ প্রতিযোমত্মজিবাংসা জোধঃ স ছেব ইভি।"

( তু:খাভিজ্ঞ অর্থাৎ যে ব্যক্তি কখনও তু:খের অমুভব করিয়াছে ভাহার হঃৰ মুর্ণ হট্যা হঃৰ অথবা হুঃধের কারণ প্রহার প্রভৃতিতে ষে ক্রোধ হয় ভাহাকে ছেষ বলে। প্রতিম, মন্ত্রা, জিঘাংদা ক্রোধ ও (वर हेशका भर्गात्रमक।)

কামদেহ বা বাসনাদেহ মন-দেহের সহিত এইরূপে সংমিশ্রিত हरेया कार्या करत विनया, विमालिमर्गत डेशिमरगत माधावण नाम मि अप ছইয়াছে "মনোময় কোষ।" কাম-দেহ মনোময় কোষের অপেকাক্তত স্থাংশ লইয়া গঠিত ও মন-দেহ তাহার স্ক্রাংশে গঠিত। আমরাও এই চুইটা শরীরকে একত্রে ফুক্মশরীর এই সাধারণ নামে অভিহিত কবিলাম।

আমরা যে ফুল্লদেহের আলোচনা করিলাম ইহা আমাদিগের বাসনা ও চিস্তার ক্রিয়াক্ষেক্ত ; তাই অপরের কামনায় ও চিস্তায় এই দেহ আক্রান্ত ও উত্তেজিত হয়। বাহিরের বাসনা বা চিন্তাস্রোতে এই দেহ অফুম্পন্দিত হটতে থাকে এবং আমরা অপরের বাসনা বা চিস্তাকে নিজেদের বাসনা বা চিন্তা বলিয়া ভাবি। আমাদিগের সারাদিনের চিন্তা বা ভাবরাশিকে বিভাগ করিলে দেখিতে পাই যে, তাহাদিপের অধিকাংশই অপরের বা আমাদিগেরই অতীত কালের। পরের ভাব ও চিন্তা লইয়া নিক ভাণ্ডার পূর্ব করিয়া আমরা রুবা উত্তেজিত হইয়া ধ্যান করিতে বা কোনও বিষয়ে মনোনিবেশ করিতে **যাইলে** এই তথাটা বেশ বুঝিতে পারা যায়। আমরা দেখিতে পাই যে, যেই আমরা মনকে একাগ্র করিতে বাই, অমনি কোথা হইতে অভাবনীয় চিস্তারাশি আমাদিণের চিত্তকে উদ্বেলিত করিতে থাকে। একটী উদাহরণে এই মতটা বেশ উপলব্ধি হয়।

একজন ঘোর মন্তপায়ী ছিলেন। তাহার পর অনেক প্রকার পীডায় মাক্রান্ত হইয়া, অনেক যন্ত্রণা ভোগ করিয়া নানা সৎ ও হিতৈষী লোকের উপদেশে তিনি প্রতিজ্ঞা করিলেন যে, আর ভবিয়তে তিনি কথনও মন্তপান কারবেন না। তিনি অনেক আয়াসে সেই প্রতিজ্ঞাও রক্ষা করিতে সক্ষম হইয়াছিলেন। অবশেষে মদিয়ার আসক্তি তিনি একেবারে মন হইতে উৎপাটিত করিয়া ফেলিলেন। তাহার স্থার মল্পানে কামনা ১ইত না এবং মলের কথা মনে আসিলে ভাহার মনে ঘুণার ভাবেরই উদয় হইত। জাগ্রত অবস্থায় এইরূপ ঘটিলেও নিদ্রাবশে তিনি পূর্বের ক্রায় মন্তপানের এখ উপভোগ করিতেন; তিনি স্বপ্ন দেখিতেন যেন তিনি পূর্ব্ব সহচর মিলিয়া পূর্ব্বেরই মত আমোদ প্রমোদ করিতেছেন। এইরান কেন হইত তাহা অতি সহজেই বৃঝিতে পারা যায়। জাগ্রত অবস্থায় মখপান ত্যাগের তীব্র ইচ্ছা, মস্তপানের বাসনাকে সম্পূণরূপে শাসন করিয়া রাখিত। এই ইচ্ছাশক্তি বলবান প্রহরীর মত তাহার iচত্ত-দ্বারে ব্যিয়া থাকিত এবং পানের বাসনা বা অপর মন্ত শায়ীর মত্তপান-বিষয়ক চিন্তা মৃত্তি আসিলেই ভাহাকে লাঞ্ছিত করিয়া দুর করিয়া দিত। কিন্তু, নিদ্রার সময় তাথার স্কল্প দেহগুলিকে সম্পূর্ণরূপে সংযত রাখিতে তিনি এখনও শিখেন নাই; তাই নিজাবস্থায় যখন তাহার স্ক্রাদেহ বাহির হট্যা পড়িত, তখন তাহা আনেকটা অর্ফিভভাবে বিচরণ করিত। জাগ্রত অবস্থায় তাহার আস্তি না রহিলেও মন্তপানরূপ বাসনার অভ্যাস হইতে তাঁহার স্ক্রশরীর ষেইরূপ বিক্বত হইয়াছিল, তাহা এখনও সম্পূর্ণক্রপে হুত্ত হয় নাই। তাই তাহার আব্ধদ্ধ স্ক্রদেহ অর্ফিতভাবে থাকিলেই, অপরের তজ্জাতীয়

বাসনা বা মন্তপানের সুধবিবয়ক অপরের চিস্তান্তোত ভাছার সন্মদেহকে আক্রান্ত ও ম্পন্দিত করিত। ইহাতেই বুঝা গেল অপরের চিন্তা বা ভাবস্রোত কিব্রুপে আমাদিগের স্ক্রাদেহকে অতর্কিতভাবে সম্মোহিত কবে।

আমরা আর একটা উদাহরণে তাহা বুঝাইতে চেষ্টা করিব। একজনকে কুত্রিম উপায়ে স্বপ্নাবিষ্ট করা হইয়াছিল। আবিষ্টকারী ভাহার পর ভাহার সমুধে কতকগুলি ক্ষুদ্র কাগজ রক্ষা করিলেন এবং একাগ্রচিতে একটা "টেকখডির" চিত্র ভাবিতে লাগিলেন। স্থাবিষ্টকারী প্রবাধনবশতঃ এরূপ প্রগাচভাবে ঘডিটীর বিষয় ভাবিতে লাগিলেন বে, তাঁহার মানসচক্ষে ঐ ঘড়ী ব্যতীত কোন পদার্থের অভিত্তজান রহিল না। তিনি কল্পনাবলে ঐ ঘডিটী জ্বতপদার্থরূপে দেখিতে লাগিলেন এবং পরে ঘড়ির ঐ মানসিক চিত্রটী আবিষ্ট ব্যক্তির সম্মধ-ষ্ঠিত একটা কাগলখণ্ডের উপর পাতিত করিলেন। তিনি ঐ বাজিকে ম্পূর্ল করিলেন না কিংবা তাহাকে সম্বোধন করিয়া কোন কথাও বলিলেন না। ঐ ব্যক্তি জাগ্রত হইবার পর অক্ত কোন ব্যক্তি ঐ কাগলৰও উহাকে দেখাইবামাত্র সেই আবিষ্ট ব্যক্তি বলিয়া উঠিল. **"আমি এই কাগজে**র উপর এক**টা য**ড়ি দেখিতে পাইতেছি। তাহার পর ভাহাকে ঘডিটির বর্ণনা করিতে বলায়, ঐ ব্যক্তি আবিষ্টকারীর চিস্তিত ঘডিটীর অবিকল বর্ণনা করিল।

এই উদাহরণটীতে দেখা গেল কিরপে একজনের চিন্তা অপরের মানসে চালিত হয়। কেবল তাহাই নহে। আমরা আরও দেখিলাম ষে কৃত্মদেহের ভাবনা স্থল জগতেও কেমন ব্যক্ত হইয়া পড়ে। আমর। যথন কোন জডবস্তু সম্বন্ধে প্রগাঢ়রূপে চিন্তা করি তথন আমাদের চিন্তদর্পণে ঐ বস্তুর একটা অবিকল প্রতিকৃতি ফুটিয়া টুঠে। প্রতিকৃতি স্মভূতে গঠিত। প্রগাঢ় চিন্তা পুনঃ পুনঃ ধের বস্তুতে একারা হইলে ঐ স্ক্র পদার্থ সংশ্লিষ্ট মানসিক প্রতিক্বতিটী স্থুলজগতে প্রকাশ পার। আমরা এই তথ্যটা আর একটা উদাহরণে বৃঝিবার চেষ্টা করিব।

কোনও ব্যক্তিকে কৃত্রিম উপায়ে আবিষ্ট করা হইল এবং তাহাকে বলা হইল, "এখন হইতে তুই ঘণ্টার পর ভোমার দক্ষিণ বাহুতে বেদনা অমুভব করিবে, এই বেদনা ক্রমে রদ্ধিপ্রাপ্ত হইয়া উত্তপ্ত লোহশলাকাদহনে ধেরপ বেদনা হয় তুমি সেইরপ বেদনা অমুভব করিবে, কিছুক্ষণ পরে ভোমার বাহুর ঐ স্থান রক্তবর্ণ হইবে, এবং উহাতে ফোস্কা পড়িয়াক্ষত উৎপত্ম হইবে।" ইহার পর ঐ ব্যক্তিকে ভাগ্রত করা হইল। উহার নিজিত অবস্থায় কি হইয়াছে এবং উহাকেই বা কি বলা হইয়াছে সে বিষয়ে ভাহাকে ইলিভেও কিছুই বলা হইল না। কিন্তু আশ্চর্যোর বিষয় এই যে ঠিক তুই ঘণ্টা পরে ভাহার দক্ষিণ বাহুতে বেদনা অমুভূত হইল এবং কিছু পরে উত্তপ্ত লোহশলাকা স্পর্শে যেরপ বেদনা, ফোস্কাও ক্ষত উৎপত্ম হয় ভাহাই হইল। ফ্রান্সের রাজধানী প্যারিনগরে সল্পেট্ররে নামক স্থানে উপরোক্তরপে উৎপত্ম ক্ষতের অনেক আর্জোক-চিত্র বক্ষিত আছে।

ফরাদী-বিজ্ঞান-বিষ্ণালয়ে (The French Academy of Science)
চিন্তা মূর্ত্তির আলোকচিত্তের বিষয় আলোচনা চলিতেছে। মেজর
ভারজেট্ (Major Darget) আনেকগুলি এইরূপ চিন্তার্থ্তির আলোকচিত্র প্রস্তুত করিয়াছেন। তিনি একটা বোতলের দিকে দৃষ্টি স্থির
রাখিয়া তাহার বিষয়ে একাগ্র চিন্তা করিতে করিতে আলোকচিত্ত
উপকরণ-পীঠিকার (Photographic plate) দৃষ্টি নিক্ষেপ করিলে,
কয়েক মিনিট পরে এই পীঠিকার উপর বোতলের চিত্র অভিত হইল।
ঐ পীঠিকার,খালি আলোক-চিত্র করণোপযোগী রাসায়নিক জব্য মিশ্রিত
অলাভ্যস্তুরে রক্তি ছিল এবং সেই প্রক্রিয়ার সময় তাঁহার অলুলি বারা

তিনি সেই বারি স্পর্শ করিয়াছিলেন। এইরপে তিনি ষষ্টি ও অপরাপর ক্রবোর চিত্র অন্ধিত করিয়াছেন।

আমরা স্ক্রদেহসম্বন্ধীয় আলোচনা সংক্রেপে বিরত করিলাম। বঁহোরা অমুসন্ধিৎসু তাঁহাদের নিকট প্রার্থনা বেন তাঁহারা অপরাপর বৃহৎ পুস্তক পাঠ করেন। পর সংখ্যায় আমরা স্থুল ও স্ক্র উপাধিধারী অহং তত্ত্বে বিষয় আলোচনা কবিব।

( ক্রমশঃ )

প্রীকিশোরীমোতন চটোপাধ্যার।

# গোধূলি-সঙ্গমে।

কাল বৈশাখা আরম্ভ হইয়াছে। প্রায় প্রতিদিন বৈকালেই মেখ উঠে, ঝড়-রৃষ্টি হয়। এজন্ম "গোধুলি-সন্তা"র অধিবেশন আর প্রত্যহ হয় না। বেদিন আকাশ পরিষার থাকে. ঝড-র্টি হয় না, সেইদিনই বৈঠক বঙ্গে।

১০ই বৈশাধ। আকাশে মেষ নাই; পশ্চিমাকাশ অন্তগামী হুর্যোর রক্তিম কিরণে অর্ণাভ হুইয়া উঠিয়াছে: কয়েকদিন বৈকালে উপযুর্গির রুষ্টিপাত হইয়া আজ প্রকৃতি বর্ষণ শুক্তা হইয়াছেন। নির্মেখ আকাশ দেখিয়া 'গোধুলি-সভা'র সদস্তগণ আৰু বটবৃক্ষতলম্ভ বেদীমূলে সমবেত হইয়াছেন।

পুরোহিত মহাশয় মন্দির হইতে বাহির হইয়া সর্বাত্রে সকলের কুশল জিজাসা করিলেন। কবিরাজ মহাশয় সকলের মুধপাত্রস্বরূপ বলিলেন, "হঁ। আনাদের স্কলেরই কুশ্ল।"

পুরোহিত মহাশয় ভাহার পর নায়েব মহাশয়কে জিজাসা

করিলেন,—আপনাদের সেই গোপীপুরের বাললে। বাড়ীর ধবর কিব্রুন।

নায়েব। ধবর একই রকম। রাত্তি ওটার সময় রোজই সেই স্ত্রীণোকের ক্রেন্সনধ্বনি শুনা যায়।

পুবোহিত। জ্মীদার মহাশয় এর একটা বিহিত করেন নাকেন ? এই কথা গুনিয়া উপস্থিত সকলেই নায়েব মহাশয়কে বলিলেন, "হাঁ আমরা এইরূপ একটা গুজব গুনিতে পাইতেছি বটে; কিন্ত ব্যাপারটি কি স্তাঃ আপনি আমাদিগকে স্ব খুলিয়া বলুন।"

নায়ের মহাশয় উত্তর করিলেন, "গত বৎসর আমাদের জমীদার মহাশয় গোপীপুরের এক নীলকর সাহেবের পুরাতন বাগলো কঠি ধুব অল্প মূল্যে খরিদ করেন। উদ্দেশ্য,—শীতের সময় যে হু' চারিকন সাহেব-স্থবা পাথী শীকার করিতে আদেন, তাঁহাদিগকে সেইখানে বাসা দিনেন। এইজন্তই ঐ বাদলোটি প্রায় নৃতন করিয়াই মেরামত করা হয়। বাগলো সুসংস্কৃত ও বাসের উপযোগী হইলে জমীদার মহাশর আমাকে ঐস্থানে প্রেরণ করিয়া বলেন, "আপনি উহা ইউরোপীয় ধরণের আসবাব দ্বারা ফুন্দররূপে সজ্জিত করুন। স্বয়ং সেখানে কয়েক দিন থাকিয়া সাজ-সজ্জার সুবাবস্থা করিয়া আসুন।" এইজন্ত কলিকাতার সাহেব বাড়ী হইতে ভাল ভাল আসবাব আসিল, সেধান হইতে কয়েকজন অভিজ্ঞ মিস্ত্রীও প্রেরিত হইল। আমি আসবার ও লোকজন সঙ্গে লইয়া গোপীপুরের কুঠিতে যাইলাম। সেদিন সকলে প্রশ্রমে ক্লান্ত হইয়া পড়ায় কাজকর্ম আর কিছু হইল না : সন্ধ্যার পরই कि किए जनरां करिया नकत्न मयन कि नाम। वना वाहना, जामि একাকীই একটি খরে শুইয়াছিলাম। রাত্রি অনুমান ৩টার সময় স্ত্রী-লোকের ক্রন্দন ধ্বনি গুনিয়া হঠাৎ আমার ঘুম ভাঙ্গিয়া গেল। আমি তাডাতাড়ি বিছানার উপর উঠিয়া বসিলাম। আমার খরের ভিতর

একটি 'হারিকেন' জলিতেছিল। আমি সেইটা লইরা ঘর হইতে বাহির হইয়া চাকরদিপকে ভাকিলাম। তাহারা উঠিল। তাহাদিপকে বলিলাম. **\*স্থির হই**য়া শুন দেখি, কোন আওয়াজ পাও কিনা ? তাহারা কিছুক্ষণ চুপীকরিয়া দাঁড়াইয়া রহিল। আমিও দাঁড়াইয়া রহিলাম। একটু পরেই আমরা সকলে বেশ স্পষ্ট গুনিতে পাইলাম, অদুরে যেন কোন স্ত্রীলোক জন্দন করিতেছে। এত রাত্রিতে স্ত্রীলোকের রোদন-শব্দ এ কুঠির মধ্যে কিরূপে আসিল, তাহা আমরা কেহই বুঝিতে পারিলাম না। যাহা হউক, আমরা সকলেই এক একগাছি লাঠিহন্তে সেই শব্দ লক্ষ্য করিয়া চলিলাম। কিয়দ্র অগ্রসর হইবার পর বেশ ভালরূপ ৰুঝিতে পারিলাম যে, শব্দ অখুশালার পার্শ্ববর্তী একটি ঘর হইতে আসিতেছে। আমরা যধন সেই ঘরের দরজার নিকট উপস্থিত হটলাম, তথন স্পট্ট ভনিলাম, বামাকঠে শক<sup>°</sup>হইতেছে,—"ংকা কর. আমায় ছেড়ে দাও, আমি তোমার মেয়ে।" তাহার পরই জেন্দন-ধ্বনি। ইহার পর আর কোন শব্দ শুনা গেল না। অফুমান চার কি পাঁচ মিনিট পরে আবার ঠিক সেই শব্দ.—"রক্ষা কর. আমার ছেড়ে দাও, আমি তোমার মেয়ে।" তাহার পরই ক্রন্দন-ধ্বনি। ী স্ত্রীলোকের ক্রন্সনংবনি শুনিয়া আমার ন্যায় ক্ষীণ প্রাণীও উত্তেজিত হইয়া উঠিল। আমি চাকরদের ত্কুম দিলাম,—"দরজা ভাল", দেখছ কি ? আমাদের সামনে কি একজন স্ত্রীগোকের সর্ব্বনাশ হ'বে ?" চাকরেরাও ব্যাপার বৃঝিয়া পূর্ব হইতেই উত্তেকিত হইয়াছিল, একণে আমার আজা পাইবামাত্র তাহারা পদাঘাতে দরলা ভালিয়া ফেলিল। আমি তৎক্ষণাৎ লাফাইয়া ঘরের মধ্যে প্রবেশ করিলাম আমাদের স্কে ছুইটা "হারিকেন" লঠন ছিল; চাকর তিনজনও আমার পশ্চাৎ পশ্চাৎ ঘরে প্রবেশ করিয়াছিল। কিন্তু আশ্চর্য্যেয় বিষয়, আমরা সেই ঘরের মধ্যে জন প্রাণীকেও দেখিতে পাইলাম না। ঘরে একটি গবাক

বা সামান্ত একটু ছিন্তমাত্র নাই যে, কাহারও পণায়নের সম্ভাবনা থাকিবে। আশ্চর্যের বিষয় এই যে, উত্তেজনার বুশে আমরা দরজার যে তালা বন্ধ ছিল, তাহা দেখি নাই। দরজা খুব মজবুত ছিল না, তাহার উপর পুরাণোও হইয়াছিল; কাজেই হুই চারি পদাঘাতেই উহা ভাঙ্গিয়া সিয়াছিল। যাহা হউক, যথন দেখিলাম যে, ঘরে কেহই নাই; তথন আমি একটু সন্দিম্ম হইলাম। মনে মনে ভাবিলাম, এটা একটা নীলকুঠি ছিল; আর বহুদিন পর্যান্ত 'পতিত'ও ছিল। সম্ভবতঃ এ ক্রেন্দন-ধ্বনি তবে অমান্থ্যিক হইবে। আমি ইহা মনে করিয়া চাকর তিনজনকৈ সঙ্গে করিয়া ফিরিয়া আসিগাম। তাহারা তিনজনে ব্যাপার দ্ধিয়া একেবারে ভয় বিহ্বণ ও বিশ্বর-চকিত ইইয়াছিল।

আমি শ্যার উপর আসিয়া শুইয়া পড়িলাম বটে, কিন্তু আর নিত্তা আসিল না এবং সেই রোদনের শুক্ত আর শুনিতে পাইলাম না।

তাহার পর সেখানে আনি আরও পাঁচ সাতদিন ছিলাম। প্রতি রাত্রিতেই ঠিক ঐ সময় আমরা সকলেই সেই ক্রন্দনের শব্দ শুনিতে পাইতাম। প্রথম হই একদিন চাকর-বাকর ও মিস্ত্রারা ভয় পাইয়া-ছিল, কুঠাতে কাজ করিতে চায় নাই; কিন্তু শেষে আমি তাহাদিগকে সাহল ও ভরদা দেওয়াতে তাহারা কাজ করিতে আর কোনরপ আশন্তি করে নাই।

কান্ধ শেষ হইয়া গেলে আনি এখানে চলিয়া আসিলাম এবং আসিয়া জমীদার মহাশয়কে এই ব্যাপার আমুপূর্বিক বলিলাম। তিনি ঘটনা শুনিয়া একটু চিস্তান্থিত হইলেন। পরে বলিলেন, "ইহার একটা প্রতীকার করা আবশ্বক ।"

আমি বলিলাম, "ঐ ছরে একটা শাস্তি-স্বস্তায়ন করাইলৈ ভাল হয়।"

জমীদার। ঐ কুঠাতে আরও কয়েকদিন বাস করিয়া ঐ ঘরে

ভগবানের নাম-কীর্ত্তনাদি করিলে আমার বিখাস এই অপদেবতার জন্দন-শব্দ দ্ব হইতে পারে। যাহা হউক, বাহাতে ঐ কুঠাতে কল্পেক-দিন বসবাস করিতে পারা যায়, এমন ব্যবস্থা করিতে হইবে।

ঁ আমি উত্তর করিলাম, "হাঁ, এরূপ ব্যবস্থা মন্দ হইবে না।"

জমীদার মহাশয়ের এই আদেশের হুই তিন দিন পরে আমি পিলীস্থ কয়েকজন লোক এবং চারি পাঁচজন সং বৈষ্ণবকে সঙ্গে লাইরা গোপীনাধপুথের কুঠাতে উপস্থিত হইলাম। আমার আদেশে ঐ ঘরটির সংস্কার করা হইল; তাহার সল্পে তুলদীমঞ্চ স্থাপিত হইল। প্রতি সন্ধার হরিসংকার্তন হইতে লাগিল। ঐ 'আবিষ্ট' গৃহের ভিতরে, বাহিরে, উহার চারিপার্যে নাম-কার্ত্তন ক্রমশং প্রাতে ও সন্ধ্যার আর্ভ্ত হইল। কিন্তু তবুও নিশীধরাত্রের সেই অতিমামুষিক ক্রেন্দন-ধ্বনির বিরীম হইল না; যেমন পূর্ব্বে হইত, তেমনই এখনও হইতে লাগিল।

একদিন আমি প্রাতঃকালে বসিয়া মনে মনে এই কথারই আলোচনা করিতেছি এবং তামাকু দেবন করিতেছি, এমন সময়ে একজন
রন্ধ আমার নিকট আসিয়া জিজ্ঞাসা করিল.—"বাবু মহাশয়, আপনাদের
এই কুঠিতে রোজ নাম-কীর্ত্তন হইতেছে কেন? হায় হায় কালের কি
মহিমা! বেখানে একদিন অধর্শের ডক্ক। বাজিত, সেধানে আজ ধর্শের
মৃদঙ্গ-রোল হইতেছে! আপনারা কি এধানে হরি-সভা করিবেন?"

আমি উত্তর করিলাম,—"না হরি-সভা ইইবে না; আমাদের জমীদারবাবু এখানে একটা বাঙ্গলো করিবেন বলিয়া সংকল্প করিয়াছেন। তবে একটা বড় প্রতিবন্ধক হইতেছে; রোজই ঐ তফাতের খনটা থেকে একটা স্ত্রীলোকের ক্রন্দন-স্বর শুনা যায়, কিন্তু খরের ভিতর যাইয়া অসুসন্ধান করিয়া কাহাকেও দেখিতে পাওয়া যায় না। সেইজ্ঞ্জ আমারা বুঝিয়াছি যে, ইহা মন্মযোর কঠম্বর নহে; ইহা কোন প্রেতের বাতনা-স্থাক স্বর।

রন্ধ। স্ত্রীলোকের কণ্ঠস্বর যে এ কুঠাতে গুনিবেন, ভাহাতে আশ্চর্যোর কথা কিছুই নাই। বহু সভীসাংবী এখানে ধর্মরক্ষার জন্ত জীবন দিয়াছেন, একথা আমি শুনিয়াছি। কত স্ত্রীলোককে যন্ত্রণা দিয়া হত্যা করা হটয়াছে ৷ শেষকালের খবর আমি জানি,—দে সময়ে একজন সধবা তরুণী গোপ-ক্তাকে কুঠীয়ালেরা বলপুর্বক ধ্রিয়া আনে। তাহার উপর কুঠীর প্রধান গোমস্তার কুদৃষ্টি ছিল। তাহাকে ঐ ঘরেই বদ্ধ করিয়া রাখা হয়। তখন এ কুঠার চারিদিকে প্রাচীর ছিল। রাত্রিতে ঐ গোমস্তা চাবুক হাতে করিয়া তাহার ঘরে প্রবেশ করিয়া বলিত, "তুই স্বেচ্ছায় আত্মবিক্রয় বর্বি কিনা বলু ?" ধর্মশীলা গোপক্তা অসমতে প্রকাশ করিলে হুর্ক্ত তাহাকে তিনবার উপরি **উপরি চাবুক মারিত। উপরি উপরি তুইদিন এইরূপ অত্যাচার** করিবার পর তৃতীয় দিনের দিন যখন পাষ্ড গোমস্তা চাবুক হতে তাহার নিকট উপস্থিত হইল, তখন অর্দ্ধুয়তা গোপক্তা তাহাকে কর-বোডে বলিয়াছিল, 'মাসি ভোনার কলা, আমাকে ছাড়িয়া দাও :' দুর্ব্ব তাহা না গুনিয়া তাহাকে কু-প্রস্তাব করে, তথন সেই তে স্বিনী গোপৰালা তাহাকে অভিসম্পাত দিয়া বলে, ''আমি প্ৰতি রজনীতেই তোর এই অধর্মের কথা সকলকে শুনাইব। তুই আগুনে পুড়িয়া মরিবি, তুই নির্বংশ হটবি।" হর্কাত ইহা শুনিয়া সতীর উদরে সজোরে পদাখাত করিল; অনশনক্লিষ্টা, ডর্মমৃতা গোপক্তা দেই আঘাতে মুলিছতাহটয়াপড়িল। তাহার সেই মূঁচছা আমার ভাঙ্গিল না! সেই অবধি গ্রামের অনেকেই নিশীথবাত্রিতে এইরূপ কণ্ঠস্বর শুনিয়া আসি-তেছে। সতীর কণাও অক্ষরে অক্ষরে ফলিয়া গিয়াছে। হুর্বান্ত গোমন্তার আবাস-বাটীতে যখন আগুন লাগে, সেই সময়ে সেও অগ্নিদগ্ধ হুইয়া মারা যায়। তাহার পর তাহার ছুই পুত্র একমাসের মধ্যেই---একটি ওলাউঠার এবং একটি সর্পদংশনে মৃত্যুমুথে পতিত হয়। এখন

\* \*

প্রামে ভাহার বাসবাটীর চিহ্নমাত্র নাই এবং ভাহার বংশে বাভি দিবারও কেহ নাই।"

বৃদ্ধ এই কথা বলিয়া চলিয়া গেল। আমিও প্রতীকারের উপায় ভাবিতে লাগিলাম। বলা বাছল্য, এখন হইতে প্রাতে ও সন্ধ্যায় দ্বিওণ উৎসাহে নামকীর্ক্তন হইতে লাগিল।

একদিন বৈকালে আমরা কয়জনে বসিয়া বসিয়া ধ্রু প্রশাসকরিতেছি, এমন সময়ে একজন গৈরিকবসনপরিহিত সন্ত্রাসী আসিয়া আমাদের নিকট উপস্থিত হইলেন। তাঁহার বিশাল ললাট ও উজ্জ্বল চক্ষু দেখির। স্পষ্টই বুঝিলাম, ইনি সাধারণ ভিক্ষুকশ্রেণার ক্ষুন্ন্যাসী নহেন। আমরা তাঁহাকে অভিবাদন ক্ষিয়া ভিতরে আহ্বান ক্রিলাম, এবং তথায় উপবেশন করিতে বলিলাম। সন্ত্রাসী বলিলেন, জ্বাক্ষুক্ষণ বসিয়া কি করিব ? আমি আজকারমন্ত এইথানে রাত্রিযাপন করিতে চাই।"

আমি। কোন আপত্তি নাই; আপনি অন্তগ্রহ করিয়া এখানে ধাকিলে আমরা বরং সকলেই বাধিত হইব।

সন্ন্যাসী। আমি বহুদুর হইতে আসিতেছি, এথানে একটু বিশ্রাম করিতে পাইব বলিয়াই আপনাদিগকে অন্ধ্রোধ করিলাম।

আমি। আমাদের পরম সৌভাগ্য।

অতঃপর সর্যাসী তাঁহার ছোটঝুলি ও দণ্ডগাঁছি আমাদের নিকটে রাখিয়া হন্তপদপ্রকালনের জন্ত সমূষ্ণতী পুষ্করিণী-তটে গমন কুরিলেন এবং প্রায়-ত্ই ঘণ্ট। পরে ফিরিয়া আসিলেন। উপস্থিত হইয়াই তিনি বলিজেন, আমাকে একটা নির্জ্জন সূহ দিতে হইবে; ঐ দ্রের ঘর-ধানিকে যদি আজ রাত্রিতে আমার ব্যবহারের জন্ত প্রদান ইকরেন, জাল হয়।

ক্রমশঃ।

গ্রীক্ষমূল্যচরণ সেন।

# অলৌকিক রহস্য।

৮ম সংখ্যা ]

ত ভীয় বর্ষ।

[ 本| 電中, ンペンレー

# পুনরাগমন।

(8)

ঘুম ভালিতে অনেক বেলা হইয়া গেল। আমি বাড়ীতে সচরাচর এত বেলা পর্যন্ত ঘুমাই না। প্রায়ই স্র্যোদয়ের সঙ্গে সঙ্গের শ্বা পরিত্যাগ করি। বলিইবা কখন উঠিতে বিলম্ব হয়, মা ঘুম ভালাইয়া দেন। ব্রাহ্মণের আর কোন কার্য্য করি আর নাই করি, স্ব্যারশিকে ঘুমন্ত চোখের উপর কদাচ পড়িতে দিয়াছি। কিন্তু আৰু বিদেশে পলীগ্রামে তাহাও আমার ভাগ্যে ঘটিল। চোখ মেলিয়া দেখি প্র্যিদিগের জানালার মধ্যদিয়া রাশি রাশি রৌদ্র গৃহমধ্যে প্রবেশ করিতেছে। পলিগ্রামের রৌদ্র গ্রামন্থ অখথ বটের মাধার উপর না উঠিলে গৃহস্থের বাড়ীতে প্রবেশ করিবার অধিকার পায় না। ইহাতেই ব্রিলাম বেলা অন্তঃ এক প্রহর হইয়াছে।

শ্যাতে বসিয়াই কালুকে ডাকিলাম। কালুর পরিবর্ত্তে আর একজন ভ্ত্য আসিল। তাহাকে জিজ্ঞাস। করিলাম, "বেলা কত '" সে বলিল—"একপ্রহর " বুঝিলাম আমার অভ্যান মিধ্যানয়। দীর্ঘসময় ব্যাপী নিদ্রারজন্ম আমার শজ্জাবোধ হইতে লাগিল। ইহারা হয়ত মনে করিয়াছে, এইরূপ বেলাতে উঠাই আমার নিত্য কার্য্য। ভাহাদের এই ত্রম দূর করিবার জন্ম তাহাকে বলিলাম,—"স্ব্যিওঠার সঙ্গে সঙ্গে স্থামাকে তুলিয়া দাও নাই কেন গু" কেন, সেকথা ভূত্য বলিতে পারিল না।

আমি ভাছাকে আর প্রশ্নে বিত্রত না করিয়া, মুগপ্রকালনাদি কার্য্যের ব্যবস্থা করিতে আদেশ দিলাম।

আদেশ করিবামাত্র সে গৃহ হইতে নিজ্ঞান্ত হইয়াগেল: আমিও ভাহার সঙ্গে সঙ্গে বরের বাহিরে আসিলাম:

मुच शकाननामि कार्या (नव कत्रिया जावात चरत श्राटन कत्रिवात উদ্যোগ করিভেছি, এমন সময় দেখি কালুসরদার তুলাসিংকে সঙ্গে লইয়া বাটীর মধ্যে প্রবেশ করিল। তুলাসিংকে দেপিয়াই আমি ভীত হইলাম। ভয়ের কারণ, পিতা যে আগ্রহে আমাকে গোপালের অনুসন্ধানে পাঠাইয়াছিলেন, ভাহাতে এত শীঘ্ৰ শীঘ্ৰ তুলাসিংকে আমার কাছে পাঠাইবার তাঁহার প্রয়োজন ছিল না। স্বতরাং তুলাসিংকে দেখিয়া আমার মনে হটল, পিতা বোধছয় পুনরায় রোগকর্তৃক আক্রান্ত হটয়াছেন :

তুলাসিং কাছে না আসিতে আসিতেই তাহাকে বাটীর সংবাদ बिकामा করিলাম। উত্তরদিয়া সে আমাকে নিশ্চিত করিল; এবং আমার হাতে একখানা পত্ত দিল।

পত্র পড়িতে পড়িতে আমার মুখে হাসি আসিল। পড়িতে পড়িতে ভাক্তার বাবুর স্বপ্লকথা মনে পড়িল: এতক্ষণ রাত্রির ঘটনা একরূপ ভূলিয়াই গিয়াছিলাম। তুলাসিংকে দেখিবামাত্র তাহা আমার মনে পভা উচিত ছিল: কিন্তু বিশ্বরের কথা তাহা হয় নাই। পত্র একণে ভাহা শ্বরণে আনিয়া দিল: পত্রপাঠ ক'বতে করিতে একবার ভাবিলাম -- স্বপ্লকথাই যদি সত্য হয়, তাহা হটলে এতকালের হঃধ-স্মৃতিভরা জাগ্রভজীবন বহন করিয়া কি ফললাভ করিলাম !

কালু আমাকে জিজ্ঞাসা করিল - "বাবু, খবর ভাল ?" আমি বলিলাম, "ভাল।"

"তাহলে অসুমতি করুন, আরি একবার দরোয়ানজীকে সঙ্গে লইয়া বাই। সেদিন রাজের দেখা ওনার এক রকম খাতির করিয়া-ছিলাম। আজকে যখন দরোয়ানজী ঘরের লোক হইয়া গেল, তখন ভাহার মতনও একটু থাতির করা চাইত!" এই বলিয়া কালু ভুলাসিংকে সঙ্গে লইবার ব্যগ্রতা দেখাইল।

আমি তুলাসিংকে জিজানা করিলাম—''ত্মি কঞ্ম বাড়ী হইতে বাহির হইয়াছ ?''

ष्ट्रनामिश विनन-''मित्र ताता।"

"এ বাড়ীর ঠিকানা তুমি কেমন করিয়া জানিলে ?''

"কর্তা বাবু বলিয়া দিলেন।"

"আমিত কর্তা বাবুকে কোনও ঠিকানা বলিয়া আসি নাই ! তবে আমি এখানে আছি, তিনি কেমন করিয়া জানিলেন ! বিশেষতঃ যে বাড়ীতে আসিয়াছি, সে বাড়ীর বাবুর নাম পর্যান্ত জানিবার তাঁহার সম্ভাবনা ছিল না !"

"তাহাত কিছুই জানিনা হজুর! কর্তাবাব্ এই চিঠি সামার হাতে দিয়া এইখানে সাসিতে হকুম ক্রিয়াছেন। বলিয়া দিয়াছেন, 'জরুরী'। "বেশ, বিশ্রাম কর।"

কালু তুলাসিংকে সম্ভ্রমের সহিত সঙ্গে এইরা চলিল। দেখিলাম, উভয়েই একমুহুর্ত্তে পূর্কবিরোধ ভূলিয়া পরস্পরের বন্ধু হইয়াছে।

কালুকে একবার ডাক্তার বাবুর কথা দিজাসা করিয়া শইলাম।

কালু বলিতেপারিল না। সে পূর্বরাত্রে উক্ত ভৃত্যটার উপর আমার পরিচর্য্যার ভাব দিয়া তাথার প্রভুর আদেশে অক্তর গিয়াছিল। তাথার প্রভুর সম্বন্ধে জিজ্ঞাসা করিলাম। কালু তৎসম্বন্ধেও কোন উত্তর দিতে পারিল না। র্থা প্রশ্নে আরে উৎপীড়িত না করিয়া তাথাকে তুলাসিংহের স্কে বিদায় দিলাম।

হতভাগ্য ভূত্যটা শুধু পরিচর্য্যা জানে, কোনও কথা ঞিজ্ঞাসা করিলে হয় বুঝিতে পারে না, কিম্বা বুঝিলে উত্তর দিতে পারে না। পরিচর্য্যান্তে যথন সে অন্ত আদেশের অপেক্ষায় দাঁড়াইল, তথন আমি তাহাকে হুর্নাকে বাড়ীর মধ্য হইতে ডাকিয়া আনিতে কহিলাম।

ভৃত্য বুঝাইল বাবুর বিনা হুকুমে বাড়ী ভিতরে এঞ্চী পিপীলিকার পর্যান্ত প্রবেশার্ধিকার নাই। নিরুপায়ে পত্র সম্বন্ধে চিন্তা করিবার জ্ঞ कक्षमार्या भूनः अद्वष्टे रहेनाम। भन्न भिजात अरुख निर्विज। जिनि সুস্থ হইয়াছেন, মাও সুস্থ আছেন। আমাকে পত্রপাঠমাত্র কলিকাতার कितिए जाएन कित्रप्राष्ट्रन । जाशांत्र कात्रन, जामि (य हेन्बिनियातिः পরীক্ষায় সর্ব্বোচ্চস্থান অধিকার করিয়াছিলাম, তাহার ফলে গবর্ণমেন্ট আমাকে চাকুরী দিয়াছেন। খুব স্থবিধার চাকুরী—পিতার একমাত্র পুত্র, আমাকে দ্রদেশে যাইতে হইবে না। আমি গ্রহণেচ্ছু কি না, কর্ত্তপক্ষকে সত্তর জানাইতে হইবে। সঙ্গে সংগে বিবাহের কথা। আমার ভাবীখণ্ডর কার্ত্তিকমাদের মধ্যে পাকা দেখার কথা লিখিয়া জানাইয়াছেন। পরমানের প্রথম সপ্তাহেই অর্থাৎ প্রায় পক্ষান্তেই আমাকে উদ্বাহবন্ধনে আবদ্ধ হইতে হইবে। কার্ত্তিকমাসে বিবাহ দিবার হইলে আমার পত্রপাঠ বিবাহকার্যাটীও শেষ হইয়া যাইত। ইহাই পত্রের মর্মা। পত্রধানা আমি হুই তিনবার পড়িলাম। এক বোকাভুতা ছাড়া আর বিতীয় ব্যক্তি এমন কেহ দেখানে ছিল না যে, তাহার সহিত ষে কোন প্রসঙ্গে সময় অহিবাহিত করি। স্থতরাং পত্র খানাই তখন আমার রহস্থালাপের সাধী হইয়াছিল।

ছুইতিন বার পত্রধানা আত্মেপান্ত পড়িলাম। কোন কোন অংশ আরও ছুইচারিবার পাঠ করিলাম। 'গুভামুধ্যায়ী' হইতে 'ইতি' পর্যান্ত সমস্ত অক্ষর গুলা আমার পরিচিত হইয়াগেল; কিন্ধ পত্রের কোনও স্থানে গোপালের নামগন্ধ পর্য্যন্ত পাইলাম না! পিতা কি ইচ্ছাপুর্বক গোপালের কথা বিশ্বত হইলেন, অধনা আমার ভাবী ভাগ্যের মোহে শ্বতি হইতে গোপালের অন্তিত্ব বিলুপ্ত হইয়াছে ?

পিতার প্রতি শ্রদ্ধা, মাথায় শামলা পরিয়া আমার অন্তরায়ার বিচার গৃহে অনেকক্ষণ ধরিয়া ওকালতী করিল, অনেক মুক্তি তর্কে বুঝাইল, পিতা ইচ্ছাপূর্বক গোপালের নাম লিখিতে ভুলিয়া যান াই। কিন্তু বিচারপতি যেন কিছুতেই সে কথা শুনিতে চাহিলেন না। কে যেন আমাকে ভিতর হইতে গলিতে লাগিল, "তোর গৃহত্যাগের সঙ্গেসঙ্গেই তোর পিতার মত ফিরিয়া গিয়াছে। যে সাময়িক উত্তেজনার বশবর্তী হুইয়া তোর পিতা গোপালকে সর্বন্ধ দিতে চাহিয়াছিল, সে উত্তেজনা চলিয়া গিয়াছে।" ইচ্ছা পূর্বকই যেন পিতা পথিমধ্যে গোপালের নাম করেন নাই। এ উত্তেজনা আসিলই বা কেন, আবার এত শীম্ল চলিয়াই বা যাইল কেন ৪ এ 'কেন'র উত্তর কে দিবে ৪

আমি এখন কি করিব ? গোপাণকে লইয়া যাইতে মনে মনে প্রতিজ্ঞাবদ্ধ হইয়া আদিয়াছি। পিতার আদেশ, সম্বর্ক দিয়াও যদি গোপালকে ফিরাইতে হয় তাও আমাকে করিতে হইবে। পিতার সেই সাময়িক উত্তেজনা বিহাৎ সঞ্চারে আমাকেও মুহুর্ত্তের মধ্যে উত্তেজিত করিয়াছিল। পিতার আদেশ শুনিবামাত্র আমি দিগ্বিদিক জ্ঞানশৃত্য হইয়া বাটী হইতে বহির্গত হইয়াছি। আমি এখন কিকরিব ?

বুঝিতেছি, পিতা পত্রমধ্যে গোপালের নাম লিখিতে সাহসী হন
নাই। আদেশ প্রত্যাহার করিতে তাঁহার হৃদয় কাঁপিয়াছে, হাত
কাঁপিয়াছে—হৃই একটা হেলা দোলা অস্পষ্ট অক্ষরই তাহার সাকী।
গোপালকে ফিরাইখার প্রয়োজন নাই, একথা সহস্র চেষ্টাতেও তাঁহার
লেখনী হইতে বাহির হয় নাই। অবশেষে আমার বুদ্ধিমন্তার উপর
নির্ভির করিয়া পিতা যেন কতকটা নিশ্চিত ইইয়াছেন।

আমার এখন কর্ত্তব্য কি ? গোপালের সঙ্গে দেখা করিয়া ভাহাকে ফিরিতে অমুরোধ করিব, না চাকরী বজায় করিতে ঘরে ফিরিব ? পূর্ব রাত্রে ব্রাহ্মণের গৃহে পদার্পণ করিয়া যদি গোপাঙ্গের সঙ্গে দেখা হুইত, তাহা হুইলে পিতার আদেশ তাহাকে না গুনাইয়া স্থির থাকিতে পারিতাম না। এখন দেখিতেছি, ভাগ্যবশেই গোপালের সঙ্গে দেখা হয় নাই। দেখা হইবার পর যদি এই চিঠি পাইতাম, তাহা হইলে যে কি বিপদে পড়িভাম, তাহা আর কাহাকেও বিশেষ করিয়া বুঝাইতে হইবে না। সমস্ত কথা শুনিবার পর গোপাল ৰদি আমার সঙ্গে বাইতে স্বীকৃত হইত, আর বাটীতে গিয়া অপদস্থ হইত, তাহা হইল আমার আর লজ্জা রাখিবার স্থান থাকিতন:। এখন ও গোপালের সঙ্গে পুনমিলনের আশা আছে, কিন্তু এরপ ঘটনা ঘটলে এ জীবনে গোপালের সহিত মিলন প্রত্যাশা ত্যার করিতে হইবে।

মনে মনে অনেক বিচার বিতর্কের পর কলিকাতায় ফিরিয়া যাওয়াই ভির করিলাম কেবল একবার মাত্র ডাক্তার বাবুর পরামর্শ লওয়ার **可**[分称] |

(8.)

অল্লণ পরেই ডাক্তার বাবু মাসিলেন। দেখিলাম, তিনি একখানি সুন্দর গুরুদ পরিয়াছেন। গুলায় একটা ফুলের মালা ও কপালে খেতচন্দনের ফোঁটা। তিনি সমীপে আসিয়াই, আমাকে পূর্বারাত্রির মত প্রণাম করিলেন। তাঁহার আচরণের এই বিচিত্ত পরিবর্ত্তনে আমি বিশ্বিত —কোন কথাই কহিতে পারিলাম না।

প্রণামান্তে তিনি আমার সমুখে দাঁড়াইলেন এবং অনেককণ আমার তত্ত্ব লইতে পারেন নাই বলিয়া তুঃধ প্রকাশ করিতে লাগিলেন। আমি এখন বিশ্বিত নই—বিপন্ন। একদিন পূর্বে ধাঁহাকে গুরুজনের স্থায় শ্রদাপ্রদর্শন করিয়াছি, আজ তাঁহাকে দহসা এরূপ ভাবাপর দেখিরা আমার মনের অবস্থা কি ইহা সকলেরই সহজে অন্থমের। যাই হ'ক, বাধ্য হইরা আমাকে মনের ভাব চাপিতে হইল। আমি তাঁহাকে উপবেশন করিতে অন্থরোর্ধ করিলাম। ভিনি বসিলেন, কিন্তু নিকটে বসিলেন না। আমি যে চৌকীর উপর বসিয়াছিলাম, ভাগে হইতে কিঞ্চিৎ দূরে মৃত্তিকাসনে ভিনি উপবিস্ত হইলেন। তাঁহার আচরণে মন্তক ঘর্মাক্ত করিবার প্রয়োজন নাই বৃঝিয়া, তাঁহাকে জিজ্ঞাসা করিলাম—"আপনি এখন কি করিবেন গ"

ডাক্তারবাবু বলিলেন—"আমাকে আৰুই বাড়ী ষাইতে হইবে।" আমি। আমাকেও বাড়ীষাইতে হইবে।

ভাক্তার। সেকি ভাই, গোপালের সহিত দেখা না করিয়া তুনি কেমন করিয়া বাইবে।

আমি। গোপাল কোথায় ?

ডাক্তার। গোপাল তোমাদের গ্রামে গিয়াছে। **আৰু আসিতে** না পারে কাল তাহাকে আসিতেই হইবে।

আমি। আমি তাহার জক্ত অপেকা করিতে পারিব না।

ডাক্রার। সে কি ভাই, এই যে তুমি তাহাকে লইরা যাইবার জন্ত প্রতিজ্ঞাবদ্ধ হইয়া আসিয়াছ !

আমি। আসিয়াছিলাম, কিন্তু ডাক্তারবাবু, আমি হতভাগ্য— প্রতিজ্ঞা রক্ষা করিতে পারিলাম না।

ডাক্তারবাবুব উত্তর শুনিয়া বোধ হইল, তিনি বুঝিয়াছেন, আমি বাহ্মণের উপর বিরক্ত হইয়াছি—আমার প্রতি তাহার যথোচিত যত্ন হইতেছে না। তিনি বলিলেন—"বুঝিতেছি, তোমার কট হইতেছে। বেলা দশটা বাজে, বাড়ীতে থাকিলে এতক্ষণ ছুইবার জলযোগ হইত। সকালে চা থাওয়া অভ্যাস, তাও পাও নাই।"

व्याम तिन्ताम-"हेन व्यामात हिन्स सारेतात कातून नहा।"

ডাক্তারবার সে কথায় বিখাস না করিয়া, বলিতে লাগিলেন—"ব্রাহ্মণের কোনও অপরাধ নাই। তুমি চা পাও, একথা আমার কাছে ওনিয়া তিনি প্রভাত হইতেই গ্রাম হইতে গ্রামান্তরে সন্ধান করিয়াছেন.— কোণাও পান নাই। এখনও এদেশের লোক চায়ের নাম পর্য্যস্ত লানে না। এখনওপর্যান্ত ব্রাহ্মণেরা প্রাতঃসন্ধ্যা না করিয়া জলগ্রহণ করেন না। ব্রাহ্মণ তৎপরিবর্ত্তে তোমার জন্ম নানাবিধ মিষ্টার, চগ্ধ ও ফলের বাবস্থা করিয়াছেন ৷ তিনি ইতিমধ্যে তিন চারিবার তোমার তথ্য লইয়াছেন। তোমাকে গাঢ়নিস্তায় অভিভূত দেখিয়া, তিনি তোমাকে জাগাইতে সাহস করেন নাই। এখন তিনি একটা বিশেষ কারণে আবদ্ধ হইয়াছেন, এই লেখা তোমাৰ কাছে আসিতে পারিতেছেন না। তৎপরিবর্ত্তে আমি আসিয়াছি:"

আমি তাঁহার সন্দেহ দুর করিতে পারিব না ব্রিয়া বলিলাম---"আপনি ষাইবেন কেন ?"

আমি তোমার বউদিদিকে আনিতে চলিয়াছি। কালই তাঁহাকে লটয়া ফিরিব।

আমি। তিনিও বুঝি দীক্ষাগ্রহণ করিবেন ?

ভাক্তারবার ঈষৎ হাসিয়া উত্তর করিলেন—"দীক্ষার জন্মই তাঁহাকে আনিতে চলিয়াছি। সে আমার সুথতঃধের ভাগী। এমন অমূল্যরত্ন আমি একা লাভ করিয়া সম্ভষ্ট হইতে পারিলাম না। তাঁহাকে তংশ ना फिल्म कर्खरवात क्रिकी हर। चामि अक्रफ्रिक निकृष्ट चारम महेशकि। এই ছুই তিন দিনের ভিতর দীকা না হইলে, এজন্মে আর বোধ হয় তার ভাগ্যেদয় হুইবে না।

আমি। কেন ?

**छा। अक्टानर कामोशास्य यारेवात मध्य कतियाह्न । त्वाधरय,** चात्र कितित्वन ना। शुख्यत्र विवाहकार्या (सप इटेलिटे हिनास पाटेर्पन।

আমি। গোপালের কোথায় বিবাহ হইয়াছে ?

ভা। বিবাহ হইয়া গিয়াছে। হইয়াছে মহানবমীর দিবসে. (भाष्तिमाधा । अपु कूमिखिकामि कार्या ताकी। (यमित मा इर्गा मित्वत সঙ্গে কৈলাসগমনের জন্ম প্রস্তুত হইয়াছেন, সেই দিনই এই ভক্ত ব্রাহ্মণের গৃহশোভাকরী সচল প্রতিমা তাঁহার শিবের সঙ্গিনী হইয়াছেন।

আমি। এতক্ষণে বুঝিলাম, কাল হুর্গা আমাকে সন্তান বলিয়াছিল কেন তুর্গার গোপালের সঙ্গে বিবাহ হইয়া গিয়াছে! তথাপি বলিলাম---"শুনিয়াছি, আখিন মাদে বিবাহ হয় না।

ডা। গুরুর আন্দেশে সব হয়।

আমি। গুরু কখন আদেশ দিবার মবকাশ পাইলেন ? আপনিত সব জানেন। পিতা যখন মৃত্যুশ্যায়, তখন পিতামহ গোপাল সহদ্ধে কি বলিয়াছিলেন, আমিও কি উত্তর দিয়াছিলাম, আপনিত সমস্তই গুনিয়াছেন।

ডা। শুনিয়াছি।

আমি। তবে আপনি কেমন করিয়া বলিতেছেন, গোপাল গুরুর चारम्य शाउँगार्छ।

ডা। গোপালত পিতার কাছে দীক্ষা লয় নাই। পিতার কাছে দীক্ষাগ্রহণ শাস্ত্র-নিষিদ্ধ। আমার গুরুদেবও গোপালের বিবাহসম্বন্ধে জানিতেন না। এখানে কাল আসিয়া জানিয়াছেন।

আমি। গোপালের গুরু কে?

ডা। সেকথা আমি বলিতে পারিব না। অস্ততঃ গুরুদেবের আদেশ না পাইলে আমার বলিবার অধিকার নাই।

আমি। আমি বলিতে পারি—সেই বুড়ী সন্নাসিনী।

ডা। গোপীনাথ, ভাই, আমাকে জেরা করিয়ো না—আমি বলিতে পারিব না।

আমি। আপনি বলিয়াছেন-আমি গুনিয়াছি।

**छाक्तात्र वात्र अहेक्या छनित्रा मिहतित्रा छिटिलम। विलाम---**"আমি বলিয়াছি !"

আমি তাঁহাকে আখন্ত করিতে বলিলাম.—"ভয়নাই—আপনি কাগরিতাবস্থায় বলেন নাই। স্বপ্নে আপনার মুখ হইতে তাঁহার কথা বাহির হইয়াছে।

বিশ্বয়-বিক্ষারিতনেত্রে ডাক্তারনারু একবার আমার মুখের পানে চাহিলেন। তাহার পর বলিলেন—"ত্মি শুনিরাছ ?"

আমি। সমস্ত শুনিয়াছি। সারারাত্তি আমি জাগিয়াছিলাম। সেই জন্মই উঠিতে আমার এত বেলা হইয়াছে! আমি গুনিয়াছি এবং वृतिश्राहि, (महे द्वा मन्त्रामिनी (भाषात्वद खद्र।

ডাক্তারবার আমার একথায় কোনও উত্তর করিলেন না। তিনি যুক্তকরে শিরস্পৃষ্ট করিয়া বলিলেন—"কেন্সানে মাতোর কি লীলা! আমি জ্ঞানহীন কেমন করিয়া বঝিব।"

আমি বলিলাম-"মাপনার কি স্বপ্লকথা কিছুই মনে নাই ?"

छ। ना छारे, किहूरे मत्न नारे। चामि এरेमाख कानि, कान অতি স্বচ্ছন্দে ঘুমাইয়াছি। এরপ গভীর নিদ্রা আমার আর কথন হইয়াছিল কিনা সন্দেহ। তবে মা ধ্থন তাঁর ভুত্যের मुचित्रा कथा करियाहिन, ज्थन त कथा छनिए जामात हैका হুইতেছে।

একবার মনে করিলাম বলি, আবার মনে করিলাম, না, বলিবনা। ডাক্তারবাবুর যদি গুনিবার হইত, তাহা হইলে স্বপ্লকথা তাহার মনে পড়িত। সঙ্গে সঙ্গে অভিমান জাগিল। তিনি যখন আমাকে গোপালের গুরু সম্বন্ধে কোনও কথা বলিতে অনিচ্ছক, তথন আমিই বা আমার এই গুরু কথা তাঁহার কাছে প্রকাশ করিব কেন ৭ আমি

विनाम,---"मा छाक्तांत्र वातु, यथ कथा यथन व्यापनात यात्र नाहे. তখন সে কথা গুনিবারও প্রয়োজন নাই।

ছা। ভাল, বলিয়োনা।

আমি। কিন্তু সেই সন্ন্যাসিনী গুরু হইলেও আপনার কথা টিকে না। সে বদাও ত সে রাত্রিতে আমাদের খরে ছিলেন !

ডাক্তার বাবু এ কথার কোনও উত্তর করিলেন না, একটু হাসি-লেন এই মাতে।

আমি কিন্তু চাডিবার পাত্র নহি—তাই জিজাসা করিলাম,— "হাসিলেন যে গ"

"উত্তর দিবার কিছুই নাই বলিয়া হাসিলাম। আমি মুপুজে। মহা-শয়ের মুখে যেমন গুনিলাম, তেমনি বলিলাম।"

"মুখুজো মহাশয় কি বলিলেন—'রুদ্ধার অনুমতিতে বিবাহ হইয়াছে ?"

"শুধু অফুমতি নয়, মা বিবাহ সময়ে উপস্থিত থাকিয়া বর ক্যাকে च्यानीर्वाप कतिया शियाट्यन।"

"ডাক্তার বাবু, আমি বিশ্বাস করিতে পারিলাম না।"

"বিশ্বাস ন। হইলে তোমার অপরাধ কি ! সন্ধ্যাকালে যে ব্যক্তি কলিকাতা হইতে দশ বারোক্রোশ দূরে, সে যে সন্ধার অব্যবহিত পর-মৃহুর্ত্তে কলিকাতায় থাকিতে পারে, একথা কে বিখাস করিবে ?"

"আপনি কি বিশ্বাদ করেন ?"

"আমি ছুই একটা যোগীর সম্বন্ধে এব্লপ গল্প গুনিয়াছি, কিন্তু কথন বিশ্বাস করি নাই ৷ তবে এই নিষ্ঠাবান ব্রাহ্মণকেও মিথ্যাবাদী বলিয়া আমার মনে হয় না।"

"মিথ্যাবাদী না হইলেও উন্মত্তত হইতে পারে।" দেখিলাম ডাক্তার বাবু এই কথা লইয়া অধিকক্ষণ বাথিততা

করিতে ইচ্ছুক নহেন। বলিলেন—"যাক, আর বিখাস অবিখাসের প্রয়োজন নাই। ব্রাহ্মণ একরূপ গ্রামবাসার অজ্ঞাতসারেই পৌত্রীর বিবাহ দিয়াছেন। তুইচারি জন একাস্ত অন্তরঙ্গ ছাড়া, স্থার কেইই এ বিবাহের কথা জানেনা। পঞ্জামী লোককে এ বিবাহের কথা জানাইতেই হইবে। তাই বালিকার কুশণ্ডিকায় ব্রাহ্মণ একটু সমা-বোলের আয়োজন করিতেছেন : স্থতরাং আজ ভোমার কোন মতেই কলিকাতা যাওয়া হইতে পারে না। কেন না জ্ঞাতির মধ্যে একমাত্র ত্মি। তোমাকে অর পরিবেশন করিয়া মা তুর্গা তোমাদের কুলভুক্তা হুইবেন।

"আমি কিছুভেই থাকিতে পারিব না।"

"ব্ৰাহ্মণ তোমাকে কি ছাডিবেন।"

"উপায়ান্তর নাই। তুলাসিং আসিয়াছে, আপনি দেখিয়াছেন ?" সবিশায়ে ডাক্তার বাবু বলিলেন--- কইনা ! তুলাসিং কখন चानित । चात अथात्मत्र क्रिकानां वा त्म त्क्रमन करिया कानित ।"

"তা জানি না। তবে তুলাসিং আসিয়াছে। সে পিতার নিকট হইতে এক পত্ৰ আনিয়াছে, পিতা পত্ৰপাঠ আমাকে কলিকাতায়. ফিরিতে আদে<del>শ</del> করিয়াছেন।"

এই বলিয়া পত্রধানি আমি তাঁহার হাতে দিলাম। তিনি পত্র হাতে লইয়া কিছুক্ষণ ধরিয়া মনে মনে পত্রধানা পাঠ করিতে লাগিলেন।

ইতাৰদরে আমি তাঁহার মুখ দেখিতে লাগিলাম। দেখিয়া বুঝি-বার চেষ্টা করিলাম, পত্রপাঠে তাঁহার সকল স্মৃতি জাগিয়া উঠে কি না। পত্র পড়িতে পড়িতে ডাক্তার বাবুর মুখ গম্ভীর হইল, দেখিতে দেখিতে চক্ষ আর্দ্রেল, একবিন্দু অঞ্পত্রের উপর পতিত হইল।

পত্রধানা পড়িয়া তিনি আমাকে ফিরাইয়া দিলেন. কিন্তু অনেককণ

কোনও কথা কহিলেন না। আমার মনে হইল, সেই সমস্ত সময়টা তিনি ভাব সংবরণ করিতেছিলেন, অতিকটো কি একটা প্রবল মনোবেগ দমন করিতেছিলেন।

আমি আর অধিকক্ষণ নারব থাকিতে পারিলাম না। বেলা দেখিতে দেখিতে বাড়িয়া উঠিতেছে, কুধাও অল্লে আল্লে বাড়িয়া প্রবল হইবার উপক্রম করিছেছে। বাস্তবিক, বাড়ীতে থাকিলে অস্ততঃ ছইবার জলযোগ অথবা প্রাতর্ভোজ শেব না করিয়া থাকিতে পারিতাম না। যদি বাড়ীতে ফিরিভেই হয়, তাহা হইলে এখন হইতেই প্রস্তুত হইবার প্রয়োজন। আমি জিজাসা করিনাম—" মাপনার মত কি পু এরপ পত্র পাইয়া আর কি আমার গোপালের জন্ম অপেকা করা কর্তবা;"

ডা। আমি কি বলিব!

আমি। আমি বিপন্ন হইয়া আপনার সংপরামর্শের অপেক। করিতেটি।

তা: গোপীনাথ, আমি যে কি পরামর্শ দিব, বুঝিতে পারিতে-ছিনা। তবে তুমি যদি এই পত্র পাইয়া বাড়ী ফিরিয়া যাও, তাহা হুইলে আমি তোমাকে অপুরাধী মনে ক্রিতে পারিব না।

আমি। ডাজ্ঞার বাবু, প্রতিশ্রুতিমত পিতা যদি আজ গোপালকে সর্বান্ত দান করিতেন, তাহা হইলে, সত্য কথা বলিতে কি, আমার আনন্দের সীমা থাকিত না। কিন্ত এরপ পত্র প্রাপ্তির পর, আমি কেমন করিয়া গোপালের সঙ্গে দেখা করিব। এই শুভ বিবাহে কি উপঢ়ৌকন আমি দম্পতীর সন্মুখে উপস্থিত করিব ?

ডা: এই তোমার মনোভাব গ

আমি। ,এই আমার মনোভাব। আমায় শপপ করিতে বলেন, আমি তাও করিতে প্রস্তুত আছি—আমি যদি পিভার সম্পত্তিতে অধি- কার প্রাপ্ত হইতাম, তাহা হইলে, সর্বস্থ দিলেও বদি গোপালকে ফিরিয়া পাইভাম, সর্বস্থই গোপালকে দান করিভাম। কিন্তু আমার পিভা—"

আমি আর কথা কহিতে পারিলাম না। ক্রমরের আবেগে আমার কণ্ঠক্র হইয়া আসিল। অন্তরের কোন নিভৃত প্রদেশে রাশীক্ষত **অঞ্জাবদ্ধ ছিল, আ**জ সমস্তই যেন চো**ৰে আসিয়া উপস্থিত হইল।** চক্ষে কোয়ারা ছুটিল।

ডাক্তার বাবু উঠিয়া আমার হস্ত ধারণ করিলেন। তাঁহারও চক্ষু দিয়া ঝর ঝর জল ঝরিল। অঞ্গদগদকণ্ঠে তিনি বলিতে লাগিলেন— **"ভাই। শান্ত হও—তোমার হালত ভাব সমন্তই বৃঝি**য়াছি। **আর** ইহাও ব্রিয়াছি যে পবিত্রতাময়ী জননীর গর্ভে স্থান পাইয়াছে, তাহাতে তোমার মন্ত্রাত্বহীন হইবার উপায় নাই। এখন বুঝিতেছি, ভোমার আমার সঙ্গে ফিরাই কর্তব্য: ব্রাহ্মণের দারুণ ক্লোভ হইবে, কিছ কি করিবে। আমি তাঁহাকে বঝাইব। তাহলে, যাইবার পর্কে **এक বার গুরুদেবের সঙ্গে দেখা** কর না কেন।"

আমি। কোন মুখ লইয়া আমি াহার সহিত সাকাৎ করিব। ডা। আৰু দেখা না হইলে, আৰু তাঁহার সঙ্গে দেখার সম্ভাবনা থাকিবে না।

আমি। আপনি কি দেখা করিতে বলেন ?

ডা। না, না- ভূলিয়াছি ভাই--আজত আর তাঁহার সহিত দেখা হইবে না।

আমি। তিনি কোথায় ?

ডা। বিশালাকীর মন্দিরে।

আমি। দেখা হইবে না কেন ?

ডা। তিনি দৈবকাৰ্য্যে ব্যাপৃত আছেন। কাল তিনি মাকে স্বরূপে প্রতিষ্ঠিত করিবেন।

আমি। মানে কি?

ডা। কাল মা তুর্গার দীকা হইবে। গোপাল এই জন্ম কুলদেবতা দামোদরকে আনিতে গিয়াছে। দীক্ষাস্তে কুশণ্ডিকা। গুরুদেবের ইচ্ছা ছিল বর কক্সাকে গৃহে লইয়া কুশগুকা কার্য্য শেব করেন। কিন্তু ঠাকুরের তা ইচ্ছা নয়। তিনি তুর্গাকে সংবাদ দিয়াছেন,-- "আমি তোমাদের বাড়ীতে অতিথি হইব।" ব্রাহ্মণ সেই জক্ত ব্যস্ত— দামোদরের সেবার আছোজন করিতেছেন।

আমি। দামোদর কালু সরদারকে দিয়া সংবাদ পাঠাইলেন নাকি গ

ভা। তা ভাই জানিনা। যেমন শুনিলাম, তেমনি তোমাকে বলিলাম। অত্যের কাছে একথা প্রকাশ যোগ্য নয়। তবে তুমি এখন হটতে আমার গুরুস্থানীয়। তোমার কাছে গোপন করিয়া কথা বলা উচিত নয় বলিয়াই বলিলাম।

আমি তা ভালই করিয়াছেন। শুনিয়া আপনার বিশাস इरेब्राइक किना कानि ना। यनि रहेब्रा थाक, व्यापि तम विश्वास वाश দিব না ৷ আমার জীবনে অল সময়ের মধ্যে এত ঘটনা ঘটিয়াছে যে. ভাহার সবগুলার আমি আজিও পর্যান্ত কোন নৈস্বর্গিক কারণ নির্পয় করিতে পারি নাই। আপনিওত তাহার কতকগুলার সাক্ষী, এমন কি গত রাত্রিতেও আমি ঘটনার অলোকিকত্বের নিদর্শন পাইয়াছি। আপনাকে यथन विवाद ना विषयिष्ठ, उथन विवाद ना। यनि विवाद অবস্থা হয়, তাহা হইলে সময়ান্তরে বলিব।

ডা। তোমার বলিবার ইচ্ছা না থাকিলে, আমিও জানিবার ইচ্ছা করি না। যে সিদ্ধবংশে তুমি জন্মগ্রহণ করিয়াছ, তাহাতে অলৌকিক ব্যাপারের নিদর্শন পাওয়া তোমার পক্ষে বিচিত্র নয়।

আমি ৷ তথাপি ডাক্তার বাবু, অংমি বলিতেছি, মুড়ী কথা কহিতে

পারে, এক্থা আমি কোনও মতে বিখাস করি না। নিজের বিখাস पूर्व बीक, बर्क यनि क्ट विदान कर्व, जाहारक नर्सनारस विनावन দেখিলেও, তাহার বৃদ্ধিমন্তার অসংখ্য পরিচয় পাইলেও, তাহাকে পাগন ভিন্ন আর কিছ বলিতে পারি না।

ডা। ষাহা বিশাসযোগ্য নয়,---এরপ কথা জোর কার্য়া বিশাস করিবার প্রয়োজন কি। অন্তরে অবিখাস রাখিয়া মুখে বিখাসের ভাব দেখান একরপ আত্মপ্রতারণ।। এ প্রতারণায় নিজের ক্ষতি ভিন্ন লাভ নাই। আমার গুরুদের বলিয়াছেন, সরল অবিখাসীরও এক সময় না এক সময় মুক্তির আশঃ আছে, কিন্তু যে বিখাসের কথা কয়, কিন্তু বিশ্বাস যে কি বস্তু তাহা জানে না, তাহার কোনও কালে মুজি নাই। যাক, ব্রাহ্মণ আমার উপরে তোমার পরিচর্য্যার ভার দিয়া নিশ্চিত্ত আছেন। তোমার সেবার ত্রুটী হইলে আমাকেই লজ্জিত হইতে হইবে। একাস্তই যদি গৃহে ফিরিতে হয়, তা হইলে এখন হইতেই উচ্চোগ করার প্রয়োজন।

আমি। গুহে ফিরিতেই হইবে। আমি ইচ্ছা করিলেও এখানে থাকৈতে পাবিব না

ডা। তাহইলে গাতোখান কর।

আমি। আমি একবার হুর্গাকে দেখিতে ইচ্ছা করি।

ডা। দীক্ষার পূর্বে আর তাহার সহিত দেখা হইবে না। চিত স্থির রাখিবার জন্ম বালিকা নির্জ্জনে সংযতভাবে থাকিতে আদিষ্টা হইয়াছে ৷

আমি। আমি গাত্তোখান করিলাম ও স্নানাদি কার্য্য সম্পাদনের জন্ত গৃহের বাহিরে আসিলান। আমার গোপালকে ফিরাইবার সকল ঘরে ফিরিবার সঙ্করে পর্যাবসিত হইল।

সেই দিনই অপরাত্রে আহারান্তে ডাক্তার বাবুর সঙ্গে ত্রাহ্মণের গৃহ

পরিত্যাগ করিলাম। নীরবে, সকলের অলক্ষ্যে ব্রাহ্মণ আমার আহারের যে অপূর্বে ব্যবস্থা করিয়াছিলেন, আমি তাহার মর্যাদা রক্ষা করিতে পারিলাম না। দারুণ ছশ্চিস্তায়, মনঃক্ষোন্ডে, লক্ষায় আমার ক্ষুণা দূর হইয়া গিয়াছিল। তবে আর কিছু করিতে না পারিলেও, সেই পঞ্চান্ধং ব্যক্তন সম্মিত, রৌপ্যপাত্র পার্রেটিত অনপাত্র সন্মুধে দেখিয়া আমি বেচুর কথার যাথাগ্য উপলব্ধি করিলাম। দেখিলাম যেন প্রতি আহার্যোর গাত্র হুটতে ব্রাহ্মণের অপূর্বে সেবা প্রীতি স্বর্গীয় সৌরভরূপে প্রক্ষুবিত হুটতেছে।

আমি সকল দিকেই পদে পদে অপদস্থ ইইয়াছি। মেখানে কাহারও কাছে মুখ তুলিতে আমার সামর্থ্য নাই। স্কুতরাং ব্রাহ্মণের গৃহ পরিত্যাগ করিয়া আমি যেন ইাফ ছাড়িয়া বাঁচিলাম। ডাজার বাবু বােদ হয় আমার অসাক্ষাতে আমার সম্বন্ধে সফল কথা তাঁহাকে শুনাইয়াছিলেন। কেনন। তিনি গৃহে ফিরিয়া শুরু স্যত্নে আমার পরিচর্য্যা করিয়াছিলেন এইমাত্র। আমি থাকিতে পারিবনা শুনিয়া তিান কিছুমাত্র বিশ্বয় প্রকাশ করেন নাই। বরং ভাল পাল্কীও উপযুক্ত বাহক দিয়া আমার যাত্রার স্বন্দোবত করিয়া দিয়াছিলেন।

ব্রাহ্মণ তাঁহার পূর্বৈশ্বয় আমাকে দেখাইবেন বলিয়াছিলেন, আমার আর ভাহা দেখা হইল না। বাড়ী ফিরিবার পথে ব্রাহ্মণের পূর্বেশ্বর্যার একটা মাত্র নিদর্শন আমার চক্ষে পড়িল। সেটা মুখুজ্যে মহাশয়ের পূর্বেপুরুষ কর্তৃক প্রভিত্তি সাগরতুলা একটা সবোবর। আমি যেখান দিয়া চলিয়াছি, সরোবরটা সেগান হইতে দূরে। ভাহার বাধান ঘাট আরও দূরে, কিন্তু ভাহার নীলাকাশগর্ভ নাল স্বচ্ছ জনরাশিন্দের অপূর্বে কারুকার্যাময় চাদনী প্রতিবিধিত হইতেছিল। চাদনী আমি দেখিতে পাই নাই। আমার মনে হইল, যেন একটা অপ্সর শিশু সরোবর মধ্যে আপনার রূপনীপিক। হতে লইয়া নৃত্যু করিতেছে।

হায় ! তৃচ্ছ ঐবর্য্যের দন্তে আমি এই ঐবর্য্যের অধিকারীকেট না মুণার চকে দেখিয়াছিলাম।

(ক্রনশঃ)

### স্তম্ভন।

"প্রবৃত্তি রোধঃ দর্কেষাং স্তম্ভনং ততুদাহৃতং।" ইভি ভ্রমণার।

কাহারও বৃদ্ধিরতি চালনা বন্ধ করাকে ওন্তন কহে। শুন্তন নানা প্রকার:--নরস্তম্বন, অগ্নিস্তম্বন, মেঘস্তধন, গোস্তম্ভন, ব্যাঘাদি স্তম্বন, শক্রন্তন্তন, অনুভয়ন, নৌকান্তন্তন প্রভৃতি। অনুভয়নে অন্ত বারা কাটিবে না. মেঘন্তম্ভনে জল হইবে না. অগ্নিস্তম্ভনে অগ্নির দাহিকা শক্তি পাকিবে না. ব্যাঘ্রাদি জল্পর স্তম্ভনে উহারা জীবের অনিষ্ট করিতে পারিবে না, ইত্যাদি বুঝায়। এ সম্বন্ধে মন্ত্র, ঔষধি, ফেৎকারিনী. দন্তাত্তেম, ষ্টকর্মদীপিকা, ইন্দ্রজান প্রভৃতি তত্ত্বে স্বিস্তার উল্লেখ আছে।

শ্রীমতী ব্ল্যাভাটাত্তর লিখিত "নীলগিরি উপত্যকা" নামক গ্রন্থ ছইতে আমার এই শুন্তনের সত্য ঘটনাটি প্রকাশ করিতেছি। নীল-গিরি উপত্যকার উটি (Ooty) নামক একটি নগর আছে। নগরটি অনেকটা বৈশ্বনাথের উইলিয়ামুস্ টাউন, বম্পাস্ টাউন প্রভৃতির উপত্যকার নিমে ঝড় রুষ্টি হইতে রক্ষা পাইবার জন্ম দুরে দুরে এক একটি বাটী; সহরের মত রাস্তা ও সারিবলী বাটী আদে এখানে নাই। প্রত্যেক বাটীর পশ্চাতে অদূরে জঙ্গল। সন্মুখে ব্রাম্ভারমন্ত। এইরূপ একটি বাটীতে শ্রীমতী সিম্পন (Simpson)

তুইটি পুত্র ও একটি ভগিনী পুত্র লইয়া বাস করিতেন। পুরের।
গভর্গনেণ্ট আফিদের কেরাণী, এবং তাহার ভগিনীপুত্র টম্ স্কুলে
পড়ে ও বৈকালে খেলিয়া বেড়ায়। ভগিনীর মৃত্যু হওয়ায় প্রীমতী
সিম্সন্ তাহার পুত্রকে নিজে রাণিয়াছেন ও ইহাকে অভিশয় স্নেহ
করেন। শ্রমতী ব্লাভাট্সি সয়ং এই বালকটীকে দেখিয়াছেন।
এই ইউরেশিয়ান পরিবার বড় ধার্মিক।

টম বড় পাথি ভাল বাসিত, বাড়ীর পশ্চাতে তাহাদের একটা পুরাতন খালিঘর ছিল, সেই ঘর সে পাখিতে বোঝাই করিয়া রাধিয়াছে। সকল প্রকার পাখিই তাহার ছিল, কেবল নিলগিরি সোয়ালো (swallow) পাধি না থাকায়, করেঞ্দিন যাবত ঐরপ পাধি ধ্রিতে সে চেষ্টা করিতেছে।

এক দিন শে পাখির সঙ্গে সংগ্র পশ্চাতের বনে চলিয়া গিয়াছে, বনে অকস্মাৎ সন্ধা হইয়া যাওয়ায় তাড়াতাড়ি আলিতে পায়ে পায়য় ছুটিয়া বিব্রত হইয়া পড়ে। এমন সময় শীকার উদ্দেশে তুইটি কুরুম্বা আসিতেছে দেখিয়া তাহাদের একটু মদ ও কিছু পয়সা দিতে স্বীকার করায় তাহারা উহাকে বাটা পৌঁচাইয়া দিল। পথিমধ্যে উহাদের সোয়ালো পাখির কথা বলায় উহারা পরদিন পাখি ধরিয়া দিতে স্বীকৃত হইল।

টম্ পাথি ধরিতে যাইবার কথা তাহার মাসীকে বলে। প্রদিন বৈকালে উহাদের সাহত বনে পাথি ধরিতে যাইল। তাহারা পাথি ধরিয়া উহাকে সঙ্গে করিয়া আনিবার কালে উহার জামার ছিট দেখিতে বড় ভাল এই কথা বলিতে বলিতে প্নঃপুনঃ উহার গায়ে হাত দিতে লাগিল। এইরপে ভাহারা বালকটিকে স্তম্ভিত করিল। শিক্ষিত হিপ্নটাইজার নিয়মমত হস্ত চালনা করিয়া অভীষ্ট ব্যক্তিকে বশ করিয়া থাকেন। এই অসভ্যজাভিদের এই সম্মোহন বিদ্যা আজনসিদ্ধ। ইহাদের সামাত স্পর্শে এইরপ কার্যা সাধিত হইল। টমের হিতাহিত বোধশক্তিকে ইখারা ধরিয়া স্তম্পিত অর্থাৎ শক্তিখীন করিয়া চাপিয়া রাথিয়া দিল। সেইস্থলে নিজ ক্রিয়াশতি বালকের শরীর মধ্যে কতক প্রয়োগ করিয়া তাহাদের নিজ অভিমত কার্য্য করাইবার উপযোগী করিয়া লইল। বালক টম্ কিছুই ব্রিল না, পালি পাইয়া সম্ভুষ্টিতে বাটী ফিরিল। কুলমাদের সভিত মিশিতে নাসীর নিষেধ থাকায় একথা কঃহাকেও প্রকাশ করিল না।

প্রদিন হইতে টমের বিশেষ গরিবর্ত্তন দেখা গেল। সে যেন অপেকারত বেশী বয়সের মত দেখাইতে লাগিল: ্যন স্বপ্নে বেডাইভেছে, অর্থাৎ নিজাবস্থায় চলিয়া বেড়াইভেছে। বাড়ীর সকলে সময় সময় এইরূপ বোধ কবিত। ালকটির সাস্থাবেশ ভাল ছিল। এখনও ক্ষুধানই হয় নাই, কিন্তু অল্প ও অন্তমনস্ক হইয়াছে। ইহার পরেই শ্রীমতী প্রমদনের ঘরের ভিতর হইতে অলম্ভার আদি চুরি হইতে আরম্ভ হইল। লোহার সিন্দুকের চাবি হাঁহার নিজের কাছে পাকিত, তাহার ভিতর হইতেও জিনিষ চুরি হটতে লাগিল। বাটীর সকলে বিশেষ সতর্ক হইয়াও চুরি বন্ধ করিতে পারিল না। পুলিশ ভদত্তে কোন কিনারা হইল না, চাকরদের দোষী করা গেল না।

মাজ্রাজ হইতে একটি মূল্যবান অঙ্গুরীয়ক আসায় শ্রীমতী উহা লোহার সিন্দুকের ভিতর রাখিয়া চাবি বালিশের তলায় রাখিয়া সমস্ত রাত্রি জাগিয়া থাকিতে মনস্থ করিলেন। টম পার্থের খরে শয়ন কবিত। বাত্রি ছুইটার সময় বৃদ্ধার ঘরের ছার খুলিয়া টম প্রবেশ করিল। কৌশলের সহিত র্দ্ধার ব'লেশের নীচে হইতে চাবি বাহির করিয়া লইল ও লোহার সিন্দুক খুলিয়া ঘাটিয়া পরে উহা চাবিবন্ধ করিয়া, চাবি বুদ্ধার বালিশের নীচে রাখিয়া টম বাহির হইয়া গেল। এই সগয়ে ভাহার চকু বেশ খোলা এবং মুখের চেহারা পাশবিক মত। বৃদ্ধা

কিছু না বলিয়া কেবল সমস্ত ব্যাপার লক্ষ্য করিতে লাগিলেন। তিনি তাড়াতাড়ি কাপড় পরিয়া টমের ঘরে আন্তে আন্তে যাইলেন দেখিলেন, ঘরের ঘার থোলা, টম পাধির ঘরের নিকট গিয়াছে। জ্যোৎসা রাত্রি বলিয়া স্পষ্ট দেখা গেল টম একটি জানালার নিকট হেঁঠ হইয়া কি প্তিয়া রাখিল। স্বেহপরায়ণা মাসী টমকে চোর বলিয়া ভাবিতে পারিলেন না। গোধ হয় বালকটি ঘুমের ঘোরে কিরপ হইয়াছে,উহাকে জাগাইয়া কোন ফল নাই, রাত্রি প্রভাতের পর বোধ হয় ঐ জানালার নীচে খুঁড়িলেই চুরির জিনিষ পাওয়া যাইতে পারিবে, এই মনে করিয়া এবং টম ঘরে আসিয়া ভইল দেখিয়া তিনি আপন ঘরে চলিয়া গেলেন। টম ঘুমাইতেছে কিন্তু তাহার চক্ষু বেশ মেলা রহিয়াছে, তাহার বালিসের নীচে হইতে চাবি লইবার সময় চক্ষু যেরপ খোলা ছিল এখনও সেইরপ রহিয়াছে দেখিয়া তিনি ভীত হইলেন ও রহস্ত নির্দিয় দৃচপ্রতিক্ত হইলেন।

পরদিন প্রাতে আপন পুত্রদের ডাকিয়া র্দ্ধা রাত্রের ব্যাপার বলিলেন ও রাত্রির নির্দিষ্টয়ান খুঁড়িয়া দেখিলেন কিছুই পাইলেন না। বুঝিলেন ভিতরে লোক আছে। যাহা হউক বৈকালে টম স্থূল হইতে আসিল। ছইজনে জন খাইতে বসিলেন, ইচ্ছাপুর্বক নিজের হাতের একটি অঙ্গুরীয়ক খুলিয়া টেবিলের উপর রাথিয়া হাত ধৃইবার ছলে উঠিয়া গেলেন ও বালকটির উপর দৃষ্টি রাথিলেন। তিনি দেখিলেন বালকটির চক্ষু আনন্দে বিক্ষারিত হইল ও বালক অঞ্রীয় লইয়া পকেটে পুরিল; আহারাস্তে বাহিরে যাইবার জ্ঞা সে উঠিয়া যাইলে, র্দ্ধা উহাকে ডাকিয়া বলিলেন "টম আমার আঙ্টি কোথায় গেল ?" টম বলিল "আমি কিছুই জানিনা"। ইহাতের্দ্ধা টমের পকেট হইতে আঙ্টি বাহির করিয়া তাহার চক্ষের সম্মুথে ধরিয়া বলিলেন "এটি কি ? ছষ্ট ছেলে তৃমি চুরিবিছা শিখিয়াছ ! শীঘ্র বল আমার অলঙ্কারগুলি কোথায়

রাখিয়াছ, নচেৎ আমি পুলিশ ডাকিব।" র্দ্ধার কথায় কোন গ্রাহ্থ না করিয়া টম বলিল "ইহাত একটি পাথির সোণার খান্ত, আমি আপনার আদেশমত মধ্যে মধ্যে আপনার সিন্দুকের মধ্য হইতে এইরূপ সোণার খান্ত বাহির করিয়া পাথিদের খাইতে দিই। এরূপ খান্ত বাদ্ধারে কিনিতে পাওয়া যায় না, এজন্ত আমি লইতেছি। কিন্তু সিন্দুকে আর বেশী নাই, ফুরাইলে পাথিরা কি খাইবে ?"

রন্ধা শিমসনের বুঝিতে বাকি রহিল না যে, টম চোর নহে। ইহার ভিতরে কোন রহস্থ আছে। ছেলেকে চোর বলিয়া তিনি ভাল কাজ করেন নাই। যাহা হউক তিনি বলিলেন, "আমি কবে তোমাকে সোণার খাদ্য লইতে অমুমতি দিয়াছি ?" টম বলিল যেদিন আমি সোয়ালো ধরিয়া আনি, সেইদিন আপনি বলিলেন –"তোমার বালিসের নীচে হইতে চাবি লইয়া তুমি আবশুক মত লইও। সোণার খাত্য ব্যতীত পাখি যদি না বাচে কাজেই যত পার লইবে।" এইরপ আপনি আদেশ দিয়াছেন। একথা যে আমাকে পাণি ধরিয়া দিয়াছিল, সেই লোকটি বলিয়াছিল। দেই লোক তিনদিন পূর্বে একদিন খাইবার সময় আসিয়াছিল। টেবলে কয়েকটি টাকা ছিল, সে বলিল—"ইহা পাথিদের খাইবার জন্ত, তুমি লইয়া আইস।" আমি উহা লইয়া পাখিদের দিবার জন্ত ভাহাকে দিলাম।

বৃদ্ধা দিমসন বলিলেন— "আমরা সেইদিন রাত্রে থাইতেছিলাম, রাত্রে পাথিদের খাওয়াইবার দরকার হয় না, তুমি টাকা কয়েকটি কি করিলে ?" টম বলিল— "যেইদিন মধ্যাহে আমরা খাইতেছিলাম সেদিন আমার মনে পড়ে অনেকক্ষণ পর্যান্ত রাত্রি হয় নাই।" ইহাতে টমের বৃদ্ধিবিক্ত হওয়ার বিষয় বৃ্ধিতে র্দ্ধার বাকি রহিল না।

অকমাৎ বৃদ্ধার মনে এক ভাবের উদয় হইল। তিনি গণা হইতে আপন সোণার ক্রচ খুলিয়া উহা টমকে দিলেন, বলিলেন চল তুমি পাধিদের ধাওয়াইবে, আমি দেখিব। টম আনলে উহা লইয়া পাধিদের ঘরে গেল। ক্রচট একবার করিয়া হাতে আনিয়া প্রত্যেক খাঁচার নিকট যাইয়া শিশ দিতে ও উহাদের ধাঁচায় দিতে লাগিল। যে বাঁচায় পাধি নাই তথায়ও ঐরপ করিল। যেন রুটির টুকরা হইতে ভাঙ্গিয়া রুটি ওঁড়া পাধিদের দিতেছে এরপভাবে সব বাঁচার নিকট যাইয়া শেষে টম বলিল, "মাসীমা ধাবার দেওয়া হইয়াছে। বাকি সোণার শস্ত আমি সেই লোকের নিকট জমা দিয়া আসি। পুর্বের সে আমাকে উদ্ভ খাভ জানালার নীচে পুতিয়া রাথিতে বলিয়াছিল, কিন্তু আজ সকালে বলিয়াছে যে তুমি আসিয়া আমাকে দিয়া ষাইবে। মাসীমা তুমি আমার সঙ্গে যাইও না, তাহা হইলে তাহাকে দেখিতে পাইব না। যে আমাকে সোয়ালো পাধি ধরিয়া দিয়াছিল, এ সেই লোক।

টমকে কথায় কথায় আধ্ঘট। আটক রা'ধ্য়া রদ্ধা পুলিশ আনিলেন ও পরে বালককে যাইতে বলিলেন। এদিকে পুলিশকে বলিয়া দিলেন, "বালকের পশ্চাৎ যাও। বালক যাহাকে ক্রচ দিবে ভাহাকেই ধারবে।" বালক জগলের ভিতর কিয়দূর যাইলেই একটি বামনাকার ক্রদা ঝোপের মধ্য হইতে বাহির হইয়া বালকের নিকট আদিল। ক্রচটি বালক ভাহাকে দিল। এদিকে পুলিশও ভাহাকে ধরিয়া ফেলিল।

বিচারে কুরুষার সামান্ত কয়েকদিনমাত্র জেল হইল। টমের সাক্ষ্য ডাক্তাবের কথায় একটি বন্ধ মূর্থের সাক্ষ্য বলিয়া গৃহীত হইল। রন্ধা সিমসন যাহা বলিলেন তাহা টমের নিকট হইতে শোনা কথামাত্র। এইরপে কুরুষা একপ্রকার অব্যাহতি পাইল। টমকে ডাক্তারের চিকিৎসায় রাথায় এখন অনেকটা সারিয়াছে বটে, কিন্তু সোণার জিনিষকে সোণার পাধির খাত্ত বলিয়া বিবেচনা করে। বোম্বাই নগরে কয়েকমাস ধরিয়া বিশেষ প্রকার চিকিৎসাতেও তাহার এভাব কাটে নাই। এবং কুরুস্বাদের সহিত মিশিবার ইচ্ছাও তাহার কমে নাই, লোক দিয়া তাহাকে আটক রাখিতে হইতেছে।

এইখানে আমরা এই শুন্তনকাহিনীর শেষ করিলাম, ইহাকে বশীকরণও বলা হায়।

অক্সাক্তপ্রকার স্তন্তনের মধ্যে গাভীর হগ্ধ স্তন্তন, পিষ্টক স্তন্তন (পিটেভারা) প্রভৃতি সচরাচর দেখা যায়। অগ্রিস্তম্ভন সম্বন্ধে মণ্যে মধ্যে কাগজে নানাস্থানে রহৎ রহং বর্ণনাও দেখা যায়।

সম্রতি আমার জ্ঞাতি দাদা রাজনারায়ণ বন্দ্যোপাধ্যায়ের অর্দ্ধাঙ্গ পড়িরা যাওরার একজন ওঝা উহার চিকিৎসা করিতেছেন। এই ওঝা উত্তপ্ত পুরাতন স্বত অগ্নির উপরিপ্তিত কটাত হইতে হাতে করিয়া লইয়া তাঁহাকে মাধাইভেছেন। ওঝার হাতে কোন দ্রন্য মাধান নাই, বিশেষ করিরা অনেকে দেখিয়াছেন। আগুন ভারিয়া তবে সে এই কার্য্য করে বলিল। ইহার অগ্নিগুন্তন ক্রিয়া মন্ত্র দারা সাধিত হয়।

প্রীকার্ত্তিক চক্র বলে। পাখার।

# গোধূলি-শঙ্গমে।

### (পূর্ব্ব গ্রকাশিতের পর)

আমি। ঐ ঘরের বিষয়ে আমার একটু আপত্তি আছে। ঐ ঘরটি প্রেড-অধ্যুষিত—ওখানে বেনী রাত্রিতে প্রেতের কণ্ঠস্বর শুনা যায়।

সন্ন্যাসী। সেজন্ত কোন চিন্তা নাই-এই আপনার আপত্তি। ষ্মামি। দেখুন ঠাকুর, আমি কয়েকদিন ধরিয়াই ঐ প্রেতান্মার যাহাতে উর্দ্ধগতি হয়, তাহার জন্ম প্রার্থনা করিতেছি। কিন্তু কোন

ফল হইতেছে না। প্রত্যহ তিনবার করিয়া আমি তাঁহার জন্ম ভগবানের নিকট প্রার্থনা করিয়া থাকি।

সন্ন্যাসী তথন ঘটনা আফুপূর্ব্বিক জানিতে চাহিলেন এবং আমিও তাঁহাকে পূর্ব্বাপর সমস্ত নিবেদন করিলাম।

যাহা হউক, সন্ধ্যার সময় আমাদের প্রান্ত হিক নামকীর্ত্তন বন্ধ
হইল না; বরং আজ সন্ধ্যাসী কীর্ত্তনে যোগদান করায় ভাহা অভি
অপূর্ব্ত হইয়া উঠিল। সন্নাাসার উজ্জ্ল-গারকান্তি ও উচ্চ অথচ কোমলকঠে মধুর হরিধ্বনি সকলেরই হৃদয়ে ভাক্তর প্রবাহ ছুটাইয়া দিল।
ভেমন সজীব হরিনাম-কীর্ত্তন আর আমবা জীবনে দেখি নাই, শুনি
নাই। ভক্তি ও আনন্দে পূর্ণপ্রাণ হইয়া আমরা ধূলায় গড়াগড়ি দিতে
লাগিলাম। পরে তাঁখার চতুদ্দিকে পুনঃ পুনঃ হরিধ্বনি করায় ভিনি
উঠিয়া বসিলেন এবং বলিলেন, "সর্ক্রমলনয় হার আমাদের মঞ্চল
করিবেন।"

তথ্য সন্ধ্যা অতিবাহিত হইয়াছে; আমরা সকলেই সমন্ত্রমে সন্ধ্যাসীকে লইয়া কুঠার ভিতরের দালানে আসিলাম। সন্ধানীকে জলপান করিতে বলায় তিনি কিছুতেই তাহাতে স্বীকৃত হইলেন না। পরিশেষে বলিলেন, "কয়েকটী তুলসীপত্র ও গলার জল আমি পান করিতে পারি।" আমি তথনই স্বহস্তে কয়েকটী তুলসীপত্র এবং এক পাত্র গলাবরি তাঁহার হস্তে দিলাম। তিনি আনন্দের সহিত তাহাই গলাধংকরণ করিলেন। ভাহার পর আমাকে লক্ষ্য করিয়া বলিলেন, "দেখুন আপনার প্রার্থনার কল কলিয়াছে; নামকীর্ত্তনও রুণায় যায় যায় নাই। এতদিন কীর্ত্তন তেমন বিশ্বাসেব সহিত প্রাণ খুলিয়া হয় নাই, তাই কোন কলই হয় নাই। তবে এস্থানের বায়ু অনেকটা পবিত্র হইয়াছে; কিছুদিন ভগবানের এইয়প নাম-কীর্ত্তন করিলে, দীন-তুংখীকে অন্ন বিতরণ প্রভৃতি সৎকর্ম করিলে আর এখানে অপ্ল

দেবতার অধিষ্ঠান থাকিবে না। এখানে পূর্ব্বে যে সমস্ত লোক যন্ত্রণা পাইয়া মরিয়াছে, তাহাদের আত্মার উর্দ্ধগতিলাভের জন্ত আপনারা একাগ্রচিতে ভগবানের নিকট প্রার্থনা করিতে থাকিবেন। তাহা হইলে এথানে অতিমামুষিক বা প্রেত্যোনিঘটিত ভয় থাকিবে না। যাউক, আপনারা বিশ্রাম করুন, আমি ঐ ঘরে যাইয়া রাত্রি যাপন করি।"

সন্যাসী এই বলিয়া তাঁহার ঝুলি ও দণ্ড লইয়া প্রেতের ঘরে প্রবেশ করিলেন এবং কম্বল বিছাইয়া তাহার উপর কিছুক্ষণ উপবেশন করিয়া চক্ষু মৃদিত করিয়া রহিলেন। পরে কম্বলের উপর শুইয়া পড়িলেন।

এদিকে আমরা সকলেই একটা ঘরে বসিয়া বিনিদ্রভাবে রঙ্গনী কাটাইতে লাগিলাম। রাত্রি ভটার সময় ক্রন্দন-ধ্বনি হয় কিনা, তাহা শুনিবার জন্ম আমরা উৎক হইয়া রহিলাম। ক্রমে ঘড়ির কাঁটা তিনটার ঘর ছাড়াইয়া চলিয়া গেল। কিন্তু আমরা সেই স্ত্রীলোকের ক্রন্দনধ্বনি আর শুনিতে পাইলাম না, তৎপরিবর্ত্তে শুনিলাম, কে যেন উদাত্ত্বরে গাইতেংছেঃ—

"সত্য ধর্মং সমাপ্রিত্য যৎকর্ম কুরুতে নরঃ।
যদেব সদলং কর্ম সভ্যং জানিহি স্কুরতে ॥
নহি সভ্যাৎ পরোধর্মঃ ন পাপমনৃতাৎ পরম্।
তক্ষাং সর্কাত্মনা মর্ত্ত্যঃ সভ্যমেকং সমাপ্রমেৎ ॥
সভ্যহীনা রথা পূজা সভাহীনে রথা জপঃ।
সভ্যহীনং তপোব্যর্থম্যরেবপনং যথা ॥
সভ্যরূপং পরং ব্রহ্ম সভাংহি পরমং তপঃ।
পভ্যমুলাঃ ক্রিয়াঃ সর্কাঃ সভ্যাৎ পরভরং নহি॥"

এই স্থপবিত্র স্বরে সমস্ত কুঠাধানি পর্যান্ত পূর্ণ হইয়়া গেল ; বোধ হইতে লাগিল, যেন গোপীপুরের গগন-পনন এই পুত কণ্ঠধনিতে পরিপুরিত হইরাছে। আমরা তন্মর হইরা উঠিলাম। কতক্ষণ এইরূপ व्यवसाय हिलाम कानिना; यथन छान इहेल, उथन लांच शूर्वाकाय-প্রান্তে তরুণ অরুণের কনক-রশ্মি ঈষৎ দেখা দিয়াছে। আমরা সোৎসাহে এবং সানন্দে ছুটিয়া গিয়া দেখিলাম—সন্ন্যাসী নাই! সবিস্বায়ে গুহের চারিদিকে চাহিয়া দেখি,—দেওয়ালের উপর উজ্জ্বল অঞ্বরে লেখা রহিয়াছে "এ স্থানে দেব স্থাপনা করিও, দেবারাধনা করিও, অনুসূত্র খুলিও---তোমাদের ইহাতে অধানর্ধ্য নাই " ভাল করিয়া চক্ষু ঘষিয়া আর একবার দেওয়ালের দিকে চাহিলাম — আর সেই উজ্জ্বল অক্ষররাজি দেখিতে পাইলাম না।

ভৎপরদিনই আমি জমীদার মহাশরের নিকট ফিরিয়া আসিয়া সমস্ত ঘটনার কথা আভোপাও বলিলাম। তিনি বলিলেন---"না আমার সংকল্প আর সিদ্ধ ২ইবার প্রয়োজন নাই; সাধুর কথাই রাথিব: ঐথানে আমি রাধা-রুফ্টের যুগল মূর্ত্তি বসাইয়া উহাকে দেবস্থানে পরিণত করিব এবং একটি অল্পত্র খুলিব। সাহেবদিপের জন্ম অপর ব্যবস্থা হৃহবে 🖰

नारम्य मशानम करे अवस्य विश्वा शूर्याहरू महानम्भरक करिलन, "জমীদার মহাশয় এখন ঐ স্থানে মন্তির ও অন্নসত্র স্থাপনের ব্যবস্থা করিতেছেন।"

পুরোহিত। উত্তয় কথা। ইহা অপেক্ষা আর পুণ্যকার্য্য কি হইতে পারে গ

জ্যোতিষী। আঞ্কার সন্ধ্যাটা লায়েব মহাশ্যেরই এই কথায় কাটিয়া গেল; আর কিছু ইব না।

জমীদার পুত্র। বড়ই ছঃখের বিষয়, আজ এইজ**ন্ত আমরা** পুরোচিত মহাশয়ের প্রতিশ্রত সেই ঘটনাটির বিবরণ শুনিতে পাইলাম না।

পুরোহিত। কাল যদি ঝড় বৃষ্টি না হয়, তাহা হইলে অগ্রেই আমি সেই গল্পার্ড করিব।

অতঃপর মন্দিরে সাদ্ধা আরতির শহ্ম ঘন্ট। বাজিয়া উঠিল, এবং সঙ্গে সঙ্গে সেই দিনকার মত 'গোধুলি-সভা'ও ভাঙ্গিয়া গেল।

গ্রীঅমূল্য চরণ দেন।

# ভৌতিত-কাহিনী। ছায়ারূপিণী বধু দর্শন। ( )

ঢাকা জেলার অন্তর্গত গায়পুরা থানার এলাকাধীন—গ্রাম নিবাদী 'কু' বাবু আমার জনৈক বদু। তাঁহাব সঙ্গে আমার আত্মীয়তার বিশেষ কারণ আত্মিক তত্তানুসন্ধান। দীর্ঘকাল হইতে আমি অধ্যায় তত্তে বিশ্বাস করি এবং প্রায় ৩া৪ বৎসর যাবভ আমরা উভয়ে একত্রে পাকিয়া অধ্যাত্ম-তত্ত্বের আলোচনা ও অনুসন্ধানে ব্যাপৃত রহি। এ কারণেই আমরা উভয়ে উভয়ের ধর্ম, চরিত্র এমন কি পারিবারিক অবস্থা পর্য্যন্ত বিশেষভাবে জ্ঞাত আছি।

'ক' বাবুর চরিত্র সম্বন্ধে আমি যতদূর জানি, তাহাতে তিনি সরল, এবং পারতপ্রফে মিধ্যা বলা কি পরের অনিষ্ট করেন নাবলিয়াই আমার ধারণা। তাঁহার সহধর্মিণী সম্বন্ধে আমার মত আরও উচ্চতর। স্ত্রীসুলভ স্বাভাবিক সরল ধর্ম বিশ্বাস, পতিপ্রাণতা সচ্চরিত্রতা প্রভৃতি গুণগুলি তাঁহার শারীরিক সৌন্দর্যাকে শতগুণে উচ্ছন করিয়াছিল। ষ্দিও বছপুৰ্ব হইতে তাঁহার স্বামীনৃণে তাঁহার গুণ-কাঁহণী শ্রবণ করিয়াছি, তথাপি তাঁহার সঙ্গে আমার চাক্স্স দেখা একবার মাত্র, এবং সে দেখা মৃত্যুর অব্যব্হিত পূর্বে। তাঁচার তৎকালীন শাস্ত গন্তীর সৌমামৃত্তি ও রোগারেই মুখের অপুর্ব মধুর হরিনামোচ্চারণ জীবনে ভূলিতে পারিব না।

'ক' নাবু অধ্যাত্ম তাত্ম বিশ্বানী। তাঁহার সহধর্মিনীও তৎসংদর্গগুৰে ইহাতে অধিকতর িখাস লাভ করিয়াছিলেন। সময়ে একজন দেহ তাাগের পর অপরকে পরগোকিক তত্ত্ব অবগত করাইবার জন্ত চায়ারপে দর্শনদান দিবেন বলিয়া পরস্পর কঠিন প্রতিজ্ঞাপাশে বদ্ধ হত্তেম। আমি জানি 'ক' বাবু তাঁহার সীকে জীবিতকালে এই প্রতিভাবে কথা সময় সময় স্মরণ করাইয়া দিতেন।

কালক্রমে তাঁহার স্ত্রা অর ও ধ্রুত রোগে আক্রান্তা হয়েন। ক্রমে রোগ বৃদ্ধিপ্রাপ্ত হওগতে রোগিণীকে ঢাকা মিটফোর্ড হস্পিটেলের তে নং কুঠরিতে চিকিৎসার্থ আনা হয়। এই রোগ-শ্যাতেও 'ক' বাব তাঁহার খ্রীকে প্রতিজ্ঞার কথা সময় সময় শারণ করাইয়া দির্তে কৃষ্টিত বা বিএত হয়েন নাই। এমন কি মৃত্যুর প্রাকালে যথন আর্মি দেখিতে গেলাম, তখনও তিনি ধীর গন্তীর ভাবে পত্নীকে জিজাসা করিলেন-- "প্রতিজ্ঞার কথা মনে আছে : " উত্তর-- "আছে, সাধ্য इहेटन निम्हत्र (मथा मिरा "

প্রতিজ্ঞার মধ্যে এই ছিল যে, তিনি সপ্লে কিম্বা অন্ত কোন প্রকারে দেখা দিলে বিশ্বাস করিবেন না। তাঁহাকে ছায়ামূর্ত্তিতে দর্শন দিতে इटेर्द ।

১০১২ সনের ২৭শে প্রাবণ ৩টা ২০ মিনিটের সময় কে বাবর সহধর্মিণী উপরোক্ত সিমসন ওয়ার্ডে দেহতাগ করেন। তাঁহার অন্যেমিকিয়ার পর সেই রাত্রির সমস্ত ঘটনা এখানেই ঘটিয়াছিল। 'क' वाव खीत मुक्कारतत क्रम व्यापना मत्त्र मक्राम मान चार्छ গিয়াছিলেন। তথা হইতে রাত্রি ১২টার সময় বাসস্থানে ফিরিলেন।

শ্বশানের সেঘ ভয়াবহ চিত্র জগস্তভাবে তাঁহার অন্তরাত্মার নিকট উপস্থিত হইয়া প্রিয়তমার ধ্যানে তাঁগাকে নিমগ্প করিতেছিল। তিনি শ্যাার উপবিষ্ট থাকিয়া প্রতিমৃত্বর্তে প্রাণপ্রিয়ার সাক্ষাৎকার লাভের অপেক্ষায় বহিলেন।

কিছুকাল্পরে তাহাদের শয়ন কক্ষের ঘারে ঠক ঠক করিয়া শব্দ ছইল। দ্বার্টি:তাঁহা হইতে ২৩ হাতের অধিক দুর নয়। 'ক' বাবু 电 নিলেন, কিন্তু কিছুই ঠিক করিয়া উঠিতে পারিলেন না। ইহার ক্ষণেক পরে আবার ঐরপ শব্দ। এবার 'ক' বাবুর বুঝিবার বা ক বাহল না তাঁহারই প্রণায়নী তাঁহাকে দর্শনদান করিবার জন্ম বারংবার ব্যাকুলভাবে মারদেশে উপনীতা হইতেছেন: 'ক' বাব বাঙ্গালীর স্বাভাবিক ভীকৃতায় ভীত, তথাপি প্রাণের টানে এবং একান্ত কর্ত্তব্যক্তানে প্রণয়িণীর সাক্ষাৎলাভার্থ ধীরে ধীরে অগ্রসর হইয়া ষেই কক্ষের দার খুলিতে উন্মত, অমনি পশ্চাৎদিক হইতে ভদীর ভাতা, মাতৃল, বিশেষতঃ শাশ্রুঠাকুরাণী, স্ত্রীস্থল্ড অমঙ্গল আশুরু করিয়া বলিলেন "বাবা---"আপানও কি উহার সঙ্গে মরিতে চাল-লেন ?" অগত্যা তিনি গমনে বিগত হইয়া শ্যায় বসিয়া পড়িলেন 🙃

কতক্ষণ পরে পুনরায় অন্তর্ব।টির দারে মূল্মুন্ত বিষম আঘাতের শদ হইতে লাগিল। আবার 'ক' বাবু চমকিয়া উঠিলেন। মনে হইতে লাগিল যেন বাহিরে যাওয়া মাত্রই মৃতা সহধর্মিণীর সহিত সাক্ষাৎ লাভ হইবে। এবার 'ক' বাবু স্কল ভয় ভাবনা দুরে রাধিয়া জীবনপণ করভঃ দরোজার দিকে ছুটিলেন; কিন্তু সকলে মিলিয়া তাঁহাকে তাঁহার অভিপ্রেত উত্তম হইতে প্রতিনির্ত্ত করিলেন। তিনি ই্অতি কষ্টে মনের আবেগ সংবরণ করিয়া শ্যাতে বসিয়া পডিলেন।

পরে জানা গেল তাঁহার খাশুড়ী, জামাতা শুশান হইতে ফিরিবার

পূর্বেই দারে উক্তরূপ চপেটাদাত ও অদূরে আমরক্ষতলে মৃত কন্তার পীড়িতাবস্থার অনুক্রার কাতরকঠের হরিনাম ধ্বনি গুনিতেছিলেন।

অতঃপর কয়েকমাস পর্যান্ত বেশা কিছু ঘটে নাই। যদিচ প্রায় প্রতি রাত্তিতেই 'ক' বাবু তাঁহার স্ত্রীকে স্বপ্নে দেখিয়াছেন এবং তাঁহার সঞ্চে সময় সময় আলাণ করিয়াছেন, কিন্তু উপস্থিত প্রসঙ্গে এ সকল তত আবশুকীয় নয় বলিয়া, আমরা কাহিনীর মূল ঘটনাটি পাঠকের গোচর করিতে প্রয়াসী হইতেছি

১৩১২ সনের মাঘ মাধে 'ক' বাবু কিছুকালের জন্ম বাড়ি গেলেন। তাঁহার শ্রন্থর ও রালাঘ্রের মধ্যস্ত স্থানটি ক্যেকটি বুক্ষারা আচ্ছাদিত বলিয়া তাহা নিবিড়ও মনোরম। স্থানটী 'ক' বাবর স্ত্রীর বিশেষ প্রিয় ছিল। তিনি অবসর পাইলেই দিবসের অধিকাংশ সময় এইস্থানে পাদচারণ ও সমবয়সীদিগকে লইয়া আলাপ আমোদ উপভোগ করিতেন অথবা দক্ষিণের সুন্নিশ্ব বায়ু সেবন করতঃ পরম শান্তিলাভ করিতেন। কিন্তু আজি সেই শান্তি নিকেতন 'ক' বাবুর পক্ষে বিশেষ অশাস্তিজনক ও ভয়াবহ হইয়া উঠিয়াছে। 'ক' বাবু সেখানে গেলেই তাঁহার অভুতপূর্ব ভয়ের সঞ্চার হয়। যেন প্রণায়ণীর জীবন্ত মূর্ত্তির আবির্ভাব হইয়া তাঁহাকে যেন কিরূপ ভাবাবিষ্ট ও ভয়বিহ্বল করিয়া তোলে। এ ভয় স্থানের নির্জ্জনতা ও নিস্তর্কতাহেতু নহে। বোর অন্ধকারে কি নির্মাণ জ্যোৎসাতে এ ভায়ের কিঞ্চিৎ নানাধিকা হয়, এইমাত্র। তবে ঈদৃশ ভয়ের কারণ কি কে বলিবে! ইহ-পরকালের লীলাময় বিধাতাপুরুষ ভিন্ন এ রহস্ত উদ্ভেদ করিতে কে সমর্থ? 'ক' বাবু ভাষায় এভাব প্রকাশ করিতে অক্ষম।

'ক' বাবু তাঁহার শয়নঘরে রাত্রিতে একাকীই শয়ন করিয়া থাকেন। কথন কথন ভয়াক্রান্ত হইয়া তদীয় ৬ বংসরের পুত্রকে সঙ্গে শুইতে

বলেন। কিন্তু এসকল ভয়ভাবনার কথা তিনি অপংকে জানাইতে অনিচ্চুক! কেননা তিনি প্রথম বয়সে আত্মিক-তত্ত্বে অবিখাসী ও ইহার খোর বিরোধী ছিলেন। কোন স্থানে ভূত প্রেতের আবির্ভাব কি উপদ্রবের কথা গুনিতে পাইলে শতকার্যা ফেলিয়া ও সহস্র বাধাবের পায়ে ঠেলিয়া তত্তৎ স্থানে উপস্থিত হৃহতেন ও বীরের ন্যায় নির্ভিক চিত্তে তন্ন তর করিয়া সমস্ত অমুসন্ধান করিয়া দেখিতেন। বলা বাহুল্যা, সর্বসাধারণের ভীক্ষতাস্থতক মিথ্যা প্রেত বিশ্বাসরূপ মহা কুসংস্কার বিদুরিত করাই তাঁহার লক্ষ্য ছিল। ছোর অনাবস্থা নিশিতেও তিনি প্রবাদমূলক বিশেষ ভয়াবিই স্থান সকলও একাকী বিচরণ করিতে নিন্দুমাত্র কুণ্ডিত হইতেন না। একারণেই তিনি পূর্বের অসাধারণ নিভীকতা ও বীরত্ত্বের অবমাননা করতঃ হঠাৎ আত্মিক বিশ্বাসী বলিয়া জনসাধারণের নিকট পরিচিত হইতে এতটা **লজ্জিত** !

আৰু রঞ্জনীর (১০১২ : ২ মাঘ ) আগমনে 'ক'—বাবুর ভয় অভূত পূর্বরূপে রুদ্ধি পাইথাছে। কেন এরপ হঠল বিধাতা জানেন। খেন তাঁহার প্রিয়তমা অন্তঃপুরে দেই প্রিয়তম স্থানে বিচরণ করিতেছেন, অথবা অফুক্ষণ তাঁহার অতি নিকটে রহিয়া তাঁহার সঙ্গে প্রেমাণাপ বাপ্রেমাণিখন করিতে ব্যাকুলা। ইহা ভ্রম নয়, কল্পনা নয় অথবা দাম্পত্যানুরাগজনিত মনের সংস্কার ও নয়! ইহা প্রকাশে 'ক'—বাবু অক্ষম।

রাত্রি বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাহার ভয়ও বৃদ্ধি পাইতে লাগিল। শয়ন কালে তিনি প্রথমে পুত্রকে ডাকিলেন। পুত্র তাঁহার মাতার নিকটে পুষে অচেতন। ভ্রাতুষ্পুত্র সরমারঞ্জনকে পাঠাইয়া দিবার জন্ম মাকে ডাকিলেন, সেও নিদ্রিত। পক্ষান্তরে, 'ক'—বাবু ভূত∪য়গ্রস্ত একৰা তাঁহার মাতা সহজে বিখাস করিতে পারিলেন না ; কেননা বে পুত্র এক সময়ে ভূতের প্রদক্ষ প্রকাপ বাক্য বলিয়া উড়াইয়া দিতেন, সে আজ আজ্মিভয়ে ভীত ইহা কিরুপে তাঁহার বোধগম্য হইবে।

'ক'—াবু অগত্যা একাই শয়ন করিলেন। ভাগ্যক্রমে অবিলম্বেই নিজাদেবীর আবিভাব হইল, তদীয় শান্তিময় ক্রোড়ে ভয় বিরহিত চিত্তে তিনি অবশিষ্ট রজনী অতিবাহিত করিলেন।

অনুমান রাত্তি ২টার সময় 'ক'—বাবুর রুদ্ধা মাতা ও বিধবা ভগিনী এক সঙ্গে ঘরের বাহির হইলেন। মাতা শয়ন ঘরের পশ্চাৎদিকে যাইতেছিলেন। ভগিনী অগ্রসর হইতে লাগিলেন দক্ষিণদিকে। দক্ষিণে পাশাপাশি হুইটি ঘর, তন্মধ্যে জ্বানী কাঠের স্তুপ রাখা গিয়াছে। ভগিনী যথন কাষ্ঠ ভ পের সমীপবর্ত্তিণী, তথন হটাৎ দেখিলেন—কাল কন্তাপেড়ে কাপড় পরা অর্দ্ধ বোমটা দেওয়া একটি স্ত্রীনোক এ৬ হাত দুরে দাঁড়াইয়া তাহার দিকে একদৃষ্টিতে চাহিয়া আছে। সে কিছুই বলিতেছে না। তিনি হঠাৎ চমকিয়া ভাবিলেন, একি সেই প্ৰতিবে-শিনী অসচ্চরিত্রা বৈষ্ণবী, কোন কু অভিসন্ধিতে আমার কনিষ্ঠ লাতার গৃহকোণে উপস্থিত ৷ কিন্তু তন্মহূর্ত্তিই প্রষ্টু চিনিতে পারিলেন যে, এ রমণী আর কেহ নহে তাহারই ভাতৃজায়া। চিনিবা মাত্র তিনি ভয়ে জড়প্রায় হইলেন। মাতাকে ডাকিবার ইচ্ছা কিন্তু মুধ ফুটিভেছে না। চক্ষুবধ্ঠাকুরাণীর প্রতি স্থির ও অচঞ্চল, স্বয়ং পাশ ফিরিয়া পলাইতে অশক্তা। বধু ছুই মিনিট কাল চাহিয়া থাকিয়া স্বাভাবিক थौत भवित्रकरम कार्कत **छ**ुरभत्र भार्च धतिया भन्तियमिरक हिनालन। স্থুতরাং ১০। ১৫ হাত দূর পর্যান্ত বধ্র দক্ষিণ পার্শ্বে স্থুস্পষ্ট দেখা যাইতে লাগিল। মুহুর্তকাল মধ্যে গৃহের অন্তরালে আসিয়া 'ক'— বাবুর শর্ন ঘরের দক্ষিণ পূর্ব কোণে তাঁহারা স্মান্তরাল ভাবে উপস্থিত হইলেন। এবার কিছু কাল বধুর দক্ষিণ পার্যত পরে পৃষ্ঠদেশ দেখা যাইতে লাগিল। ভাগ্যক্রমে ছায়া রূপিণী বধুঠাকুরাণী ভ্রাতার

গুহে প্রবেশ না করিয়া ধীরে ধীরে খরের দক্ষিণ পার্য ধরিয়া পশ্চিম দিকে চলিয়া গেলেন। ছুই বার প্রায় ৩।৪ মিনিট কাল সুস্পষ্ট দেখা গিয়াছিল। ভগিনীটি নিতান্ত সরলা এবং ছায়া দর্শন তত্ত্ব সম্বন্ধে সম্পূৰ্ণ অনভিজ্ঞা।

এখন প্রশ্ন হইতে পারে, কবিত ছায়ামূর্ত্তি স্বামীর সঙ্গে প্রতিজ্ঞা পার্থে আবদ্ধ থাকিয়া তাঁহাকে দেখা না দিয়া তাঁহার ভগিনীকে দেখা দিলেন কেন ? ইহার উত্তরে অধ্যাত্ম তত্ত্বের সামান্ত অভিজ্ঞতা হইতে আমরা বলিতে পারি, ভয়ই হক্ষদেহীর সঙ্গে দেখা শুনার প্রধান অভরায়। 'ক'--বাবু অश्रीकाরে আবদ্ধ ছিলেন বটে কিন্ত कार्याकाल ভয়শুল হইতে পারেন নাই, কাজেই তদীয় পত্নী তাঁহাকে দর্শন দিতে না পারিয়া তাঁহার ভগিনীকে দেখা দিলা প্রকারান্তরে অঙ্গীকারের দায় হইতে মুক্তিলাভ করিয়াছেন।

এখানে বলা কর্ত্ব্য, আমরা কাহিণীটিকে অবিকল অবিকৃত ভাবে পাঠক মহোদয়গণের গোচর করিতে ষ্থাসাধ্য বত্ন করিয়াছি। পাঠকের মনস্তুষ্টির জন্ম প্রকৃত ঘটনা অতিরঞ্জিত করা আমরা পাপ মনে করি।

শ্রীদীনবন্ধ মিত্র।

# বন্ধু ভূতের ভাষণ উৎপাত।

আমি নিয় লিখিত প্রকৃত ঘটনাটী হুগলী কেলার অন্তর্গত জয়নগর নিবাসী শ্রীযুক্ত শশীভূষণ সিংহ রায় মহাশয়ের প্রমুধাৎ ষেক্রপ 🕭 নিয়াছি, াহাই যথায়থ নিয়ে বিরুত করিলাম। ঘটনাটা কিঞ্চিদ্ধিক চারি বংসরের : উজ শশী বাবু নদীয়া জেলার কোন জমীদার এটেটের স্থারিটেডেট। তাঁহার মামা-বাড়ী হুগলী কেলার অন্তঃ-পাতী ভাঙ্গামোড়া গ্রামে। শ্রীযুক্ত সতীশচন্দ্র সিংহ রায় মহাশয় তাঁহার মামাতে। ভাই। সতীশ বাবু একজন বিশেষ সম্রান্ত এবং বর্দ্ধিষ্ণু লোক, তাঁহার পিতা জাবিত নাই : উক্ত সতাশ বাবু স্বগ্রামের একটা বৈছের ছেলের সহিত সাঙাত ( বকুজ) পাতাইয়া ছিলেন। ছুই জনে খুব ভাব হিল। গত অর্দ্ধোদয় যোগের পর বৈছা বলুর মৃত্যু হয়। ১৯শে ফাল্কন হইতে সতীশ বাবুর বাড়ীতে উৎপাত আরম্ভ হয়। 👌 দিন দিবা হই প্রহরের সময় টেকি শালের চালাতে হঠাৎ আগুন জ্বলিয়া উঠে ৷ চতুর্দ্ধিকে প্রাচার নেষ্টিত আঙ্গিনার মধ্যে ঐ ঘর, স্মুতরাং আওণ নিভাইবার জন্ম অনেক লোক সমবেত হইলেও কেহ সদর দরজা পুলিয়ানা দেওয়ায় বরথানি ভস্মীভূত হইল। তাহার পরদিন পোরাল ঘরের চালে অতি প্রত্যুবে আগুন লাগে। লোক জনের চেষ্টায় অগ্নি নির্মাপিত হয়। অনেক অনুসন্ধানেও কে এই ঘটনার নায়ক তাহা প্রকাশ পায় না, কিন্তু কোন হুষ্ট লোকের দারা যে এই কার্যা অম্প্রতি হইতেছে তাহা সকলেই এক বাক্যে স্বীকার করে। তথন সতীশ বাবু অনত্যোপায় হইয়া মাজিত্তেট সাহেবকে ঘটনার রভাস্ত লিখিয়া পাঠান। মাজিষ্ট্রেট বাহাদৃর পুলিশের উপর তদন্তের ভার দেন। ঐ জেলার পুড়স্থড়ো থানার সবইনস্পেক্টর সামসুদ্দিন সাহেব

সদলবলে সতীশ বাবুর বাটীতে আসিয়া আড্ডা গাড়িয়া তদস্ত আরম্ভ করেন : তিনি আসিবা মাত্র বাটীর মধ্য হইতে খোর চীৎকার শব্দ উঠিল-"আগুন, আগুন"। ভিতরে সতাশ বাবুর শুইবার ঘরে গদি, বালিস. তোষকে কে ষেন চতুর্দিকে কেরোসিন তেল ঢালিয়া আগুন দিয়াছে। পুলিশের লোক জন গিয়া দেখে ঘরে তালা বন্ধ। পূর্বে ২৷১ বার আগুন হওয়াতে প্রায় প্রত্যেক ঘরই বন্দ করিয়া রাখা হইত, কারণ অনেকের মনে ধারণা জন্মিয়াছিল যে, বাহিরের কোন লোকের সহিত বাটীর কোন দাসদাসীর এই ঘটনায় সংশ্রব আছে এবং তাহার দ্বারাই এই সকল কার্য্য সংঘটিত হইতেছে। ঘরের তালা পুলিয়া তাডাতাডি আঞ্চন নিভান হইল এবং আর্ক্ক দ্য্বাবস্থায় বিছালা ইত্যাদি বাহিরে রাখা হইল, এইরূপ প্রত্যহ স্থ্য অনুদরে, দিপ্রহরের সময় এবং স্ব্যান্ত সময়ে নানা স্থানে আগুন লাগিতে লাগিল। সকল স্থানেই কেরোসিন তেল ঢালিয়া আঞ্চন গরাইয়া দেওয়া হইয়াছে দেখিতে পাওয়া য়াইত। পুলিশ খুব কড়া পাহারার বন্দোবস্ত করিল। বাটীর দাসদাসীগণ বাহির হইতে আসিবার সময় তাখাদের কাপড় চোপড় বিশেষরপ অনুসন্ধান না করিয়া ছাড়িয়া দেওয়া হইত না। আগুন প্রত্যহ একই সময়ে লাগিত। সেই সেই সময়ে তরবারি, ণাঠি ইত্যাদি লইয়া পুলিশ এবং আরও অনেক লোক খাড়া পাহারায় থাকিত, কিছ এত সতৰ্কতা সত্ত্বেও স্বাগুন লাগার নির্বৃত্তি হইত না, কিম্বা কে এই কার্য্য করিতেছে ঘূণাক্ষরেও ভাহার কোন সন্ধান পাওয়া যাইত না। এইরূপ দিনের পর দিন যাইতে লাগিল। ভদ্রলোকটীত জেরবার হইতে বদিলেন। রাত্রে বড় বেশি উপদ্রব হইত না। একদিন সতীশ বাবুর স্ত্রী একটী গ্লাসে করিয়া বিভূকীর পুকুরে জল স্থানিতে গিয়াছিলেন, সেই সময় একটী কাল চেহারার লোক বাঁশবনের ভিতর হইতে বাহির হইয়া আসিয়া তাঁহার পিঠের কাপড়ে ধানিকটা কেরো-

সিন তেল ঢালিয়া দিয়া দিয়াশালাই ধরাইয়া দিতে, তিনি পেছন कितिया (मथिया (यमन हि९कात कित्रतन, अमनि लाकि। विलल, "খবরদার যদি চীৎকার কর এখনই গলা টিপিয়া মারিয়া ফেলিব।" এই বলিয়া আবার বনের মধ্যে প্রবেশ করিল। কাপড় থানি জ্বলিয়া উঠিতে তিনি ভাড়াতাড়ি কাপড় খানি ভ্যাগ করিয়া পুকুরের জ্বলে গিয়া পড়িয়া চীৎকার করিতে লাগিলেন। বাটীর মধ্য হইতে চাকর চাকরাণী সকলে দৌডাইয়া আসিল এবং অপর কাপড দিতে তিনি পরিয়া জল হইতে উপরে উঠিলেন। ইত্যবসরে পুলিশের লোকজনও ঘটনাস্থলে আসিয়া সমস্ত অবগত হইয়া চতুর্দিকে পাবিত হইল। সতীশ বাবুর ভদ্রাসন বাটী প্রায় পঞ্চাশ বিশা। প্রবলভেঙ্গা দামোদর নদের তীরে। মাঝে মাঝে তুই এক ঘর প্রজার বসতি আছে। লোকজন বাশবনের ভিতর কোথাও কোন সন্ধান ন৷ পাইয়া দামোদর তীরে গিয়া দেখিল একটী কাল চেহারার লোক গলায় মালা, মাথায় টিকি, নদীপার হইয়া যাইতেছে। আর যায় কোথা, অমনি তাহারা তাহাকে ধরিয়া টানা হিচ্ডা আরম্ভ হইল। সে বলিল "ওগো, আমাকে ধরিতেছ কেন ? আমি কোন সাহসে সতীশ বাবুর বাড়ী গিয়া এমন কার্য্য করিব! আমি জাতিতে জেলে, অমুক বাবুর বাড়ীতে মাছের দরুণ প্রসা পাওনা ছিল, তাহাই লইয়া ঘরে ফিরিতেছি।" কিন্তু কে ভাহার কথা শোনে। তাহাকে সতীশ বাবুর বাটীতে বন্ধনাবস্থায় আনা হইল, যে যেধান হইতে পারিল যথাসাধ্য তাহার পৃষ্ঠে কিল মুষ্ট্যাঘাত বর্ষণ করিতে লাগিল। স্বইনম্পেক্টর সাহেব বলিলেন "তোমরা একটু থাম, আমি আগে ইহাকে সনাক্ত করাইয়া লই, পরে ষাহা হয় তোমরা করিও।" সতীশ বাবুর স্ত্রী ঐ লোকটীকে দেখিয়া বলিলেন "ঠিক এইই বটে।" তথন সে গরিব বেচারার প্রতি কিরপ वावन्ना इट्रेंट नांशिन जाश जात्र कि वनित। सांहे कथा नांकि

क्यं रहेश या अप्राप्त २० मिन जाराक हानान मिल्या रहेन ना। পরে ডাক্তার ঘারা তাহাকে আরোগ্য করিয়া মাজিপ্টেটের নিকট পাঠাইয়া দেওয়া হইল। মাজিষ্ট্রেট তাহাকে জামিনে না ছাড়িয়া হাজত বাসের ব্যবস্থা করিলেন। লোক ধরা পড়িল, এদিকে কিন্তু আগুনের নিবৃত্তি হইল না। দিনের মধ্যে তিনবার ষেমন হইয়া থাকে, তেমনই চলিতে লাগিল। সকলে তথন বলিল ইহাদের দলে অনেক লোক, তাহার মধ্যে একবেটা ধরা পড়িয়াছে বইত নয়। এইব্লপে প্রায় দেড়মাস গভ হইল। চৈত্রমাসের শেষে সভীশ বাবু তাঁহার পিসতুত ভাই এীযুক্ত শশীভূষণ সিংহ রায় মহাশঃকে নয়নগর হইতে আনিতে लाक পाठांग्रेलन। मंगीनातू हिजामासत २,५ मिन शाकित्व ना আসিয়া একেবারে ১লা বৈশাধ রাত্রে রওনা হইলেন। তাঁহার বাড়ী সত।শ বাবুর বাড়ী হইতে আটমাইল বাবধান। রাস্তায় চলিতে চলিতে তিনি গেরিত লোক মুথে ঘটনার আছোপার শুনিয়া লইলেন। সকল বৃত্তান্ত শুনিয়া তিনিও বুঝিলেন এই ঘটনা কোন দুষ্ট লোকের ছারা সংসাধিত হইতেছে। রাত্রি শেষে তিনি তাঁহার নামা-বাডীতে পৌছিয়া বাটীতে না ঢুকিয়া লোকটীকে বিদায় দিলেন এবং তাহাকে বলিয়া দিলেন তাঁহার আগমন সংবাদ যেন বাটীর কেহই না জানিতে পারে। তিনি লোকটাকে বিদায় দিয়া একটা কামিনী ফুলের গাছে চাদর জামা জুতা ইতাাদি লুকাইয়া রাখিয়া বাগানে প্রবেশ করিলেন, তন্মধান্থিত একটা রহৎ আম রক্ষে আরোহণ করিয়া সতীশ বাবুর বাটার উপর তীক্ষুদৃষ্টি রাখিয়া অবস্থান করিতে লাগিলেন। ঐ রুক্ষ হইতে এক্সের অলক্ষো বাটীর মধ্যে কে কি ভাবে গতিবিধি করিতেছে সমুদায়ই প্রত্তির পে দেখা যাইতেছিল। তিনি দেখিলেন উষার প্রাকালে পুলিশের লোক একটা ঘণ্টায় ঘা দিতে সকলে ব্যক্তভাবে বাড়ী ঘেরাও कतिया পारातात्र नियुक्त रहेल। वातित्र मानमानीनन छैठैन अवर स्य

যাহার গৃহকার্য্যে ব্যাপৃত হইল। তিনি দমস্তই ব্রক্ষের উপর হইতে দেখিতে লাগিলেন। ক্রমে চতুর্দিক পরিস্কৃত হইয়া দিনমনির স্বাগমন জানাইয়া দিল। ক্রমে রৌদু উঠিল। তথন সকলে বলিল আজ আর আগুন হইবে না, এই বলিয়া সকলে সদর বাটীর দিকে চলিয়া গেল। শুশী বাবও রক্ষ হইতে অবতরণ করিয়া কাপড় চোপড় লইয়া থিডকির দরজায় গিলা ঘা মারিতে তাঁহার মামী মাত। আসিয়া দোর প্রালিয়া দিলেন এবং শশীবাবুকে দেখিয়াই ফুকারিয়া কাঁদিয়া উঠিয়া বলিলেন - "বাবা কিছু আর আমানের রাধিল না। পোড়াইয়া দর্ববিস্ত कतिल। এখন কোন निन यन প্রাণে মারে।" मनी বার বলিলেন "মানীমা আর ভয় নাই। কাঁদিওনা। এখন বখন আমি আসিয়াছি তখন ইহার কোন একটা কিনারা না করিয়া আর এখান হইতে যাইতেছিনা।" পরে তিনি সতীশ বাবুর সহিত দেখা করিলেন। সভাশ বাবু বয়সে ছোট, দাদাকে পাইলা যথেষ্ট বল পাইলেন। বাটীস্থ সকলেই বিশেষ আশ্বন্ত হটলেন। শশীবাবু দেবিলেন, স্তপাকার বিছানাপত্র দক্ষ এবং অর্দক্ষাবস্থায় পড়িয়া বহিরাছে। **হুই ভাই** মিলিয়া অনেককণ ধরিয়া কথাবার্তা হইল। পরে শশী বাবু দারোগার সহিত দেখা করিলেন। শশীবাবু উক্ত বাড়ীতে আসার পর দ্বিতীয় দিনেও কোন আগুন হইন না। তখন ছুইজনে পরামর্শ করিয়া দারোগাকে বলিলেন "অপেনি থাকিয়াও যথন এই ব্যাপারের কোন প্রতিবিধান হইতেছে না, তখন আপনি দল্বল গ্রয়া স্থানে যাইতে পারেন। এই ভদ্রসম্ভানটী যে জেরবার হইবার মত হইল, একদিকে সম্পত্তি নাশ অন্ত দিকে এতগুলি লোকের ধরচ যোগান।" पादांगा माद्यक তাহাট চাহিতেছিলেন। তাঁহার পক্ষে বসিয়া বসিয়া আর এইরূপ পাহারা দেওয়া ভাল লাগিতেছিল না। তিনি ঐ দিনই থানা উঠাইয়া हिलाया (शत्नन । सम्मावत्म भारतांशा मास्यत हिलाया या अयोज श्रद

শশীবারু স্নানাদি সমাপন করিয়া ভ্রাতার সহিত আহার করিতে বসিয়াছেন এমন সময় "আগুন.আগুন"শক উঠিল। তাঁহারা ভাড়াতাড়ি উঠিয়া যেদিক হইতে চাকর চাকরাণী চেঁচা চেঁচি করিতেছিল সেই দিকে দৌডাইয়া গিয়া দেখিলেন একটা তালাবন্দ ঘরের মধ্যে বিছানা-পত্রে আংখন ধরিয়াছে। তাড়াতাড়ি ঘর থুলিয়া ভিতর হইজে বিছানা পত্র টানিয়া বাহির ক্রিলেন এবং জল দিয়া আগগুন নিভাইয়া ফেলিলেন। ঘরের মধ্যে কেরোসিন তেলের উৎকট গন্ধ বাহির হইতেছে। বিছানায় কে যেন তেল ঢালিয়া আগুন ধরাইয়া **দিয়াছে। যাহো**ক সেদিন বেশি কিছু অনিষ্ট হয় নাই। তার পরেই তাঁহারা দেখিলেন, কভিকাঠময় কে যেন বিষ্ঠা লেপন করিয়া দিয়া গেল: তখন শশী বাবু বলিলেন "ভাই, এ কোন শক্ৰ কিম্বা ছুই শোকের কাণ্ড নয়, এ নিশ্চয়ই ভতের কাণ্ড। আমি কোন দিনই ভূত বিশ্বাস করিতাম না কিন্তু যে ঘটনা আৰু প্রত্যক্ষ করিলাম ভাহাতে ঐরপ কোন উপদেবতার কাণ্ড বলিয়া বিশ্বাস না করিয়া আর পারিতেছি না। যদি তাহাই না হইবে তবে আমরা যথন বাহিরে দাঁড়াইয়া আছি টুতবে এমন অবস্থায় কে ঘরের মধ্যে অলক্ষ্যে গিয়া किष्कार्क अक मूहार्खित मरशा निकी लागाहेशा दिल ? महे कि निष्णि ना শইয়া এত উচ্চে মানুষের হাত পেঁছান অসম্ভব নয় কি ?" সতীশ বাবুও এই ঘটনা প্রভাক্ষ করিলেন,কিন্তু তিনি পাশ্চাভ্য শিক্ষায় শিক্ষিত বলিয়া ইহার কোন প্রকৃষ্ট কারণ নির্দেশ করিতে না পারিলেও হাসিয়া উড়াইয়া দিয়া বলিলেন "ভৃত বলিয়া কিছু নাই। সবই মনের ধাঁধা।" শশীবাবু শুধু এই মাত্র বলিলেন, "ভাই ক্রমে বুঝিতে পারিবে।" আবার পাহারার খুব কড়াকড়ি বন্দোবস্ত হইল, কিন্তু এবারে পুলিশের নহে-চাকর বাকর এবং প্রজাদের মধ্যে কেহ কেহ। পর দিবস পাহারা সত্ত্বেও বাহিরের বৈটক থানা ঘরের মটকায় আগুন জ্বলিয়া

উঠিল। সেধানেও সকলের চোধের উপর অপর কাহারও উঠিয়া আগুন দেওয়া সম্ভব নয়, তথন বেলা ছুইপ্রহর। অন্ত কিছু চালের উপর ফেলিয়া দিলেও কাহারও না কাহার চোখে পড়িত। যাহার। পাহার। দিতেছিল তাহাদের মধ্যে কাহার কাহার হাত হইতে লাঠি কিম্বা তরবারি আপনা হইতেই শোঁ শোঁ শব্দে উপরে উঠিয়া গেল. আবার অক্সন্তানে পতিত হইল, যাহার হাত হইতে লাঠি গেল দেত ভয়ে কাঠ হইয়া রহিল। এত উৎপাতের মধ্যেও মন্দের ভাল এই বলিতে হইবে যে সন্ধ্যার পর আর কোন উপদ্রব সংঘটিত হইত ন।। শশীবাবু ভাইকে এক এক করিয়া ঘটনা গুলি উল্লেখ করিয়া বলিলেন "ভাই. ছষ্ট লোকে রাত্রিভেই সাধারণতঃ উৎপাত করিয়া থাকে। দিনের বেলা এত কাণ্ডকারখানা করিয়া রাত্রে চুপ করিয়া থাকে কেন? ইহাতেও কি তোমার মনে কোনরূপ ভৌতিক কাণ্ড বলিয়া বোধ হয় না।" অবশেষে সতীশ বাবও ঘটনা পরস্পরায় এই সিন্ধান্তেই উপনীত হইলেন।

ক্রমশ:

গ্রীগণপতি রায় ।

### স্বপ্নতত্ত্ব।

#### পঞ্চম অধ্যায়।

#### **"আমি**" কি ?

ধ্বেদীয় ঐতরেয় আরণ্যকে ঋষি মেঘমক্রে গাহিয়াছেন,— মহেতান মৃৎপাবাণে সন্তামাত্র থাকে, ওষধি বনস্পতিতে বোধশক্তি বিভামান থাকে, মহযেতর জন্সম জীবে জ্ঞান আছে, কিন্তু তাহারা কেইই বলিতে বা ভাবিতে পারে না বে,—"আমি রহিয়াছি, আমি বোধ করিতেছি, বা আমি চিন্তা করিতেছি " কেবল মান্ত্রই জানে যে, সে সে আছে, সে স্থুও হংখ বোধ করিতেছে, সে চিন্তা করিতেছে।" পুরাণে স্প্তি রহস্ত আলোচনা করিতে বাইয়াও এই এক কথাই রূপকে থিরত আছে দেখিতে পাওয়া যায়। ত্রন্মা তপ ও ধ্যানের দারা, প্রথমে উপাদান ও আকৃতির মূলাদর্শ নির্মাণ করিলেন; তাহার পর বিঞ্ তাহাতে প্রাণ ও চেতনা রশ্মি সঞ্চারিত করিয়া দিলেন; অবশেষে যখন এই সমস্ত দেহ পূর্বভাবে বিক্সিত হইয়া উঠিল তখন মহাদেব তাহাদিগকে স্থমর করিয়া দিলেন। যাহা দিয়া তাহাদিগকে স্থমর

\* ওবধি বনস্পতিরু হি রসো দৃষ্ঠতে। চিন্তং প্রাণভৃৎস্থ। প্রাণভৃৎস্থ থেবা বিস্তরামাঝা। তেমু হি রসোহপি দৃষ্ঠতে। ন তিন্তমিতরেস্। পুরুষে থেবা বিবস্তার মাঝা। স হি প্রজানেন সম্পন্নতমঃ। বিজ্ঞাতং বদতি। বিজ্ঞাতং পষ্ঠতি। বেদ শ্বন্ধনা, বেদ লোকালোকো। মতে নামৃতং ইপ্রতি। এবং সম্পন্নঃ। অথেত-রেষাং পশুনামশনাপিপাসে এবাজিবিজ্ঞানম্। ন বিজ্ঞাতং বদন্তি। ন বিজ্ঞাতং পশ্চন্তি। ন বিছঃ শ্বন্ধন্। ন লোকালোকো। ত্রতাবস্তো ভর্তি। যথাপ্রজ্ঞং হি সন্তবাঃ॥ ২—০—২। করিলেন সেই অমৃতকণা আর কিছুই নয়, ইহা পূর্ব পূর্ব করে। বিকসিত জীবাতা।

এই আত্মটিততা আছে বলিয়াই, মানবের পক্ষে একদিকে সর্ব্ব-হৈতন্তের আধার ভগবানকে ও অপর্নিকে এই **জগতে**র শৃঙ্খলা ও উদেশু বুঝিবার সন্থাবনা। ইহা আছে বলিয়াই মানব চিন্তাশীল জীব, ই**হা আছে** বলিয়াই মাত্মবের মনুষ্যত্ব। ইহাকে কেহ কেহ "মন" এই সংজ্ঞায় অভিহিত করেন, কেহ ভাহাকে "অন্তঃকরণ" বলেন, কেহ আবার তাহাকে "চিতাত্বত" এই আখ্যা প্রদান করেন। যখন ভাহার পূর্ণ বিকাশ হয় তথন ইহা সৎ ও অসতের, সাস্ত ও অনস্তের মধ্যে যে অসীম ব্যবধান ভাহার যোজক বা সেতুর কার্য্য করে। তথন আর অন্তর্থীন অতীত হইতে অন্তর্শন্ম ভবিষ্যৎ বা অনস্ত বর্ত্তমানের পার্থক্য লক্ষিত হয় না। ইহাই প্রকৃত অমরত। বায়ুপুরাণে আছে,—কোনও স্ষ্টির মধ্যে যথন তাহার আরম্ভ হইতে প্রলয়ে অবদান পর্যান্ত সমন্ত, তৈলধারার মত ধারাবাহিকক্রমে,—অসংলগ্ন না হইয়া,—কোনও চৈততে পরিকুট হয়, তথন শেই স্টির সম্বন্ধে সেই চৈতক্তকে অমরত্ব লাভ করিয়াছে বলা হয়। 🕶 এই ভূত, ভবিবাৎ বা বর্ত্তমান গ্রথিত করাই ইহার কার্য্য, এবং ইঞাই মানবের "আমি",—তাহা এক জীবনের "আমি" বোদই হউক, অথবঃ ভগবান জৈগীষব্যের স্থায় দশ মহাকল্পের জন্ম পরম্পরাক্রমে অাস্থত "নামি" বোধই হউক। এই ব্যাপারটী আমরা কঞ্ছিৎ পরিক্ষুট করিতে চেষ্টা করিব। মনে করুন, রামচন্দ্রের এখন বংক্রম চল্লিশ বংসর। রামচন্দ্র একসময়ে শিশু ছিল; সে তথন যাহা আহার করিত, যে বিহার করিত, যে সমস্ত লোকের স্থিত মিশিত, এখন তাহার কিছুই নাই; স্মস্তই পরিবর্ত্তিত হইয়াছে।

<sup>🛊</sup> অভুত সংয়ৰং স্থানমমূতবং হৈ ভাষ্যতে।

পুর্বের সে দেহ নাই, সেইরূপ শোকংর্য নাই, পূর্বের বালকের সেই চপলতা নাই। পূর্বের সবই গিয়াছে, কেবল একটা জিনিষ অক্ষুধ আছে, সেটা আর কিছুই নহে, সেটা "আমি"-বোধ। সেইরপ আমার বাল্য, যৌবন, আমার বার্দ্ধক্য ইত্যাদি কত অবস্থা নিয়ত পরিবর্ত্তিত হইতেছে, নানা প্রকার চিস্তাম্রোভ প্রতিমুহুর্তে আমাতে প্রবর্ত্তিভ হইতেছে, স্থথহঃখাদি ভোগ একটির পর আর একটি নিয়ত প্রবাহিত হইতেছে; যথন যে অবস্থা উপস্থিত হয়, তথনই আমি তত্তৎ অবস্থায় আত্মবৃদ্ধিযুক্ত হই, আমি স্থুল, আমি কৃশ, আমি বালক, আমি যুবা, আমি বৃদ্ধ, আমি সুখা, আমি তঃী বলিয়া আপনাকে তত্তৎভাবাপন্ন অফুভব করি। পকাস্তরে এই সমস্ত অবস্থা একটির পর আর একটি অতীত হইগা যাইতেছে; কিন্তু, আমি একই আছি বলিগা অনুভব করি; বালককালে যে "আমি" থাবনাবস্থায় বা ব্লাবস্থায়ও সেই "আমি"; পীড়িত অবস্থায় যে "আমি", সুস্থাবস্থায়ও সেই "আমি"। এক কথায় আমার জনা ২ইতে অভ পর্যান্ত যাহা কিছু ২ইয়াছে তাহা **সমস্তই এই "আমি"র** উপর প্রতিষ্ঠিত।

এইবার আমরা কৈগীষব্যের ন্থায় জাতিয়র মহাযোগীর "অহং" প্রত্যায়ের আলোচনা করিব। তাহাকে প্রশ্ন করায় জীবমুক্ত আবট্যকে কোনও এক প্রশ্নের উত্তরে তাহা প্রকাশ করিয়াছিলেন। তাঁহার শ্বৃতি, তাঁহার "অহং"—প্রত্যম একজীবনের নয়, তাহা দশ মহাকল্পের। তিনি স্থার্কে বিষ্ণাছলেগ করিয়া আদিয়াছেন, নয়কে যাইয়া যে হঃথ আবর্তে নিশোষিত হইয়া আদিয়াছেন, তৎসমস্তই তাঁহার য়য়বে অক্ষ্ম। ইহাই প্রকৃত অমরত্ব; মৃত্যুক্সয় হইতে যে চিদাহুর আবির্ভাব বলা হইয়াছে, ইহা তাঁহারি কার্য্য; ইহাই জীবায়ার অমরতা। আর এক প্রকার অমৃতত্ব আছে, তাহা আরও মহান, তাহা সমষ্টির অমরতা, তাহা প্রকৃত আন্মার অমরতা। বে "আমি"—জ্ঞান কোনও বিশেষ ভেদান্মক

জীবাত্মার "আমি" জ্ঞান নহে, তাহা প্রমাত্মার ভাব। শ্রুতি বলিয়া গিয়াছেন, বামদেব প্রম মোক্ষলাভ করিয়াছিলেন। সেই অবস্থায় কিভাব হয়, তাহাও শ্রুতি বলিয়াছেন,—

> তদাত্মানমেবাবেদহং ব্রহ্মাত্মতি তত্মাৎ তৎসর্বমন্তবৎ, তত্ত্ব কোমোহঃ কঃ শোক একত্বমন্তুপস্ততঃ"—বুহদার্ব্যক ১ব্দঃ।

[ তিনি আপনাকে "আমি ব্রহ্ম" বলিয়া জানিয়াছেন, অতএব তিনি সকলের সহিত অভিন্নতা প্রাপ্ত হইয়াছিলেন। উজ্ঞাবস্থায় সকলই এক বলিয়া যখন দর্শন হয়, তখন শোক অথবা মোহ হওয়া কি সম্ভব ?] শ্রুতি তাহার পর বলিয়াছেন,—"বামদেবের মোক্ষদশায় তিনি

জ্ঞাত হই খাছিলেন ও বলিয়াছিলেন,—"আমি সুৰ্য্য, আমি মনু ইত্যাদি।

"ঝাষর্বামদেবঃ প্রতিপেদেহহং মন্তরভবৎ স্থাকেতি।"

অতএব আমরা তিন প্রকার "আমি"—প্রত্যের দেখিলাম;—প্রথমটী সাধারণ লোকের একজীবনের "আমি"—প্রত্যের; মৃত্যুর পর, জনান্তর গ্রহণে তাগা শেষ হইয়া যায় বলিয়া মনে হয়। ইহা দেহাভিমান এবং আমরা ইহাকে ভূতাআ এই আখ্যা প্রদান করিব। ইহা নশ্বর। দিতীয়ের "আমি"—প্রত্যায় ইহা প্রকৃত মানবের বা জীবাআর "আমি"—প্রত্যায় ইহা পরিমাআর "আমি"—প্রত্যায় ইহা পরমাআর "আমি"—প্রত্যায়—অতএব ইহা প্রকৃত অমরত্ব। গীতায় ভগবান এই তিন ভাবের স্থলবর্মণে উল্লেখ করিয়াছেন।

অক্ষরং ব্রহ্ম পরমং স্বভাবোহধ্যাত্মমূচ্যতে।
ভূতভাবোদ্ভবকরোবিসর্গঃ কর্মদংজ্ঞিতঃ ॥০॥
অধিভূতং ক্ষরোভাবঃ পুরুষশ্চাধিদৈবতং।
অধিয়জোহংংদেবাত্র দেহে দেহভূতাংবর ॥৪॥
গীতা, ৮ আঃ।

"ষাহা পরম অক্ষর তাহাই ব্রহ্ম ; স্বভাবকেই ( স্—ব্রহ্ম,ভাব—উষ ৰপতি; অংশক্রমে জীবরণে উৎপন ব্রহ্মট) অধ্যাত্ম বলা হয়; ভূতভাবের উদ্ভবকর যে বিদর্গ (দেখোদেশে ত্যাগ) তংখারই নাম কম্ম ।

"যাহা ক্ষরভাব তাহাই অধিভূত, (ভূতমাত্তকে অধিকার করিয়া আছে বলিয়া তাহা অধিভূত) পুক্ষ স্মাধিদৈবত এবং দেহভূৎগণের মধে: শ্রেষ্ঠ । এইদেহে আমিট অধিযক্ত।

ত্থন আমরা এই অধিভূত, অধিদৈব এবং অধ্যাত্ম কৰার কি অর্থ ভাহার আলোচনা করিব।

একটি রঙ্গালয়ে প্রত্যহ রাজে ভিত্র ভিন্ন নাটকের অভিনয় হয়। গোপাল নামে একবাক্তি প্রতি রাত্তে ভিন্ন ভিন্ন সাজ সাজিয়া অভিনয় করিয়া থাকে; কোন রাত্রে সে লক্ষণ দাজে, কোন রাত্রে বা হৈতত্ত সাজে, কোন রাত্রে বা নারদ ঋষি সাজে৷ গোপলের এই যে লক্ষণ বা হৈতে আবা নাল্ডরপ ধারণ উহা ক্ষণিকরার; ভিতরে সে যে গোপাল সেই গোপালই থাকে; যখন তাঙাৰ কোনও বাজ থাকেনা তখন সে গোপাল ছাড়া আর কিছুই নহে: মামুষও সেইরপ এই সাসারের রঙ্গমঞ্চে অভিনয় করিবার জন্ম এক এক সাজ সাভিয়া জন্মগ্রহণ করে; মৃত্যুর পর সেই সাজ ছাড়িয়া, যে মাত্রুব সেই মাত্রুবই হইয়া থাকে। ভৌতিকদেহ ঐ সাজ। ইহা ছাড়িলে মামুষের যে অহংভাব পাকে উহাই স্থায়ীভাব। ভৌতিক দেহরূপ সজ্জায় সজ্জিত থাকিবার সময় মামুষের যে অহংভাব থাকে উহা অল্পকাল স্থায়ী ক্ষরভাব। ক্ষরশব্দের অবৰ্থ নশ্বর। শীতায় ইহাকে অধিভূত এবং ইংরাদ্ধীতে ইহাকে personality বলে।

এখন আমরা অধিদৈব কাহাকে বলে দেখিব। 'শ্রীমন্তাগবতের কপিল দেবত্তি সংবাদে সাংখ্যযোগ কথন প্রস্তাবে অহঙ্কার তত্ত্ব সমৃদ্ধে কণিত আছে,—অহংকার তথের কর্তৃত্বই অহংকার তথের দেবত্বরপ ।
বিনি আমার পূজা গ্রহণ করেন ও ইউ ফল প্রদান করেন তিনি সেই
পূজার গ্রহীতা দেবতা। এই গ্রহীতৃত্ব মহং চার অহংকারতত্বেই আছে,
সেইজন্ম অহংকার তত্বকেই অধিদৈব বলা হয়। ইহাই individuality,
ইহা একটী অমর পদার্থ। কিন্তু অহংকারতত্বও সময়ে মহৎ তত্বে লয়
পায়, অতএব ইহা পরম অমর নয়। বাহা পরম অমর তাহাই ব্রহ্ম

ভগবান বাস্থাদেব গীতায় বলিয়াছেন যে দেহমধ্যে তিনিই অধিযজ্ঞরপে অধিষ্ঠিত। অধিয়জ্ঞশন্দের অর্থ যজ্ঞের অধীশ্বর। হিল্পাস্ত্রো জ্
কর্মকাণ্ড আলোচনা করিতে দেখা যায় বে শাস্ত্রমতে দেবতা অনেক
আছেন; কোন না কোন দেবতার উদ্দেশ্তে যে আছ্তি দেওয়া যায়
উহাই এক একটি কর্ম এবং একই সময়ে শাস্ত্রবিধি অকুসারে ভিন্ন ভিন্ন
দেবতার উদ্দেশ্তে শৃঙ্খলা অকুষায়ী যে কতকগুলি কর্ম করা যায় তাহার
নাম যর্জ্ঞ। যজ্ঞের এই কর্ম শৃঙ্খলা বিনি শিখাইয়া দেন তিনি যজ্ঞেশ্বর
বা অধিযক্ত দেবতা। যক্ত কথাটি যক্ষ্যাত্র হুইতে নিম্পন্ন। যজ্
ধাতুর অর্থ সংহতি করণ বা ভিন্ন পদার্থকে একত্রে সম্মিলন করণ।
যে অধিষ্ঠাতা পুরুষ এই সংহতি করেন, তাঁহারই নাম অধিষ্ঠাত প্রাক্তর জীবের হৃদ্যে জ্যোতির্মন্ন বিন্দুরূপে অধিষ্ঠিত
থাকেন। ইনিই অধ্যাত্ম। উপনিষ্টে আছে,—

অসতো মা সদাময়। তমসো যা জ্যোতির্গময়। মৃত্যোম্হিমৃতং গময়।— রুহদারণ্যক--- ১-৩-২৮।

"অসৎ হইতে আমাকে সতে লইয়া যাও; অন্ধকার হইতে আলোকে লইয়া যাও; মৃত্যু হইতে অমরত্বে লইয়া যাও।"

পূর্বে যে আমরা যোজকের কথা উল্লেখ করিয়াছি, সেই মৃত্যুঞ্জ অংশই অধিলৈব; ইনিই সং বা অধ্যাত্মের সহিত অসতের বা অধি-ভূতের সম্বন্ধ স্থাপন কৰিয়া দেন। এবং পূর্ব্বে বলা হইয়াছে, ইহার নিমিত্তই তাঁহার প্রবেশ। ক্ৰমশঃ

ঐকিশোরিমোহন চটোপাধ্যায়।

# অলৌকিক রহস্য।

ভ্ৰম সংখ্যা ]

তু ঠীয়ে বৰ।

「JSI 2027 |

### माधु वावा।

আমাদের সময় বীরেন্দ্র কলিকাতার ছাত্রসমাজে স্প্রজনপরিচিত ছিল; আমাদের মধ্যে বীরেন্দ্রক কে না তিনিত, কে না তাহার সম্প্রজিপ করিও প্রস্তু ছাত্রমহল কেন, কলিকাতার সম্প্রত্য সমাজেও এই অল্ল-বর্ম নবীন ব্রক্ত সবিশেষ প্রতিষ্ঠালাভ করিরাছিল। বীরেন্দ্রের কি না ছিল, যুবক ছাত্রের সংসারে একরে যাহা কিছু প্রাথনীয়, তাহার সংই ছিল। অট্ট কান্থা, অনিন্দা স্কল্পর কমক্তি, উজল প্রশন্ত চকু, বাণানিকিত কঠু, অত্নামার প্রতিতা ও বাগ্যিতা, তাহার ছিল। মর্যানে ক্রিকেট ও টেনিস্থোলিরর সময় যেমন পারদর্শিতা দেপাইত, আবার বিশ্ববিদ্যালয়ের অল্লিপরীকার তেমনি সম্প্রাক্ত সরস বাক্রান্থনায় সিম্বর্জ পরশ্ব যেন প্রতিত এবং ফ্রেন্ডিরাপ্তক সরস বাক্রান্থনায় সিম্বর্জ ছিল। যে যেন একা একশত, এবং একাই আসের মাহ করিত। এই স্কল করেনে তাহার বন্ধনার ও ভাবকের সংখ্যা সত্যন্ত স্থিক ছিল এবং ছাত্রজীবনে সে আমানের গন্তা ও আন্দর্শ ছিল; তবে এই স্কল গ্রের জন্মই ভাহাকে মনে ধ্রেয়া করিত না, এমন শ্রোক্ত বিরল ছিল না।

সভাসমিতিতে উদ্বোধন-সঙ্গীত-গান, ইংরাজী ও বাঙ্গালা কবিতার আবৃত্তিতে ও কবিতা-রচনায় প্রথম স্থান অধিকার করা যেন, তাহার একচেটিয়া ছিল। তাহার ইংরাজী প্রবন্ধের গবেবণা, পাণ্ডিতা ও শিপিকুশণতা প্রভৃতিতে তদানীওন অধ্যাপক, ট্রনী, চার্লদ্ প্রভৃতিরাও মুগ্ধ হইতেন; আল্বাট হলের বক্তৃতায় ৮ মনোমোহন ঘোষ, আনন্দমোহন বস্থ প্রভৃতিও মুক্তকণ্ঠে বলিয়াছিলেন যে, এ গুরক ভবিয়তে ভারতের একজন শ্রেষ্ঠ বাগ্মী বলিয়া পরিচিত হইবে। নববিধানস্যাপ্তে তাহার ধর্মসম্বন্ধীয় বক্তৃতায় আচার্য্য কেশবচন্দ্র সেন, প্রতাপচন্দ্র প্রভাত ও ভক্তিরসে অঞ্বিসর্জন করিয়াছিলেন। ফলে ভাহার নব উল্লেখিত প্রতিভা যে দিক দিয়াই প্রবাহিত হউক না কেন, দে যে একলন নিশ্চয়ই বডলোক হইয়া উঠিবে, তাহা কি নব্য কি প্রাচীন সকলেই ভবিখ্যন্ত্রী করিয়াছিলেন।

পোযাক-পরিচ্ছদে, এমন কি অতি সামান্য বিষয়েও তাহার দর্কতোমুখী প্রতিভা এরূপ বৈচিত্র কূটাইয়া তুলিত যে, তাহার সম্পূর্ণ অমুকরণ করাও আমাদের অসম্ভব হইত। সে আমাদের আদর্শ ও দাগৈত ছিল, তাহার জনক-জননী ঐরূপ পুত্রলাভে নিজেদের সৌভাগ্যবান মনে क्रिएजन, श्वक्रकात्नता जानीस्तान वा जित्रकात्रकारण वारतरस्त्र जुलना निर्णान, আর যে সব অপোগণ্ড যুবকের পিতা ঐরপ পুত্রের বিবাহকালীন নিশ্চিত দশ হাজার টাকা পাইতেন, তাঁহারা পুত্রদের ও নিজেদের দগ্ধ অদুষ্টকে মনে মনে শত ধিকার দিতেন।

কিন্তু কোন্ ত্রাহস্পর্শে বা অস্লেষা-মধা-ঘটিত অণ্ডভ মুহূর্তে বা কোন বুহস্পতিবারের বারবেলায় বীরেন্দ্রের মনে সকলের অক্রাতে সমুতান लात्न कतिन, कि कतिया এই लाश्म त्योचत्न भवमान ও लात्वत नात्म ভাটো পছিল, তাহা এখনও অজ্ঞাত।

দীরেক্স এখন কাহারও সঙ্গে মেশে না, হঠাৎ দেখা হইলে চনকিয়া পাশ কাটাইয়া পলাইয়া যায়; কখনও কখনও ছু'চার দিন বাড়ী হইতে আদৌ বাহির হইত না; কখনও বা ছু'চার দিন গঙ্গাতীরে বা গড়ের মাঠে গ্রিয়া বেড়াইত বা নিজ্জন স্থানে বাসয়া থাকিত; কোনও দিন বা বাটাতে আহার ক্ষিত, কোনও দিন করিত না। ধ্রিয়া জিজ্ঞাসা ক্ষিলে বলিত, "কিছু না," চাপাচাপি ক্রিলে বলিত, "নন্টা খারাপ আছে", কিন্তু আর কিছু ভাঞ্জিত না।

প্রাচীনেরা বলিলেন বায়ুরোগের পূর্বালকণ, রসিকেরা বলিলেন প্রেমজ, সক্ষতক্ষণিদেরা বলিলেন চরিত্রদোষ ঘটিয়াছে। আমরা এবং শক্ররা পশ্চাতে গুপ্তভাবে অমুসন্ধান করিলান। কিন্তু কিছুই জানিতে গারা গেল না। ফলে এ বহস্ততত্ত্ব 'গুড্যাম্ নিহিত' রহিয়া গেল।

আবার সভাসমিতি, তাস, পাশা পরচর্চা যথারীতি চলিতে লাগিল,
নীরেক্রের আলোচনা যথানিরমে কমিয়া আদিল, কেবল যাহাদের কমাল
সভ্য সভাই পুড়িয়াছে, শুধু ভাহারাই নিরস্ত হইতে পারিলেন না। অন্তন্ম,
বিনর, অন্ত্যোগ, অভিযোগ, মাথার দিবা, হাতে ধরা, পূজা, নানসিক,
চিকিংসা প্রভৃতি বরাবরই ক্রিভেছিশেন, কিন্তু ফলে কিছুই ইইল না।

একদিন তাহার জননী আমাদের ডাকাইরা হাতে ধরিয়া বলিলেন, "শবা তোমারা সব জান, আমার বীরেনের কি হয়েছে বলে দেও, তোমরা ছেলের মতন, কোন লজা ক'রো না, আমার কাছে ভেঙ্গে বল ; এ উপকারটী কর বাবা, এ ধার আর আমি কথন শুব্তে পার্ব না। ও ছোঁড়াও পাগল হবে, আর আমাদের বুড়ো বুড়ীকেও পাগল কর্বে। মনে কর্লাম বিয়ে দিলে সেরে যাবে, পাঁচ সাতটী পরীর মত মেরেও ঠিক কর্লাম, কিন্তু বিয়ের কথা বল্লেই সর্ক্নাশ, বলে বে বিষ থাব, বেশতাগী হব, সে সব কর্পা মুখে আন্লেও অমল্ল হয়।

আমরা নির্বাক ও নিক্নন্তর; কেন না, তিনিও যা জানেন, আমরাও তাই জানি, তার ধেনী কিছু না।

বীরেক্স দিনকতক ব্রাহ্মসমাজে উপাসনাকালে যথারীতি যাইতে আরম্ভ করিল, এক কোণে চুপ করিলা বসিয়া থাকিত; পীড়াপীড়ি করিলে কথা না কহিয়া পলাইয় যাইত, তবে ধরিলে গান গাহিত। আচার্যোরা বলিলেন, ধর্মপিপাসা জাগিয়াছে। Optimistরা বলিলেন বিবাহ দাও pessimistরা বলিলেন গতিক থারাপ।

কিছুদিন পরে দে ব্রাহ্মসনাজেও প্রায়াত বন্ধ করিল।

এই সময় বন্ধদেশে থিয়সনির তৃফান ও হিন্দ্ধশ্মের প্রবাহ ছুটিল। কর্ণেল অল্কট্ ও ৮ রুষ্ণপ্রসার সেন উভরে মিলিয়া নগরে নগরে হিন্দ্ধশ্রের পুনরুখান-স্বদ্ধে বক্তৃতা করিতেছিলেন। শিশিরবার ও নরেক্স সেন সনাতন ধর্মের কূলে পাড়ি জমাইনেন। সকলেরই মুখে হিন্দ্ধশ্রের কথা, প্রমহংস ঠাকুর, কুষ্ণপ্রসার সেন, অলকট ও ব্লাভাটস্কির কথা।

ঠিক এই সময়ে জনশ্রতি রটাইয়া দিল যে, সিঁপি সাতপুকুরের বােঘেদের বাগানে এক সাবু আসিয়াছেন, তিনি না কি সিদ্ধ মহাপুক্ব, ভূত-ভবিশ্যৎ-বর্তমানে সর্বাদশাঁ, মনের কথা হবছ বলিতে পারেন, অসাধ্য বােগ হাজ বুলাইয়াই সারাইয়া দিতেছেন; আবার কেহ বলিলেন কিছু নয়, বেটা বুলরক, নাম জাহির, বা পয়সার চেষ্টায় কলিকাভায় আসিয়াছে, নহিলে সাধু কথনও সহরে আসে, না বড়লাকের বাগানবাড়ীতে থাকে ?

ফলে যাহাই হউক, জনশ্রতি এ সংবাদটীকে সমত্নে কাণের ভিতর দিয়া বীরেক্রের মরমে পশাইয়া দিতে ক্রটী করিল না। শুনিরা অবধি তাহার মনে হইল, সেখানে যায়। তারপর সাত পাঁচ ভাবিয়া একদিন বোমেনের বাগানে যাইয়া উপস্থিত, কিন্তু বা হর হইতে দেখিয়া শুনিয়া মরিয়া পড়িল। পরদিন সাহস কারয়া ভিতরে প্রবেশ করিল ও

কতকটা স্থেছোর ও কতকটা দেখাদেখি প্রণাম করিল; কিন্তু পদ্ধূলি শুইল না।

সাধু প্রান্ধণে সতরঞ্জের উপর স্থিরাসনে সন্মিত্রদনে কথা কহিতে-ছিলেন, গোধ হয় কোন প্রশ্নের উত্তর দিতেছিলেন, শ্রোতাগণ স্থির ও নীরব: দুখ্যটী বীরেন্দ্রের ভাল লাগিল।

সাধু তথন বলিভেছিলেন,—"হল্ডমোহ"; দেখ সংলারে গতদিন দল আছে, বৃধিবে ততদিন মোহবোর কাটে নাই, আর যতদিন মোহ থাকিবে. ততদিন ছল্ড থাকিবে। দল আছে বলিয়াই মোহ যায় না, মোহ ইইতেই ছল্ডের প্রসার; যাহার এ ভাব কাটিয়াছে, সে ত মুক্তপুরুষ।

গোমুণীর স্বচ্ছ স্রোতের মত সাধু শীর ও দৃঢ়ভাবে কথাগুলি বলিরা বাইতেছিলেন। বগন মধ্যে মধ্যে হির হইতেছিলেন, তথন তাহার উদ্ধল দৃষ্টি যেন শ্রোভাগণের স্বস্তরে স্বস্তরে প্রবেশ করিতেছিল। কথাগুলি বেন মন্ত্রপূত, কি যেন একটা স্বজানা শক্তির সহিত জড়িত করিয়া এরপ ভাবে বলিতেভিলেন বে, তাহাতে স্কলেই মুগ্ধ ও তৃপ্তিবাধে করিতেছিল। একজন শোতা বলিলেন, "তবে উপায়"?

ষা। বিনি নিকপারের উপায়, তিনি।

শ্রো। আমরাও ত নিরুপার।

না। হাঁ যতক্ষণ ঐরপ ভাগিবে—কিন্তু যথন চিন্তামণিকে ধরিবে, ভুগন আর কোন চিন্তাই থাকিবে না।

খোতা। তবে এই দ্বৰ ও নোহের হাত হইতে পরিত্রাণের উপায় কি ? সা। এই দ্বৰ দ্বারাই নোহ কাটিনে, দ্বন্দের ঘর্ষণে ভিতরের সোণা যত ই উজ্জ্বল ও দীপ্রিমান হইবে, মোহের কুয়াসা ততই অপ্যারিত হইবে।

শ্রো। ক্রিন্ত মতদিন এই রিপু বা ইন্তির ও বিষয় বাসনা থাকিবে, তত্তিন ত কিছুই ২ইবে না, ইহাদের তাড়াইবার উপার কি ?

সা। ডাড়াইবে ? কুদু জীব: তাড়াইবার তোমার সাধ্য কি ? যতই দূর দূর করিতে যাইবে, ততই বিষম বেষ্টনে প্রতিক্রিরা করিবে। মনে রাথিও, ইহারাও ভগবৎ শক্তি. তোমার দেহপুরীতে ইহারা ভগবৎ ইচ্ছার আশ্রয় লাভ করিয়াছে, আর ইহারা কিছু বাঙ্গালী নয় যে গলা টিপিবে, আর বার করিয়া দিবে। ইহারা যেমন শক্র, যেমন বিপদ, তেমনি মিত্র, তেমনি সহায়: কেবল ব্যবহার করিতে জানিলেই হয়; ময়লা আবর্জনাও হয়, আবার সারও হয়। শ্রুতিতে ইন্দ্রিয়গণকে দেবতা বা দেব অংশ বলা হইয়াছে: দেবতার অধিপতি ইন্দ্র, ইন্দ্রির অবিপতি মন-ইক্র, অগাৎ সহস্র চকু। ইচারা যেমন বিষয়-লালসা বৃদ্ধি করে, তেমনি বিষয়-বাসনার অনিত্যতা ব্যাইয়া দেয়। ইহাদের স্থপথে চালাও, শান্তি ঢালিয়া দিবে। ঘোডাকে সোজা পথে ছুটাও, ঠিক আস্তানায় যাবে, আর থানায় চালাইলেই হাত-পা ভাঙ্গিবে। ধারাল যত্ত্র ওস্তাদের হাতে কাক্ষার্য্য করে, আর আনাড়ীর হাতে রক্রপাত করে।

শো। কিন্তু ইন্দ্রিয় ত প্রবৃত্তির পথেই লইরা যায়।

সা। ধরিয়া রাখো তুই নাই, সব এক জিনিস, সব এক ভাব দেখাচেছ, এক থেলা থেলাচ্ছে। এইজস্থ ভগবানকে একরস বলে, তাঁর নাম সর্বনাম, সর্বাকাম। সর্বাধা একরস গ্রহণ ও বিভরণ করছেন, সর্বানাম ও সর্বাদ তাঁহাতেই উদ্ভূত ও তাঁহাতেই মিলিত। প্রবৃত্তি আর নির্ত্তি ছুটা জিনিদ নয়। ভাহা যখন বহিমুখী ও বিষয়-বাসনালোলুপা, তথনই প্রবৃত্তি, আবার যথন অন্তর্মুখী—ঈশরাভিমুগী তথনই নিবৃত্তি। যথন বহিলুপী তথন কান, আর অন্তর্গী হইলেই প্রেম। ইন্তিয় এখনও আছে, এখন রূপ দেখা যায়; তখন অরূপ জানায়, লোপ পায় না, ভাব পরিবর্ত্তন করে মাত্র। মদন ভত্ম হইল কিন্তু মরিল না, প্রছানরপে জন্মাইল। ভয় কি ? কত থেলা থেল্বে খেলুক না ? বিকশিত সকল পদার্থই জ্যা-মরণের অন্তর্গত; অনন্ত শক্তির বিকাণ হইলে, রিপুসকল মরিয়া নৃতন ভাব লইবে, নৃতন ভাব দেখাইবে। ভূষণা লালপাও মহাশক্তির বিকাশ—"বা দেবী ভ্রান্তিরূপেন, শ দেবী জ্ঞারপেন সর্বভৃতেয় সংস্কিতা"; আবার পবিত্র হইলেই অন্তরেক্রিয় বুঝাইয়া দিবে দে, "বা দেবী মাতৃরূপেন"। মনে কর না স্ব ভগবানের—দেহ সংসারভোগের জন্ম ভগবানের গচ্ছিত সম্পত্তি: ্থন আর উচ্ছুখল হইতে পারিবেনা, মন ভগবানের, তথন আর মন ব্যতিচারী হইবে না, চকু ভগবানের, তথন দেখিবে, সব জন্ম ততি স্থক্তর, পুণামর, যত্র জীব, তত্র শিব। তোমারও একানণ ার আনতে, সাধুরও আনতে। ভূমি দেখ দ্ব ছির ও নিতা, সাধু ্রেশে অস্থির ও অনিতা; তুমি ভাব তুমি আমি, নাধু ভাবে সব এক: ্তামার কাম কামিনী দেণে, সাধুর কাম জননীর ক্ষেহভোগ কলে, েখে ৰত্ৰ ভত্ৰ গোৱী। এই ছুই যথন এক দেখিবে, ভখন আত্ৰ দদ্দ থাকিবে না। মেহও থাকিবে না। তত্ৰ কঃ যোহঃ কঃ শোকঃ একত্মলুপগুতঃ।

শ্রো। কিন্তু হয় কৈ । ভাব যে ভোলে না ।

সা। অভ্যাদেন বৈরাগ্যেন; বার বার বিকল হবে, বার বার প্রের কর্বে। অভ্যাদে বৈরাগ্য জাগাও আর বৈরাগ্য অভ্যাদ কর।
প্রায় বলে ঘদ্তে মাজ্তে রূপ, তাই বলি বারা ঘদা বন্ধ নিও না।
প্র্তে ঘদ্তেই দেশবে এক বিন ময়লা কেটে রং কর্বা হয়েছে।
কর্বে লাগ রহো, ব্নত্বনত্বন ব্য়েই। সাধু কিছুক্ষণ চক্ষ্
ভূজরা স্থিক হইগেন। সকলের নির্বাক মৌন মুগ্ন প্রাণে যেন
এক নুত্ন স্বের সপ্রন্, নুত্ন মদিরার উত্তেজনা বহিতে লাগিল।

সন্ধ্যা সনাগত দেখিয়া কেহু কেছু উঠিলেন। বীরেক্রের বড় ভাল লাগিতেছিল, রোমাঞ্চ হউতেছিল, উঠিতে ইচ্ছা ছিল না, কিন্তু অপ্রিচিত, তাই প্রের বাডীতে বেশীক্ষণ থাকা অসঙ্গত মনে করিয়া সাধুকে গ্রাম করিয়া উঠিল।

প্রণাম করিবার সময় সাধু তার পূর্চে সম্বেহে হাত বুলাইয়া বলিলেন, আবার এস বাবা ? সে ম্পূর্ণে যেন সর্বাঙ্গে পুলক বহিল, কি এক ্যাকর্ষণীশক্তি সে অনুভব করিল। যাড নাডিয়া জানাইল আবার অ:সবে।

বীরেক্র যতক্ষণ না ফটক পার হুট্যা গেল, সাধু ততক্ষণ এক-দৃষ্টিতে বীরেক্রের দিকে চাহিয়া রভিলেন, তারপর নিকটত লোকদের বলিলেন, এই বালক যোগন্ত মহাপুরুব, ইহার চোথে মুথে যোগলকণ পরিক্ষাট, এতকণ যে দ্ভ-মোহের কথা বলিতেছিলাম, এই বালক তার জীবন্ত সাক্ষী, ইহার ভিতর প্রকৃত হন্দ যুদ্ধ আরম্ভ চইয়াছে দেখিয়া আনন্দ হইল। একজন বলিলেন, "দাধু হলে কি হৃদয় পাষাণ হয়, পুব ত প্রাণ আপনাদের, একজন কষ্ট পাচ্ছে আর আপনার তাতে আনন্দ।" সকলে হাসিয়া উঠিলেন।

দা। আনন্দ হবে না? 'বন্দ্রুয়া টোপপরম্ স্বর্গরারমপাবতম, স্থবিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভত্তে যুদ্ধনীদৃশ্য।" গুরুক্কপায় যদি এই বালক অগ্নিপরীক্ষার উত্তীর্ণ হয়, তা হলে এ কুঁড়িটী যে দিন ফুটবে, সেদিন ইহার সৌরভে হিন্দুল আমোদিত হুটবে। দেখি গুরুজার মনে কি জাছে, যদি এইরূপ একটী জীবের যথার্থ উদ্ধারের উপলক্ষ হইতে পারি, তাহা হইলে বৃঝিব লাল কাপড় পরা সার্থক হইয়াছে।

বীরেক্স যে তিন চার জনের সহিত বাহিরে আসিল, তন্মুধ্য একজন বলিল অমুত শক্তি, আমি যে প্রশ্ন মনে করিয়া আসিলাম তাহা জিজ্ঞাসা না করাতে যেন ঠিক মনের ভাব বুঝিয়াকথা প্রসঙ্গে উত্তর দিয়াদিলেন। বড় অনেক ইইল।

আরে একজন বলিল, ঠিক কথা আমার সংশয় দূর হইল, আমিও কিছ জিজাসা করি নাই।

কথাগুলি বারেন্দ্র মনোবোগের সহিত শুনিল।

সে ভাবিল সতাই কি ? সতাই কি ইহার এমনি অন্তর্নৃষ্টি আছে, না গুনিয়া মনোভাব ব্ঝিতে পারেন ? হবেও বা, নাংলে ঠিক আমারই উপযুক্ত এমন উপদেশ পাইলাম কেন ? ঠিক দেন আমার জন্ম বলিতেছিলেন। না অসম্ভব, হইতে পারে না, আমার সেই নিভ্ত অন্তরালের অতি গুছু কথা জানিবে কি করিয়া ? কিছু না, একটা অন্ধ্যুক্তিবশতঃ আমরা কাকতালায় যুক্তি আনিয়া ফেলিতেছি।

তবু কিন্তু বীরেক্রের মাথায় কথা গুলি নৃত্ন নেশার মত নাচিতেছিল, সেই নেশাতেই বিভোৱ হইয়া সে মন্তপের ভার দোছ্লামান ভাবে গৃহে ফিরিল।

ফিরিবার সময় বীরেক্স ভাবিল, সাধু ত বলিক্ষেন, "য়য় নারী তয় গোরী," 'ঝা দেবী মাতৃরপেন সক্ষতৃতেয়ু সংপ্তিতা", "কামট প্রেমে পরিণত হয়, আমাদের কাম কামিনী গুঁজে, সাধুর কাম জননীর মেহভোগ করে।' আফা ইছা কার্ম্মে পরিণত করি না কেন ? মাপায় তথন বেশ নেশা জাগিয়াছিল। তাই য়েমনট সঙ্কয়, অননি কার্যায়ন্ত । সঙ্গে সঙ্গে কয়য়য় প্রবাহ ছুটতে লাগিল, তাহার মনে য়য় স্ত্রীলোকের মূর্ত্তি জাগিতে লাগিল, কয়না-চক্ষ্তে বেশ উপলব্ধি করিতে লাগিল যে, তাহারা মন এক, একই মহাশক্তির অংশর্মাপণী,—স্লেনরী কুংসিতা, রন্ধা বালিকা, পরিচিতা অপরিচিতা, মুকলকেট মনে হইতে লাগিল যে, একই দেনী ভিন্ন ভিন্ন বিগ্রহে বিরাজমানা, কয়নায় বড়ই আনন্দ পাইল। কিন্তু এ ভাব এক

ন্তানে যাইয়া বাধা পাইল, পর্কতিচারী পথিক যেমন সন্মুথে গভীর থাত দেখিয়া শুন্তিত হয়, সেরূপ শুন্তিত হইল। সঙ্গে সঙ্গে প্রতিক্রিয়া; স্থির জলাশয়ে লোষ্ট্র নিক্ষেপ করিলে বেমন তহুখিত কুদ্র স্পাননটি চক্রাকারে ক্রমশঃ বর্দ্ধিভারতন হইতে থাকে. মান্স-তরঙ্গও তেমনি আবার উজান বহিতে লাগিল। বীরেক্র বিমোহিত হইল।

दीरतक ज्ञान स्विधा विभाग श्री हो । विभाग विभाग स्विधा विभाग কখন চুই এক দিন থাকিয়া যায়, সাধুকে গুরুর তুল্য ভক্তি করে এবং তিনিও শিয়ের স্থার স্নেহ করেন, ফলে কতকটা গুরু-শিয়া-সম্বন্ধ স্থাপিত হটয়া গেল।

ব্যাপারটা বীরেক্রের পিতামাতার কর্ণে পৌছিল: শুনিয়াই তাঁহার প্রমাদ গণিলেন যে. ছেলে ববি বিবাগী হইয়া যায়। কিন্তু যথন বহু চেষ্টাতে বীরেল্রফে সাধ্যক্ষ হইতে প্রতিনিবৃত্ত করিতে পারিলেন না, তথন একদিন গাড়ী করিয়া সাধুবাবার নিকটে আসিয়া জানাইলেন যে, তাঁহাদের আশা ভরসারস্থল, চক্ষুরমণি প্রিয়তম পুত্রকে বেন সন্নাসী করিয়া না তুলেন।

সাধু। সাধ্য কি আমার, যে এক জনকে সন্ন্যাসী করিতে পারি ! বহু জন্মজনান্তরীণ তপভায় যদি কাহারো কর্ম্মবন্ধন টুটিয়া যায়, তবেই সে সন্নাদী হইতে পারে। উহার এখনও সম্পূর্ণ সংসার-লালসা রহিয়াছে, এবং অভাব না কাটিলে সে কিছুতেই সন্যাস লইতে পারিবে না, কিম্বা আমিও উহাকে সর্নাসে দীক্ষিত করিব না।

শেয়ে আরও জনেক পীড়াপীড়ের পর সাধুবাবা স্বীকৃত হুটলেন যে, বীরেন্দ্রের শাহাতে স্থমতি হয়, তজ্জা তিনি বিশেষ যত্ন করিবেন। উঁহারাও কতকটা হুষ্টটিত্তে প্রস্থান করিলেন।

সাধু নিখ্যাও বলিলেন না, অথচ একটা স্তোক বাক্য দিলেন; কেন না গৃহীর পক্ষে স্থমতি সংসারাসক্তি, কিন্তু সাধুর পক্ষে বৈরাগ্য।

একদিন সাধুবাবাকে নিভূতে পাইরা বীরেক্স জিজ্ঞাসা করিল, গুরুজী সব গুনছি ও বুঝছি কিন্তু লালসা ত কিছুতে যার না, প্রাণপণে চেঠা করছি তবু সকলি বিফল—বড় জালা, বড় অশাস্তি।

সাধু বীরেক্রকে কোলের উপর টানিয়া লইয়া মাথায় হাত ব্লাইতে ব্লাইতে সম্বেহে বলিলেন, ভয় কি বাবা যাহাকে মহাসমুদ্রে পাড়ি জমাইতে হইবে, তাহাকে সামাভ্য নদীর তুফানে ভয় পাইলে চলিবে কেন ?

বাস্তবিক পক্ষে কাম আছে বলিয়াই রক্ষা; কাম ক্রমশঃ আমাদের পূর্ণতার দিকে লইয়া যাইতেছে; যতদিন অপূর্ণতা ততদিন কামনা; যে বিষয়
উপভোগ হইয়া গিয়াছে, কামনা আর সেদিকে যায় না। আবার নৃতন
বিষয়ে ধাবিত হয়; এইরপে যতক্ষণ না পূর্ণ হও, কাম ততক্ষণ তোমাকে
ছাড়িবে না। প্রত্যেক চরম উপভোগের পর লালসা ব্রয়ইয়া দেয় য়ে,
সে বস্তু অনিতা, এক নিতা ছাড়া যা কিছু লালসা বহুতে পুড়য়া ছাই
হইয়া য়ায়। অন্ধকার আলোকের আবশুকতা বৃঝায়; পাপ পুণোর গরিমা
ফুটাইয়া দেয়। কাম অকামকামী করিয়া তুলে। যৌবনে কাম উগ্র হয়,
কেন না দেহীর যা কিছু যৌবনে পূর্ণতা লাভ করে, আরো পূর্ণ হইতে
চায়। কাম যৌবন খুঁজে, কেন না যৌবনে রূপরসের পূর্ণবিকাশ হয়:
স্ব স্থলর হয় ও স্থলর দেখে। এইজন্ম বলে 'যৌবনে কুকুরী রম্যা'।

জীব ভগৰত-প্রেরণায় এই রূপ, রস, শব্দ, স্পর্শ, গদ্ধ ও মৈথ্ন অর্থাৎ পরস্পর সংযোগজাত স্থামুঠতি বিশ্বভাবে বৃঝে, পূর্বতালাভ করিবার জন্মই এই প্রেরণা। তাই বলি, নিত্য বস্তুর আস্বাদ লও, পূর্বতা লাভ কর, দেখিবে আর কাম তোমার পিছু লইবে না।

পরাচঃ কামান্ অনুবস্থি বালাঃ। বালকই এটা ওটা করিয়া নাছ্ বস্তর প্রতি ধাবিত হয়, কিন্তু একটু জ্ঞান হইলেই গন্তীর হয়; দেরপ

জীবেরও যতদিন বালকত্ব পাকে, ততদিন সে প্রক চন্দন বনিতা প্রভৃতিতে আসক্ত হয়, একট জ্ঞান হইলেই আর'ও সকলে মৃগ্ধ হয় না। তাই বলি কেবল একটু জ্ঞানের অপেক্ষা, জ্ঞানসূর্যোর সামাগ্র বিকাণ হইলেই কামের কুয়াসা সরিয়া পভিবে। স্থভরাং ত্রস্ত চঞ্চল ছইবার কোন প্রয়োজন নেখি না, যে কুঝে সে হাসে, "ধীরোস্তক্ত ন মুহুতি"। রঙ্গালয়ে কোন দশ্যের পর, রৌদ্র-করণাদি ভাবসমন্তমে দর্শকরন্দ মোহিত হুইয়া উত্তেজিত বা অবদাদগ্রস্ত হয়, কিন্তু যাহার নাটকীয় বুরাস্ত জানা আছে, সে উদ্বেলিত হয় মা. কেবল সাক্ষীরূপে উপভোগ করে।

যথন অমৃতত্ব পাইবে তথন দেখিবে লেলিহনানা লাল্যা কিছুই নয়, কেবল একটা ধাঁধার ঘোরে ঘুরাইতেছিল, তথন এখনকার কথা মনে হবে আর হাসবে: প্রবাণ ব্যক্তি বেমন শিশুকালের ছেলেমানুষীর সব কথা মনে উদয় হলে হাসে আবে ভাবে, যে কি ছেলেমানুষই ছিলাম। তথন দেইরূপ হাসি আসবে, আর অতীত স্বপ্নয়তির নত একটা অস্পষ্ট আভাসে জানিয়ে দেবে যে, এ সবই স্বপ্নের অস্থিরতার মত একটা মায়ার ছলনা বা মিথা৷ কাতরতা: তখন দেখিবে যে. "স্বের কামা প্রমচ্যন্তে." এখনকার অত্তথ পিয়াসা, অপূর্ণ লালসার ফুটস্থ কুলগুলি ঝরা ফুলের মত ঝরিয়া গিয়াছে।

বীরেন্দ্রের তথন আর কিছু শুনিবার প্রয়োজন ছিল না, সে ইহাতেই তৃপ্ত হইতেছিল, মনে হইল যেন ভাবে হৃদয় পূর্ণ হইয়াছে, কিন্তু হৃদয়েয় এক কোণে যে ছিদ্রটী ছিল সেডীর কথা একেবারেই ভূলিয়া গিয়াছিল।

সাধু বাবাকে প্রণাম করিয়া গুহে যাইতে উন্নত হইলে তিনি বলিলেন, "ত্লে বেওনা বাবা, যত ঘন ঘন পারিবে মাদিবে এবং পারত প্রত্যহ আসিবার চেটা করিও।"

চলিরা গেলে সাধু আপন মনে বলিলেন, "অনোধ শিশু জানে না, ইহাকে কি আগ্নি পরীক্ষায় ফেলিলান, নারায়ণ মুখ রক্ষা করিও। গুরু বালকের হৃদয়ে বল দাও, যেন বীরের ভায়ে জয়ী হইতে পারে।"

বীরেক্রের তথান বাটী কিরিতে ইচ্ছা হইল না। ভাবের নেশার বিভার হইরা ধীরে ধাঁরে গঙ্গাতারে উপনীত হইয়া সোপানের উপর ব্যিয়া তন্ময় হইয়া ভাবিতে লাগিল।

তথন দশনীর চন্দ্র সবে আকাশ হইতে জ্যোৎসা ছড়াইতেছে, বিবিধ যান রাজপথে ও তরণী নদীনক্ষে কলোলের সহিত ছুটিতেছে; রাজধানী ও ভাগীরখী তথনো জন-কোলাহল-মুখারত; কিন্তু দিনস অপেক্ষা শাস্ত এবং ধরণাও বুঝি একটু প্রাস্ত। কেহ গৃহে ফিরিতেছে, কেহ নদীতীরে বায় সেবন কারতেছে, কেহ বা প্রাস্তি অপনোদন করিতেছে। ভলতরঙ্গ আফ্লোদে কলোল তুলিয়া চন্দ্রকিরণ সর্ব্বাঙ্গে মাখিতেছে। বীরেন্দ্রের স্থান ও কাল বড় ভাল লাগিতেছিল।

পাশের ঘাট হইতে তখন একজন পূরবীতে উচ্চকণ্ঠে গাইতেছিল, 'বেলা বহে যায়, কি কর বিসিয়া এবে'। গানের স্থর ও বাণী বায়ুর কম্পনে বীরেন্দ্রের কানে পৌছিতেছিল, সে ভাবিল সত্যই ত বেলা বহে যায়; কিন্তু আমি হেথা বিসিয়া কি কারতেছি, দিনের পর্রাদন অবসাদে, উত্তেজনায় একই ভাবে কাটিয়া ঘাইতেছে, আর আমি এখানে বসিয়া "করিতেছি তটিনীর লহরী গণনা।"

তার মনে হইল এ সব কিছুই নয়, যেন একটা মারাপুরী; এই ধন-দৌলত, গাড়ী-ছুড়ী, বাগান-বাগিচা, সাধের বাড়ী, এ :গুলা বন্ধন, জীবের স্বর্ণশৃঙ্খল, একটা কাল্পনিক মরীচিকার প্রারোচনায় অপ্টরন্ধনে বাধিয়া কেলিতেছে। রাজপার্শস্থ অট্টালিকা, পরপারস্থ কলের বৃহৎ চিমনী বিস্তৃণ রাজপুণ নদীবক্ষন্থিতা তরণীমালা, যেন স্থাকরেরই মত মান হাসি হাসিয়া বলিয়া দিতেছে যে, আমরা সকলি অনিতা, ও ফণভঙ্গুর, আজ আছি কাল নাই, "শুধু থেলে যাই ছদিনের খেলা।"

সকলে যেন একস্থারে বৈরাগ্য-রাগিণী গাছিতেছিল, যেন একভাবে দীরেক্রের প্রাণে অ<sup>ট</sup>াকিয়া দিতেছিল যে সারভূত এক, একই কথা, একই ভাব. একই ভাষা, যেন তদেব ভাষা "সর্ব্যবিদং বিভাতি"।

আর কিছু ভাল লাগিতেছিল না, বার বার ইচ্ছা হইতেছিল যে, সমস্ত ত্যাগ ক্রিয়া কোপীন মাত্র লইয়া আবার গুরুজার কাছে ছুটিয়া যাই, এবং তাঁছারই সঙ্গে সঙ্গে পর্বতে, অরণ্যে, তীর্থে তীর্থে ঘুরিয়া বেড়াই।

বীরেক্স এই ভাবের ঘোরে বছকণ তন্ময় হুইয়া রছিল, তারণর যথন স্বায়ের কুদ্র রন্ধ পথ চ্যাইয়া সমস্ত ভাবরাশি নিঃশেষিত হইয়া গেল, তখন আকাশের দিকে চাহিয়া দেখিল, গভীরা রজনী। আলোক-প্রাবিতা রাজধানী যেন স্থপ্তির ক্রোড়ে গা ঢালিয়া তরঙ্গে রিমি রিমি, ঝিমি ঝিমি, কুলু কুলু ভাষার নাচিয়া নাচিয়া প্রেমের মিলনে ছুটিতেছে। দশমীর আকাশের শার্ষদেশ হইত্তে শত সহস্রচ্চটায় কৌমুদীরাশি সারা ধরণীকে চুম্বন-চেষ্টায় জড়াইয়া ধরিতেছে, ধরণীও যেন মত্ত পুলকে শিহরিয়া উঠিতেছে। বিহ্নলা প্রকৃতি যেন আবেশ-দগ্ধা; "স্থদ্র প্রান্তরভূমে আকাশ পড়েছে মুমে, যেন নিশেও মিশেনি হটী তৃষার্গু অধর।" দূরে এক দ্বিতল অট্টাণিকার সক্ষিত আলোকিত কক্ষ-গৰাক হইতে এক অজানিতা বারবনিতার মিছি কণ্ঠের স্থার, তবলার ঠেকার নাচিয়া নাচিয়া মধ্যে মধ্যে ছুটিয়া আদিতেছিল। মদিরা-বিহ্বলা কামিমী গাহিতেছিল "পিও পিও পিয়ালা ঢাল সরাপ।"

বীরেক্র আবার বিলোহিত হইল; স্থপ্তিমগা প্রকৃতি যেন মধুর স্থরে विमार्किन, रेकारे स्था, रेकारे सर्वा। तम जाविन, हात देवनावा, हात अक त्वनाष्ठ—रेगां रेग रेगां यर्ग । यह (अमात्वन, यह त्वांगांविस्वन जो, ut शूनक निता, इरारे वाक्ष्नीय। आवात शूर्वकथा कानिया, मतामत्य আবার আলোড়ন হইল, বিশ্বিত, মৃদ্ধ বীরেক্স আবার বাধিত, কাতর হইল, কিছুই দ্বির করিতে পারিল না। দল্মনাহে পড়িয়া ঘূর্ণাবর্ত্তে পতিত ক্ষুদ্র তরণীর মত অবশ হইয়া ভাবিল কি করি? শুাম রাখি, না কুল রাধি? একদিকে কামের পরাঞ্জয়, প্রেনের জয়, বৈরাগ্যের আভাস, মন্ত্যুদ্রের বিকাশ, আর একদিকে পরিপূর্ণ যৌবনের বিকসিত লালসা। করি কি? জাবনের সব কথা মনে জাগিতে লাগিল, কথনো আশা, কথনো অবসাদ। ছই পথই খোলা, কোথার যাই। আমার সবই আছে কিন্তু বেন কিছুই নাই, ইচ্ছা করিলে ভগবানের পায়ে প্রাণ ঢালিতে পারি। আবার এই পরিপূর্ণ যৌবনে সব আশা লইয়া গা ভাসাইতে পারি। পাপ কথনও চাপা থাকিবে না, একদিন না একদিন আমার গুপ্ত কলক কাহিনী প্রচারিত হইবে। দূর সম্পর্কায়া বিধ্বা যুবতীর সহিত গুপ্ত প্রণয় প্রকাশ হইয়া পড়িবে; তাহা লইয়া কি করি? সোম কাহার প্রতাহার না আমার, কে কাহাকে প্রথম মলাইয়াছিল। যাক্ প্রক্রণা, এখন কোন্পথে যাই ?

আর ভাবিতে পারিল না। বিনোহিত বীরেল্ল ধীরে ধীরে গৃঙ্থে দিরিল; রৃহৎ বাটার সকলেই স্থাপ্তিমান। সদর বাটা পার হইনা সিঁ। জ দিরা উপরে উঠিতে দেখিল, সন্মুখে বর্ত্তিকাহন্তে রমণীম্তি। পথিক সন্মুখে হঠাৎ দর্শ দেখিলে সেমন ত্রস্ত হয়, দে তেমনি শিহরিয়া উঠিল। কিন্তু যেই রমণীর মুখের উপর দৃষ্টি পজ্ল; অমনি বোধ হইল স্থান্দরী বড়ই স্থানরী, প্রেমিকার চোথে মুখে কি অতুলনীয় সোন্দর্যা! রমণী বর্ত্তিকা নিভাইয়া বীরেজের হাত ছটী ধরিয়া কাতরকঠে প্রেমের ভাষার বিলিল, "বীরেজ আমি তোমার নিকট কি অপরাধ করেছি, তুমি আমার একেবারে পারে ঠেলিলে, মুখ পর্যান্ত দেখিলে না। আমি তোমা বই জানি না, কিন্তু তুমি এত বিরাপ কেন। ?"

বলিতে বলিতে রমণী কাঁদিয়া ফেলিল: তপ্ত অশ্রধারা তাহার গ্রন্থস্থল বিংয়া টদ টদ করিয়া বীরেন্দ্রের হাতে পড়িল। বীরেন্দ্র বাগা পাইল।

त्रभी आवात विलल. "वल वीरतन्त्र, वल, आमात कि अभवाद, भरन জ্ঞানে কোন পাপ করি নাই, এক পাপ তোনাকে ভালবাসিয়ছি, কিন্তু এ যদি পাপ হয়, তা হলে তোমার পায়ে প্রাণ সঁপিয়া অনন্ত নরকেও আহ্মাদের সহিত বাইব। যদি আমায় না চাহ, তবে কেন মজাইয়াছিলে পূ কেন এই কার্ভিকের মত চেহারা লইয়া এই বিধ্বার স্থাথে আসিয়া প্রলোভন জাগাইরাছিলে ?"

বেন বারেন্দ্রের সব দোব। বিমোহিত বীরেন্দ্র স্তব্ধ ও নিক্তর। কি যেন একটা উত্তেজনা ও অবদাদ এক দক্ষে ভাগাকে বেরিয়া কেলিভেছিল। ু কুণ্টা ভাহার স্বভাবস্থলভ আকর্ষণে ৰীরেন্দ্রের প্রাণ টানিয়া লাইতে'ছল।

রুমণী আবার বলিল, "জান ত আমি তোমাকে কি চোথে দেখি, ভোমার এই তাজ্ঞলো আমার প্রাণে যে কি যাতনা হচ্ছে, তা অন্তর্যামীই জ্ঞানেন। যদি বক চিরিয়া দেখাবার হত ত দেখাতাম। আজ তিন দিন ঠিন রাত্রি আহার করি নাই; এই দেথ আনার সব জালা জুড়াইবার বাবস্থা করিয়াছি।

রমণী বস্ত্রাঞ্চল হইতে অহিফেন বাহির করিল। কেবল একবার শেষ দেগা দেগাইবার জন্ম: একবার তোমার মুখে আমার অপরাধটা কি জানিতে পারিলে, নিশ্চিন্ত হইয়া মরিতে পারি।

রমণী আবার অঞ্জলে গণ্ডস্থল ভাসাইয়া দিল। বীরেন্দ্র আর থাকিতে পারিল না: প্রেমিকাকে ফার্যে ধরিয়া বলিল, "বল কি করতে হবে, স্বীকার করছি সব দোষ আমার, আমার হৃদয়ের অমুরোধ আয়ুহত্যা কর' না. যা বলবে তাই করব।"

রমণী বলিল, "তোমায় কিছুই করিতে হইবে না, বল আমার অপরাধ কি ? আর না বল ত, শুধু মাঝে মাঝে এক একবার বাড়ীতে এস, আর দেখা দিও, আর কিছু চাই না।"

বীরেক্র স্বীকৃত হইল। জলেই জল বাঁধে; পরদিন তাহার পিতামাতা উভয়েই জেদ ধরিয়া বসিলেন যে, কিছুতেই সাধুর নিকট যাওয়া হইকে না। অন্ততঃ চার পাঁচ দিন অন্তর একবার করিয়া যাইবে, আবার সেই দিনই চলিয়া আসিবে এবং সেই সঙ্গে ইহাও জানাইলেন যে তাহার শীঘ্র বিবাহ দিতে তাঁহারা কৃতসংক্ষর; অবসর বীরেক্র সংগ্রামে পরাজিত হইল।

কুলটা স্থযোগ বৃঝিয়া আরো মদিরা ঢালিতে লাগিল। প্রস্তাব করিল,
এখানে ভাল না লাগে চল বিদেশে যাই। আমি যথন কুল-শীল-মান সব
তোমার পায়ে ঢালিয়াছি, তথন বেথানে বলিবে সেথানে যাব। তোমার
সব আছে; বিজ্ঞা, বৃদ্ধি, সাহস আছে; আমারো যথেষ্ট অর্থ ও অলস্কার
আছে, বিদেশে যাইয়া রাজার হালে থাকিব।

উদ্প্রাস্ত বীরেক্র কিংকর্ত্তব্যবিমূত হইয়াছিল। জীবন-সংগ্রামের নোটানার পড়িয়া তাহার এইরূপ ক্রমাগত অস্থিরতা, ব্যাকুলতা ভাল লাগিতেছিল না। শেষে স্থির করিল ডুবেছি না ডুবতে আছি, পাতাল কত দূরে দেখি, গোপনে গৃহ পরিত্যাগ করিবার সঙ্কর করিল।

একদিন শেষ রাত্রিতে গোপনে উঠিয়া একথানি ঠিকাগাড়ী আন্তাবল হইতে ডাকিয়া লইল। শীতকালে, সমস্ত পল্লী নীরব। সদর বাটীর একটা নিভ্ত কুদ্র প্রকোষ্ঠে অর্গল বদ্ধ করিয়া উভরে নিঃশব্দে ক্রতভাবে আবশ্রক বস্তু, অর্থ, দ্রব্যাদি গুছাইয়া লইতে লাগিল।

এমন সময়ে ্বাহিরের দরজায় মৃত্ করাঘাত; উত্তরে ভীত গুঞ্জি হইয়া, উৎকর্ণ হইল। আবার আঘাত, কিন্তু অন্ত দরজা ছিল না, পলাইবার

উপায় নাই। আগতে কোন সাড়া না পাইয়া বাহিরের ব্যক্তি মুহুস্বরে **डाकिन, "वीद्रबन्ध**!"

বীরেন্দ্রের তথন মনে হইল, পৃথিবী দিখা হউক ; একি দু অসম্ভবও সম্ভব ! বিশ্বিত বীরেন্দ্র মার্টর ভায়ে অবাড় ও নিম্পাল ! খব বহু পরিচিত ৷ আবার আহ্বান হইল, "বীরেন্দ্র!"

বারেক্র মন্ত্রাবিষ্ট মানবের ভাষে, বন্ধচালিত পুত্তলিকাবৎ দার উল্মোচন করিল, কিন্তু স্পন্দহীন।

वींद्र मृह्भम्प्रकाद्य এक कोशीनवादी माधू गृहर आदन कतिन ; বস্থী লজাতাড্নার গৃহকোপ আশ্রা লইল।

সাধু বাবা বলিলেন, "বীরেক্র ! ছি ! ভোমার এই কাঞ্চ তোমার এ পত্ন আমি আশা করি নাই। বড় আশা ছিল, তুমি এ সংগ্রামে জগ্নী হইবে, ভাবিয়াছিলান আমার নাহায্যের প্রয়োজন হইবে না। 🤞 ক্ষদিন বে তোমার জন্ম কত ভেবেছি তা তুমি জান না, যদি ইহার মধ্যে একদিনও যাইতে, তা হ'লে আর এ বিলাট ঘটিত না।

স্তম্ভিত নীরেক্স দেখিল যে মহাপুরুষ ধীর ও স্থির; একট্ট ক্রোধ বা গুণ্ নাই, যেন অপ্তকম্পায় পরিপূর্ণ। যাতনায় বীরেন্দ্রের চক্ষু ফার্টিয়া জল আসিল

সাধু বাবা বলিলেন, 'চল এস' ?

বীরেন্দ্র অসাড়ভাবে অন্থেরণ করিল ও সাধুর সঙ্গে পূধ্য নিযু-পাডীতে উঠিল।

প্রদিন জনশ্রুতি কলিকাতায় রটাইরা দিল ঝে, ঘোষেদের বাগানে সাধু, অতি প্রভূষে, কাঁহাকেও না বলিয়া ভীর্যন্তনতে চলিয়া গিয়াছেন।

ইহার ঠিক ছাদশবর্ধ পরে, বীরেক্ত একবার দেশে ফিরিল; কিন্তু নৃতঃ নামে, নৃত্ন বেশে,—ওধু সন্যাসের নির্মান্ত্রারে জন্মভূমি দেখিবার জ্ঞ।

জ্রীদেবেক্সনাথ চটোপাধার।

# বন্ধু ভূতের ভীষণ উৎপাত।

### (পূর্কানুর্ন্তি)

শ্লীবাৰু বলিবেন, "ভাই এখন ত বুকিলে এই ব্যাপার মান্তবের ক্ষমভার বাহিরে। অত্রেব সেই নিরপরার জেলেটাকে আর কেন নির্থক হাজতে পচাও।" "নাজেষ্টেট নাহেবকে গিয়া বলিয়া ভাষাকে মুক্ত করিয়া আন। ভাম ভাহার উপর কোন চার্জ্ব না আনিলেই সে রেছাই পাইনে, আহা পারিব বেচারি অনেক কষ্ট পাইলাছে।" সভীশবার ভদত্রসারে প্র'দন স্বডিবিসনাল মাজিষ্টেটের নিকট পিয়া বলিলেন যে, ভাঁহার বাটীতে যে উৎপাত হুইতেছে, যে সমস্ত ভৌতিক কাও। জেনের ভাগতে কোন দোষ নাই, অতএব অন্তর্গ্রহ করিয়া তাহাকে ছাড়িয়া দিউন। মাজিইটে বলিলেন, "সভীশবাৰ, অপেনি শিক্ষিত ভদ্ৰবোক, আপান এ কিরুপ ৰলিতেছেন, অপেনি এরপ অসম্ভব কথায় কি করিয়া বিশ্বাস করেন, বুনিতে পারিতেছি না। বা হোক, আমি কিন্তু চাকুব গাপনার ভূতের কাঘ্যকলাণ না দোৰীয়া সেই অপবাধী জেলেকে ছাড়িয়া দিতে পাৰিতেছি না। বে ব্যক্তি একজনকে পোডাইয়া মারিবার চেষ্টা করিয়াছিল, আমি ভাহার নিরপন্নাধতার উপযুক্ত প্রমাণ না পাইয়া কোন মতেই ছাড়িতে পারিব ন।। এ ক্ষেত্রে আমি আপনার অনুরোধ রক্ষা করিতে সম্পূর্ণ অস্মধা। যদি অনোকে আপনার পোষা ভূতের দৌরাস্থা দেখাইতে পারেন, তবেই যে মুক্তি পাইতে পারে; নতুবা নহে ইহা স্থির জানিবেন।" ভাহাতে সাতীশবাৰু বলিলেন, "যদি আপনার অস্থবিধা না হয় তাহা হইলে আগামা কলাই ভূতের কার্য্যকরণে আপনাকে প্রত্যক্ষ করাইব। কোন্সময় **भारत गाँव पांउबाब स्नृतिया क्रेट्य तन्त्र।'' नाजिए हेउँ शक्षा**न । उन्नी क्रमहोत्य

त्रव राहित्व विवता पित्वन। मञीभवाव कितिया जानिया भनीवावुतक সমস্ত কথা জানাইলেন। প্রদিন ধ্যা সময়ে মাজিষ্টেট সাহেব আসিয়া পৌছিয়াই সতীশৰাবুকে বলিলেন, "কই মহাশয়, আপনার ভূত কোথায় িক্ছুই ত দেখিতে পাইতেছি না ?" সতীশবাৰু বলিলেন, "ৰথন অন্তগ্ৰহ করিয়া আসিয়াছেন, নিশ্চয়ই দেখিতে পাইবেন। তবে সে ত আমার নাহিনার চাকর নম্ব যে ডাকিলেই আপনার সম্বাথে আসিয়া হাজির ুইবে।" এইরূপ কথাবার্তার পর সভীশবাবু মাজিটেটকে লইয়া বাটীর মন্যে প্রবেশ করিতে ঘাইতেছেন, দরজার উপর হইতে অমনি একথানি এগার ইঞ্চি ইট সাহেনের ঠিক সম্মুখে পতিত হইল। মাজিষ্টেট ত ্ৰথিয়াই থমকিয়া দাড়াইয়া বলিলেন, "মহানয় এ কি ?" সতীশবাৰু ্লিলেন, "মহাশয় এই ত সবে স্থ্রপাত। ভূত ভায়া আপনাকে অভার্থনা করিল। ইহাতে ভীত হইবার কোন কারণ নাই। এরপ অভার্থনা মানরা আজ ৪।৫ মাস পাইতেছি।" পরে বাটীর মধ্যে আঙ্গিনায় সাহেবের ্নিবার জন্ম একথানি চেয়ার স্থাপিত হইল। তিনি তহুপরি উপবেশন করিলেন। ২।৪টী কথার পর সাহেব আবার বলিলেন, "কি মহাশয়। আরত কিছুই বুঝিতে পারিতেছি না।" শনীবার বলিলেন 'সাহেব অপেনি ব্যস্ত হইবেন না। ক্রদশঃ ব্ঝিতে পারিবেন।' এই কথা বলিতে না বলিতে একটি বিষ্ঠাপূৰ্ণ হাঁড়ি শুগ্ৰমাৰ্গ হইতে শোঁ শোঁ শব্দে মাসিয়া মাজিষ্ট্রেট সাহেবের সম্বাধে পতিত হইল। শশীবাবু বলিলেন, "भाषानि वास्त सरेशाहित्वन, এই निन महागत विजीव **উप**छोकन।" ইहा<del>त</del> ্র মুহুর্ত্তেই গৃহাভান্তরে দরজা জানালা ঝড় বাতামে যেন ভাঙ্গিয়া যাইতে াগিল, কিন্তু তথন সামান্ত রকম বাতাসও অনুভূত হইতেছিল না। দরজা ানালার যথন ভয়ানক দ্বন্দ আরম্ভ হইরাছে, ঘরের মধ্যে একটা বার মণ ন্সান্দান্ত লোহার সিন্দুক ২৷৩টা দরজা পার হইয়া ঘুরপাক থাইতে খাইতে

আসিয়া নাজিষ্টেটের পাশেই পতিত হইল।" তথন ড মাজিটেউ আঁৎকাইয়া উঠিয়া দাঁড়াইয়াছেন, ভয়ে তাঁহার মুখমণ্ডল রক্তহীন হইড উঠিয়াছে। তিনি এই অসম্ভব অথচ চাকুষ ব্যাপার দেখিয়া বলিলেন, "সতাশবাবু আপনি এই অদ্ভূত ভূতকে হইয়া স্থবে ঘরকরা করুন। আমার চকু কর্ণের বিবাদ মিটিরাছে, আমি এখন চলিলাম। আপনার জেলে থালাস পাইবে।" সতীশবাবু বিনীতশ্বরে বলিলেন, অ্যার একটু থাকিয়া গেলে ভাল হইত; আপনি ইহাকে যেরূপ উত্তেজিত করিলেন, ইহার তাল সামলাইতে আমাদের বিলক্ষণ বেগ পাইতে হইবে।" মাজিষ্ট্রেট ত চলিয়া গেলেন। কিন্তু দরজা জানালা ভাঙ্গার শব্দ ক্রমে রুদ্ধি। পাইতে লাগিল। তথ্য শশীবাবু একথানি তরবারি লইয়া বাতাযের সহিত যেন লড়াই করিতে করিতে বলিতে লাগিলেন, "পান্ধি বেটা ভূত, আজ তোকে ফাটিয়া কেলিব।" পূর্বে বলিতে ভূলিয়া গিয়াছি, যথনট উৎপাতের মাত্রা বাডিরা উঠিত, তথনই তিনি তরবারি লইয়া যে দিকে শব্দ হইত সেই দিকে বাতাসের সঙ্গে লড়াই করিয়া গালি পাড়িছেন। তথনই কিন্তু সৰ শাস্তভাৰ ধাৰণ কৰিত। আজও তাহাই হইল। সব যখন চুপচাপ হইয়া গেল, তথন ছুই ভাই স্নানাস্তে আহারাদি সমাপন করিলেন। শুশীবাবুকে প্রতাহই তাঁহার মামী মা এবং ভাদ্রবধ্র আহারের সময় ঘরের দর্জায় তর্নারি হস্তে পাহারা দিতে হইত। নতুবা বিষ্ঠা ইন্ড্যাদি দিয়া ভূতে তাঁহাদের আহারীয় বস্তু নষ্ট করিয়া দিত। একদিন তাঁহার ভাতৃবধূ স্নানান্তে কেশপাশ শুকাইতেছিলেন, অমনি ভূত নহাশয় তাঁহার আলুলায়িত কুন্তলে পুরীষ নিক্ষেপ করিয়া বিকট হাস্ত করিয়া উঠিল। তিনি ভয়ে আড়ুষ্ট হইয়া চীংকার করিয়া উঠিলেন। অমনি শশীবার দৌড়াইরা গিয়া তরবারি যুদ্ধ আরম্ভ করিলেন, পরে সঙ্গে করিয়া তাঁহাকে স্নান করাইয়া আনিলেন। উপযুর্বপির এইরূপ ঘটনায় মেয়েদের ও

অনেকটা সাহস বাড়িয়া গিয়াছিল। সভীশবাবর স্নীর উপ্রেই ভতের আক্রোশ কিছু বেণী ছিল, কিন্তু বিশেষ কোন অনিষ্ঠ ব বিত না। একদিন ছাই ভাই পরামর্শ করিরা স্থির করিলেন যে, বৌকে বাপের বাড়ী পাঠাইরা দিলে হয় ত উৎপাত কমিয়া বাইবে। তদকুদারে সতীশবাব তাঁহার স্ত্রীকে তাঁহার মামার বাড়ীতে পাঠাইবার বন্দোবস্তু করিয়া পালকী আনাইলেন। কিন্তু আশ্চর্যোর বিষয় পালকীখানা বাড়ীর দরজায় আসি-তেই কে যেন শন্তে উঠাইয়া লইয়া গেল এবং পরক্ষণেই আবার অন্যস্থানে নামাইয়া রাথিল। বেহারাগুলি এই ব্যাপার দেখিয়া ভয়ে কাঠ হুইয়া রহিল। সতীশবাবর স্ত্রী পাল্পীতে আরোহণ করিলে পাল্পীথানা একধার ভইতে অহা ধারে গড়াইতে লাগিল। তিনি পরিত্রাহি চীংকার করিতে লাগিলেন, আবার একট পরেই বেথানকার পান্ধী ঠিক দেখানে স্থিরভাবে অবস্থিত বহিল। বেহারাগণ এই সব দেখিয়া শুনিয়া পান্ধী লইয়া যাইতে নিতান্তই নারাজ হওয়াতে আট জনের স্থানে ধোল জন বেহারার ্লাবস্ত হইল। এক জন ঝি সঙ্গে গেল। তিনি মাতুলালয়ে পৌচিয়া আত্যোপান্ত সমস্ত ঘটনা সকলের নিকট বলিতেছেন, এমন সময় তাঁগার মাতৃল আসিয়া উপস্থিত হইলেন। তিনি খুব বড় লোক। (তাঁহার নানধাম শুনিয়াছিলান, কিন্তু ভূলিয়া গিঁয়াছি।) তাঁহার ভাগিনেয়ীকে নিজের ঘরে বসাইয়া সমস্ত ভানিয়া বলিলেন, "এখানে যথন আসিয়াছ, তপন আর ভূতের ভয় থাকিবে না। তোমার বাবা যেমন একটী ভূতের হাতে তোমাকে দিয়াছেন, ভূত ত কাজেই তাহার সঙ্গী খুজিয়া লইয়াছে। ভূতের কাছেই ভূত বাস করে। মাসুনের কাছে ভূত আসে না। তাঁহার নিজের ঘরে প্রায় পাঁচশত টাকার কর্মটা বেলোয়ারী ঝাড টাঙ্গান ছিল। এই কথাও বলা আর সেইওলি ঝনঝনাৎ শব্দ করিয়া চুরমার হইয়া গেল। তাঁহার ত একেবারে চফু স্থির। তথন তাঁহার ভাগিনেরী

বলিলেন, "এই দেখুন হতভাগা এখানেও আমার সঙ্গ লইয়াছে।" মাতুল তখন তাঁহার পূর্বের উজির জন্ম বিশেষ লক্ষিত এবং অপ্রস্তুত হইয়া ভাগিনেরীকে বলিলেন, ''মা লক্ষী পাঁচ দাত দিনের মণ্যেই ভোমাকে ফিরিয়া যাইতে হইবে। যে ঘটনা এইমাত্র দেখিলাম এরূপ কথনও দেখা ত দূরে থাকুক, ভনিও নাই। এখন এই একটা জিনিষের উপর দিয়া গেল, ইহাতে তেনন কিছুই আদিয়া বায় না; কিন্তু এইরূপ যদি প্রভাহই অনিষ্ট হয়, ভবে দেখিতেছি প্রায় ৫।৭ হাজার টাকার সম্পত্তি নষ্ট হইবে। অত এব ভালোয় ভালোয় তোমার এখান হইতে বাওয়াই শ্রের।" ঐ গ্রামে একটা জেলের মেয়ে এই ভূতের উৎপাতের কাপ শুনিরা একটী মাছুলী দিয়া বলিল, "এই মাছুলীটি বান হাতে ধারণ করিবে। কোন রকমেই যেন মৃত্তিকা-ম্পর্শ না হয় এবং অক্ত স্থানে খুলিয়া না রাখা হয়, তাহা হইলেই কিন্ত ইহার গুণ যাইবে।" আর একটী গাছের শিকড় দিয়া বলিল, "এইটি বাড়ীর এক কোণে পুঁতিয়া রাখিবে।" মাছলী ধারণাবধি কিছুদিন আর কোন উপদ্রব হইল না। পরে সতীশ-বাবুর স্ত্রী নিজের বাড়ীতে চলিয়া আদিলেন। বাটীতেও আৰ কোন উৎপাত নাই। সকলেই মনে করিল, মাতুলীর গুণে এইবার ভূতের হাত হইতে অব্যাহতি পাওয়া গেল। বহুদ্রের লোকপর্যান্ত এই ভূতের গল্প শুনিয়াছিল। একদিন মৌলবি আবু বকোর নামে এক ফকির গুইটি চেলা দঙ্গে করিয়া সতীশবাবুর বাটীতে উপস্থিত হইয়া বলিল, "সে ভূতের ওঝা। যে কোন রূপ উৎপাত **হউক না** কেন, সে তাহার শান্তি করিয়া ভূতকে ধরিয়া লইয়া যাইতে পারে। অতএব সে তিনথানি ন্তন গামোছা এবং তিনটা নৃতন কাল হাঁড়ি ঢাক্নাসমেত পাইলে ভূতের উপদ্রব নিবারণ করিয়া দিবে। কিন্ত তাহাকে পারিশ্রমিক-বরূপ পঞ্চাশ টাকা দিতে হইবে।" সতীশবাবু তাহার কথায় সন্মত

रुरेत्रा राँफ़ि रेजामि जल्कनार जानारेत्रा मिलन। अया विनन, "यथात्न যাহা পূর্ব্বের ওয়ুদ পত্র আছে তাহা উঠাইয়া কেলিতে হইবে এবং শরীরেও যদি কাহার ওযুদ পত্র থাকে তবে তাহাও খুলিয়া রাখিতে হইবে, নতুবা ভূঠকে বাগে আনিতে পারিব না।" ওঝার কথামত কাজ করা হইলে, বাড়ীর আঙ্গিনায় ওঝা তাহার সাক্রেৎদয় সমভি-ব্যাহারে বসিয়া ধূলা মন্ত্রপূত করিয়া বাচীর চতুর্দিকে ছড়াইয়া দিল এবং স্ব স্ব দেহও মন্ত্রপৃত করিয়া লইল। পরে হাঁড়ি করটি সম্মুখে রাখিয়া তত্পরি গামছা ঢাকা দিয়া ওঝাজী সবে মন্ত্র পড়িয়া ধলি নিক্ষেপ করিয়াছে, অমনি দমাদম ইষ্টকথণ্ড পড়িতে লাগিল। হাঁড়িগুলিত মূহুৰ্ত্ত মধ্যে চুরনার হইয়া গেল। সাক্রেৎছয় জখন হইল। ওঝা নিজেও ঘারেল হইয়া খোদার নাম করিতে লাগিল। তাহাদের গাত্রে বিষ্ঠা ইত্যাদিরও প্রচুর বর্ষণ হইতে লাগিল। ওঝা তগন সতীশবাবৃকে ডাকিয়া বলিল, "বাবু মহাশয় গো, শয়তান মোদের মেরে ফেল্লে গো। এমন শয়তানের হাতে মোরা কথনও পড়িনি। এখন মোদের রক্ষা করুন।" তাহারা ইটের আঘাতে আধমরা হইয়া প্রাচীবের পার্শ্বে গিয়া আশ্রয় লইল। যথন এইরূপে অত্যম্ভ বাড়াবাড়ি আরম্ভ হইল, লোকগুলি মারা যার মার কি, বাড়ীর লোকেও শঙ্কিত হইয়া উঠিল, তথন শশীবাবু তাঁহার অভান্ত অন্ত্ৰ নইয়া বাহির হইয়া বলিলেন, "ওহে ওঝা এতদিন ত এক রকম ছিল ভাল, এথন তুমি ভূতকে রাগাইয়া আমাদের আরও বিপদে ফেলিলে। শীঘ্র শীঘ্র ভূতকে ধরিয়া লইরা যাও।" তথন ওঝা অতি মৃত্ স্বরে বলিল, 'বাবু মহাশয়, মোর আর শয়তানকে ধরে কাজ নাই। আপনাদের বাড়ী হইতে বাহিরে যাইতে পারিলে বাচি। আর কোন্ বেটা ভূত ধরিবার নাম করে ?" শশীবাবু তথন বাড়াসের সহিত যুদ্ধ ষারস্ত করিয়া দিয়া ভূতকে উদ্দেশ করিয়া যথোচিত গালি দিতে লাগিলেন।

তথন আবার সব বেন যাত্রমন্ত্রে শাস্তভাব ধারণ করিল। তথন ওঝা বেচারি চেলাদিগকে লইয়া উর্দ্ধখাসে একেবারে বাটীর বাহিরে গিয়া উপস্থিত হইল এবং আর পশ্চাৎ না ফিরিয়া ক্রতপদে অদৃশ্র হইয়া গেল।

একদিন সভীশবাবুর মাতাঠাকুরাণী এবং তাঁহার স্ত্রী ঘরের মধ্যে আহার করিতে বসিয়াছেন। শনীবাবু বাহিরে পাহারার নিষ্ক্ত আছেন; এমন সময় ঘরের মধ্যে অক্ষুট ধ্বনি শোনা গেল। অমনি শশীবাবু উঠিরা জানালা দিয়া ঘরের ভিতর চাহিয়া দেখিলেন। বাহা দেখিলেন তাহাতে তাঁহার যেন শরীরের রক্ত জল হইয়া গেল। তিনি দেখিলেন, কে বেন হইথানি অতি দীর্ঘ বাহু অপর দিকের জানালার মধ্য দিয়া প্রবেশ করাইয়া ঘরের কোণে স্থির একটি আলমারি ধরিয়া উঠাইবার চেষ্টা করিতেছে। কিন্তু তাহার পাশেই একথানা পালঙ্ক থাকার তাহার স্হিত আলমারির নিমাংশ আটকাইরা যাওয়াতে আলমারি উত্তোলন করিবার চেষ্টা বিকল হইতেছে। হাত ছইথানি পোড়া কাঠের স্থায় এবং খুব সরু। তিনি আর কাল বিলম্ব না করিয়া ইষ্ট দেবতার নাম স্মরণ পূর্ব্বক সাহদে ভর করিয়া ঘরের মধ্যে ঢুকিয়াই হাত চুইখানি লক্ষ্য করিয়া সজোরে তরবারির আবাত করিলেন। কিন্তু বাস্ততাবশতঃ ত্মথবা ভরে তাঁহার তরবারির চোট পালঙ্কের উপরিভাগের মশারির ফ্রেমে লাগিয়া তাহাতে হুইথণ্ড করিয়া ফেলিল। হাতে কোন চোট লাগিল না। অমনি সেই মুহুর্ত্তেই হাত তুইখানি রবারের মত নোয়াইয়া কে খেন বাহিব করিয়া লইল। বাহির হইতে 🔄 আলমারি স্পর্শ করিতে হইলে পনর হাত একথানা বংশ দণ্ড চাই। ইহাতেই দেই হাতের দৈর্ঘ্য বুঝিয়া লউন। এই ঘটনার পরেই কিছু সময় থুব উৎপাত আরম্ভ হইল। আবার শূলীবাবু স্বমূর্ত্তি ধারণ করিলেই সব চু সাপ হইয়া গেল। এইরূপ মদ্ভূত ঘটনা সকল প্রায় প্রত্যহই সংঘটিয় 🕔 🏻 কিন্তু প্রতিদিন

**দেখিয়া** বাড়ীর **মে**য়েদেরও এক রকম গা-সহা হইরা গিয়াছিল। নতৃবা উপরের বর্ণিত ঘটনা স্বচক্ষে প্রতাক্ষ করিলে, আমি খুব সাহস कतिशा दिलारा भारति, भार्रिकशासत मास्य व्यानात्कर मुर्छ। यारेराना। বাটীর সকলেই ব্ঝিতে পারিয়াছিল যে, ভূত কেবল শশীবাবুকে ভয় করে, জার কাহাকেও গ্রাহ্ম করে না। উৎপাতের সময় শশীবার এবং বাটীস্থ ুকলেই অনেক অনুনয়-বিনয় করিয়া ভূতকে জিজ্ঞাসা করিয়াছেন যে, ুঁক উপায় করিলে তাহার মুক্তি হইতে পারে, এবং এরূপ ভাবে নির্দোষী াকটী পরিবারের উপর অত্যাচারই বা করে কেন্স কিন্তু উত্তরে পছুই পাওয়া বাইত না। একদিন হঠাৎ বেন কোন গহুৱর হইতে শব্দ হটল, "জেঠাই মা, আমার উদ্ধারের কোন উপায় কর। আমি মৃত্যু সময়ে পুন্ধরা পাইয়াছিলান। তাহাকেই তথন জিজ্ঞানা করিতেই জানিতে পারা গেল যে, সে সভীশবাবুর পূর্ব্বক্থিত বন্ধু সেই বৈছ বটু। এতিদিন সে এই কথা কেন বলে নাই এবং বন্ধুর উপর এত অত্যাচার এবং অনিষ্টই বা ফেন করিল, ভাহার উত্তরে সে শুধু বলিল, সতীশবাবুর পারিবারিক স্থাশান্তি তাহার সহু হইত না। আরও প্রশ্ন করা হইল, কিন্তু আর কোন উত্তর পাওয়া গেল না। প্রদিনই একটি লোককে পি ওদানের জন্ম গায়ার পাঠাইয়া দেওয়া হইল। পিওও বথারীতি প্রদত্ত হট্যাছিল। কিন্তু যে উৎপাত সেট উৎপাতই রহিয়া গেল। পরে উক্ত বৈজ্ঞের খণ্ডর-বাড়ী দালিথা হইতে তাহার স্ত্রীকে আনাইয়া মথাবিধি শ্রদ্ধাদি করান হইল, ভাগতেও কোন ফল হইল না। দিভীয় বার সতীশবাবর কোন পরিচিত গ্যালী পাণ্ডার নিকট পুন: পিণ্ডপ্রদানের হুত টাকা পাঠটেয়া দেওয়া হটল। গ্যানী পিণ্ডাদি দান করিয়া সভীশ 'বাবুকে গত্র লিখিল। সে বারেও কোন ফল পাওলা গেল না। অত্যাচার शृक्तवरहे हिन्छ नातिन। তবে এখন মধ্যে মধ্যে ভূতের হুই চারিটি

কথা গুনিতে পাওয়া যাইত। তাহার মুক্তির উপায়-সম্বন্ধে তাহাকে আবার জিজ্ঞাসা করিলে যে বলিল, "পুষ্কর-শান্তি কর এবং সেই দিনই গুরার পিও দাও, তবেই হটবে। অতান্ত কট্ট পাইতেছি" ইত্যাদি। পরে বাঁকুড়া হইতে একটি নিষ্ঠাবান ক্রিয়াবিত ব্রাহ্মণকে আনাইয়া পৃষ্কর-শান্তির বাবস্থা করা হটল। শনি মঞ্চলবারে রাত্রি দ্বিপ্রহরের সময় শ্মশানে হোম দারা উক্ত ক্রিয়া করিতে হয়। ব্রাহ্মণ আসিয়া উপস্থিত হুইল। তাঁহার আহারাদির বদ্দোবস্ত করিয়া দেওয়া হুইল। স্মহন্তে পাক করিতে লাগিলেন। ভাত হইয়া গিয়াছে। তিনি তরকারি চড়াইরা ভাতের মাড় গড়াইবার জন্ম হাঁড়িটি উবুড় করিয়া রাখিয়া দিলাছেন, এমন সময় ইাড়িটী গড়াইতে গড়াইতে নোংৱা একটি স্থানে গিয়া পতিত হটল। ব্রাহ্মণের ত দেখিয়া চক্ষু স্থির। তিনি বলিলেন, অনেক স্থলে পুছরশান্তি করিয়াছি, কিন্তু এমত ঘটনা দেখি নাই। তিনি ত আর পাক করিয়া থাইতে রাজি নছেন। সভীশবাব এবং শশীবাব উভয়ে অনেক পীড়াপীড়ি করাতে আধার নৃতন হাঁড়িতে রাঁধিরা লইলেন। শ্লীবাবু এবারে পাহারায় রহিলেন। আর কোন উপদ্রব হইল না। বান্ধণ ঠাকুর আহারান্তে উপবেশন করিয়া বলিলেন, "এই হোম তিনি নিশীথে করিতে প্রস্তুত নহেন, তাহা হইলে কি জানি বেটা মারিয়াই ফেলিবে।" যে ঘটনা পরে ঘটরাছিল, তাহাতে ঐরপ হওয়া কিছুই আশ্চর্যা ছিল না। একজন নিজের লোককে সবিশেষ উপদেশ দিয়া গ্রায় পাঠাইয়া দেওয়া হটল। পুষ্কর-শান্তির জ্বন্ত দ্রবাদি আহরিত ছইল। দিবা ছুই প্রাহরে উক্ত হোম করিবার সময় নিরূপিত হইল। শ্মশানে ছাপ্লর বাঁধা হটল। দ্রব্যাদি প্রচুর পরিমাণে সংগৃহীত করা হটল। কারণ, পুরো'ইত বলিলেন, হোম ক**িতে বদিয়া তিনি আর আসন** ত্যাগ করিতে পারিনেন না। যে জিনিষ যথন চাই ভাহাই সম্মুপে তথনই

দেওরা চাই, নতুবা সমুদর্যই পণ্ড হইবে। সমস্তই কণামত অনুষ্ঠিত হইল। ব্রাহ্মণ গিরা কার্য্যে ব্রতী হইবেন, এমন সময় হোম গৃহের চালা উড়িয়া গেল। সে সময়ে বাতাদের চিহুমাত্র ছিল না। তথন চালা পুনঃ প্রস্তুত হইল। শনীবাবু মোতায়েন রহিলেন। কার্য্য আরম্ভ হইল। কার্যোপযোগী পূজাদি সমাপনান্তে একটি কুষ্ণবর্ণ ছাগ বলি প্রদন্ত হইল। পরে ব্রাহ্মণ যথন হোমে আন্ততি প্রদান করিতে লাগিলেন, নির্ব্বাত অবস্থায়ও হোমশিখা যেন তাঁহাকে ঝলসিয়া দিতে লাগিল। কিন্তু উপায় মাই, আসন ছাড়িলেই মহা বিপদ। এই অবস্থায় চুই ঘণ্টা কাটাইয়া ব্রাহ্মণ সকলকে তথা হইতে সরিয়া যাইতে বলিলেন। পরে তিনি ইহার কারণ নির্দ্দেশ করিরা বলিয়াছিলেন যে, হোম মল্লোক্রারণ করিরা পুষ্করাপ্রাপ্ত ব্যক্তির ছারা-শরীর আনয়ন পূর্বক ভাগকে গোমশিথায় ক্রমে কয় করিয়া দেওয়া হয়। যথন আর অবশিষ্ট কিছুই থাকে না, তথনই তাহার উদ্ধার-সাধন হর, পুদ্ধর-শান্তি হয়। ঐ ছারা-শরীর কেহ দেখিলে ভয় পাইতে পারে। এইরূপে এথামকার কার্য্য সমাধা হইল। যে ব্যক্তি গরায় পিওদান করিতে গিয়াছিলেন, তিনি আসিয়া বলিলেন যে. যে দিন পিণ্ডনান করিবার জন্ম তিনি বহির্গত হইতেছিলেন, তাঁহার সম্মণে একথানি ইটক পতিত হইল। তিনি কিছু ভীত হইলেন বটে, কিছু গমনে বিরত হইলেন না। পিও যথাবিধানে দেওয়া হইলে তিনি ফিরিয়া আসিলেন। পুন্ধর-শান্তি এবং তৃতীয় বার গরায় পিগুদানের পর হইতে সতীশবাবুর বাড়ী উপদ্রবশৃত্ত হইল। তদব্বি আর কোন বিপত্তি শুনা যায় নাই। শশীবাবৃও স্বগৃহে চলিয়া আদিলেন। এই ঘটনায় শশীবাবু যেরূপ ক্রতিত্ব এবং সাহসের পরিচয় দিয়াছিলেন, তাহা প্রত্যেক বাঙ্গাণীরই অমুকরণ-যোগা। প্রকৃত ঘটনা যেরূপ গুনিয়াছি, তাহাই এখানে পাঠকগণকে উপহার দিলাম। ইহার মধ্যে আমার

নিজের কথা কিছুই নাই। তবে যদি বর্ণনার দোষে কোনরূপ অসামঞ্জ হইয়া থাকে, সে দোষ সম্পূর্ণ আমার।

শ্রীগণপতি রায়।

## শ্বপ্ন তত্ত্ব।

পঞ্চম অধ্যায়।

## আমি—কি ?

( পূর্ব্ব প্রকাশিতের পর।)

প্রকৃত "আমি" বে কি পদার্থ, এ বিষয়ে অনেক মত থাকিলেও, মানবের যে "আমি" জ্ঞান আছে, তাহাতে কাহারও সন্দেহ নাই। \*

সেই "আমি" প্রত্যয়টি কি ? ইহা কি কাল ? না, ইহা সাদা ?
ইহা কি মাংস, অন্থি, মজ্জা, রক্ত, স্বায়ু বা মন্তিষ্ক ? ইহা কি প্রত্যত,
নদী, চক্র, স্থা বা আকাশ ? কি ইহা ? ইহা কি উত্তাপ, না আলোক বা অপর কিছু অদৃশু শক্তি ? ইহা কি আমাদিগের কোষাণুসমন্ত্রীভূত এই দেহ বা এই দেহাস্তর্গত কোন একটা কোষাণু বিশিষ্ট সম্পত্তি ? যেমন তণ্ডুলে জল মিশ্রিত করিয়া রাখিলে সময়ে তাহার মথ্যে একটা মাদকতা-শক্তি উদ্ভূত হয়, দেইরূপ কি "আমি" প্রতায়টী এই দেহ হইতেই

নহি কশ্চিৎ সংদিধে অহং বা নাহং বেতি।—ভাষতি, ২য় পূঃ।
Bib-Ind.

উদ্ভূত হইয়াছে ? অথনা যক্ত্র হইতে যেইদ্ধপে পিত্ত করিত হয়, আমাদিণের মস্তিম হইতেই এই অভিনয় "আম্ম' জ্ঞান ফটিয়া উঠে ? \*

কোথায় এই আমি জ্ঞান দানবেশিত আছে ? কে ইহার মীমাংসা করিবে ?

এইরপে শত শত দার্শনিক ও বৈজ্ঞানিক, সর্বাদেশে সর্বাদেশ প্রা করিয়া আসিতেছেন এবং একটা না একটা সিদ্ধান্তে উপনীত হুইয়াছেন। এই সমস্ত মীসাংসার কোন্টি গ্রহ্ণীয় ? তাহাদিগের কোন একটা গ্রহণের পুর্বেষ্ট একটা দ্বিনিষ আরণে রাখা চাই। সেটা এই.—কভকভান পরিণামী ও কর প্রার্থের মধ্যে থাকিয়াও বাহা অপরিণামী ও অঞ্চর ভাষা নিশ্চিত্র ঐ সম্ভ করে প্রার্থ হটতে বিভিন্ন। †

আমরা পুর্বেই দেখিলাছি (ए, আমাদিপের "মামি"-জ্ঞান অকর, ইলা নিতা। আম এক মনরে ধ্বং শিশু ছিলাম, পিতার হত্ত ধ্রিল নুখা করিতাম, জীড়া করিতাম, দেই আমার অঙ্কে এখন আমার পুত্র জীড়া করিতেছে। আমার এই দেফের কোন অংশ কি শৈশন হইতে অভগ্যন্ত অপরিবর্ত্তিত আছে ১ আমার শৈশব দেহের কোলও অংশ কি প্রেট্ট হামি, আমার দেহে অবশিষ্ট আছে? বিজ্ঞান বলিবেন, কিছুই নাই। কেন্তু **"আমি" এই বোধের পরিবর্তন হয় নাই। ইহা ঠিক আছে।** আমার নিজের বিষয়ে কিছু বলিতে হইলে, বেমন পূর্কে বলিভাম "আমি." এখন ও তাহাই বলিতেছি। যে সমত বিষয় বা অবস্থার সহিত আমার আনির **সম্বন্ধা**যুক্ত করিয়া আসিতেছি তাহাদিগের পরিবর্তন হইতেছে। অন্নি সুখী चा जामि छःथी, जामि धनी ना जामि जिथाबी, जामि खुक ना क्षणाका है.

<sup>\* &</sup>quot;Thought is only the product of the brain, as bile is the product of the liver.--CARL VOGT.

<sup>†</sup> আৰ্ভিগানের বদকুৰ্ভতে তান্তেলা ভিনং I-- ভাষ্তি I

আমি বালক বা আমি বুদ্ধ, এই সমস্ত অন্তায়ী বা আন্তব্যিক ওণ (accidents or incidents); এইগুলি আমিরপ অবিচ্ছেনের এক একটা ভাব মাত্র। ভাহাদিধার ধর্মাই পরিনাম, ভাষাদিধার ধন্মই পরিবর্ত্তন। তাহারা সমস্তই :"আমি"-রূপে নিয়ত প্রবাধিত ক্রেতের এক একটা উশ্বি, উঠিতেছে, আবার স্রোতে তাহা অনুশ্র হইয়া সাইতেছে। কিন্তু সোত নিজে সমভাবে প্রাহিত হৈটভেছে। একজন বন্ধদার व्यक्षकात गृहमत्या वीमना जाएकन; छाडारक वाहित हहेरछ बाझान কর,—"ভিতরে কে আছ।" তিনি তৎক্ষণাৎ উত্তর করিবেন, "আমি"। প্রথমে তিনি বলিবেন 'আমি', তাহার পর বলিবেন, "আমি রামচজ।" প্রথমে -"আমি" এই উত্তর বতঃই ক্ষুরিত হইবে, তাহার পর তাঁহার নাম বা বিশেষ যে পার্চয়, "আমি রামচন্দ্র" তাহা লন্ত্রিস্তার फरन. रशोग ভাবে, পরে আদিবে। পুর্বের যে আমরা "অধিদৈর" কথার আলোচনা করিয়া আসিয়াছি, সেই অক্ষর ভাবটী প্রাথমে ফটিয়া উঠে, পরে তাঁহার ক্ষর ভাবটী জাগে। গৃহ, দেশ, পুথিবা, সৌরজগ্র ইতাদি যাহার মধ্যে "আমি" বর্তমান আছি, এবং আমার সহিত সম্বন্ধ-যুক্ত করি, তাহারা সকলেই পরিবর্ত্তিত হইতেছে, ভাহাদিথের মধ্যে থাকিয়াও কেবল আমার "আমি"-প্রতায়টা সমান ভাবে থাকে। আমার "অমি"-প্রতামের জন্ম করে, তাহার শেষই বা কোথা, ভালা আদি বুঝিতে পারি না। তাই পঞ্চদশীকার বলিরাছেন, অনন্ত যাম, বংসর, যুগ, কল্প অতীত হইয়াছে, আবার ভবিশ্বতে তাহারা আদিবে। ইঞ্দিগের আদি আছে, সকলেরই অন্ত হয়, কেবল এক সন্থিতের আরম্ভ বা অন্ত নাই।" \*

শাসান্ধ্পকল্পেয় গতা গমোধনেকথা।
স্বেদ্ধিতি নান্তমেত্যেকা সমিদেশা সংগ্ৰেম্ভা। পঞ্চনী ১----

দেবী ভাগবতে এই কথা বেশ স্থন্দরভাবে আছে। "দৃশ্য বস্তু মাত্রেরই বেমন ব্যভিচার দেখা যায়, সংবিতের সেরূপ ব্যভিচার কদাচ কেহ অমুভব করিতে পারে না। অতএব সংবিৎ যে নিতা, তাহা আপনা হইতে সিদ্ধ হইল। কিন্তু, যথপি সন্ধিতেরও ব্যভিচার অমুভবসিদ্ধ বল, তবে সেই ব্যভিচার অনুভব করে কে ? অবশ্রুই চৈতত্মময় সাক্ষীই অনুভব করেন; অতএব সেই চৈতন্তময় সাক্ষী নিতা হইলেন এবং তিনিই সংবিং।" \*

অতএব দেথিলাম আমার "আমি" প্রত্যয়ের ব্যভিচার নাই, দৃশ্র পদার্থের,—দেহ, গৃহ, স্থ্য, চক্র, তারা, জগৎ সকলেরই ব্যভিচার আছে। অতএব "আমি" প্রতায়ট এই সমস্ত পরিণামী পদার্থ হইতে স্বতন্ত্র, ইহা এই সমস্ত পরিণামী পদার্থ হইতে উদ্ভূত হইতে পারে না।

তবে "আমি" কি ? আমি পূর্বভাগে দেখাইয়াছি এই "আমি"-প্রভারটি কি ? ইহা কোপা হইতে আসিয়াছে, ব্রন্ধভবের সে প্রভারটি কিরপ, জীবাত্মার 'অহং' প্রত্যয় কিরপ, আর দেহাভিমানী 'অহং' প্রত্যয় কিরপ। আমরা এইবার আত্মা ও জীবতৰ আরও একট বিশদ করিতে চেষ্টা করিব। আত্মা কি ? প্রশ্নের উত্তরে শ্রুতি বলিতেছেন,—"এই যে চিনার অন্তর্জ্যোতিঃ পুরুষ, প্রাণসমূহের মধ্যে হৃদরে বিরাজিত আছেন, তিনিই আয়া।" †

যেমন স্বপ্রকাশিত জ্যোতির্মায় সূর্যোর দর্পণে পতিত প্রতিবিম্ব হইতে ষ্মানোক-ছটা চতুর্দ্ধিকে বিক্ষিপ্ত হয়; কিন্তু সেই স্বাভা যেমন সূর্য্যও

সংবিদে। ব্যভিচারস্ত সারুভূতোহন্তি কর্হিচিৎ ॥ বদি তম্মাপানুভবন্তহেয়ং যেন সাক্ষিণা। অনুভূত: স এবাত্র শিষ্ট: সংবিশ্বপু: স্বয়ম্॥ ৭-- ৩২-১৫, ১৬ † কতম আত্মা বোলেং বিজ্ঞানমন্ত প্রাণেষু হুদি অন্তর্জ্যোতি পুরুবঃ। বুহদারণ্য ক

নয়, বা স্থেয়ের প্রতিবিশ্বও নয়, সেইয়প হার্দরে নিহিত আত্মা বুদ্ধিতে প্রতিবিশ্বত হয়; সেই প্রতিবিশ্বই জীব। \* সুষ্ধি অবস্থায় প্রত্যত এই জীব এয়ে লয় পায়, প্রতিবিশ্ব বিশ্বে মিলিয়া যায়, জাবার জাগ্রৎ জবস্থায় সেথান হইতে ফিরিয়া আসে। † খেত খেতাখতয়োপনিষদে রূপকের ভাষায় এয় ও জাব সম্বন্ধে অতি স্থালয় উপদেশ দেখিতে পাওয়া যায়। জন্মরহিত (নিতা) একটা (জাবাআা,) তরূপ নিতা লোহিত শুক্র ও ক্ষেবর্ণ। (সয় রজঃ এবং তমোরূপা) এবং নিজের সমান বর্ণ বিশিষ্ট (ত্রিগুণাআ্মক) প্রজাস্থিকারিশী অপর একটিকে (ত্রিগুণাআ্মকা নানারূপ বিশিষ্টা প্রকৃতিকে) ভোগ করিয়া ভাষাতে সংযুক্ত হইয়া আছেন, নিতা অপর একটা (ঈশ্বর) ভোগদায়িকা প্রাকৃতিকে পরিত্যাগ করিয়া অবস্থিতি করেন।

সথাভাবে স্থিত পক্ষা হুইটা একত্র সংযুক্ত হইয়া একটা বৃক্ষকে অবলম্বন করিয়া আছেন। তন্মধ্যে জীবরূপী পক্ষা ঐ বৃক্ষের ফলকে স্বাচ্চ বোধে আস্বাদন করেন, অপরটা ( ঈশ্বররূপী পক্ষা ) ফলভক্ষণ না করিয়া কেবল দ্রষ্ট্রপে অবস্থিতি করেন।

"একাই বৃক্ষে জীবরূপী পক্ষী অবস্থান করিয়া তাহাতে আবদ্ধ হয়েন, এবং সামর্থ্যাভাবে আপনাকে তাহা হইতে মুক্ত করিতে না পারিয়া শোক করিতে থাকেন। পরে যথন তিনি অন্ত ঈশ্বররূপী পক্ষীকে ভজন

অতএব চোপমা স্থাবাদিবং।—ব্রহ্মস্ত্র, ৩।২।১৮

<sup>†</sup> ব এবোহস্তর্জাদরে আকাশতন্মিন্ শেতে।—বৃহদারণ্যক, ২০১০ ৭ সভা সোমা ভদা সম্পন্নো ভবতি ;—চান্দোগ্য, ওচা ১ সর্ব্যঃ প্রস্থা অহরহঃ গছেন্তা এতং ব্রহ্মনোকং। ঐ শাণাং

করিয়া তাঁহার মহিমা অবগত হয়েন, তথন তিনি (তৎপ্রভাবে) শোক হুইতে বিমক্ত হয়েন।"\*

এই ছুইটীর মধ্যে যিনি অনীশ, যিনি স্থপাত্ন কলেও করেন, বিনি শোক করেন, তিনিই জীব; যিনি ঈশ, যিনি কেবলই দ্রন্তা, সাক্ষ্যাপরপ তিনিই আত্মা। তাঁহাদিগের "এক জন অজ্ঞ; একজন প্রাক্ত; একজন অনীশ, একজন ঈশ।"

#### कारको दर्श जेगानीरन।

আমরা পূর্ব্বেই বলিয়াছি বে, বুদ্ধিতে যে পরমান্ত্রার প্রতিবিদ্ব তাহাই জীব। এই জীবরূপী প্রতিবিদ্বের আবার মনোময় প্রাণমর ও অরময় কোষে পর পর প্রতিবিদ্বের প্রতিবিদ্বে পাড়তে থাকে। প্রত্যেক প্রতিবিদ্বই আমাদিরের নিকট "মান্ত্রারূপে" প্রতিফলিত।

\* অজামেকাং লোহিত শুক্ল ক্ঞাং
বহনীঃ প্রজাঃ স্ক্রমানাঃ সরূপাঃ ।
আজো ফেকো জ্বমানাংকুশেতে
জহাত্যেনাং ভুক্ত ভোগানজোহকাঃ । ৪ অঃ ৫ ।
ছামুপর্না সম্বানা
সমানং বুক্তং পরিষয়জাতে
তরোরনাঃ-পির্বানং ব্দস্তা ।
নগ্রস্থোহিচাকশীতি ॥ ঐ, ৬ ।
সমানে বৃক্ষে পর্যো নিম্প্রোহ্নীশ্রা শোচতি মুক্রমানঃ ।
ছুষ্টং বনা পশ্রত্যে মানফা
মহিমানমিতি বীতশোকঃ ॥ ঐ, •

† Suppose, for instances we compare the Logos itself to the Sun. Suppose I take a clear mirror in my hand, catch a reflection of the Sun, make the ray, reflect from the surface of the mirror—say upon a polished metallic plate—and make the rays whichare reflect-

হয় সাধারণতঃ স্থল দেহে প্রতিফলিত যে চিদাভাস হয় তাহাই আমাদিগের নিক্ট "আয়া" বলিয়া মনে হয়; সেইরূপ কামকে, সেইরূপ মনকে "আয়া" বলিয়া মনে হয়। কিন্তু, ইহা প্রকৃত "আয়া" নহে, ইহা চিদাভান, ইহাই আমাদিগের পূর্ব্বালোচিত "অধিভূত," "ভূতায়া" personality আর বৃদ্ধিতে প্রথম যে প্রতিবিশ্ব হয়, তাহার নাম চিমাত্র বা অবিবৈশ্বত পূক্ষর বা Individuality; তাহার পর যাহাকে আমরা হর্যের সহিত তুলনা করিয়াছি, তিনিই আমাদিগের পূর্ব্বোলিথিত অবিব্ তা প্রতাগান্তা।

এখন আমাদিণের "আমি'' কি বুঝিলাম। যিনি প্রকৃত পুক্ষ বা আত্মা তিনি বভাবত: গুণাতীত, তিনি মুক্ত এবং প্রকৃতি গুণময়ী। এই গুণময়ী প্রকৃতি তাঁহার সহিত দৃগুরূপ সম্বন্ধে নিয়ত অবস্থিত। এখন প্রশ্ন হইতে পারে খে, যিনি গুণাতীত,—গুণসম্বন্ধরহিত, তাঁহার সহিত সাক্ষাৎসম্বন্ধে কিরূপে গুণ সকল দৃগুরূপ সম্বন্ধেই বা অবস্থিত হইতে পারে? তৎসম্বন্ধে পঞ্চশিগাচার্যা এইরূপ স্ত্র করিয়াছেন, "এক্ষেবদর্শনং খ্যাতিরেবদর্শনম্'।

ed in their turn from the plate fall upon a wall. Now are have three images, one being clearer than the other, and one being more resplendent than the other. I can compare the clear mirror to Karana Sarira, the metallic plate to the astral body, and the wall to the physical body. In each case a definite bimbam is formed, and that bimbam or reflected image is for the time being considered as the self. The bimbam formed on the astral body gives rise to the idea of self in it when considered apart from the physical body; the bimbam formed in the Karana sarira gives rise to the most prominent form of individuality that man possesses. You will further see that these various bimbams are not of the same lustre.

हुषूक रामन लीरहत मनिधान माज थाकिलाई लोह हुषूक धर्म প্রাপ্ত হয়, সেইরূপ পুরুষ গুণবর্গ হইতে পুথক থাকিরাও গুণবর্গে স্থীর চৈত্যশক্তি অনুপ্রবিষ্ট করেন। এই গুণে অনুপ্রবিষ্ট চৈতন্ত শক্তিকে গুণস্থ পুরুষ প্রতিবিম্ব বলিয়া যোগসূত্রে বর্ণিত আছে এবং ইহাই আমাদিগের ছিতীয় পুরুষ বা চিন্মাত্র বা Individuality তাহা আমরা পুরের ব্যাগাত করিয়া আসিয়াছি। এই যে পুরুষ প্রতিবিদ্ধ ইহাতে কতকটা প্রকৃত পুরুষের ভাব, কতকটা গুণময়ী প্রকৃতির ভাব আছে। সূর্যোর প্রতিবিদ্ধ দর্পণে পতিত হইলে, তাহাকে যগুপি বারুদের স্তুপে নিক্ষিপ্ত করা যায়, তাহা ছরলে তাহা অগ্নি উৎপাদন করিতে পারে। এই যে অগ্নি উৎপাদনের ক্ষমতা ইহা দর্পণে ছিল না, ইহা দেই সুর্য্যেরই শক্তি। সেইরূপ পুরুষ প্রতিবিদ্ব পুরুষেরই স্বভাব প্রাপ্ত হয়! কিন্তু আবার দেখা যায় যে. দর্পণকে পরিচালিত করিলে প্রতিবিম্বন্ত তৎসহ পরিচালিত হয় : দর্পণ অপরিষ্কার হইলে সূর্যা-প্রতিবিম্বও মণিনতা প্রাপ্ত হয়, তাহার শক্তির হাদ হয়। অভএব দেখা বাইতেছে দর্পণ ও প্রতিবিদ্ধ বিভিন্ন পদার্থ इইলেও উভয়ের মধ্যে কিঞ্চিৎ ধর্মসাদৃশ্য আছে। সেইরূপ গুণের যে সমস্ত পরিণাম হয়, তৎসমস্তেরই প্রতিজ্ঞান ঐ প্রতিবিদ্ধ পুরুষের হয়। ভাই যোগস্ত্তে পুরুষকে বৃদ্ধির "প্রতিসংবেদী" বলিয়া বর্ণনা করা হইয়াছে। \* অত এব এই প্রতিবিদ পুরুষও স্বরূপতঃ নির্ন্ত ণ হইলেও গুণ সঙ্গে গুণীর স্থারই প্রতিভাত হন এবং গুণমগ্রী প্রকৃতিও তাঁহার প্রতিবিদ্ধ পারণ করায় তাহা চৈতন্ত্র-সমন্বিত বলিয়া মনে হয়। ইহার যে কি ফল, তাহা আমরা পূর্বে আলোচনা করিয়া আসিয়াছি। আমরা সেধানে বলিয়াছি বে, প্রত্যেক প্রতিবিম্বই আমাদিগের নিকট "আত্মা" রূপে প্রতিফলিত হয়।

মপুরুষো বৃদ্ধে: প্রতি সংবেদী।—বোগস্তা, সাধনপাদ ২০শ স্কর ব্যাসভাব্য ।

আমরা পূর্বের উল্লেখ করিয়া আদিয়াছি যে, আমাদিগের এই "আমি" ভাবটীই আমাদিগের অমর করিয়াছে। তাহা কিরপে হয় ? আমাদিগের সকল কার্যা ও সকল বৃত্তি একটা স্ত্রের দ্বারা প্রথিত হয়; এই স্ত্রেই আমাদিগের "আমি" এই স্তাটী বাহ্ন উপায়ে তক্রাভিভূত লোকের কার্যা কলাপ আলোচনা করিলেই বেশ বৃঝা যায়। একজনকে তক্রাভিভূত করিয়া, তাহাকে এক সময়ে একটা ভাব দেওয়া হইল, তাহার পর আবার অপর সময়ে তক্রাভিভূত করিয়া অপর একটা ভাব দেওয়া হইল। এই রূপে নানা সময়ে নানা ভাব দিয়া, তাহাকে তক্রাভিভূত করিয়া, যত্মি কে ?" সে বলিবে, "আমি অমুক, এবং আমি অমুক অমুক কার্যা করিয়াছি।" তক্রাবস্থায় নানা সময়ে তাহাকে যে সমস্ত ভাব দেওয়া ইইয়াছে, সে সেই সমস্ত যোজনা করিয়া বলিবে যে, সে এই সমস্ত কার্যা হইয়াছে বা তাহার সেই সেই ভাব হইয়াছে। ইহাতেই বুঝা বাইতেছে যে, "আমি"-রূপে স্ত্রে যে তক্রাবস্থায় ভাবগুলি প্রথিত করিয়াছে। এইরপে নানা অবস্থার "আমি" উদ্ভূত হয়।

স্থানত ব্ৰিতে হইলে এই "মানি"র আর একটি বিশেষত জানা আবশুক। স্থাপ ও স্বর্থি অবস্থার সামানিগের যে সকল কার্যা ও বৃত্তি, "আমি" ক্তা গ্রনিত করে, জাগ্রং অবস্থার সেই সমস্ত সাধারণতঃ স্মরণে আসে না। স্বৃথি অবস্থার ত কিছুই আসে না, তবে স্থপাবস্থার কণাও মানুক্রমিক বা পর্যায়ক্রমে জাগ্রং অবস্থার প্রকাশ পায় না। ত্ই একটা বাহা আসে ভাসা আনরা পরে আলোচনা করিব। কিন্তু ঐ সমস্ত অবস্থার সামানিগের "আমি" যে নিশ্চিন্ত বা আস্থণারা থাকে ভাসা নহে। যোগস্ত্রের ব্যাস ভায্যে এই বিষ্ত্রের আলোচনা আছে। নৈয়ায়িক প্রভৃতি শাস্ত্রকারগণ নিয়াকে চিন্তের একটা বৃত্তি বলিয়া স্বীকার করেন না। ভাহারা বলেন সকল জ্ঞানের অভাবই নিয়া কালে হয়; কারণ উক্ত কালে

কোনও জ্ঞানেরই কারণ থাকে না, তখন কি বহিরিক্রিয়, কি অন্তরিক্রিয় কাহারও ব্যাপার থাকে না. স্কুতরাং কিরুপে জ্ঞান জিরীবে। পাতঞ্জণের মতে কিন্তু নিজা একটা বুল্তি বিশেষ, কারণ জাগ্রৎ অবস্থায় উহার স্মরণ হয়। আমি স্লুখে নিদ্রিত ছিলাম, আমার মন নির্দ্দে হইয়া প্রচরুত্তি উৎপন্ন করিতেছে, বা আমি তঃখে নিজিত ছিলাম, আমার মন অকর্মণ্য হইরা অধীর ভাবে ভ্রমণ করিতেছে, অথবা আমি অতিমাত্র মৃঢ়ভাবে নিদ্রিত ছিলাম, আমার শরীরে ভারবেধে হইতেছে, চিত্ত প্রাপ্ত হইয়া অলস হইয়াছে ইত্যাদি রূপ যে অমুভব হয়, তাহার কারণ নিদ্রাও আম।দিগের প্রত্যয় বিশেষ। অতএব আমরা দেখিতেছি সম্পূর্ণরূপে শ্বরণে না থাকিলেও সেই সমস্ত অবস্থায় আমাদিগের "আমি" জ্ঞান অটুট থাকে। সাধনার দ্বারায় আবার এই তিন অবস্থায় "আমি" ভাবকে তৈলধারাবৎ বিচ্ছেদশৃত্য করা যার। এই বিচ্ছেদশৃত্য ভাব সাধকের, সাধারণের কিন্তু জাগ্রৎ অবস্থায় স্বপ্ন-চৈতন্তের সব কথা শ্বরণ থাকে না. জাগ্রৎ ও ব্যাবস্থার সুষ্প্রির কথাও শ্বরণে আদে না ; কিন্তু সুষ্প্রি অবস্থার জাগ্রৎ ও স্বপ্নের কথা স্থরণ থাকে, স্বপ্নাবস্থায় জাগ্রৎ অবস্থার বিষয় স্মৃতিবহিভূতি হয় না। বাহ্ন উপায়ে তত্ত্ৰাভিভূত hypnotised করিলেও তাহাই হয়।\*

( ক্রমশঃ )

শ্রীকিশোরীমোহন চট্টোপাধ্যায়।

Schelling, the German philosopher, relates a case he observed, in which a clairnoyante began to cry, and said

<sup>\*</sup> The hypnotised person on waking know nothing, save rarely, of what happened in the hypnotiex trance; but when he is all up his memory embraces all the facts of his sleep, of his waking state, and of previous hypnotic sleep.—Binet and Firi.

# ভূতাবেশ।

আমার কনিষ্ঠ সহোদর প্রীমান্ সতীশচন্দ্র গাঙ্গুলী আত্মিক কাহিনী সম্বন্ধে ঢাকা হইতে বে পত্র লিথিয়াছিল, নিম্নে তাহারই অবিকল প্রতিলিপি প্রদত্ত হইল।

প্রিয় দাদা মহাশয়,

\* \* বাসাতে একটা বউএর ফিট হইত। আমি তাহাকে
 বে ভাবে আরোগ্য করিয়ছি, নিমে তাহাই লিগিতেছি।

২১শে অক্টোবরই উহার প্রথম ফিট দেখি। আরও বছ পূর্ব্ব হইতেই উহার ফিট হইত; কিন্তু অন্য পর্যান্ত ডাক্টারা ও কবিরাজী ঔষধ ভিন্ন অন্য কোনও দৈব ঔষধ বাবহার করান হয় নাই, অথবা কোনও ওঝা দারাও চেষ্টা করিয়া দেখা হয় নাই যে, ইহা কি ? প্রোতাবেশ কি না, পরীক্ষা করিবার জন্ম, আমার ঔষণটি হাতে দিলাম; কিন্তু উহা নিমিয়ে হাতেই রহিল এবং সঙ্গে সঙ্গে কিঞ্চিৎ যাতনা দেওয়ারও চেষ্টা

that the death of a member of the family had taken place at a distance of 150 leagues. She added that the letter announcing the death was on its way. On awaking, she remembered nothing and was quite bright and cheerful, but when again hypnotised she again wept over the death. A week later, Schelling found her crying, with a letter beside her on the table, announcing the death, and on asking whether she had previously heard of her illness, she answered that she had heard no such news of him, and that the intelligence was quite unexpected.—Abstracted from "Isis Revelata" Vol I. page 89, 92.

করিলাম। রে।গিণী ইহাতে একটুকুও যাতনা অন্তত্তব করিলেন না। স্বভরাং সে দিন কিছুতেই বুঝিতে পাবিলাম না বে. ইহার কি বাাধি।

একটি ঔষধ বলম্বের মত করিরা হাতে বাঁধিরা কাথিতে বলিয়া সেদিনকার মত চলিয়া আসিলাম। রাত্রি আট ঘটকার সময় রোগিণীর স্বামী \* \* \* \* উহা বাম হাতে পড়াইয়া দিলেন। ধেইমাত্র উহা পড়ান হইল, তখনই ফিট হইতে আরম্ভ হইল এবং প্রায় রাত্রি ১২টার সমন্ন রোগিণী উহা কামডাইরা ছিঁডিরা ফেলিলেন।

শর্মানন প্রাতে ৮টার সময় রোগিণীর কাছে গেলাম। সেই সমরেই উহার আবার ফিট হইল। কিন্তু ১০।১৫ মিনিটের ভিতরেই ২।০ বার। উহার একটা বিশেষ লক্ষণ এই ছিল বে, রোগিণী ছই হাত জোর করিয়া প্রণাম করিতে পারিলেই ফিট ছাভিয়া যাইত। যদি জ্ঞাের করিয়া উহা করিতে দেওয়া নাহইত, তাহা হইলে ধূব রাগ হইত এবং প্রাণপণ চেষ্টা করিয়া নিরস্ত রহিত। আমি ঐ অবস্তার তাহাকে আবদ্ধ করিয়া নানাপ্রকার যাতনা দিতে আরম্ভ করি। অনেকক্ষণ পরে ক্রন্দন আরম্ভ করিল। তথন প্রশ্ন করিলাম :---

.প্রঃ। বল ভুট কে ?

উ:। তোকে কেন বলব १

প্র:। ব'লতেই হবে।

উঃ। না, বলৰ না আমার ইচ্ছা, তুই কি কর্বি।

প্র:। যাতনা দিব।

উ:। দে তুই বাতনা! ( কভক্ষণ বাতনা দেওয়ার পর ) আফি ভগবতীর মা।

প্রাঃ। তবে এখানে কেন ?

উ:। সামাকে পূজা দেওয়ার কথা হিল, এখন বলে যে, বাড়ী বেরে দিব।

প্র:। এই গোগিণী কি পূজা দিলেই আরোগা হবেন ?

উ:। হাঁ তাই হবে।

প্রঃ। মা হ'য়ে সম্ভানকে এত কণ্ট দাও কেন ?

উঃ। আমাকে পূজা দেয় না কেন, একটা পীঠা বৈ ত নয় ?

পঃ। তৃমি যদি ভগৰতীই হয়ে থাক, তা হ'লে এ সামান্ত যাতনার এত স্বস্থির হও কেন ?

🖫:। ওর (আবিষ্টার) কই হয় বলে।

প্র:। তবে তুমি যাও!

**डि:।** ना, याव ना।

প্রঃ। কেন ?

উ:। আমার ইচ্ছা।

প্রা:। আমি তোমাকে আবদ্ধ করে রাধ্লুম ভূমি দাও দেখি!

উ:। যেতে পারি কিন্তু যাব না।

প্রঃ। বল্তে পার \* \* কোথার সাছেন ? (মৃত কাজি)

উ:। বৈকুঠে।

প্রঃ। \* \* \* সম্ব আরাম ধনে ?

- উ:। হ'লে হ'তে পারে।

প্রঃ। তুমি আর্মে করে দাও না কেন ?

উ:। जाम कित ना!

প্র:। কি হ'লে আরাম হবে?

উ:। বৈভানাথ কি তারকেশ্বর গেলে।

\* \* \* বাবুৰ মা আগাৰ হবেন ?

উ:। হ'লে হ'তে পারে।

প্র:। ঠিক করে বল ?

উ:। তাঁর আর বাঁচ বার প্রয়োজন কি ? তাঁর ছেলেরা সব উপযুক্ত, তার মরণেও তত গোষ নাই!

পরে অনেকেট অনেক প্রশ্ন করিলেন, কিন্তু কোনও উত্তর না দিয়া নীরব হইয়া রহিল। আর স্থামিও তাহাকে মৃক্ত না করিয়াই চলিয়া আদিলাম। রাত্রি ৮ ঘটকার সময় যাহয়া দেখি, সেই অবস্থায়ই পড়িয়া আহ্নে। যেইমাত্র তাঁহার বন্ধন ছাড়িয়া দিলান, আবিষ্টা তথনই জ্ঞান শাভ করিলেন। ছই তিন দিবস পরে পূজা দেওয়া হইয়াছে। কিন্তু পূজা দেওয়ার পর আজ পর্যাস্তও রোগের কিন্তা প্রেতাবেশের কোনও

> মেহাণী— শ্রীসভীশচন্দ্র গাঙ্গুলী, নারিন্দিয়া, ঢাকা।

আত্মার কথামত গু'জনেরই মৃত্যু হইরাছে। যাহাকে বৈগুনাণ কিম্বা তারকেশ্বর পাঠাইতে বলিয়াছিলেন, তাহাকে ঢাকা হইতে বরিশালে আনা হয় এবং সেইপানেই তাহার মৃত্যু হইয়াছে। আত্মার কথামত বৈগুনাথ কিম্বা তারকেশ্বর পাঠাইলে যে কি শুভ ফলিত, তাহা ভগবানই জানেন। কিন্তু হাহার কথার সভ্যতা প্রমাণিত হওয়ায় এমন মনে হইতেছে যে, বোধ হয়, তিনি আরাম হইতেন। এই ভগবতীর মা যে কে তাহা ব্ঝিতে পারিলাম না। তবে কয়েক দিবস পরে অমুসদ্ধানে জানিতে পারিলাম যে, ভগবতীর মা বলিয়া একটি বৃদ্ধা স্ত্রীলোক আবিষ্টাকে বাল্যা-

বস্থায় খুব ভাগ বাসিতেন। অনুমান করি, এই ভগবতীর মাই আমাদের সেই ভগবতীর মা হইবেন।

> শ্রীস্তবেশচন্দ্র গাঙ্গুণী, চাঁদপুর, ত্রিপুরা। \*

# একটি প্রত্যক্ষদৃষ্ট ভৌতিক ঘটনা।

নিমে একটি প্রতাক্ষদৃষ্ট ভৌতিক ঘটনার বিবরণ শিপিবদ্ধ করিলাম।
ইহা স্বচক্ষে দেথিয়াছি বটে, কিন্তু আজি পর্যান্ত তাহার কারণ
নির্দেশ করিতে পারি নাই; বস্তুতঃ ইহা আমার নিকটে আজিও
প্রহেলিকার মত বোধ হইতেছে।

### ভূতের বিজম।

সে আজ অনেক দিনের কথা; সম্ভবতঃ ১৩।১৪ বংসর পূর্বের ইইবে।
আমার তথন ছাত্রাবছা। আমার একজন বিশিষ্ঠ অস্তবঙ্গ বন্ধু আসিয়া
বলিলেন, "কি হে একজনদের বাড়ীতে ওঝা আস্বে, ভূত ঝাড়ান হবে,
ভূমি দেণ্তে যাবে।" এ সব বিষয়ে আমার খুবই উৎসাহ। আন অমনই তদ্দণ্ডেই একটা পিরাণ গায়ে দিয়া বন্ধুবরের সহিত বাছির হইয়া

<sup>য়াজিক তথ্য জানিবার জন্ম অনেকেই জীযুক্ত মরেশগল্প গাঙ্গুলী মহাশয়কে পত্র লিখিয়া খাঁকেন। আমাদের অনুবোধ এখন হইতে ঘাঁহায়া উহাকে পত্র লিখিবেন,
ভাঁহায়া বেন অভিরিক্ত একখানি স্ত্যাম্প পত্রের সঙ্গে প্রেরণ করেন।</sup> 

পড়িলাম। পথে যাইতে যাইতে বন্ধুর মুখে শুনিলাম, পাথুরিয়াঘাটা অঞ্চলের কোন ভদ্রলোকের বাড়ীতে এক ১৬১৭ বৎসরের বধুকে 'ভূতে পাইরাছে', একজন খুর ভাল ওঝা আসিরাছে। অমুমান ১০০১২ মিনিটের মধ্যেই আমরা ঘটনাস্থলে উপস্থিত হইলাম। দেখিলাম, তথায় প্রায় ৩০।৩৫ জন লোক সমবেত হইরাছে। আমরাও তাহাদের মধ্যে একতলে বাঁড়াইলাম।

ওঝা ও তাখার ২ জন সাকরেদ থড়ি দিয়া ঘর কাটিতেছে এবং সেই সকল ঘরের মধ্যে সকলের চুর্ব্বোধ ভাষায় কি কতকণ্ণলি লিখিতেচে ৷ একটি ঘরের ভিতর হইতে খুব জোরে একজন স্ত্রীলোক চীৎকার করিতেছে।

ওঝা আদেশ করিল,—"উহাকে ঘর হইতে দালানে বাহির করিয়া আন।"

তংক্ষণাৎ আদেশ প্রতিপালিত হইল। আমরা দেখিলাম, এক অনিন্যস্করী তরুণী যুবতীকে প্রায় ৪।৫ জন বলবান পুরুষ ও একজন মহিলা ধরাধরি করিয়া আনিতেছে। আবিষ্টা যুবতী কর্লার জ্যেষ্ঠ পুত্রের পত্নী। স্বাশ্চর্যোর বিষয় এই যে, যুবতীকে যগেষ্ট আদানস্বীকার করিয়া আনা হইতেছে। যুবতী এক একবার ঝাণ্ট নিতেছেন, আর ছুই একজন করিয়া লোক ছিট্কাইয়া পড়িয়া বাইতেছে। সনয়ে সনরে যুবতী হাস্তরোল তুলিতেছে। চকুর্ম জবাফুলের মত রক্তবর্ণ, মুখমওল আরক্তিম. কেশপাশ আলুবায়িত; লজ্জার চিহুমাত্র নাই, বস্তুও বগারীতি শরীরে সংলগ্ন নাই। এমন অবস্থার তাহাকে ওঝার সন্মুখে আনা হইল। ওঝাকে দেখিয়াই বধু লাফাইতে লাগেল, দাঁত কড়মড় করিয়া বলিল, ''বাড়ীতে এত লোক কেন, এ লোকটা আবার কে, সৰ দূৰ করে দাও।''

ওয়া। চুপ করে থাক্। কের চেঁচাবি ত তোর দফা সেরে দিব।

বধু। তোর ঘাড় ভেঙ্গে দিব।

ওঝা। বড় বে আম্পর্কাদেখ্ছি। এই বলিরা কতকগুলি সরিষা পড়িয়া বধুর গারে মন্ত্রপুত করিয়া ছড়াইরা দিল।

বধু। ( সরিধার প্রভাবে যাতনায় চীৎকার করিয়া সেজেতে বসিরা পড়িলা, কাঁহনীর স্থরে ) ভুই চলে যা।

ওঝা। ভূই কে আগে ধল।

বধু। আমি বল্ব না।

ওঝা তথন বিজ্ বিজ্ করিয়া থানিকক্ষণ মন্ত্র পাজ্ল; তারপর একভাজে জনে ফুঁদিরা বধ্ব সন্মুথে ঐ ভাজে রাথিরা দিল এবং পুনরাষ্ কতকগুলা সরিধা-পজ়া বধ্ব গাতে নিক্ষেপ করিয়া বলিগ,—"দেধ দেখি ঐ জনে কি আছে ?"

বধু। আমি দেখব না।

ওঝা। বলিল, ভূত বড় বদ্মারেস দেখিতেছি! বেটা নিশ্চরই ছোট জেতের ভূত হবে। বেটাকে অল্লে সারেতা করা যাবে না। অতঃপর ওঝা একটা চাদর চাহিয়া লইল এবং বেশ করিরা পাকাইয়া লইয়া মোটা দাড়ের মত করিল। মন্ত্র বলিতে বলিতে উহা ঘূরাইয়া বেমন ছই ভিন লা বধুর গায়ে মারিল, অমান বধু চীৎকার করিয়া কানিয়ো কানিতে আরম্ভ করিল।

ওঝা। দেখ, ভাঁড়ের জলের দিকে চেয়ে দেখ।

ৰধ্। আমি প্ৰাণ থাক্তে পারব না। ওঝা। (তদ্বারা আবার প্রধার করিয়া) দেখ বলচি।

া ( তথ্যারা আবার প্রহার কার্য়া ) দেব বল্ছ

বধৃ। এই দেখ্ছি।

তাহার পর আবিষ্টা বধু চুপ করিয়া বসিয়া রহিল।

ওঝা ইত্যবসরে বাড়ীর শোকদিগকে বলিগ, আপনারা এই স্বায়গার গঙ্গান্ধনের ছিটা দিন এবং এ৪টা ধূম্চি আনিয়া ধূনা দিন; ধূপ জালুন। ওঝার কথামত বাড়ীর লোকেরা সমস্তই করিল। ধূপ ধূনার গন্ধে বাড়ী ভরপূর হইল। তথন ওঝার আদেশে ৩।৪ জন বলিষ্ঠ লোক বধুর ঘাড় ধরিয়া তাহাকে সেই পাত্রের জল অনেক কটে দেখাইল।

अवा। कि प्तथ् नि?

বধু। ও স্ব ঢের দেখেছি।

ওঝা। চালাকি রাথ বলছি; আমার কথার জবাব দে।

বধু। ও: ছো: হো: হো:—তোর ঘাড় ভাঙ্গব।

ওঝা। বটে। তবে এই দেখু ( এই বলিয়া পটাপট প্রহার।)

বধু। তাল গাছ দেথ ছি।

ওঝা। গাছের উপর কে বদে আছে ?

বধু। ভুবন ছলে।

ওঝা। আর কিছু দেখতে পাচ্ছিদ ?

বধু। ওরে বাবারে মেরে ফেল্লে রে।

এই সময় বোধ হইতে লাগল, ভূতটা যেন বধুকে খুবই পীড়ন ক্রিতেছে।

'अयो। ८ँठालि दकन वल ?

বধৃ। আমি ত ছাড়্ব না, তুই মিছে চেষ্টা কর্ছিস্, যা ঘরে ফিরে যা ওঝা। তুই ছাড়্বি কি না, পরে দেখা যাবে।

এই কথায় আমাদের বোধ হইল যে, ভূত আদিয়া আবার বধ্র ঘাড়ে চাপিল। কারণ জল দেখিবার সময় বৌ ঠাকুরাণীর ষেমন স্বাভাবিক মানুষের মত চাহনি ও ভাবভঙ্গি হইয়াছিল, এথন সে সবের সম্পূর্ণ পরিবর্ত্তন হইয়া গিয়াছে।

ওঝা আর কোন প্রশ্লাদি না করিয়া প্রায় ১৫ মিনিট কাল কি কতক-শুলি বিজ্ বিজ্ করিয়া মন্ত্র আওজাইল। তাহার পর ২১টা হলুদ

একটি বাঁতি চাহিয়া বইয়া উঠা কাটিতে আইন্ত করিল। এক একবার ্সরিষা প্রড়া ব্রুর গায়ে ছড়াইয়া দের এবং আসনে বসিয়া একটা একটা করিয়া হলুদ কাটে।

हैहात कन भीवहे (एशा (अन्। तक्षु भूतहे ही रकात । अ यञ्जना श्राकान করিতে লাগিল। মাঝে মাঝে বালতে লাগিল, "আমি ছাড়ব, পাঁচ শ বার ছাডব, আমার ছেডে দাও।"

ওঝা। তবে ছাড।

বধু। আগে তুমি আমার ছাড়, বাধন খুলে দাও, তবে ত আমি ছাতব।

ওঝা। আছো যা, তোর বাধন গুলে দিলাম।

বধু। হোঃ হোঃ হোঃ—আমি বেশ স্থপে আছি। হামি যাব না।

তথন ওঝা দ্বিগুণউৎসাহে পূর্বাক্থিত ক্রিয়া আরম্ভ করিলেন।

এইবার আবিষ্ঠা বধর কণ্ঠম্বর খুবই যন্ত্রণা-ব্যঞ্জক এবং ক্ষীণ হইয়াছে। ভূত অনেকটা সারেন্তা হইয়াছে ভাবিয়া, ওঝা এইবার তাহাকে বলিল, "ভবন বাপধন এইবার দরে পড়।"

বধু। যাচিছ।

ওঝা। এখনই যা, এক নিমিষও দেরী করিদ নে।

বধ। এই চল্লম।

ওঝা। 'ওরে শোন। তোকে বিশ্বাস নেই, এমন একটা কিছু ভোর কাজ দেখিয়ে দিয়ে যা, যাতে উপস্থিত ভদ্রলোকেরা বিশ্বাস করেন যে, তই গেলি।

তথন আমরা সকলে ওঝাকে বলিলাগ, "ওকে বলুন এই পেগারা গাছের ডাল্টা যদি ভুত ভেঙ্গে দিয়ে যায় "

ওঝা। ওবে ভূব্নো, এই পেয়ারা গাছের এই বড় মোটা ডালটা গোড়া থেকে ভেকে দিয়ে যা। ধবরদার আর এ মুখো হ'স্ নি।

ভূত। (বধুর মুথ দিয়া) আমি ত ছাড়ছি। কিন্তু ম'শার আমার কোন দোষ নেই। আনি এই তাল গাছের গোড়ায় বদে আরাম কর্তুম্ আবে এই বৌটাযত ঘর ঝাঁট দেওয়া ধ্লো আমার গারে ফেল্ত। তাই আমার রাগ হয় ও ওকে ধরি।

ওঝ।। তুই ওকে বারণ করতে পার্তিস ত!

ভূত। (বধূর মুথ দিয়) কে আবার বারণ করে!

ওঝা। তবে যা, এ চৌল্দীতে আর থাকিস্নো অন্ত কোথাও যা।

ভূত। যে অপমান্টা কর্লেন, তাতে এ মুরুক ছাড়তেই হ'ল। এ পর্যাম্ভ কত ওঝা এল গেল, কেউ আমাকে পারে নি।

ওঝা। তবে যা বল্লাম তাই কর।

বলিতে এখনও শ্রীর শিহরে, সেই 'জল জ্যান্ডো' পেয়ারা গাছের মোটা ডালটা আমাদের সকলের চকুর স্মৃত্থ মড়্মড়্করিরা ভাঙ্গিরা পড়িল। তারপর একটা প্রবল বাতাদের দাপট যেন সেই সভভগ্নশাৎ বৃক্ষের মাথার উপর দিয়া চলিয়া গেল। বিশ্বরের বিষয় এই বে. বধ্ঠাকুরাণী এতক্ষণ বদিয়াছিলেন, তিনি এখন অজ্ঞান হইয়া মেজেতে পড়িয়া গেলেন। ওঝা দর্শকদিগকে চলিয়া যাইতে বলিলেন। আমরা এই বিশ্বয়কর ঘটনায় অবাক হইয়া ওঝার আদেশমত চলিয়া আসিলাম।

শ্রীঅমূল্যচরণ সেন।

# অলৌকিক রহস্য।

১০ম সংখ্যা

ভূ তীয় বৰ্ষ।

[বৈশাৰ, ১৩১৯।

## অশ্ৰুতপূৰ্ব প্ৰতিশোধ।

নাগপুরের নিকট পুরাকালে মোপা নামক একটি নগর ছিল। তথার ব্রহ্মগোপাল নামক একজন স্থপত্তিত বাস করিতেন। এই নগর তৎকালে বর্দ্ধরাজ্যের অন্তর্গত ছিল। রাজসকাশে ব্রাহ্মণের পাণ্ডিত্যের ও সৎ চরিত্রের জন্ম বিশেষ স্থনাম ছিল। ব্রাহ্মণ বাটীতে বিভালয় স্থাপন করিয়া অধ্যাপনার আরে জীবিকানির্বাহ করিতেন। বেদাঙ্গ জ্যোতিষ গণিত আয়ুর্বেদ প্রভৃতির অধ্যাপনার জন্ম বিভালয় বিখ্যাত ছিল।

শক্রর আক্রমণে বর্দ্ধরাজ পরাভূত হওয়ায় ব্রাহ্মণকে সপরিবারে তিন বংসরকাশ নানাস্থানে ঘুরিয়া অতি কষ্টে দিন নির্বাহ করিতে হইল,। পরে কোন গতিকে শক্রগণ বিতাড়িত হইলে পুনরায় রাজ্যে শাস্তি-স্থাপন হইল ও ব্রজগোপালও স্থাদেশে ফিরিয়া আসিলেন। জ্যেষ্ঠ সন্তানটি বিশেষ শিক্ষিত হওয়ায় তাহার সাহায্যে পুনরায় একটি বিত্যালয় স্থাপন করিয়া ভাল করিয়া চালাইতে লাগিলেন।

ব্রজগোপালের কনিষ্ঠা কলার বয়:ক্রম পঞ্চনশবর্ধ ইইয়াছে। কলা স্থানী, এ কারণ নগরন্থ জনৈক ধনী ব্যক্তির তাহার উপর দৃষ্টি পড়ে, তিনি উহাকে ধবিবাহ করিতে ইচ্ছাপ্রকাশ করিলেন। ধনী হইলে কি হইবে পাত্রটি অতি হ্রাচার, লম্পট, শঠ ও প্রভারক এবং বঙ্গাও অধিক

হইয়াছে; এর্নাপ পাত্রে কন্তা-সম্প্রাদানের ব্রজগোপালের ইচ্ছা কিছুভেট হইল না, অথচ প্রকাশ্যে তাহাকে প্রত্যাখ্যান করিতে সাহস হইল না : কিন্তু পুনঃ পুনঃ বাটীতে আসিতে থাকায় অগতা ব্ৰন্ধগোপাল ভাছাকে শ্পষ্টই বলিতে বাধ্য হইলেন, তাঁহাকে কন্তাদান করা হইবে না ও তিনি আর যেন এই বাটীতে না আসেন :

একে ধনবান তায় প্রবৃত্তির দাস, তাহার এরূপ প্রত্যাখ্যান সহ হইল না, সে মহাকুদ্ধ হইয়া বলিল, ''আমি কোন গতিকে এই কন্তাকে গ্রহণ করিবই করিব এবং আমার অপমান করার জন্ম তোমাকে বিশেষ প্রতিশোধ না দিয়া ছাডিব না।"

ব্রজ্ঞগোপাল বুঝিলেন, তাঁহার কার্য্যবশতঃ তাঁহাকে কণ্ট পাইতে **হইবে. ধনবান প্রতিবেশীর সহিত বিবাদ করা বড সহজ্ব ব্যাপার নহে** ! তাঁহার বিরুদ্ধে মধ্যে মধ্যে নানাপ্রকার ষড্যন্ত, মিণ্যাপবাদের উৎপত্তি ছইতে লাগিল, কিন্তু ব্রাহ্মণের নির্মাণ চরিত্র বশতঃ তাহাতে বিশেষ ফল ছইতে পারিল না। একরাত্রে ব্রজগোপাল চীৎকারের শব্দে নিদ্রোখিত কুইয়া শুনিলেন, ওাঁহার কনিষ্ঠা কন্তার গৃহ হইতে চীৎকার আসিতেছে : নিজে তরবারি হত্তে বাহির হইয়া দেখিলেন,—উক্ত ধনী ব্যক্তি ছইটি লোক সহ তাঁহার ক্তাকে ধরিরা লইয়া যাইতেছে, ক্রোধান্ধ হইয়া তরবাবি আঘাতে প্রত্যাখ্যাত ধনী পাত্রকে শমন-সদনে প্রেরণ কারলেন এবং অপর তুইজন লোক কর্ত্তক আপনিও গুরুতর আঘাত প্রাপ্ত হইলেন। এইরপে ক্যাকে রক্ষা করিয়া ব্রাহ্মণ উক্ত হত্যার জন্ম বিশেষ চিস্তিভ इट्टेट्सन।

অনেক চিম্ভার পর শেষে রাজদারে উপস্থিত হওয়াই সঙ্গত মনে ষ্করিয়া অতি প্রত্যুবে শিবিকারোহণে রাজসমীপে উপস্থিত হইয়া সমূদ্য ঘটনা বিবৃত্ত করিলেন। রাজাও উক্ত হত ব্যক্তির চরিত্র অবগত ছিলেন।

তিনি ব্রহ্ণগোপালের কার্য্য দোষশৃত্য হইরাছে এবং হত ব্যক্তির পক্ষীর লোকের নিকট হইতে হত্যার কারণ কোন নালিস লওয়া যাইবে না এবং ব্রহ্ণগোপালের হত্যাপরাধ রাজহারে আলোচিত হইয়া তাহা ক্ষমাযোগী হওয়ায় উহাকে সম্পূর্ণভাবে অব্যাহতি দেওয়া হইল বলিয়া চতুর্দিকে ঘোষণা করিয়া দিলেন। রাজা পরিশেষে ব্রহ্ণগোপালকে বলিলেন, "আমি আপনাকে রক্ষা করিলাম বটে; কিন্তু আপনার বিরুদ্ধে হত ব্যক্তির পক্ষ হইতে এত অত্যাচার হইতে থাকিবে যে, সকল সময়ে আমিও আপনাকে রক্ষা করিতে সমর্থ হইব না. এ কারণ আপনি বিশেষ সাবধানে থাকিবেন।

ব্রজগোপালের এইবারে সময় মন্দ পড়িল। বিনা কারণে বিভালয়ের ছাত্র ছাড়িয়া যাইতে লাগিল। কাজেই সংসারে অর্থাভাব দেখা দিল। তাঁহার একজন সম্ভানহান আত্মীর ছিল, তিনি প্রচুর অর্থের অবিপতি ছিলেন এবং ব্রজগোপাল ব্যতীত তাঁহার অস্ত উত্তরাধিকারী ছিল না। ব্রজগোপাল তাঁহার নিকট যাইয়া নিজ ত্রবস্থার বিবয় জানাইয়া কিছু সাহায্য প্রার্থনা করায় তিনি কোন বিশেষ কারণ না থাকা সত্তেও ব্রজগোপালের উপর চটিয়া উঠিলেন এবং কোন অর্থাদি ত দিলেনই না, অধিকস্ক তাঁহার মৃত্যুকালে অর্থাদি অস্তকে দিয়া যাইবেন এবং যাহাতে ব্রজগোপাল কিছুমাত্র না পায় তাহার বন্দোবস্ত করিয়া যাইবেন বলিয়া প্রতিজ্ঞা করিলেন। ব্রজগোপাল তাঁহার মনোভাব-পরিবর্তন নিজ হংসময়ের ফল বুঝিলেন, বিশেষ কিছু না বলিয়া আত্মীয়ের স্থানে বিদায় লইলেন।

একদিন রাত্রে অকস্মাৎ তাঁহার মনোমধ্যে উদয় হইল, তিনি উক্ত আস্মীয়কে হত্যা করিয়া তাঁহার অর্থাদি লইয়া আসিয়া সংসারে স্থা হইবেন। ধর্মান্তীক ব্রাহ্মণ এই ভাব মনে আসায় তাহা চাপিয়া ফেলিলেন এবং কির্মণে এরূপ কুভাব উদয় হইল তাহার চিস্তা করিতে করিতে বুঝিলেন, ইহা সেই তাঁহা কর্ত্বক হত ব্যক্তির কাজ, সেই ফুর্দান্ত ব্যক্তিই তাহার মন্তিক মধ্যে এই কুভাব প্রবেশ করাইয়া দিতেছে। পরে মধ্যে মধ্যে করেকদিন স্বপ্নযোগে হত ব্যক্তি ব্রজগোপালকে দেখা দিয়া তাহাকে আত্মীর হত্যা করিবার জন্ত প্রলোভন দেখাইয়াছিল। কিন্তু ব্রাহ্মণের মনের বল বেশী থাকায় কিছুতেই তাঁহা ঘারা এরূপ নৃশংস কার্য্য সম্পাদন করান সম্ভব নহে বুঝিয়া, হত ব্যক্তি অন্ত উপায় অবলম্বন করিল।

ব্রহ্মগোপাল বসিয়া আছেন, অকস্মাৎ রাজ্বদূতগণ তাঁহার বাটীতে উপস্থিত হইরা তাঁহাকে উক্ত ধনা আত্মীয়ের হত্যাপকারী বলিয়া ধুত করিয়া লইয়া যাইবে জ্বানাইল। হত্যাসৰদ্ধে গোঁহার কোন অপুরাধ নাই ও হত্যার বিষয় তিনি অবগড়ত্ত নহেন বলায়, রাজদূত্যণ তাঁহাকে ছাডিল না। তিনি কারাগারে নীত হইলেন। কয়েকদিন পরে বিচারার্থ ধর্মাধি-করণে নীত হইলেন। তাঁহার নিজ তরবারি রক্তাক্ত অবস্থায় উক্ত আত্মারের গৃহমধ্যে পাওয়া গিয়াছে, মপ্রমাণ হইল। মৃত আত্মারের এক ভূত্য আসিয়া কহিল। ঘটনার দিন রাত্রে ইনি আমার মনিবের বাটীতে যান, আমি ছার খুলিয়া দিয়াছিলাম, তাঁহার মরের মধ্যে বাকবিততা হইতেছে শুনিলাম, পরে হড়াছড়ি শুনিয়া দার খালয়া দরের মধ্যে প্রবেশ করিতে যাইলে ভিতর হইতে দার বন্ধ থাকা হেতু চুকিতে পারিলাম না। ইহার পর গোঁরানি শব্দ পাইতে লাগিলাম। করেক ঘণ্টা পরে মরে ঢুকিরা কাহাকেও দেখিতে পাইলাম না, কেবল ঘরের মধ্যে রক্ত ও হড়াছড়ি বশত: জিনিষপত্র কেবল ছুড়ান রহিয়াছে দেখিলাম। অন্ত ছুইজনে সাক্ষ্য দিল, ভাহারা ব্রজগোপালকে উক্ত আত্মীয়ের বাটীতে সেই দিন সন্ধাস ঢুকিতে দেখিয়াছে। একজন বলিল, সে রাত্রে দেখিয়াছে बद्धाशानान शृष्टि अकृषि धरनत माथा कि श्रुतित्रा विह्ता नहेना बाहर्ष्डह,

থকের আকার যেরূপ তাহাতে তাহার মধ্যে মৃত দেহ থাকাও সম্ভব হইতে পারে। সেই সময়ে তাহার চেহারা অতিশর ভীতিগ্রস্ত ও সে চতুর্দিকে দৃষ্টি করিতে করিতে নদীর ধারে যাইতেছিল। যে মৃতদেহ পাওয়া গিয়াছে তাহার মৃথ মাছে থাইয়া ফেলিয়াছে; কিন্তু তাহার পরিধের বস্তাদি দেখিলে তাহা যে উক্ত মৃত ব্যক্তির শরীর, তাহা চিনিতে আর কোন কট হয় না, চাকর সেই দেহ তাহার মনিবের দেহ বলিয়া চিনিল।

ব্রঙ্গগোপালের নিজের তরবারি উক্ত মৃত আগ্রীয়ের ঘরের মধ্যে *বু*কায়িত অবস্থায় পাওয়া গিয়াছে ও মৃতদেহের আখাত উক্ত তরবারি দারা আঘাতের মত বটে দেখা গেল। এই সকল অবস্থায় ব্রন্ধগোপালও চমকিত ও বিমৃঢ় হইলেন ও এই সকল সাক্ষা ও তরবারি ঐ স্থানে থাকা প্রভৃতির কারণ কিছুই নির্ণয় করিতে পারিলেন না। তিনি নিজেকে নির্দ্ধোষ বলিয়া প্রকাশ করিলেন মাত্র। বিচারপতি এই সকল প্রমাণ পাইয়া বান্ধণকে নির্দ্ধোষ বলিতে পারিলেন না. কিন্তু ব্রাহ্মণের অতি নির্মান চরিত্রের প্রতি লক্ষ্য করিরা দণ্ড স্থির করা বন্ধ রাখিলেন। ছই এক দিনের মধ্যেই অন্ত এক সাক্ষ্য জুটিল, সে বলিল আমি ঘটনার দিন সন্ধা-কালে উক্ত মৃত ব্যক্তির ঘরের জানালার নিকটে দাঁড়াইয়াছিলাম, তুইজনের স্থর বেশ স্পষ্ট বুঝিতে পারিতেছিলাম। ব্রঞ্গগোপালকে তাহার আগ্রীয় বলিতেছে, বাবা আর কেন ছাড়িয়া দেও। ব্রজগোপাল তাহা না শুনিয়া তাহাকে তরবারির আঘাত করিতে লাগিল ও শেষে দেখিলাম. ব্রজগোপাল একটা থলি পৃষ্ঠে করিয়া বাহির হুইয়া নদীর দিকে যাইতেছে। তাহার মুধে ভরের চিহ্র ও কাপড়ে রক্তের দাগ রহিয়াছে। ব্রজগোপালের একটি রক্তাক্ত জামাও আদালতে উপস্থিত করা হইল।

বিচারপতি তাঁহার প্রাণদণ্ডের আজ্ঞা দিতে বাধ্য হইলেন ও বলিলেন, ব্রহ্মগোপালের মত ধার্ম্মিক ও পণ্ডিত লোকের ক্রোধান্ধ হইয়া এক্ষপ নৃশংস কার্যা অতি গহিত হইরাছে। ব্রজগোপাল প্রমাণ দেখিয়া স্তম্ভিত হইয়া রহিলেন ও বলিলেন. "আমার বিশ্বাস আমার উক্ত আত্মীয় মরে নাই. তিনি নিরুদ্দেশ থাকিয়াই আমার প্রাণনাশক হইলেন।" প্রহরীরা ব্রজগোপালকে কারাগারে লইয়া গেল। পরদিন প্রতাষে তাঁহাকে প্রাণদত্তে দণ্ডিত করা হইবে।

জনৈক মিশরদেশীর সন্ন্যাসী ভারতের নানা তীর্থ ভ্রমণ করিতে করিতে একদা ব্রহ্মগোপাদের বাটীতে অতিথি হয়েন। তৎফলে ব্রহ্ম-গোপাৰ তাঁহার নিকট গুপ্তবিদ্যাসম্বন্ধে অনেক শিক্ষালাভ করিয়াছিলেন ও হিন্দুদের ও মিশরীদের মধ্যে গুপ্তসাধনের সাদৃগ্র বৃঝিয়া বড়ই পুলকিত হইতেন। উক্ত সন্ন্যাসী অকস্মাৎ রাত্রে কারাগারে ব্রজ্গোপালকে দর্শন দিয়া বলিলেন, "বংস ভূমি ভয় করিও না, তুমি প্রাণঘাতক নহ, তোমার উক্ত আত্মীয় মরেন নাই, জীবিত আছেন। তোমার এই দণ্ডের জস্ম তুমি মনে কোভ করিও না, তোমার অন্ম জন্মের কর্ম্মের ফল এই জন্মে এই দণ্ডের দ্বারা ক্ষয় হইল। এই ঋণশোধ দ্বারা সাধনমার্গে তোমার পথ পরিষ্কার হইরা আসিল। প্রাচীন ঋণ শোধ হইতেছে বলিয়া সন্তুষ্ট-চিত্তে তোমার এই ঝণশোধ করা উচিত। বদিও এই দণ্ড অন্যায় হইয়াছে : কিন্তু প্রকৃত প্রস্তাবে ইহা অন্তার নহে। এই দণ্ড তোমার আত্মীরের মৃত্যু জন্ত নহে, কিন্তু পূর্বজন্মের তোমার অপরাধের জন্ত। যাঁহার আদেশ কেহ অমাক্ত করিতে পারে না. তাঁহার আদেশ তোমাকে জানাই-বার জন্ম আদিষ্ট হইয়া আমি তোমার নিকট আসিয়াছি। তুমি আমাকে এক সময় অতিথিসংকারে সম্ভষ্ট করিয়াছ। আমি নিজে তোমাকে হাত ধরিয়া সাধনপথে অগ্রসর হইতে থাকিব, অতঃপর তোমার পথে কষ্ট রহিল না। যিনি আমাকে এই কার্য্যের ভার দিয়াছেন, জাঁহার আদেশ কেহ লজ্মন করিতে পারে না, তজ্জ্ম ভর করিও না। যাহাদের তুমি এই জ্বন্মে ভালবাদ, তোমার মৃত্যুতে তাঁহাঁদের কোন কট হইবে না। উপস্থিত যদিও ইহা দেখিতে মন্দ; কিন্তু ইহা তোমার পক্ষে অতিশয় ভাল হইতেছে।" এই বলিয়া সন্ন্যাসী অন্তর্হিত হইলেন।

পরদিন ব্রজগোপালের প্রাণদণ্ড করা হইল।

তৃতীয় দিবদে রাজপ্রহরীগণ একজন লোককে ধরিয়া রাজসমীশে উপস্থিত করিল। ইনি ব্রজগোপালের কথিত মৃত আত্মীয়। তথন সকল ষড়যন্ত্র প্রকাশ হইয়া পড়িল। তিনি বলিলেন, আমি ইচ্ছা করিয়া नुकाहेब्रा थाकि नारे। ब्रक्षरभाभान कर्जुक २७ प्रते मृठ धनी वाख्नि পুনঃ পুনঃ আমার নিকট প্রকাশ হইয়া আমাকে লুকাইয়া থাকিতে বাধ্য করিয়াছিল, এবং ত্রজগোপালের উপর দোষ চাপাইতে যাহা কিছু যোগাড় করিতে হইয়াছিল তাহা তাহার মাহায়েই হইয়াছিল। রাজা ইহা শুনিয়া উক্ত মকদমার সাক্ষাদের ডাকাইলেন এবং প্রত্যেককে অন্সের অসাক্ষাতে জবানবন্দী লইলেন। সকলেই উক্ত যুক্ত ব্যক্তির প্ররোচনায় এই ৰলিতে বাধ্য হইয়াছিল, স্বীকার করিল। ধার্মিক মহৎ ব্রাহ্মণকে বিনা অপরাধে প্রাণদত্তে দণ্ডিত করা হইয়াছে রুঝিয়া, দেবতাদের পূঞা দিলেন ও ব্রজগোপালের স্ত্রী-পুত্রদের সংসার্ত্রনির্ব্বাহের জন্ম ব্যবস্থা করিলেন। আর সেই ব্রজগোপালের কনিষ্ঠা কলা, মাহার জন্ম এত গোল-্রোগ ভাহাকেও যথেষ্ট অর্থ দিলেন। অজ্ঞানে ব্রহ্মহন্ত্যার আদেশ দেওয়া দেওয়া হেতৃ প্রায়শ্চিত্ত করিয়া রাজা কতকটা শাস্তি পাইলেন। এই রিবরণ হইতে স্থামর৷ বুঝিতে পারিতেছি যে শক্ত মরিয়াও অনিষ্টসাধনে কান্ত হয় নাই এবং লোকের মনে কুচিন্তা উৎপাদন করিয়া সেই চিস্তা এত বলবতী করিয়া দিয়াছিল যে, আহারা হিতাহিতজ্ঞানশূর্য হইয়া একজন দেশপ্রসিদ্ধ ধার্মিক নিরীহ ব্রাহ্মণকে প্রাণদণ্ডে দণ্ডিত করাইতে প্রভাংপদ্ম হইল নাৰু এই ব্যাপার অর্থাৎ লোকের মনে সুৎ বা অসৎ

চিন্তার উদয় করাইবার শক্তি সকলেরই আছে। যেরপ এন্থলে মৃত ও প্রত্যাখ্যাত পাত্র ব্রাহ্মণের সর্বনাশ করিল, সেইরূপে কেহ কাহারও মঙ্গল করিতে ইচ্ছুক হইরা অভীষ্ট ব্যক্তির মঙ্গল করিতে পারে। ইহা হইতে বেশ স্পষ্ট বুঝা যায় যে, আমরা কেবলমাত্র চিন্তাশক্তির সাহায্যে বিপন্ন জীবের কত উপকার করিতে পারি। আবার লোকের মনে কষ্ট দিয়া তাহাকে শক্ত করিয়া তাহার দ্বারা আমাদের কতই না অপকার হইতে পারে। বেশ্রাপল্লী, মদের দোকান প্রভৃতি স্থানে কামচিন্তার ও পানাসক্তি-ঘটিত চিন্তা নিয়ত হওয়ায় ঐ সকল চিন্তা মূর্ত্তিপরিগ্রহ করিয়া সেই সেই স্থানের শৃত্যে বিচরণ করিতেছে। ঐ সকল স্থানে যাইলে লোকের মনে উহারা উক্তরূপ চিন্তা উৎপাদন করিতে চেন্তা করে, একটু আসক্ত লোক পাইলে একেবারে তাহাদের মন্তিক্ষে উক্তরূপে চিন্তার উদয় করিয়া তাহাদিগকে লোভসংবরণে আসক্ত করিয়া ফেলে। যাহা চিন্তামূর্তিসম্বন্ধে অনেক বলা আবশ্রক তাহা স্বত্তর প্রবন্ধের বিষয় বলিয়া এন্থলে কাস্ত থাকা গোল।

চিন্তান্ত্রোতপরিচালনা অর্থাৎ সমং এক প্রকার চিন্তা করিরা সেই চিন্তা অব্দরের মনে উদয় করান অতি সহজ; কেবল অভ্যাসসাপেক। ছইজনে ছই বরে বসিরা সামান্ত একটি বিষয় লইরা আরম্ভ করিতে হয়। এস্থলে আধুনিক একটা ঘটনা আমরা প্রকাশ না করিয়া থাকিতে পারিলাম না।

বাঁহারা সংগুরু লাভ করিয়া পরিব্রাজকদীক্ষা লাভ করিয়াছেন, এরপ সাধকদের অধীনে অনেকগুলি করিয়া যুবককে কাজ করিতে দেওয়া হয়, এই নিয়োগ সংগুরুগণই করিয়া পাকেন। ইহার উদ্দেশু বাঁহারা ভবিষ্যতে শিষ্যত্ব লাভ করিবেন এরূপ যুবকদের শিক্ষা দেওয়া,ও তাঁহাদের কর্মকল শীগ্র শীগ্র কর করান। এই শ্রেণীর যুবকদের দৈবী-সেবক বলে। নিজাবশে ইহাদের শরীর গৃহে পড়িয়া থাকে, স্ক্লদেহে ইহারা শিক্ষের নিকট উপস্থিত হইয়া তাঁহাদের আদেশনত বিপর জীবের বিপছদার, সম্মত লোককে শান্তিদান প্রভৃতি কার্য্য করিয়া থাকেন।

এইরূপ একজন দৈবী-দেবক উক্তরূপ একজন শিয়ের নিকট উপস্থিত হইলেন। তথন রাত্রি নয়টা। শিয় তথনও লিখিতেছেন, বিলম্ব আছে দেথিয়া দৈবী-দেবক বঙ্গোপসাগরের উপর বেড়াইতে লাগিলেন। স্ক্র্মা দেহে আসিয়াছেন কাজেই সর্ব্বত্র অবাধে যাতায়াতে সমর্থ, সমুদ্রের উপর শৃন্তে ভ্রমণ করিতে করিতে দেখিলেন একটি জাহাজ যাইতেছে, তন্মধ্যে এক প্রকার নীলবর্ণের আলোক দেখা যাইতেছে। তাঁহাদের জ্ঞানা আছে, এই আলোক যে স্থান ইইতে বাহির হয় সেই স্থানেই সাহায়্য আবশ্রক। তিনি জাহাজের ভিতর অবতরণ করিয়া যে স্থানে আলোক দেখা যাইতেছে, সেই কেবিন নদে ঘাইয়া দেখিলেন জনৈক কর্মচারী বন্দুক সন্মুণে রাধিয়া আয়হতা। করিতে ক্রতসঙ্কল্প হইয়া ঈশ্বর প্রবণ করিয়া লইতেছেন।

এই নীল আলোক চর্ম্মচক্ষে দেখা যায় না। আমাদের কণিত দৈবী-সেবকটি নৃতন ব্রতী, এন্থলে কি করা আবশুক স্থির করিতে না পারিয়া তৎক্ষণাৎ শিয়ের নিকট যাইয়া তাঁহাকে অবস্থা বলিলেন, তিনি বিলম্বে কার্যাহানি ব্রিয়া নিজ কর্ম্ম বন্ধ রাখিয়া বে চেয়ারে বিসিয়া লিখিতেছিলেন, তত্পরি উপবেশনাবস্থায় নিজ স্থূলশরীর সমস্ত দেখিয়া ব্রিলেন, অর্থাৎ লোকটার চিস্তা দেখিয়াই শিশ্য ব্রিলেন কোন যুবতীর প্রেমে পড়িয়া প্রকাশ হইয়া পড়িবার সম্ভব হওয়ায়, বদনাম অপেকা প্রাণত্যাগ শ্রেয়ঃ বোধে আত্মহত্যায় ব্রতী ইইয়াছেন।

যাহা হউ,ক, অবিলম্বে প্রতীকার না করিলে কার্য্য দণ্ড হর দেখিয়া শিষ্য মহাশয় দেখিলেন, লোকটির বৃদ্ধা মাতা বাটীতে আছেন। তাঁহার উপর ইহাঁর যথেষ্ট ভঞ্জি শ্রনা আছে বুঝিয়া লোকটির মনে তাঁহার মাতৃভক্তির ও তাঁহার দেহত্যাগে মাতার কিরূপ শোক ও ক্লেশ হইবে এই ভাব প্রবেশ করাইরা দিলেন, তাহাতে লোকটি একটু ইতঃস্ততঃ করিয়া শেষে হত্তারে বাসনা ত্যাগ করিয়া বন্দুক দূরে রাখিয়া কাঁদিতে লাগিলেন।

শেষে ইহাঁর মনে এই ভাব দেওয়া হইল তুমি ক্যাপ্টেনের নিকট ষাইয়া সমুদয় কথা খুলিয়া বলিয়া তাহার আশ্রয় লও, ইহাতে তিনি দয়া করিলেও করিতে পারেন।

লোকটির মনোমধ্যে এই ভাব দৃঢ়ীৰূত হইলে তিনি উঠিয়া সেই রাত্রেই ক্যাপ্টেনের কেবিনে যাইলেন। শিশ্য মহাশয়ও তাঁহার অধীনস্থ रेपवी-स्मवक क्रेब्स्ता कार्रित्व चरत बाहरलन। कार्य एकेन ममुमन्न শুনিলেন ও শুনিয়া তাঁহাকে রক্ষা করিতে সম্মত হইলেন, তহবীল ভাঙ্গার বিষয় তিনি প্রকাশ করিবেন না, ক্রমশঃ কর্মচারীর বেতন হইতে কাটিয়া লইয়া তাহা পূরণ করা হইবে, স্থির হইল।

এইরপে লোকটিকে আত্মহত্যার কবল হইতে রক্ষা করা হইল।

পূর্ব্বোক্ত ঘটনাটতে ব্রজগোপালকে যে মিসর দেশীয় সন্ন্যাসী দেখা দিয়াছিলেন, তিনি একজন ঋষি ও মুক্ত পুরুষ। ব্রন্ধগোপালের মৃত্যুর পর হইতে সর্বদাই তাঁহাকে নিজের নজরে রাখিয়া সাধনের পথে ক্রমশ: অগ্রবর্ত্তী করিতেছেন। পরজন্মে ব্রন্ধগোপাল পারশু নগরে জন্মগ্রহণ করেন এবং পারস্ত দেশের জোরোয়াষ্ট্রীয়ান ধর্মসংস্কার জন্ত তৎকালে জারা গুষ্টানামক যে মহাপুরুষ জন্মগ্রহণ করিয়াছিলেন তাঁহার দক্ষিণহস্তস্বরূপ ছিলেন। তাহার পর ব্রজগোপালের ভারতবর্ষে জন্ম হয়; ব্যাসাবতার বুদ্ধদেবের শিষ্যত্ব লাভে এই জন্মে ইহার অত্যধিক উন্নতি হইয়াছিল। ইহার পরেও তিনি বৌদ্ধকুলে ভারতবর্ষে জনা লইয়া বিথ্যাত বৌদ্ধধর্মপ্রচারক আর্য্যসঙেবর সহিত দেশে দেশে ধর্ম সংস্কার ও প্রচার করিয়া গিয়াচেন।

বর্ত্তমান জন্মে ইহার নাম রুঞ্চমূর্ত্তি, অধুনা তাঁহার বরঃক্রেম সপ্তদশ হইবে, এবারে তিনি ব্রাহ্মণকূলে জন্মগ্রহণ করিয়াছেন, এবং তাঁহার পূর্বোক্ত গুরুদেবের সাধায়ে পরিব্রাজক-দীক্ষা লাভ করিয়াছেন। তাহার স্থুল শরীর চতুর্দশ দিন কাল বন্ধুদের দারা বত্নে রক্ষিত ছিল। স্ক্র শরীরে হিমালয়ে যাইয়া দীক্ষা লাভ করেন। এই দীক্ষার ফলে তিনি মৃক্তির স্রোত্তে ভাসিতেছেন। কোন প্রালোভনে তাঁহার পতনের আব আশক্ষা নাই।

সংগুকর যাঁগার উপর লক্ষা পড়ে তাঁহার উন্নতি এইরপেই হইরা থাকে ও তাহাদের বিপদ আপদ আপাততঃ দেখিতে অক্সায় বোধ হইলেও ভবিষ্যতের ভালর জন্মই হইরা থাকে। এইরপ গুরুই জীবনে সরণে জন্ম হইতে জন্মান্তরে শিষ্যকে চিনিয়া লইরা তাহাকে সাধনমার্গে অগ্র-বর্ত্তী করাইতে থাকেন।

শারে বাঁহাকে জগৎগুরু বলে, যিনি পৃথিবার সর্ব্যক্ষার ধর্মের রক্ষার কার্যাের ভার লইয়া আছেন, সেই ভগবন মৈত্রের ঋষি সম্প্রতি জগতে নরদেহে অবতীর্ণ হটবেন বলিয়া উক্তও সাধকমগুলী ঘোষণা করিভেছেন। এতত্বপলক্ষে তাঁহার আবির্ভাবে যাহাতে তাঁহার রুপালাভে ধন্ম হইতে পারেন এই আশায় ভক্তমগুলী মধ্যে Order of the Star of the Last নামক একটি সমিতি বারাণসী প্রীতে স্থাপিত হইয়াছে। জগতের নানা ধর্মাবেলম্বী লোক সেই সমিতিতে গোগদান করিয়া ভগবানের আবির্ভাবের প্রতীক্ষা করিতেছেন। তন্মধ্যে অনেকের মনে এইরূপও ধারণা ইইতেছে যে, ভগবান মৈত্রের যে আধারে পৃথিবীতে প্রকাশ হইবেন, সেই পবিত্র আধার বোধ হয় ব্রাহ্মণ শরীতে

হইবে, কারণ এরপ নিষ্পাপ ও পবিত্র দেহ জগতে অন্তত্ত চুর্লভ। এমনই উন্নত অবস্থা আমাদের ঘটনায় লিখিত ব্রন্ধগোপালের হইয়াছে।

পরিশেষে ইহাও বলিয়া রাখা উচিত যে, উপরি-উক্ত গুইটি বিশ্বরকর ঘটনা জনৈক দিবাদৃষ্টিসম্পন্ন সাধক কর্ত্তক দৃষ্ট হইয়া তাহা 'থিয়সফিষ্ট' পত্রে প্রকাশিত হয়। শেষোক্ত ঘটনার সংগুরুশিয়া তিনি স্বয়ং এবং ইহা তাঁহার অধীনস্থ একটি দৈবী-সেবকসম্বন্ধীয় ঘটনা।

শ্রীকার্ত্তিকচন্দ্র বন্দ্রোপাধায়।

#### প্রেতের ক্রীড়া।

কলিকাতারই কোন সম্ভ্রান্ত পরিবার মধ্যে একবার প্রেতের ক্রীডা আমরা দেখিরাছিলাম। তাহার বিবরণ নিম্নে প্রদান করিলাম।

ঐ পরিবারের \* \* নাৰ্ব পত্নীবিয়োগ হয়। \* \* নাব্ শিকিত এবং সাধুচরিত্র লোক। তাঁহার বয়স ৩১।৩২ এর বেশী হইবে না। তাঁছার চুট্টি মাত্র শিশুপুত্র বিভাষান। পাছে পুত্রদের কট্ট হয়, সেইজন্মও বটে ও দ্বিতীয়বার দারপরিগ্রহে ইচ্ছানা থাকায় তিনি আর দারপরিগ্রহ করেন নাই। মৃতা পত্নীর ছায়ামূর্ত্তি একদিন রাত্রিতে \* \* বাবুর সম্ব্যুপে উপস্থিত হইয়া তাহাকে দ্বিতীয়বার দারপরিগ্রহ করিতে অমুরোধ করে এবং কাহাকে বিবাহ করিতে হইবে, ভাহাও বলিরা দের। ছারামূর্ত্তি আরও বলে, "বিবাহ না করিলে আমাদের ছেলেদের কে यक्न कतिरव ? यमि তুমি বিবাহ না কর, তাহা হইলে আমার ছেলেদের আমি নিজের কোলে টানিয়া লইব।"

পরদিন প্রাতে এই কথা \* \* বাবু বাড়ীর গুরুজনদিগকে বলিলেন। তাঁহারা মৃতা বধুর এই আকস্মিক আবিভাবে ও কথাবার্ত্তায় খুবই বিশ্বরও আশঙ্কা বোধ করিলেন।

্সেই দিন রাত্রিতে আবার ছায়ামূর্ত্তির আবির্ভাব। ছায়ামূর্ত্তি আবার তাহার স্বামীকে জিজ্ঞাসা করিল, "তুমি কি বিবাহ করিতে অসমত ?"

স্থা। দিতীয়বার বিবাহে আমার ইচ্ছা নাই। সে হয়ত আমার ছেলে ছটিকে কষ্ট দিবে। তার উপর তুমিও হয়ত উপদ্রব করিবে।

ছা। না-না। আমি কোন অত্যাচার করিব না। বরং আমি তার সঙ্গে সঙ্গে থাকিব, তাকে রক্ষা করিব। আগামী বৈশাথ মাসেই তাহা হইলে তুমি তাকে বিবাহ কর।

স্থা। আছো কাল আমি এ কথার জবাব দিব।

তাহার পর্দিন সকালে \* \* বাবু গুরুজনদিগের সমক্ষে এই কথা আমুপুর্বিক বলিলেন। তাঁহারাও এই বিবাহে সম্মতি দিলেন। বিশেষ ছেলে তুইট্রি অনিষ্ট হইবে,—এই আশঙ্কায় \* \* বাবুকে বিবাহ করিতে বলিলেন।

আবার সেইদিন বাত্তিকালে ছায়ামৃত্তির আবিভাব। এই ক্রদিন \* \* বাবু শুধু ছায়ামূর্ত্তির কথাই শুনিয়াছিলেন, আজ তাঁহার সমকে তাহাকে দেখিতে পাইলেন। সহাস্তবদনে ছায়াসূর্ত্তি স্থিরভাবে দাঁড়াইয়া আছে। তথ্ন \* \* বাবু মূর্ত্তিকে উদ্দেশ করিয়া বলিলেন,—"ই। আমি বিবাহ করিব। কিন্তু প্রতিজ্ঞা কর, তোমার স্কুবিধা-মত এবং আমার জুরুরোধ-মত তুমি আমায় দেখা দিবে।

ছা। স্থাচ্ছা তাহাই হইবে।

অবশেষে বৈশাথ মাসে 🕴 🔹 বাবুর বিবাহ হুইয়া গেল। তাঁহার দ্বিতীয়া পত্নীও রূপে গুণে লক্ষ্মীর মত। বয়স্ও ১২ বৎসবের উপর।

শ্বামীর ঘরে আসিয়া মাতৃহীন শিশু হুইটীকে খুবই যত্ন করিতে শাগিলেন।

এইরপে কিছুদিন চলিয়া গেল। একদিন আমি ও আমার এক বর্

\* \* বাবুর বাড়ীতে উপস্থিত হইলাম। অনেক কথাবার্তার পর
বলিলাম, "কি ভায়া তোমার প্রথমা পত্নীর ছায়াম্র্তির কোন কাজ
আমাদের দেখাইতে পার কি ?"

 \* \* বাবু উত্তর করিলেন, "কাজ আর কি দেখাইব ? সে ত কোন উপদ্রব অত্যাচার করে না। আচ্ছা তোমরা ঘণ্টা ছই বস, সন্ধ্যাটা উত্তীর্ণ হউক, তথন দেখাইব।"

আমরা বিদিয়া রহিলাম। তার পর \* \* বাবু ছুটিয়া আদিয়া বিললেন, "এদ হে তোমরা উপরে এদ।" আমারা উপরে উঠিলাম। উপরের দালানে \* \* বাবুর পুত্র ছুইটি থেলা করিতেছে। তাহারা একটা কাঠের গোলা লইয়া গড়াইয়া গড়াইয়া থেলিতেছিল। আমরা ছুইজন ও \* \* বাবু একটু তফাতে চেয়ারে বিদিয়া থেলা দেখিতে লাগিলাম। একটু পরে দালানের উপর দেই থেলার জায়গায় ঠক্ঠক শব্দে কয়েকটা কাঠের কাশীয় থেলনা পতিত হইল। বোধ হইল, য়েনকড়িকাঠের নীচে থেকে কে ফেলিয়া দিতেছে। আবার হা৪টি করিয়া উপরে উঠিয়া গেল। পুনরার পড়িল। তাহার পর কোথাও কিছু নাই, কতকগুলি বেল, যুঁই, জবা প্রভৃতি ফুল পড়িল। সব শেবে একটা চমৎকার মাটার ময়ুর কে যেন বসাইয়া দিয়া গেল। আশ্চর্য্যের বিষয়, ছেলে ছুইটির কাছে তথন অন্ত কেই ছিল না; বুড়া ঝি কাছে বিদয়া বিসাইতেছিল ও মাঝে মাঝে হাই তুলিতেছিল।

আমরা ত সেই দিন সন্ধার একটু পরে এই ঘটনা আপনাদের চোথে দেখিরা আসিশাম। আরও শুনিরা আসিশাম প্রায় প্রতিদিন প্রেতমুক্তি শিশুদ্বরের ও বাটীর অন্তান্ত সকলের অলক্ষ্যে থাকিয়া এইরূপভাবে থেলা করে। \* \* র শুইবার ঘরের মশারী ফেলিয়া দেয়: ছবি গুলির ধুলা ঝাড়িয়া দের এবং মাঝে মাঝে ঘরও ঝাঁটা দিয়া পরিষ্কৃত করে।

শ্রীঅমূল্যচরণ সেন।

# অদ্ভুত ভৌতিক কাণ্ড।

আমি আমার বহরমপরের বাটীতে সপরিবারে ১২৮৫ সাল হটতে বাস করিতেছি; কিন্তু এ পর্যান্ত কোন ভৌতিক কাণ্ড আমি কি আমার পরিবারবর্গের কেহই দেখে নাই। সম্প্রতি আমার বাটীতে যে সকল কাণ্ড হইতেছে তাহা দৈখিলে হৃদয় কম্পিত হয়, এবং ঘোর নান্তিককেও স্তম্ভিত হইতে হয়।

আমার বাটীতে চাকর, চাকরাণী, পাচক, ব্রাহ্মণ এবং নিজের আত্মীর-স্বজন লইয়া মোট ৩৫,৩৬ জন লোক। তন্মধ্যে আমার মাতৃলের প্রায় ৬৭ বংসর বয়সে পুরাতন জবে প্রায় ১ বংসর ভূলিয়া গত ২৪শে মাঘ তারিখে মৃত্যু হইরাছে, তাঁহার মৃত্যুর দদয়ে তিমি আমার বাহির প্রকোষ্টের একটা বরে উচ্চ কাষ্ঠাসনে ছিলেন এবং নিকটে কেহই ছিল না, তাঁহার মৃত্যুর পর তাঁহাকে ঐ ঘর হইতে বাহির করিয়া সংকারাদি করা হয়।

আমার মাতৃলের মৃত্যুর ৫।৬ দিন পরে আমার বাটীর ভিতরের রারা ঘরের একটা জানালার উপর একটা রিঙ্গে লাগান ৪:৫টা চাবি বেলা ১২টার সময় রাখা হয়, তৎপর বেলা ৪টার সময় ঐ সকল চাবির অফুসন্ধান করিতে যাইয়া পাওয়া গেল না, প্রায় ১ ঘণ্টা অমুসন্ধানের পর দেখা গেল যে. ঐ সকল চাবি ও রিং অহা একটি জানালার উপর দিকে একখণ্ড কার্ছের মধ্যে প্রবেশ করান আছে। তথন আমরা মনে করিয়াছিলাম ষে. হয়ত ইন্দুরে লইয়া গিয়া ঐ স্থানে রাখিয়াছে।

তাহার হুই দিন পরে আমার বার্টার স্ত্রীলোকেরা দোতলার ছাদের উপরে তিল-সংযুক্ত বড়ী প্রস্তুত করিয়া তাহা ছাদের উপর গুকাইতে দিয়াছিল। ঐ সকল বড়ী শুকাইলে পর ৭৮টী বড়ী ভাঙ্গিয়া **(मिथा (श्रम (य., जाहारमंत्र मध्या मार्ट्स कैंग्रि);** जामत्री मरन क्रिनाम হয় ত ৰথন বড়ী কাঁচা ছিল, তথন বাতাদে মা:ছর কাঁটা তাহার মধ্যে প্রবেশ করিয়াছিল।

তাহার পর আমার বাড়ীর চাকরেরা আমাকে মধ্যে মধ্যে বলিত, যে ব্রের মধ্যে আমার মাতৃলের মৃত্যু হইয়াছে, ঐ ঘরের মধ্যে রাত্তিতে তাহারা কাশির শব্দ শুনিত এবং তামাক খাওয়ার গড় গড় শব্দ শুনিতে পাইত। কিন্তু আমি তাহা তাহাদিগের মনের ধাঁধা বলিয়া উড়াইয়া দিতাম।

তাহার পর এক্দিন আমার একজন চাকর আমাকে বলিল যে, সে অতি প্রত্যবে শ্যা হইতে উঠিয়। দেখিল যে, একটা ১২ বৎসরে বালক, যে ঘরে আমার মাতুলের মৃত্যু হুইমাছিল, ঐ ঘরের একটী দরজার নিকট দাঁডাইয়া আছে। তাহাকে দেখিয়া আন্তে আন্তে বরের মধ্যে প্রবেশ করিল। আমি তথন মনে করিলাম যে, আমার চাকর নিদ্রাভঙ্গের পরই দেখিয়াছে হয়ত তাহার দৃষ্টির বিক্রতি হইয়া থাকিবে।

তাহার পরে আমার একটা কন্তার একথানি ভাল কাপড় প্রায় দেড় হস্ত ছেঁড়। দেখা গেল, ও তাহার পর দিন আমার এক ভাইঝির একটা বভি হুই খণ্ড করিয়া ছেঁড়া দেখা গেল। তাহাতে আমরা মনে ক্রিলামু যে, কোন বালকবালিকা তাহা ছি ছিয়া ফেলিয়াছে।

আমার বাটীতে দোতলার উপরে সরস্পর-সংলগ্ধ তিনটা পার্থানা আছে, ভাহার একই ছাদ, ভাহার সংশগ্ন একটা পাকা স্থতিকাদর আছে। আমার একটা ভাইঝির পুত্রসন্তান ঐ স্থতিকাষরে ভূমিষ্ঠ হইরাছিল ও ঐ ্ভাইনি স্তিকাঘনে ছিল। গত ৮ই চৈত্ৰ, বুহম্পতিবার রাত্তি আনদান্ত ১২টার সময় ঐ স্তিকাদরের ছাদের উপর একজন মানুষ লাফাইয়া পড়িলে যেরূপ শন্দ হর সেইরূপ শন্দ আমার ভাই-ঝি শুনিতে পাইরাছিল। ভাহার প্রদিন অর্থাৎ ১ই চৈত্র তারিখে আমার এক ভাতার স্ত্রী রাত্তি ১১টার সময় পার্থানায় গিখাছিল এবং পার্থানার দরজার ২৩ জন বাড়ীর লোক দাঁড়াইয়াছিল, এমন সময়ে ঐ পায়ধানার পশ্চাৎদিকে অবস্থিত একটা শজিনা গাছের ভাল কাটিয়া মাটিতে পড়িলে ষেরূপ শব্দ হয়, ঐরূপ শব্দ তাহার। শুনিতে পাইয়াছিল।

তাহার পর ১০।১১৷১২ই চৈত্র তারিখেও আমার ভ্রান্তার স্ত্রী ও বাটীর অক্তান্ত স্ত্রীলোকেরাও পায়খানার ছাদের উপর ঢিল পড়ার শব্দ ভনিতে পাইয়াছিল। কিন্তু ৮ই চৈত্র হইতে ১২ই চৈত্র পর্যান্তের ঘটনাগুলি আমাকে বাটীর স্ত্রীলোকেরা কেহ জানার ক্লাই।

গত ১০ই চৈত্র, মঙ্গলবার রাত্রি ১১টার সামী আমি আহারের পর পার্থানার গিরাছিলাম। আমি পার্থানার থাকার সমর পার্থানার ছাদের উপরে তিনটা ঢিল পড়িল। আমি পার্থানা হইতে বাহির হইয়। দেখি বে, বাটীর ২।০ জন স্তীলোক ঐ তারিখে ঢিল পড়ে কি না জানিবার জন্ত পার্থানার বাহিরে ৮ হাত তফাতে দাঁড়াইরা আছে। তাহারাও বলিল যে, ৩টা টিল পড়ার শব্দ শুনিয়াছে। তথন আমরা ৪ জন পুরুষ একটা আলো লইরা পায়ধানার ছাদের উঠিয়া দেবিলাম বে, বাস্তবিক্ট অনেকগুলি ঢিল পড়িয়াছে।

তাহার পর রাত্রি ১২টার সমর আমার বাটীর ১৫/১৬ জন জীলোক

ও প্রথম আমার বাটার ভিতর প্রকোঠে দোতলায় বারান্দরি কাঠের রেলিংএর নিকট লাড়াইলাম, প্রথমে একটি বড় টিল ঐ প্রকোঠের নীচের ভলার রারান্দরের বারান্দার একখানি থামের উপর ভর্মকর শব্দে পতিত ইইল। তৎপর ২০০ মিনিট পর ১টী করিয়া ছোট ছোট টিল কাহারও বা পারে ও কাহারও বা লম্মুথে পড়িতে লাগিল। প্রায় ১ ঘণ্টা কাল ঐরপ্রিল পড়িতে লাগিল। তথন আমার বাটার স্ত্রীলোকেরা বলিল যে, বোধ হয় ভূতে ব্রাহ্মণের পারে টিল কেলিবে না। তাহাতে আমার গুরুপ্রকে বাহির প্রকোঠ হইতে দোতলার উপরে আমরা বেখানে দাঁড়াইয়াছিলাম, ঐ হানে লইয়া বাওরা হইল। তাহার গায়েও ২০০টা টিল পড়িল। এখানে বলিয়া রাখা আবশ্রক যে, আমার কারত্ব ও উপবীতধারী নহি, ভক্ষেম্ব আমার মাতৃলের প্রাদ্ধ ১ মানে সক্ষম ইইয়াছিল।

রাজি ১টার সময় আমার মাতৃলপুরকে আমরা বেধানে ছিলাম ঐ ছানে লইগ যাওরা হইল, এবং আমার জগ্নী বলিল যে "যদি তুমি আমার মামার প্রেতাত্বা হও তবে শরতের ( আমার মাতৃলপুত্রের নাম শরৎ) গারে টিল ফেল, তাহার পরই তাহার ক্ষানে ও সন্মধে ৩টা চিল পড়িল। তথন আমরা দোতলার ছাদে ও অক্সান্ত স্থানে তর তর করিরা দেখিলাম; কিন্তু কোন মহুয়ের সন্ধান পাইলাম না বরং যথন আমরা দোতালার ছাদের উপর তথন সেখানে ৩টা চিল পড়িল। চিলগুলি ছোট ছোট, এবং মাটার ব বালিচ্পমিশ্রিত গোটা গোটা রক্ষেব।

এতক্ষণ পর্যাস্ত যে সকল ঘটনা ঘটিয়াছে তাহা মফুয়োর কার্য্য বলির্না অনুদ্রাসেই অনুমিত হইতে পারে, কিন্তু পাঠকবর্গ ইহার পর যে সকল ঘটনা শুনিবেন, তাহাতে শরীর রোমাঞ্চিত ও গুদর স্পন্দিত হইবে।

যথন আমরা ১৫৷১৬ জন রেণিংএর নিকট দাঁড়াইরাছিলাুন, সেই সময় আন্ত্রার এক ভগিনীপতি ও আমার ১২ বংসর বন্ধ একজন ভাগিনের

ও ১৫ বংসর বরস্কা এক ভাগিনা-বৌ একটা খরের ভিতর স্বশারির মধ্যে ছিলেন। তিনি বলিলেন, "কিরূপ ভূত। হরিদ্রা পোড়াইয়া দিলে প্রায়ন করিবে। ভাহাতে ঐ খরের মধ্যে ক্রমাগত ১৫৷১৬টি টিল উপযুৰ্তপরি পড়িতে লাগিল এবং ঐ ঘরের একটা আলমারীর উপরে একটা ঔষ্ধের শিশি ও ছোট কাঁচের গেলাস ছিল, তাহা আলমারীর উপর হইতে <sup>্রি</sup>শীউরা গেল, গেলাস্টী ভাঙ্গিলা গেণ; কিন্তু শিশির কাঁচ খুর পুরু ছিল বলিয়া শিশিটী ভাঙ্গিল না। এথানে বলিয়া রাথা আবশ্রক থে. ঐ ঘরের সমস্ত দরজা বন্ধ চিল। কেবল একটা দরজা সামাত খোলা ছিল, কিন্তু ঐ দরজার বাতির তইতে কোন লোক টিল ফেলিতে পারে মা: কারণ ভাগর নিকটেই আমরা দাঁডাইয়াছিলাম। তথন তাহারা সকলে ভরে আড়ষ্ট ছইয়া আমাদের নিকট আসিল, এবং রাত্রি প্রায় খাটার সময় আমার বাটাৰ সকলে ৩।৪ ঘটে গুইয়া থাকিলাম। যে খবে কাঁচের গেলাস ভাঙ্গিয়া-ছিল, নিশি ও চিল পডিয়াছিল, ঐ খরে ভরে কেহই থাকিল না। সেই খরের সমস্ত দর্জা ভাল করিয়া বন্ধ করিয়া রাথা ইইল।

১৪ই চৈত্র বুধবার প্রাতঃকালে 🔌 খর খুলিয়া দেখা গেল বে, সমস্ত ঘরের মধ্যে মিছরি ছড়ান আছে এবং মিছরীর ভাঁড়টী একটী বালিসের নীচে রাধিয়া দিয়াছে। তথন ঐ ঘর পরিষার করিয়া পুনরার সমস্ত দর্জা বৃদ্ধ করিয়া রাখা গেল, কিছুক্ষণ পরে দরজা খুলিয়া দেখা গেল যে, ঐ খরের কতকস্থানে কাগজ কুচি কুচি করিয়া ছড়ান আছে। আমি নিজে ঐ কাগজের কুচিগুলি দেখিতে গেলাম, ঠিক সেই সমরে ঐ বরের একটা জ্জার উপরে একখানি কাগন্ধ ছিল তাহা বিচাৎ সঞ্চালিতের স্থায় নডিয়া উঠিল। তথন আমি ঐ কাগজধানি অহতে তুলিয়া দেখিলাম যে তাহার नीफ हेमूत कि हिकहिको, कि जिनाशाका किहूरे नार्छ; कि जारात्र निक्टि कान हेम्द्रत गर्ख नाहे। ज्यन के च्यत नमज नत्र मा

বন্ধ করিয়া রাখা হইল। বেলা ১০টার সময় দেখা গেল বে, ঐ ঘরের ২টা দরজা হঠাৎ খুলিয়া গেল এবং ঐ ঘরের মধ্য হইছে ৪।৫টা বালিস ও ৪।৫ থানি লেপ ও ভোষক উপরতলা হইতে নীচের উঠানে পড়িয়া গেল, কিন্তু বিশেষ করিয়া দেখা গেল যে ঐ ঘরে কোন লোক নাই।

ঐ ১৪ই তারিখেই প্রাতঃকালে বেশ ৭টার সময় আমার একজন ্ছাকরাণী একথানি থালার চাউল ধুইয়া আমার আতৃবধুর সন্ম থে রারাঘরে রাধিয়া দিল। তাহাদের সন্মূথে থালদমেত চাউন শূন্তে উঠিয়া ঐ ঘর হুইতে দরজা দিয়া বাহির হুইয়া স্থেকে ঐ ঘরের বাহিরে যাইয়া পতিত হইল। তাহার কিছুক্ষণ পরে ঐ রার্নাধরের একটা কোলঙ্গা হইতে একটা মাটার হাঁড়ী ( ৰাহাতে ভেজপাক্স ও লক। ছিল ) শূতে উঠিয়া রারাদরের মেজেতে পজিত হইগা ভাঙ্গিরী গিয়া সমস্ত ঘরে তেজ পাতা ও লভা ছড়াইয়া পড়িল। তাহার পর ঘর পরিষ্কার করিয়া আমার ব্রাতৃবধু জনানের উপর ভাত চাপাইয়াছিল; ভাত ফুটতেছে, এমন সময় ঐ রান্না-মবের বারানা হইতে একটা মাটীর প্রদীপ শৃত্যে উড়িরা যাইরা ঐ ভাতের ঠাভীর মধ্যে পতিত হইল। তাহার পর আমার লাত্বধূ ভাত নামাইয়া একটা লোহার কড়াইয়ে আলুর দম রান্না করিতে আরম্ভ করিল। আমার জাতৃবধু খুব ভর পাইয়াছিল। তথন রালাঘরের মধ্যে ৪।৫ জন লোক উপস্থিত। তাহাদের সন্মৃথে রানাদ্রের একটা কোলন্সাতে একটা নারি-কেলের মালাতে ঝালের গুঁড়া ছিল। ঐ ঝালের গুঁড়া সমেত নারিকেলের শ্লালা শৃত্তে উড়িয়া যাইরা আলুর দোমের কড়াইরে পতিত হইল।

তথন প্রাত্যকাল, বেলা প্রান্ন ৯টা। এই সকল অলৌকিক ঘটনা দেখি-নাম জন্ম আমার বাটার ভিতর প্রকোঠের বারান্দার ও উঠানে দ্রীলোক ও পুরুবে প্রান্ন ৫০।৬০ জন উপস্থিত। আমি নিজেও একটা বারান্দার দাড়াইরাছিলান। এই সকল অনৌকিক ঘটনা দেখিয়া আমার ভাগিনা-

বৌ ভরে এত আড়ষ্ট হইরাছিল বে, তাহাটক আমীর বিমাতা চাপিয়া ধরিয়া কোলের মুধ্যে লইয়াছিলেন এবং তাহার খণ্ডর অর্থাৎ আমার ভগ্নীপতি তাহার নিকট দাড়াইয়াছিলেন। এমন সময়ে আমারও ঐ ৫০।৩০ জন লোকের সন্মুখে তাহার গণা হইতে সোণার কড়িহার জোরে খুলিয়া বাইরা শৃত্তে উড়িরা যাইরা ১০৷১২ হাত তফাতে আমার মাতুলের পৌত্তের হাতের উপর পতিত হইল এবং আমি তৎক্ষণাৎ বাইয়া ভাহা কুড়াইয়া শইলাম। ইহার অব্যবহিত পরেই তাহার অঙ্গুলী হইতে সোণার অঙ্গুরী খুলিয়া গিয়া ১০৬ হাত ভফাতে পতিত হইল ৷ তাহার একটু প্রেই আমার ভাগিনা-বৌ এই বলিয়া কাঁদিতে লাগিল বে, ভূতে আমাকে কিল মারিতেছে। যথন এই ঘটনা হয় তথন বেলা ১০টা, তথন রাগাঘর হইতে ভাত, মালুর দম আনিয়া অন্ত একটা ঘরে রাখা হইল এবং সেখানে ৪াৎ জন গোক সতৰ্কভাবে থাকিল, তখন সেখানে একটা পাৰ্বরের নোড়া শৃত্যে উঠিয়া ৪।৫ হাত তফাতে পড়িত। একটা ঘটনা ইহার পূর্বেই হইয়াছে তাহা লিখিতে ভূলিরাছি, তাহা এই:-- যথন রামাখনে একটা পিত্তলের পামলাতে ভাত ঢালিয়া একখানি থালা দিয়া ঢাকিয়া রাখা হইয়াছিল এং ছইজন লোক তাহা দেখিতেছিল, তখন ঐ ভাতের গামলা শৃত্যে হুই হাত উঠিল, তাহাতে আমার একজন চাকরাণী "ভূতে ভাত লইরা গেন" বলিয়া চীৎকার করিয়া কাঁদিয়া উঠিল। ঐ গামলা সজেরে মাটাতে পতিত হইল।

ঐ দিন বেলা ১২টার সময় অন্ত একটা ঘরে একটা পাধরের বাটা একটা আগমারীর উপরে ছিল, উহা সেই ছান হইতে শৃক্তে উঠিয়া মাটীতে পতিত হইল, এবং ভারিয়া গেণ এবং বৈকালে বেলা ৪টার সময় রান্না-ঘরের একটা কোললা হইতে একটা মাটার হাড়ী যাহাতে তিলেবড়ী ছিল ভাহা শুন্তে উঠিয়া মাটাতে পতিত হইরা ভাকিয়া গেল। সন্ধার কিছু পুর্বে ছইখানি ফর্মা ইট ভিতর প্রকো:ঠর উঠানে সজোরে পতিত ৰইৰ এবং ছোট ছোট টিল পড়িতে লাগিল।

ঐ দিন বেলা ১টার সময় আমার ভাগিনা-বৌএর পরিধানে বে কাপড ছিল. তাথা অনেকটা ছি ড়িয়া গেল এবং আমার একজন ভগিনীর শরিধানের কাপড় ছিঁড়িয়া গেল এবং ভাহার কিছুক্ষণ দেখা গেল যে. ৩।৪ খানি কাপড় যে স্ব শুকাইতে দেওয়া হইয়াছিল সে বস ছি ডিবা গিরাছে।

ঐ দিন বেলা ১টার সময় দোতলার অকটা খরের মধ্যে আলমারীর উপর একটা মাটার ভাঁড় ছিল, তাহা শুক্তে উঠিয়া ঘরের মেজেতে পতিত ছইল এবং একটী কাষ্ট্রের হাত বাক্স আলক্ষ্মীর উপর হইতে উল্থিত হইরা একটি দন্তার নিকট থাডাভাবে পতিত হক্ট্রণ। বৈকালে একটা কাঁসার বেশাস শুন্মে উঠিয়া ৩৪ হাত তফাতে পতিত হইল এবং আমার বাডীর ভিতরের প্রকোষ্ঠের উঠানে হুইখানি ফর্ম। ইট পতিত হুইল।

के मिन देवलान यामात छिकिनानात आकार्ध हरेए अकरी छिन প্রথমত: শুক্তে পশ্চিমাভিমুখে আসিয়া তৎপর দিক পরিবর্ত্তন করিরা উত্তরাভিমুখে যাইয়া রাল্লাঘরের দরজা দিয়া ঘরের মধ্যে প্রবেশ করিয়া আমার ভাগিনা-বৌ যেখানে দণ্ডারমান ছিল, তাহার নিকট পতিত रहेन।

ঐ দিন সন্ধার সময় একটা ঘরে আমার স্ত্রী, ভ্রাতৃবধু, ভাইবি ও ৩।৪ ঘন লোক ছিল, হঠাৎ একথানি বাক্সভাঙ্গা কাঠের টুকরা বাহির হইতে নজোরে ঘরের মধ্যে প্রবেশ করিয়া, একজনের গায়ে লাগায় মাটীতে পতিত ছইল। তাহার পরকণেই আমার ত্রীর ও ত্রাতৃবধুর পৃঠে সজোরে চিমটা कार्टिन, उथम वारीत नकरन छत्र कड़ीकुछ हरेग्रा क्रमन कतिक नानिन, ভাহার পর রাজিতেও[তিল পরা এবং সামান্ত সামান্ত ঘটনা হইরাছে।

পাঠকগণ আপনাদের ধৈর্যাচ্যতি ভরে ঐক্সণে বিশেষ বিশেষ্ ঘটনা-গুলির উল্লেখ করিব। সামাভ সামাভ ঘটনাগুলির উল্লেখ করিব না।

১৫ই চৈত্র বৃহস্পতিবার বেলা ৭টার সমর আমার ঢেঁকীশালের প্রকোটের একটা ঘরে গরুর থাইবার জন্য নাড়া ছিল, তাহা ঈষৎ দপ্ দপ্ করিয়া জালিয়া উঠিল এবং ঐ ঘরের তিন জোড়া কপাট ও চৌকাট পোড়াইয়া দিল। অনেক লোকজন জুটিয়া আগ্নি নির্বাণ করাতে আর ক্রতি হইল না। ঐ দিন বেলা ওটার সময় আমার ভিতর প্রকোটের দোত্লার একটা ঘরের থাটের উপরে বিছানা ছিল, তাহা হঠাৎ জ্বলিয়া উঠিল। তথন সকলে মেলিয়া অনেক কটে ঐ অগ্নি নির্বাণ করিল।

ভাহার পর প্রতিদিনই কিছু কিছু অংশীকিক ঘটনা ঘটিয়াছে।

ইহার পর তিন দিন প্রেভাত্মাকে থাইতে দেওরা হইরাছিল। একদিন থান নাই; ছই দিন থাইয়াছেলেন, উহার বিবরণ এই:—একদিন স্নামাদের রায়াঘরের মধ্যে বেলা ১॥টার সময় একখানি কাষ্ঠাসন দিয়া ও একমাস জল দিয়া একটা বাটিতে ছধ ও ভাত দেওয়া হইল, এবং একখানি কাগজে চিনি দেওয়া হইল এবং রায়াঘরের দরজাগুলি ভাল করিয়া বন্ধ করা হইল, বেলা ৪টার সময় দরজা খুলিয়া দেখা গেল যে, ছধ ভাত উপুড় হইয়া পড়িয়া আছে এবং কাগজে বে চিনি ছিল, তাহাতে আসুলের চিহু আছে এবং মাসের গায়ে ছব ও জলের দাগ আছে. আর একদিন ঐ রায়াঘরের দরজা বন্ধ করিয়া মাছ ভাত ও আ্যের টক দেওয়া হইয়াছিল, তাহাও থাইয়াছিগেন।

গত কণ্য প্রাতঃকালে কলিকাতা হইতে আমার এক ভাইপো, এক ভাগিনের ও তাহাদের বাসার চুইজন কলেজের ছাত্র এই সকল অলৌকিক ঘটনা বেথিবার জন্ত আসিয়াছিলেন। গত কল্য রাত্রিতে প্রথমতঃ তাঁহাদের স্বস্থাব করেকটা ঢিল পড়িল, তাহার পর তাঁহারা আহারাদি করিবা আবার ভিতর বাদীর প্রকেতি বারীন্দার উপর আসিরা দাঁড়াইলেন। তাঁহাদের সমুখে এও থানি নারিকেলের ছোবড়া ও করেকটা ঢিল ভিতর বাদীর উঠানে পড়িত হইল, এখানে বলিরা রাখা আবশুক যে, আমার ভিতর বাদীর উঠানে কাকের উৎপাত নিবারণের জন্ত দড়ীর জাল দেওরা হইরাছে, বাহির হইতে নারিকেলের ছোবড়া ফেলিলে নিশ্চরই ঐ জালের উপর পতিত হইবে, কিন্ত আশ্চর্যোর বিষয় যে দড়িতে না আটকাইরা এখানে পতিত হইল, তথন তাহাদের সম্পূর্ণ বিশ্বাস হইল যে, ইহা অলোকিক কাখে।

আমি প গ্রাধামে পিগুদান কঞ্জিনার জন্ম গত কল্য লোক পাঠাইরাছি। বেরূপ ফলাফল হর, পরে জানাইব। এক্ষণে আমারা জিজ্ঞান্ত এই বে বিংশ শতাকীতে সহরে উপর ১০৬০ জন লোকের স্পুর্থে এরূপ অলৌকিক ঘটনা কেছু দেখিয়াছেন কি ?

> শ্রীতরণীমোহন রায়, বি-এল, উকিল; বহরমপুর।

## প্রত্যক্ষ আত্মাদর্শন।

গত কার্ত্তিক মাসে আমাদের কারথানার কোনও কার্য্য-উপলক্ষে
আমি ও আমার কমিষ্ঠ ভ্রাতা কলিকাতা যাইয়া ৭০ নং কর্ণপ্রয়ালিস দ্বীটে
থাকি । একদিন সন্ধ্যাবেলা (কোন্ তারিপে আমার ঠিক শ্বরণ নাই)
বৌৰাজারের কোনও গলির একজন সন্ধ্রাস্ত ভদ্রলোক আসিয়া আমাকে
অনুস্কান ক্ষেন। হুর্ভাগ্য বশতঃ সে সময় আম্রা কেইই বাসাতে

ছিলাম না। রাত্রি প্রায় ৮ ঘটকার সমর্ মাত্র বাসাতে প্রভূরাছি, এমন সময় দেই ভদ্রলোকটা আবার আদিয়া উপস্থিত হইলেন এবং আমার সহিত কোনও গোপনীয় আলাপ আছে বলিয়া আমাকে রাস্তার ডাকিয়া আনিলেন।

এ ভদ্রলোকটা আমার অনেক দিনেরই পরিচিত। ইনি কোনও গবর্ণ-মেণ্ট অফিসে চাকুরী করেন। লোকটী খুব বিনয়ী ও ধর্মভীরু। বাহিরে আসিয়াই খুব লম্বা চৌড়া বিষয়ের ভূমিকাসহ বলিতে আরম্ভ করিলেন।

"আমাদের আফিসের একটা বাবুর কন্তার মৃত্যু হইয়াছে, **তাহার** সম্বন্ধে তিনি কয়েকটা কথা জানিতে ইচ্ছা করেন, যদি আপনি একবার সে ভদ্রলোকের বাড়ী যাইতে পারেন, তাহা হইলে বড়ই উপক্বত হইব। \* \* গণিতে। আগামী বাড়ী অধিক দূর নহে, ভামবাজা:রর \* কণ্য ভোরে আপনাকে সেখানে লইয়া যাইব।" এই কথার পর উক্ত ভদলোকটা তাঁহার বাডাতে ফিরিয়া গেলেন। আমি প্রায় ১৫।২০ মিনিট রাস্তার ফুটপাথে দাড়াইয়া ঐ বিষয়টী চিস্তা করিতে লাগিলাম। একটুকু পরেই আমার শরীরটী যেন বড়ই চুর্বল বোধ হইতে লাগিল এবং যেমন একটা নেশার ভাব বোধ করিলাম। যেন শরীর অবসর হটয়া ঢিলয়া পড়িতেছে। মনে করিলাম বাহিরের ঘরে বসিব, কিন্তু তাহাও পারিলাম না। কে যেন আমাকে আমার শয়নককের দিকে টানিয়া লইয়া ষাইতেছে। আমার শয়নকক উপরে। নীচের তলায় আমার যথেষ্ট কর্ত্তবা কার্যা ছিল; তাহা করিতে যাইব মনে করিতেছি, কিন্তু পারিতেছি না। ষাহা হউক, আমার কর্ত্তব্যের ভার, আমার কনিষ্ঠ শ্রীমান সতীশচক্তের হত্তে অর্পণ করিয়া উপরে আমার শানককে গেলাম। কেন গেলাম जारा किहूरे युविराज भाविनाम ना। कातन, जथन आमात अर्कतिजनावस्था। উপরে বাইরটি সাটের পকেট হইতে পেন্সিল খুলিলাম এবং এক টুকরা

কাগৰ লইরা কডক গুলা কথা লিখিলাম। কেন লিখিলাম এবং কাহার অন্ত লিখিলাম, মোটেই বুঝিতৈ সময় হইল না, লেখা শেষ হইলে পর যেন হঠাৎ আমার শরীর থুব হুস্থ বোধ হইল। আক্সিক কোন শব্দ শ্রবণ করিবে যেমন ঘুম ভালিয়া যায়, আমান্নও যেন তেমনই হইল। কি লিবিলাম তাহা তথন পড়িয়া দেখিলাম এবং পকেটেই পুরিবা রাবিলাম।

শরীর বেশ স্থ বোধ করিলাম, পরে নীচের তলার আসিয়া পাই-খানাতে গেলাম। পাইখানাতে বসিয়া ৰসিয়া আছি, এমন সময় হঠাৎ দেখিলাম যেন একথানা স্ত্রীলোকের খুব 🛊ড় পাড়ওয়ালা কাপড় আমার সন্ম পিয়া উড়িয়া গেল। প্রথমতঃ একট্রকু ভাত হইলাম, কিন্তু উহাকে চোথের ধাঁধা বলিয়া নিজেই নিজেকে প্রক্রেখ দিয়া চলিয়া আসিলাম।

একটা কথা বলিতে ভূল হইয়াছে। 🐞 তপুর্বেষ বথন আমি লিখিতে-ছিলাম, তখন যেন একটা স্ত্ৰীলোককে আমি আমার পার্থে, ডানদিকে দাঁড়াইতে দেখিয়াছি। তাহার বয়স অনুমান ১৬।১৭ বৎসর হইবে। মুখের আকৃতি আনার ঠিক শ্বরণ আছে। আর পারথানাতে বসিয়া যে বস্তুথানা দেবিয়াছি তাহার পাড়ের রংও আমার ঠিক মনে আছে।

পরদিন প্রভাতেই খুব বৃষ্টি আরম্ভ হইল। মনে করিলাম, এ সমরে হয়ত তিনি আসিবেন না ; কিন্তু প্রায় সাড়ে সাতটার সুমুর তিনি আসিরা উপস্থিত হইলেন। তথনই বস্ত্রাদি পরিধান করিয়া উক্ত ভদ্রলোকের ্সহিত পূর্ব্ব দিবসের কথিত স্থানে, ট্রামবোগে যাইয়া উপস্থিত হইলাম।

আমরা যাইরাই সেই ভদ্র গোকটীর বৈঠকথানাতে বসিয়া আছি, র্থমন সময় তিনি আমাদের জন্ম চা আনিতে বাড়ীর ভিতর গেলেন। ঐ সময়ে একটা ১৬১৭ বংসর বয়স্বা স্ত্রীলোক আসিরা আমাকে প্রণাম করির। গেলেন। পূর্ব্ব দিবস রাত্রিতে যে মুধধানা প্রাক্ত্যক্ষ করিরা ছিলাম, ইহার মুখের আকৃতি ঠিক সেইরূপ। পরণের কাপড়খানা ও

আমার খুব পরিচিত। কারণ, বে কাপর্কথানা পার্থানাতে বসিরা আমার সন্মুখ দিরা উড়িরা যাইতে দেখিরার্ছিলাম, স্ত্রীলোকটার পরিহিত বস্ত্রধানাও ঠিক সেইরপই।

বাঁহার সহচর হইয়া সেথানে বাই, সেই ভদ্রলোকটীকে এ মেয়েটীর পরিচর জিজ্ঞাসা করিলাম। আমার কথা শুনিয়া তিনি স্তম্ভিত হইরা গেলেন। কারণ, তিনি কাহাকেও দেখিতে পান নাই। অথচ আমরা ছইজ্বন এক জারগাভেই বসিরাই আজি, আমাদের ব্যবধান দেড় হাতের অধিক হইবে না।

একটুকু পরেই বাটার কর্তা "চা" লইরা আদিলেন। তাঁহার সঙ্গে একটা ৭৮ বছরের বালিকাও আদিল। চা পান করিতে করিতে উক্ত স্ত্রীলোকটার পরিচয় জিজ্ঞানা ক্রিলাম। তাহাতে তিনি বলিলেন যে, "এই মেয়েটি ত নয়!" আমি যাহাকে দেখিয়াছিলাম তাহার বয়স ইহার চেয়ে অনেক বেশী এবং দেহের আয়তন অনেক পুষ্ট এবং পরিহিত বস্ত্র অন্ত রকম।

ইহাতে ভদ্রলোকটা মনে করিলেন যে; হর তাঁহার স্ত্রী আমাকে প্রণাম করিয়াছেন। কিন্তু বাড়ীর ভিতরে যাইয়া স্ত্রীকে ঞ্জিজাসা করিলেন, তিনি এই উত্তর দিলেন যে, "অপরিচিত ভদ্রলোকদের বাহিরের ঘরে প্রণাম কর্তে যাব কেন?" এ কথা তথন তিনি আমাদের নিকট প্রকাশ করিলেন না। তবে এইমাত্র বলিলেন যে, "বাড়ীর লোকই কেউ হবে।" কিন্তু দে বাড়ীতে যে, ঐ বালিকা, তাঁহার স্ত্রী এবং ঝি বাড়ীত অন্ত স্ত্রীলোকই নাই, সে কথা আমাদিগকে জানিতে দিলেন না।

এই কথার পর হঠাৎ গত পূর্ব দিবসের লিখিত কাপজ্যানার কথা বনে হইল। কাগজ্ঞানা খুলিয়া তাঁহাকে দিলাম। পাঠ করিয়া দেখিলেন যে, সে সমুদ্র প্রদের উদ্ভর পাইবার জন্ত আসাকে আহ্বান

ক্ষিবার প্রয়োজন, ভাহার সবই উহাতে নিধিত আছে। তবে একটি শাত্র কথা ঠিক হর মাই। উহা তাহার নামের আত্মকর।

প্রায় গ্রই ঘণ্টা প্রেততত্ত্ব-সদক্ষে আলোচনার পরে আমরা চলিরা আসিলাম। পর দিবস ঐ ভদ্রলোকের মুখেই জানিতে পারিলাম যে. তাঁহার বাডীতে ঐরপ ১৬১৭ বংসর বয়স্কা কোন স্ত্রীলোক নাই। বে স্ত্রী লোকটীকে আমি প্রতাক্ষ করিয়াছি, উহা নিশ্চরই তাহার মৃতা কন্তার প্রেভাষা।

আমার জীবনে এই তৃতীয় বার প্রত্যক্ষ আত্মাদর্শন করিলাম। ইহার মধ্যে একবার রীতিমত আলাপও হইয়াছিক। পূর্ব্ব দিনের রাত্রিতে যথন ঐ স্ত্রীলোকটীকে দেখি এবং তাহার কথা দিখিয়া লই, তথন তাহার ৰক্ষের দিকে শক্ষ্য করি নাই এবং ভবিষ্কৃত দেখা দিলে হয়ত তাহাকে চিনিতে পারিব না. এইজন্মই বোধ হয় পার্ক্থানাতে যাইয়া বস্তু দেথাইয়া অ্বাসে। যথন আমি দেখিতেছিলাম, তথন কাহারও কোন কথা গুনিতে পাই নাই; কিম্বা আমি কিছু চিন্তা করিরাও লিখি নাই। আমার হাত বেন আপনিই চলিতেছিল। এ অবস্থা আমার জীবনে এইবারই প্রথম তর। ইহার পর হইতেই আত্মার সাহায্যে লিথিবার জ্বন্স চেষ্টা আরম্ভ করি। সম্প্রতি আমার সে চেষ্টা কতক পরিমাণে সার্থক মনে করি-ভেছি। কারণ, একটা মহাপুরুষের আত্মা আমাকে একথানা পুস্তক লিধিয়া দিতেছে। উহা সম্পূর্ণ হইলে, এই পত্রিকাতেই ক্রমান্বয়ে প্রকাশিত হইবে। উহার নাম রাখিয়াছি—"পরলোকে মানব"।

> শ্রীমুরেশচন্দ্র গাঙ্গুলী। চাঁদপুর।

# পুনর|গ্যন।

### (পূর্বপ্রকাশিত্রের পর।)

( 82 )

এই সাতদিনে সাতবৎসবের ঘটনা সংঘটিত হইল। এই সাতদিন ক্রমাগত নিরতির সঙ্গে যুক্ক করিলাম। যুক্তে পরাত হইরা ঘরে ফিরিলাম। গোপালকে ফিরাইবার আশা জন্মের মত ত্যাগ করিরাছি। কুকুর-তাড়িত শশক যেমন প্রান্তর হইতে প্রান্তরান্তরে প্রাণরক্ষার্থ ছুটাছুটি করিয়া, অবশেষে অবসরদেহে চুক্কু মুদিয়া, নিজের শক্তিহীনতার উপাধানে মাথা রাথিয়া নিশ্চিম্ত হয়, আমিও সেইরূপ নিশ্চিম্ত হইয়াছি।

নিশ্চিম্ভ হইয়া ঘরে ফিরিলাম। মনে করিলাম, আর গোপালকে ফিরাইবার ধৃষ্টতা করিব না। প্রতিশ্রতিমত গোপাল নিজে আমাদের গৃহে আসিয়া যদি কথন আমার সহিত দেখা করে, তবেই তাহার সহিত দেখা ঘটিবে, নহিলে বোধ হয়, আর তাহার রহিত দেখা পর্যান্ত হইবে না।

আর দেখা হইলেই বা লাভ কি ? এ ভগ্ন স্নেহের মৈত্রী—ইহার মূল্য কি ! এ দেখার সঙ্গে পূর্ব্বের সে আত্মীয়তা আর কি ফিরিয়া আসিবে ? আমি আত্মীয়তা দেখাইতে গেলে সে কি আর তাহাতে বিশ্বাসস্থাপন করিবে ? আমিও কি আর তাহার সহিত সেইরূপ কথাবার্তায় স্থুখ পাইব ! তখন গোপালের উপর ঈর্বাতেও মমতার একটা প্রাণম্পদী তরক বহিত। এখন এই সাতবংসর পরে তাহার প্রতি মমতাও বুঝি মরুভূমিবং শুক্ষ। তাহাতে একট্ প্রাণের ইঙ্গিত থাকিলেও গোপালকে না লইয়া কি ! ফিরিতে পারিতাম !



বাটীতে । ব ফিরিলাম, তগন রাজি নয়টা। বাটীতে প্রবেশমুখে পিটার সঙ্গেই সার্ব্ধপ্রথম আমার দেখা হটুল। চিস্তার ভারে অবনত-বতকৈ আমি শুহুতাবেশ করিতেছিলাম। স্থতরাং আমি তাহাকে প্রথম দেখিতে পাই নাই, ভিনিই প্রথম আমাকে দেখিলেন। ফটক পার হইরা বাটার সম্মধের বাগানে যেমন পা দিয়াছি, অমনি তিনি আমার নাম ধরিয়া ভাকিলেন। আমি মাথা তুলিতেই তিনি বলিলেন—"শীঘ্ৰ আসিয়া ভালই করিয়াছ। আমি তোমার জন্ম সাগ্রাহে অপেক্ষা করিতেছিলাম।"

আমি বলিলাম,—"যদি আমার জক্ত এত আগ্রহের সঙ্গে অপেকা করিবেন জানিতেন, তবে এমন আগ্রন্থের সঙ্গে আমাকে পাঠাইবার কি প্রয়োজন ছিল ?"

পিতা আমার উত্তর শুনিয়া ঈষৎ রুক্ত ববে বনিলেন—"কি ছিল, না हिन त्म कथा विनिवात এ ममन्न नग्न। ज्यारंग घरत यां ७, द्वमंभतिवर्त्तन করিয়া বিশ্রাম কর ? তার পর যাহা ওলিবার ওনিও।"

ু আমি বলিলাম—"আমি কোথায় গিন্নাছিলাম, মা কি শুনিয়াছেন ?" "শুনিয়াছেন।"

"ভা হ'লে আমি কোন মূপে তাঁহার সঙ্গে দেখা করিব ?"

"এই মুখেই দেখা করিবে। তিনি তোমাকে কোনও প্রশ্ন कतिर्वन ना।"

"আপনি কেমন করিয়া জানিলেন ?"

"আমি তাঁর মূথে শুনিয়াই বলিতেছি।"

আদি আর দিক্তি না করিয়া বাটীর মধ্যে প্রবেশ করিলাম। বক্লাদি পরিবর্ত্তন না করিয়াই মায়ের সঙ্গে দেখা করিলাম। বাস্তবিক মা আমাকে গোপালের সম্বন্ধে কোনও কথা জিজ্ঞাসা করিলেন না। কিছ জীবনের প্রথম আমি মাণ্ডের মুখের কিছু পরিবর্ত্তন দেখিলাম। দেখিরা বেন কোন অনাগত বিপদের তয়ে আমার বুকটা কাঁপিয়া উঠিল। কিছু
তালা একেবারে দ্র হইল না। মারের চিরপ্রফুল মুখ, চির্পান্ত নির্দ্ধা নোক্ষা কেমন বেন একটা ঘন বিষাদ-কালিমার ঢাকিরা দিরাছে। মারের নিকট হইতে চলিয়া আসিবার পরে সেই ভাব মুক্র্ আমার অপরে প্রদীপ্ত হইতে লাগিল। মনে হইতে লাগিল—এতদিন পরে মাকে ব্রি হারাইলাম।

সে রাজি একরপ নীরবেই কাটিয়া গেল। পিতার সঙ্গে আর কোন কথা হইল না। মায়ের সঙ্গেও আর কোন কথা হইল না। আহারাস্তে শ্রীস্তদেহে আমি শ্যার শুইলাম; এবং শ্রন্থাত্রেই ঘোর নিজাভিভূত হইয়া পড়িলাম।

শরদিন প্রাকৃতির জাগরিত হইয়া দেখিলাম, সন্ত্রীক ডাক্তারবাবু মারের কাছে বিদার লইতেছেন। তিনি কথন আসিয়াছেন জানিতে পারি নাই। মারের সঙ্গে তাঁর কি কি কথা হইয়াছিল, তাহাও গুনি নাই।

যাইবার সময়ে ব্রাহ্মণ-দম্পতী মাকে প্রণাম করিলেন, মা প্রণাম গ্রহণ করিলেন। তাঁহারা আমাকেও প্রণাম করিতে আদিলেন, মা প্রণাম করিতে দিলেন না। পিতাকে প্রণাম করিতে চাহিলেন, মা বলিলেন— প্রয়োজন নাই। তাঁহার শ্যাত্যাগে বিলম্ব হইবে। অপেক্ষা করিলে কার্যাহানি হইবার সম্ভাবনা। এ লোকিকতা দেখাইবার সময় নয়। আর সংসারের দিকে না তাকাইয়া, পিছু না কিরিয়া এখনি এই শুভ মুহুর্ত্তে যাত্রা কর।"

ভাকারবাবুমায়ের আদেশে অমনি স্ত্রীকে সঙ্গে লইরা গৃহ হইতের নিজ্ঞায় হইলেন।

আমি নীরবে দাড়াইরা দেখিলাম। নীরব—অপরাধীর মত নীরব— সাহস করিয়া মনের মধ্যেও কোন কথা আনিতে পারিলাম না। আমার অবস্থা ব্ঝিয়াই যেন মা কথা কহিলেন। বলিলেন—"তোমার কপালে আঘাত লাগিয়াছে, আমি শুনিয়াছি, কিন্তু দেখিবার অবকাশ পাই নাই।"

মাথার আঘাতের কথা আমার মনেই ছিল না। মায়ের কথার মনে
পড়িল। মাথার হাত দিয়া দেখিলাম মাথার বাধা থাসয়া গিয়াছে। তবে
কালীঘাটের সেই ডাক্তার বন্ধুর তৎকালীন শুশুষায় যথেষ্ট কাজ
হইয়াছে। মাথার ছই এক স্থানে সামাগ্র ক্ষত থাকিলেও তাদৃলী বৈদনা
নাই। বুঝিলাম, পতনজনিত আঘাত তেমন গুরুতর নয়, উপরে উপরে
কাটিয়া কতকটা রক্ত পড়িয়াছে মাত্র! মন্তক-পরীক্ষান্তে মাকে বলিলাম—"আঘাত সামাগ্র, এখন সারিয়া গিয়াছে।"

ভনিয়া আশ্বন্ত ইইরা মা চলিয়া যাইতেছিলেন! আমি ডাকিরা তাহাকে ফিরাইলাম। মর্শ্বযাতনা আমার পক্ষে তঃসহ হইরাছে। এ বাতনার কথা প্রকাশ করিতে না পারিলে হর পাগল হইব, না হর মরিরা যাইব। স্থতরাং যা থাকে অদৃষ্টে মাকে আজ গোপালের কথা জিজ্ঞাসা করিব, এই ভাবিয়া মাকে ডাকিলাম। মা ফিরিলেন। জিজ্ঞাসা করিলেন— "ডাকিতেছ কেন?"

জ্বামি। যদি কিছু মনে না কর, অথবা আমাকে ক্ষমা কর, তাহা
হইলে তোমাকে একটা কথা জিজ্ঞাসা করি।

মাতা। কি জিজাদা করিবে ব্ঝিয়াছি।

আমি। অপরাধ যদি না লও তাহা হইলে---

মা আমাকে কথা শেষ করিতে দিলেন না। প্রশ্নমুখেই বাধা দিয়া বলিলেন—"প্রথমে প্রতিশ্রুত হও, আমার পুত্রের নাম তুমি মুখে ক্সানিবে না।"

আমি। মা! আমি এমন কি অপরাধ করিয়াছি?

মাতা। কেহ কোন অপরাধ কর নাই। খ্রামিত কুঁাহাকেও অপরাধী বলিতেছি না। তবে তাহার নাম আমি তোমাদের মুখে ভনিতে চাহি না। আমার এই অমুরোধ যদি তুমি রাখিতে চাও, তাহা হইলে কি াজজ্ঞাসা করিবে কর। আমি যেমন জানি, তেমন উত্তর করিব।

আমি। আমি তাহাকে আনিতে গিয়াছিলাম।

মাতা। আমি তাহা জানিয়াছি।

আছি। ভাল, আর কিছু না বল, এইটা বল, পিতা কাল প্রাতঃকালে ভাহাকে আনিতে ব্যাকুল হইয়া আনাকে আদেশ করিয়াছিলেন। আমি জানিতে চাই, আদ্ধ আবার এত আগ্রহে আমাকে ফিরাইবার জন্ম লোক পাঠাইলেন কেন १

মাতা। কেন পাঠাইয়াছিলেন জানি না, তবে তোমাকে ফিরাইবার জন্ম আনিই তাঁহাকে দরোয়ান পাঠাইতে অনুরোধ করিয়াছি। আনারই কথামত তুলা সিং তোমাকে আনিতে গিয়াছে।

আমি। অপরাধের কি ক্ষম। নাই ? পিতা ত সর্বান্থ তাহাকে দিবেন বলিরা আমার কাছে অঙ্গীকার করিয়াছেন।

মাতা। তোমাদের সর্বায় তোমাদের কাছেই মুল্যবান হইতে পারে, দকলের কাছেই কি তাহা মূল্যবান হইবে গোপীনাথ! সে ষাহা হারাইয়াছে, সহরের সমস্ত ঐমর্যা দিলেও তার প্রতিমূল্য হইবে না।

আমি। তাহাই তাহাকে দিব অঙ্গীকার করিতেছি। মারের স্বেহই আমি ভাহাকে ফিরাইয়া দিব।

"হতভাগ্য! একথা আগে বল নাই কেন!" এই কথা বলিতে ৰলিতে মায়ের গণ্ড দিয়া অঞ প্রবাহিত হইয়া গেল।

আমি বলিলাম—"এমন কি সময় উত্তীৰ্ণ হইয়া গিয়াছে ?" "আর কর্মানন সে সে সেহভোগ করিবে।" এই বলিরাই একটা দীর্ঘ

নি**খান ফেলিরা মা**ভা স্থানত্যাগ করিলেন। আমার আর একটা প্রশ্নেরও অপেকা করিলেন না।

উত্তরের ভাবে বৃঝিলাম, মাতা অধিক দিন জীবিত থাকিবেন নাঃ অর্দ্ধভগ্রহদয়ে আমি বহিবাটীতে চলিয়া গেলান।

একট বেলা হইলে পিতার সহিত পুন: সাক্ষাৎ হইল। তিনি আমাকে দেখিয়াই বলিলেন—"সকাল সকাল স্থানাদি সারিয়া প্রস্তুত হও। স্থাঞ্জ ভোমাকে বড ইঞ্জিনিয়ার সাহেবের সঙ্গে দেখা করিতে হইবে। কলিকাভা ও ভাগার সন্নিকটবন্তী স্থানে কাজ, সাহেবের সঙ্গে দেখা না করিলে এরূপ ৩ ভ হুযোগ আর ঘটা অসম্ভব।

আমি বলিলাম--"আমি কোথায় ছিলাম আপনি জানিতেন নঃ। যদি তুলা সিং আমার সন্ধান না পাইত ?"

পিতা। সন্ধান পাইরাছে, তোমার ভাগ্য। যে সময় তোমার নিয়োগপত্র পাইলাম. সে সময় তুমি কোথায় গিয়াছ না জানিয়া আমি চিক্তিত হইয়াছিলাম, এমন সময় তোমার কালীঘাটের বন্ধু লোক দিয়া এই পত্রথানি আমার কাছে পাঠাইরা দের। সেইপত্র পাঠে বুঝিলাম ডোমার কোথার থাকা সম্ভব।

এই বলিয়া পিতা তাকিয়ার তলা ছইতে একথানি পত্র বাহির করিয়া व्यामारक रमशोहिलन। পত পড়িরা বৃথিলাম, মুখুযো মহাশয় গোপালের বিবাহ-সম্বন্ধে পিতাকে নিমন্ত্রণ করিয়াছেন। কিন্তু পিতা ত এ নিমন্ত্রণের ষ্য্যাদা রাখেন নাই; মনে বড়ই ক্ষোভ হইল। অসুস্থতার অছিলার পিতা সে বনদেশে না যাইডে পারেন ; কিছু অর্থবায় করিয়া লৌকিকতা ভ রক্ষা করিতে পারিতেন। পত্রসম্বন্ধে নীরব রহিতে পারিলাম না। পিডাকে জিজ্ঞাসা করিবাস, "এ পত্র পাইরা ভ আপনি এ বিবাহের কোনও তার লইকেন না।"

পিতা। কেমন করিয়া লইব! গোপালের বাপ ত আমাকে পত্র লিবে নাই। এক অপরিচিত ব্যক্তির আহ্বানে আমি কি তর লইব!

আমি। আমি জানি গোপাণের পিতাও এ বিবাহ-দম্বন্ধ পূর্ব্বে কিছু জানিতেন না। তিনিও আপনার মত এক নিমন্ত্রণপত্র পাইয়াছেন।

পিতা। সে তুমি জান, আমি ত জানি না।

আমি। তথাপি আপনার তত্ত্ব লইতে দোষ কি ছিল ? গোপালের ত বিবাহ!

পিতা। শইবার প্রয়োজন দেখি নাই । তাহারা অক্তজ্ঞ নরাধন।
কি এক সামান্ত কথার দোব ধরিয়া চলিয়া গেল—আমি আছি কি
মরিয়াছি, পিতাপুত্তে এই সাত বৎসরের মধ্যে একবারও খোঁজ
লইল না।

আমি। তাহারা আছে কি মরিয়াছে আপনি গোঁজ লইয়াছিলেন কি ?
পিতা। তাহারা সহজে মরিবার নয়— এখনও কতকাল আমার গলগ্রহ হইয়া থাকিবে তার ঠিক কি ? মাসে মাসে রীতিনত মাসোহারা
পাঠ।ইতেছি, আবার কি করিয়া খোঁজ লইতে হইবে ? এদিকে ত
জ্ঞাতিত্বের অভিমান তাহারা কড়ায় গণ্ডায় বজায় রাথিয়াছে, কিন্তু টাকাটী
লইবার বেলায় অভিমান রহিল কই ?

আমি। আপান কি ঠিক জানেন, টাকা তাহারা পাইতেছে ?

পিতা। রাতিমত রসিদ পাইতেছি, আবার কেমন করিয়া জানিচে ছইবে ?

আমি। আমি জানিয়াছি, টাকা তাহারা পায় নাই।

কথাটা শুনিবামাত্র পিতা কিরংক্ষণের জন্ম স্তন্তিতের ন্যার নীবর রহিলেন। কৈছুক্ষণ কি মনে চিন্তা করিলেন। তারপর বলিলেন—
"ভুমি বিষয়-বৃদ্ধিহীন, কেছ ভোনাকে হয়ত এই কথা বলিয়াছে। কিন্ত আমি এ ভিত্তিহীন কথায় বিশাস করিতে পারি না। একদিন প্রসার অভাব হইলে পিতাপুত্রে কলিকাতার ছটিয়া আসিত।

ব্রিলাম, আমার কথা গুলিয়াই পিতা চমকিত হটয়াছিলেন। একটু
চিন্তা করিতেই সে ভাব তাঁহার দুরীভূত হইয়াছে। শ্রামকে নিয়া আমরা
মাসে মাসে রীতিমত টাকা পাঠাইয়ছি। শ্রাম যে এই সাত বংসর
ধরিয়া টাকা আত্মদাং করিতেছে, এ যে নিজ চক্ষে দেখিলেও বিশ্বাস
করিবার যো নাই! স্কুতরাং আমার কথার পিতার অবিশ্বাসে মানি দোবদিতে পারিলাম না। সময়াস্তরে একথা পিতাকে ব্যাইন, ইয়া মনে করিয়া
টাকার কথা আর প্নরুখাপন করিলাম না। পিতার পৃশ্ব দিনের
বিশ্বয়জনক আচরণের কারণ জানিবার এই উপযুক্ত সময় ব্রিয়া
দিজ্ঞাসা করিলাম,—"তবে গোপালকে আনিবার জন্ম কাল ব্যাকুলতা
দেখাইলেন কেন?

পিতা আমার প্রশ্ন শুনিয়া হাসিলেন। তার পর বলিলেন, "ইহার কারণ আছে। পূর্বাদিনে নানা কারণে মন্তিক পীড়িত হইয়াছিল, সেই আনস্থার রাত্রিতে এক বিশ্রী স্বপ্ন দেখি। সে স্বপ্নে প্রভাত পর্যান্ত আমার মন্তিক আলোড়িত হইয়াছিল, সেই সময়ে আমি তোমাকে কি বলিয়াছিলাম।"

আমি। আপনি বলিরাছিলেন, 'যদি সর্বস্থ দিলেও গোপাল ফিরিরা আদে, তাহ'লে সর্বস্থ দিরাও গোপালকে ফিরাইরা আন।' আপনি আমাকে গৃহে আহার করিবার অবকাশ পর্যান্ত দুদন নাই। গোপালের অমুসন্ধানে আমি পৃথিবী বৃরিতে আদিউ হইরাছিলাম।

পিতা। তা হইতে পারে। তথন আমার মন্তিক ঠিক ছিল না। অপের প্রভাব সম্পূর্ণরূপে দূর হইতে দি প্রহর অতীত হইরাছিল। তথন আমার মনে হইল, তোমাকে বেন কোথায় পাঠাইরাছি। ক্রমে মরে

चाह्म चारतक कथारे चामात चात्राण चामिन। ज्याने चामात मान रहेन. স্বপ্লের মোহে আত্মহারা হট্যা এক ভিত্তিহীন অলীক চিন্তার ভাডনার তোমাকে গোপালের সন্ধানে পাঠাইয়া অস্তায় করিয়াছি। কি করিব স্থির করিতে পারিতেছিলাম না, এমন সমর তোমার গর্ভধারিণী আসিয়া আমার দাহায় করিলেন। তিনি তোমার তত্ত্ব লইতে আমার কাছে আসিলেন: আমি তাহার কাছে তোমার অমুপস্থিতির কারণ বলিলাম। শুনিবামাত্র ভিনি তোমাকে ফিরাইয়া আনিতে আমাকে অমুরোধ করিলেন। ঠিক এই সময়ে চুই স্থান হইতে চুইখানি পত্র আসিল। এক খানি তোমার নিয়োগপত্র, আর একথানি তোমার ভাবী খণ্ডরের পত্র: উপযুক্ত সময়ে পত্র চুইথানি আসিয়া আমার যথেষ্ঠ সাহায্য করিল। আমি ভোমাকে আনাইতে তুলা সিংকে পাঠাইব স্থির করিলাম। কিন্তু তুমি কোথার গিয়াছ, তাহা জানি না। দৈবের **থেলা, তোমার বন্ধু সেই সময়ে** এই পত্রথানা আমার কাছে পাঠাইয়া দিলেন। তথা সিংকে সেইজ্ঞয় স্ক্রাত্রে এই ব্রাহ্মণের গ্রহে পাঠাইয়াছি। সেথানে তোমার দেখা না পাইলে সে আমাদের গ্রাম পর্যান্ত যাইত।

আমি। আমি যদি গোপালকে সঙ্গে আনিতাম।

পিতা। আনিলে তাহার ভাগো কিছু প্রাপ্য হইত, তাই দিরা <mark>তাহাকে</mark> বিদার করিতাম। তবে সে কালসর্প শিশুকে আর ঘরে স্থান দিতাম না।

কথাবার্ত্তায় ব্রিকাম গোপাল ও ছোট ঠাকুর দাদার সম্বন্ধে পিতার মনোভাব সেই একরপুট রহিয়াছে; বরং বাল্যকাল হইতে একত বাসে উভয়ের মধ্যে মমতার ফংকিঞ্চিৎ যাহা বন্ধন ছিল, সাত বংসরের বিচ্ছেদে তাহার শেষ ক্ষীণ স্ত্রতীও টুটিয়া গিয়াছে।

পিতা আমাকে সাহেবের সঙ্গে দেখা করিবার অন্ত প্রস্তুত হইতে <sup>\*</sup> আনেশ দিলেন, এবং প্রাতঃক্তা সমাধান করিতে গৃহত্যাগ করিলেন। সং সামরিক উত্তেশনার বর্শবর্তী হইরা পিতা আমাকে বে আদেশ করিরা-ছিলেন, ভাবিলাম সেই আদেশমত কার্য্য করিলে, গোপালকে গৃহে ফিরাইলে, পৃহে আবার নৃতন মূর্ত্তিতে অনর্থের স্পষ্ট হইত। নিমন্ত্রণ করিরা ঘরে আনিয়া গোপালের অপমান মা কোন মতেই সহ্য করিতে পারিতেন না। আমিও আর ভদ্রসমাজে মুখ দেখাইতে পারিতাম না। তথন আমার মনে হইল, অন্তর্যামী ভগবান আমার মানরক্ষা করিবার জন্ত গোপালের সঙ্গে আমার মিলনে নিজেই প্রতিবন্ধক হইরাছিলেন।

কিন্তু পিতার আচরণে আমি মর্দ্মাহত হইলাম। একদণ্ডের সাধুসঙ্গে আমার মনের অবস্থা সম্পূর্ণ পরিবর্ত্তিত হইরাছে। ডাক্তারবাব্র সঙ্গে ছই দণ্ডের আলাপে বুরিয়াছি, আমার পুরপিতামহের চরিত্রের মহত্ত আমাদের স্থার নীচ আর্থপর আক্ষণ-কুলাঙ্গারের বোধের অগমা। বথার্থই বোধের জগমা! নহিলে কি এত লোকে মিথা কথা কহিতেছে! এক কুদ্র জ্ঞানহীনা বালিকা কেমন করিয়া প্রজ্ঞামরী হইল! এক অনাচারী নান্তিক আক্ষণ-চিত্ত, কেমন করিয়া এক মুহূর্ত্তে ধর্মের দিকে পরিবর্ত্তিত হইল! প্রচণ্ড দত্তে এমন বিনয় কে ঢালিয়া দিল যে, সে আমাকে দেগিয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করে? কোন্ জ্যোতিসিন্ধ ক্ষণম্পর্লে ভাহাকে জ্যোতির্ময় করিল, তাঁহার শাস্ত-সৌম মুখের পানে আমি চাহিতে পারিলাম না? এক পলিবাসী আক্ষণের ভন্মগৃহে, ঐশ্ব্যানান, বিদ্যানের পুত্র হইয়া আমি চোরের স্থায় ভয়ে সক্ষোচে কাটাইয়া আসিলাম; একটা নীচ জাতীয় ভত্তায় কাছেও ভাল করিয়া মুথ ভূলিতে পারিলাম না?

ভাবিতে ভাবিতে, যে সমস্ত অলৌকিক ঘটনাগুলা ঘটিরাছিল, সেগুলা পরস্পরাগত শ্রেণীবদ্ধ চিত্রাবলীর স্থায় আমার মনশ্চকুর সমূপ দিরা ভাসিয়া চলিরা গেল। আমি শিহরিরা উঠিলাম। সঙ্গে সক্ষর করিলাম; পুল্লপিতাবহ ও গোপালসহদ্ধে পিভার এই অসদভাব যেমন করিরা পারি দূর করিব ! অন্য সময় হইলে পিতার উপর স্থা আসিওঁ, কিন্তু সাধুসঙ্গের ফলে তাহা আর হইতে পাইল না। মনে করিলাম, ঐশব্য ও মান-পর্বিত্ত পিতার পাণ্ডিতোর মোহ দূর করিয়া, সেই নিরক্ষর ব্রাক্ষণের প্রতি শ্রন্থা আনাইয়া আনাকে পুরোচিত কার্য্য করিতে হইবে।

সক্ষম ত করিলাম, কিন্তু সক্ষমদিদ্ধি করিবার শক্তি কই ? শক্তিং নিতার কথা মনে উঠিতে না উঠিতে স্থাবিষ্ট ডাক্তারবাব্র কথাটা আমার
স্মৃতিপথে উদিত হইল। স্মৃতির উদরের সঙ্গে সঙ্গে সেই বিভীষিকামনী
বৃড়ীটাকে উদ্দেশে একটা প্রণাম করিলাম। আর সেই সঙ্গে প্রণাম
করিলাম,—দামোদর-আখাধারী সেই মুড়ীটাকে। প্রণামের সঙ্গে সঙ্গে
মুড়ীর সেই কুদ্র ছিদ্রটা আমার চোধের উপর ফুটিরা উঠিল। আমি বেন
দেখিলাম, সেই স্ক্ষছিদ্রপথ-অবলম্বনে অনন্ত দ্বে আকাশ হইতে আমান
কল্প আশাস ভাসিরা আসিতেছে।

া বাস্তবিক কি জানি কেন, আমি যেন আপনাকে আখন্ত বোধ করিলাম। মনে হইল, সময় না আসিলে কোন কার্য্য সিদ্ধ হয় না। কিন্তু সে সময় নিশ্চিত আসিবে।

আহারান্তে আ.ম চিফ্ ইঞ্জিনিয়ার সাহেবের সঙ্গে দেখা করিছে ভাঁচার আপিসে গমন করিলাম।

( ক্রমশঃ )

## স্বপ্ন-তত্ত্ব।

#### পঞ্চন অধ্যায়।

#### ( পূর্ব্ব প্রকাশিতের পর। )

আমরা পূর্বের মানবরূপ বৃক্ষে অবস্থিত হুইটা পক্ষীর বিষয় বলিয়া আসিরাছি। তাঁহাদিগের মধ্যে একটি স্থবাহ ফল ভক্ষণ করেন, অপরটা কিছুই ভক্ষণ করেন না, কেবল দেখেন। ভোক্তা পক্ষী নিয়তর শাথা হইতে ফল ভক্ষণ করিতে করিতে উচ্চতর শাথায় অধিরোহণ করেন। এই বে উচ্চতর শাথায় অধিরোহণ, ইহাই জীবাস্থার অভিবৃক্তি বা বিকাশ। কিন্তু প্রকৃত আস্থার বিকাশ নাই, তিনি দ্রষ্টামাত্র। শাস্ত্রে যে বলা হয়, জাত্মার বিকাশ নাই, আস্থার কিলাশ নাই, তিনি দ্রষ্টামাত্র। শাস্ত্রে যে বলা হয়, জাত্মার বিকাশ নাই, আস্থার কলা। জীবাস্থা আয়া-বৃদ্ধি-মন-সম্বিত; তিনি পূর্ণ-চৈতভূময় প্রকৃত আস্থার বীজ বা ফ্ লিক্ষম্বরূপ। ইহাতে ভগবানের সমস্ত শক্তি ও বীর্ঘা স্থপ্ত বা সম্ভাব্যরূপে নিহিত থাকে। শাধারণের পক্ষে তিনি এখন বদ্ধ, তিনি অক্ত ও সহায়হীন বলিয়া মনে হয়। কিন্তু বিনি প্রকৃত আস্থা তিনি শক্তিমান, তিনি প্রাক্ত। শাস্ত্রে ত জীবকে

And now the nature, which was free in the subtle matter of his own plane, becomes bound by the denser matter, and his powers of consciousness cannot as yet function in this blinding weil. He is therein as a mere germ, an embryo power

<sup>\*</sup> This Spiritual Triad, as it is often called, Atma-Budhi-Manas, the jivatma, described as a seed, a germ, a divine life, containing the potentiality of its own heavenly Father, its Monad, to be unfolded into powers in the course of evolution

ব্রহ্মের অংশ বলা হয়, তবে তাঁহার এইরূপ ব্রদ্ধ, জ্ঞানৈর্যাতিরোহিত ভাব হয় কেন? শক্ষর ইহার বেশ যুক্তিপূর্ণ উত্তর দিয়াছেন। কি নিমিত্ত এইরূপ হয়? কারণ দেহসম্বন্ধবশতঃ। দেহ, ইন্দ্রিয়, মন, বৃদ্ধি প্রভৃতির সহিত সংযুক্ত হইলা জীবের ঈশ্বর ভাব তিরোহিত হয়; যেমন কাষ্ঠগত বা ভশ্মাছের অগ্নির দহন ও প্রকাশ করিবার শক্তি দেখা যায় না, ইহা সেইরূপ। অতএব, জীব ঈশ্বর হইতে বিভিন্ন না হইলেও দেহযোগবশতঃ বিভিন্ন বিলায় বোধ হয়। বেমন তিমিররোগগ্রস্ত ব্যক্তির দর্শনশক্তি নপ্ত ইইয়া, আবার যেমন ঔষধের গুলে সেই শক্তি ফিরিয়া আসে; আপনা হইতে আসে না; দেইরূপ নষ্টশক্তি জীব রক্ষের অভিধানে যত্নশীল হইয়া, তাঁহার প্রসাদে সিদ্ধিলাভ করিলে আপন নই ঐশ্বর্য পুনংপ্রাপ্ত হন। \*

তাহা হইলেই আমরা বুঝিতে পারিতেছি যে, জীবাস্থার বিকাশ হয়। আমরা পূর্বে জীবাস্থাকে প্রমান্থার আভাস বলিয়া আদিয়াছি। বুজিতে প্রমান্থার যে প্রতিবিম্ব তাহাই জীবাত্মা। এখন জীবাত্মার পূর্বভাবে

less, senseless, helpless, while the Monad on his own plane is strong, conscious, capable.......This at present embryonic life will evolve into a complex being, the expression of the Monad on each plane of the universe.

Annie Besant's "Study In Consciousness."

বিকাশ, এই কথার অর্থ কি ? বাঁহার প্রতিবিদ্ধ এই জীবাঝা তাঁহাতে মিলিত হইরা এক হওয়া। তথন কি হয়, "জনাহতনাদ" গ্রন্থে (Voice of the Silence) স্থানরভাবে উক্ত হইয়াছে,—"এখন তোমার আঝা পরমাঝার লয় পাইবে, তৃমি তোমাতে লয় পাইবে, তোমার আঝা বাঁহার প্রতিবিদ্ধ এখন তাঁহাতে নিমজ্জিত হইবে। এখন তোমার ভেদাঝাক আমি জ্ঞান কোথায় ? এখন তৃমিই বা কোথায় ? অগ্নিকণা এখন অগ্নিতে মিশিয়াছে, বারিবিন্দু মহাবারিধিতে মিশিয়াছে। \*

জীবাস্থার এই বিকাশ কিরপে হয়, এইবার আমরা তাহা ব্রিতে চেঙ্গা করিব। স্থ্যের রশ্মি একথণ্ড দর্পণে পতিত হইলে, দর্পণে স্থ্যের প্রতিবিদ্ধ নেধা যায়। দর্পণে স্থাপ্রতিবিদ্ধ বিকশিত হইল সত্যা, কিন্তু দর্পণে পতিত সমস্ত স্থারশিশুলি সম্পূর্ণরূপে প্রতিফলিত হয় না, তাহা-দিগের কিয়দংশ দর্শণকর্ত্ক গ্রাসিত (absorbed) হইয়া তাহার উত্তাপ বৃদ্ধি করে, কিয়দংশ পরাবৃত্ত হইয়া (reflected) দর্শনথানিকে আমাদিগের নয়ন গোচর করিয়া দেয়, কিয়দংশ আবার দর্শণ হইতে বিকীরিত (radiated) হইয়া চতুর্দ্ধিকে বিস্তারিত হইয়া পঙ্যে। দর্শণথানি পূর্ণ-প্রতিফলক হইলে স্থা আর প্রতিবিদ্ধে ভেদ থাকে না, তাহা আর কোনও কার্যা না করিয়া কেবল স্থাকেই সম্পূর্ণভাবে দেগায়। এই জীবাত্মারও ঠিক তাহাই হয়। আমাদিগের বৃদ্ধিই উদাহরণের প্রতিফলক দর্শণ, পরমায়া স্থান্থানীয় এবং জীবাত্মা দর্শণে প্রতিফলিত স্থাবিদ্ধ। বৃদ্ধি দর্শণ যথন সম্পূর্ণভাবে পরমান্মাকে প্রতিফলিত করে, যথন তাহা পরমাত্মা-"রন্দিকে" পরাবৃত্ত করিয়া আমাদিগের ভেদাত্মক বিদিষ্ট "আমি" কে সৃষ্টি না করে,

Where is thy individuality Lanco, where the Lanco himself? It is the spark lost in the fire, the drop within the ocean.

<sup>\*</sup> And now thy self is lost in Self, thyself unto Thyself, merged in that Self from which thou first didst radiate.

বথন তাহাতে প্রমাঝা-"রশ্ম" গ্রাদিত হইরা আঁমাদিগের ভেদাত্মক "আমি"র স্থতঃথবোধ জন্মাইরা না দের, যথন তাহা হইতে প্রমাঝা-"রাশ্ম" চতুর্দ্দিকে বিস্তারিত হইরা আমাদিগের ভেদাত্মক "আমি"র ভেদাত্মক "কর্মাই করার না, তথনই প্রমাঝার ও জীবাঝার সম্পূর্ণ যোগ সংসাধিত হয়। ইহাই জীবাঝার বিকাশ এবং পূর্বে বলা হইরাছে ইহার জন্মই মানব-জন্ম।

আমরা পূর্ব্বে বলিয়া আসিয়াছি যে, রঙ্গালয়ে গোপালের প্রতিরাত্রের যে অভিনয়-বেশ তাহা অতিশন্ন অন্থায়ী। এই অন্থায়ী লক্ষণ, চৈতন্ত বা নারদাদি বেশের অভান্তরে অভিনেতা গোপালের যে "আমি"-ভাব উথা একটি স্থায়ীভাব। আমরা উথাকে অধিদৈব বা (Individuality) বলিয়া আসিয়াছি। যেমন মানব একপানি জার্ণ বস্ত্র পরিত্যাগ করিয়া বস্ত্রান্তর গ্রহণ করেন, সেইরূপ ইনি দেহের পর দেহান্তর গ্রহণ করেন। ইহার যে স্থায়ী প্রকৃত দেহ তাহার নাম "কারণ শরীর"। সমস্ত মানবের এই কারণ শরীর আছে, কিন্তু মানবেতর আর কোনও জীণের তাথা নাই। ইহাই মানবের বিশেষত্ব। আমরা পূর্বে এ কথা আলোচনা করিয়াছি। কারণ-শরীর সকলের আছে সত্য, কিন্তু ইহা সকলের সমানভাবে বিকশিত নয়। স্থানদালী যোগসিদ্ধিযুক্ত সাধকের নেত্রে ভাগা গোচরীভূত হইতে পারে এবং তাঁহারা বিভিন্ন মানবের কারণ-শরীরের বিস্তারিত পরিচয় দিয়াছেন। অমুরত মানবের কারণ-শরীর বর্ণহীন লুতাভন্তর মত অতি স্ক্র, ইহার অন্তিত্ব ভাতি কষ্টে কেন্ট্রও ক্রমে অন্থমিত হয়।

মানশের বৃদ্ধি জ্ঞান ও অধ্যাত্মিকতার বৃদ্ধির সহিত তাহার কারণশরীরের সাকার, তাহার বর্ণ ও দীপ্তির বৃদ্ধি হইতে থাকে। আমরা পূর্বে মানবের স্ক্রম শরীরের কথা বলিয়া আসিয়াছি। কারণ-শরীর তাহা হইতে আরও স্ক্রত এবং স্ক্রমর। ইহার দীপ্তির নিকট স্ক্রদেহের উচ্ছল বর্ণ নিপ্তান্ত বিলয়া মনে হয়।

रुक्तरमह इटेर्ड 'हेरात 'बात এकी विरमय बाह् । সাধারণত: আমরা যাহাকে পাপাচার, নীচতা বা ছুইতা বলি সেই সমস্ত ইহাকে কোনও প্রকারে রঞ্জিত করিতে পারে না। স্থন্ন দেহের কিন্তু ব্যবহার বে অন্ত প্রকার তাহা পূর্বেই বলিয়াছি,—ক্রোধে দ্বণায়, ইল্রিয়লালসায় হিংসায় তাহার বর্ণ ও দীপ্তি পরিবর্ত্তনশীল। সংভাব, অসংভাব, মানসিক উত্তেজনা ও সানসিক অবসাদ স্কাদেহে নানা তরঙ্গ তুলে। কাহারও মনে কি ভাব খেলিতেছে, তাহা তাহার স্কুদেহ দেখিলেই বলিতে পারা যায়। কারণ-শরীরে কিন্তু তাহা হয় না। সংভাব, সংচিন্তা এবং ধর্মের সাধনায় কারণ-শরীব বন্ধিত আয়তন হয়। অসৎ চিন্তা বা অসৎ ভাবের (थलात कातन-मरोद्वत (कान महेन्ड: विकाब इस ना । मानत्वत मर्था (य সর্ব্বাপেকা মহাপাপী ভাহারও কারণ-শরীরে পাপের কোনও রঞ্জন বা অঞ্জন দৃষ্টি-গোচর হয় না। স্থানশী দেখেন যে তাহার কারণ-শরীর আনৌ বিকশিত হয় নাই।

আবার অন্তদিকে যিনি ধর্মপথে চলেন তাঁহার কাবণ-শরীর স্থানর ভাবে পরিবর্ত্তিত হয়। উন্নত বাক্তিদিগের কারণ-শরীর অতিশয় স্তব্দর **पर्नम ଓ मौश्रिमानी। जीवसूक महाश्रुक्यिमिश्रात कार्य-महीद पिगरा**काशी মণ্ডলাকৃতি। তাহা বিবিধ জীবন্ত বর্ণের রঞ্জনে অতি মনোহর। মানব-ভাষা তাহার সৌন্দর্যা বর্ণনে অসমর্য। যিনি তাহা একবার দেখিয়াছেন এবং যিনি অনুয়ত লোকদিগের অর্দ্ধন্ট বা অক্ষৃট কারণ-শরীর অনলোকন করিতে পারেন, তাঁহার নিকট জীবাত্মা যে ক্রমে ক্রমে বিকশিত হয়েন এই তৰ প্ৰত্যক্ষীভূত সত্য।

আমরা পূর্বে দেখাইয়াছি মানবের স্থুল স্ক্রাদি অনেকগুলি দেহ 'আছে। এই সমস্ত দেহের সবগুলি সকল মানবের স্বায়ন্তে,নাই। যে দেহের যতথানি স্বারত্তে আদে, সেই দেহর ততটুকুকে "দেহ" বলিরা

আমাদিগের প্রতিপন্ন হয়। যাহা হইতে আমাকে বিলিষ্ট করিতে পারি না, তাহাই আমার "আআ" বলিয়ামনে হয়। স্থুল দেহাভিমানী স্থুল দেহকেই "আত্মা" বলিয়া ভাবে; যাহার কেবল ফুল দেহ স্বাধিকারে, তাহার কামদেহে যে চিদাভাস ভাহাকে আত্মা বলিয়া মনে হয়। এইরূপ ননে বা বৃদ্ধিতে যে প্রতিবিদ্ধ তাহাকে আত্মা বালয়া মনে হয়। তৈভিরীয় উপনিষদে এক্ষানন্দ বল্লাতে ইহার বেশ আলোচনা দৃষ্ট হয়। প্রথমে অনরসময় পুরুষ আত্মা বলিয়া প্রতীত হয় ; পরে দেখি প্রাণময় পুরুষ অনময় পুরুষের ভিতর অণিষ্ঠি ১ ; অতএব প্রাণময় পুরুষই অনুময়ের সম্বন্ধে আত্মা। তদভান্তবে "মনোময়" অবস্থিত আছেন; এই মনোময় পুরুষই প্রাণময়ের সহত্তে আত্মা। তদভাততের বিজ্ঞানময় পুরুষ, অতএব বিজ্ঞানময় পুরুষই মনোমরের আত্মা। ইত্যাদি, ইত্যাদি। ভৃগুপনিষদেও সেই কথা আছে। ভৃগু পিতা বরুণের নিক্ট উপস্থিত হ্ইয়া জিজ্ঞাসা করিলেন, "ভগবন্! আমাকে ব্রহ্মতত্ত্ব উপদেশ করুন।'' তিনি তাহা তপস্তার দারা জানিতে উপদেশ করিলেন। ভৃগুও পিতার কথামত তপস্থা করিলেন। তাহার প্রথমে অনুময় দেহকে ব্রহ্ম বলিয়া ধারণা হইল। আবার তিনি তপস্তা করিলেন এবং তাহাতে জানিলেন প্রাণই ব্রহ্ম। এইরূপ তপস্থা দারা তিনি মন, বিজ্ঞান ও আনন্দকে বন্ধ বলিয়া সিদ্ধান্ত করিয়াছিলেন।

সাধারণ মানবের কাম ও মনের উপর সংযম নাই; সেইগুলি প্রার্থীনভাবে কার্য্য করে। তাহারা সেইগুলি বশীভূত করিতে চেষ্টাও করে না; কাম ও মন মানবকে যেই দিকে লইয়া বায়, সে অন্ধভাবে তাহারই অফুসন্ধান করে। কিন্তু মানুষ বলিলে বস্তুতঃ তাহার শরীরকে বুঝার না; শরীর যাহা চায় আসল মানুষ ত সব সময় তাহা চায় না। আমরা বলিয়া আসিয়াছি যে প্রকৃত "আমি" ঈশরের কণা, অতএব ঈশরের বাহা বাহা অভিপ্রায় আমারও তাহাই অভিপ্রায় হওয়া উচিত। এই স্থুলদেহও

আমি নর, স্মাণেহও আমি নর, কারণদেহও আমি নর: কিন্তু প্রত্যেক দেহই "আমিই তোমার আত্মা" বলিয়া, আমাদের কাছে ভাল করে এবং আমার দারা নিজেদের অভাব পূরণ করিয়া শয়।

স্থপ্ন ও নিদ্রাবস্থায়ও তাহাই হয়। অতএব কোনও স্থপ্ন বিচার করিতে হইলে স্বপ্নাবিষ্টের আধাাত্মিক উন্নত কিরূপ তাহা জানা আবশুক ভাহা না হইলে অনেক সময়ে ভুলসিদ্ধান্তে উপনীত হইতে হয়। ( ক্রমশ: ) क्रिकिटमात्रीरमाञ्च हर्द्वाभाषाय ।

## মৃতের পুনরাগমন।

মাতৃষ মরিয়া কি হয় ? আত্মা কি মৃত্যুর সঙ্গে সঞ্চেই দেহাস্তর আশ্রর করে ? এই সকল প্রশ্নের সমাধান আব্দাক। মৃত্যুর অব্যবহিত পরেই খদি মানবাত্মা দেহান্তর গ্রহণ করে, তবে সময় সময় আমরা মতের পঞ্চ-ভতাত্মক দেহের অবিকল প্রতিক্রতি দেখিতে পাই কেন ?

আমাদের পরিচিত্ লব্ধপ্রতিষ্ঠ উকীল শ্রীযুক্ত যুগলগৌপাল সিংহ মহাশয় এইরূপ একটা অলো কক ঘটনা প্রতাক্ষ কবিয়াছেন। ঘটনাটী অসাধারণবোধে 'অলোকিক রহস্তে' পত্রস্থ করিতে ইচ্ছা করিয়াছি।

যুগৰবাবুর মোহরার ৬কলীপদ দত্ত বিগত আখিন মাসে সপ্তমী পুঞ্জার দিন অহিফেনদেবনে আত্মহত্যা করেন। যে সময়ে এই ঘটনা ঘটে, সে সময় যুগলবাবু কান্দীতে ছিলেন না। কান্দী হইতে ৫ মাইল দূরবন্তা খোদবাদপুর গ্রামে স্বীয় আবাদ-ভবনে পূজাবকাশ যাপন করিতে ছিলেন। পুৰার ছুটির পর কাছারী খুলিলে তিনি পুনরায় কর্মস্থানে আদিলেন। তাঁহার মোহরারের শোচনীয় মৃত্যু-সংবাদ ভিনি খোসবাদ-পুরেই পাইরাছিলেন। কান্দীতে আসিয়া তিনি স্বীয় কাল কর্ম করিতে

লাগিলেন। বিগত ১৯শে কি ২০শে কার্ত্তিক রাত্র ৪টার সময় তিনি শৌচাগারে যান। তথন তাঁহার ভৃত্যেরা নিদ্রিত ছিল; সে জন্ত কাহাকেও না ডাকিয়া নিকটয় একটা পুক্রিণীতে হত্তপদাদি প্রকালনার্থ গমন করেন। একটা গুরুতর মোকর্দ্দনার চিস্তার তিনি তন্মর ছিলেন, তৎপর দিন আদালতে সেই মোকর্দ্দনাটা উঠিবার কথা। কাজেই সে বিষয়ের চিয়ায় তিনি যে একাস্ত নিময় ছিলেন তাহা সহজেই অয়ময়য়। হস্তপদাদি প্রকালন করিতে করিতে সহসা তিনি দেখিলেন তাহার পার্শে অনতিদ্রে সেই মৃত মোহরার কালাপদ দাড়াইয়া আছে। মৃগল বাবু তথন সেই মোকর্দ্দনার চিয়ায় এত দ্ব বিভার যে কালীপদ বে মৃত, তাহা চিস্তা করিবার অবসর মাত্র তথন তাহার ছিল না।

ভিনি কালীপদকে ভদবস্থায় দাঁড়াইয়া পাকিতে দেখিয়া জিজ্ঞাসা ক্রিলেন, "কে কালী" ?

কালা উত্তর করিল ''আজা হাঁ''।

যুগলবাবু। তুমি এখানে এত সকালে ?

কালা। আমি আপনার ভাইপোকে পড়াইতে আসিয়াছি।

চকিতে যুগানবাবুর সর্বাশরীর রোমাঞ্চিত হইরা উঠিল। মুহুর্ব্ত কাল মধ্যে ভাহার সমস্ত ঘটনাই স্মৃতিপথারত হইল। তিনি আস্থ-নংবরণ করিয়া কহিলেন 'কালা, তুমিত কিছু দিন পুর্বেষ মরিয়াছ"।

কালী। কে বলিল আমি মরিয়াছি ? আপনি কি আমায় মরিতে দেখিয়াছেন ?

যুগল। না; আমি সে নময় বাটীতে ছিলাম; কিন্তু তোমার মৃত্যু সংবাদ আমি সেইথানেই পাইয়াছিলাম।

কালী। মৃথ্যা কথা; স্থামি হাঁসপাতাল হইতে আসিতেছি। স্থাপনার ভাইপোকে পড়াইব।

ষ্গলবাবুর একটা ভ্রাতুপুত্রকে কালীপদ পড়াইত।

যুগল। যাহাই হউক কালী, তুমি যে মৃত তাহা নিশ্চিত, কিন্তু আমি তোমাকে যাহা বলিব শুনিবে কি ?

কালী। কি বলিতে চান বলন।

যুগল। প্রতিজ্ঞা করিতে পার আমি যাহা বলিব তাহা শুনিবে।

काली। कि दलिएक बलून।

যুগল। তুমি এখানে আর কখনও আসিও না। আর প্রতিজ্ঞা কর, আমার পরিবারেই কাহারও কোনও অনিষ্ট করিবে না।

কালা। শপথ করিতেছি, তাহাই হইবে। কিন্তু আপনিও একটী প্রতিজ্ঞা করুন; আমার সহিত আপনার এই সাক্ষাতের কথা এবং কথোপকথনের বিবরণ অন্ততঃ তিন দিন স্থাপনি কাহারও নিকট প্রকাশ क्तिर्वन ना ।

যুগ্ৰ। আচ্ছা।

পর মৃহূর্ত্তে আর কালীপদকে তথার দেখিতে পাওয়া যায় নাই। महमा (काथाय (यन (म नीन इहेबा (गन।

যুগলৰাৰ বলেন যে, যে সময় তিনি এই ঘটনা প্ৰত্যক্ষ করেন, তখন ভোরের তারার উজ্জন আলোকে স্থানটা বেশ আলোকিত। প্রাতঃকাল মাগতপ্রা। পূর্বাকাশ অরুণকিরণে অনুরঞ্জিত। তিনি বলেন যে, চকিতের মধ্যে এই ব্যাপার হইয়া গিয়াছিল। ভয় ও বিশ্বয় যুগপৎ তাহার হৃদয়কে আন্দোলিত করিয়াছিল।

ঘটনাটী যুগলবাবুর নিকট বেরূপ শুনিয়াছি অবিকল, তাহাই বিবৃত করিলাম। এইরূপ মৃতের পুনরাবির্ভাব-রহন্ত অনেকেরই নিকট গুনিতে পাওয়া যায়। এ রহস্তভেদের উপায় আছে কি ? অলৌকিক রহস্তের লেখক ও পাঠকগণের নিকট আমে এই প্রশ্ন উত্থাপন করিতেছি যে, কেহ শাস্ত্রীয় বা বৈজ্ঞানিক যুক্তি প্রদর্শন করিয়া প্রশ্নের সমাধান করিলে অমুগ্ৰীত হইব।

প্রশ্ন প্রথমেই উক্ত হইয়ছে। তথাপি উপসংহারেও পুনরুল্লের করিতেছি;—মৃত্যুর পর মানবাত্মা কিরূপ অবস্থার অবস্থান করে ? মৃত্যুর অব্যবহিত পরেই কি আত্মা দেহান্তর আশ্রয় করে ? আত্মঘাতীদিগের সহিত স্বাস্থাবিক মৃত্যের মৃত্যুর পরবর্ত্তী অবস্থার কি কিছু তারতম্য আছে।

क्रीरनरवन्त्रनातायुग ताय ।

# অলৌকিক রহস্য'।

১১শ সংখ্যা ]

ভূতীয় বৰ্ষ।

िट्यार्थ, ३७३३ ।

# ভৌতিক-কাণ্ড।

### (প্রত্যক্ষদৃষ্ট ঘটনা)

বংশাহরের মধ্যে জঙ্গলবাঁবাল একটা প্রসিদ্ধ গ্রাম। বিস্তর কুলীন ব্রাহ্মণ কায়ন্থের বাস বলিয়া গ্রামটী স্থপরিচিত। কলিকাতার স্থপ্রসিদ্ধ পুস্তক-নিজেতা এস, সি, বস্তর বাটা এই গ্রামে। গ্রামটা একটা দ্বীপ-বিশেষ। ইহার তিন দিকে ভৈরব নদ, অফুদিকে ২০০ শত হাত কাটা খলে। এই খালের উপরেই সাধু মালোর বাটা। তাহার স্ত্রীর বয়স ১৬১৭ বংসর। তাহাকে ভূতে সাশ্রম করিয়াছে ও সেই ভূত ছাড়াইতে এক ওয়া উপাত্ত হইরাছে শুনিয়া কতিপয় সহকারী শিক্ষকসহ অপরাহেশ নদী পার হইয়া তাহার বাটা গেলাম।

গিয়া দেখি, সাধুর বাটীর প্রাঙ্গণে বদিবার স্থানটুক পর্যান্ত নাই।
দিনের বেলায় ঝাড়াইবার আয়োজন হওয়ার গ্রামের লোক ভাঙ্গিয়া
আদিয়াছে। মাঝে এক অন্ধ ওঝা ও তাহাঁর সম্মুখে একথানি পিঁড়ির
উপর আবিষ্টা উপবিষ্টা। ঘোমটা নাই, যেন স্ত্রীজন-স্থলভ লজ্জা তাহাকে
প্রিত্যাগ করিয়াছে। বলা বাহল্য, আমরা তথায় উপস্থিত হইবার
পুর্বেই ঝাড়ন আরম্ভ হইয়াছে।

ওঝা নানারপ দল্লোচ্চাত্মণ করিয়া মধ্যে মধ্যে তাহার পরিচয় চাহিতে ছিল, রোগিণীও যথেচ্ছাভাবে কত নাম বলিতেছিল। কিছুতেই প্রকুত পবিচয় দিল না।

ওঝার ধৈর্য্য-চাতি ঘটল। ওঝার ক্লেন, আমানেরও বিরক্তি জ্বনিল। শে তথন পুনরায় মন্ত্র-পৃত সর্বপ সবলে আবিষ্টার মুথে নিক্ষেপ করিল এবার রোগিণী বড় স্বস্থির হইল এবং বলিল, "সার আমাকে মারিবেন না. আমি সত্য কথা বলিতেছি। আমার নাম বিপিন দাস বৈরাগীর পুত্র। তিনি আমার পিতা নহেন। আমার মা আমাকে ও আমার ছোট ভাইকে শইয়া, ইহাকে বৈষ্ণব করেন। তবে তিনি আমাকে বড ভালবাসিতেন। আমারই শোকে মরিয়াছেন।"

ওঝা।—তুমি কোথায় কি ভাবে মরিক্লাছিলে?

আবিষ্টা।--->২৯৬ সালে বড় বন্তা হয় ; তাহাতে আপনাদের এই থাণে ভীষণ বেগ হয়। আমি একদিন এই গ্রাম হইতে ডোক্লায় চডিয়া পার হইতে গিয়া ডুবিয়া যাই। আর উঠিতে পারি না। তদবধি থালধারে প্সাছি।

ওঝা।—বেশ। ইহাকে কিরুপে ধরিলে ?

আবিষ্টা।---মহাশয়, আমার কোন দোষ নাই, আমার বয়স ১৬ বছর মাত্র। ইনি সময় অসময় না বুঝিয়া খালে যাইতেন, তাহাতেও কিছু বলি নাই; কিন্তু বস্থ-বাটী বিবাহের দিন আর থাকিতে পারিলাম না।

ওঝা।—কেন ? সেদিন কি স্থযোগে ধরিলে ?

আবিষ্টা।—তাই ভনিবে? যথন বাস্তকরগণ বাজাইতে বাজাইতে ৰর ও বধুর পাত্তির পশ্চাৎ পশ্চাৎ যাইতেছিল, তথন ইনি ভাত থাইতে-ছিলেন। তাড়াতাড়ি উঠিয়া হাত-মুখ না ধুইয়াই ঘরের পিছনে কলা বাগানে গেণেন ও একটা কণাগাছ ঠেস দিয়া শুনিতে লাগিলেন। আমিও তথন সেধানে ছিলাম। তাঁহার আঁচল ঝুৰিতে দেখিয়া আর স্থির থাকিতে পারিলাম না।

ভঝা।--তবে এখন যাও, ইহাকে ছাড়।

আবিষ্টা — আমি কাহারও কোন অনিষ্ট করি না। এথানে বেশ সুখেই আছি। আপনি কেন লাগিয়াছেন ?

ख्या।— जाहा इटेरव ना। ছाड़िए उट्टे इटेरव। यारव कि ना वन ? আবিষ্টা ।—আছা, একটা কার্ত্তন করিতে বলুন।

ওঝা।--ভাহা হইলে যাইবে ?

আবিষ্টা।--অচ্ছা, আগে গান গুনি।

ওবার কথামত কয়েকজনে মিলিয়া একটা সংকীর্ত্তন করিল। রোগিণী তাহাতে বড়ই হুপ্তা হইয়া নাচিতে উত্ততা হইল, কিন্তু ওঝার শাসনে পারিল না।

ওঝা।--আর কেন ? এখন যাও।

আবিষ্টা। -- মহাশন্ন, না পেলে হয় না ? আমি বালক বৈ ত নই !

ওঝা।—হাঁ, বুঝেছি। সহজে ছাড়িবে না। বৈঞ্চবের ছেলে বলিয়া কিছু বলি নাই; কিন্তু তাহাতে ২ইল না। এই বলিয়া যেমন আবার मर्ये नहेन, अमान आविष्ठी कहिन "(काशाय शांकिएक वर्णन ? ज्यानहे যাইতেছি।"

ওঝা।--- যাও \* \* বাঁওড়ের ধারে ১টা তালগাছ আছে. আৰু হুইতে তথার থাকিবে। এই জুতাটি মুখে করিয়া ষাইতে হুইবে ?

व्याविष्टा।--व्यामि देवकरवत्र एहाल, क्वा नहेटक भातिव ना। व्यात যাহা বলেন, করিতে পারি।

७वा।--- ज्रात वरे जन-कनमी नहेश या : नां क कित्रा नहेल्ड হইবে। রোগিণী যেন কষ্ট না পায়।

আবিষ্টা।—তাহাই করিল। তিন ডাকের পর সে উত্তর দিল ও ঘোমটা দিয়া মহালজ্জিত হইয়া গৃহমধ্যে গেল। ওঝা একটা কবচ দিয়া বিদায় হইল।

ভূতের পরিচয়মত বাস্থরাড়ীতে তাহার মাতার সন্ধান লইলান।
কিছুদিন পূর্বে তাহার কনিষ্ঠ পূত্রও সর্পাধাতে মরিয়াছে। জননা কাতর
ভাবে সমস্ত পরিচয়ই দিল। সমস্তই মিলিয়া গেল।

শ্রীবিধৃভূষণ যোষ।

### একখানি পত্ত।

"অলৌকিক রহস্ত"-সম্পাদক মহাশয় সমীপেয়—

আপনার পত্রিকার বৈশাখ-সংখ্যা পাঠে স্তব্ধ ও আশ্চর্যাখিত হইরাছি।
এতদিন "অলৌকিক রহস্ত" নিরীহ প্রেতাদির ব্যাপার লইয়া চলিয়া আসিতে
ছিল। একণে বোধ হয়, সাধারণ অভব্যক্তি নিয়মে অলৌকিকতার
উচ্চতর স্তব্যে এতই ক্রত গতিতে চলিয়া যাইতেছে, যে আমাদের মত
'সেকেলে' মানুষের তাহার অনুসমন করা অসন্তব। আপনাদের "অশ্রতপূর্ব্ব প্রতিশোধ"-নামক প্রথম প্রবন্ধে নানাপ্রকার ভাবের সময়য় হইয়াছে।
লেখকটীকে নৃতন বলিয়া বোধ হয়। কিন্তু নৃতন হইলে কি হয় ? তিনি
অকুতোভয় ও তাহার শাস্ত্রজান, যুক্তি ও বিশ্বাস প্রভৃতি সন্দর্শনে সকলকেই
মুগ্ধ হইতে হয়। তিনি প্রবন্ধ আপনাদের থিওসফি সম্প্রদারের পরমবেদ

স্বরূপ থিওস্ফিষ্ট পত্রিকার উপর নির্ভর করিয়া লিথিয়াছৈন, এবং তাঁহার মতামতগুলি যদি ঐ সম্প্রদারে সর্ব্ববাদি-সম্মত হয়, তাহা হইলে নব্য থিওস্ফি এবং প্রাচীন 'ব্রহ্ম-বিগ্রা' এতত্ত্ত্বের মধ্যে থিওস্ফির প্রতিষ্ঠা সকলকেই স্বীকার করিতে হইবে।

আমরা শাস্ত্রোপজীবী-বংশোদ্ভব সেকেলে মাসুষ এবং কথঞিং ভাবে ইংরাজি শিক্ষা করিয়াও ক্ষুদ্রতা আতক্রম করিতে পারি নাই। সেই জ্বন্ত প্রবন্ধের সার্বানির করেলটি বিষয়ের সমাবান করিতে সমর্থ হই নাই। আশা করি, আপনারা বিষয়গুলি পরিদ্ধার করিয়া দিয়া মৎসদৃশ ব্যক্তিগণের মোহাল্ককার দ্ব করিবেন এবং আপনাদের দলের দত্ত, বস্তু, চট্টোপাধ্যায়, বন্দ্যোপাধ্যায়-প্রমৃথ মহামুভব ব্যক্তিগণ একটু আলোক দান করিয়া আমাদের মনের মালিন্ত দূর করিবেন।

তারপর লোকপরম্পরায় ও আপনাদের সম্প্রদারের অন্তরঙ্গ সভ্য 
ছই একজন বন্ধর নিকট গুনিয়ছি যে, আপনাদের মধ্যে লেডবিটার না 
কি বিটার (?) নামক অভিনব তবদশা প্রকট হইয়ছেন এবং তিনি তাঁহার 
ম্প্রদর্শন ও প্রতিভাবলে হর্ভেল্প কাল-যবনিকা নানান্থান ভেদ করিয়া জন্মজন্মান্তরীণ সঠিক সংবাদ দিতেছেন। তিনি না কি কতকগুলি বালক ও 
যুবাপুরুষকে আপনার মতে শিক্ষিত করিয়া এক 'সেবক সম্প্রদার' স্থাপিত 
করিয়াছেন। বাদিও বর্ত্তমান রাজনৈতিক সন্ধিস্থলে নানা কারণে আমরা 
সর্বা একার সেবক-সমিত্রকে কিছু ভর করি; তত্রাচ আপনাদের সেবক 
সমিতির সম্বন্ধে যে সকল অভ্যান্তর্গ ঘটনাবলী প্রকাশিত হইয়ছে, তাহাতে 
মনে হয় যে, আপনারা নিশ্চয়ই কোন প্রকার অভিনব যোগক্রিয়ার উত্তব 
করিয়া সভা যুবকগণের এত উত্তি সাধন করিতে সমর্থ হইয়াছেন। 
ঐ সেবক সমিতির নিয়মাবলী প্রকাশ করিতে যদি কোন বাধা না থাকে, 
তাহা হইলে বোধ হয়, তত্ত্বারা আনাদের দেশের যুবকর্নের বিশেষ উপকার

সম্ভব। অতএব<sup>°</sup> আপুনাদিগের নেতা সাহেবের বর্তমান নামধাম এবং সেবকগণের কর্ত্তব্যাদি প্রকাশ করিলে সাধারণের মঙ্গল হইবে, সন্দেহ नारे। अनिवास के सहाकुछव मास्त्रकी हुई। मान्ताम हुईएक देवताला অক্তত্ত চলিয়া গিয়াছেন।

একণে নিমে করেকটা বিষয়ে আমার একটু সংশয় জনায়াছে।

১ম। শেথকের মতে বোধ হয় যে, মৃত ও হত ব্যক্তিগণের দারা আমাদের মনে যত কুভাবের উদয় হয় এবং তাহারা আমাদের প্রতি যথেচ্ছ ব্যবহার করিতে এবং এমন কি, নিজ নিজ প্রবৃত্তির চরিতার্থতার জন্ম সুল ৰগতেও কাৰ্যা করিতে সমর্থ। একণে বিজ্ঞান্ত এই যে শাস্ত্রোক্ত বান্ধণ-গণের মনোকল্পিত যমরাজ্ঞার স্থায় আপনাদের প্রেতাত্মাগণের সংযমনের **क्छ काम त्राका वा त्राक्ट-मक्टि আছে कि ना १ ना शाकिला, लिथक-⊲र्गि**ङ বথেচ্ছাচারের হস্ত হইতে আমাদের মত তুর্বল-চিত্ত মানবকে রক্ষা করিবার কোন ঐশ্বরিক বিধান আছে কিনা ? জগতের নিয়ন্তা, সকল কল্যাণগুণের আধার ঈশ্ব-তত্তে আপনারা বিশাস করেন কি না ? প্রবন্ধপাঠে অমুমান হয় যে, আপনাদের কথিত মহাপুরুষগণই এই সমন্ত জগৎ-ব্যাপার লইয়া থাকেন। কিন্ত বোধ হয় বেদান্তে পড়িয়াছিলাম ষে, জীবন্মক্রগণের জ্বগৎ-ব্যাপারে কোন ও হস্ত নাই। হয় ত আপনাদের মহাপুরুষগণ বেদান্তের জীবলুক্ত পুরুষগণ অপেকা উচ্চতর মর্যাদাপ্রাপ্ত; এই বিষয়ের রহস্রোদ্যাটন করিয়া বাধিত করিবেন।

২য়। মিশরদেশীয় সর্গাসীর উপদেশগুলি ভাল ব্রিতে পারিলাম না। অবশ্য কর্ম্মের গতি গহন। ব্রজগোপালের সহিত তাহার আত্মীরের মরণ ব্যাপারের কোন সমন্ধ না থাকিলেও ব্রহুগোপালের প্রাণদণ্ডে কি প্রকারে কর্ম্মের ঝণ পরিশোধ হইল, তাহা বুঝা গেল না। -ঝণে উত্তমর্ণ ও অধমর্ণ আছে। কিন্তু এই প্রাণ-দণ্ডব্যাপারে কোন উত্তমর্ণ দেখিতে

পাইলাম না। লেথক বা উচ্চত্তর ব্যক্তিগণ এই অত্যাশ্চর্য্য কর্মের নিম্নটী বুঝাইয়া দিলে উপকৃত হইব। আমি রামকে নারিলাম; কিছুদিন পরে শ্রাম আমাকে মারিল, আমারও ঋণশোধ হইল। ইহা বড়ই আশ্চর্যাক্তনক। তাহার পর "যাহার আদেশ কেহ অমান্ত করিতে পারে না" এই উক্তিতে লক্ষিত 'যিনি' কে? তাহা কি আমরা জানিতে পারি?

তয়। যে পরিবাদ্ধক দীক্ষার কথা বলিয়াছেন, তাহা কি আমাদের শাস্ত্রোক্ত পরিবাদ্ধক অবস্থা? প্রবন্ধপাঠে বোধ হয় যে সদ্গুক্ত নামধের একপ্রকার অন্তুত গুকর কপালাভ করিলে দীক্ষাও লাভ হয়। তাহা হইলে সদ্গুক্তলাভের পথ কি ? প্রবন্ধে দেখা যায় যে, মিশর দেশীয় সয়াাসীকে এক সময়ে অতিথি-সৎকারে সম্ভই করিয়াই :ব্রজগোপালের দাক্ষা লাভ হইল। ইহা যদি সতা হয় তাহা হইলে আপনাদের জ্ঞানিত প্রকাপ কোন সয়াাসী আছেন চি না এবং কোথায় যাইলে তাঁহায় সৎকার করিতে পারা যায় ? আপনাদা গুক্তপ্রাপ্তি ও তত্ত্বজ্ঞান যেরপ স্বাভাবিক করিয়া দিয়াছেন, তাহাতে সাধারণের চক্ষ্ কেন যে ফুটে না তাহা বুঝিতে পারি না। বোধ হয় ইহাই কলির প্রত্যাপ; এরূপ সহজ ও স্থগম পথ ছাড়িয়া 'প্রত্যাহার' 'ধ্যান' 'ধ্যবণা' করিতে সবাই ব্যস্ত। এমন কি সে দিন একজন বিদ্বান বন্ধুর সহিত এ বিষয়ের আলোচনা করিতে যাইলে তিনি উচ্চ হাস্ত করিয়া Theosophy made easy (তরলীকৃত ব্রন্ধাবিত্রা) এবং দীক্ষামার্গকে 'Theosophical Æro-plane' প্রভৃতি শক্ষে

আপনাদের দৈরীদেবকসমিতিতে যে প্রকার অভিনবভাবে যুবকদিগের কর্ম্মকল শীদ্র শীদ্র ক্ষন্ন করান হয়—তাহা কিরূপ ? আমার একটা বন্ধুর পুত্র স্থাধীন প্রেমে পড়িয়া গিয়াছে। তাঁহার ইচ্ছা যে পুত্রের কর্ম্মটী শীদ্র শীদ্র

ক্ষম করাইয়া দেন, তবে ভায় এই যে পাছে কর্ম্মের সহিত শরীরও ক্ষয় হয়। কারণ শাস্ত্রে বলে শরীর কর্ম-জন্ম। স্থতরাং আপনাদের প্রাক্রেয়াতে শরীরাদি ক্ষয় হয় কি না লিখিলে বা'ধত হটব। বিষংটী বড়ট करूरी।

জাহাজের উপাথ্যানে আয়হত্যায় কৃতসম্ভল কর্মচারীটীর কেন ঐ প্রকার প্রবৃত্তি ইইরাছিল ? লেগক প্রথমে বলিলেন যে, "সে যুবতীর প্রেমে প্রিয়া প্রকাশ হট্যা প্রিনার সম্ভব হওয়ায় আত্মহত্যায় ব্রতা হইমাছিল." কিন্তু পর পৃষ্ঠায় দেখা যায় যে, তহবিল ভঙ্গ জন্মই ঐ ব্যাপাব হুইয়াছল। কামিনী কাঞ্চনের প্রভাপ কি স্ক্রই আছে, ইং। কি সতা ? পূর্ব্বোক্ত ঘটনায় আপনাদের 'পরিব্রাহ্নক শিয়া' নহাশয় যে উপায়ে কর্মচারীর ভিতরে কি রূপে ভাব-প্রবেশ করাইয়া দিলেন তাহা বঝাইয়া দিলে আমার বিশেষ উপকার হয়। শুনিয়াচি আপনাদের মধ্যে কেহ কেই পর-শরীরে ভাবাদি প্রবেশ করাইতে পারেন। সম্প্রতি আমার 'বেয়ান' ঠাক্ত্রন আমার প্রতি অত্যন্ত বিরূপা হইখাছেন: উহা কোন উপায়ে নিবারিত ২ইতে পারে কি ? আর এক কথা সম্মতি বা অসম্মতিক্রমে পর-শরীরে ভারাদি প্রবেশ করাইয়া যে কোন প্রকার কর্মের দায়ী হইতে হয় কি না, এবং তাহাতে কর্মাননের তারতমা হয় কি না ?

বুদ্ধদেব যে 'ব্যাসাবভার' এ শুভ সংবাদে আমার মন ১ইতে একটি ভার নামিয়া গেল। গোঁডো বৈষ্ণবেরা তাঁহাকে বেদদেষীদিগের মোট উৎপাদনের জন্ম অবতার বলে; অপর দিকে বৌদ্ধগণ তাঁচাকে বিষ্ণুর অবতার বলিয়া স্বীকার করেন না। কিন্ত লেখক যে তাঁহার একটা স্থান নির্দেশ করিয়া দিলেন। ইহাতে হিন্দু এবং বৌদ্ধগণ উভয়েরই খুসী হওয়া উচিত। তবে কোন্শাস্ত্র হইতে ইহা উদ্ধৃত হইল জানিতে পারিকে আমাদের তৃপ্তি হয়।

লেখক যে "ভগবান ক্লঞ্মুর্ভি"র উপাসনার সমর্থন করিয়া লিখিয়াছেন, ভাহা লইয়া না কি একটা গোলযোগ উপস্থিত হইয়ছে। ভারতবর্ষের থৈওসফিক রাজা বাবু ভগবানদাস না কি ঐ সকল মতের উপর ভার কটাক্ষ করিয়াছেন। সে যাহাই হউক, চতুর্দশ দিন কাল প্রভু ক্লঞ্চমুর্ভির সক্ষ শরীরে অবস্থান এবং হিমালয়গমন ব্যাপারটা অতীব বিষয়কর। ভানিয়াছি, একজন পাশ্চাভা সন্মোহনকারী (mesmerist) ব্যাপারটীকে সন্মোহন নিজা বলিয়া প্রতিপন্ন করিতে প্রস্তুত ছিলেন। কিন্তু তাঁহার ঐ মতের থণ্ডন বা পরিস্থাপনবিষয়ে কর্তৃপক্ষেরা কেন্ট্র অগ্রসর হন নাই কেন 
প্রত্যাবান নৈত্রেয় ঋবিকে কোন্ শাঙ্গে "জগদ্ভরু" বলে তাহা আমি জানি না। এ বিষয়ে অনেক কথা জিজ্ঞান্ত রহিল।

লেখকের প্রবন্ধটী জনসমাজে ক্লফ্ডমৃত্তি দেবের উপাসনা-প্রচার জন্ত এবং Star in the East নামক সমিতির তথ্যখোষণার জন্ত লিখিত হইয়াছে বলিয়া মনে হয়। সাক্ষাৎ ই:ক্লফ্ড থাকিতে আর "ক্লফ্রমৃত্তি"র আবশ্রুকতা অনেক হিন্দু বুঝিতে পারেন না এবং শঙ্করাবতার শঙ্কর ভিন্ন বিষ্ণু ব্যতীত অন্ত কাহারও অবতারের কণা শাঙ্গে দৃষ্ট হয় না। এ বিষয়টীরও মীমাংসা করিয়া দিবেন। আজ এই পর্যান্ত।

শ্রীফলতলা। ) আপনার বৃশন্ধদ— ১লা জৈঠে। টি শ্রিপায় মুখোপাধ্যায়।

## মৃকং করোতি বাচালং।

"মৃকং করোতি বাচালং, পঙ্গুং লব্দয়তে গিরিং, বংক্লপা ভমহং বন্দে প্রমানন্দ মাধবম্।"

ভগবৎ রূপার "বোবার বলে, পঙ্গু চলে. অন্ধ মানুষ দেখাতে পার" এই কথা ভক্তদের গ্রন্থে দেখিরা আসিতেছি। এ সম্বন্ধে কিছু লেখা এ প্রবন্ধের উদ্দেশ্য নহে। আমরা পাঠকবর্গের একটি মহৎ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করিতে ইচ্চুক হইরা এই প্রবন্ধে হস্তক্ষেপ করিলাম।

অন্ধের চক্দান, পক্সকে চাণান, বোবাকে কথা বলান রূপ ছরুহ কার্যা সম্পাদন করিবার শক্তি আমাদের সকলেরই আছে, অর্থাৎ প্রচ্ছরভাবে রহিয়াছে, তাহা বিকাশ করিবার জন্ম সকলেরই চেষ্টা করা উচিত, চেষ্টাও অসাধ্য বা বেণা বারসাধা নহে। এই শক্তিলাভে জগতের যে অশেষ কলাণ করিতে আমরা সমর্থ হটব ভাহার আর সন্দেহ নাই, তবে আমরা নিশ্চেট কেন ? আমরা 'অলৌকিক রহস্তে'র প্রায় সহস্র পাঠক হয়াছি, কৈ কয়জন আমরা এই শক্তি চালনা করিতে সমর্থ হইয়াছি ও চক্ষের সম্মুখে পঙ্গু, মুক, বধির, অদ্ধ ত অসংখ্য পড়িতেছে, একটিকেও কি আমরা বাাধিমুক্ত করিতে পা রয়াছি! আহা, এই বিপরদের অবস্থা একবার ভাবিয়া দেখিলে কি মনে হয় বলুন ত ? আমাদের নিজেদের প্রক্রপ অবস্থা ঘটলে কি বিপদে পড়িতে হইবে, তাহা একবার ভাবিলে আর কুলকিনারা কিছুই পাওয়া যায় না। কতকটা নিজে অম্ভব করিয়াছি; বুঝিয়াছি এ অবস্থায় পড়িলে শারীরিক যয়্রণা অপেকা মানসিক্রির্লাই বড় বেন্দী হয়, লোককে মনঃপীড়ার উন্মন্ত করিয়া তুলে, শেষে আস্থাহতাই একমাত্র যয়্রণানিবারণের উপায় বলিয়া বোধ হয়। এই

রূপ বিপরের উদ্ধারশক্তিলাভে কাহার না বলবর্তী বাসনা হইরা থাকে ? তবে আমরা নিশ্চেষ্ট কেন ?

বোধ হয় এখন অনেকেই বলিবেন এমন শক্তি আমরা কি করিয়া লাভ করিতে পারি ? তহন্তরে আমার বক্তব্য এই যে, রোগ আরোগা-শক্তি আপনাদের গকলেরই আছে, অবশ্য নামধিক পরিমাণে; প্রকৃত প্রস্তাবে এই শক্তি বিকাশ করিতে হইবে। বিকাশ করিতে হইলে অভিজ্ঞ লোকের করেক দিন সাহায্য লওরা আবশ্যক। বাহারা এই শক্তি বিকাশ করিয়া লোকহিতে ব্যবহার করিতেছেন, তাঁহাদের কথিত প্রণালী-মত ক্রমশঃ ধীরে ধীরে অগ্রসর হইতে হইবে। আমি নিজে এ ব্যাপারে সিজ্জ্বনা থাকার, আমার দারা এই তত্ত্ব বিশেষ ভাল আলোচিত হওরা সঙ্গত্ত মনে করি না। তবে পাঠকবর্ণের কৌত্হল চরিতার্থ মোটাষ্টি ভাল দ্বই একটা তত্ত্ব এছলে লিপিবদ্ধ করা গেল মাত্র।

নিজ শক্তি বিকাশ করিয়া তৎসাহায্যে লোকের রোগ আরোগ্য করার নাম পাশ্চান্ত্যভাষায় সাইকোপ্যাধিক হিলিং। মেদ্মেরিজম্— যাহার আধুনিক নাম হিপ্নটিজম্ এ ব্যাপারে অনেক অগ্রসর করাইয়া দেয়। বিনা ঔষধিতে উপরিউক্ত রূপ ভরারোগ্য রোগ আরাম করিতে ইচ্ছুক হইলে আমাদের মেদ্মেরিজম্ শিখিতে হইবে; ইহার সাহায্যে শনৈঃশনৈঃ অগ্রসর হইবার পক্ষে অনেক সহজ পথা জানিতে পারা যাইবে। মেদ্মেরিজম্ শিক্ষাও নানাপ্রকার ভ্রারোগ্য রোগ আরোগ্য করিতে শিক্ষালাভ করা নিজের ঘরে বিস্থাই হয়। মেদ্মেরিজম্ না শিখিলে যে হয় না, এমন কথা আমি বলি না।

আমরা জীর মাত্রেই ব্রন্সের অংশ, তবে আমরা ব্রন্ধকে জানিতে না পারা হেতু আমাদের ব্রন্সের যাবতীয় শক্তি নিজ দেহসাহায্যে বিকশি করিতে পারি নাই। এই ব্রন্ধাক্তি অসীম কাজেই, আমাদের প্রচল্প শক্তিও অসীম সন্দেহ নাই। ইহার মধ্যে শারীরিক ও মানসিক ব্যাধি আরোগ্য করার শক্তি আমাদের আলোচ্য হওয়ার—তৎসম্বন্ধে মৃল এবং প্রথম কথা এই যে, আতুর লোকের ব্যাধি হেতু সমবেদনা, সহাম্নভূতি (Sympathy) আমাদের নিজ মনে উৎপাদন করিতে হইবে। আমাদের ব্যাধিপীড়িত লোকটির ব্যাধিহেতু মনে কই বোধ করিতে হইবে। সে যেরূপ কষ্ট বোধ করিতেছে, তাহা অন্নভব করিয়া তাহার বিপদে নিজেকে বিপন্ন বোধ করিতে হইবে, আরোগাশক্তিবিকাশপক্ষে ইহাই আমাদের মূল ভিত্তি (Keystone) বলিতে হইবে। দ্বিতার কথা এই যে, আমাদের সারোগ্য করিবার শক্তি যে আছে, তাহার উপর আমাদের দ্বিবিশ্বাস রাখিতে হইবে. এ সহজে সন্দেহ করিলে চলিবে না।

রোগীর সহিত সম প্রাণ হইরা, তাহার রোগ দ্রীকরণ-শক্তি আমার আছে এই বিশাস মনোমধ্যে বদ্ধুল করিয়া, মনে কোনরূপে সন্দেহ আসিতে না দিয়া, তাহার বোগ দূর করিতে আমাদের দৃত্পুতিজ্ঞ হইতে হইবে, ইহাতে মনস্থির হইয়া আসিবে। এই কয়েকটি অবস্থা হইপে পর রোগীর দেহে তাহার আক্রান্ত স্নায় ও পেশী প্রভৃতি শরীরের কয় যন্ত্রাদিতে নিজ্ঞ শক্তি ঢালিয়া দিতে হইবে। ইহাতে নিজের শক্তি ক্ষণ-কালের জয় কম হইবে বটে, কেহ কেহ একটু আবটু তর্বলতা ও ক্রান্তি বোব করিতে পারেন, কিন্তু কিছুক্ষণ বিশ্রামের পর, প্রায়ই রাজের নিদ্রার পর তাহা আবার পূরণ হইয়া বায়। সমুদ্রজলে য়ান করিলে মুহুর্ত্রমধ্যে এই শক্তির পূরণ হইয়া বিয়া থাকে, একথা ভুক্তভোগীয়া বলিয়া থাকেন।

আমরা সংক্ষেপে এই ব্রিকাম যে, সহামুভূতি, সন্দেহশৃগুতা, চূঢ়-প্রতিজ্ঞতা এবং শক্তিদান, এই কঞেটি এই ব্যাপারে আবশুক। প্রস্থদেহী নীত্রেরই দানোপযোগী শক্তি আছে এবং অপর তিনটি গুণও সকলেই করিয়া লইতে পারেন। এই সমস্ত কার্য্যে যে বিশেষ গুরুতর ও কঠোর সাধনসাপেক তাহা নহে, তবে অভিজ্ঞ লোকের নিকট এই করেকটি চর্চার পদ্ম জানিয়া লওয়া চাই. তাহা ডাকযোগেও হয়; সাক্ষাতে তো চইবেই।

এই যে নিভের শব্দিনান, ইহার সম্বন্ধে চুট একটি কথা এতলে বলিলে, বোধ হয় বড় অপ্রাদান্ত্রক হইবে না। এই শক্তিসম্বন্ধে প্রদেষ্ বাব কিশোরীমোহন চট্টোপাধ্যায় তাঁহার 'স্বপ্নতত্ত্ব' প্রবন্ধে বেশ সহজ কারয়। লিথিয়াছেন। কিরুপে মানবদেতে প্লীহাস্থানের চক্রমধ্য দিয়া জীবনীশক্তি সূর্যামগুল হইতে বাহির হইয়া শুলো উডিবার কালে শরীরে প্রবেশ লাভ করে ও তাহা পরে কোন চক্র দিয়া কোপায় যায় ও কি বর্ণ লাভ করে, তাহা তি'ন পাঠকদের গোচর কারয়াছেন। স্থতরাং এম্বলে তাথার পুনরুলেথ নিপ্রায়েজন। এইরূপে জীবনাশাক্ত চক্র হইতে চক্রান্তরে গিয়া শরীর মধ্যন্তিত যন্ত্রাদিকে সঞ্জাবিত করিলা, ভাতার উদ্বর্ত্ত व्यः म (मर्ट्य हर्ज़िक धूमाकारत (वष्टेन कतिया थारक। युक्तनी माधकशन দেখাইয়াছনে যে, এই উদ্বৰ্ত জীবনীশক্তি যাহাকে ওজঃ বা তেজঃ বলে, তাহা আমাদের দেহ হইতে আঠার হইতে চবিবণ ইঞ্চ পর্যান্ত প্রাশস্ত হইয়া আমাদের বেড়িয়া থাকে। এই তেজোময় অংশের কিছু কিছু এক দেহ হইতে অশু দেহে আপনা হইতেও গিয়া থাকে। অথবাঝেদে এক স্থানে এই কারণে স্বস্থ লোককে রোগীর হুই হস্ত দূরে থাকিতে আদেশ দেখা যায়। স্ক্রুত সংহিতাতেও পীড়িত ও স্কৃত্ব মধ্যে এই তেজোময় অংশ যাতায়াত করার কথা দেখা যায়। এই কারণেই একজনের স্থাসন ও বসন অন্তের ব্যবহার শাস্ত্রে নিষিদ্ধ। এই তেজোনয় অংশ লইয়া ব্রাহ্মণাদিজাতিভেদ প্রথা চলিত হয়। এই শক্তি অঙ্গুলির শেষ দিয়া ও মুর্থবিবর দারা দেহ হইতে বাহিরে প্রদান করা স্থসাধ্য।

যাহা হউক, এই তেজোময় অংশকে (ইংরাজাতে 'Aura' কছে) আমরী শক্তি বলিণ্ডেছি, ইহা আপনা হইতে এক দেহ হইতে অন্ত দেহে যাইয়াও '

থাকে; আবার আমরা সহাযুষ্ঠতি ও ইচ্ছাশক্তিবলে অভিলয়িত দেহে নিজ দেহ হইতে চালনা করিতেও পারে। রোগীর অভাব ব্রিয়া দিতে হয়, এই অভাব ব্ৰিয়াও চালনা করার ধারাবাহিক নিয়ম শিক্ষা করিতে হুইবে। তবেই আমরা কথিত শক্তিবিকাশে সমর্থ হুইব। ইহা ব্যতীত রোণীর মনে বিশ্বাস উৎপাদন (Suggestive aids) দারাও অনেক দূর আমার কতকার্য্য হইতে পারি।

এইবারে আমরা মৃক, বধির আরোগা সহত্যে কয়েকটি ঘটনার উল্লেখ कविव।

- (১) "একটি পঁচিশ ত্রিশ বৎসরের যুবককে তাহার পিতা আমার निकृष्ठे नहेबा आमिन। তিন বৎসর ३<sup>३</sup>न তাহার বাকরোধ হইয়ছে। আমার চতর্দ্ধিকে লোকে লোকারণ্য, আদৌ স্থান না থাকার মন্দিরের দেবসিংহাসনের তলে যে পীঠ ছিল তাহার উপর আমি রোগীকে লইয়া উঠিলাম। বোণীর গাত্রে হস্ত দিয়া তাহার মস্তকের চতুর্দিকে সাতবার হস্ত চালনা করিলাম, পরে সাতবার দীর্ঘ হাবে হস্ত চালনা করিলাম, মোটে পাঁচ মিনিট সময়ও লাগিল না, তাহার বাকশক্তি হইল। আমি তাহাকে রামগোপাল, রামচক্ত প্রভৃতি দেবতাদের নাম উচ্চারণ করিতে বলিলাম, সে ভার শ্বরে চীৎকার করিয়া ঠাকুরদের নাম বলিতে লাগিল। লোক সকল চতৰ্দ্দিকে উচ্চরবে বা: বা: করিতে লাগিল।" (Colonel Olcott's Old Diary Leaves Vol. II. Page 445.)
- (২) "নেগাপটমের একটি উকিল, বধির, ছইহাত দূরে বলিলে শ্লনিতে পাইত না। তাহাকে আধ ঘণ্টাকাল হস্ত চালনা করিবার পর আমার কথা দে ৭০ ফুট দূর হইতে শুনিতে পাইন, অবশ্র আমি লোকে ্<sub>ষের</sub>পে পরস্পর কথাবার্তা কর সেইরূপ জোরে কথা বলিয়াছিলাম।" Ibid. Page 462.

- (৩) "একটি একাঙ্গ পক্ষাৰাতগ্ৰস্ত রে<sup>i</sup>গীর এক হাত ও এক পা পড়িয়া গিয়াছিল। লোকটি বলিল, পোনের শত টাকা বায় করিয়া এ কাল পর্যাস্ত চিকিৎসা করিয়া কোন ফল হয় নাই। তাথার হাতটি প্রথমে চিকিৎসা আরম্ভ করিলাম। হাতের পেশা ও সায়ুর উপর দিরা হস্তচালনা করিতে লাগিলাম। আগঘণ্টার মধ্যে তাহার হাত নাড়িবার শক্তি হইল, সে আঙ্গুল নাড়িতে মুড়িতে পারিল, হাত মাথার উপর দিয়া ঘুরাইতে পারিল, কলম ধরিতে এমন কি আলপিন কুড়াইয়া লইতে পারিল। আম একটু ক্লান্ত থাকায় লোকটিকে বিশ্রাম করিতে বলিলাম। কিছুক্ষণ পরে পুনরায় আধ্ঘণ্টা হস্তচালনা করিয়া তাহার পা ভাল ক্রিণাম; সে হাঁটিয়া বাটী চলিয়া গেল।"
  - (৪) "কৃষ্ণ শল্পের পুত্র নিগম শল্বর, বয়স বোল বৎসর। ছয় মাস বয়সের সময় উপরি উপরি তিনবার হাম হইরা চক্ষু ত্ইটি নষ্ট হয়। নানা প্রকার চিকিৎসায় কোন ফল হয় না। বে ছাই নগরীর জিম্সেট্জি জিজিভয় হাঁসপাতালের ডাক্তার ম্যাক্নচি, ডাক্তার প্রভাকর ও আরও তিন চারিঞ্জন ডাক্তার দেখিয়া সকলেই একমত হইয়া রোগ দ্রারোগা বলিরা মত দেন। গ্র্যাণ্ট মেডিকেল কলেজের ডাক্তার হাঠাটও ঐ কথা বলেন। পরে বোম্বাহএর চক্ষ্ াচকিৎসক ডাক্তার এস, বি, নায়কও রোগ সারিবে না, দৃষ্টিশক্তিলাভের উপায় নাই বলিয়া ছাড়িয়া দেন।"

"প্রোফেসর এস, এন, বহু ভাণ নং পদ্মপুকুর স্কোন্নার, বিদিরপুর, কলিকাতা, রোগীকে দেখিতে অনুরুদ্ধ হয়েন। তিনি পরীক্ষায় দেখিলেন, রোগীর চকুর অতি নিকটে কোন জিনিষ ধরিলে সে তাহা দেখিতে পার না। চকু হইতে চারি ইঞ্চ দ্রে কোন জিনিষ ধরিলে একটু ঝাপসা বোধ করে। ক্লিন্ত কি জিনিব ধরা হইরাছে, তাহা বলিতে পারে না। প্রথম দিন মেসমেরিক চিকিৎসার পর চক্ষের এক ফুট দূরে আঙ্গুল নাড়িলে দেখিতে পাইণ, কয়টা অসুলে ধরা হইয়াছে ধলিতে পারিল ৷ একটি টুপি বেশ দেখিতে পাইল।

"দ্বিতীয় দিন ঐরণ চিকিৎসার পর সাতকুট দুনে মান্ত্র দেখিতে পাহল, টুপি দেখিতে পাইল, লালবর্ণ চিনিতে পারিল। আধক দূরে অঙ্গুলি দেখানয় গণিতে পারিল।

"তৃতীর দিন চিকিৎসার জন্ম আমার কাছে আসিধার কালে রাস্তায় নোক, ট্রাণগড়ৌ, গাড়ী প্রভাত দেখিয়া আসমাছে বালল। দিয়েশলাইয়ের বাকা প্রভাত ছোট ছোট জিন্ব বেধিতে পাইল, পরে দেয়েশলাইথের কাট গুণিতে পারিল।

"চতুর্থ দিন চিকেৎসার রোগী আরও দূরে আরও স্পষ্ট দেখিতে লাগিল। ইংকে সারও তিন দিন চিকিৎদা করা হয়। শেষে রোগীর দৃষ্টিশক্তি নেশ হইল, আরও দুরে দোখতে পাহল ও বেশ বালতে লাগিল।"

উপারউক্ত বস্থজা মহাশর হিপনটিজন বিভা শিক্ষা করেয়া আমেরিকা হইতে সাট্টাফকেট পাইয়াছেন, এবং তোন এই বিভাকে অর্থকরারূপে ব্যবহার করিতেছেন।

যদিও আমরা যে কয়েকটি আরোগ্য সংবাদ উপরে উদ্ধৃত করিয়াছি, তৎসমস্তই হিপ্নটীজম্-বেত্তা লোকের-দারা সম্পাদিত হইয়াছে, তথাপি এরপ মনে করা উচিত নয় যে হিপ্নটী জমুনা শিথিলে এ শক্তি লাভ হয় মা। কেবল এই শক্তিচালনের ধ্রোধাহিক কৌশল প্রিজ্ঞাত হওয়া ৰায় মাত্ৰ। চিকিৎদা শাস্ত্ৰ, শ্রীরতত্ত্ব ও রোগতত্ত্ব পরিজ্ঞাত হইয়া বাঁহারা চিকিৎসা করেন, তাহারা যেরূপ বোগ আরাম করেন, হাতুড়েরাও অনেক স্তুলে নানা প্রকার ঔষধ দ্বারা তাহা অপেকা অনেক গুরুতর রোগ আশ্চর্যারপে আরাম করিয়া থাকে। অনেকস্থলে হাতুড়ে চিকিৎসকের কাছে পাশ করা ডাক্তার দাঁড়াইতে পারে না। শক্তি পরিচালন পক্ষেও

ভাহাই বলা যাইতে পারে, বিশেষ এন্থলে মানসিক শক্তির উপর বেশী নির্ভর করিতে হয়, তাহারা পরিচালন শিক্ষা করিতে বা লাভ কঙিতে গ্রন্থাদি দেখিবার তত প্রয়োজন হয় না।

চাই কেবল সহামুভতি। একদা স্বামী সচিদানন্দ বালক্ষ মহাশ্র কোন শিষ্যালয়ে থাকিবার কালে গুনিলেন যে, একটি স্ত্রীলোক আফিম থাইরা গার-যার হইরাছে। এই ব্যাপার শুনিয়া স্বামীক্সার স্ত্রীলোকটীর উপর বিশেষ দয়৷ হইল, তাহার বিপন্নাবস্থার স্বামীজা প্রায় ক্রন্দনোলুখ হুইরা পড়িলেন। করেকটি লোক যাহারা স্বামীজার অতি নিকটে বসিয়া কথাবার্তা কহিতেছিলেন, তাঁহারা কিছু পরে স্বামীজার গাত্র হইতে এক প্রকার তাপ বাহির হইতেছে, অন্নত্ত্ব করিলেন ও স্বামাজী—কিছুক্ষণ এক প্রকার বাহ্মজানশুল অবস্থার মত হইয়া রহিলেন। কি যেন ধীরে ধীরে বলিতে লাগিলেন, তাহা বাহিরের লোকে বুঝিতে পারিল না।

পরদিন প্রাতে সংবাদ পাওয়া গেল, স্ত্রীলোকটি রক্ষা পাইরাছে। অবশ্য ডাক্তার দ্বারা চিকিৎসাও হইয়।ছিল। সাধু ব্যক্তিরা এইরূপে নিদ্ধে অপবের ভোগ লইয়া ভুগিয়া রোণীদের যন্ত্রণা লাঘ্ব করিয়া থাকেন; এক্ষেত্রে সামীজীর দারা ঐ বে রোগীটী রক্ষা পাইল ভাহা স্থির বলা না যাইলেও স্বামীজীর সমবেদনায়ও অনেকটা তাহার আরোগ্যের পথ উন্মুক্ত হইয়াছিল সন্দেহ নাই।

আমরাও পরের ভোগ নিজে লইতে সক্ষম না হইলেও এইরূপ সহাত্মভৃতি করিয়াও তাহার আরোগ্যাশা করিয়া তাহার অনেক উপকার করিতে পারি।

শক্তিপরিচালনদম্বন্ধে দেখা যায় পুরুষকে স্ত্রীলোক ও স্ত্রীলোককে পুরুষে শক্তিদান করিলে শীঘ্র কার্যাসিদ্ধি হইয়া থাকে। নিজ স্ত্রী, মাতা, ১ ও আত্মারবর্গের দ্বারা এই কার্য্য করিলে আরও সত্তর ফল পাওয়া গিয়া

থাকে। ইহার কারণ ইহাদের মন স্বতঃই আরোগ্য জন্ম কাতর ও একাগ্র থাকে ও সহজেই মন স্থির হইয়া পড়ে। নিজ শক্তির উপরও সঙ্গে সঙ্গে বিখাস জন্মাইয়া দিলে প্রভৃত উপকার পাওয়া যায়।

বছালি আমরা কেহ মেদমেরিজম শিক্ষা করিবার স্থযোগ না পাই. তবে কি আমাদের শক্তিবিকাশ করা ভাগ্যে ঘটল না বলিয়া নিশ্চিত্র ্রথাকিব ? কথনই না। শক্তি যথন আমাদের রহিয়াছে এবং শক্তি ঢালিয়া দিবার পথ—আমাদের মুখ ও হাত রহিয়াছে. তথন অভিজ্ঞ লোকের সাহায়া পাইলাম না বলিয়া বিকাশের চেষ্টা না করা অলসভার পারচয় মাত্র : অনাথ বিপন্ন রোগীকে চিকিৎসায় তাহাদের সাংস না হইলে বাটার স্ত্রী-পুত্রের পীড়ায় এই শক্তিপরিচালন করিতে আরম্ভ করিতে ধুইবে, কি উপারে কত ফল হয় লক্ষ্য করিতে হইবে ও ক্রমশ: নিজে জ্ঞান সংগ্রহ করিতে হইবে। ইহাতে ক্রমশঃ কৌশলামি আরত হইয়া যাইবে। সং ষাহার উদ্দেশ্য, ভগবান তাহার সহায়। আমাদের পশ্চাতে যে সকল দৈবীশক্তি রহিয়াছেন, তাঁহাদের অলক্ষ্য সাহায্য আমরা পাইতেও পারিব ও ক্রমে একজন বিজ্ঞ স্কারোগ্যকারক হইয়া উঠিতে পারিব সন্দেহ নাই। মেসমেরিজমের গ্রাম্ভে বে সকল তত্ত্ব ইঙ্গিত আছে, তাহা আমরা নিজ ভূরো-দর্শনে ঘরে বসিয়াই জানিতে পারিব।

সময়ান্তরে আরও একটু এ সম্বন্ধে বলিবার ইচ্ছা রহিল।

শ্রীকাত্তিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

## প্ৰেততত্ত্ব i

#### হিষ্টিরিক ফিট ও স্থৃতাবেশ।

১৯০৮ সালের ৩রা জুলাই রাত্রিতে আমার একটা বিশেষ বর্র স্ত্রীর ফিট হয়। সংবাদ পাইয়াই আমরা (আমি, আমার কনিষ্ঠ ভাতা শ্রীমান্ সতাশ ও অভাভ আরও তুই একজন ) ৩৪ জন লোক তাড়াতাড়ি সেখানে গেলাম এবং যথারীতি তাঁহাকে (আবিষ্টাকে) বেষ্টন করিয়া কুণ্ডলী বদ্ধ করিলাম।

এই আবিষ্টার ফিট-সম্বন্ধে আরও ছই বার এই পত্রিকায়ই লেখা হইরাছে এবং ভরিয়তে বহুবারই লেখা হইবে। এইজন্ত এই আবিষ্টার একটি চিহ্ন রাখিবার উদ্দেশ্যে তাঁহাকে \* \* বাবুর স্ত্রী বলিয়া উদ্ধেশ করিলাম এবং করিব। হিষ্টারিয়ার রোগীদিগকে কি ভাবে আবদ্ধ করিয়া চিকিৎসা করিতে হয়, তাহাও পূর্ব্ব পূর্ব্ব প্রবন্ধে যথারীতি প্রকাশ করিয়াছি। স্কৃতরাং এ প্রবন্ধে সে সম্বন্ধে নৃতন করিয়া কোনও আলোচনার ইচ্ছা করি না। যাহা হউক, কুণ্ডলীবদ্ধ করিয়াই প্রশ্ন করিলাম।

প্র:। আজ আদলে কেন ?

উ:। এ'কে ( আবিষ্টাকে ) দেখ্তে এদেছি।

যে স্বাস্থা এই স্বাবিষ্টার দেহ, স্বাশ্রম্ম করিতেন, তিনি বণিয়াছিলেন যে তিনি এই স্বাবিষ্টার গর্ভধারিণী। স্বনেক প্রমাণের দারা পরিণামে স্বামরাও তাহাই বিশ্বাস করিতে বাধ্য হইয়াছিলাম।

প্র:। শরীরে চুক্লে কেমন করে!

উ:। একটুকু পূর্বে বখন পাইখানাতে গিয়েছিল, তখন আমি এর বাতি নিবিয়ে দেই, তাতে ভয় পেয়ে দৌড়িয়ে আস্তেই আমি একে ধরেছি।

**প্রেতাত্মাদের দেহা**প্রয়ের ভিতরে কতকগুলি স্থন্দর নিয়ম দেখিতে পাই, যাথা তাহারা প্রতিপালন করিতে বাধ্য। তাহারা কথনও কাহারও মানসিক স্বাভাবিক স্থির ও গন্তীর অবস্থায় দেহ প্রবিষ্ট হইতে পারে না। বে সমুদায় অবস্থায় মানব আত্মবিশ্বত হইয়া যায়, অথবা ছাত্মার বল হ্রাস প্রাপ্ত হয়, সেই সব অবস্থাই তাহাদের দেহ প্রবেশের উপযুক্ত সময়। ৰথা—হর্ষ, বিষাদ, ভয়, অভিভৃতি ও অজ্ঞানাবহা। মানব যতকণ তাহার স্বান্তাবিক প্রতিভা ও আস্মশক্তিতে নির্ভরণীল রহে, ততক্ষণ এমন কোনও শক্তিমান আত্মা জগতে নাই, যিনি কোনও মানবদেহে প্রবেশ করিতে পারেন। এইজন্তই অনেক আত্মা ভয় দেখাইয়া কিম্বা দূর হইতে অভিভূত করিয়া কিয়া চিত্রতির উচ্ছুখাল অবস্থায়ই দেহপ্রবিষ্ট হইরা থাকে। তবে হর্ষাধিত ও বিষণ্ণ অপেক্ষা ভীত ও অভিভূত ব্যক্তির দেহাশ্রয়-কারী আত্মার সংখ্যা অধিক। আজ পর্যান্ত যতগুল হিষ্টিরিয়া রোগীর ভূতাবেশ প্রমাণ করিয়াছি, তন্মধ্যে বোধ হয় ২৷৪টি ব্যতীত প্রায় সবই ভাত হইরাই এই অবস্থা প্রাপ্ত হইরাছেন। কিন্তু প্রথম দিবসই আত্মাক যত কট্ট করিয়া দেহাশ্রয় করিতে হয়, তংপরে আর সে কষ্টের কোনও প্রয়োজন থাকে না। কারণ, একদিন ঘিনি যে কোন রকমেই আভভূত হইবেন, অন্তান্ত দিন তাঁহাকে অভিভূত করিবার সময়, সামাত্ত ইচ্ছার সহিত দৃষ্টি করিলেই যথেষ্ট।

প্রঃ । এখন বাসাতে কোনও গোক নাই, এ অবস্থায় ম'রেও ত বেতে পারে ?

উ:। আমিত একে নিতেই আসি।

প্র:। তাতে আর তোমার লাভ কি ?

উ:। আমার সন্তান আমার কাছেই রাথব।

জগতের কি রীতি ? সকলেই তাহাদের প্রিয়বস্তসমূহকে আপনার

সন্নিথিত করিয়া রাথিতে ভালবাদে এবং অমুভূতির আরস্ত হইতে চিত্তের লয় পর্যান্ত যেন এই একই চিন্তা, চেষ্টা ভিন্ন আর দ্বিতীয় ভাব নাই। জড় প্রমাণু হইতে চৈত্ত শক্তির পূর্ণ পরিণতি প্রাপ্তি মানব পর্যান্ত সকলেরই এই একই ভাবনা ও একই সাধনা।

মানুষ মরিয়াছে কিমা তাহার জড় জগতের দেহবখন ছিন্ন হইরাছে, কিন্তু প্রাণে প্রাণে তাবিয়া ও ভালবাসিয়া ধে মায়ার বন্ধনটুকু স্ফলন করিয়াছিল, আজি প্রেডজীবনেও সেইটুকু ছিন্ন কিম্বা শিথিল হয় নাই। তাই মা সন্তানের জন্ম, স্বামা স্তার জন্ম, স্ত্রী স্বামীর জন্ম ও বন্ধু বন্ধুর জন্ম, সেই চর্ম্বচক্ষ্র অনুশ্র জগতে যাইয়াও মপেকা করিতেছে এবং ভালবাসা কিম্বা মায়ার দৃঢ় রক্ষ্ম ধরিয়া এখনও বসিয়া আছে। বিশ্বাস একদিন নিশ্চয়ই সে তাহার ভালবাসার বস্তকে বক্ষে লইয়া তৃপ্ত হইবে। তবে আর মনুষ্য ও প্রেতলোকে চিত্ত-বৃত্তির প্রকারভেদ রহিল কোথায় প

মানুষ মনের কথা মুখে কহিয়া অপরের কর্ণকুহরে তাহাই প্রতিধ্বনিত করে, এবং এইরপেই একে অপরের ভাবে ভাবপ্রবণ হয়। আর—প্রেভাত্মার দেহ ধ্বংস হইয়াছে বলিয়া তাহার বাকাও মনে লয় হইয়াছে, এখন সে তোমার কর্ণে কথা পঁছচাইতে পারে না। কিন্তু, তাহার প্রবল মনঃশক্তি তোমার মন্তিকে আলোড়িত করিয়া প্রাণে প্রাণে তাহারই প্রাণের কণা গাঁথিয়া দিতেছে; তাই, মরিয়াও সে তোমাকে এবং তুমি ভাহাকে আপনার জন বলিয়াই আকড়িয়া ধ্রিতে প্রয়াসী। যদি এই মর জ্বগতের ও প্রেভালোকের মধ্যে কোনও অন্তরায় না থাকিত, তবে কি আর প্রাণপ্রিয়ের মুখছেবিগানি নয়ন ভরিয়া দেখিতে পাই না বলিয়া কাহাকেও অাকুলপ্রাণে কাঁদিতে হইত ?

এ ধার্মা বড়ই স্থন্দর ৷ আহা ৷ কেহ ভাহার প্রাণপ্রিয়কে হাতের কাছে পাইয়াও প্রতিনিয়ত হৃদয় ভরিয়া দেখিয়াও কাঁদে, আর কেহও না দেখিয়া ও অতি দূরতর বাবধানের অন্তরালে আচ্ছন্ন জানিয়া কাঁদে। কিন্তু, মূলতঃ উভয়ই সমান ছঃধী। একজন তাহার প্রিয় বস্তু হাতের কাছে অথবা দৃষ্টির অতি সারিধ্যে লইয়াও পাইতেছে না, যে হেত তাহার প্রাণের কথা ও স্থন্দর মুখচ্ছবি মরম্বগতের প্রিয়জনের প্রত্যক্ষ করিবার শক্তি নাই। তাহার প্রেভজীবনের উচ্চতম কণ্ঠ-শ্বরও মনুয়োর স্থল কর্ণপটহকে শব্দায়িত করিতে পারিতেছে না এবং তাহার স্থল্মদেহের পবিত্র সৌন্দর্যা, এ রক্তমাংসের চক্ষু অমুম্ভব করিবার সামর্থ্যে বঞ্চিত। তাই প্রেতাত্মা তাহার প্রিয়জনের অতি সমিহিত হইয়াও মনের চঃথে ফিরিয়া বাইতেছে।

মহুয়ের পক্ষেও তাহাই। হঃথ হু'জনেরই সমান। তাই প্রেতাত্মা ও মানব উভয়ই তাহার প্রিয়বস্তুর স্থবস্পৃষ্ট লালদায় পরকালের প্রতীক্ষার দিন গণনা করিতেছে। ছ'জনই তাহাদের হাতের কাছে ও নয়নের অতি সারিধ্যেও প্রাণপ্রিয় ও নয়নরঞ্জন ভালবাসার বস্তু পাইয়াও বিরহের অরুদ্ধদ তুঃখে ত্রিয়মাণ চইতেছে।

প্রেতাত্মার ছ:খটা বড়ই রহস্তজনক। কারণ—বধির প্রিয়জনের নিকট প্রাণের কথা কহিতে যাইয়া বেমন হতাশ প্রাণে প্রত্যাবর্ত্তন করিতে হয়. এ অবস্থাও ঠিক তেমনই। অতীন্দ্রি-জ্ঞানহীন সাধারণ মানব আত্মার দশনে কিমা ননোগত ভাবানুভতিতে সম্পূর্ণ অন্ধ কিমা বধির। আত্মা কি বৈচিত্রময় সৃষ্টি ও কি স্থলর রহস্তময় প্রহেলিকা।

প্রঃ। সম্ভান ব'লে যদি এতই মাগা থেকে থাকে, তা' হ'লে আর কষ্ট দাও কেন গ

উ:। এর সভাব পরিবর্তনের জন্ম।

এই সময়ে কোনও প্রশ্নের প্রতীক্ষা না করিয়াই বলিলেন "তোমাদের একটা বিপদ আস্ছে।"

প্রঃ। কি বিপদ ?

উ:। বল'ব না।

প্রঃ। কেন বল্বে না ?

উ:। আমার ইচ্ছা।

প্রঃ। তবে আর এমন ভাবে আভাষ দিলে কেন ?

উ:। না না, তোমাদের ফাঁকি দিয়েছি।

প্রঃ। তা' হইলে তুমি এখন চ'লে যাও ?

উ:। ছে'ড়ে দিলেই যে'তে পারি।

প্র:। এর শরীরে কোনও মানি থাকবে না, ব'লে যাও।

উ:। হাঁ, আজ ভালই থাক্বে।

এই সময়ে আত্মাকে ছাড়িয়া দিলাম এবং সঙ্গে আবিষ্টাও চৈতস্থলাভ করিলেন। সে দিন ভিনি শরীরে কোনও গ্লানি অন্থভব করেন নাই। বিপদ আসিবে বলিয়া, যে কথার আভাষ দিয়াছিলেন, কয়েক দিবস পরে ভাগার সত্যতা উপলব্ধি হইল। কারণ এই ঘটনার ১৫।২০ দিন পরেই আমার কনিষ্ঠ ল্রাভার একটি শিশু পুত্রসম্ভানের মৃত্যু হয়।

শ্রীস্থরেন্দ্রচন্দ্র গাঙ্গুলী, চাদপুর, ত্রিপুরা।



# ভূতের আত্মকাহিনী।

করেকবৎসর পূর্ব্বে আমার জনৈক বন্ধু একব্যক্তিকে সম্মোহিত করিয়া, ভাঁহার দেহে ভূত আনরন করেন। সেই ভূতের মুখে নরকের কাহিনী এবং তাহার আত্মজীবনী গুনিরাছিলাম; একলে তাহাই 'অলৌকিক বছস্তে'র পাঠকগণকে উপহারস্বরূপ প্রদান করিলাম। আত্মার সহিত কথাবার্ত্তা অবশ্র প্রশ্নোত্তররূপেই হইয়াছল; কিন্তু সেরুপভাবে দিলে হরত পাঠকগণের মনোমত না হইতে পারে, দেইজ্ঞা গল্লছলেই লিখিলান। নবক কি প্রকার আমার বন্ধকে তাহা জিজ্ঞাসা করার, সে বলিতে লাগিল:—

"নরক বড়ই ভরানক; যন্ত্রণার সঙ্গে জার যেন কি একটা ঘনিষ্ট সম্বদ্ধ আছে। নরকের নাম করিলেই যন্ত্রণার কথা আসিয়া পড়ে, তাই বুঝি লোকে যন্ত্রণা পাইলেই বলে নরক্যন্ত্রণাভোগ ! বাস্তাবকই লোকের নরক ভীষণ বলিয়া যে ধারণা আছে, তাই। বড় মিখা৷ নয়; বরং আমরা নরককে যে ভাবে কল্পনা করি, তাই। সভ্য নরকের তুলনাম্ব অর্গবিশেষ। সে নরক আমাদের ধারণায়ই আসিতে পারে না! সে যে ভীষণ, তাই। অন্তক্ষে না দেখিলে বুঝা যায় না।

তোমরা জান, আলো না হইলে মানুষ একদণ্ডত বাচিতে পারে না ?
কিন্তু সেদেশে (নরকে) আলো নাই, অথচ আমরা বাচিয়া আছি, আমাদের
পোড়া প্রাণ কিছুতেই বাহির ইইতে চাহে না। অন্ধকারে গাকেরা
আমরা কি রকমে কাল কাটাই, তাহা তোমরা জানিতে পারিবে না—কেবে
বৈ কি কই, তাহা ভুক্তভোগী বাতীত কেহই অনুভব করিতে পারে না।
গরীব লোকে বড়মানুষের চৌবুড়ি গাড়ী দেখিয়া ননে করে পৃথিবীতে
বিদিকেই সুধী থাকে. তবে সে জানে না যে অত সাজস্ক্রার অস্তর।লে

থাকিরাও বড়মামুষের প্রাণ কিরূপ মুশান্তিমর। মরণও ঠিক সেইরকম मिल्लीत नाष्ड्य विराग्ध—(य कथन थात्र नार्ड), त्म मत्न कत्त्र, अमन क्रिनिय বুবি জগতে আর নাই; কিন্তু একবার পাইলে আর পাইতে ইচ্ছা হইবে না। লাড্ডু যে থায় সেত পন্তায়ই, যে না থায় সেও পন্তায়।

লোকে মনে করে, মরণই শান্তি-কি ভূল বিখাস! ইহার মতন ভুলও মানুষে করিতে পারে! সভা কথা বলিতে কি, সেধানে শান্তির লেশমাত্র নাই, অশান্তি, শুধু অশান্তি ! সুখের কথা বলিভেছ ? সুখ ? স্থের নামও কেহ জানে না! সেখানে স্থ ওধু কবির কল্পনাতেই শোভা পায়। তোমাদের কাছে যেমন শৃত্তে বাড়ী তৈয়ারী করা অসম্ভব, আমাদের স্থাবে আশাও সেইরকম। সেদেশে রাতদিন অসুথ—ভধু অমুথ, অমুথ ছাড়া আর কথা নাই; কেছ কথন মুস্ত থাকিতে পারে না. একটা না একটা রোগ ধরিয়।ই আছে। যদি শুধু গোগই ভোগ করিতে হইত, তাহা হইলে বরং ভাল ছিল; কিন্তু শুধু কি তাই ? তাহার উপর জাবার প্রায়ই হাত-পা ভাঙ্গিয়া যায়, সে যে কি ষম্বণা ভাহা আর কি বলিব! একরোগের যন্ত্রণাডেই রক্ষা নাই, তার উপর আবার গোদের উপর বিষফোড়া—হাত-পা-ভাঙ্গার যন্ত্রণা !

তোমরা হয়ত বলিবে, আমাদের হাত পা-ই নাই, তা হাত-পা ভাঙ্গিবে কি করিরা ? যার মাথা নাই, তার মাথা ব্যথা। তোমরা বোধ হয় আমার কথা বিখাস করিবে না। এটা কিন্তু ভোমাদের ভূল। তবুও বিখাস হচ্ছে না ? তোমরা বুঝি ভাবছ, ভূতের আবার শরীর কি ? না গো না, আমাদেরও শরীর আছে, সে শরীর তোমাদের মত হাড়মাদ দিয়ে তৈয়ারী নয়, তাহাতে পঞ্চুতের শেশমাত নাই। তোমাদের মত আমাদের দেহে জীবাণু, রোগাণু কিছুই নাই, আমাদের দেহ এক অমুত জিনিষ দিয়া তৈয়ারী, তাহা এত হন্দ্র যে তোমরা তাহা ধারণাতেও

আগেই বলিয়াছি, নরকে আলোকের চিহ্নমাত্র নাই—সে দেশে শুধু অন্ধকার। উত্তরে দক্ষিণে যে দিকেই চাহ না কেন, আর কিছুই দেখিতে পাইবে না---অন্কার, পালি অন্ধকার; বেধানেই যাও না কেন, সেই একঘেরে অন্ধকার। আমাদের পৃথিনী কেমন চমৎকার: তোমরা তঃথে পডিরাছ, কিন্তু আশা আছে যে এ ছঃখ একদিন শেষ হইবে—আবার মুখ আসিবে: ছঃখের পর স্থুখ, অন্ধকারের পর আলোক, ইহাই তোমাদের দেশের নিরম। কিন্তু এখানে ?—এখানে থালি ছাব, আর থালি অন্ধার-তঃপও অনন্ত, অন্ধারও অনন্ত। হায়, সে কষ্ট, সে অন্ধার কবে শেষ হইবে, কে জানে ?—কে বলিতে পারে, কবে আলোর মুথ দেখিতে পাইব।

ব্ৰিতেছ কি এদেশের আর পৃথিবীর মধ্যে কত ভফাৎ ? এখানে তঃপের পর স্থুখ আদে না. অন্ধকারের পর আলোক আদে না। তমি আজি কট্টে পাড়য়াছ ? তোমার চির্দিনই কট থাকিবে, স্থাধ্র আশা নাই। তুমি আলোর আশা করিতেছ, হায় হততাগা ! তুমি পৃথিবী হইতে যথন আলোক ছাড়িয়া এখানে আসিয়াছ, তথনই যে তোমার সঙ্গে আলোকের সম্পর্ক মিটিয়া গিয়াছে। ইহাও বুঝিতে পার না, যে আলো আর হন্ধকার এক জায়গায় মিশ পায় নাণু তুমি অন্ধকার, আলো কেমন করিয়া দৈথিবে ?"

বলিতে বলিতে হঠাৎ সে থামিয়া গেল, আর ভাহার কথা শুনিতে পাইলাম না, বোধ হইল যেন সে ফু'পিয়া ফু'পিয়া কাঁদিতেছে। আমার বন্ধ ন – বাব বলিলেন "তোমার যদি কট হয়, তাহ'লে বলতে হবে না— ভোমার ইচ্ছা হয়, চলে বেতে পার।" কিন্তু সে চলিয়া গেল না, আবার <sup>\*</sup>ধীরে ধীরে বলিতে লাগিল—

''প্রায় শতকরা নিরানব্বই জন লোককে নরকে যাইতে হয়, আমা-

কেও যাইতে হইরাছিল—হইরাছিল বলি কেন, আমিত এখনও দেখানেই রিছরাছি; কথনও নরকের কবল থেকে মুক্তি পাব কি না, ভগবানই বলিতে পারেন—আমি ত আশা-ভরসা সমস্তই ছাড়িয়া দিরাছি। নরকের কস্ট ঠিক সাহারা মরুর মতন নিরবচ্ছির, তাহাতে প্রথ নাই, ভোগ নাই, আশা নাই, কিছুই নাই—আছে কেবল হুংথ—চিরহুংথ! তোমরা অন্ততঃ স্থের আশা করিতে পার, আমাদের কিন্তু সে আশাও নাই; মহাকবি Byronএর কথায় বলিতে গেলে—

"There still are many rainbows in your skies, But mine have vanished."

হার ! মরিলেই বাদ সব ফুরাইরা বাইত—সমস্ত কটের অবসান হইত, তাহা হইলে মৃত্যু কি অথেরই হইত ! কি এ মৃত্যু, এ মৃত্যু ঠিক উহার বিপরীত—ইহা বিশ্বতি নয়, জাগস্ত শ্বতি; কটের অবসান নয়, কটের আরম্ভ; শাস্তি নয়, অশাস্তির আধার। এমন মৃত্যুরও কেহ সাধ করিয়া কামনা করে ? যাহারা করে, তাহারা পাগল।"

এই সময়ে ন—বাবু তাহাকে বাধা দিয়া বলিলেন "এতক্ষণ ত নরকের কথাই বল্লে, তোমার নিজের জীবনী বল্বে কে ?

"আমার জীবনী?—আমার আবার জীবনী! তাই। শুনিরা তোমাদের কোনও লাভ নাই, তাই আমি বলি নাই; তবে তোমরা যদি একাস্তই শুনিতে চাও, তাহা হইলে বলি। আবো আমার পদ্ধিচয়টা দেওয়া বাক্; এই গ্রামেই আমার বাড়ী—বড় সাধের, বড় আদরের পৈতৃক ভিটা। অল্পবয়রে পিতৃমাতৃহীন হওয়ায় কাকার স্কন্ধে চাপিলাম। তিনি আমায় লেখাপড়া শিখাইতে লাগিলেন; আমারও বৃদ্ধি প্রথর ছিল, দেখিতে দেখিতে বি-এ পরীক্ষার উত্তীর্ণ হইলাম।

একদিন আমার স্ত্রী-না, না সে কথা বলিব না। একদিন কাকার

কাছে বিনাদোষে তিরক্ষত হইলাম। তাহাতে আমার বড়ই রাগ হইল— আমি রাগের মাথার বিষ খাইলাম !

ক্রমে আমার নিখাদ বন্ধ হইয়া আদিতে লাগিল-যোল আনা ইচ্ছা থাকিলেও, নিশ্বাস লইতে পারিতেছিলাম। আমার বোধ হইতেছিল, যেন কে আমার গলায় পা দিয়া আমার নিশাস চাপিয়া ধরিয়াছে— আমার এমন ক্ষমতা নাই যে, আমি তাহার কবল হইতে মুক্তি পাই। সে যে কি যন্ত্রণা, কি কষ্ট, তাহা মনে করিতে গেলেও গা শিহরিয়া উঠে। তথন বেশী নম্ন, একবার—শুধু একবার নিখাস কেলিতে পাইলে, পৃথিবীর আর কোন স্থই চাহিলাম না।

আমার দেহের ভিতর আইটাই করিতে লাগিল-প্রাণ যেন বাহির হইয়াও বাহির হইতে চাহে না। আমার শ্রীর ক্রমে অবশ হইয়া পড়িল-গা-হাত-পা ঝিম ঝিম করিতে লাগিল, মাথা ঘুরিতে লাগিল—বোধ হইল, কে যেন একথানি বিশ মণ পাথর আমার মাথার ভিতরে প্রিয়া দিয়াছে। আমার ডাক ছাড়িয়া কাঁাদতে ইচ্ছা ২ইতে লাগিল; কিন্তু হায়, রুথা চেষ্টা--কাদিয়া যে বুকের বোঝা নামান তাহারও যো নাই। আমার মতন হতভাগ্য কি জগতে হুটী আছে ? আমার চক্ষুও ঘোলা হইয়া আসিতেছে. আমি যা কিছু দেখিতেছি, তা সমস্তই অস্পষ্ট ; পৃথিবীটা ধেন দূরে —দূরে— আরও দূরে, কে জানে কত দূরে সরিয়া যাইতেছে। এক্ষণে সমস্ত জিনিষ্ট যেন ছায়া বলিয়া গোধ হইতেছে—স্পষ্ট আর কিছুই দেখা যায় না : যা: যাও দেখিতেছিলাম, তাও আমার সন্মুথ হইতে সরিয়া গেল। আমার অবস্থা বে কি রকম, তা' তোমরা বুঝিতে পারিবে না। সে ব্দবস্থা—ব্যতি বড় শক্ররও যেন সে অবস্থায় পড়িতে না হয়।

আমার চারিদিকে বন্ধুরা সকলে দাঁড়াইয়াছিলেন; আমার বড় ইচ্ছা তাদের সঙ্গে কথা কই, কিন্তু ইচ্ছা থাকিলে কি হয়—উপায় নাই, আমার

কথা কহিবার ক্ষমতা চিরতরে চলিয়া গিয়াছে ! \* হঃথে, ক্ষোভে আমি কাঁদিরা ফেলিলাম, আমার চোথ দিরা টসটস করিয়া জল পড়িতে লাগিল। আমি হাত দিয়া জল মুছিতে গিয়া দেখি আমার না আছে হাত, না আছে মুখ, কিছুই নাই। তথন আমার বড়ই ভয় হইল। ভামি চারিদিক হাতডাইয়া বেড়াইতে লাগিলাম: দেখিলাম ঘরের মধ্যে অনেক লোক জমা হইয়াছে---আমার মা. কাকা সকলেই কাঁদিতেছেন; আমি কিস্ক কারার কোনও কারণ খুঁজিয়া পাইলাম না।

শেষে দেখিলাম, আমার দেহ মাটীর উপর পাড়িয়া রহিয়াছে; তথন আমার ভাগী সন্দেহ হুইল যে. ঐ দেহটী আমার, কি এই অশ্রারী দেহটা আমার ? আমি কিছুই ভাবিয়া ঠিক করিতে পারিলাম না; সন্দেহ মিটাইবার জন্ম ভূমিতে যে দেহটা পড়িয়াছিল, উহার নিকটে গমন করিলাম-গিয়া দেখি, উহা আমারই শব।

এইত কিছুক্ষণ আগে মাম সকলের মতন হাত পা নাড়িয়া নেড়াইতে-ছিলাম, আর এখন ৭-এখন আমি মড়া ৷ কয়েক মিনিট পূর্বে আমি, আমি ছিলাম; এখন আমার, আমার বলিতে কিছুই নাই এক মুহুর্তের মধ্যে এত পরিবর্ত্তন। একি সভ্য না স্বপ্ন দেখিতেছি? না, সভ্যই বটে, তা নইলে আর কি হবে? স্বপ্ন ! তাই বা কি করি বলি ?---যা নিজে স্বচকে দেখিতেছি ( আমাদের এথনকার চকু অবশ্য পার্থিব চকু নয় ) তা কিরূপে অবিশ্বাস করি ?

আমার মাতা স্ত্রী প্রভৃতিকে কাঁদিতে দেখিয়া, আমার ভারী কষ্ট হইভে লাগিল, আমার ইচ্ছা হইতে লাগিল একবার স্বাইকে সাম্বনা দিই— একবার স্বাইকে ডাকিয়া বলি "ওগো, আমি এইখানেই আছি, কোণাও ষাই নাই,"—একরার বলি "তোমরা আর কাঁদিও না, আমি ত তোমাদের সন্মুখেই দাঁড়াইয়া রহিয়াছি।" হায়, আমার বলবার ক্ষমতা কৈ ? তোমরা

কেউ কথা কহিবার শক্তি দিতে পার গা ? আমি এক ঘণ্টার জন্ম চাহি না, একদিনের জ্বন্স চাহি না—শুধু, শুধু একটিশার ; একটিশার কণা কহিতে চাই: একবার গো একবার-কেবল একটিবার, তার বেশা চাহি না। আমার বা কিছু আছে সবই তোমাদের দিন, আমার কটের ধন বিখ-বিদ্যালরের জন্মপত্র, তাও তোমাদের নিতে পারি---বদি একবার, শুধু এক-বার কথা কহিবার ক্ষমতা দাও। আর আমি কিছু চাহি না গো, কিছু চাহি না-আসায় প্রাণ খুণে কথা কহিতে দাও; আসার বুকের বোঝা নামাতে দাও; কেবল আমি যে এখানে অংছি, তা স্বাইকে বুঝিয়ে বল্ভে দাও। তারপর আবার মেরে ফেলতে হয় ফেলো, আমার তাতে কোন ও আপ্তি নাই।

কিন্তু কৈ ? কেহুই ত আমার শক্তি আমার ফিরাইয়া দিল না ; কৈ. আমার মনের বাথা ত কাহারই নিকট প্রকাশ করেতে পারিলাম না। তবে কি আর কথা কৃথিত পারিব না- এই কি আমার শেষ; আমার জীবন-রঙ্গভূমির যবনিকা কি চিরতরে পড়িরা গিয়াছে ?"

এইখানে বলিতে বলিতে সে আবার থামিয়া যাওয়ায়, ন-বাব জিজ্ঞাসা করিলেন "তারপর ?"

"ভারপর ?—ভারপর আর কি, যা দেখিতেছেন ভাই; সেই হইতে ষ্পামি—ভূত।" এই বলিয়া সে একটা বিকট দীর্ঘনিশ্বাস ত্যাগ করিল; বোধ হইল, তাহার জ: প এত বেশী যে সে যদি ভূত না হইলা মানুষ হইত, তাহা হইলে বুঝি এত তুঃথ বহন করিতে পারিত না। ওঃ, সে কি মর্ম-ভেদী দীর্ঘনিশ্বাস! এখনও বেন আমার কাণে বাজুছে, এখনও বেন মনে হচ্ছে দে যেন এপন ও বলছে" ভারপর গু—তারপর আর কি সেই ্হইতে আমি—ভূত !"

শ্রীসম্ভোবকুমার মুখোপাধ্যায়।

### (भाशालमामात्र कथा।

কলিকাতার কোন গভর্নটে অফিসে প্রীযুক্ত গোপালচক্ত দাস হেড ক্লাক। বাল্যকাল হইতে ভিান সংসার-স্বর্গ-শৃঙ্খলে আবদ্ধ ইইতে ইচ্ছা করেন নাই। তাই এখনও মর্থাং ৪৪ বংসর বর্ষ পর্যান্ত তিনি অন্যূট্। তাই বলিয়া তিনি যে সংসারী লোকের উপর বীতপ্রদ্ধ, এ কথা কেই মনে করিবেন না। পরস্ক ভাহাদের হঃখে তাঁহার হৃদয় বিগলিত হয়, ভাহাদের স্থাে আনন্দে তাঁহার হৃদয় উদ্দোলত হয়। বিপায়কে সাহায্য করিতে তিনি কর্যান্ত পরাজ্বা নহেন, এমন কি এমন সময় গিয়াছে, য়থন দেখিয়াছি যে তিনি রয়ং ঝা করিয়াও দান কারতেছেন। তিনি যে কেবলমাত্র দিনাতে ২০০ বার পুর্থিতে জ্পমস্ত্রোচ্চারণ করিয়াই নিজের কর্তব্য সম্পাদন করেন না, এ দৃষ্টান্ত অনেক্রার দেখিয়াছি। স্কতরাং এইরূপ সমায়েক গরেপকারী নাম্মক ব্যাক্তর কথায় আহা স্থাপন করিবে না, এমন লোক নাই বালয়াই মনে হয়। তাই তাঁহার মুথের কথার ২০টা স্বরোকিক কাহিনা 'অলোকিক রহস্তের' পাঠকগণকে উপহার দিলাম।

শ্স আজ ছয় বৎসরের কথা। একদিন আমি প্রবল জরে আজ্রান্ত হই। জর ১০৪ ডিগ্রা হইতে ১০৯ অবাধ উঠিতেছিল। গরনে আমি ছট্কট্ কারতোছলাম। আমার ভাগেনেরকে কহিলাম, আমার মাথা জল দিয়া ভেজাইয়া দাও, দারুল গরমে মাথা পুড়িয়া যাইবার মত হইতেছে। আমার ভাগিনের আমার কথা মত আমার কপালে একটি জলপটি দিয়া ধীরে বীরে পাথার বাতাস দিতে লাগিল। মাথাটা একটু ঠাণ্ডা হইলে আমা সামান্ত ভক্রাভিতৃত হইলাম। হঠাৎ গহনার সংঘর্ষণ-শব্দে আমার ভক্রা কাটিয়া গেল, দেখিলাম আমার বিছানার পার্যে একথানি কেদারার উপর বাস্যা আমার ভাগিনেয়ী আমার বাতাস করিতেছে এবং নিদ্রার

চুলিরা পড়িতেছে। আমি তাহাকে আমার ভাগিনেয়ের কথা জিজ্ঞাসা করায় সে বলিল,—"তার বড় ঘুম পেয়েছে পেইজন্ত আমাকে বাতাস করতে বলে দে গুতে গেছে।" আমার এখন একটু অভিনান হইল, কারণ—আমাকে সারারাত্রি বাতাস কারবার জন্ম ভাগিনেয়কে বলিয়াছিলাম। আমি ভাগিনেয়ীকে বলিলান, "তুমি সারাদিন সংসারের কালকর্ম করিয়াছ, তুমি এগন শোওগে, নহিলে ভোমার ব্যারাম হইতে পারে।" সে যাইতে স্থীকার কারণে আমি তাহাকে আমার বিছানার পাশে যে জানালাটা আছে, তাহা খুলিয়া তাহাতে একটা তাকিয়া দিয়া বাসতে ধলিলাম। বার বার তাহাকে এ কথা বলায় সে জানালায় একটা তাতিয়া রাথিগ প্রস্থান করিল, আমিও সেই তাকিয়ার উপর মাথা রাধিয়া পুনরায় তক্রাভিচ্ত হইলাম। এহরূপে অর্দ্ধণট। অতীত হইবার পর মনে হইল কে যেন আমার শ্বার পার্থে আসিয়া বসিয়াছে! চকু মেলিয়া দেখিলাম—আমার ম্বর্গীয়া মাতৃলানা। তাঁহাকে দেখিয়াই আমার শরার রোমাঞ্চিত হইয়া উঠিল-মুথে কোন কথা সরিল না। তিনি বলিলেন, "বাবা তোমার বড় জ্বর হয়েছে। কালই বোধ হয় জ্বত্যাগ হ'বে। কলকেতার জ্বল-হাওয়া তোমার বেশ সহা হচ্ছে না। তুমি পার ত রাঁচীতে গিয়াই থাক, আর তা যদি না পার, দিনকতকের জন্ম বায়পরিবর্তন ক্রিতে সেথানে যাও।" যথন তিনি বাচেরাছিলেন, তথন তিনি আমায় ধুব ভালবাাদতেন, দেহনুক হইবার পরও তিনি আমাকে সেইরূপ সেহ করিতেছেন, আমাকে ভূনেন নাই দেখিয়া খানন্দে আমার তুই নয়নে অশ্র ভরিয়া আসিল। আমার পৃষ্ঠদেশে কি একটা যথ্রণা অনুভব করিতেছিলাম, 'সে কথা মাতৃলানীকে কহিলাম। বতনি আমাকে পাশ ফিরিয়া ভইতে ব্রিকেন। আমি পাশ ফিরিয়া গুইলে সেই প্রদাহস্থানে যেন একটা

স্পর্শ অমুভব করিতে লাগিলাম, যয়গার পরিবর্ত্তে আরামে আমার শরীর কণ্টকিত হইরা উঠিল, আমি পুনরার তক্তাভিভূত হইরা পড়িলাম। কতক্ষণ পরে বলিতে পারি না, চাহিয়া দেখি আমার স্বর্গগতা পুজনীয়া মাতৃলানী আমার পার্থে আর নাই। কত কথা জিজ্ঞানা করিবার ছিল, তাহা মনের মধ্যেই রহিয়া গেল। জীবনে আরও করটা ঘটনা ঘটিয়াছে ক্রমশঃ বলিবার ইচ্চা রহিল।"

শ্রীক্ষাদাস চন্দ্র।

# সচক্ষে প্রেতাত্মা-দর্শন।

আমাদে। পরোহিত অশেষ শ্রদ্ধাম্পান পণ্ডিত শ্রীযুক্ত কালিরঞ্জন ভাগারার্থা বিভারত সরস্বতী মহাশয় স্বচক্ষে প্রেভায়া দর্শন করিয়া যাহা আমাদের নিকট বর্ণনা করিয়াগ্রেন, তাহারই সংক্ষিপ্ত বিবরণ নিমে প্রদান কবিলাম।

১৩০৫ সালে যথন পশ্চিম বঙ্গে বিশেষতঃ কলিকাভায় প্লেগের আবিভাব হয়, তথন স্বস্তী মহাশ্য প্রেগভয়ে ভীত হইয়া স্বীয় জন্ম-ভমি ফরিদপুর জেলার অন্তর্গত কেটালীপাড়া প্রগণার উনশিয়া গ্রামে গমন করেন। সরস্বতী মহাশয়ের বাটী হইতে প্রায় অর্দ্ধ মাইল দ্বে এক প্রসিদ্ধ দেবীমন্দির বিগুমান। ঐ মন্দিরে এক কালিকা মৃত্তি স্থাপিত সাছেন, উহা বোধ হয় অতি প্রাচীনকালে পুরন্দর আচার্যা নামে কেছ প্রতিষ্ঠিত করেন। তদবধি দাবারণ লোকে ঐ কালীমন্দিরকে পুরন্দরা-চার্যোর কালীবাড়ী বলিয়া অভিহিত করে। সরস্বতী মহাশরের বাটী

হইতে ঐ কালীবাড়ী যাইতে হইলে একটা বংশ-বিনির্দ্ধিত সেতুরিশিষ্ট কৃদ্র থাল পড়ে।

চৈত্রের প্রথম ভাগে এক জ্যোৎস্না-রম্বনীতে ৯টার সময় উক্ত মন্দিরে বিশেষ ভাবে গীতবাত্মের আয়োজন থাকার সরস্বতী মহাশয় তাঁহার অগ্রহ্ম ও ৭৮ জন ভদ্রলোকের সহিত্ত উক্ত মন্দিরে গীতবাত্ম প্রবণার্থ গমন করিতেছিলেন।

শিওকলে হইতেই সরস্বতী মহাশয়ের গীতবাল্পের প্রতি বিশেষ আস্তিত প্রযুক্ত তিনি তাঁহার দল পরিত্যাগ পূর্বক অগ্রে অগ্রে চলিতে লাগিলেন। ষধন তিনি প্রায় দেতুর নিকট উপস্থিত হইয়াছেন, তথন তিনি দেখিতে পাইলেন যে, সেতুর সন্মুগদিকস্থ প্রান্তরে, ত্রিশ বংসর বয়স্কা এক স্থলরী রমণী একথানি রক্তবর্ণ পাড় বিশিষ্ট শুক্লবন্ত্ব পরিধান পূর্ব্বক স্বীয় কেশরাশি উনুক্ত করিয়া স্থমধুর মৃত্মন্দ বায়তে 🤫 স্করিতেছে। ভট্টাচার্য্য মহাশয় আর একটু অগ্রসর হইবামাত্রই ঐ গীলোকটি রমণী স্থলত চপলতা প্রদর্শন করত: দেতুর অপর প্রান্তে গিয়া উপবেশন করিল। তথন ভট্টাচার্যা মহাশয় মনে করিলেন যে এত রাত্রে নির্জ্ঞার পরে একাকিনী কে এ রমণী বসিরা আছে ৪ আর কেনই বা আমাকে দেখিয়া গেতর -অপর প্রান্তে গিয়া উপবেশন করিল ? কি কারণেই বা এরূপ চপ্লতা প্রদর্শন করিতেছে। নিশ্চয়ই এই স্থীলোকটি ভ্রষ্টা। তথন ভট্টাচার্য্য মহাশর কৌতৃহলপরবশ হইয়া ক্ষিপ্রতার সহিত সেদিকে অগ্রসর হইলেন। বধন তিনি সেতুর মধ্যভাগে উপস্থিত হইলেন, তথন ঐ স্ত্রীলোকটি অত্যস্ত ত্বারত পদে একেবারে খালের জলের মধ্যে অবতরণ করতঃ বিকট অইহাস্ত ধ্বনিতে সেই স্থান পরিপূরিত করিয়া তুলিল এবং তৎক্ষণাৎ বুক্ষমার্জারবং ্জ্রন্তবেগে ধাবিত হইরা থালের তীরস্থ ১।০ দেড় ফিট বেড়বিশিষ্ট একটা গাবগাছের সরু শাখার গিয়া মন্তব্যবৎ পা ঝুলাইয়া উপবেশন করিল। ঐ

সক ডালে কিছুতেই একটি মামুষ উপবেশন করিতে পারে না, কিন্তু উহাকে এরপ অমামুষিক কার্য্য করিতে দেখিয়া ভয়ে, ভট্টাচার্য্য মহাশয় চীৎকার পূর্ব্বক অজ্ঞান হইয়া পড়িলেন। তাঁহার চীৎকার-শ্রনে তলীয় ভ্রাতা এবং পূর্ব্বোক্ত অক্সাকৃ ৭৮ জন ভদ্রলোক উৎকন্তিভাবে ক্রতপদে আগমন করতঃ ভট্টাচার্য্য মহাশরকে ভূমিতে অজ্ঞানাবস্থায় পতিত দেখিয়া হৈতেক্ত-সম্পাদনার্থ সচেই হইলেন।

কিয়ৎক্ষণ পরে ভট্টাচার্য্য মহাশয়ের জ্ঞান সঞ্চার হইল। তথন তিনি
সমস্ত ঘটনা আমূল জানাইলেন, তংপরে তাঁহাকে বাটীতে লইয়া যাওয়া
হইল। তংপরদিন প্রাতে সকলে সমবেত হইয়া উহার কারণ-নির্ণয়ার্থ
অক্সন্ধানে ব্যাপত হইল। অনুসন্ধানে স্থিরীকৃত হইল যে, ঐ সেতুর নিকট
একটি পোড়ো বাটী আচে, উচাকে সাধারণে "উকিলের বাড়ী" বলে। ঐ
বাড়ীর সকল লোক একই সময়ে ওলা ট্ঠা রোগে মারা যাওয়ায় ভাহাদের
জন্ত পারগৌকিক উন্নভিবিষয়ক কোন কার্য্য করা হয় নাই। তাহাদেরই
আত্মা প্রভযোনি প্রাপ্ত হইয়া এথানে বসবাস করিতেছে।

শ্রীগিরিজাপ্রসন্ন সেন, কবিরাজ।

# সম্পাদকের দপ্তর।

এবার আমাদের "দপ্তরে" ক্ষেক্টি অলোকিক ঘটনাবলীর বিবরণ সংগৃহীত হইয়াছে। যে যে স্থান হইতে এইগুলি সঙ্কলিত হইল, ভাহাদের নামও আমরা নিমে প্রকাশিত করিলাম:—

## ১। देनवङ्गर्यहेना।

বিগত ১১ই বৈশাথের 'নারক' পত্রে শ্রীযুক্ত সূর্য্যকান্ত মিশ্র মহাশর লিখিরাছেন :--

অনেক পাশ্চাতা শিক্ষিত বাবর দল দৈব মানেন না. দৈব ঘটনা विश्वान करत्न ना, त्कान देवव घटेनात विषय अनित्व श्रामित्रा मुथ किताहेब्रा চলিয়া যান, তাঁহাদের বিজ্ঞানে বাহা আবিষ্কৃত হয় নাই, তাহা তাঁহারা গাঁজাখোরের গল্প বলিয়া উড়াইয়া দেন। অভা ঠাহাদের নিকট একটা ঘটনার কথা উল্লেখ করিব, যদি তাঁহাদের বিশ্বাস করিতে প্রাব্ত না হয়, তাহা হইলে তাঁহাদের নিকট আমার একান্ত অমুরোধ ভাঁহারা যেন নিম্নের ঘটনাটীর সম্বন্ধে সন্ধান করিয়া দেখেন; তাহা হইলে ইহার সত্যাসত্যতা বঝিতে পারিবেন। ঘটনাটী এইরূপ:---

খুলনা সাতকীরার অন্তর্গত সোণাবেছিয়া পোষ্ট অফিদের, সোণাবেছিয়া গ্রামে থাতের মণ্ডল নামক একঘর সঙ্গতিপন্ন রুষক গৃংস্থ মুসলমানের বাস। তাহারা ৩।৪ সহোদর। উহাদের সংসারে অনেকগুলি পরিবার। কি কারণে ভগবান জানেন, গত কয়েক মাস হইতে উহারা দৈব বিভ্ন্নায় বড়ই বিপন্ন হইতেছে। প্রতি মাসে ১০।১২ দিন ৫।৭ বার করিয়া গ্রহানিতে অগ্নি লাগিতেছে এবং পরিবারন্ত প্রায় সকলেই নানা প্রকার বিকট স্বপ্ন একদিন রাত্রে থাতরের এক কন্সা, তাহার ভ্রাতাকে চীৎকার করিয়া ডাকিয়া বলিল, বছির। বছির। শীল্ল আপিয়া দেখ, আমার সমুখে এক বিকটাকার জটাজুট্ধারী সরতান দাঁড়াইয়া রহিয়াছে। এইরূপ নানা প্রকার ঘটনা প্রায়ই সংঘটিত হইয়া থাকে; উহারা বলে "ক্লেন পরী"তে ( চাষা লোকে ঐ সকল কাৰ্য্যকে "জেন পরী"-কৃত বিনিয়া থাকে ) ঐ প্রকার অত্যাচার করিতেছে। উহা নিবারণের জন্ম অনেক অনেক বিখ্যাত মৌলবী সাহেবগণের নিকট হইতে "দওয়া" (কবচ)

লিথিশা লইরা আমে। যে দিন ঐ প্রকার "দওয়া" ও ঔষধাদি লইরা আসে, সেই দিন অত্যাচাথের মাত্রা আরও অধিক হয়।

কিছদিন অতীত হটল. একদিন বিলের একখণ্ড জনী নির্দেশ করিয়া শ্বপ্ন ছইল যে. "এ জনিতে লক্ষেল চ্যিলে তোর যথাস্কাস পুড়াইয়া দিব: এখন ত সামাত্র ক্ষাত্র ক্রিয়া তোকে সাবধান ক্রিতেছি, এখনও সাবধান না হইলে ভালরণ শিক্ষা দিব সাবধান। ইত্যাদি ইত্যাদি।" ঐ স্থ্য দেখিয়া যে বিখ্যাত ফ্রডবিয়ার মৌলবী সাহেবদিগের নিকট হটতে এক 'দ ওয়া" ও 'প্রষণ অ'নয়ন পুস্তক, বার্টীর চতুর্দ্দিকে পুতিয়া দিয়া মহা আছে। করিতে লাগিল! ''দুওয়া'' আনিতে বায়ানিও বেশ পড়িল। দেই দিন রাত্রেই স্থপ্ত ইবল, 'আগামী কলা তোরা সকলেই বা**টীতে** উপস্থিত থাকিদ, কলা তোমের বাটীতে ভীষণ অগ্নিকাণ্ড হইবে রক্ষা করিদ বেখা ব্টেবে,। আব 'দ্র্মা' আনিয়াছিদ দেখি ভাহাতে কি হয়।'' বাস্তবিক সেই নিন ঠিক দ্বিপ্রহরের সময় একগোগে ভাহাদের সমন্য ঘর, ধান্সের গোলা, গোয়াল ঘর, ধান্সের গানা ইত্যানিতে অগ্নি জ্বলিরা উঠিল। আশ্চর্যোর বিষয়, যে সকল দ্রব্যানি ঘর হইতে বাহি**রে** আনিয়াছিল, দেগুলিও ভস্মনাৎ ১ইল; একথানি চৌকি দূরে আনা হুটয়াছিল, স্পুষ্ঠ দেখা গেল, চৌকির ভিতর হুইতে যেন অগ্নি প্রজ্ঞালিত হুইয়া চৌকিগানি দগ্ধ করিল। আর ও বিশেষ আশ্চর্যোর বিষয়, যে সকল প্রতিবেশিগণ অগ্নিনির্ব্বাপন করিবার জন্ম সাহায্য করিয়াছিল, তাহাদের গুহেও অগ্নি জলিয়া উঠিল; কিন্তু আশ্চর্যা এই যে, উল্লিখিত গৃহস্থের বাটীর পার্শ্বেই একঘর দেখের বাস তিল তাহাদের কণামাত্রও ক্ষতি হয় নাই; অথচ দর হইতে যাহারা সাহাযা করিতে আসিয়াছিল ভাহাদের পূহে অগ্নি প্রজ্ঞানিত হইল। খাতেরের সমন্ত ধাতা পুড়িয়া গিয়া সামাতা আধ পোড়া কিছু ধান্ত ছিল, অল্ল মূল্যে তাহা বিক্রম করিল, যে ব্যক্তি উহা ক্রম করিল,

সে দেখিল বাটীতে গ্রিয়া সে ধান্ত গুলিও পুড়িয়া গিয়াছে। যে সময়ে গৃঞ্-নাহ হয় সেই সময়ে ঐ বাটীর ছইজন পূর্ণ গর্ভণতীর প্রসববেদনা উপস্থিত হয়; ভয়ে কোন গৃহস্থই স্থান না দেওগায় এক বাগানে বাইয়া প্রাস্থ হয়; **প্রদবের অব্যবহিত পরেই ভ**য়ানক শিলাবৃষ্টি আরম্ভ হয়। এথনও ভাহারা নিরাশ্রয়; যদি কাহারও বিখাস না হয়, ভাষা হইলে সেইখানে গিয়া জ।নিলেই ইহার সতাতা উপলব্ধি হইবে।

### ২। সাহেব ভূত।

আমাদের সাপ্তাহিক সহযোগী "চুটুড়া বাতাবহে" প্রকাশ:--

সত্য মিথ্যা জানি না, সহরে বিষম জনব্দ যে, চুঁচুড়া ষণ্ডেশ্বরতলা-নিবাদী ভভগবানচক্র পালের বাটীতে এক সাহেব ভ্রের আবিভাব হইয়াছে! ভূত কেমন দেখি নাই, তবে দেখিবার জন্ম আমারা সাধং ভগবান বাবুর বাটীতে গিয়াছিলাম। তথায় ভানলাম, বাঁহারা তাঁথার সহিত কথাবার্তা কহিতে চান, তাঁহানিগকে পুর্বাহে জানাইলা সেলাম করিয়া আসিতে হয়। ভগলীর উকীল বাব এককড়ি দে ও আম**া সেলাম** করিয়া আদিগাছি, কিন্তু এখনও আনাদের ডাক হয় নাই চুট্ড: ষভেরতলানিবাসী অবসর প্রাপ্ত ডেপ্রটী স্কুল ইন্সপেক্টর বাবু হারালাল পাল বি-এ মহাশয়ের মুখে শুনিলাম যে তিনি ভূতের সাহত ইংরাজী ভাষায় নানারপ কথাবার্তা করিয়াছিলেন। ভুত বাঙ্গালাও জানেন। ভুনিলাম, তিনি ভূত বর্তুমান ও ভবিশ্বং বলিতে পারেন। সারও শুনিলাম, জমিনার বাবু রমেশ্চক্র মণ্ডল ও ডাক্তার রাজেলনাথ ঘোষলে ভূতের সহিত কথাবার্তা কহিয়াছিলেন। ভূত মহাশয় যদি আমাদের সহিত কথাবার্তা করেন, তাহা হইলে বারাপ্তরে আমরা ভূতের সম্বন্ধে অতাত কথা প্রকাশ করিব।

#### **া** পরলোকের সংবাদ।

#### মূত ফেড সাহেবের কথা।

শক্ষতি এক খেতাঙ্গ মহিলা "লাইট" নামক একখানি ইংরেদ্ধি সংবাদপত্রে এক পর লিখিয়া জানাইয়াছেন যে, গত ২৩শে এপ্রিল চাঁহার নিকটে পরলোকস্থিত মিঃ টেড সাহেবের আত্মা আগমন করেন। তিনি বে বে কথা ঐ মহিলাকে বলিয়াছেলেন, তাহা তিনি লিখিয়া লইয়াছিলেন। "লাইট" পত্রের সম্পাদক মহাশয় লিখিয়াছেন যে, এই মহিলা আমাদের সম্পূর্ণ বিশ্বাসের পাত্রী। নিম্নে আমরা ঐ মহিলার বিবরণের সারাংশ প্রদান করিলাম।

মহিলাটি বলিতেছেন :---

নিঃ ষ্টেডের আত্মা আমার নিকট গাদিবার পূর্ব্বে আমার বোধ হইল কে যেন আমাকে কাগজ ও পেন্দিল লইতে বাধা করিল। আমি বৃঝিলাম, কোন পরলোকস্থিত আত্মার কথা আমাকে লিখিতে হইবে। আমি পূর্ব্বে প্রায়ই এইরপভাবে পরলোকগত ব্যক্তিগণের আত্মার মুখের কথা লিপিনদ্ধ করিতাম বটে কিন্তু এখন কয়েক মাস ধরিয়া আমি আর এরপ করি নাই। তবুও অভ্য প্রাহঃকালে (২৩শে এপ্রিল, ১৯১২) এইরপ লিখিবার জন্ম আমাকে বাধা হইয়া বসিতে হইল এবং আমি নিমের সংবাদটি পাইলাম।

#### ম্টেড সাহেবের আত্মা।

কয়েকটি হিজিবিজি লেথার পর লেখা আরম্ভ হইলঃ—

আমিই স্টেড। সত্য সত্যই আমি তোমার নিকট আমার মনোভাব প্রকাশ কংতে আসিয়াছি। ( তাহার পর আরও জোরে কলম চলিতে

লাগিল)। তোমার নিকট আমাকে অনেক কথাই বলিতে হইবে। তমি বেশ প্রস্তুত হইয়া থাক। ইহা আমার নিজের অনুরোধমাত নহে: পরস্কু ইহা একটা আদেশ বলিয়া জানিৰে। বভুসংখ্যক আত্মা সাধায়া প্ৰাৰ্থনা করিতেছে, ইহা তাহাদেরই আদেশ। সম্ভবতঃ আমার এই কথাগুলি ুপ্রকাশ করিবার জন্ম কেহ অমুরোধ করিবে না; আমি এ কার্য্যের জন্ম অক্ত ব্যক্তিগণের সাহায্য লইব ; কিন্তু আমি তোমার সাহায্য ও ক্রত-লিখনশক্তি পাইতে ইচ্ছা করি।

মহিলা।—আপনি কি রবিবারে আমার সহিত কথাবার্তা কহিয়া ছিলেন 🕫

ষ্টেড। হাঁ; তোমার বন্ধু আমাকে ভোমার কাছে লুইরা আসিয়া-ছিলেন। আমি তোমার প্রলোকগত আত্মানের জন্ম বিশেষতঃ যে সমস্ত আত্মা পাপকালিমাময়, তুঃগী, অন্ধ এবং পৃথিবীর মায়ায় এখনও আবদ্ধ, তাহাদের জন্ম আরও বিশেষভাবে প্রার্থনা করিতে অমুরোধ করিয়াছিলাম ! আমি অন্নরোধ করিতেছি, প্রতাহ একটা সময় নির্দ্ধারণ করিয়া তুমি ভাহাদের এক প্রার্থনা কর; এবং অক্যান্ত সংপ্রকৃতি গোকদিগকেও তাহাদের জন্ম প্রার্থনা করিতে বল ৷ ভূমি কিছুদিন পূর্বে হইতেই আমা-দিগের সঙ্গে বহিয়াছ এবং আমাদিগকে এই কার্য্যে সাহায্য করিতেছে। "লাইটে" এই পত্র বাহির হইলে ভাল হইবে। আমার এই কথাগুলিও প্রকাশ করিও। তুমি সন্দেহ করিতেছ কেন? আমার ইচ্ছা---বাঁহারা প্রলোকগত আত্মানের সহিত কথাবার্তার আলান-প্রদান করেন বা ভাছাদের মাধ্যমিক্রাপে ( Medium ) কার্যা করেন, তাঁহারা সকলেই একটা দল বাঁবিয়া এই সকল আত্মার জন্ত (যাহাদের আয়ু থাকিতেও মৃত্যু হইয়াছে, ) প্রার্থনা করুন। এই আ্যাদিপের মধ্যে অনেকে আনন্দে অভিভূত হইয়া হাসিতে থাসিতে উর্দ্ধগতি লাভ করিয়াছে; কিন্তু অনেকে

পরজগতে থাকিয়া যে কিরপ হঃথভোগ করিতেছে, তাহা বলিতে পারি না।
তাহাদের হঃথ দেখিলে হাদয় ফাটিয়া যায়। তাহারা এখনও পৃথিনীর
আকর্ষণ কাটাইতে পারে নাই বলিয়া একটা অন্ধকারের মত মায়ার
আবরণ তাহাদের ঘেরিয়া আছে। তাহা কাটাইয়া তাহাদিগকে উর্দ্ধে
লইয়া যাইতে হইবে। সেইজন্তই তোমাদিগকে প্রার্থনা করিতে
বলিতেছি।

আনি থুব জার করিয়াই তোমাকে অন্থরোধ করিতেছি, তুমি আমার এই কথাগুনি লোকসমাজে শীঘ্রই প্রচার করিয়া দাও। যদি তুমি এই সকল আয়াদের চর্ক্ষণা তোমার চক্ষু দারা দেখিতে সমর্থ ১ইতে, যদি তুমি তাহাদের যাতনাধ্বনি তোমার এই কর্নের দারা গুনিতে সমর্থ ১ইতে, তাহা হইলে আমি নিশ্চয়ই বলিতেছি, তোমরা বিপন্ন ঐবিত ব্যক্তিদিগকে বাঁচাইবার জন্ত যেরূপ আকুলভাবে ছুটয়া গিয়াছিলে, ইহাদের সাহায্যের জন্ত তোমরা দেইরূপভাবে ছুটয়া গিয়াছিলে, ইহাদের সাহায্যের

তুমি আমার এই কথাগুলি "গাইটে" প্রকাশার্থ পাঠাইরা দাও অথবা তোমাব নিজের ভাষার এইগুলি লিখিয়া পাঠাইয়া দিও। আমার তাহাতে ক্তিবৃদ্ধি নাই। আমিই ভবলিউ, টি, ষ্টেড্

আমি আমার সহি ও মেহের অপর একজনের দ্বারা তোমার নিকট পাঠাইয়া দিব! এ মুগের অবিশাসী ও সন্দিগ্নমনা শোকেরা আবার স্বাক্ষর চার! আমাদের দেবতা জোনার স্বাক্ষরই যথে?।

আমি এক্ষণে এই সকল আত্মার চু:খহুর্দশা দূর করিবার হন্ত এতই ব্যস্ত রহিয়ছি যে, আনার পরিচিত ও ভালবাসার লোকদিগের কাহারও সহিত সাক্ষাৎ করিতে সমর পাইতেছি না। আমি তাহাদিগকেও এই প্রার্থনাকার্য্যে যোগদান করিতে বলিয়ছি। তার আমি এই কার্য্য প্রত্যেক সন্থায় ও বিশ্বাদী লোককেই করিতে বলিতেছি।

মহিলা।—আপনি শপষ্ট করিয়া বলুন কি কার্য্য করিতে হইবে।

ষ্টেড ৷—ত্বদশাগ্রস্ত ও অজ্ঞান আত্মাদিগের সহায়তা ও স্থাবর্দ্ধন, শাস্থি ও জানশাভ এবং উর্দ্ধগতি ও উন্নতির জন্ম তোমরা অনবরতঃ প্রার্থনা করিতে থাকিবে। তোমাদিগের মধ্যে গাঁভারা এই কার্যা করিতে সমর্থ, তাঁহারা তাঁহাদের আত্মিক দেহ (astral selves) আমাদের নিকট প্রেরণ করুন। প্রলোকের নানা তথা তাঁহারা ভাহা হটলে বিশ্লেষণ করিতে পারিবেন, দঙ্গে সঙ্গে অনেক অজ্ঞানমোহাচ্চন্ন গাতনাগ্রস্ত আত্মার মুক্তির পণ উন্মুক্ত করিতে পারিখেন। এই কার্গ্যের জন্ম আমরা তাঁহাদিগকে চাই; এমনভাবে চাই—বেন মিশনরীদের মত তাঁহারা কার্যা করেন। এই অনস্ত শুক্ত দিয়া তোমাদের স্ক্রদেহকে আমাদিগের নিকট প্রেরণ কর, এবং তাহাহটলে তাহারা আমাদের নিকট আসিতে পারিবে। তাহা হইলে আমরা দল বাঁধিয়া সুশুঝলভাবে কার্য্য করিতে পারিব। প্রত্যেক কর্মীকে কোথায় কথন কার্য্য করিতে হইবে, তাহা निर्द्धावन कविशा पित ।

আমার এই বাণী---আমার এই কথা তুমি ত লিখিয়া লইলে। এইবার ত্মি ইহা প্রচার কর। ভগবানের নামে, খ্রীষ্টের নামে, যাহা তুমি পবিত্র, সং এবং শুভদায়ক বলিয়া জান, তাহার নামে তুনি আমার এই কথাগুলি জনসমাজে প্রচাব কব।

"তবে এখন আজকার মত আমি বিদায় লইয়া আমার কার্য্যে নিযুক্ত হই। আমার পৃথি ীস্থ সকল বন্ধকেই গ্রীতিপূর্ণ অভিবাদন করিতেছি তবে আসি !"

**ডन् नि**डे, हैं, रहेड।

<sup>&</sup>lt;sup>\*</sup>উপবের ঐ আত্মিক বিবরণ "লাইট" নামক পত্র হইতে সহযোগী "পত্রিকা" তুলিয়া দিয়াছেন। প্টেড সাহেব পারেনাকের তথালোচন

করিতেন, মৃত আ্থার সহিত সম্পর্ক রাখিতেন। পার্থিব শরীরে তিনি তঃখা বাথিতের ক্লেশ্যোচনের জন্ম পরিশ্রম করিয়াহিলেন। এখন পর-লোকেও ভাহার সে কার্য্যের বিরান নাই।—(নারক)

#### ৪। প্রেতাকার অত্যাচার।

কেলোঘাট ষ্টেশনের নিকট গোপালনগর গ্রামে এক ব্রাহ্মণের বাড়ীতে মত্যস্ত ভূতেৰ উপদ্ৰৰ হইয়াছে। ব্ৰাহ্মণ ভূতের অত্যাচাৰে বিব্ৰত হইয়া প্রভিন্নছে। তে অথব্যয় ও চেষ্টাতেও ব্রাহ্মণ নিক্কতিলাভ করিতে পাারতেছে না। পুরের তৈজ্যপতাদি অন্তর্হিত হুইতেছে, রাশি রাশি লোষ্ট্র ইষ্টকাদি নিক্ষিপ্ত হটতেছে। ত্রাহ্মণ-পরবার স্থান্থির হট্যা শরন ভোজন করিতে পারিতেছেন না। কথনও বা রম্ণীগণ রন্ধন করিতেছেন, চুল্লী হইতে কাৰ্ম্ম অপিনা আপনি বাহির হইয়া পড়ে, হয়ত বা হাঁড়ি শৃত্যে উঠিয়া বার, ইত্যাদি। প্রেতাত্মাকে তাড়াইবার ব্যবস্থা করিলে অত্যাচার বেশী হয়। এমন কি ইষ্টকাদি প্রহারে পরিজনগণকে আহত করে। বাটার কর্তার হস্তে ইষ্টকাথাতে ভীষণ প্রহার করিয়াছে। গুনিতেছি প্রেতাত্মা একটা মুস্লমান রমণী। প্রায় ছুই শতাধিক বৎসরকাল উক্ত ব্রাহ্মণ-গৃহের সন্নিহিত স্থানে অবস্থান করিতেছেন। ত্রাহ্মণের বাড়ীতে একজন শিক্ষক থাকেন। তিনি ত্রিপদ্বিশিষ্ট টোবলে চক্র করিয়া প্রেতাত্মা আনয়ন করেন। এক দিন উক্ত রমণী আগমন করেন, কিন্তু তাহার প্রতি অশিষ্ট ব্যবহার করা হয় বলিয়াই সে এমন অভ্যাচার করিতেছে। ব্রাহ্মণের বিশাস উক্ত শিক্ষক নহাশয় যতগুলি প্রেতাত্মাকে আহ্বান করিয়াছিলেন, তাহার৷ এবং অনাহত অনেক প্রেতাত্মা তাহাদের সঙ্গ লাভ ক্রিয়া ব্রাহ্মণের গৃহে অবস্থান করিতেছে। উক্ত শিক্ষকের স্ত্রীও নাকি দুরস্থিত, তাঁহার পল্লী জন্মভূমিতে উক্ত প্রেতাত্মা কর্তৃক আক্রাস্ত হইয়াছিল। বছকটে প্রেতাত্মা দ্যা করিয়া তাহাকে পরিত্যাগ করিয়াছে।

আমাদের বিবেচনায় আহ্মণ-পরিবার উদিগ্ন ভাব পরিতাগি করুন।
তাহাকে তাড়াইবার জন্ম ব্যস্ত না হইয়া মিষ্ট বাক্যে তুষ্ট করিবার চেষ্টা
করুন। প্রেতাত্মার কিছু বিশেব বক্তব্য আছে তাহা প্রবণ করিয়া তাহার
উপকারের চেষ্টা করুন, উপদ্রব প্রশ্মিত গুইবে।

আমরা জানি, এই প্রকার অপূর্ণ অধিকারী বা অবিশেষজ্ঞ ব্যক্তি দারা দারা আত্মা আনীত হইলে অনেক সময় সে আপনাকে ও গৃহস্তকে বিপন্ন করে।—মেদিনীপুর-হিতৈষী।

# মৃতের পুনজ্জীবন।

প্রায় ১৫।২৬ বংসর অভীত ২ইল, নিম্নলাথত ঘটনাটী জানাদের চক্ষের উপর ঘটে। পূর্বে এইরপ ২০টী গল বে না শুনিয়াছিলাম, এমত নহে। কিন্তু বলিতে কি, কোনটার প্রতিই আস্থাপুসন করিছে পারি নাই। এই ঘটনার পরেও মনে নানা বিতর্ক উপাত্ত হয়। কিন্তু নির্মিত রূপে "মলৌকিক রহস্ত"-পাঠে অনুরূপ গল্প পড়িয়া ও অনামধ্য পরলোক-গত মহাত্মা শিশিরকুমার ঘোষের Spiritual Magazine পাঠে মনের গতি ফিরিয়াছে। বর্ণনীয় বিষয়টা এখানকার অনেকেই অবগত আছেন।

•এথানকার বাজারে করেক ঘর ভূজাওয়ালা বাস করে। তাছাদের •এক ঘরে একটা বুলা স্ত্রীলোকের জর হয়। করেক দিন চিকিৎসা চলিল, কোন ফল হইল না। একদিন অপরাত্র ৪টার সনর সুগ ছাড়িরা বাসার যাইডেছি এমন সময় বাজারে কালার রোল উঠিল। আমাদের বাসাও বাজার-সংলগ্ন, উক্ত ভুজারোলার দোকানের সল্প দিরটে যাইতে হর। যাইবার কালে দেপি, বৃদ্ধা মারা হিলাছে। ভাহার শবদেংসহ থাটিরা বাহিরে রাপিরা ছেলে মেয়ে চারিদিকে কালাহাটি কালাইয়াছে। বলা বাছল্য, শব্দী আপাদমস্থক ব্যার্ভ।

আমরা বাসায় আসেয়া বিশ্রান করিতেভি। সহসা কারার রোল থামিল। একট পরেই দেই দোকানের দিকে জনস্রোত চলিয়াছে. দেখিলাম। মুহূর্ত পরেই শুনিলাম, গঞ্জার মা বাঁচিয়াছে। এই গঙ্গা আমাদের স্থলেও পড়িত। কৌতৃকাবিষ্ট হইনা আনরাও দোকানে রেলাম। যাইরা দেখি, সম্ভানগণের মূপ গুলের, পাটিলাখানি ঘরে উঠাইয়াছে। বুদ্ধার মুখের বস্ত্র উন্মুক্ত, গঙ্গার এক ভগিনী পার্মে বাসরা একটু একটু করিয়া রমগোল্লা মাকে খাওয়।ইতেছে। জিজ্ঞাসায় গঙ্গা বলিল, মুখের উপর একট একট নাড়তে দেখিয়া বস্ত্রখনা উঠাইছা দেখি, মার চক্ষের পাতা নভিতেছে। একটু একটু নিংখাদ বহিতেছে। যেন কি বলিবার উত্থোগ করিতেছেন, পারিতেছেন না। ঘন ঘন মুগ ফাক করিতেছেন, দেখিয়া একটু জল দিলাম। ক্রমে হস্তপদ নাড়তে লাগিলেন ও রসগোলা পাইবার ইচ্ছা প্রকাশ করিলেন, ভাই রসগেলো একটু একটু করিয়া দিতেছি। এখন জ্ঞান হুইয়াছে।" বিশেষ গরের সহিত সেবা শুক্রমা কারতে বলিয়া আমরা বাসায় কিরিলাম। প্রাতে শাথা-প্রশাথায নানা কথা নানা মুথে বচিত হইল।

রো:গণীর সমূথে শুনিবার ইচ্ছায় আমি জানৈক বন্ধুমহ গঞ্চার দোকানে, হাজির হইলাম। তথন তাহার মা থাটিয়ার উপরে বসিয়া আছে। সহসা আমাদিগকে দোকানে উপাস্থ দেখিয়া গঙ্গার মা আমাদিগকে বত্ন অভার্থনা করিবার জন্ম ব্যস্ত হইল। আমরা নিকটে বাস্যা বৃদ্ধাকে বলিলাম, "নানা জনে নানা কথা বলিভেছেন, আমরা ভোমার নিজমুখে শুনিব বলিয়া আসিরাছি। তোমার যাহা মনে থাকে, ধারে বাবে বল, কিরূপে বাচিলে?"

বুদ্ধা একটু হাসিয়া বলিল, "ববু, অন্তু থাকিলে কি মরে > আমার মনে ২ইল, যেন কথেকজন প্রকাণ্ডকার বেহারা আমায় গাটিয়া সহিত লইয়া বাইতেছে। কোথার যাইতেছে, তাহা জিজ্ঞানা কারতে পারিতেছি না। মহাবেগে একটা বিশাল ফটকের মধ্যে ভাহারা আমাকে লইরা প্রবেশ করিল। একটা দ্রালানের মধ্যে একজন দিব্যদেহ পুরুষ যেন কি লেখাপড়া করিতোছলেন। সংসা আমানিগের দিকে দৃষ্টিপাত করিয়া গভার ভিরম্বারবাঞ্জক স্বরে ব্যস্তভার সহিত বলিলেন, "কি করিয়াছিস্ উহাকে আনিলি কেন ৮ শান্ত রাখিয়া আয়, উহার ছেলে নেয়ে কাদিয়া খুন হইতেছে।" সভয়ে উহারা পুনরায় আনাকে এইরা সেই ফটক পার হুইল। পে সময় আমার একট্ট পিপাস। হওয়ায় জল চাহিলাম। কেহই কর্ণপাত করিল না। হন হন করিয়া কির্দ্ধ যাইয়া 'বা" বলিয়া আমার পিঠে সজোরে এক ধারু। মারিল। তার পর দেখি, সত্য সভাই ছেলে মেরে পড়িয়া কাঁদিতেছে। তাহারা আমার মূথে একটু জল দিলে ক্রমে স্থু হইতে লাগিলাম। একটু খাইতে দাইতে পারেলেই সবল হইতে পারি, কোন অম্বর্থ নাই।"

ইহার পর গঙ্গার না প্রায় ৮।৯ বংসর জীবিতা ছিল। একদিন পরিবারত্ব নেয়েরাও তাহাকে আনিয়া এই কাহিনী শুনিয়াছিল। এথন স্থাঠক ইছার টীকা টিপ্লনী করুন।

শ্রীবিধুভূষণ ঘোষ।

# অলৌকিক রহস্য।

১২শ সংখ্যা ]

তৃতীয় ব্য।

আধাঢ় ১৩১৯।

# পূর্রজন্ম-রতান্ত।

"হারবিঞ্জার অফ্ লাইট" নামক প্রেত-তত্ত্বসম্বন্ধীয় মাসিক পরিকার সম্পাদিকা শ্রীমতী এনি রাইট ডাক্তার কোট সাহেবের প্রণীত "অনুশ্র অন্মার কটোগ্রাকি" নামক নৃতন পুস্তকের সমালোচনায় যাহা বলিয়াছেন, আমরা তাহার সার সংগ্রহ করিয়া দিলাম। ঐ পুস্তক হইতে জানা যায় যে, ১৮৪৮ সালে আমেরিকার নিউ ইয়র্কের রচেপ্লার সহরে প্রথম "প্রেত-তত্ত্ব" আবেক্কৃত হইয়াছিল এবং তদবধি আমেরিকায় ইহার এতদ্র উন্নতি সাধন হইয়াছে যে, ১৮৬১ খুষ্টাক্বে বোঞ্চন সহরে মিষ্টার মথলার নামক সাহেব একথানি প্রেতের চিত্র পাইয়াছিলেন এবং একণে ডাক্তার কোট ৯০টা প্রেতাল্লার চিত্র সহ এই পুস্তক\* মুজিত করিয়াছেন। ডাক্তার কোট ইতিপুর্ন্ধে অনৃশ্র আয়া দর্শন নামক এক পুস্তিকা বাহির করিয়াছিলেন। যাহা হউক, যতদ্র জানা গিয়াছে প্রেতিটিও আর কিছুই নহে, কেবল স্বাভাবিক শক্তির বিকাশ মাত্র; বৈজ্ঞানিক পরীক্ষা দ্বারা প্রত্যেক স্থানেই ইহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া

<sup>\*</sup> Photographing the invisible by James Coates! Ph. D. F. A. S. with 90 photographs. Fowler & Co., Chicago, U.S.A. The Advanced Thought Publishing Co.

ষাইতেছে। পণ্ডিত ইমানুয়েল ডাউচেজ বিবেচনা করেন যে, ভবিষাতে চিত্র দারাই থাঁহারা স্থল জগং হইতে প্রেরিত হুইয়া সূজা শরীরে বর্তমান আছেন, ইহা প্রমাণিত হটবে এবং অনেক বিজ্ঞান-অনুসন্ধিৎস্থ মনীবিগণ **একণে এই মতের পোষকতা করি**য়া থাকেন।

একণে যে সকল প্রেতের ফটোগ্রাফ লওয়া হইয়াছে, সে সমস্তই কোন মাধ্যমিক ( medium ) লোক দারা লওয়া ১ইয়াছে। ক্রান্সে এ বিধয়ে **অনেক অনুসন্ধান হইতেছে** এবং ফ্রেঞ্চ সভা সম্প্রতি প্রোহতিত্রের যদ আবিষারের জন্ম পঞাশ হাজার ফ্রাঙ্ক পুরস্থার ঘোষণা করিয়াছেন স্মর্থাৎ ষে কেহ বিনা মিডিয়মের সাহায্যে প্রেভের ফটোগ্রাফ যন্ত্র প্রচার করিবেন, তিনি পঞ্চাণ হাজার ফ্রাঙ্ক পুরস্কার পাইবেন। সামাদের দেশে পুর্বেই প্রেততত্ত্বের অনুসন্ধান সম্বন্ধে অনেক চেষ্টা ২ইত, কিন্তু আমাদের চুর্ভাগা-বশতঃ সমস্ত বিজ্ঞানই লুপ্ত প্রায় হইয়াছে: আমাদের মধ্যে এমন অনেক মহাত্মা আছেন, যে পরকালের অস্তিত্ব পর্যান্ত স্বীকার করেন না এবং কেছ কেহ্ যদিও পরকাল মানেন, কিন্তু প্রেতগোক যে আছে এবং তাহাদিগকে বিজ্ঞান যাহারা দর্শন করা যাইতে পারে, ইহার কিছুই বিশ্বাস করেন না। কিন্তু পাশ্চাতা দেশে এ সকলের আন্দোলন লইয়া এক্ষণে খুব ধুমধাম চলিতেছে এবং সেই আন্দোলনের ফলে অনেক অলৌকিক বিষয় আবিষ্কৃত হইতেছে। আমাদের "মলৌকিক বৃহস্তে"র উদ্দেশ্যও তাহাই। যথন প্রত্যেক ঘটনার মূল কারণ নির্দেশিত হুইবে, তথন পাঠক জানিতে পারিবেন যে, বিষয়টী কত গুরুতর এবং কি কঠিন ব্যাপারে আমরা হস্তক্ষেপ করিয়াছি। তথন বিষয়গুলি "অলৌকিক রহস্ত" বলিয়া গণ্য হইবে না, বরং বৈজ্ঞানিক সত্য ঘটনা বলিয়া বোধ হইবে এবং তাহার মলে জগৎ সত্যপ্রতিষ্ঠ ও পৃথিবীতে সত্যের জন্ন ঘোষণা হইবে।

"সত্যং বলং কেবলম"।

খামরা এক্ষণে নিমে একটা যথাথ ঘটনা যাহা আমাদের নিজের জীবনে ঘটয়াছে, তাহা বিমূত করিলাম। পাঠক মহাশয়, ইহার বিশেষ কারণ বিবেচনা কারবেন।

আমি একদিন দামোদৰ নদীৰ পশ্চিমকূলে বেড় গ্রামের নিকটবর্ত্তী কোন মহলানে কাঘ্যোপলকে গিয়াছিলাম। আমার সঙ্গে আমার সহকারী অকিষার ও একজন পদাতিক ছিল। আমরা ক্ষেত্র মাপিতে মাপিতে বাইতেভিলাম, হঠাৎ দূর ছইতে দেখিলাম যে, নদী পার হইয়া আমি যে দিক ২টতে আদিয়াছিলাম, ভাহার বিপরাত দিক হইতে একজন যুবা একটী াণকের হস্ত পরিয়া ক্রতপদে আমার নাম উচ্চারণ করিতে। করিতে আসিতেছে গ্রথাং জুগাঁচরণ "বাবা" ভূমি একটু দাড়াও, আমি ভোমাকে দশন করিব ও প্রণাম করিব। তুমি পূর্বজন্মে আমার পিতা ছিলে, অভ ভাগাক্রমে তোনার দর্শন পাইলাম" ইত্যাদি। আমি শুনিয়া চম্কিয়া উঠিলাম, বিশেষ ভাহার দাড়ি গোপ দেখিয়া আমার বোধ হইল যে, সে ব্যক্তি মুসলমান, আমাকে পুরস্করের পিতা বলিয়া সম্বোধন করাতে আরও বিশ্বিত ২ইয়া দণ্ডার্মান গ্রহণাম। ক্রমে সে নিকটস্থ হইলে আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, "ভোমাকে দেখিতেছি তুমি অন্ধ, তুমি কি করিয়া লানিতে পারিলে যে, আমি এধানে আ। সয়।ছি এবং আমি তোমার পিতা ? তুমি কি জন্মান্ধ ? তুমি কি সামার নিকট ভিক্ষা বাদ্ধা কর ? আমার বোধ হয়, তোমাকে কেহ আমায় এই স্থানে আসার সংবাদ বলিয়া দিয়াছে সেই কারণে কিছু ভিক্ষা প্রাথনার কারণ দৌড়িয়া আসিয়াছ। এই লও, লইয়া প্রস্থান কর।" আনি এই বলিয়া একটা টাকা তাহার নিকট क्लिया मिलाम। दम विनन, जामि होकात थाली नहि। आमात् জীবনর্তান্ত আপনি শ্রবণ করুন এবং আমাকে আশীর্কাদ করুন ধেন, পরজন্মে আমি পুনরায় ব্রাহ্মণবংশে জ্ছাগ্রহণ করিতে পারি।

''আমি নিকটন্ত একটি গ্রামের প্রজা, প্রায় দশবিধা জমী জায়গা আছে, আমি জাতিতে মুদলমান। অন্ত ৫।৬ বংদর হইল, একদিন ছই প্রহরের সময় আমি মাঠ হইতে কাজ করিয়া বাটীতে আদিলা সানভোজনের বন্দোবস্ত করিতেছি, আমার গৃহিণী রন্ধন করিতেছে এবং আমার ১২ বংসর বয়স্ক পুত্রও সাংসারিক কায়্যে লিপ্ত আছে, এমন সময়ে ষেড্শব্যায়া সধবা প্রমাস্থন্দরী এক ব্রাহ্মণক্সঃ আমার বাটাতে আসিয়া কাতর্পরে কহিল, "বাবা আমার জাতি রক্ষা কর, আমি বন্তরালয়ে একাকা যাইতোছ, এই গ্রামের কয়েকজন এই আমার ধর্মা নই করিতে উন্থত হইলাছে. আমি দৌডিয়া তোমার আলয়ে আশ্র গ্রহণ করিলাম।" আমি তাঁহাকে আশাস বাকা দিয়া আমার আর একখানি ঘরে তাঁহাকে বসিতে দিলাম। পরে আহারাদি করিয়া আমার মনে হইল ব্রাহ্মণকতা ও ধরে বসিয়া কি করি-তেছে দেখিয়া মাদি। পরে দেই ধরে গিয়া ব্রাহ্মণকন্তাকে অপুর্বা স্থলরী দেখিয়া আমার মনে কুভাব উদয় হইল ও আমি তাহার নিকটে ঘরের ভিতর যাইতে চেষ্টা করিলাম। কিন্তু ঘরের মধ্যে দেখন প্রবেশ করিলাম. অমনি আমার হুটা চক্ষু অন্ধ হইল। আমি আর কিতুই দেখিতে পাইলাম না এবং ব্রাহ্মণ কন্তার আর কিছুই অনুসন্ধান পাইলাম না। ক্রমে এই ছয় বংসায়ের মধ্যে আমার পত্নাবিয়োগ হইয়াছে ও সঞ্জানটী মারা গিগাছে। আমি আত ছঃথে কাল্যাপন করিতেছি। কলা আমি মেমারীর নিকট আমার ভগ্নীপতির বাটী গিয়াছিলাম। তথার সমস্ত রাত্রি নিজা হয় নাই। কেবল মা কালীর ধ্যান করিয়াছে। পরে আমার প্রতি আদেশ হইল, 'তুমি সত্তর তোমার বাটী ফিরিয়া যাও। সেখানে তোমার পূর্ব জন্মের পিতা কল্য প্রাতে আসিয়া জাম মাপ করিবেন। তুমি তাঁহার চরণে প্রার্থনা কর। তুমি পূর্ব্বগ্রে তাঁহার অবাধা হইয়া মুসলমান পত্নীর প্রণয়ে আসক্ত ছিলে, এ কারণে এ জ্বনে মুসলমান হইয়াছ

এবং এ জন্ম সাধ্বী ব্রাহ্মণকন্তার প্রতি কুদৃষ্টি করিরা অন্ধ হইয়াছ। তিনি তোমাকে ক্ষমা করিলে তুমি সমন্ত পাপ হইতে মুক্ত হইয়া পরজন্মে চক্ষুমান্ হইয়া ব্রাহ্মণকৃলে জন্মিবে।" আমি তাহাকে আনীর্কাদ করিলে সেচলিয়া গোল।

শ্রীত্বর্গাচরণ বিষ্ঠাভূষণ।

## শেষ পাহারা।

শ্রীযুক্ত "অলোকিক রহস্ত"-সম্পাদক মহাশয় সমীপে,—

মহাশয়, নিম্নলিথিত ঘটনাটে আমার জানৈক আত্মীয় স্বচক্ষে দেখিয়া ছিলেন, তাই তত কৌতুহলপ্রদ না হইলেও, কেবল সত্য বলিয়া পাঠাইয়া দিলাম। যদি উপযুক্ত বোধ করেন, তাহা হইলে আপনার পত্রিকায় স্থান দান করিয়া বাধিত করিবেন।

সে আজ প্রায় উনিশ বৎসর আগেকার কথা, আমার আত্মীয় তথন প্রথম প্রিশে ভর্ত্তি হইয়াছেন। সেই সময় তিনি যে থানায় ছিলেন, সেই থানায় আবহুল নামে একজন পাহারাওয়ালা সর্দিগ্র্মি হইয়া মায়া যায়। লোকটী অত্যপ্ত কর্ত্তবানিষ্ঠ ছিল, কেহ কথন তাহাকে কার্য্যে গাফিলি করিতে দেথে নাহ। তাহার জগতে আপনার বলিতে কেহই ছিল না; সে থানাটীকেই আপনার ঘরবাটী করিয়া লইয়াছিল। মরিবার পর তাহাকে যথারীতি গোর দেওয়া হইলে, সেই রাত্রে একজন পাহারাওয়ালা আসিয়া বলিল, সে আবহুলকে দেথিয়াছে। থানার সকলে তাহাকে ঠাটা করিতে লাগিল, তাহার কথা কেহই বিশ্বাস করিল না, শুআ্মারও করেন নাই।

ভাহার পরদিন রাতে, আমার আত্মীয় রোঁদ হইতে ফিরিতে-ছিলেন; তথন রাত্রি একটা হইবে। রাস্তার পাশেই গোরস্থান; পল্লীগ্রামের রাস্তা, বুঝিতেই পারিতেছেন রাস্তার চুই পাশেই নি'বড জঙ্গল, তার মধ্য দিয়া রাস্তা। সে দিন আবার অমাবস্তার রাত্রি, আকাশ নেবে ঢাকা, টিপ্টিপ্করিয়া বৃষ্টি পড়িতেছিল। কোণাও কোনও শক্টিমাত্র নাই, কেবল মধ্যে মধ্যে জুই একটা শুগাল হয়। ভ্রার্থে রজনীর নিস্তরতা ভঙ্গ করিতেছিল। এমন সমর তিনি দেপিলেন, দুরে একজন পাহারা ওয়ালা আলোকহন্তে লাভাইয়া এতিয়াছে। তাহার চেহারা ভাল দেখা যাইতেছে না। তাহার লগনটার যেন আলোক দিবার ক্ষমতা নাই, কেবল মিটি মিটি করিয়া জলিতেছে, সে গালোক দেন অন্ধকার রাশি ভেদ করিতে না পারিয়া, নিজের রশ্মিগুলিকে ফিরাইয়া লইয়াছে। ভোগের পলক ফেলিতে না ফেলিতে সে আলোকও অন্ধকারে মিশিয়া গেল। আমার আত্মীয় মনে করিলেন বুঝি বা কেনে পাহারাওয়ালা দাঁডাইয়া বহিষাছে। বোধ হয় ভাহার আলো নিবিয়া গেল। এই মনে করিয়া তিনি জিজ্ঞাসা করিলেন, "কোন হায় ?" আবার আলোক জলিয়া উঠিল, আবার দূরে মনুষ্যমৃত্তি দেখা দিল। সেই মূর্ত্তি ক্রমে ক্রমে নিকটে আসিল; দেলাম করিয়া বলিল, "থবর আচ্ছা হায়।" এই কথা বলিয়াই কোথায় মিলাইয়া গেল। আমার আত্মীয় সাহ্সী হ্ট্লেও তাঁহার মনে ভয় হইল, তিনি ভাবিলেন এই এইথানে ছিল, কোথায় গেল । আবার দোখলেন. দুরে আলো দেখা গেল; তিনিও সেইখানে গেলেন, গিয়া দেখেন, সেখানে কেইই নাই। তিনি আবার ডাকিলেন "কোন হায়?" আবার আলোক দেখা দিল, আবার উত্তর করিল, "থবর আচ্ছা হার।" এই সময়ে বিহাৎ চমকাইল, সেই বিহাতালোকে তিনি দেখিলেন; কি সর্কানাশ, আবহুল আলোকহন্তে দণ্ডায়মান! এই দেখিয়াই তিনি থানার দিকে ছুটিতে লাগিলেন। আবার দেখিলেন তাঁহার সন্মুখে আবছল। ভয়ে তিনি রাস্তার ধারে একটী ছোট থানা ছিল, তাহার মধ্যে পড়িয়া গেলেন এই সময়ে তুইজন পাহারাওধালা সেই পথ দিয়া যাইতেছিল, আমার আত্মায়ের চীৎকার ভনিয়া আসিয়া তাঁহাকে সেই গর্ভ হইতে উত্তোলন করিল।

ূএই ঘটনার পর আবিত্লকে আার কেহই দেখিতে পায় নাই। সেই তার শেষ পাহারা।

ত্রীসন্তোষকুমার মুখোপাধ্যায়।

## সাকর্ষণ।

মাকর্ষণতর অতি বিশাল, প্রত্যেক প্রমাণু হইতে এই বিশ্বব্রন্ধাপ্ত প্রয়ন্ত আকর্ষণবলে পরিচালিত হইতেছে। এত বিস্তীর্ণ ব্যাপারের আলোচনার স্থান ইহা নহে, সামর্থাও তাদৃশ নাই। আমরা এস্থলে আকর্ষণসম্বন্ধে ক্ষেকটি চিত্তাকর্ষক সত্য ঘটনার উল্লেখ করিয়াই খালাস।

(১) নেঙ্গল নাগপুর রেললাইনের সাঁথরাইল ষ্টেশনে নামিয়া পশ্চিম
দিকে যাইতে হইলে একটি ক্ষুদ্র জলা পার হইতে হয়, এই জলাভূনি
বর্ষাকালে জলমন্ন থাকে, লোকের যাতায়াতের জন্ম একপ্রকার ক্ষুদ্র
নৌকা এই সময়ে য়থেষ্ট জমা হয়, এই নৌকাকে সালতি বলে। কয়েক
বৎসর পূর্বে এইরূপ বর্ষাকালে সালতিযোগে যাইতে বাইতে এক স্থানে
একটি উচ্চ ডাঙ্গা জমির উপর একটি শাঁথামুটি সাপ চীৎকার করিতেছে
ভিনিয়া,আমার জনৈক লাতুপুল্ল তথায় সালতি থামাইয়া ব্যাপার দেখিরার
জন্ম অপেক্ষা করিতে থাকে।

প্রায় পাঁচমিনিট পরে পার্শ্ববর্ত্তী জল হইতে একটি জলটোড়া দাপ একটি দরল পুঁটিমুথে করিয়া শাঁথামূটি দাপটির নিকট আসিয়া মাছটি তাহাকে দিবার মত ভাবে দল্পথে ধরিল। শাঁথামূটির ডাক তাহাতে থামিল না, দে একবার মাত্র মাছটির দিকে তাকাইয়া পূর্ববিৎ ডাকিতেই থাকিল। জলটোড়া দাপটি মাছটিকে মুথে করিয়া শাঁথামুটির মুথের নিকট পুনঃ পুনঃ ধরিতে লাগিল ও শেষে উহার গায়ের উপর ফেলিতে লাগিল, যেন উহাকে মাছটি লইবার জন্ম অনুবোধ করিতেছে।

এইরপে কয়েক মিনিট কাটিয়া গেল, শেবে মাছটিকে রাথিয়া জলটোড়া সাপটি নিজে শঁথোমুটির গায়ে পড়িতে লাগিল, তাহাতেও উহার ডাক থামিল না; অগত্যা জলটোড়া নিরস্ত হইয়া উহার মুথের নিকট নিজের মুথ রাথিয়া লম্বা হইয়া পড়িল এবং শাঁথান্টী উহার মুথের দিক হইতে উহাকে গিলিতে লাগিল, পোনের মিনিট মধ্যে প্রায় সব গিলিয়া ফেলিল ও চীৎকার বন্ধ করিল।

হাবড়া জেলায় শাঁথামূটি সাপকে রাজ সাপ বলে, এবং ইহার ছই মূথ আছে, সকলে বলিয়া থাকে। এই জাতীয় সাপ ঈবৎ হরিদ্রাভ এবং ছই ফিট অন্তর একটি করিয়া কাল দাগ কাটা আছে। দীর্ঘে প্রায় ছই হাতের অধিক হয়। লেজের দিকে বৃশ্চিকের হলের মত ছুইটি হল থাকে, লোকে ইহার ছই মূথ বলিয়া থাকে। এই জাতীয় সাপ সচরাচ্র দেখা বায় না।

বিস্তাসাগর মহাশয় রুত ঋজুপাঠ প্রথম ভাগে সিংহ ও শশকের গল্পে পজিয়াছি, পশুরাজ ভাস্থরককে প্রভাহ একটি করিয়া পশু দিতে ২ইত। আমাদের ঘটনাতেও দেখিতেছি ডাকে বাধ্য হইয়া আসিয়া বেচারাকে জল-ক্রোড়া নিজ্ব দেহ সর্পরাজকে বলি দিতে হইল। তাহার প্রদন্ত প্রুটিমাছ রাজাবাহাছরের গ্রাহ্ম হইল না, কাতরে প্রাণভিক্ষার প্রার্থনা গ্রাহ্ম

হইল না; এমনি সর্পরাজ্যের নিয়ম, এমনি আকর্ষণের শক্তি যে, জলটোঁড়ার পলাইবার উপায় নাই, যেন পলাইতে চেষ্টা করিতে কোন শক্তিবলে একবারে অসমর্থ,—এই ভাবে জল হইতে উঠিয়া আসিয়া নিজ শরীর রাজভোগে অর্পণ কবিল।

ঘটনাটি প্রক্লত, ইহার কোন অংশ মিথ্যা নহে, শেষ অবস্থায় আমিও তথায় উপস্থিত হুই, এবং সালতি বাহক ও উক্ত ভ্রাতুপ্পুত্রের বর্ণিত পূর্বাংশ শ্রবণে তাহা আমার কিছুমাত্র অতি রঞ্জিত বলিয়া বোধ হয় নাই।

(২) নীশগিরি পর্বতের আদিম অধিবাসীদের মধ্যে মলকুরুম্বা নামে কুদ্রকায় রুম্বর্ব এক জাতি আছে। এই জাতি গুপ্তবিপ্তার মন্ত্রন্ত্র সাহায্যে লোকের অনিষ্ট করিতে বড়ই পট়। কুদ্র হুইলে ইহাদের চক্ষুর ভাব বড়ই ভয়ানক হয়, চক্ষু হুইছে যেন অগ্লি বাহির হুইতেছে বোধ হয়; কিন্তু এই অগ্লি শীতল, এই অগ্লি-দৃষ্টি ষাহার উপর পড়িবে তাহার জীবনাশা আর পাকে না। ইহারা পক্ষী ধরিতে বড়ই পটু। কিছু পয়সা দিলেই ইহারা গাছের যে কোন পক্ষি দেখাইয়া দিলে তাহা ধরিয়া দিতে সমর্থ ও একটা টাকা দিলে সর্ব্বসমক্ষে পালীটি পালক হাড়গোড়-সহ গোটা পাইয়া কেলিয়া থাকে।

বেটর নামক জনৈক আমেরিকাবাদী ওর্নিথলে জিকালে সোদাইটির পক্ষ হইতে নীলগিরি পদ্দতে আদিয়া পক্ষিতত্ত্ব বিশেষ ভাবে আলোচনা করিয়া পক্ষিসম্বন্ধে ছইথানি গুড়ক লেখেন। তাঁখারই প্তক-লিখিত এক ঘটনার আমরা এত্লে উল্লেখ ক্রিব।

একটি পাথী আপনি দেখাইরা দিন, সে অসনি এক টুকরা কাঠ কুড়াইরা লইরা তাহা তুই হাতেব মধ্যে রাথিয়া বেশ করিরা ঘদিতে থাকিবে, ইহাতে কাঠটি যেন পালিদ করা মত হইরা যায়। পরে সেই কাঠথানি নিকটস্থ কোন আগাছার ডালে মাটি ২ইতে প্রায় হুই কুট উপরে ঝুলাইয়া

দিবে। পরে কয়েক পদ পশ্চাৎ হাঁটিয়া গিলা মাটিতে উপুড় হইয়া শুইরা পড়িবে ও কথিত পাখীট গাছের যে স্থানে আছে তাহার দিকে একদণ্টে চাহিয়া থাকিবে। কয়েক মিনিট কাল নিশ্চণভাবে পডিয়া থাকিবে ও পাথীর দিকে চাহিয়া থাকিবে। এই দৃষ্টি দেই শীতল অগ্নিময় দৃষ্টি। এই দৃষ্টি দেখিলে ইহাতে আকর্ষণ ও দুরীকরণ তুই ভাবই যেন প্রকাশ পাইতে দেখা যায়, এরূপ ভয়ানক দৃষ্টি বেটর সাহেব বলেন তিনি মানুয়ে কপনও দেখেন নাই। মহীশুর দেশে একপ্রকার কুফবর্ণ ভেক আছে, শীকার পরিবার সময় তাহাদের চফুর দটি এইরূপ অগ্নিময় হয় তিনি দেথিয়াছেন, শীকার ধরিবার কালে সাপেদের দৃষ্টি অনেকটা এইরূপই হইয়া থাকে।

যাহা হউক, কথিত পাথীট প্রজ্ঞক ভাবে এ ডাল ও ডাল করিয়া বেড়াইতেছিল, এই দুষ্টির বলে আর তাহার রক্ষা নাই, সহসা একট্ থামিল, ফুদু মস্তকটি হেঁট করিয়া তুই এক সেকেও থাকিল ও ডানা ঝাডা দিয়া উড়িয়া পলাইবার চেষ্টা করিল, কিন্তু পারিল না। কুরুম্বার শক্তিতে আরু ই ইতে লাগিল। সে আকর্ষণ ছাড়িয়া প্রাইবার শক্তি পাথীর নাই। ক্রমশঃ পাথীটি বন্ত্রণাস্ত্রক চীৎকার করিতে করিতে, এ ডাল হইতে ও ডাল করিয়া নামিয়া কুরুষার সেই ঝুলান কাষ্ট্রগণ্ডের নিকটবভী হইতে থাকে। কোরার পালক গুলি এব ডো খেব ডো হইয়া পড়ে। শেষে কাঠ থণ্ডের নিকটবন্তা হইয়া থাসিলে একেবারে লাফাইয়া কাষ্ঠথণ্ডে আসিয়া পতে ও কুরুষা যাইয়া ধরিয়া ফেলে।

 (৩) দিতীয়টির ভায় এইটিও আমাদের ধার করা, নিজস্ব নহে। তন্ত্রে আকর্ষণ সম্বন্ধে নানা প্রকার মন্ত্র ঔষ্ধির উল্লেখ আছে, ইহা ষ্টকর্ম্মের म्या ननीकः लोक अनानकार्यंत भः म, महाद्वित अङ्ग्रिक रेशात मयस् স্বতন্ত্র অধ্যায় আছে। সাধারণতঃ পুরুষ কর্তৃক দ্রীলোক আকর্ষণই ইংার উদ্দেশ্য। আমরা কর্ণেল অল্কট্ কথিত একটি ঘটনা সত্য বলিয়া এন্থলে প্রকাশ কবিলাম। কর্ণেল লোকটির নিজমুথে তাঁহার ঘটনা শুনিয়াছেন ও লোকটিও সম্ভ্রান্ত মুসলমান, বেশ শিক্ষিত ও তাহার ক্ষেক্থানি সদগ্রন্থ আছে।

উক্ত শিক্ষিত ও গ্রন্থকার মুসলমান্টির একটি কোন স্থানরী ললনার উপর দৃষ্টি পড়ে। স্থালোকটিও অতি নির্মালচরিত্রা, বিশেষ শিক্ষিতা ও বড় গরের ভিলেন, অনেক চেষ্টায় তাঁহাকে মৌলবী সাহেব টলাইতে পারিলেন না। শেষে কোন লোকের পরামর্শে আকর্ষণী বিছার আশ্রয় অবেষণ করিতে করিতে মন্ত্রিং লোকের সাহাব্য মিলিল। একটি বছতদর্পণের উপর ভির দৃষ্টি রাখিয়া প্রভাত কিয়ংকাল ধরিয়া কোন একটি মন্তর্ভাপের শিক্ষা পাইয়া মৌলবী সাহেব একমনে তাহা সাধনে প্রবৃত্ত হুটলেন। কয়েকলিন দর্পণের দিকে দৃষ্টি করিয়া মন্ত্র জপ করিবার পর উক্ত দর্শণ মধ্যে একটি শক্তির মৃত্তি দেখা যাইতে লাগিল। ঐ শক্তিকে পিশাচ বা যক্ষ ইত্যাদি কোন নামে উল্লেখ করা যাইতে পারে।

ঐ শক্তি মৌলনী সাহেবের ইচ্ছামত নিজ তীর ইচ্ছামিক অসহায় রমনীর উপর প্রয়োগ করিতে লাগিল। রমনীটি প্রকৃত ব্যাপার বুঝিতে না পারেরা ঐ শক্তির বেগ রোপ করিতে পারিল না। একাস্ত অনিচ্ছা সত্ত্বেও কুকল্ম করিতে ঘাইতেচে, বেশ জানিয়া শুনরাও কোন এক অদম্য আকর্ষণবলে মৌলনা সাহেবের সন্মুখীন হইলে। রমনীর সর্ব্বনাশ হইল। মৌলনি সাহেবের অদম্য কল্পনার তৃথ্যি হইল। মৌলনী সাহেব রমনীকে লইয়া ঘর করিতে লাগিলেন।

ঐ শক্তি কিন্তু মৌলবী সাহেবের উপর তদববি বেশ আনিপত্য করিতে লাগিল। ক্রমে মৌলবী সাহেবের জীবন উহার তাড়নাগ অসহ হইঃ। উঠিল। তিনি নিজকত হৃষ্ণের ফল হাড়ে হাড়ে বিধিতেছে ব্ঝিলেন, সেই

দর্পণ মধ্যত্বিত শক্তি. এড়াইয়া তাঁহার কোন কার্যোর সামর্থ্য রাহল না. তিনি একেবারে ঐ শক্তির গোলাম হইয়া নানা প্রকারে পীড়িত হইতে লাগিলেন। শেষে অনেক সময় তাহার আত্মহত্যার বলবতী বাসনা হইতে লাগিল ও মনোবেদনায় দিবারাত্র জ্বলিতে লাগিলেন। কি প্রকারে সেই শক্তির হস্ত হইতে অব্যাহতি পাওয়া যায়, তাঁধার অনেক সন্ধান করিলেন। কিছুই ফল হইল না।

মহাপাপীর আবার শান্তির আশা কে তাহাকে শান্তি দিবে। এই অবস্থায় নিজ অবস্থা নৌলবী সাহেব কর্ণেলের নিকট বর্ণনা করেন।

শ্রীকার্ত্তিকচন্দ্র বন্দ্যোপাধায়।

## **इर्हें डिल्लिथर**यां गा घटेना ।

(১) মহামায়া আমার মধান সহোদরের ক্তা: স্ন ১৩১৭ সালের শ্রাবণ মাসে জন্ম হয় এবং সন ১৩১৮ সালের আষাঢ় মাসে মৃত্যু হয়। মৃত্যু অকস্মাৎ হয়। মেয়েটি দেখিতে আনার মৃতা সহোদরা সরস্বতী দেবীর ন্তার। আমাদের দকলে বলিত যে সরস্বতীই আসিয়াছে। ২৪শে আষাচ রাত্রে মেটেটর কাশি দেখা দিল, কাশি তত গুরুতর বোধ না হওয়ায় পরদিন প্রাতে ঔষধ আদির ব্যবস্থা হইবে ভাবিয়া শ্রীমান গণেশচন্দ্র নিশ্চিন্ত থাকে। প্রদিন প্রাতে যথারীতি ঔষধ আদি সেবন করিতে দিয়া সে রোগী দেখিতে চলিয়া বাইল। মধ্যাহ্নে ফিরিয়া আসিয়া দেখে যে, কাশি অভ্যস্ত বুদ্ধি হুট্যাছে, প্রীক্ষায় মেষ্ত্রেনস্ কুপ হুট্যাছে ধার্যা হুইল, ঔষধাদি শানাপ্রকার ব্যবস্থা হইতে লাগিল। কিছুতেই পীড়ার বুদ্ধি রোধ করা গেল না। সন্ধায় অবস্থা থারাপ বুঝা গেল।

ক্রিষ্ট সহোদর শ্রীমান মহাদেব ভাষার অতি কোমল প্রকৃতি; বিপদাপদ দোখলেই নিজে অতিশয় অধৈষ্য হইয়া পড়ে। এ সময়ে তাহার শরীরের বর্ণ শাক মত ও বিমলিন। সে বাটীর বাহির হইয়া বহিবটিতে যাইয়া শুটল। মেরেটাকে সে বড়ই ভালবাসিত, নিয়তই কোলে লইয়া বেড়াইত, সশ্মুৰে থাকিয়া দম আটকান যন্ত্ৰণা দেখিতে একাস্ত অপারগ হইগ।

রাত্রি প্রায় ভোর ইইয়াছে; নিদ্রাও হয় না, স্থিতভাবে গুইয়া আছে। এমন সময় কে যেন মহাদেবের নিকটে দাঁড়াইয়া তাহাকে বলিল, "আমার সময় হইয়াছে চলিলাম আর আমি থাকিতে পারিলাম না।" ভায়া চমকিয়া উঠিল, এদিকে বাটাতেও কান্নার রোল উঠিল। মহামায়ার জীবন-লীলা শেষ হইয়াছে।

( > ) আমি কয়েক মাদ ধরিয়া পক্ষাঘাতের মত রোগে ভূগিতে-ছিলাম। সাত আট মাস গত হওয়ায় কেবলমাত্র দাঁ ছোইবার ক্ষমতা মাত্র ছইল। পরিশেষে নালায় শ্রীশ্রীত পঞ্চানননেবের মাটী মাথিতে গত ২৫শে জৈষ্ঠি হইতে আরম্ভ করি। ছয় দিন মাটী মাথিতে থাকা কালে কতদিনে না ধরিয়া চালমা ফিরিতে পারিব, তাহা জানিবার জন্ম ডৎকণ্ঠা হওয়ায় এ প্রশ্ন মনে করিয়া একটা চাউল, স্থপারি ও পয়সা দিয়া পুটাল বাধিয়া তাহা গণককারের বাটীতে পাঠাইবার বাবস্থা করিণাম। আঁত প্রভাষে আমাদের বি আসিয়া উক্ত পুঁটলি লইয়া গণকের নিকট চলিয়া গেল। তখন ভোর পাঁচটা বাজিয়াছে, আমি মাটীমাথা অবস্থায় কম্বলাসনে ব্রন্সচারীর মত মেজেতে শুইয়া আছি, ঝিয়ের কথায় নিদ্রা ভঙ্গ হইল। ঝি চলিরা ষাইলে মনে হইল গণককারদের কথা সকল সময় ঠিক হয় না, আমি ত-ঠাকুরের স্মরণ লইয়া তাঁহার মাটী মাথিতেছি, ঠাকুরকেই একবার জ্জ্ঞাসা করিয়া দেখা যাক না। এই ভাব মনে লওয়ায় মনে মনে ঠাকুরকে

বলিলাম, "ঠাকুর আমি ত ভোমার শরণ লইয়াছি, ভূমিই আমাকে বলিয়া দাও, আমি কবে না ধরিয়া চলিতে ফি:রতে পারিব, আমি বড়ই বিপন।" এইরপ মনে মনে বলিয়া প্রক্রিকে মন্তক রাখিয়া উত্তরমূথ এইয়া শ্রন করিয়া নিাদ্রত হুইয়া পডিলাম। আব ঘণ্টা পরে একটি স্থামন্ত স্থানতে শুনিতে নিদ্রাভঙ্গ হইল। কথা কয়েকটি খাত স্পাঠ ও মিষ্ট, ভাষা এই "একমাস, অভ্যাস—অভ্যাস।" কে যেন ঈশান কোন হইতে বালা এছেন खना (शन। वना वाद्यना, धक्यान कान मरवादे, वर्षार উदात (शरह বরাবর দেখিলাম আমি না ধরিয়া প্রায় শতাধিক হস্ত চলিতে ও ফিরিতে পারিতেছি।

এই কথা শুনিয়া আমার মধ্যম সহোদ্র শ্রীমান গণেশ ভায়া বালল "নাদা আপুনি যাহা শুনিয়াছেন, তাহা প্রকৃত। বাবা পঞ্চাননই আপুনাকে চলাইয়া দিয়াছেন। স্বপ্নের আদেশ ঐরপ ভোর বেলা এবং ঈশান কোণ হইতেই শুনা যায়। ইতিপুৰে আপনার যে অস্তুথ হয় ও বাবা ভারকনাথের ওঁষধ ধারণ করান হয়, তৎকালে আমিও একদিন এই ঘরে ঈশান কোণ হইতে বলিতে শুনিয়াছিলান, স্বরও অতি স্পষ্ট ও মধুর; কথা ক্ষেক্টি এই "হাওয়া খাইতে যাবি, তত বেশী প্রদা কি আছে ? পোনের দিনের মধ্যে ভাল হইয়া যাইবে।" ষ্থার্থই সেইবার ঐ সময়ের মধ্যেই আমি স্বস্থ হইয়া কার্য্যক্ষম হই।

শ্রীকার্ত্তিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

## ভূতের কথা।

আজি যে গল তুইটা বলিতেছি, ভাগার প্রথমনীর নায়ক এবং লেখক উভরেই আমার মধ্যম ভ্রাতা প্রীমান্ সভ্রেলনাথ মুখোপাপাগায়। নায়কের নিজের মুখে বৃত্তাস্ত ওলি শুনিতে যেমন ভাগ লাগে, অপরের মুখে তেমন লাগে না; ভাই ভাইলাকে দিয়াই ই গলটা নিথিয়া লইলাম—রচনা আমারই লিখিত, তবে পাঠকগণের চিভ্রেক্ষণ করিবার জন্ম উহা নায়ক যেন নিজেই বলিতেছেন এরপভাবে লিখিত ইইয়াছে।

শাঠকগণ দেখিনেন যে দিতীয় গল্পের শিক্ষিত বাজিটী আদৌ প্রেতায়।
মানিতেন না, কিন্তু আনার লাতা উকি উহার বিপরীত; সে চিরকালই
ভূতের ভয়ে কাঁটা। বাটার সকলেই পূর্দের তাহাকে ঠাটা করিত, কিন্তু
সেই স্বপ্রের পর হইতে আর কেহ ও বিষয় লাইয়া তাহার সহিত রহস্ত
করে না; আর স্বচক্ষে অমন আশ্চর্যাজনক ঘটনা দেখিয়া কেই অবিশাস
করিবেই বা কেমন করিয়া ?

নিমে গল চুইটি প্রদত্ত হইল—

#### ১। यद्य (मथा।

আমি ছেলেবেলা হইতেই একটু ভয়তরাসে, ভূতের ভয় আমার এত বেশী যে এমন কি সন্ধার সময় পর্যান্ত আমি একাকী ঘরের বাহির হইতে পারি না, আর অন্ধকার রাত্রির ত কথাই নাই; যদি একান্তই বাহিরে যাইতে হয় ত আর একজনকে সঙ্গে করিয়া লইয়া ঘাই। আমাদের বাড়ীর আর কাহারই ভূতের অন্তিকে বিশ্বাস ছিল না, তাঁহারা আমায় উপহাস করিতেন, কিন্তু একদিন এমন একটী বিশেষ ঘটনা ঘটিল, যাহা হইতে তাঁহারাও আমার মতন ভূতে বিশ্বাস করিতে বাধ্য হন।

সে আজ প্রার আড়াই বংসর আগেকার কথা, একদিন আমার মাসতৃতো ভাইকে একটা পাগলা কুকুরে কমেড়ায়; তার পর যেমন হইয়া থাকে, ডাক্তার আসিয়া দংশিত স্থান পুড়াইয়া দিল, ও তাহার প্রদিনই তাঁহাকে ওনুরের ( মাদ্রাজ ) পাস্তর চিকিৎসালয়ে পাঠান হইল। সেখানে কিছুদিন থাকিয়া তিনি কিরিয়া আসিলেন, নাস খানেকের মধ্যেই ঘাটা সব ভকাইয়া গেল; ক্রমে ক্রমে তাঁহাকে যে কুকুরে কামড়াইয়াছিল এ কথাও দকলে ভুলিয়া গেলেন।

তারপর প্রায় দেড় বৎসর চলিয়া গিয়াছে। একদিন আমি সন্ধারে সময় জানালার ধারে বনিয়া আমাদের বাড়ার সন্মুথে যে ঘাটটা ছিল, ভাহার দিকে চাহিয়াছিলাম.—একমনে জ্যোৎসায় উদ্ভাসিত ধরণীর শ্রামল বক্ষের শোভা দেখিতেছিলাম। আমাদের ঘরের মধ্যেও থানিকটা চন্দ্রা-লোক প্রবেশ করিয়াছিল। তারপর একলাটা বসিয়া থাকিলে যা হয় আমারও তাই হইল, একটু একটু করিয়া তক্তা আদিল,—ক্রমে সেই ভক্রা নিদ্রায় পরিণত হইল।

ঘুনাইয়া ঘুনাইয়া স্বপ্ন দেখিতে লাগিলাম —দেখিলাম যে আমি আমার মাসততো ভাইরের দেশে বাগ অ'চিড়ায় ( যশোর ) উপস্থিত হইয়াছি— এক পা কাদা ভাঙ্গিয়া গ্রামাপথ দিয়া চলিতেছি। কিছুদূর যাইতে না बाইতেই দেখিলাম, সন্মুথেই আমার মাদ্ভুতো ভাই দাঁড়াইয়া রহিয়াছেন। তাঁহাকে দেখিয়াই আমি বলিয়া উঠিলাম "কি, হেমস্ত দাদা যে, কেমন আছেন ? এইথানে বলিয়া রাথা ভাল, আমায় মাস্তুতো ভাইয়ের নাম "হেমস্তকুমার গাঙ্গুলী (ইনি প্রশিদ্ধ স্বর্ণনতা লেখক তারক গাঙ্গুলীর ৰাতৃপুত্ৰ )

#### ২। বিষম শিক্ষা।

আমি আধুনিক কলেজীর যুবক— সভ্য, ভব্য, নব্য বাবু; ইহা হইতেই বোধ হয় বুঝিতে পারিতেছেন, জামি কুদংস্কারের ধার ধারি না; ভূতটুত মানা আমার কোহিতে লিথে নাই। নিজে ত ভূত বিশ্বাস করিতামই না, অপরকে বিশ্বাস করিতে দেখিলে তাহাকেও ঠাটা করিতে ছাড়িতাম না। কিন্তু আমার সে অবিশ্বাস বেশী দিন স্থায়ী হয় নাই, কেমন করিয়া গেল ভাহাই এক্ষণে বলিতেছি।

আমি কলিকাতায় বাঁহার বাডীতে বাসা করিয়াছিলাম, তিনি একদিন হঠাৎ কলেরা হইলা মারা যান। সেই হইতে বাড়ীর লোকেরা তাঁহার প্রেতাত্মাকে দেখিতে পায় বলিয়া আমায় বিরক্ত করিয়া তুলিল। কিন্তু প্রেতায়া প্রভু আমাকে একদিনও দর্শনম্বথ দান করেন নাই, কাজেই আমি সাধারণতঃ যেমন করিয়া থাকি, তাঁহাদেরও কথা তেমনি অবিশ্বাস করিলাম। আমি তাঁহাদের অনেক বুঝাইলাম, কিন্তু তাঁহারা কিছতেই ব্ঝিতে চাহিলেন না. রাতদিন ঘরের আনাচে কানাচে ভূত দেখিয়া বেড়াইতে লাগিলেন। শেষে একদিন সর্বসন্মতিক্রমে অন্নাদন করিলেন যে, এই ভূতুড়ে বাড়ীতে মান্নষের তিষ্ঠান দায়, অতএৰ এ বাড়ী ছাড়িয়া অন্তত্র যাওয়া যাক। কথায়ও যা, কালেও তাই হইল, তাঁহারা সকলেই আর একটা বাড়ী ভাড়া করিয়া সেথানে চলিয়া গেলেন; কিন্তু আমি চিরকালই একটু গোঁয়ার ( দোহাই পাঠক, তা বলিয়া আমাকে সত্যসত্যই যেন গোঁয়ার মনে করিবেন না, তবে লোকে আমায় 🜢 মধুর সম্বোধনে আপ্যায়িত করিয়া থাকেন, তাই এথানে বাধ্য হইয়া তাঁহাদের প্রদন্ত উপাধিই ব্যবহার করিতে হইল ) আমি তাঁহাদের সঙ্গে গেলাম না-মৃত ব্যক্তির স্ত্রী ও পুত্রের সহিত আমি সেই বাটীতেই বাস করিতে

লাগিলাম। এখানে বলা বাছলা, বাটীর গৃহিণী তাঁহার সামীর বাটী ত্যাগ করেন নাই, তাঁহার পুত্রও তাঁহার সহিত্ই ছিলেন।

তাহার পর প্রায় এক সপ্তাহ চলিয়া গেল,—ইহার মধ্যে বিশেষ কোন ঘটনা হইল না। একদিন আমি নাট্যপুত্তকথানি সন্মুণে রাথিয়া বিমাইতেছিলাম; তথন রাত প্রায় বারটা। চারিদিক নিস্কর, কোথাও কোনও শন্দটীমাত্র গুনা যাইতেছিল না; চুই একটী কাক কেবল সকাল হইয়াছে মনে করিয়া ডাকিতে আরম্ভ করিয়াছিল। এমন সময়ে, হঠাৎ সমস্ত গৃহটী বিকট হাস্তধ্বনিতে পূর্ণ হইয়া গেল। আমি চমকিয়া উঠিলাম: চারিদিকে চাহিয়া দেখিলাম কেষ্ট কোণাও নাই, কে হাসিতেছে ব্ঝিতে পারিলাম না। জিজ্ঞাসা করিলাম, কে ওথানে ? ঘরের দেওয়ালে সে কথাগুলি প্রতিহত হইয়া আবার ফিরিয়া মাসিল, প্রতিধানিও উত্তর দিল কে ওথানে ? কোন উত্তর না পাইয়া, ঘরের বাহিরে কে হাসিতেছে দেখিতে গেলাম; বেশী দূর যাইতে হইল না, দেখিলাম আমার ঠিক সম্মুখেই সেই মৃত বাড়ীওয়ালা দাঁড়াইয়া বিকট মুখভঙ্গী করিয়া হাসিতেছে। আমাকে দেখিয়া চীৎকার করিয়া বলিল, "তোরা এখনও এ বাড়ীতে রহিয়াছিদ্ ? জানিস না কি আমি একলা থাকিতে ভালবাসি ? যদি ভাল চাস ত এথনি বাডী ছেড়ে চলে যা।"

আমি ভয়ে টীংকার করিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলাম, কতক্ষণ যে এই ভাবে ছিলাম, তা বলিতে পারি না। জ্ঞান হইলে দেখিলাম, বাড়ীর গৃহিণী আমার ভশ্রষা করিতেছেন। আমি তাঁহাকে দব কথা খুলিয়া বলিলে তিনি ভাহার প্রদিনই সেইবাটী ছাড়িয়া চলিয়া গেলেন; আমিও সেথান হইতে তল্পীতাল্পা তুলিলাম।

সেই হইতে আর কথনও ভূত নাই বলিয়া তর্ক করি নাই । আমার বন্ধরা এথনও আমায় ঠাটা করিতে ছাড়েন না, বলেন কেমন ভূত নাই না ? আমি উত্তর দিই, "দেবার যা বিষম শিক্ষা পাইয়াছিলাম তাই মথেষ্ট ; আবার কি নাই বলিয়া স্তিয়কার ভূতের হাতে প্রিব ?"

শ্রীসম্ভোষকুমার মুখোপাধ্যায়।

# পুনরাগমন।

( পূর্ম্ব প্রকাশিতের পর )

সেই দিনেই আমার চাকরী হইল। আমি একেবারেই আড়াই শত টাকা বেতনে এদিষ্টাণ্ট ইন্জিনিয়ারের পদ পাইলাম। উলুবেড়িয়া হইতে মেদিনীপুর পর্যান্ত বে থাল গিয়াছে, সে সনয় তাহার সংস্কারের প্রয়োজন হইয়াছিল। ভাহারই তত্ত্বাবধানের ভার আমার উপর পড়িল। স্থতরাং পিতা পত্রে যে লিথিয়াছিলেন, আমার চাকুরী কলিকাতার হইবে, কার্যাতঃ তাহা হইল না। কলিকাতার নিকটবন্তা হইলেও, কার্যান্থান হইতে কলিকাতায় নিত্য আমার আমার সম্ভাবনা রহিল না।

তবে সংস্কারকার্য্য আরম্ভ হইতে তথনও মাস হই বিলম্ব ছিল। সেই কার্য্যসম্বন্ধে সমস্ত তথ্য অবগত হইবার জন্ম এবং সঙ্গে সঙ্গে একটু শিক্ষানবিশী করিবার জন্ম আমি সেই হই মাসের জন্ম কলিকাতা থাকিতে আদিষ্ট হইলাম। পূজার অবকাশের পরেই আমাকে কার্য্যে যোগ দিতে ইইবে।

নুতন চাকরী, শীঘ্র ছুটি পাইবার সম্ভাবনা নাই জানিয়া, পিতা পরবর্ত্তী মাসেই আমার বিবাহ দেওয়া স্থির করিলেন। মাতাও আমাকে বিবাহিত দেখিতে ইচ্ছা প্রকাশ করিলেন। মুথে তুই একবার অনিচ্ছা প্রকাশ করিলেও বিবাহে আমার একান্ত অ.নচ্ছা ছিল না। আমি তখন ইংরাজী পড়া শেষ করিয়া একরূপ স্থাশিকিত ইইয়াছি। ইংরাজদের বিবাহপদ্ধতি. চক্ষে না দেখিলেও, পুস্তকে পড়িয়া পড়িয়া আমার স্পরিচিতই হইয়াছিল। উপত্যাসপাঠে তন্ময়ত্বের অবকাশে বিকারিণী কল্পনা কতবার কোন আকাশের কোন কুন্ধুমবরণা সন্ধাায় স্থাতল তরল কাঞ্চন হিল্লোলিনী-তীরে আমাকে দাঁড় করাইয়া কোন দিগস্তাগতা বরবর্ণিনীর নীলনলিনাভ নয়নের কটাক্ষ আমাকে দান করিয়া গিয়াছে। আমার ইচ্ছা ছিল পাত্রীকে নিজে দেখিয়া বিবাহ করি।

বিশেষতঃ তুর্গার সৌন্দর্য্য দেখিয়া আমি মুগ্ধ হইয়াছিলাম। সত্য কথা বলিতে কি ঘটনাচক্রে তাহার সঙ্গে আমার অন্তর্মপ সম্বন্ধ প্রতিষ্ঠিত না হইলে, আমি চুর্গার মত বালিকাকে স্ত্রীরূপে পাইলে আপনাকে সর্ব্বশ্রেষ্ঠ ভাগাবান বিবেচনা করিতাম। যদি ভাবী পত্নী তাহার মত রূপবতী না হয়, তাহা হইলে, ভাহাকে গৃহে আনিবার সঙ্গে সংস্ক হঃথকে পাছে সহযাত্রী করিয়া আনিতে হয়, এই ভয়ে বিবাহের পূর্বে পাত্রীকে দেখিতে আমার অভিলাষ হইরাছিল।

তবে পিতার দৃষ্টির সমালোচক হইয়া পত্নীনির্বাচনকার্য্যে অগ্রসর হুইতে তথনও পর্যান্ত শিক্ষিত যুবকগণের সাহস হয় নাই। স্থতরাং পিতার নির্বাচন উপেক্ষা করিয়া নিজে পাত্রী দেখিবার ধৃষ্টতা করিতে আমারও কোন মতে সাহস হইল না।

किन अञ्चर्यामिनी मा आमात मत्नत कथा त्यन छनिए शहिलन। বিবাহে আমাকে ইতন্তত: করিতে দেখিয়া তিনি আমাকে পাত্রী দেখিয়া আসিতে আদেশ করিলেন, এবং পিতাকে এ কার্য্যে সম্মতি দিতে অমুরোধ করিলেন। বলিলেন,—''আজিকালিকার ছেলে কলিকাতার থাকিরা সমাজের নৃতন ধরণের রীতি-নীতি দেখিরা উহাদের মনের ভাব আলাদা হইরাছে। আমার ইছে৷ গোপীনাথ নিজে দেখিরা পছন্দ করিরা বিবাহ করিলে ভাল হয়, কেন না তাহা হইলে তোমার আর কোন দায়িত্ব থাকে না ''

আমার সম্মুথে পিতার কাছে মাতাকে এইরূপ প্রস্তাব করিতে শুনিয়া লক্ষায় আমার মস্তক অবনত হইল।

মাতা আমাকে তদবস্থ দেখিয়াই বলিলেন—"মাথা হেঁট করিতে হইবে, আমি এমন কথা বলি নাই, এ ধর্মের কথা, লজ্জার কথা নর, তোমার সংসারের প্রতিষ্ঠা হইবে। তাহার স্থথ-ছঃথ সমস্তই তোমাকে ভোগ করিতে হইবে। তুমি যদি নিজ্ঞে দেখিয়া, আপনার পছক্ষমত স্ত্রী বরে আনিতে পার, তাহাতে দেয় কি?"

পিতা এ কথা শুনিয়া কিছুক্ষণ কোনও মতামত প্রকাশ করিলেন না, আমিও এ কথার কোনও উত্তর দিতে পারিলাম না। মায়ের একটা কথা শুনিয়া আমি চিন্তিত ইলাম। সেই একটি বাক্যেই আমার ভাবীপত্নীকে দেখিবার আগ্রহ অনেকটা দ্র হইয়া গেল। দায়িছ,—নিজ চক্ষে পাত্রী দেখিয়া বিবাহের পর যদি আমি অস্থী হই! আমি শুধুরূপ দেখিতে অভিলাষী। একদিনের একদণ্ডের দেখায় তাহার স্বভাবচরিত্র ব্রিবার আমার অবসর কই? অথচ দায়িছ পিতা মাতা পাত্রী নিরূপণ করিয়া প্রের ভাবী স্থত্ঃধের দায়িছ,—গ্রহণ করেন। স্বতরাং প্রকে স্থী রাথিবার জন্ম গাঁহারা সংশিক্ষায় বধৃকে গৃহধর্মের উপযোগিনী করিবার চেষ্টা করেন। রূপদর্শন-প্রলোভন ও কর্ত্ব্য-পালন, এতহভ্রের বিভিন্ন-, মুখু আকর্ষণে আমি উত্তরদানে ইতস্ততঃ করিতেছি, ইত্যবদ্বে মাডা

পিতার মত জানিতে চাহিলেন, বলিলেন, "গোপীনাথ কি করিবে বল ?"

পিতা বলিলেন—"পুরুষামুক্রমে কেহই আমাদের একার্য্য করে নাই। বরাবর শুরুজনেরাই পাত্রী স্থির করিয়া থাকেন।

মাতা উত্তর করিলেন—"কিন্তু তাহাতে ত স্থক্ষল হয় নাই। তুমি ত আমাকে লইয়া স্থা হইতে পার নাই। আমি তোমার সংসারে একমাত্র অশান্তির কারণ হইয়াছি।"

কথা গুরুতর হইয়া দাঁড়াইল। নায়ের কথায় পিতার মুখ গন্তীর হইল। আমি বৃঝিলাম, এরূপ অবস্থায় এখানে থাকা কর্ত্তব্য নয়। ভাবী স্ত্রীকে দেখিবার ইচ্ছা আমার মন হইতে একেবারেই দূর হইয়া গিয়াছে। এইজন্ম স্থানত্যাগের পূর্বে নিজের অভিপ্রায় মাতাকে জানাইলাম। বলিলাম—''আমি যে নিজে দেখিৰার ইচ্ছা করিয়াছি. একথা তোমাকে কে বলিল।"

মাতা। কেহ বলে নাই, আমি অনুমান করিয়াছি।

আমি। আমার কি দেখিয়া এরপ উদ্ভট অমুমান করিলে ?

মাতা। তোমার আকার-ইঙ্গিতে বৃঝিয়াছি।

স্মামি। তুমি ভূল বুঝিয়াছ।

মাতা। তবে কি জন্ম বিবাহে অমত করিতেছ ?

আমি। আমি এখন বিবাহ করিতে ইচ্ছা করি না।

মাতা। আমি একথা বিশ্বাস করিতে পারি না।

ক্থাটা শুনিবামাত্র আমার মনে ক্রোধের সঞ্চার হইল। নিরক্ষরা ্মা শিক্ষিত সম্ভানকে এক প্রকার মিথ্যাবাদী বলিলেন। শিক্ষার অভিমান লাগিয়া উঠিল। সত্যের অপলাপ করিতেছি জানিয়াও আমি বলিলাম- "তোমার বিশাস অবিশাসে আমার কিছু আসে যায় না। আমি যহা সভ্য ভাহাই বলভেছি।"

মাতা চিরাভ্যন্ত প্রশান্ত ভাবে ব্রিজ্ঞাসা করিলেন,—"ভবিষ্যতে ত বিবাহ করিবার ইচ্ছা আছে।"

আমি। এখন তাহা কেমন করিয়া বলিব ? ভবিষ্যতের কথা ভবিষ্যতে। অর্থ উপার্জ্জন না করিয়া বিবাহ করা আমি গর্হিত কার্য্য মনে করি।

মাতা। তোমার অর্থের ত অভাব নাই।

আমি। সে ত পিতার উপার্জ্জন, আমি ত করি নাই।

পিতা প্রথম হইতে নীরব ছিলেন। এতক্ষণ পরে তিনি কথা কহিলেন,
আমাকে স্থানত্যাগ করিতে আদেশ করিলেন।

মাতা সে কথায় কান না দিয়া আমাকে বলিতে লাগিলেন,—"এ সংসারে সকলেই অর্থ উপার্জ্জন করিতে আসে না। কেহ আজন পরিশ্রমে উপার্জ্জন করে, কেহ ভোগ করে। তোমার ত অর্থ উপার্জ্জন করিবার কোনও প্রয়োজন দেখি না। তুমি যে চাকুরীর জ্বন্ত কেন গৃহত্যাগ করিতে চলিয়াছ, আমি বুঝিতে পারি না।"

পিতা বলিলেন— "তবে কি অলসভাবে ঘরে বসিয়া যুবক আমার উপার্জ্জিত অর্থ নষ্ট করিবে ?

আমি বলিলাম,—''উপার্জ্জনের শক্তি থাকিতে আমিই বা তাহা করিতে<sub>.</sub> যাইব কেন <u>'</u>?"

মাতা। কথা মামুষের মত বটে। তবে কথা এক, কাজ আর।
কথা আমি তোমাদের অনেক গুনিয়াছি, কিন্তু কাজ দেখি নাই। তোমরা
কণায় যাহা বালতেছ, যদি কাজে তাহা দেখাইতে পার, তাহা হইলে মরণ্
সময়ে তাহা দেখিয়া অস্ততঃ একদণ্ডের জন্ত শ্বধী হইয়া মরিতে পারি।

পিতা। আমার জ্ঞানে বাহা কর্ত্তব্য, চির্দিনই তোমার সম্বন্ধে আমি তাহা করিয়া আসিয়াছি; ইহাতেও যদি তুমি অন্তথী হও, তাহা হইলে আমি কি করিতে পারি।

মাতা পিতার কথার কোনও উত্তর দিলেন না, আমাকেই বলিতে লাগিলেন,—"শুন গোপীনাথ, তুমি যাহা বলিলে তাহা যদি তোমার অস্তরের কথা হয়, তাহা হইলে আমি তোমাকে বিবাহে অমুরোধ করিতে পারি না। বাস্তবিকই যদি পৈত্রিক সম্পত্তি তুমি লোভের বিষয় না করিয়া নিজের উপার্জ্জনের উপর নির্ভর করিতে ইচ্ছা কর, সে কার্য্য আমি গঠিত মনে করিতে পারি না। মনের অবস্থা সেরূপ হইলে এখন বিবাহ না করাই কর্তব্য। কেন না এ সংসারের ভবিশ্বৎ কি ২ইবে. ভোমার সঙ্গে ইহার কি সমন্ধ থাকিবে, ভাহা আমি বলিতে পারি না। তুমি বুঝ, বুঝিয়া কার্য্য কর। আমার বক্তব্য বলিয়া আমি নিশ্চিম্ব হইলাম।

এই বলিয়া মাতা গৃহত্যাগ করিলেন। তিনি চলিয়া গেলে পিতা বলিলেন. "তোমার মাতার মন্তিম-বিকার ঘটিয়াছে। নতুবা এরূপ প্রস্তাব তাহার মুখ হইতে বাহির হইবে আমি প্রত্যাশা করি নাই।"

ঘটনাচক্রে পড়িয়া আমি অনেকটা সাহগী হইয়াছি। আমি সাহস क्रिया शिठात कथात উত্তর দিলাম . दांगलाम ,- "यां मरे भारत मां छक-বিকার ঘটিয়া থাকে. সে মস্তিষ্ণ-বিকারের কারণ আপনি।"

কথা গুনিবামাত্র পিতার মুখ রক্তিমাভ হইল। তথাপি আমি বলিতে বিরত হইলাম না। বলিলাম—"মায়ের কথার বৃঝিয়াছি, মা আমার অধিক দিন বাঁচিবেন না। আর মা যদি না থাকেন, তাহা হইলে এ গৃহ আমার পক্ষে শ্রশানতুল্য হইবে। শুমুন পিতা, মা প্রাণত্যাগ করিলে আমিও সাবের সঙ্গে সঙ্গে গৃহত্যাগ করিব।"

পিতা বলিলেন—''একমাত্র আত্মহত্যা ব্যতিরেকে মানুষের ইচ্ছামত ত আর মৃত্য আসে না।"

আমি বলিলান,—"আমার মা আত্মহত্যা করিবেন, সে ভর আমার নাই; তবে মা অধিক দিন বাঁচিবেন না, আপনি জানিয়া রাখন।"

পিতা ঈষৎ ক্রোধের সহিত বলিলেন—"আমি তোমার প্রলাপ বাক্য শুনিবার জ্ব্যু বসিয়া নই। এখন বিবাহ সম্বন্ধে কি করিবে স্থির কর। তোমারও প্রকৃতি সহসা এরপ পরিষ্টিত হইবে জানিলে, আমি আগে হইতে সাবধান হইতাম; এ বিবাহসম্বন্ধ স্থির ক্রিতাম না। তোমার পিতৃভক্তিতে সন্দেহ ছিল না বলিয়াই আমি নিজে পাত্রী দেখিয়া মনোনীত করিয়াছি, এখন যদি তুমি নিজে পাত্রী দেখিতে যাও, তাহা হইলে আমার মাথা হেঁট হইবে।"

আমি বলিকান,—"আপনার মাথা হেঁট ছইবে এমন কাজ আমি কথন করিব না। আপনি এ বিবাহসম্বন্ধে যাহা আমাকে আদেশ করিবেন তাহাই আমার শিরোধার্য।"

"তাহা হইলে পাকা দেখার জন্ম তাহাদের পত্র লিথি ?"

"िवशून।"

পিতা বাহিরে চলিয়া গেলেন। আমিও মায়ের কাছে ছুটয়া গেলাম।
মা পিতার গৃহ ছাড়িয়াই ঠাকুরঘরে গিয়া বিসয়াছেন—ধানস্থার মত
বিদয়াছেন। দেখিয়া বোধ হইল, মা যেন নিজের কথার সত্যতা
নিজ্বারণের জন্ম নিমীলিতনেত্রে তবিষ্যতের চিত্র নিরীক্ষণের প্রয়াস
করিতেছেন। মায়ের কথা শুনিয়া আমার মনে একটা বিষম সন্দেহ
উপস্থিত হইয়াছে। আমার মনে হইয়াছে, মায়ের দেহত্যাগের পর পিতা
আবার বিবাহ করিবেন। বিবাহের সঙ্গে সঙ্গেই আমি পিতার পর হইয়া
মাইব, পিতার সমস্ত সম্পত্তি হইতে আমি বঞ্চিত হইব, মনে হইতেই

শিতার সংসারের একটা অপ্রীতিকর ছবি কল্পনায় জাগিয়া আমাকে ব্যাকুল করিয়া তুলিল। আমি যেন দেখিতে পাইলাম, অদূর ভবিশ্বতে আমি মাতৃহীন ও পিতৃপরিত্যক্ত অবস্থায় বিযাদময় জাবন লইয়া ঘূরিয়া বেড়াইতেছি। সেই অবস্থায় পড়িয়া আমি একবার গোপালের অবস্থায় সঙ্গে তুলনা করিলাম। তুলনায় বুঝিলাম, আমি গোপালের অপেক্ষাও ছংখী। স্বর্গারোহণের সময়ে জননী যে পবিত্র স্নেইটুকু গোপালের জন্ত রাখিয়া যাইবেন, সেটা ধর্মের মূর্ত্তি ধরিয়া গোপালকে ইহলগতে সর্ব্ব বিপদ হইতে রক্ষা করিবে। তাহার দেবোপম পিতার আশিষ তাহার সঙ্গে সঙ্গে ঘূরিবে। দেবীয়পিণী জননী হইতে বঞ্চিত হইলে আমার কি থাকিবে! চাক্রী করিয়া অগাধ উপার্জ্জন করিলেও আমার ছংথের অবধি থাকিবে না। ঘটুক আর নাই ঘটুক, সে অবস্থা কল্পনায় আনিতেই আমার প্রোণ ব্যাকুল হইয়া উঠিল। আমি ডাকিলাম,—"মা।"

স্থােখিতা জননী আমার দিকে মুখ ফিরাইলেন। তাহার পর কি জানি কি বৃঝিয়া আমাকে কাছে যাইতে ইঙ্গিত করিলেন—কথা কহিলেন না।

ইঙ্গিত্যাত্রেই আনি মারের সমীপে উপস্থিত হইলাম। আনেক কথা কহিব মনে করিয়াছিলাম, কিন্তু তাঁহার কাছে উপস্থিত হইবামাত্র সহসা আমার বাক্য রন্ধ হইরা আসিল। শত চেষ্টাতেও মাকে আমি একটি কথাও বলিতে পারিলাম না। আমি মারের পদপ্রাস্তে পতিত হইলাম।

মা আমার মন্তকে হস্তার্পণ করিয়া মেহপূর্ণস্বরে বলিলেন—"বাপ্ আমার উঠ। আমি ভোমার মনের কথা দকলি বুঝিতেছি।"

আনি তদবস্থার রহিয়াই বলিলাম,—"অসংখ্য অপরাধ করিয়াছি।
ক্ষা চাহিলে আমার হথ নাই। তবুবল মা, তুমি এ পাপিষ্ঠ সন্তানকে
ক্ষা করিলে ?"

মা করুণামাথা স্বরে বলিলেন—''সম্ভানের অপরাধ কইতে মারের বে ক্ষমতা নাই গোপীনাথ! জগজ্জনুনী এ ক্ষমতা যে নিজে ত্যাগ করিয়াছেন।"

এই বলিয়া আবার আমার মন্তকে হস্ত দিয়া মা আমাকে উঠিতে আদেশ ।
করিলেন।

আমি উপবিষ্ট হইয়াই জিজ্ঞাসা করিলাম—"সত্য সত্যই তুমি কি আমাকে ছাডিয়া যাইবে?"

"কেন বাপ্, তুমি ত সমস্তই নিজ চক্ষে দেখিয়াছ।"

"দেখিয়াছি, কিন্তু বিশ্বাস করিতে আমি সাহস পাইতেছি না।"

"বিশ্বাস কর। আনি যে দিন জীবনের অধিকার ছাড়িয়াছি। সেই দিনেই আমার মৃত্যু হওরা উচিত ছিল, কেন যে বাঁচিয়া আছি তা মা জানেন, গুরু বলিতে পারেন। বুঝি গোপালকৈ—"

বলিতে বলিতে মাতা নীরব হইলেন। আমি বলিলাম—"বল না, পারে ধরি, বলিতে বলিতে নীরব হইও না। আর একবার গোপালের নাম কর, তোমার মুথে শুনি। সাত বংসর আমার কানে তোমার মুথ হুইতে গোপালের নামের ধর্বনি প্রবেশ করে নাই। আমিও গোপালের নাম মুথে আনিতে সাহস কার নাই। একবার নাম করিয়া তোমাকে হারাইতে বসিয়াছিলাম। ভবিষ্যৎ না ব্ঝিয়া সেচ্ছায় গোপালকে বিসর্জ্ঞাদিয়াছি। কিন্তু গোপালকে ছাড়িয়া অবধি কি মর্ম্মবেদনায় এ সাত বংসর অভিবাহিত কবিয়াছি, ভাহা তোমাকে কি বলিব!"

মা বলিলেন—"তাহা আমি ব্ঝিয়াছি এবং সেই জন্ত দারুণ মর্মাবেদনাতেও তোমাকে লইয়া আমি অনেক আশ্বস্ত ছিলাম। ব্ঝিয়াছিলাম,
আমি অযোগ্য সন্তান গর্ভে ধরি নাই। নহিলে কোন্দিন মরিয়া জীবনের
বন্ধুণা এড়াইতাম তার ঠিক কি! গোপীনাথ! গোপাল ত শুধু আমার

স্বেহের ধন নম্র, আমার ধর্ম। আমার খাগুড়ী ধর্মের নামে গোপালকে আমার হাতে সঁপিয়া গিয়াছেন।"—বুলিতে বলিতে মা নীরব হইলেন। ব্রিলাম, শোকের প্রচণ্ড আবেগে মায়ের মুথে আর কথা সরিতেছে না। ধর্ম! ইহাতো আমরা পিতাপুত্রে কেহই বুঝি না! এত ভধুদেহ লইয়া কথা নয়; গোপালের সেবা মায়ের ধর্ম্ম; ধর্মত্যাগী আমরা কেহই মায়ের এ মহত্ত্রে মর্ম্ম হৃদয়গ্রম করিতে পারি নাই। শুধু মমতার অছিলা ধরিয়া মাকে আমি এত ছু:খ দিতেছি।

একট প্রকৃতিস্থ হইয়া মা আবার বলিতে লাগিলেন,—''গোপালকে একটীবার দেখিবার জন্মই বুঝি এতকাল বাঁচিয়া আছি। তাই মরিয়াও ৰাঝ আমি মরিতেছি না। তবে, নানা কারণে আর আমার বাঁচিবার ইচ্চা নাই।"

<sup>\*</sup>সে কারণও আমি জীনি। তুর্ভাগ্যবশে তোমার প্রতি পিতার সেই কঠোর বাক্য আমার কর্ণগোচর হইয়াছে।"

"ত্নি গুনিয়াছ ?"

"গুনিয়াছি, আর শুনিবামাত্র পিতার প্রতি আমার অভক্তি হইয়াছে।''

'ছি! অমন ভাব কথনও মনে আনিও না। পিতার মত গুরু ইহ-সংসারে আর নাই। সমস্তই অদৃষ্টের থেলা। আনার অদৃষ্ট আমি বামীকে স্থী করিতে করিতে পারিলাম না। তাঁহারও অদৃষ্ট তিনি আমাকে লইয়া স্থা হইতে পারিলেন না। তবে কি জান বাপ, প্রীজাতি স্বামীর সকল উৎপীড়ন হাসিয়া উড়াইয়া দিতে পারে, কিন্তু সতীত্বের অবমাননা সম্ করিতে পারে না। তর্ভাগ্য গোপীনাথ। আমার এতই মর্ম্মবেদনা ষে, সম্ভান তুমি, ভোমারও কাছে আমি এই হীন কথার আলাপ করিতেছি। ইহার জ্বন্ত গুরুর কাছেও তিরস্কার খাইয়াছি। তুমি ভাহা শুনিয়াছ।

"গুনিয়াছি। কিন্তু মা তোমার এত মর্ম্মবেদনা তথনও বুঝিতে পারি নাই! আন জানিতাম তোমার স্বভাবসিদ্ধ ক্ষমাগুণবশে পিতার এ কথা অগ্রাহ্য করিয়াছি।"

"মর্মধেদনার কথা কি বলিব গোপীনাথ, যাহা মনে করিতেও পাপ, আমি সেই কাব্য করিতেও ইচ্ছা করিয়াছিলাম। তোমার পিতা রুগ্ম না , হইলে, বোধ হয় আমি আয়হত্যা করিতাম। অস্ত্র্যামী গুরুও বুঝি তাহা বুঝিয়াছিলেন, তাই সে মহাপাপের কাব্য হইতে আমি রক্ষা পাইয়াছি।" তবে মা তুঃথিনী কন্তার তুঃখ দূর করিয়াছেন, এ ঘরে বাদ আমার উঠিয়াছে।"

"একান্তই মরিবে।"

"এই ত সমস্ত কথাই তোমাকে আগে বলিয়াছি বাপ্। মরিবার পূর্বে একবার গোপালকে দেখিবার ইচ্ছা ছিল, কিন্তু আমার অনৃষ্টে তা বুঝি আর হইল না। কাল রাত্রে আমার মুখে রক্ত উঠিয়াছে। সেই জন্তই তোমাকে ববাহ করিতে অন্পরোধ করিয়াছি। ইচ্ছা, মৃত্যুর পূর্বে বৌমাকে তু'টা উপদেশ দিয়া যাইব। দামোদরের ক্লপায় যদি সহংশের কন্তা বধুরূপে ঘরে আসে, তাহা হইলে তাহার দারা আবার হারাণো ধর্ম সেই সঙ্গে ফিরিয়া আসিতে পারে।"

"তুমি এ ঘর ছাড়িলে, আমিও তোমার দঙ্গে সঙ্গে এ ঘর পরিত্যাগ করিব।"

"আনার মনে হয়, তুমি না ছাড়িতে ইচ্ছা করিলেও তোমাকে বাধ্য হইয়া ছাড়িতে হইবে।"

"তুমি কি ঠিক ব্ৰিয়াছ, পিতা ভোমার অবর্ত্তমানে আবার বিবাহ করিবেন ?"

"ঠিক বলিতে পারি না। তবে আমার তাই মনে হর। ঐশর্য্যে

অতি কম লোকেই মাথা ঠিক রাখিতে পারে। বিশেষতঃ ব্রাহ্মণ ধন দারা ষত ক্ষতিগ্রস্ত হয়, এত আর কোনও জাতি হয় না। আমার গুরু বলেন, গ্রাসাচ্চাদনের উপযোগী অর্থসঞ্চয়ই ব্রাহ্মণের কর্ত্তব্য। তার অধিক সঞ্চয় করিতে গেলেই ব্রাহ্মণত্বের হানি হয়। যাহা অধিক হইবে ব্রাহ্মণ তথনই তাহার সন্বায় করিবে। ইহাই হইতেছে ব্রাহ্মণ গৃহস্থের ধর্ম। ইহা আমি নিজের চক্ষেই দেখিতেছি। উদাহরণ খুঁজিবার জন্ম আমাকে দূরে যাইতে হয় নাই। আমি আমার খণ্ডরকে দেখিয়াছি, খুড়খণ্ডরকেও দেখিতেছি। হায়, আমার স্বামাও কি এইরূপ ছিলেন! গোপীনাথ, কি মাত্র্য আজ কি হইরাছে! আমার দরিদ্র খামীর গর্বে একদিন আমি আমাকে বিশেবরী মনে করিয়াছিলাম। আর আজু আমি সেই ঐশ্বর্য্যের মধ্যে বসিয়া কাঙ্গালিনী হইয়াছি।" গুর্বাল্ডায় তিনি ভূমিতে শুইয়া পডিলেন।

আমি মাকে অধিকক্ষণ ঐ প্রশ্নে উত্যক্ত করিতে ইচ্ছা করিলাম না। মায়ের পদধূলি লইতে লইতে কেবলমাত্র একবার জিজ্ঞাসা করিলাম,— "মা, একটীবার বল, গোপালকে অন্ততঃ একটী দিনের জন্মও তোমার কাছে লইয়া আসি।"

মা বলিলেন,—"প্রয়োজন নাই। তুমি তাহাকে আনিবার জন্য যাহা যাহা করিয়াছি, তাহা আমি ডাক্তারবাবুর কাছে শুনিয়াছি। দামোদর ইচ্ছানা করিলে কেহ কিছু করিতে পারিবে না। তাঁহার ইচ্ছা হয়, আমার মরণের পূর্ব্বে গোপাল আপনিই আদিয়া দেখা দিবে। তাহাকে আনিবার আর স্বতম্ত্র চেষ্টার প্রয়োজন নাই।"

সমস্ত অপরাধের ক্ষমা লইয়া আমি তথনকার মত মায়ের কাছ হইতে ' বিদাপ হইলাম। মা আবার আমার মাথায় হাত দিয়া আশীর্বাদ করিলেন ? এবং সেই সঙ্গে বিবাহের কথাটা আমাকে জিজ্ঞাসা করিলেন। মারের

প্রস্থানাস্তে পিতার সঙ্গে আমার যাহা যাহা কথা হইয়াছিল, সমস্তই তাঁহাকে বলিলাম। মা বলিলেন—"তীহার কার্যো আর অসম্মতি প্রকাশ করিও না। তাহার প্রতি ভক্তি অটুট রাথ, সকল বাধা কাটিরা যাইবে। ভবিয়তে তোমার ভালই হইবে।"

# ভৌতিককীতি।

আমাদের পরম পূজনীয় প্রতিবাদী শ্রীকৃত্র গ্রবচন্দ্র বন্দ্যোপাধ্যায় "অলৌকিক রহন্তের" গল্পাদির আলোচনা-প্রসঞ্জে করেকটা গল্প বলেন। তিনি বলেন "পূর্ব্বে ভৃতের কত গল্প শুনিয়াছি বটে, কিন্তু প্রত্যক্ষ না দেখায় কোনটাতেই বিশেষ আস্থা স্থাপন করিতে পারি নাই। কিন্তু দিবালোকে যাহা চক্ষের উপর ঘটিতে দেখিলাম, তাহা আর কেমন করিয়া উড়াইব ? সন্ধান লইয়া আপনারাও নিঃসন্দিয় হইতে পারেন।" তাঁহার মুখে বেরূপ শুনিয়াছি, তাহারই কথায় ভাহাই নিয়ে বিবৃত্ত করিলাম।

"বর্দ্ধমানের অন্তর্গত বৈঁচী টেশনের ও ক্রোশ দূরে গোপালদাসপুর নামে একটি গ্রামে আমি প্রথমে বিবাহ করি। ৭৮৮ বংসর হইল, আমি খশুরবাটী গিয়াছিলাম। আমার তথায় পৌছিবার পরদিন প্রাতে একটী বালিকা আসিয়া ব্যস্তভাবে বলিল, শুনেছেন জামাইবাব্, রাত্রে বঙ্ক গোঁসাইর বাটীতে চোর আসিয়ছিল। আমি হাসিয়া বলিলাম গৈ আর বিচিত্র কি ? আমি আসিয়াছি বলিয়া নাকি ? বালিকা হাসিয়া বলিল—না তা নয়। ঘরের দার বন্ধ অথচ থালা, ঘটী বাহিরে ছড়াইয়াছে, লয় নাই। আমি বলিলাম, এইটুকু বিচিত্র বটে।

ইতিমধ্যে আর একটা বালিকা ছুটিয়া আসিয়া বলিল-জামাইবাব মজার কথা গুনেছেন? বঙ্ক গোঁদাইর স্ত্রীকে ভূতে পেয়েছে। চলুন দেখে আদি। বালিকার মুখে শুনিয়া সভ্যা-সভাই আমরা ২ ৩ জনে তাহাদের বাটাতে গেলাম। দেখিলাম পাড়ার আরও অনেকে উপস্থিত। গোঁসাইর স্ত্রী মান করিয়া আসিতেছিলেন, সঙ্গে বঙ্কের ভগিনীও ছিলেন, এমন সময়ে স্ত্রীর মন্তকের উপর হইতে যেন কে বিষ্ঠা ফেলিয়া দিল। ২।৩ জনে সঙ্গে করিয়া পুনরায় স্নান করাইয়া আনিতেছেন।

ক্লীটীর বয়স ২২।২৩ বৎসর। বাটীতে বঙ্কের বিধবা ভগিনী ভিন্ন আর লোক নাই। ছুইটা বিধবা যুবতা এক বাড়ীতে থাকে। এ অবস্থায় কোন ছষ্টপ্রকৃতি লোক এরপ করিয়া থাকিবে, এই বিশ্বাসে বড় বেশা কিছু বলিতে পারিলাম না। বঙ্কের মৃত্যু ২ মাদ হইয়াছে, আর কোন দিন কিছু টের পায় নাই। হঠাৎ আজ এইরূপ দেখিয়া অনেকেই স্তম্ভিত इडेटनन ।

এরপ উপদ্রব-মাঝে কিরুপে ছুইটা যুবতা এক বাড়ীতে থাকিবে ভাবিয়া অপরাক্তে সকলে, অন্ত বাড়ীতে উহাদিগকে রাথিবার পরামর্শ করিলেন। স্ত্রীটাকে অন্তান্ত কয়টা স্ত্রীলোকের মধ্যে করিয়া আমরা কয়েক-জন পুরুষও দঙ্গে চলিলাম। একটা আমুরক্ষের নীচে যেই উহারা গিয়াছে, অমনি বুক্ষোপর হইতে যুবতীর মন্তকে বিষ্ঠা পড়িল। তথনও সন্ধা হয় নাই। আমরা সঙ্গে করিয়া মান করাইয়া আনিলাম ও প্রতি-ৰাসী ব্রাহ্মণের এক ঘরে উঠাইয়া অন্ত ঘরের বারান্দায় সকলে বসিয়া গল করিতে লাগিলাম। ইতিমধ্যে মেয়েদের একজন চীৎকার করিয়া বলিল,--ৰউটীর মাথার কাপড় জালিতেছে। আমরা স্বিশ্বরে চাহিয়া দেখি, স্ত্যুই তাঁহার বস্ত্র জ্লিতেছে। কিন্তু নিবাইয়া দেখা গেল, একটা চুল্ভ পুড়ে নাই, অগ্নির অভিনয় হইল মাত্র।

এত লোকের মাঝে, রাত্রি না হইতেই এরপ উৎপাত দেখিরা প্রতিবাসী ব্রান্ধণের ভর হইল। তিনি স্থান দিতে অনিচ্ছা প্রকাশ করিলেন। ব্রতাদ্বরও বলিলেন,—"যথন সর্বত্রেই উপদ্রব, তথন নিজের বাড়ী অরক্ষিত্ত কোলারা লাভ কি? বাটাতে থাকাই ভাল।" তাহাই স্থির হইল। তাহারা বাটাতে গেলেন, সকলে যুবতীকে পরামর্শ দিলেন, পুনরায় কোন উপদ্রব হইলে যেন তিনি পরিচয় ক্সিজ্ঞাসা করেন ও কেনই বা এরাপ উপদ্রব করেন এবং কি কার্লেই বা কাস্ত দেন ত তাহাও যেন ক্সিজ্ঞাসা করেন? বলা বাহুলা, ভয়ে কোন পুরুষ আমাদের মধ্য হইতে সে বাটীতে, রাত্রিকালে থাকিতে সম্বত হইলেন না। উপদেশই সর্বস্থে।

প্রাতে কৌত্হলাণিট হইয়া আমরা অনেকে গোসাই বাটী হাজির গইলাম। জিজাগায় জানিলাম—ভূতের উত্তর স্পষ্টই তাহারা শুনিয়াছে। সে অক্স কেহ নহে, বন্ধ নিজেই ভূত্যোনি প্রাপ্ত হইয়াছে। সে বলিয়াছে, ''আমাকে এখনও চিনিতে পা'রস্ নাই ? আমি বন্ধ। আমাকে যাহা দিতে চাহিয়াছিলি, দিস্ নাই। আমি মরিলে শয়নে রোপিত তুলগা-পত্র আমার মাথায় দিয়াছিস্, তাহাতেই আমার অগতি হইয়াছে। মুথায়ি করিতে গিয়া আমার চক্ষে আগুণ দিয়াছিস্, চক্ষুর জালায় আমি কন্ধ পাইতেছি। প্রান্ধও অতি অপ্রদার সহিত করিয়াছিস্। আছে। আমি ইহার প্রতিফল না দিয়া ছাড়িতেছি না। ক্ষুধার জালায় ছট্ফট্ করিতেছি।'' ইত্যাদি।

সেদিন তাঁহার ভগিনী হগ্ধ এক বাটী ভাল করিয়া জাল দিয়া গৃহমধ্যে রাখিয়া কহিলেন,—"দাদা, ক্ষ্বা পাইয়াছে, এই হগ্ধ থাও, তাহা হইলে আমরা প্রাণে শাস্তি পাইব।" এই বলিয়া দার রুদ্ধ করিয়া বাহিরে বাসলেন। ইতিমধ্যে গৃহের ভিতরে "চড়াৎ" করিয়া বড় একটা শব্দ হইল বরের মধ্যে যাইয়া দেখেন, বাটী হইতে সমস্ত হুধ মেজেতে পড়িতেছে।

তথন সকলে স্থির করিলেন.—উদ্ধার করাই কত্ত। অত পুনরায় উৎপাৎ আরম্ভ হইলে উহা বর্লিয়া শাস্ত করিবে। রাত্রিতে ধক্ষের স্ত্রী তাহাকে বলে,—"আপনার উদ্ধার জন্ম শান্তই গ্রায় বাইতেছি, আর উপদ্রব করিবেন না।" উত্তর হইল, "ভোকে যাইতে 'দলে ত যাবি।"

প্রতিবাসীরা উত্তর শুনিলেন, কিন্তু পিছাইলেন না । সকলে চেষ্টা করিয়া যুবতীকে গ্রায় পাঠাইবার সঙ্কল্প করিলেন, এখানে সচরাচর মহিধের গাড়িতেই যাতায়াত করে। বৈঁচী যাইবার জগু গাড়ী আনা হইল, রমণী সাজিয়া গুলিয়া তাহাতে আরোহণ করিলেন। গাড়ি চলে না। অনেক চেষ্টা করিয়াও শকট-চালক মহিধন্বয়কে অগ্রসর করাইতে পারিল না। অগত্যা ভূতের কথায় দায় দিয়া সকলকে বিরত ২ইতে হইল। রমণী উৎকণ্ঠা লইয়া গ্রহে প্রবেশ করিলেন। আমরাও নানা জল্লনা-কল্পনা লইয়া ঘরে ফিরিলাম। ইহাতে অবিশ্বাস করিবার কিছু নাই। আমি স্বরংই প্রতাক্ষ করিয়াছি।

২।৩ দিন পরে কর্মস্থানে চলিয়া গেলাম। পরে তথাকার বন্ধকে **ণিথিয়া জানিলাম—কোথা হইতে একজন সাধু আসিয়া বাড়ী বন্ধ করিয়া** দিয়াছেন, তদবধি বাটীর মধ্যে থাকিলে কোন অত্যাচার হয় না। কিন্তু উক্ত স্ত্রীলোকটা যেই বাটার বাহির হয়, অমনি গালে বিষ্ঠাদি নিক্ষিপ্ত হয়।"

ইচ্ছা করিলে কেহ ইহার সন্ধান লইতে পারিবেন বলিয়া নামাদি **ঠিকরপে প্রকাশিত করা হইল।** ধ্রুব বাবুর কথিত, তাঁহার প্রত্যক্ষ আরও ২াতী গল্প ক্রমশঃ প্রকাশিত হইবে।

শ্ৰীবিধুভূষণ ঘোষ।

### গোপালদার কথা।

( )

গত মাসের অলোকিক রহন্তে গোপালদাদার পরিচয় দিয়াছি; এবার একটা সভা ঘটনার কথা পাঠকগণকে উপহার দিলাম:—

আমাদের দেশে বন্ধু রমেশের ভাল ছেলে বলিয়া বেশ খ্যাতি ছিল। লোকে বালত রমেশ হীরার টুকরা, কারণ সে প্রবেশিকায় ও এফ্ এ পরীক্ষায় বৃত্তি পাইয়াছিল। দেশের মধ্যে বন্ধুর মত ছেলে ছিল না। এফ এ পাশ হইবার পর বন্ধুর মাতা তাহার বিবাহ দিবার জন্ম ঠিক করিলে, গ্রামের মাতব্বর লোকে বলিলেন, কর কি। ছেনেটার ভবিশ্বৎ মাটি হয়ে যাবে যে। এখন বিবাহ দেওয়া কর্ত্তব্য নয়। ভবিতব্য কারও দাস নহে, যে কারও পরামর্শ শুনে না, কলের পুতলের মত সে নিজ কর্তব্যসাধ**ন** করে। তার গতিরোধ করা মানবের সাধ্যাতীত: যথাসময়ে বন্ধবরের শুভোদ্বাহক্রিয়া-সম্পাদন হট্যা গেল। বিবাহের ছুই বৎসর অতীত হইতে না হইতেই বি-এ পথীক্ষায় রমেশ ফেল হইল। গ্রামের ঠাকুরদাদা রাখাল ভট্টাচার্যা এই সংখাদে রহস্ত করিয়া বলিলেন, 'এলের পরই ভ রমেশের বিষে পাশ হয়ে গেছে. এ দিতীয় পক্ষে নাকি সে ফেল হয়েছে ?" বলা বাছল্য, এই সব টীপ্ননীতে বন্ধু রনেশের হৃদয় বিদ্ধ হইল। সে বি-এ পাশ না করিলে দেশে ফিরিবে না, এইরূপ কুতদল্পল হইল এবং ডাছার পত্নী স্থকুমারী নিজেকেই স্বামীর অক্তকার্যান্ডার হেতু ভাবিয়া অদৃষ্টকে শত ধিকার দিল !

( २ )

রমেশ আর বাড়ী আদে না, স্থকুমারীর কোনত পাতের উত্তর গর্যান্ত দের না, সভীসাধনী স্থকুমানীর প্রাণে ইহা খেলসন বিদ্ধ হইল। সমবয়স্থাক মধ্যে কেহ কেহ রঙ্গ করিয়া বলিত তাহার স্বামী অন্ত রমণীতে অনুরক্ত, সরলা স্কুমারী তাহাতে অবিষাস করিতে পারিত না। নিজের দেহের मर्था जूषांनन रूकन कांत्रश मनरक পूड़ारंश महात्र । अजिमाननी स्या এই যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া আত্মহত্যা করিল। রমেশের কাছে টেলিগ্রাফ পোঁছিল। সে যথাসময়ে দেশে ফিরিয়া আসিয়া আঁথিজলের বান ডাকাইল।

#### ( 0)

স্কুমারীর মৃত্যুর পর হইতে রমেশের মনটা কেমন থারাপ হইয়া গেল। দে বাড়ী যাইতে ভয় পাইত, কিন্তু ন। যাইলেও নয়; কারণ এক বৎসরের শিশু-পুত্রকে দেখিবার জন্ম তাহার প্রাণ আকৃল হইয়া উঠিত। বলা বাহুল্য, রমেশের বুদ্ধা জননাকেই এই শিশুর লালনপালনভার লইতে হইয়াছল। এইতলে রমেশের সংসাবের একট বিশেষ পরিচয় দেওয়া প্রয়োজন বোধ করি। রমেশের চুই অগ্রজ ছিল। জ্যেষ্ঠের নাম উমেশ, মধ্যমের নাম যোগেশ, রমেশের সাংসারিক অবস্থা বেশ সভ্জ। কোন কাজকর্ম না করিলেও ভাত-কাপড়ের জন্ম তাহাদিগকে চিস্তা করিতে হয় না। ব্যেষ্ঠ উমেশের ক্যার ধ্রুরোগ হইয়াছিল, তাই তিনি পত্নী পুত্র ও কভাকে লইয়া মধুপুরে বায়ুপরিবর্ত্তনের জভ গিয়াছিলেন এবং স্থুকুমারীর আত্মহত্যার একনাদ পূর্ব্ব হইতে এখন অবধি দেইস্থানে অবস্থান করিতেছেন। বাড়ীতে উপস্থিত পরিবারের মধ্যে যোগেশ, যোগেশের স্ত্রী, তাহার মাতা ও হুইজন পরিচারক ও পরিচারিকা। একদিন গ্যোধূলি সময়ে বোগেশের স্ত্রী অর্থাৎ রুমেশের জ্যেষ্ঠ বৌদিদি তাঁহার কন্তার মাথার চুল বাঁধিতেছেন, এমন সময় লাল কন্তাপেড়ে সাড়ী পরিয়া, পায়ে আল্ডা প্রিয়া, এক অনিন্দা স্থন্দরী ষোড়নী যুবতী আসিয়া তাঁহাকে প্রণাম করিল। মেজ বৌদিদি আগন্তককে দেখিয়াই চিনিতে পারিলেন এবং শিহরিয়া উঠিলেন। কিন্তু রমণী হইলেও তাঁহার সাহস খুব বেশী রকম ছিল। তিনি তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন, ফিরে আবার কি মনে করে এসেছিস্? দড়াদড়ী বেঁধে এখানকার শিকল ছি ডিলি, আবার কি মনে করে মায়া বাড়াতে এসেছিস্? নতন মতলব কিছু আছে নাকি?"

আগস্তুক রমণী খুব নিনয় নম্র বচনে ধীরে ধীরে উত্তর করিল, "দিদি
আমায় মাপ কর। গ্রহের ফের না থাক্লে মালুষের সাধ্য কি ষে সে
দেহত্যাগ কর্তে পারে ? আমি তোমাদের কোনও অনিষ্ট কর্তে আসি
নাই—একবার পুত্রকে (তাহার পুত্র) আর ওঁকে দেথবার জন্ম প্রাণ্টা
বড় ব্যাকুল হয়েছে, সেইজন্ম ছুটে এসেছি।"

"বটে তোর এত মায়া! তা তুই এক কাজ কর। ছোট ঠাকুরপোর শোবার ঘরে গিয়ে দেখুগে যা, বোধ হয় দেইখানেই শুয়ে আছে।"

"না দিদি তিনি ওথানে নাই, আমি তাঁকে দেখে আসছি। তিনি বৈঠকখানায় তাস খেল্ছেন। তুমি দিদি তাঁকে একবার ডাক্তে পাঠাও।"

"ও শ্রামীর মা ও শ্রামীর মা একবার ছোট ঠাকুরপোকে ডেকে আনগে বাছা।"

মেজ বৌদিদি এইরপ আজা দিলে শ্রামীর মা তাঁহার আজা পালন করিতে চলিল। বলা বাহল্য, স্থামীর মা পরলোকগত ছোট বৌকে দেখে নাই বা দেখিতে পায় নাই এবং মেজ বৌদিদিও তাহার আগমনবার্ত্তা তাহাকে জ্ঞাপন করে নাই যতক্ষণ শ্রামীর মা বন্ধকে ডাকিতে গেল এবং ফিরিয়া না আসিল, ততক্ষণ মেজ বৌদিদির কাছ হইতে একটু তফাতে গিয়া সে পথপানে চাহিয়া বিসয়া বহিল।

বধন,দেখিল খ্রামীর মা একাকিনী ফিরিতেছে, তখন সে মেজ বৌদিদিরু নিকট গিয়া বিমর্থভাবে বলিল—"কই তিনি ত এলেন না !" মেজ বৌদিদি বলিলেন—"তুই আর একদিন এসে দেখা করিস।" অতি কাতরভাবে দীর্ঘনিশ্বাস ত্যাগের সহিত 'তাই হবে'—এই বলিয়া বন্ধু-পত্মীর মুক্ত আত্মা হাওয়ার সঙ্গে মিশিয়া গেল, মেজ বৌদিদি এ সংবাদ যথাসময়ে তাঁহার শান্তভীর গোচরে আনিয়াছিলেন। বৃদ্ধা ভীতা হন নাই, কাঁদিয়াছিলেন মাত্র।

মধুপুরে একথানি নির্জ্জন কক্ষে ভবেশের পত্নী তাঁহার কন্সাকে বাতাস করিছেছিলেন, কন্সা তন্ত্রাভিত্ত হইরাছিল। তথন সন্ধ্যা উত্তীর্ণ ইইরাছে। বন্ধুর বড় বৌদিদি (উনেশের পত্নী) গৃহমধ্যে একটা শক্ষ শুনিতে পাইল, তাঁহার মনে হইতে লাগিল, গৃহমধ্যে কে যেন প্রবেশ করিরাছে, তাহার কাপড়ের থস্ থস্ শক্ষ হইতেছে। লাগ্রেপর আলোটা ভাল করিরা বাড়াইয়া দিয়া বড় বৌদিদি দেখিলেন, গৃহের কোনে ঘোমটা দিয়া একটী রমণী দাঁড়াইয়া রহিয়ছে। পরিধানে লালপেড়ে সাড়ী। কি জানি কি একটা জজানিত আশক্ষার তাঁর প্রাণটা ছাঁছে করিরা উঠিল। তিনি গম্ভীর অথচ মৃত্রুরের জিজ্ঞাসা করিলেন—'ঘরে কে ?" অবস্তর্গুনার্ত রমণী তথন কাদিতে লাগিল বলিয়া বোধ হইল। দয়ার্দ্রচিত্ত বড় বৌদিদি কন্সার শ্র্যাত্যাগ করিয়া রমণীর নিকট আদিল। রমণী তথন হাতছানি দিয়া বড় বৌদিদকে ঘরের বাহিরে ডাকিয়া আনিল এবং একটু অপেক্ষাক্রত নিত্ত স্থানে বিসার বিলল, 'দিদি আমাকে কি চিন্তে পাচছ না ?'

'ওমাকে ? কে ছোট বৌ ?' এই বলিরা ভয়ে বড় বৌদিদির কণ্ঠ অন্তাইরা আসিল !

"হাাঁ দিদি আমি। আমাকে দেখে ভর পাচ্ছ কেন! এমন দিন পেছে যথন থেতে থেতে আদর ক'রে মুখের গ্রাস আমার মুখে জুকে দিয়েছ! এমন ভালবাসার সামগ্রী আমি আমাকে দেখে ভর কি দিদি! ঈশবের দিবা আমি ভোমাদের ইট্র বই অনিষ্ট করতে আসিনি!" স্থুকুমারীর কথায় বড় বৌদিদি একটু আশ্বন্ত হইরা অতি কটে বলিলেন, "তুমি গ্লেছ কেন আবার এসেছ।"

"তোমার এই তিনটা কথার জবাব দিতেই আমি আজ এসেছি। সংসার থেকে এসেছি গ্রহের ফেরে। যে বাড়ীতে আমরা বাস করি এবং তোমরা এখন কিনতে যাক্ত, ওটা হানা বাড়ী; তাই নিষেধ কর্তে এসেছি বাড়ীখানা কিনো না। ঐ বাড়ীতে অনেক প্রেতাত্মা আছে তাহারাই প্রেলাভন দেখাইয়া আমাকে আত্মহত্যা করিয়েছে। দেহত্যাগ কর্বার পর তাদের চাতুরী বেশ বুরতে পার্ছি। ছেলের উপর, আমীর উপর তোমাদের উপর মায়া এখন কাটিয়ে উঠতে পারি নাই। তাই তোমাকে বল্তে এসেছি এখানে থাক্লে স্থানা (বড় বৌদিদির পীড়িত কল্পা) আরোগা হবে না, ওকে নিয়ে আমানের দেশের বাটীতে গিয়ে যদি এই উষ্পটী সাহস করে খাওয়াতে পার, তাহা হলে সন্থ ফল পাবে।" এই বলিয়া স্বকুনরো বড় বৌদিদির হাতে একটা শিকড়ের মত কি একটা দিল এবং কোনও উভরের আশা না করিয়া চলিয়া গেল।

বড় বৌদিদি এই প্রেভায়ার সহিত কথাবার্তা কহিয়া সংজ্ঞাহীন হইয়া সেস্থানে পড়িয়াছিল। পরে উমেশ বাড়ী আসিয়া পত্নীকে সেম্থানে দেখিতে পায় এবং মুখে জলসিঞ্চন করিয়া তাহার সংজ্ঞা সম্পাদন করে। বথাসনয়ে বড় বৌদিদি আনুপূর্বিক সমস্ত কথা উমেশকে জ্ঞাপন করে এবং উভরে পরামর্শ করিয়া প্রেভায়ার চিকিৎসায় নির্ভর করে। বলা বাছলা, শত শত মুদ্রা বায় করিয়াও তাঁহার রোগের কোনও উপশম করিতে পারিলেন না, প্রেভায়া-প্রদন্ত ঔষধে তাহা হইল। স্থালা সে যাত্রা রক্ষা পাইল!

বন্ধু র্মেশের রাত্রি ১টা-২টা পর্য্যস্ত পাঠ করা অভ্যাস আছে। বাড়ীন্তে, আসিয়াও তাহার সে বিষয়ে বিশ্রাম বা আলহা আদে না। প্রীগ্রামে সর্বসময়ে বিশেষ বর্ষাকালে বড়ই মশকের দৌরাত্মা হয়। সেইজন্ম মশারি খাটাইয়া, শ্যায় অৰ্দ্ধায়িত অবস্থায় রমেশ গ্রন্থাদিপাঠে নিমগ্ন থাকে, অবশ্র মশারির নিকটে এক জুয়েল ল্যাম্প জলে। মেজবৌদিদির নিকট পত্নী সুকুমারীর আতুপূর্বিক কথা শ্রবণ করিয়া অবধি রমেশ তাহার মামাত ভাই নরেনকে সেই ঘরে একটা স্বতন্ত্র বিছানায় শয়ন করিবার বন্দোবস্ত করিয়া দিয়াছেন, ঘরে আর একেলা শয়ন করিতে সাহস করিত না। ভয় হইত যদি নিদ্রিত অবস্থায় স্থকুমারী তাহার গলা টিপিয়া মারে। এ আশকার হেতৃও ছিল। রমেশ জানিত এবং সকলেই জানে যে রনেশকে সন্দেহের চক্ষে দেখিয়াই অভিমানিনী আত্মহত্যা করে।

একদিন হঠাৎ কি একটু শব্দে রুমেশের দৃষ্টি পুস্তক হইতে কক্ষের দ্বারে আরুষ্ট হইল। সে দেখিল, একটি অবগুঠনবতী বুমণী। বৌদিদিদের মুখে দে যেরপ তাহার পত্নীর প্রেতান্মার পরিধেয় বস্ত্রাদির বর্ণনা শুনিয়াছিল, ইহা তাহার সহিত অবিকল মিলিয়া গেল ৷ ভয়ে রমেশ "নরেন, নরেন" বলিয়া তাহার ভাইকে ডাকিতে লাগিল।

ইহাতে রমণী বিরক্ত হইরা জ্রকুটি করিয়া কহিল.—"ভাকামী দেখে আর বাঁচিনে, কাছে স্ত্রী এসেছে হটো কথা কইতে, উপযুক্ত ভাইকে ডেকে তাকে তাড়াইবার চেষ্টা হচ্ছে। নরেন উঠ্লে ওর সামনে কি তোমার সঙ্গে কথা কইব ?" পত্নীর প্রেতাত্মার মূথে মানুষের মত কথা শুনিয়া, রমেশ কতকটা আশ্বন্ত হইল, বলিল—"তুমি !'' "হাঁ৷ গো আমি, ভোমাকে আর ছেলেকে দেখুতে এসেছি। " এই বলিয়। স্কুমারী শয়ার উপর উপবেশন করিল। এইরূপে প্রতাহ রাত্রিতে স্কুকুমারীর প্রেতান্ম। তাহার নিকট আসিতে লাগিল।

• বলা বাহুল্য, রমেশ একেবারে ভরমুক্ত হইয়াছিল এবং পত্নীর জীবিতা-বস্থান্ন তাথান্ন সহিত যেরূপ কথাবার্ত্তা কহিত, এখনও ঠিক সেইরূপ কহিতে লাগিল। অনেক বিষয়ে স্কুমারীর প্রেতাত্মার নিকট বন্ধু উপক্কত হইয়াছিল।

একদিন স্থকুমারী আসিয়া বলিল—'বড় কট, বড় কট।" রমেশ অনেকবার জিজ্ঞাসা করিল, তাহার কট কিসের এবং তাহার দ্বারা উহার অপনোদন হইতে পারে কি না। কোনও উত্তর না দিয়া একটা দীর্ঘ নিশাস তাাগ করিল। সেই তাহার শেষ প্রস্থান। তদবধি অনেক চেষ্টা করিয়াও রনেশ তাহাকে দেখিতে পার নাই।

পরে রমেশ তাহার পত্নীর আত্মার সদগতির জন্ম গরাধামে প্রেতশিশায় পিগুদান করিয়াছিল এবং তাহার আত্মার প্রীভার্থ ব্রাহ্মণ, কুটুম্ব ওঁ অতিথিভোজন করাইয়াছিল।

শ্রীকৃষ্ণদাস চন্দ্র।

### মুতের মায়া।

প্রায় ছই বৎসর গত হইল, আমার স্ত্রী কয়েকটা পুত্র কন্তা রাথিয়া পরলোকগতা হয়েন। সর্ব কনিষ্ঠা ছুইটী জম্ম কন্তা, প্রায় ছই বৎসর বয়স্ক ছিল। তাহারা অত্যস্ত শিশু ছিল বলিয়া ২০০ সপ্তাহ মধ্যেই তাহাদের গর্ভধারিণীকে বিশ্বত হইয়াছিল। তদর্বাধ এ পর্য্যস্ত আর কখন তাহাদের মাতৃশ্বরণের কোন আভাষ দেখা যায় মাই। সংসারে অপরাপর স্ত্রীলোকগণ দারা আদরে প্রতিপালিতা হইয়া উত্তরোত্তর ব্য়োবৃদ্ধিসহ পূর্ণবাস্থ্যে বৃদ্ধিত হইয়াছিল। বিশেষতঃ তন্মধ্যে একটার নাম "সর্মৃ" থাকিলেও, বছ নামক কোন লো ে শহিত চেহারার সাদৃশ্য থাকাতে সকলে তাহাকে বৃদ্ধ করিয়া শহু" বিলিয়া ডাকিত। সেই ষছ জামার মাতা-

ঠাকুরাণী অর্থাৎ তাহার ঠাকুরমার বড়ই অমুগতা ও আদরণীয়া হইরা পড়িয়াছিল। সর্বনাই তাঁহার নিকট-থাকিত এবং আহার শয়নাদিও তাঁহার সঙ্গেই হইত। বিপত্নীকাবস্থায় শিশু পুত্রগণ লইয়া সর্বদা নিজে বিত্রত হইলেও উক্ত কঞাটীর ভার মাতাঠাকুরাণী লওরায় আমার ক্লেশের কথঞিৎ লাঘ্য হইয়াছিল। মাতাঠাকুরাণীও যান কলিকাতায় বা যেথানেই অবস্থান করিতেন, সেই কঞাটীও সর্ব্য তাঁহার সঙ্গে থাকিত।

পত্নী-বিয়োগান্তে এতাবৎ আমার স্বপ্লাবস্থায় যেন কয়েকবার তাঁহার দর্শনলাত কার্যাছি এবং তাহা যেরপতাবে বা যাহা ঘটিয়াছে তাহা বিচ্ছিন্ন-ভাবে সামান্তরপে অরণ থাকিলেও খুব ভালরপ আমুপূর্ব্বিক অরণ করিতে পারি না। যাহা হউক, সে সমস্তের আলোচনা এখানে প্রয়োজন নাই। সম্ভব হয় তো পরে প্রকাশ করিবার ইচ্ছা থাকিল।

বিগত ৬ই আষাঢ় অধুবাচীর পূর্ব্ব দিনস অপরাক্ষে আনার মাতাঠাকুরাণীর কয়েক দিনের জন্ম কলিকাতায় যান। আমান ত্রদৃষ্টবশতঃ
সেইদিন প্রাতঃকালে কোন সামান্য সাংসারিক কার্য্যোপদক্ষে মাতাঠাকুরাণীর সহিত কথান্তর হওয়ায় তিনি আমার উপর একপ্রকার রাগ
করিয়াই কলিকাতায় আমার এক ভাতার বাদায় যান এবং সে কারণে
অথবা যে জন্মই হউক অন্তান্ত বারের ক্রায় এবার আর ইন্সের দঙ্গে যতুকে
লইয়া যান নাই। আমিও সে সম্বন্ধে প্রকাশ্রতঃ উপেক্ষা করিলেও বস্ততঃই
সারও কিছু ভারাক্রান্ত ও বিব্রত বোধ করিলাম। মাতৃহারা কন্যান্তিও
তাহার ততোধিকা সেহময়ী ঠাকুরমাতার অভাবে বড়ই মিয়মানা হইয়া
পড়িল। সমস্ত দিবস ও রাত্রি পর্যান্তও ভালরপে আহার বিহারাদি করে
নাই; কেবল কাঁদ-কাঁদ ভাবে বায়না করিয়াছে। রাত্রিতে আমারই
শশনগৃহে অন্তান্ত পুত্রকন্তাগণ সহ শয়ন স্বন্ধ কিন্তু সকলে নিদ্রিত
হইলেও সে একটীবারও চকু মুদ্রিত করে নাই ও গনবরতঃ কাঁদিয়া অপর

ভাতাভগ্নীদের জাগাইতে লাগিল এবং আমারও নিদ্রার ব্যাঘাত জন্মাইতে লাগিল। অবংশেষে রাত্রি ১॥॰ কি ২টা আন্দাজ সময়ে অত্যস্ত বিরক্ত ছইয়া তাহাকে একটা চড় মারিলাম ও নানারপ ভয়প্রদর্শনদ্বারা ধম্কাইলে গুম্রিয়া কাঁদিয়া শেষে নিদ্রিতা হইল। আমিও অতঃপর সম্ভবতঃ নিদ্রিত ছইলাম।

ঠিক ভোরের সময় দেখি আনার স্বর্গীয়া সহংশ্মিণী আসিয়া বলিতেছেন, "যুগপৎ তুইটা ক্ষুদ্র শিশু পর্য্যবেক্ষণ করা অত্যন্ত কন্তকর ; বিশেষতঃ পুক্ষ-দিগের পক্ষে একেবারে অসাধা: ভবে মা একটাকে রক্ষণাবেক্ষণ করায় সামি নিশ্চিন্তা ছিলাম, তিনিও তাহাকে ফেলিয়া গেলেন এবং তুমিও উহাকে লইয়া যারপরনাই বির্জ হুইতেছ—বিনা দোযে প্রথারও করিলে ; অতএব সকলেরই স্থাবিধার্থ আনি ইহাকে লইয়া যাই।" আমি বলিলাম, 'ভিদপেক্ষা কি ভূমি ঐ অবস্থায় এখানে কোন প্রকারে ভাহাকে সাম্বনা প্রদান ও আদর-যত্ন করিতে পার না ?" তাহাতে বোধ হইল যেন একট্ট শ্লেষাত্মক হান্ত করিরা তিনি অদুগু। হইলেন। আমি চমাকরা উঠিয়া দেখি-লাম, প্রভাত হইয়াছে। মনও খুব খারাপ হইল। এই অবস্থায় বাহিরে আসিয়া প্রাতঃক্রত্যাদি ও প্রাত্যাহিক কার্য্যাদ শেষ করিলাম। বথাসময়ে স্থানাহার-সমাপনান্তে মধ্যাহে আবার সমস্ত পুত্রকন্তাগণস্থ বাহিরের ঘরে অভ্যাসমত থবরের কাগজ লইয়া শয়ন করিলান। তাহারা থানিক বাল-স্থলভ ঝগড়া গোলমাল করতঃ ঘুমাইগা পড়িল। আমারও কাগজ ফেলিয়া সবে মাত্র তন্ত্রাবেশ হইয়াছে, দেখি, সেই পূর্বারাতির মত বেশে ও ভাবে পত্নী আমার আসিয়াছেন ও উক্ত কন্তার কতকগুলি অভাব অভিযোগ ও অয়ত্বের বিশেষতঃ সেইদিনকারই কতকগুলি যত্নের মারাত্মক ত্রুটী উল্লেখে ( যাহা আমিও জানিতাম না ) তাহাকে তৎসকাশে লইবার বিশেষ আগ্রহ করিতে লাগিলেন ও আমার অমুমোদন যাক্কা করিলেন। আমিও

পূর্বেরাত্রের মত তাঁহার কাছে প্রার্থনা করায় সেইরূপই যেন অসম্ভব বলির। অদুশু হইলেন।

ক্ষণপরে আমার উক্ত কন্সাটীর বমি করার শব্দে ঘুম ভাঙ্গিয়া দেখি,—
বিছানায় বমি করিয়াছে। গায়ে হাত দিয়া দেখিলাম থুব জর হইয়াছে,
চক্ষু রক্তবর্ণ এবং বন্ধ্রণাব্যঞ্জক শব্দও করিতেছে। ইহাতে আমার
অত্যস্ত ভর হইল। যথাসাধ্য ঔষধাদির ব্যবস্থাসহ সমস্ত দিবস ও রাত্রি
সেবাভশ্রমার চলিতে লাগিল। জরের উপসর্গ অন্ত কিছুই ছিল না, কেবল
কিছুমারে গলাধঃকরণ করাইতে পারা ঘাইত না। এক চামচ মাত্র সাগু
কি গ্লয়্ম থাওয়াইলে তৎক্ষণাৎ তাহার চতুর্গুণ পরিমাণ অত্যস্ত কপ্তের
সহিত বমি করিয়া কেলিতে লাগিল। সমস্ত রাত্রি এইরূপে কাটিয়
গেল। রাত্রিমধ্যে আমি এক একবার অন্তর্ত্ত একটু শর্ম করিবামাত্র
সেইরূপই ষেন আমার স্ত্রী আসিতে লাগিলেন ও ঐরূপ ভাবেই তাঁহার
কন্তাকে লইবার সনির্কন্ধ আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন। আমিও
অবস্থা কিছুতেই ভাহার অন্থ্রোদন করিতে পারি নাই, বলা বাহুল্য।

পর দিবস প্রাতে কন্সাটা অপেক্ষাক্ত স্কুবোধ হওরায় আমিও আশারিত হটলাম। এমন কি আমাদের প্রাত্তকোলীন চা থাইবার সমন্ত্রক্যাটী ইচ্ছাসহকারে আমার কোলে ধসিয়া প্রায় আধ পেয়ালা চা থাইতে পারিল। ত্'এক থানা জেম্বিস্কুটও থাইল; অথচ পূর্ব্বের স্থায় বিমি করিল না দেখিরা যারপরনাই আহলাদিত হইলাম। পরমেশ্বকে ধস্তবাদ দিলাম ও কন্সার মাতা আমার কথা রাথিয়াছেন ভাবিয়া উদ্দেশে কৃতজ্ঞতা জানাইলাম।

মধ্যাকে স্নানাহারের পর শুনিলাম ঔষধ সময়মত থাওয়ান হইয়াছে এবং অর চ্থপানাস্তে আর বমি না করিয়া বেশ ঘুনাইতেছে। আমিও আর ঘুম ভাঙ্গাইয়া দেখিবার আবশ্যক নাই ভাবিয়া প্রভাবির্ত্তন-

অভিপ্রায়ে সবেমাত্র ফিরিয়াছি, হঠাৎ কে যেন পশ্চাতে "দেখে গেলে না" বলিয়া উঠিল। ফিরিয়া কাহাকেও পোথিলাম না বা শ্বর কোথা হইতে আাদতেছে ব্ৰিতে পাৰিলাম না। কাজেই শৃঙ্কিতমনে যথারীতি বহিবাটীতে যাইগ্রা বিশ্রামার্থ শয়ন করিলাম। কয়েক দণ্ড পরে সবেমাত্র তক্রাবেশ;হইয়াছে, দেখি,--সেই প্রিয়ামৃত্তি সম্মুথে দণ্ডায়মানা! আধিকন্ত ক্রোডে ভাবার একটা কে? হঠাৎ বিস্ফারিতচক্ষে দেখিলাম—সেই পীড়িতা যত। আমি একেবারে রোমাঞ্চিতকলেবরে স্পান্দিতহৃদয়ে উঠিয়া বসিলাম। বোধ হয় যেন ধরিয়া ফোলতে বাসনা ছিল, কিন্তু উঠিয়া তো কাহাকে বা কিছুই দেখিতে পাইলাম না। কিংকর্ত্তব্যবিষ্ট্ ভাবে বসিয়া আছি, ৪।৫ মিনিটের বেশী হইবে না-আমার জোষ্ঠা ক্রা ব্যস্তত্ত্বস্ত ভাবে বাটার ভিতর হইতে ডাকিল। **আমিও কম্পিতকলেবরে** ছুটিয়া গিয়া দেখি—ক্সা আমার মুমুর্য অবস্থায় একটা স্ত্রীলোকের ক্রোড়ে শয়ানা। দৃষ্টি স্থির, ডাকিলে সাড়া নাই, নিশ্বাস ক্রত। নাড়া দেখিলাম ক্ষীণ, অতি ক্ষীণ। বলকারক ঔষধ খাওয়াইতে চেষ্টা করিলাম। দাঁতি লাগায় সম্ভবতঃ একটুও গলাধঃ করাইতে পারিশাম না। যেন চতুর্দিকে কোন অশরীরীর গতিবিধি অনুভূত হইতে লাগিল। মনে মনে কাঁদিয়া বলিলাম—"তুমিই শেষে এই করিলে ?" অন্তের অশ্রুতভাবে যেন কর্ণে ধ্বনিত হইল, "আমি বালয়াই তো করিলাম।" তথন সবই বুঝিলাম— ইষ্টবীজ্বমন্ত্রসহ "গঙ্গা নারায়ণ ত্রহ্ম" ক্সাটীর কাণে বলিলাম। বুকে তুলসী, মুথে গঙ্গাজল দিলাম। তারপর অনেক দিন বিচ্ছেদের পর কন্তা আবার মাতৃক্রোড়ে স্থান পাইল! আমারও ইহলনের মত দেই ক্যা নূৰ্ন সুৱাইল !

শ্রীকৃষ্ণপ্রসাদ মৈত্র। 🛚

## স্বপ্রাদিষ্ট দেবতার আগমন।

(প্রত্যক্ষ সত্য ঘটনা)

অলৌকিক রহস্তের পাঠকগণের মধ্যে অনেকেই শুনে থাকিবেন যে, স্বপ্নে দর্শন দিয়া অনেক দেবতা অনেক ভদুলোকের বাটীতে অলোকিক উপায়ে আগমন করিয়া, সেই বংশের উন্নতি-সাধন করেছেন। সম্প্রতি আমাদের বার্টীতে সেইরূপ স্বপ্নে দর্শন দিয়া একটি স্থন্দর মহিষমর্দিনী চর্গা মৃত্তি আগমন করিয়ছেন। গত মাথ মাসে জীপঞ্মীর পূর্বা দিবস আমি স্বপ্ন দর্শন করি যে, আমার ঠাকুর ঘরে চতুতু জা একটি অপূরু দেবীমূর্ভি পুজিতা হোচ্ছেন ; আমিও সেই মৃত্তি দর্শন করিয়া আনন্দে পুলকিত হোচ্ছি ও মার পদে পূজারী মহাশয় ভক্তিভবে পূজা দিচ্ছে 🐇 স্বপ্ন দশন করিয়া আমার মনে বড়ই আনন্দ উপস্থিত হইল। আ 🗯 নিদ্রাভঙ্গ হইল ও আমি পূর্বে রাত্রে দৃষ্ট স্বপ্লের কথা ভাবিতে লাগিলান। স্থানান্তে আমি আমি ঠাকুর ঘরে গিয়া নিজ প্রতিষ্ঠিতা দেবীকে পূজা করিলাম। তারপর দিন আমাদের পুরাতন পুরোহিতটি হঠাৎ মারা গেলেন! তাঁর মৃত্যু সংবাদ গুনে মনটা বড়ই থারাপ হোল। তারপর দিন একজন বৃদ্ধ ব্রাহ্মণ আমাদের বাটতে পূজা কোর্তে এণেন। হ'দিন পূজা কোরে তিনি আবার নিজের দেশে গমন কোলেন্। তার দেশ মেদনীপুর জেলার অন্তর্গত কোলা গ্রামে। তাঁর দেশে যাবার ছ'চার দিন পরে একরাত্রে আমার জ্যেষ্ঠ ভাতা স্বপ্নে দর্শন কোলেন, "যেন একজন তপ্তকাঞ্চনের স্থায় বর্ণবিশিষ্টা দেবী, আমাদের বাটার মধ্যে প্রবেশ কোরে বোলছেন, আমি **লন্দ্রী তোমাদের বাটীতে শীঘ্রই আস্ছি।** আর ভোমাদের কোনও প্রকার कष्टै थाकिरन ना, राजामात मश्मारत भून जाल इरन। এই कथार्शक

বোলেই সেই দেবীমৃত্তি তৎক্ষণাৎ অন্তর্হিত হোলেন। আমার ভ্রাতা বড় একটা এ সৰ বিষয়ে বিশ্বাস করেন না। তিনি এই স্বপ্নটী দর্শন कारतरे जातभन मिन आभारक अन्नमृष्ट मव पर्छना विभावना। आमि বণিণাম যে, স্বপ্নদৃষ্ট ঘটনা প্রত্যক্ষ হোতে পারে, ভগবভীর লালা কে বা্মতে পারে। তারপর দিন হঠাৎ সেই মৃদ্ধ ত্রাহ্মণটা (বিল ছ'দিন আমার বাটাতে পূজা কোরোছলেন) আমার কাছে এলেন এবং বোল্লেন, "বাবা! আপনার দক্ষে আমার একটি বিশেব কথা আছে।" আমি বলিলাম, "কি কথা ? আমাকে খুলে বলুন না।" তিনি বাললেন, "আম একটি বড়ই আশ্চর্যা দেবামুদ্তি আপনার জন্ত পেরেছি " আপনাদের বাড়ী থেকে পুজা কোরে দেশে আস্বার একাদন পরে আমি রাত্তে স্বপ্ন দেখ্লাম যে, একটি অপুর্ব সিংহ্বাহিনী মৃত্তি আমার কাছে এসে বোলছেন যে "ভাখ, আমি অমুক গ্রামে অমুক জারগার মঠে আছি, আনাকে দেখনিী থেকে নিয়ে আয়, নিয়ে এসে কলিকাতার জ্যোতিবাবুর কাছে নিয়ে যা, আমি যাব।'' আমি সেই স্বপ্ন দশন কোরেই, আত প্রভূচ্যেই স্নান কোরেই স্প্রদৃষ্ট স্থানে গমন ক'লাম। সেই খান্ট গড়মান্দারর্ণের নিকটেই অবস্থিত ছিল। আমার বাড়ী থেকে ( কোলাঘাট হুইতে ) সেই জায়গাটা প্রায় ৪ ক্রোশ দূরে অ স্থিত। বাড়ীর লোক কেই জানিল না যে, আমি কোথায় গেল।ম। সেথানে একটি নঠ ছিল। মঠের ভিতর গিয়া দেখি বে, আমার সমুণেই আমার স্বপ্লচুটা দেবীটে রয়েছেন। মঠের মোহত আমাকে দেখেই আমার নিকটে এলেন ও আমাকে মুখোচিত সম্মান দেখালোন। আমি তাঁকে বোলাম, মহাশগ্ৰ আমাকে এই মুন্তিটি প্রদান করুন। তিনি তৎক্ষণাৎ কোনও দিরুক্তি না কোরে আমাকে সেই অমৃণ্য মৃর্ত্তিটি প্রদান কোলেন। বোধ হয় তাঁও প্রতিও দেবীর কোনও আদেশ হোয়েছিল। আমি মুর্ত্তিথানি লইয়াই তৎক্ষণাৎ নিজের বাড়ীতে এলাম। আমার জোষ্ঠপুত্রও পুরুরাত্রে অপ্রে ঐ মৃতি দর্শন কোরোছল, সে বোলে, "বাবা! আপনি কি কিছু দেবীসৃতি পেয়েছেন। আমি কাল রাত্রে স্বপ্ন দর্শন কোরেছি, যেন একটি চতুত্ব জা দেবী আপনি এনেছেন ও তারপর তাঁকে আপনি কলিকাতার কোনও এক প্রাদিদ্ধ ব্যক্তির ত্রিতলের গৃহে তাঁর পূজা কোছেন। মনে হোল বেন তিনি তাঁর ৰাড়ীতে গেলেনণ"

আমি আমার ছেলেকে বলিলাম, "হাঁ বাবা! আমি মাকে পেয়েছি, তিনি শীঘ্রই তাঁর ভক্তের গৃহে গম্ন কোর্বেন।" এই কথাগুলি বালয়া পুনরাধ বৃদ্ধ ব্রাহ্মণটি আমাকে বলিলেন, "ঝাবা মাতো আপনার কাছে দুরা কোরে এসেছেন, আমার উপর আপনার নিকট নিয়ে আস্বার জন্ম আদেশ কোরেছেন, আপনার অমুমতি লইবার জন্ম আপনার নিকটে এসেছি। আপনি অনুমতি দিন, আমি মাকে নিয়ে আসি।"

আমি ও আমার ভাতা পূর্বেই স্বপ্নে মাতৃষ্ত্তি দর্শন কোরেছে. স্থাতরাং কিছিৎ দ্বিকৃত্তি না কোরেই তাঁকে মৃত্তিটি আনিবার জন্ম অনুরোধ কোলাম। গত ১১ই ফাল্পন, ২৩শে ফেব্রুয়ারী, গুক্রবার প্রাতে দেবীমূর্ত্তি আমার গৃহে প্রবেশ পূব্বক আমাকে উদ্ধার কল্পেন। যা' স্বপ্রে ্দুর্শন কোরেছিলাম, মূর্ত্তিটি অবিকল ঠিক সেইরূপ। চতুতু জা, মহিবাস্থরে একপদ ও সিংহপৃষ্ঠে একপদ দিয়া মা ভগবতী দাঁড়িয়ে আছেন। হত্তে শৃশ্চক্র ও শূল বিজ্ঞান। বড়বড় পণ্ডিত পরীক্ষা কোরে বোলেছেন যে, মূর্ত্তিটি প্রায় ৩০০ বৎসরের প্রাতন। এ মূর্ত্তি বর্ত্তমান সময়ে দেখাই যায় না। কোন সাধকের প্রতিষ্ঠিতা থুব পুরাতন মৃদ্ধি। মৃদ্ধিটি অষ্টধাতুতে নির্মিত। এমন অপূর্ব্ব, মনোহর মূর্তি! যেন দেঘা ভগবতী হাসিতেছেন।

গত ১৮ই ফাল্পন, ১লা মার্চ্চ, গুক্রবারে আমি দেবী মৃত্তিটির প্রতিষ্ঠা করিয়াছি।

অন্তুত উপায়ে দেবীর এইরূপ আবির্ভাবে আমাদের আত্মীয়েরা এবং অক্সান্ত অনেকে অত্যন্ত আশ্চর্যান্বিত ধোন্নেছেন। ঐরপ ঘটনা আমর। স্বচক্ষে দর্শন কোরেছি। যথনই দেবীর কুপার বিষয় চিস্তা করি, তথনই মন আনক্ষে অভিভৃত হয়। মৃর্তিটি আমার পূজার গৃহেই অবস্থান কোরছেন। কোন মহাত্মা ইচ্ছা করিলেই অনুগ্রহ পূর্বক আমাকে জানাইলে, আমি সেই অপূর্ক্ত মূর্ত্তি তাঁকে দর্শন করাব।

